(i) To run the affairs of the Local Revenue Boards (Bagnan) for the safeguard of the interest of the bargadars and stop all corrupt practices there.

(ii) failure of the Government to run settlement operations quite impartially and free from all local influences.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 3,27,35,000 for expenditure under Grant No. 2, Major Heads "7—Land Revenue and 65—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the zemindary system", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা থানার অন্তর্গত চন্দননগর মৌজার তহশীলদারের দুর্নীতির বিরুদ্ধে স্থানীয় জনসাধারণ ২৪-পরগনা জেলার কালেকটরের নিকট অভিযোগ করিয়াছিলেন। উক্ত অভিযোগের বিষয় তদন্তকালে প্রমাণিত হয় যে উক্ত তহশীলদার খাজনা আদায়ের টাকা প্রতি দুই আনা হিসাবে হিসাবানা লইয়াছেন। খারিজ বাবদ দাখিলা প্রতি দশ টাকা হিসাবে লইয়াছেন, এবং ভারপ্রাপ্ত অফিসারের স্বাক্ষরহীন গোপন নোটিশ জারি করিয়া নোটিশ প্রতি বার আনা হিসাবে বহু টাকা আদায় করিয়াছেন। এইরকম বেআইনী, দুর্নীতিপূর্ণ ও জালিয়াত তহশীলদারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 3,27,35,000 for expenditure under Grant No. 2, Major Heads "7—Land Revenue and 65—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the zemindary system", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to exempt rent in flood-stricken area of the Labpur Constituency under Birbhum district.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 3,27,35,000 for expenditure under Grant No. 2, Major Heads "7—Land Revenue and 65—Payment of Compensation to Land-holders, etc.,

on the abolition of the zemindary system", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the delay in payment of compensation to the middle-class and poor intermediaries.

Sir, I beg to move that the demand of Rs. 3,27,35,000 for expenditure under Grant No. 2, Major Heads "7—Land Revenue and 65—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the zemindary system", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the partial and shabby treatment the poor peasants and land-holders receive in the hands of the "Amins", with particular reference to the Sadar subdivision, Howrah.

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহাশয়, রাজস্বমন্ত্রী মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন সে সম্পর্কে আপনার সামনে আমার বক্তব্য রাখতে চাই। আমাদের বাজেট সম্পর্কে সরকার পক্ষের বহু সদস্য এ-কথা বলেছেন যে, এই রকম বাজেট আর কোনদিন হয় নি। বাংলাদেশের পক্ষে খুব সৌভাগ্যের বিষয় যে এইরকম বাজেট মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী হিসাবে দিতে পেরেছেন। সেজন্য তাঁরা বাজেটের জয়গানে মুখরিত। কিন্তু অপর পক্ষে আমরা এই বাজেটে যেভাবে টাকা বরাদ্দ করা হয়েছে, তাতে আমরা ক্ষুব্ধ ও লজ্জিত। আমি বিস্তৃত আলোচনার মধ্যে যেতে চাই না, আমি ভূমি-রাজস্ব বিভাগের সম্পর্কেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে চাই। আয়ের দিক যদি দেখা যায় তাহলে দেখা যাবে বাজেটে উল্লেখ করা হয়েছে ১৯৫৭-৫৮ সালে ৫ কোটি ২৭ লক্ষ ৯০ হাজার টাকা আয় করা হবে। আমরা জানি, গত বন্যায়, প্লাবনে ও সাইক্লোনে—গত বছর তাঁরাই বলেছিলেন যে ভূমি-রাজস্ব বিভাগের আয় কমে গিয়েছে; তবে এই বছর আরো একটু ভালো আদায় হবে, তাই এঁরা ভূমি-রাজস্ব বিভাগে একটু অতিরিক্ত আদায়ের কথা চিন্তা করছেন যাতে ২ কোটি টাকা পরিণামে বেশী হবে। এখন বাংলাদেশের অবস্থা অত্যন্ত ভয়াবহ। বন্যাবিধ্বস্ত বাংলাদেশের অসংখ্য মানুষ ঋণের উপরই নির্ভরশীল, এই ঋণও আবার প্রধানতঃ সরকারী সাহায্য হিসাবে পাওয়া যায়, যা অত্যন্ত নগন্য। সুতরাং সরকার এই বছর যে বরাদ্দ করেছেন এবং অতিরিক্ত আদায়ের যে আশা করছেন তা সম্পূর্ণ কল্পনাপ্রসূত। দ্বিতীয়তঃ আমি বলতে চাই যে, এইভাবে তাঁরা বাজেটকে অবস্তবভাবে আমাদের সামনে উপস্থিত করেছেন এবং এই যে অতিরিক্ত আদায়ের আশা তার কোন ভিত্তি নাই। বন্যাবিধ্বস্ত বাংলাদেশের মানুষের কাছ থেকে অতিরিক্ত কালেকসন সম্ভব নয়। বাংলাদেশের রায়ত ও প্রজাদের তাঁরা এই অতিরিক্ত আদায়ের দ্বারা বিপদের মুখে ঠেলে দিতে যচ্ছেন। ব্যয়ের দিক যদি দেখা যায় তাহলে দেখা যাবে এই বছর বরাদ্দ হয়েছে ৪ কোটি ৮২ লক্ষ ৩৫ হাজার টাকা। ব্যয়ের মধ্যে প্রধানতঃ ৩টা হেড। তার মধ্যে সবচেয়ে বেশী বরাদ্দ হয়েছে গভর্নমেন্ট ষ্টেট ম্যানেজমেন্ট, এ্যাসাইনমেন্ট এবং সার্ভিসেস ব্যাপারে। এই তিনটিই অফিস সংক্রান্ত বিষয়। ব্যয়ের দিকে ৪ কোটি ৮২ লক্ষ ৩৫ হাজার টাকার মধ্যে ৪ কোটি ৫৫ লক্ষ ৬৬ হাজার টাকা প্রধানতঃ গভর্নমেন্ট স্টেট ম্যানেজমেন্ট, কমপেনসেসন এবং সার্ভে সেটেলমেন্ট ইত্যাদিতে খরচ করবেন।

[3-30—3-40 p.m.]

এর থেকে বোঝা যায় মতলবটা কি? এবং প্রধান কাজ—টপ হেভি মেসিনারি, অর্থাৎ এই শাসন বিভাগের ব্যবস্থাপনায় যে মাথাভারী শাসন রয়েছে সেটা একটু সুস্পষ্ট করে দেখাতে চাই। যেখানে আমাদের এই এষ্টেট ম্যানেজমেন্ট সেখানেই আমাদের সরকারের এষ্টেটগুলির আয় কত হচ্ছে? আয় হচ্ছে যেখানে ৮২ লক্ষ টাকা তার ব্যয়-বরাদ্দ ১ কোটি ৫৯ লক্ষ। বর্তমানকালে সরকারী ম্যানেজমেন্টএর মানে হচ্ছে অফিস মেইনটেনই প্রধান, অফিসের খরচ হচ্ছে বেশী পরিমাণ। এই বিষয়ে ক্ষতিপূরণের দিকে যদি আমরা দেখি, সেখানে দেখবো অ্যাসাইনমেন্ট ফর কমপেনসেসন নির্দ্ধারণ করছেন মাত্র ৮৫ লক্ষ, কিন্তু কমপেনসেসনএর যে ব্যবস্থাপনা তার ইস্টারিম স্থির করার জন্য সেখানে খরচ হচ্ছে কত? তার অফিস খরচ হচ্ছে ১ কোটি ৬ লক্ষ টাকা—এই ইস্টারিম ক্ষতিপূরণে ১ কোটি ৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর থেকে বোঝা যায় শাসন ব্যবস্থা যে কতখানি মাথাভারী।

দ্বিতীয়তঃ, সার্ভে সেটেলমেন্ট আইটেমএ আমরা দেখছি ১ কোটি ৯০ লক্ষ টাকা খরচ করবেন। বাংলায় সার্ভে সেটেলমেন্ট শুরু হয়েছে—এক কথায় বলা যায় একে ভূতের আড্ডাখানায় বা কারখানায় পরিণত করেছে। বাংলাদেশে বর্তমানে সার্ভে সেটেলমেন্ট যে উদ্দেশ্য নিয়ে শুরু করা হয়েছিল সে উদ্দেশ্য আজ বিবর্জিত হয়েছে। বাংলাদেশের সার্ভে সেটেলমেন্টএর মানে রায়ত থেকে, প্রজা থেকে আরম্ভ করে ভাগচাষী, কোর্ফা চাষী, সাঁজা চাষী, উঠবন্দী চাষী, যত চাষী বিভিন্ন পর্য্যায়ের চাষী নির্বিশেষে ব্যাপক উচ্ছেদ হচ্ছে এবং তাদের মধ্যে হয়রানি, ঘুষ এবং নানা দুর্নীতিতে সমস্ত সেটেলমেন্ট ব্যবস্থা একেবারে ভরপুর হয়ে গেছে। যার ফলে কার্য্যতঃ যে উদ্দেশ্যে এই সেটেলমেন্ট ঘোষণা করা হয়েছিল তা সফল হয় নি। বাংলাদেশের ক্ষেত্রে যারা রায়ত প্রজা, যাদের দলিলপত্র রয়েছে, তাদের রেকর্ডএর কোন প্রশ্ন ছিল না, তাদের রেকর্ড সাব্যস্ত হয়েছে। প্রশ্ন উঠেছিল কাদের জন্য? কিসের জন্য? এই সেটেলমেন্টএর প্রয়োজন উঠেছিল, এই ভূমিস্বত্বহীন, নামে ভূমি দখলীকার হয়ে যারা রয়েছে, অর্থাৎ যাদের নাম কোন রেকর্ডে লিপিবদ্ধ হয় নি, তাদের সম্পর্কে তাদের নাম লিপিবদ্ধ করার কথা ছিল। কিন্তু বাস্তবে দেখা গেছে সর্বস্তরের প্রধান যে রায়তি স্বত্ব, একেবারে সেটা নাকচ হয়ে গেছে এবং লক্ষ লক্ষ কৃষক পরিবার সর্বস্বান্ত হয়েছে এই সেটেলমেন্টএর জন্য। আমি মাননীয় স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই বাংলাদেশের এই যে জমিদারী দখলী আইন এবং ভূমি সংস্কার আইন, যে আইন যে উদ্দেশ্যে প্রধানতঃ ঘোষণা করা হয়েছিল কার্য্যতঃ সেই উদ্দেশ্য বহু দূরে সরে গেছে। কার্য্যতঃ সে লক্ষ্য বিপরীত ব্যবস্থার সৃষ্টি হয়েছে। কার্য্যতঃ বাংলাদেশের ভূমিহীন মানুষের বিরাট অংশ, গরীব যারা, যাদের অধীনে এদের স্বত্ববান হওয়ার মত অবস্থা ছিল, আজকে তারা ব্যাপকভাবে ভূমিহীন হচ্ছে, স্বত্বচ্যুত হচ্ছে। পূর্ব-পাকিস্তান থেকে বহু উদ্বাস্তু ভাই আমাদের এখানে চলে এসেছে, সেটা যেমন বাইরে থেকে এসে উদ্বাস্তু সমস্যায় পড়ছে, তার চেয়ে আরও করুণ এই যে এই ষ্টেটএর ভিতর, এই বাংলাদেশের ভিতর, এই গভর্নমেন্টএর দয়ায় ভূমি সেটেলমেন্টএর যে ব্যবস্থাপনা তার ভিতর দিয়ে লক্ষ লক্ষ এই দেশের মানুষ এই রাজ্যের ভিতর আজ বাস্তুহারা অবস্থায় এসে উপস্থিত হয়েছে। বহু প্রজা এসে উপস্থিত হয়েছে। এই সঙ্গে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে মাননীয় স্পীকার মহাশয়, বলতে চাই—কমপেনসেসন সম্পর্কে যে বড় বড় কথা এখানে বলা হচ্ছে, এই কমপেনসেসন কাদের দেওয়া হচ্ছে? কমপেনসেসন পাচ্ছে ধনী, এই রাজ্যের যে বড় বড় জমিদার আছে, বড় বড় রাজা-মহারাজা, সে সমস্ত ষ্টেট, তাঁরা নাকি তার ইন্টারিম কমপেনসেসনএর অংশ পেয়েছে।

আপনার সামনে ইতিপূর্বে রাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় উল্লেখ করেছেন যে, গেল বছর যে পরিমাণ টাকা বরাদ্দ ছিল, সেই টাকা খরচ হয় নি। খরচ হয় নি কেন, তার কারণ হিসাবে তিনি উল্লেখ করেছেন যে, তাঁরা সেই টাকা পাওয়ার জন্য কোন প্রচেষ্টা গ্রহণ করেন নি বা এ্যাপ্লাই করেন নি। কিন্তু তা নয়, ঘটনা সম্পূর্ণ উল্টো, এই সমস্ত ছোট ছোট মধ্যস্বত্বাধিকারীদের নানাভাবে হয়রানী করা হয়, কমপেনসেসন পাওয়ার জন্য ৫০টা দপ্তর ঘোরাফেরা করতে হয় এবং ঘুষ দিতে হয়। একবার এক দপ্তরে গেলে হয় না, এদপ্তর থেকে ওদপ্তরে ঘোরাফেরা করে তাদের হয়রানী হতে হয়। এতে তারা আর্থিক দিক দিয়ে খুব ক্ষতিগ্রস্ত হয় এবং তার ফলে একেবারে নিরুৎসাহ হয়ে যায়। শুধু তাই নয়, আমাদের নিজেদের অভিজ্ঞতা আছে, যে সমস্ত ছোটখাট মধ্যস্বত্বাধিকারী আছে, যাদের ২০।২৫।৩০ বিঘা হয় ত সাঁজা জমি ছিল, সেই সাঁজা জমিতে এই সেটেলমেন্ট ব্যাপারে সাঁজা চাষী স্বত্ববান হয়েছে, প্রজা হয়েছে, অথচ তার এই সাঁজা জমির যে ক্ষতিপূরণ সেই ক্ষতিপূরণ এ্যাড-ইন্টারিম ২৫।৩৫।৫০ টাকা, এইভাবে দেওয়া হয়, তাহলে যারা দূরবর্তী অঞ্চল থেকে আসে তাদের যাতায়াতের খরচেই সব শেষ হয়ে যায়, আসলে সে ক্ষতিপূরণের কিছু পায় না। এই রকম বহু বাস্তব ঘটনা আছে, সময় থাকলে আমি আরো ঘটনা উপস্থিত করতে পারতাম। আর এই মধ্যস্বত্বাধিকারীদের মধ্যে অনেকের এই রকম অবস্থা হয়েছে, যাদের স্বল্প আয় এবং যারা অল্প জমির মালিক তাদের খাজনা বাকী পড়ে গেছে, বাকী পড়ে থাকার জন্য তারা দখল দিতে পারছে না এবং দখল না থাকার জন্য তাদের কমপেনসেসন দেওয়া হচ্ছে না, কিন্তু জমিদারের যে খাজনা সেই খাজনা কেটে নিয়ে মধ্যস্বত্বাধিকারীদের কমপেনসেসন দেবার

ব্যবস্থা সরকার থেকে করা হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে জানাচ্ছি যে, শুধু তাই নয়, তাদের প্রধান সমস্যা হচ্ছে উচ্ছেদ। এই উচ্ছেদ তাদের প্রবলভাবে আক্রমণ করেছে। আমাদের কাছে রেকর্ড আছে, আমাদের কাছে বহু নজির আছে সেগুলি আপনার কাছে উপস্থিত করতে পারি, যে বহু প্রজা রয়েছে যারা উচ্ছেদ হয়ে গেছে। আমি আপনার কাছে তথ্য দিতে পারি যে বহু প্রজা যারা ভাগচাষীর রেকর্ডভুক্ত হয়েছে, তারা উচ্ছেদ হয়ে গেছে। কে না জানে যে সাঁজা চাষী তারা দখল পায় নি, কে না জানে যে, কোর্ফা চাষী, তারা দখল পায় নি, মৌখিক প্রজা, এদের দখল দেওয়া হয় নি? এগুলি বাস্তব ঘটনা। এইভাবে আমরা দেখতে পাচ্ছি যে, বাংলাদেশের যে ৩০ লক্ষ ভাগচাষী, সেই ৩০ লক্ষ ভাগচাষী আজকে ব্যাপকভাবে উচ্ছেদ হচ্ছে। সাঁজা চাষী, মৌখিক সাঁজা ব্যাপকভাবে উচ্ছেদ হচ্ছে, উঠবন্দী চাষী, উট চাষী তারা ব্যাপকভাবে উচ্ছেদ হচ্ছে। এমন কি আমরা জানি খাজনা স্বত্ববিশিষ্ট তারা ইতিপূর্বে অগ্রিম খাজনা দিত, ২০-৩০ বছর যাবৎ একই দখলী স্বত্বহীন প্রজা হিসাবে গৃহীত হয়ে গেল—আজকে বাস্তবে দেখা যাচ্ছে যে, তমলুক মহকুমায় মহিষাদল রাজ এষ্টেটের হাজার হাজার বিঘা জমি দখলী-স্বত্বশূণ্য যে-সমস্ত প্রজাস্বত্ব হয়েছিল, তাদের ব্যাপকভাবে উচ্ছেদ করে জমিগুলি বন্দোবস্ত দিয়ে হস্তান্তর করে দিয়েছে এবং হাজার হাজার কৃষক তাতে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তারা সর্বস্বান্ত হয়েছে।

[3-40-3-50 p.m.]

[At this stage the red light was lit.]

স্যার, আমার ভাগচাষী সম্পর্কে একটা বিষয় বলবার রয়েছে, সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই, আমাকে কিছু সময় দিন।

Mr. Speaker: No honourable member will ask for extension of time I am notifying the honourable members of the House that I will not allow any extra minute to anyone. You have finished, Mr. Panda.

Sj. Jagannath Majumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ল্যাণ্ড রেভিনিউ সম্বন্ধে আলোচনা কালে আমরা কয়েকটি কাট-মোসন দেখছি, যার উপর বিরোধীপক্ষ বিশেষ করে জোর দিয়েছেন। পশ্চিম-বঙ্গীয় জমিদারী উচ্ছেদ আইন ও ভূমি-সংস্কার আইন এ-দুটী পরস্পরের পরিপূরক। এই দুটী আইন আমাদের এখানে পাশ হয়েছে, এবং আমরা সকলেই আশা করি এই দুটী আইন আমাদের এখানে যুগান্তর আনছে। এই আইন দুটীর উপর নির্ভর করে আমরা দেখছি বিরোধীপক্ষীয় বন্ধুগণ তাঁদের বেশীর ভাগ কাট-মোসন পেশ করেছেন।

আমরা দেখেছি এবারকার বাজেট এবং গতবারকার বাজেট লক্ষ্য করে যে, এই আইনের ফলে আমাদের রাজস্বের দিক দিয়ে আয়ের পথ ক্রমশঃ সংকুচিত হয়েছে। এবং আয় এই যে সংকুচিত হয়েছে, জানি না সেটা আরো সংকুচিত হবে কি না। এবং এর পরে যদি আমাদের নূতন রেভিনিউয়ের হার অনুসারে চাষীদের দেয় রেভিনিউ যদি আরো কম হয় তাহলে তার ফলে আমাদের আয় আরো কমে যাবে। সুতরাং রাজস্বের দিক থেকে দেখতে গেলে আমরা দেখি এই আইনের দ্বারা আমাদের রাজস্বের ত কোন উন্নতি হয়ই নাই বরং রাজস্বের অবনতি ঘটেছে। তা ছাড়া আমরা কৃষি আয়কর থেকেও বঞ্চিত হয়েছি বহুলাংশে। কিন্তু আর একদিকে, সরকারের দায়িত্ব অনেক বেড়ে গিয়েছে, যেমন সুন্দরবন অঞ্চলে যেসব বাঁধ ভেঙ্গে যাচ্ছে, সে-সব বাঁধ মেরামত করার দায়িত্ব এবং অন্যান্য ভূমি-সংস্কারের নূতন নূতন দায়িত্ব এই বিভাগের উপর এসে পড়েছে, যে কথা কিছুকাল পূর্বে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন—এই ভূমি-সংস্কার আইন ও জমিদারী উচ্ছেদ আইনের দ্বারা আমরা যে একটা বৃহত্তর বিপ্লব সাধন করব, এবং বাংলাদেশে সমাজতন্ত্রবাদের পথ পরিষ্কার করব, সেটা করতে গেলে এই বিভাগে আরো বহু খরচের দরকার। কিন্তু সে তুলনায় এই বিভাগে আয়ের পথ নাই।

স্পীকার মহোদয়, সকলেই জানে এই বিভাগের আয়ের উপরই পূর্বে আমাদের রাজ্য-সরকারের বড় একটা আয়ের পথ ছিল। কিন্তু আজ আর এই বিভাগের আয়ের উপর আমরা নির্ভর করতে পারছি নে।

আজকে বিরোধীপক্ষের যে সমস্ত কাট-মোসন আছে তার ভিতরকার সমস্ত কাট-মোসনগুলি যদি আমরা আলোচনা করি তাহলে দেখি, এইসব কাট-মোসনের ভিতর কিছু কিছু সত্য আছে, এবং কিছু কিছু বিভ্রান্তকর জিনিস আছে। সেই বিভ্রান্তকর জিনিসগুলি হয় ত তাঁরা রাজনৈতিক দল হিসেবে উপস্থিত করেছেন, যেহেতু বিরুদ্ধবাদী সেই হেতু বিরুদ্ধ কথা বলতে হবে, সেই জন্যই সে কথা বলেছেন। [জনৈক সদস্যঃ একটু উল্লেখ করুন না] উল্লেখ করছি। বিরোধীপক্ষের কাট-মোসনে জোর দেওয়া হয়েছে, তার ভিতর আছে পশ্চিমবঙ্গ সরকারের চাষীদের হাতে জমি বিলির ব্যর্থতার কথা। এর পরিপূরক আর একটা আছে, জমি হস্তান্তরের ব্যাপার। আমাদের দেশে যে জমির বেনামী হস্তান্তর হয়েছে, সে বিষয়ে সন্দেহ নাই এবং এ বেনামী হস্তান্তরের জন্য ১ লক্ষ ৮ হাজার ৯৩৩টি কেস এই বিভাগের গোচরে আনা হয়েছে এবং এই বিভাগ সে বিষয়ে অনুসন্ধান করছেন এবং আমরা আশা করব অনুসন্ধানের ফলে তাঁরা যোগ্য ব্যবস্থাই অবলম্বন করবেন। সুতরাং তাঁরা যে কোন ব্যবস্থাই অবলম্বন করছেন না—এ-কথাবলা ঠিক নয়, যা তাঁদের গোচরীভূত করেছেন তার ব্যবস্থা যে তাঁরা অবলম্বন করবেন তাতে সন্দেহ নাই। শুধু বিরোধী পক্ষই চাইবে, না আমরা কংগ্রেস পক্ষীয়েরাও চাইব—যে সরকার এই বেনামী ট্রান্সফার বা হস্তান্তরের যোগ্য প্রতিকার করবেন এবং আমরা জানি আমাদের মন্ত্রীমহাশয় যোগ্য ব্যবস্থাই করবেন। বেনামী হস্তান্তর ছাড়াও বহু হস্তান্তর হয়ে গেছে এই আইনটি যখন পাশ হয় সেই সময়। আমি নদীয়া জেলা থেকে এসেছি, নদীয়া জেলার কথা আমি জানি, সেখানে বহু উদ্বাস্তুরা এসেছে এবং এই আইন পাশ হবার পূর্বে বহু জমি হস্তান্তরিত হয়ে চাষীদের হাতে গিয়েছে। এই আইনের যা নাকি অন্যতম উদ্দেশ্য যে জমিদারের হাতের বাড়তি জমি চাষীদের হাতে যাওয়া উচিত, সেই উদ্দেশ্য পরোক্ষভাবে সাধিত হয়েছে। জমিদার হয় ত অর্থ বেশী পেয়েছেন, আর একদিক দিয়ে যে জমির হস্তান্তর হয়েছে তা বেশীর ভাগ চাষীরাই পেয়েছে, অনেক ক্ষেত্রে বাস্তুহারারাও পেয়েছে। আমাদের দেশে বাস্তুহারারা অনেক জমিদারের খাস জমি পেয়েছে। গত ষ্টেট এ্যাকুইজিসন বিল আলোচনার বেলায় আমরা মন্ত্রীমহাশয়ের কাছ থেকে এই রকম একটা অনুমান শুনেছিলাম যে ৪ লক্ষ একর জমি সরকারের হাতে আসবে। রেকর্ড অফ রাইট এখনো তৈরী হয় নাই, এখনো আমরা জানি নে কত জমি সরকারের হাতে আসবে, সরকার কত জমি বিলি-বন্দোবস্ত করতে পারবেন এবং এই যে দুটী পাশ হয়েছে কার্যকরী পুরাপুরি করা যাবে। যে পরিমাণ জমি সরকারের হাতে আসবে, সেই পরিমাণ জমি ভূমিহীনদের বিলি করা হবে এইটেই আমরা আশা করব, সুতরাং ধৈর্য্য হারালে চলবে না। পশ্চিমবঙ্গে ভূমির স্বল্পতাই বিরোধীপক্ষের উল্লিখিত অভিযোগের কারণস্বরূপ।

[At this stage the red light was lit and the member resumed his seat.]

[3-50—4 p.m.]

Mr. Speaker: Sj. Basanta Kumar Panda will now speak. But before you begin I wish to tell the honourable members on both sides of the House that they will kindly bear in mind one thing. The time allotted to individual members is very limited, in some cases 6 minutes, in some cases 7 minutes and in some cases 5 minutes. The time table has been agreed upon by the parties concerned and I would request all honourable members not to interrupt a single speech because the time is very limited.

Mr. Panda, you may now speak.

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, I shall confine myself to my amendment No. 53 under Grant No. 2.

Sir, I have heard with rapt attention the sonorous voice of the Hon'ble Minister. But I have failed to follow his reasonings fairly. He said that we are advancing towards socialistic pattern of society by the two legislations namely the Estates Acquisition Act and the Land Reforms Act in this province but I feel that feudalism has not changed its character. Since 1940 though there are a few sweet words said they are lacking in substance. First of all I shall be drawing the attention of the Hon'ble Minister to the lacuna of the Estates Acquisition Act. In that Act though some provisions have been made for acquisition of land from big landowners a good number of valuable properties have been excluded from the purview of that Act. The list of exceptions is given in section 6. They are tank fishery, tea gardens, mills, factories, workshops, etc. These are very valuable properties. Had they come to the possession of the State, then the income might have been greatly increased. Another defect of this Act is that Calcutta has been excluded from the operation of this Act. What is the reason that while landlordism in the muffasil areas will be done away with, the landlordism in Calcutta will remain in full force. I note that the area of Calcutta has been extended from time to time. From 1866 up to the present time, the area of Calcutta has been doubled. There are various lands which are governed by the Bengal Tenancy Act as well as the Land Registration Act of 1876. There are lands which are governed by both these two Acts. What is the reason for not taking possession of Calcutta with valuable assets remaining outside the scope of this Act? Calcutta has been excluded. Had it been taken possession of, the income of the Provincial Government would have been much more and the cost of realisation would have been much less. Some argument can be placed against this statement of mine that Calcutta property cannot be acquired but that is not so. If somebody says that Calcutta property cannot be acquired I shall draw his attention to the Seventh Schedule of the Constitution, List II. The State Government under item No. 18 can take these lands, namely, lands, that is to say rights in or over lands, land tenures including the relation of landlord and tenant and the collection of rents. And item 45 of the State List I speaks of land tenure including assessment and collection of revenue and survey for revenue purposes. Then in List No. III, which is a Concurrent List, in item No. 6 we shall see that transfer of property other than agricultural land is there. Then in item No. 42 in List III there is acquisition of these properties. Under Article 31A of the Constitution all such properties can be taken and can validly and legitimately be taken by this Government. But they have excluded the capitalists—tea garden owners of Darjeeling and also big fishery holders, big garden and mill owners—from the operation of this Act.

Now as regards collection of rents from the State properties there are several methods. I say that all rents should be collected together and there should be only one forum for the realisation of such rent, because in that case the cost of collection and the cost of management will be reduced. At present rents are being collected under the following Acts namely, Agricultural Income-tax Act, Cess Act, Rural Education Act, Embankment Act, General Revenues Act and Public Demands Recovery Act. There are different forums for different purposes. Now, after the passing of the Village Panchayat Act, Government can take advantage of that Act for the collection of land revenue by applying section 47 of that Act because by that section the Gram Panchayats have been given power for collection of rent. Without doing that what our Government is doing? Our Government is maintaining all sorts of paraphernalia and thereby the cost of collecting has been mounting and on the profit head we are getting nothing. When landlordism had been done away with we had naturally

expected that this province would at least get Rs. 4 crores which would otherwise have gone to the pockets of the landlord. The landlordism has been done away with but the profits which we expected have not come to us and expenditure is mounting. I am giving some figures from which you will see that though our income is rising the profit side is not rising proportionately, it is rather dwindling. For the year 1949-50 the land revenue was Rs. 177 lakhs; the cost of collection 22 per cent. and, therefore, the profit was Rs. 138 lakhs. In 1950-51, the revenue was Rs. 208 lakhs; the cost of collection was 26 per cent. but the profit was Rs. 154 lakhs. In 1951-52, the revenue was Rs. 209 lakhs; the cost of collection was 24.6 per cent. and the profit was Rs. 158 lakhs. In 1952-53, the revenue was Rs. 204 lakhs; cost of collection was 22 per cent. and profit Rs. 159 lakhs. In 1953-54 the revenue was 217 lakhs; the cost of collection 24 per cent. and profit Rs. 154 lakhs. In 1954-55 the collection was Rs. 124 lakhs and expenditure was Rs. 139 lakhs. So there was no profit at all. There was a loss. In 1955-56 collection was Rs. 389 lakhs, cost of collection was 68 per cent. and there was only Rs. 148 lakhs profit. In 1956-57 the collection was Rs. 451 lakhs, cost of collection was 82 per cent. Therefore the profit was only Rs. 107 lakhs. In the current budget for 1957-58, it is Rs. 637 lakhs, the cost of collection is 80 per cent. and therefore the profit will be Rs. 155 lakhs.

So by taking the landlords' interests by the Province there has been no profit at all. Calculating the profit from all these things you will find that only one and odd lakhs of rupees are coming to the people. I say that this expenditure could be reduced to a great extent by employing the sources which I have already mentioned.

Now, I shall draw your attention to another illegal act on the part of Government. It is realization of embankment tax uptil now. Embankment tax is collected under an old Act, namely, the Bengal Embankment Act of 1882 and under the provisions of the said Act only the zeminders, the tenure-holders would be liable to pay that tax. After the passing of the Estates Acquisition Act there is nobody under these categories. The interests of the persons belonging to these categories have been abolished. Now the persons who are liable to pay that tax are either raiyats or non-agricultural tenants. They are not liable to pay that tax but tax is being illegally taken from them.

Another thing I want to say is about the breach of promise by the Government. When the Land Reforms Act was published first in the *Calcutta Gazette* on August 18, 1955 (*Extraordinary*) it was provided in section 30, sub-section 3(i) of the Land Reforms Bill that no man who has two acres of land or below that and who pays rent in kind, he shall not be liable to pay any rent. But when that Act came out of the legislative anvil it was found that 10 per cent. of the rent rate would be the rent for that land.

[4—4-10 p.m.]

So, even the meanest person of this land has not been excluded from payment of taxes. We suggest to the State that you do not realise these rents in that way. You realise all rents on the income-tax basis. A person who earns money has to pay income tax over Rs. 3,000 but the persons who are dealing with lands what do they pay? They have to pay tax whatever may be their income. I suggest to the State that you collect all these rents by setting up one department and giving remission up to Rs. 1,500 and thereafter set up a progressive rate of rent.

Now, Sir, I come to my locality of Bhagawanpur. There has been a failure of crops due to excessive rain in union Nos. 1, 2, 3, 5 and 6. As yet there has been no remission of rent and no test relief work has yet been started in these areas. There is another very big plot of land in the Contai subdivision—the area of which is 140 sq. miles and 40,000 bighas have been affected. There had been no crops last year due to want of drainage.

Sir, as my time is up I sit down.

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, সরকারের ভূমি-রাজস্ব বিভাগ একটা গুরুত্বপূর্ণ বিভাগ। কারণ পশ্চিমবঙ্গ কৃষি প্রধান দেশ। আমি কাট-মোসন ১৫, ৭৬-৮০ সম্বন্ধে বলছি। এই কৃষি প্রধান বংলাদেশে ৩২ লক্ষ পরিবার অর্থাৎ প্রায় ১ কোটি ৬০ লক্ষ লোক সম্পূর্ণ ভূমির সঙ্গে নিজেদের ভাগ্যকে জড়িয়ে রেখেছে। তাই এই বাংলাদেশের ভূমি এবং কৃষকদের নিয়ে যে বিভাগ কাজ করে, সে বিভাগের গুরুত্ব আরো বেশী বেড়ে গেছে, পশ্চিমবঙ্গে ভূমি সংক্রান্ত যে দুটা আইন পাশ হয়েছে, তার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে জমিদারী দখল আইন, ও ভূমি-সংস্কার আইন এই দুটী আইন পাশ হয়েছে ও কার্য্যকরী হয়েছে। তার ফলে এই বিভাগের কাজ খুব বেড়ে গেছে। বাজেট বইএর দিকে দৃষ্টি দিলে বোঝা যাবে এই বিভাগে আয়ের পরিমাণ পাঁচ-গুণ বেড়ে গেছে ও ব্যয়ের পরিমাণ সাড়ে তিন গুণ বেড়ে গেছে। সেই পরিমাণ এই বিভাগের গুরুত্বও নিশ্চয়ই বেড়ে গেছে। এই যে গুরুত্বপূর্ণ বিভাগ, তার দায়িত্ব কিভাবে তাঁরা পালন করছেন সে বিষয়ে আমি কিছু আলোচনা করতে চাই। যখন এই দুটো আইন বিধান-সভায় রচিত হয়েছে, তখন এই বিধান-সভায় থাকবার সৌভাগ্য বা দুর্ভাগ্য আমার হয়েছিল। তখন এই আইন দুটোর সমালোচনা করে বলেছিলাম যে এই আইন দ্বারা কৃষকদের পক্ষে কোন কল্যাণ সাধিত হবে না। এই আইন পাশ করার পর যেভাবে তা কার্য্যকরী করবার চেষ্টা করা হচ্ছে, তা প্রত্যক্ষভাবে দেখে, তখন যা বলেছিলাম, সেই কথা যে সত্য আজ তাই প্রমাণিত হচ্ছে।

ভূমি-সংস্কার সংক্রান্ত আইনের কি লক্ষ্য হওয়া উচিত ছিল? তার লক্ষ্য হওয়া উচিত ছিল প্রধানতঃ যেখানে কৃষকদের ভাগ্য জমির সঙ্গে জড়িত, সেই কৃষকদের সুখ-সুবিধা যাতে এই আইনের সাহায্যে বৃদ্ধি হয়, যাতে তাদের আয় বৃদ্ধি হয়, উন্নতির পথ প্রশস্ত হয় সেইদিকে দৃষ্টি রেখে ভূমি সংক্রান্ত আইন পাশ হওয়া উচিত ছিল। বর্তমান আইনগুলির এইটাই প্রধান উদ্দেশ্য হওয়া উচিত যে কৃষকদের হাতে জমি আসবে এবং সাঁজা, ঠিকা, বর্গা ইত্যাদি প্রথার মাধ্যমে জমির সঙ্গে সম্পর্ক যেভাবে কৃষকেরা জড়িয়ে রেখেছে, এই কৃষকের সঙ্গে জমির সেই সম্পর্ককে স্বীকার করে নেওয়া হবে, বৃহৎ মালিকদের হাত থেকে জমি ছিনিয়ে নিয়ে প্রত্যেক কৃষকের হাতে জমি বিলি করা হবে, খাজনার সর্বনিম্ন হার ঠিক করা হবে। সাধারণের ভূ-সম্পত্তি সাধারণের কাজে ব্যবহৃত হবে। সেইসব ভূ-সম্পত্তি সাধারণের হাতে ফিরে আসবে, এইগুলি এই আইনের মূল নীতি হওয়া উচিত ছিল। আমাদের সরকার সে বিষয়ে ব্যর্থ হয়েছেন। মধ্যস্বত্ব অবসানের সঙ্গে সঙ্গে আমাদের রাজস্বের পরিমাণ বাড়বে, এইটা লক্ষ্য হওয়া উচিত ছিল। কিন্তু বিরাট ক্ষতিপূরণের অঙ্ক হিসাব করলে আজও কি রাজস্ব কিছু বেড়েছে? কিন্তু আসল কথা যে কৃষকদের জন্য এই আইন, সেই কৃষকরা এই আইনের দ্বারা আদৌ উপকৃত হয় নাই। সেদিক থেকে সরকারের ভূমি-নীতি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আমার পূর্বেও আলোচনা হয়েছে, কিভাবে আইনের মধ্যে ফাঁক রাখা হয়েছে। সেই ফাঁকের মধ্য দিয়ে বৃহৎ জমির মালিকরা বিভিন্ন উপায়ে বিভিন্ন ছিদ্র পথ দিয়ে প্রচুর পরিমাণে জমি তাদের নিজেদের মধ্যে রাখবার সুবিধা পেয়ে গেল। জমিদারী দখল আইন ও ভূমি-সংস্কার আইনের বিভিন্ন ধারার মারফতে প্রচুর পরিমাণ জমি বিভিন্ন অজুহাতে তাদের হাতে রাখবার ব্যবস্থা করা হয়েছে। সেই ব্যবস্থার মাধ্যমে এই ভূমি সংস্কার আইনের মধ্যে যে ফাঁক রয়েছে, তার ফলে বৃহৎ ভূমি-মালিকরা বিভিন্ন নামে বেনামী করে নিজেদের মধ্যে বহু জমি রেখে দিলেন আত্মীয়-স্বজনের নামে। তার ফলে কৃষকদের

হাতে যে পরিমাণ জমি আসতে পারতো, সেই জমি এলো না। এই জমিদারী দখল আইন ও ভূমি-সংস্কার আইন যখন পাশ হয়েছিল, তখন প্রতিশ্রুতি পেয়েছিলাম যে ৪ লক্ষ একর জমি কৃষকদের মধ্যে চলে আসবে, তাদের মধ্যে বিলি করা হবে। এখন সেই ৪ লক্ষ একর জমি কোথায়, তার সন্ধান পাচ্ছি না। সরকারের নীতিটা কি রকম? ভূমি বন্টন ব্যাপারে কিভাবে সরকার ব্যর্থ হয়েছে—, তাঁরা কত স্বার্থপরতার সঙ্গে যেটুকু খাস জমি পাওয়া গেছে তা নিজেদের দলীয় লোকদের মধ্যে বন্টন করেছেন, দু-একটা দৃষ্টান্ত দেখালেই বুঝতে পারবেন। দামোদর নদীর চর জমি, বীরভূম, বর্দ্ধমান, হাওড়া, হুগলী প্রভৃতি জেলায়, যা গভর্নমেন্টের হাতে এসেছে, তার বন্টন ব্যাপারে প্রকৃত কৃষকদের মধ্যে বন্টন করবার চেষ্টা না করে সেগুলো নিজেদের দলভুক্ত লোকদের বিলি করে দিয়ে নিজেদের স্বার্থ-সিদ্ধি করবার চেষ্টা করেছেন। এইভাবে ভূমি বন্টনের যে মূল নীতি, সেই নীতিকে সরকার পায়ের তলায় দাবিয়ে রাখবার চেষ্টা করছেন। ভূমির স্বত্ব নির্দ্ধারণের জন্য আসল পথ অনুসরণ না করে অন্য পথে তাঁরা চলছেন। সুষ্ঠু ভূমি বন্টনের লক্ষ্য হওয়া উচিত, ভূমির সঙ্গে কৃষকদের সম্পর্ক পাকাপাকিভাবে নিরূপণ করে দেওয়া। সেদিকেও সরকার ব্যর্থ হয়েছেন। এদিকে আবার রিভিসনাল সেটেলমেন্ট অপারেসন-এর কাজ করা হচ্ছে, সেই বিভাগের মাধ্যমে। সেই বিভাগের দুর্নীতির ছিদ্র পথ দিয়ে কৃষকের প্রকৃত স্বত্ব নষ্ট হচ্ছে। কৃষকদের যেভাবে জমিতে স্বত্ব সাব্যস্ত হওয়া উচিত ছিল তা হচ্ছে না। নদীয়া জেলার হরিণঘাটা থানার গড়ালি, উত্তর-ব্রহ্মপুর, সুবুদ্ধিপুর, করমচাবেলে এবং নিমতলা, প্রভৃতি বিভিন্ন গ্রামে, চাকদহ থানার বিভিন্ন স্থানে এবং ২৪-পরগণার বহু জায়গার খবর আমি জানি। আদিবাসীরা যেহেতু অশিক্ষিত ও অজ্ঞ, সেইহেতু নিজেদের জমি সংক্রান্ত দলিল-দস্তাবেজ রাখে নি, সেই সুযোগে ঐ সকল ভূমির মালিকরা তাদের বাসভূমি থেকে পর্য্যন্ত বঞ্চিত করছেন। আজকে বর্গাদার চাষী, তাদের জমি থেকে, ভূমি থেকে বঞ্চিত হচ্ছে। বর্গাদার আইনে যে সুযোগটুকু ছিল, তা অস্বীকার করা হচ্ছে। ভূমি-সংস্কার আইনে বর্গাদার আইনের স্বত্বকে অস্বীকার করা হচ্ছে। এইভাবে ভূমি কৃষকদের হাত থেকে চলে যাচ্ছে। প্রকৃত কৃষকের যা স্বার্থ, তা রক্ষা করা উচিত। সুষ্ঠু ভূমি-নীতির অভাব এবং সরকারী কর্মচারীদের দুর্নীতির ফলে আজ কৃষকদের সর্বনাশ হচ্ছে। সেদিকে সরকারের দৃষ্টি আমি আকর্ষণ করছি।

[4-10—4-22 p.m.]

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি কাট-মোসন নং ৪, ৫ এবং ৩৭ সম্পর্কে বলছি। আজকে ভূমি রাজস্ব খাতে আলোচনা করতে উঠে সর্বপ্রথম আমার যে-কথা মনে হচ্ছে, সেটা হলো এই যে, এই বিভাগ বাংলাদেশের যে কল্যাণ সাধন করতে পার তো, তা পারে নি। উপরন্তু এটা বাংলাদেশের সামাজিক বিভেদ আনার একটা বাহনস্বরূপ হয়ে পড়েছে।

দ্বিতীয় নম্বর কথা হচ্ছে এই যে, এই বিভাগ কর্তৃক সব থেকে যে কার্যকরী আইন, ঐতিহাসিক আইন প্রণয়ন করা হয়েছে, জমিদারী দখল বিল এবং ভূমি-সংস্কার বিল, যা আইনে পরিণত করা হয়েছে, তার ফলেতে আমরা গ্রামাঞ্চলে দেখতে পাই যে সেখানে অত্যন্ত ভেদনীতি বেড়ে গিয়েছে।

সর্বপ্রথমে যে-কথা আমার মনে হচ্ছে সেটা হচ্ছে যে, প্রথম যখন বর্গাদার আইন হয়েছিল সে আইনে যে অধিকার পাওয়া গিয়াছিল, তারপর জমিদারী দখল বিল আইনে পরিণত হ'ল এবং ভূমি-রাজস্ব আইন হ'ল, তখন সেই অধিকার সম্বন্ধে প্রশ্ন থেকে গিয়েছিল। তার ফলে অনেক ভাগচাষী উৎখাত হয়ে গিয়েছিল। তারপর, বলা হয়েছিল যে, জমিদারী দখল আইনে; কোর্ফা প্রজাদের অধিকার দেওয়া হবে ; এটা অত্যন্ত ভাল কথা। কিন্তু বাস্তবে যা হচ্ছে সরকারী আইন হ'লেও কোর্ফা প্রজা জমি থেকে উচ্ছেদই হচ্ছে এবং এর ফলে জমি সম্বন্ধে মানুষের মনে স্বাভাবিকভাবেই সন্দেহ জেগেছে, অবিশ্বাস জেগেছে, যার ফলে গ্রামীণ সমাজে গ্রামবাসীদের মধ্যে মামলা, ঝগড়াঝাঁটি ইত্যাদি শুরু হয়েছে। এটা সত্যিই অভিনব। এত মামলা-মোকদ্দমা বাংলাদেশের দেওয়ানী আদালতে আর কখনো দেখা যায় নি আমি এটা বলতে বাধ্য হচ্ছি। এই বিভেদের ফলে বাংলাদেশের সামাজিক কাঠামো ভেঙ্গে

পড়বার উপক্রম হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের বক্তৃতা থেকে দেখতে পাই বাংলাদেশে ৩৪ ভাগ পরিবারের ২ একরের কম জমি আছে। ৩৬ ভাগ পরিবারের ৫ একর জমি আছে। ৭ লক্ষ ক্ষেতমজুর, এবং ৬ লক্ষ ভাগচাষী। আমরা যদি পরিসংখ্যান দেখি তাহলে দেখব ১৯৫১ সাল পর্যন্ত ল্যান্ড ম্যানেজমেন্ট-এ আবাদযোগ্য পতিত জমি আছে ২৯ লক্ষ একর মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য জগন্নাথবাবুকে বলতে চাই যে, ৭ লক্ষ ক্ষেতমজুর ও ৬ লক্ষ ভাগচাষীকে যদি জমি দেওয়া হতো তাহলে তারা ২ লক্ষেরও বেশী জমি পেতে পারত। এইভাবে জমি বন্টন করার কথা তাঁরা কখনো ভেবেও দেখেন নি। দ্বিতীয়তঃ, যখন জমিদারী দখল আইন পাশ করেছিলেন, তখন বাংলাদেশের গ্রামাঞ্চলের জমিদারী হস্তান্তরিত হয়েছে, এই হস্তান্তরিত জমির সংখ্যা ১ লক্ষ ৬ হাজার ১৯২ এবং তার মূল্য হচ্ছে ৫ কোটি ৬২ লক্ষ টাকা। মাননীয় স্পীকার মহাশয়, আমি এই সভায় দাঁড়িয়ে আপনার মাধ্যমে অনুরোধ করছি, আসুন, সরকারী এবং বেসরকারী উভয়দিকের সদস্য নিয়ে তদন্ত কমিশন গঠন করে এইভাবে যে-সব জমি হস্তান্তরিত হয়েছে তা উদ্ধার করি বাংলাদেশের কল্যাণের জন্য। এইভাবে যদি জমি থেকে উচ্ছেদ বন্ধ করা যায় তাহলে বাংলাদেশের কিছুটা কল্যাণ হতে পারে। মাননীয় স্পীকার মহাশয়, জমিদারী দখল আইন যখন পাশ হয়েছিল তখন অরিজিন্যাল বিল-এ কিছু ছিল না, যাতে করে কলকাতাকে বাদ দেওয়া যেতে পারে। তারপরে একটা সংশোধনী আনা হলো, কলকাতাকে বাদ দেওয়া হোল। এটা কংগ্রেস নমিনেসন-এ করা হোল। তখন বাংলাদেশের মন্ত্রীসভার সাহস হ'ল না কলকাতাকে জমিদারী দখল আইনের আওতা থেকে বাদ দেবার কথা সরাসরি বলবার, পরে তাঁরা ব্যাক-ডোর পলিসিতে সংশোধনী প্রস্তাব গ্রহণ করেন যে কলকাতাকে জমিদারী দখল আইনের আওতা থেকে বাদ দেওয়া হোক। এখানে আমি বলতে চাই কলকাতার সমস্ত বস্তিসমেত জমি সরকারের হাতে নেওয়া উচিত ছিল। কলকাতার বস্তিতে যে জঘন্য কারবার চলে তা আজ আর কারুর অবিদিত নয়। বস্তিবাসীদের একটু সুযোগ-সুবিধা হতে পারে এমন দৃষ্টিভঙ্গী আমাদের দেশের মন্ত্রীমণ্ডলীর নেই। বর্তমানে সেটেলমেন্ট অপারেসন চলছে। বাংলাদেশের গ্রামে-গ্রামে চুরি-ডাকাতি ও অন্যান্য নানারকম বিপদ-আপদ উপেক্ষা করে যে ১৪ হাজার কর্মী খাটছে, তাদের জন্য বলবার কেউ নেই।

Sj. Bhakta Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমি এখানে বলতে চাই—

"about eviction of tenants from their minimum homestead even when, about one bigha of land has been provided free of rent in the Land Reforms Act for the same purpose".

এখানে ল্যান্ড রিফর্ম এ্যাক্ট-এর ক্লজ ২৯-এ দেখতে পাচ্ছি যে রেভিনিউ ঠিক করা হয়েছে—

"in respect of other lands comprised in the holding, revenue shall be determined according to such percentage or percentages of the revenue rate applicable to such land as may be prescribed, provided that in determining the revenue for such land, homestead not exceeding one-third of an acre should be excluded".

ল্যান্ড রিফর্মস এ্যাক্ট-এ প্রভাইড করা হয়েছে। কিন্তু আমাদের দেশের জমির মালিকেরা এবং জমিদাররা ১ কাঠা, ২ কাঠা বাস্তুতে যারা বসবাস করছে তাদের বাস্তুচ্যুত করছে। আপনারা সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে যাচ্ছেন, এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট, ল্যান্ড রিফর্মস এ্যাক্ট ইত্যাদি কংগ্রেস সরকারের সবচেয়ে প্রশংসনীয় ও কৃতিত্বপূর্ণ কার্য্য, এটা অভিনন্দন পাওয়ার যোগ্য। কিন্তু অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি একটা সম্পূর্ণ প্রতিকূল অবস্থার সৃষ্টি হচ্ছে। গরীব চাষীরা তাদের রিসিট এবং টাইটেল সম্বন্ধে সচেতন ছিল না। এর সুযোগ নিয়ে জমিদারের কর্মচারীরা সেটেলমেন্ট কর্মচারীদের সঙ্গে যোগসাজসে নিয়মিতভাবে তাদের উচ্ছেদ করত। এইরকম ঘটনা অনেকদিনই চলে আসছে। কালনা সাবডিভিশনে পূর্বস্থলী ও মন্টেশ্বর থানায় এইভাবে মিথ্যা কেস করে জমির মালিকেরা চাষীদের জমি থেকে উচ্ছেদ করেছে।

[4-20—4-30 p.m.]

আমার বক্তব্য হচ্ছে যে সমস্ত লোক এই সমস্ত এক কাঠা, দেড় কাঠা বা দু-কাঠা বাস্তুতে বাস করছিল, যাদের অন্য কোন ল্যান্ড, কোন চাষের জমি নাই বা দাঁড়াবার কোন আশ্রয় নাই অথচ ল্যান্ড রিফর্মস এ্যাক্ট-এ যাদের নানারকম সুযোগ দেওয়া হয়েছে, দাঁড়াবার যথেষ্ট সুযোগ দেওয়া হয়েছে, তাদের এফেক্ট না দেওয়ার জন্য বাস্তুচ্যুত হচ্ছে, তাদের একটা বন্দোবস্ত করুন। তাদের জন্য কোন বন্দোবস্ত নাই। এই বন্দোবস্ত করা যেতে পারে, এই হচ্ছে আমাদের সাজেসন, যেদিন থেকে ল্যান্ড রিফর্মস এ্যাক্ট পাশ হয়েছে, সেদিন থেকে সেটা এফেক্ট দিতে অনুরোধ করবো। এবং একটা অর্ডিন্যান্স করা দরকার। কোনরকম অবস্থার মধ্যেই যেন বাস্তুভিটা যা প্রভাইড করা হয়েছে, সেই ভিটার মধ্যে যারা বাস করছে, ল্যান্ড রিফর্মস এ্যাক্ট পাশ হবার পর তাদের যাতে বাস্তুত্যাগী হতে না হয় তার জন্য একটা অর্ডিন্যান্স হওয়া দরকার আছে। যেভাবে উচ্ছেদ ব্যাপকভাবে আরম্ভ হয়েছে তার প্রতিক্রিয়া তাদের উপর প্রভাব বিস্তার করছে, তাতে করে সত্যই তারা আতঙ্কিত হচ্ছে। এবং যে দুইটি আইনের সম্বন্ধে আমরা বহুল-প্রচার করছি, যাকে একটা বৈপ্লবিক আইন বলে প্রচার করা হচ্ছে, সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র গড়বার প্রথম পদক্ষেপ হিসাবে গ্রামাঞ্চলের লোকদের যে আশা-ভরসা দেওয়া হয়েছে, লোকের মধ্যে যে আস্থা স্থাপন করা হয়েছিল, গভর্নমেন্টের কৃতিত্ব রক্ষা, গভর্নমেন্টের মর্যাদা রক্ষা সম্বন্ধে এবং প্রাক-স্বাধীনতার প্রথম দিনে যে কমিটমেন্ট দেওয়া হ'ল, তার সম্মান রাখবার জন্য এই যে আইন তৈরী করা হ'ল এবং গভর্নমেন্টের প্রতি যে আস্থা অজ্ঞ লোকেরা করেছিল, আজকে সত্যই এই আইন পাশ হয়ে যাবার পর তার এফেক্ট না দেওয়ার ফলে জনসাধারণের মধ্যে এমন একটা প্রতিক্রিয়া দেখা দিয়েছে যে তারা আস্থাহীন হয়ে পড়ছে। দুঃখের বিষয় আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত লোক ভূমির মালিক ছিল যারা জমিদার ছিল তারা রাতারাতি খদ্দর পরে আজকে কংগ্রেসের আওতায় এসে এই সমস্ত কাজে বেশী সুযোগ নিতে আরম্ভ করেছে। সেজন্য অনুরোধ, এই সম্বন্ধে সাবধান হবেন। এরা ভিতরে ঢুকে সব থেকে বেশী সুবিধা নিয়ে গভর্নমেন্টের কাজ বানচাল করে দেবার চেষ্টা করবেন, এজন্য সাবধান হবার জন্য অনুরোধ করছি।

Sj. Amal Kumar Ganguli:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জমিদারী দখল আইন এবং ভূমি-সংস্কার আইন পাশ হবার পর আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন এবং তার কণ্ঠে কণ্ঠ মিলিয়ে কংগ্রেস পক্ষের একজন মাননীয় সদস্য বলছিলেন যে এই আইন পাশ হবার পর আমাদের বাংলাদেশে যুগান্তকারী ঘটনা ঘটে গেছে। যুগান্তকারী ঘটনা কি, আমি গ্রামে থাকি, কিভাবে ঘটনা ঘটছে, সে বাস্তব অভিজ্ঞতা সম্বন্ধে দু-চারটি কথা বলছি। প্রথমে যে ভূমি-সংস্কার আইন পাশ হ'ল, তার উদ্দেশ্য ছিল এই যে, বাংলাদেশের কৃষি অর্থনীতিকে নূতন করে পুনর্গঠন করা এবং বাংলাদেশের ভূমিহীন কৃষককে জমির মালিক করা এবং যাতে তারা নিজেরা উদ্যোগী হয়ে দেশের উৎপাদন বৃদ্ধি করার জন্য তৎপর হয়, তার জন্য তাদের সম্মুখে সুযোগ এনে দেওয়া। এখন যেভাবে আইন দুটি প্রয়োগ করা হচ্ছে তা যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন এই দুইটি আইন পাশ হবার পর বাংলাদেশের কৃষকদের জীবনে নূতন কোন সুখ-শান্তি আসে নি। জমি ও ফসলে কৃষকদের মালিকানা আসে নি। অন্যদিকে বিপরীত ফলই ফলতে শুরু করেছে। বাগনান, শ্যামপুর, আমতার কয়েকটি রেভিনিউ কোর্ট-এর হিসাব যদি আপনার কাছে দাখিল করি তাহলে দেখতে পাবেন, মাননীয় রাজস্ব-সচিব যা বলেছেন সম্ভবতঃ তিনি বিভিন্ন এস ডি ও-র কাছ থেকে যে হিসাব পেয়েছেন তার সঙ্গে কোন মিল নেই। ঘটনার ভিত্তিতে আমরা দৃঢ়তার সঙ্গে বলতে পারি বর্তমান ব্যবস্থায় বর্গাদার আইনের অধিকারও অনেকখানি ক্ষুণ্ণ করার চেষ্টা হয়েছে। আমি কয়েকটা রেভিনিউ কোর্ট-এর হিসাব জানি, তাতে বলতে পারি অন্ততঃ শতকরা ৫০টি বোর্ডের বিচার অবস্থা এমনই চলছে, যাতে ৯০ পারসেন্ট কেস—এই বর্গাদারদের উচ্ছেদের রায় দেওয়া হচ্ছে এবং ২৫ পারসেন্ট বোর্ডে ৭৫ পারসেন্ট উচ্ছেদের রায় দিয়েছে। এই সমস্ত কোর্ট শুধু যে উচ্ছেদের রায় দিচ্ছে তা নয়, যে বিচারপদ্ধতি ও নীতি অনুসরণ করেছেন তাতে

যে দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন তা আরও ভয়াবহ। এবং যে কাণ্ড চলেছে তা কেবলমাত্র স্থানীয় অফিসারদের জন্যই হচ্ছে তা নয়। মন্ত্রীমণ্ডলী আইন যেভাবে রচনা করেছেন তাতে এ-সমস্ত উচ্ছেদের সুযোগ এনে দিচ্ছে এবং দুর্নীতির প্রশ্রয় দেওয়া হচ্ছে।

আমি ৩টা কথা এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই। প্রথমে যে ভাগচাষ আইন ছিল তাতে অনেক সুবিধা ছিল। প্রথমতঃ ভাগচাষ আইনে ছিল যদি কোন মালিক নিজে জমি চাষ করবে বলে চাষীকে উচ্ছেদ করে এবং পরবর্তী সময়ে যদি দেখা যায় যে সে নিজে চাষ করছে না এবং চাষী যদি কেস করে এবং যদি প্রমাণিত হয় যে সত্যই সে অন্যায় করেছে—সে নিজে চাষ করবার নাম কোরে চাষ করছে না, অথচ উচ্ছেদ করেছে, তাহলে জমি রেষ্টোরেসনের ব্যবস্থা ছিল, বর্তমান যে আইন সেখানে রেষ্টোরেসনের অর্থাৎ জমি ফিরিয়ে দেবার কোন সুযোগ-সুবিধা নাই। দ্বিতীয়তঃ বর্গাদার আইনে ছিল যে যদি কেউ এইভাবে অন্যায়ভাবে চাষীকে উচ্ছেদ করে এবং সেই অন্যায় প্রমাণিত হয় তাহলে শুধু যে জমি ফিরিয়ে দিতে হবে তা নয়, সেই অন্যায়ের জন্য শাস্তিও তাহার ভোগ করতে হবে। কিন্তু বর্তমান আইনে এইরকম শাস্তির কোন বিধান নেই, যার ফলে মালিকরা চাষীকে যে-কোন প্রকারে উচ্ছেদ করার উৎসাহ বোধ করে এবং সেই অনুপ্রেরণা এই আইনের মধ্যেই তাদের সম্মুখে এনে দেওয়া হয়েছে। তৃতীয়তঃ, ভাগচাষ আইন যখন চালু ছিল তখন চাষীদের পক্ষে সিভিল কোর্টে সর্ববিষয়ে মামলা করার সুযোগ ছিল কিন্তু এখন যেটা হয়েছে তাতে সিভিল কোর্টে সর্ববিষয়ে সুবিধা পাওয়ার কোন সুযোগ নেই। কেবলমাত্র রেভিনিউ কোর্টে যে বিচার হবে এবং তার যা রায় হবে সেটা ঠিক হয়েছে কি না তা এই সিভিল কোর্টের বিচারের মধ্যে সীমাবদ্ধ হয়ে গেছে। কাজেই যদি বিচার করে দেখেন তাহলে দেখতে পাবেন যে বর্গাদারদের স্বত্ব দেবার নাম করে আমাদের সরকার এমন একটা আইন চালু করেছেন যাতে মালিকরা উৎসাহিত হচ্ছে জমি থেকে চাষীদের উচ্ছেদ করার জন্য এবং তাদের ঐভাবে সমস্ত জমি নিজেদের খপ্পরে টেনে আনার জন্য তারা আজ মরিয়া হয়ে চেষ্টা করছেন। সেটেলমেন্ট ব্যাপারে আমরা গ্রামে দেখতে পাচ্ছি আগে যেখানে ভাগচাষীর নাম রেকর্ড হয়েছিল, পরবর্তী পর্যায়ে তার ৫০ পারসেন্ট কেসে তাদের নাম উঠে যাচ্ছে। খোঁজ-খবর নেওয়া হ'ল যে যাদের নাম রেকর্ড করা হ'ল তাদের নাম কি করে উঠে গেল, সেখানে অফিসাররা কোন কৈফিয়ৎ দেন না এবং খবর নিয়ে জানতে পেরেছি যে এই সমস্ত অফিসারদের সঙ্গে স্থানীয় মালিকদের যোগসাজস রয়েছে ঘুষের মাধ্যমে, নানারকম দুর্নীতির ভেতর দিয়ে তাঁরা এই সমস্ত কাজ করেছেন। বাগনান থানায় দেখতে পাচ্ছি গত তিন বছরে অন্ততঃ ২॥ হাজার ভাগচাষী, তারা জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে এবং এই উচ্ছেদ শুধু যে কোর্টের মাধ্যমেই হয়ে গেল এটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে যে, যেভাবে আমাদের সরকার আইন চালু করেছেন তাতে তাদের প্রোটেকসনের কোন ব্যবস্থা নেই। তাই মালিকরা আজ স্বতঃপ্রবৃত্ত হয়ে তাদের উচ্ছেদ করে দিচ্ছে। এইরকম হাজার হাজার চাষী তারা জমি ছেড়ে দিয়ে অন্য কোন একটা কাগজে, অন্য কোন বেনামী লিখে তারা জমি চাষ করছে। এই হচ্ছে যুগান্তকারী বাস্তব অবস্থা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এঁরা বলছেন যে আমরা ভাগচাষীদের স্বত্ব দিয়েছি, তাদের স্বত্ববান করার চেষ্টা করছি। তারপর অন্যের কাছ থেকে কিভাবে তাঁরা জমি দখল করেন তার একটা ঘটনা আপনার সামনে উপস্থিত করতে চাই।

[At this stage the speaker having reached the time-limit resumed his seat.]

[4-30—4-40 p.m.]

Sj. Jagadananda Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদেব জলপাইগুড়িতে হিসেব করলে দেখা যায় শতকরা ৭৫-৮০ জন সেখানে কৃষিজীবী, আর বাকি যারা তারাও পরোক্ষভাবে কৃষির উপরই নির্ভরশীল। এই কৃষকই সারা বিশ্বের ভিত্তিস্বরূপ বা পালকস্বরূপ বলা চলে, তারা যে আজ বিপর্যয়ের মধ্যে এসে পড়েছে তার একমাত্র কারণ হচ্ছে জোতদার বা উপরস্থ মালিকদের শোষণ, পীড়ন ও উচ্ছেদ, এবং সঙ্গে সঙ্গে সরকারী নীতির শিথীলতা। ১৯৫০ সালে যখন

ভাগচাষ বোর্ড বসানো হয়েছিল, তা হয়েছিল তাদের ন্যায্য পাওনা বুঝিয়ে দিতে এবং উচ্ছেদ বন্ধ করতে। তারপরে দেখা গেল বেপরোয়াভাবে জোতদাররা আধিয়ার বা কৃষকদের উচ্ছেদ করে দিচ্ছে এবং এখনো করে আসছে। সে সম্বন্ধে আমি দু-একটা উদাহরণ দিচ্ছিঃ—

ফালাকাটা ইউনিয়নের মানিক বসু নামক জনৈক ব্যক্তি ১০০ হাল জমির মালিক। ১৫ বিঘাতে এক হাল। তার অধীনস্থ প্রায় ৫০-৬০ জন আধিয়ার ছিল, তিনি সেই আধিয়ারদের নামে ক্যাটল লোন বাবদ যথাসম্ভব টাকা বাহির করেন এবং সেই টাকা তিনি জমিদার হওয়া সত্ত্বেও আদায় করে এনে আত্মসাৎ করতে ত্রুটি করেন নি। এবং আগেই তিনি আধিয়ারদের আইনের বলে উচ্ছেদ করে দিয়েছেন। তারপরে যখন সেই লোনের টাকা শোধ করবার সময় এল, তখন প্রত্যেক আধিয়ারদের নামে নোটিশ আসতে লাগল। সেইসব নোটিশ আমরা আলিপুর মহকুমার এস ডি ও মহাশয় ও জেলা সমাহর্তার নিকট দিয়েছি।

২নং ফালাকাটার অধীন বলেশ্বর নামক গ্রামে তিনজন মুসলমান জোতদার, ইসমাইল, সোলেমান ও সোফিকুল কাজী, তাদের অধীনস্থ ১২-১৪ জন কৃষক বা আধিয়ারদের না খাইয়ে মারছে। ১৩৬৩ সনের মাঘ মাসে যখন ধান কাটা ও মাড়াই হয়, তখন আধিয়ারেরা তাদের ন্যায্য পাওনা বুঝে চেয়েছিলেন। মালিক পক্ষ চটে যাওয়ায় তাদের মধ্যে অসন্তোষের সৃষ্টি হয় ও নানা রকম বাদ-বচসার শুরু হয়; তাতে জোতদারপক্ষ স্থানীয় পুলিশের সহযোগীতায় কৃষকদের বিরুদ্ধে লুটের কেসের ডায়েরী দিয়ে তাদের গ্রেপ্তার করিয়ে চালান দেয়। এইভাবের যে নীতি চলেছে, যে অবিচার চলেছে, তাতে সাধারণ কৃষকদের জীবন যাপনের বড়ই বিঘ্ন হচ্ছে। আমি সরকারের এই নীতির তীব্র নিন্দা করছি।

Dr. Dhirendra Nath Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, ভূমি-রাজস্বের বরাদ্দ কমানর এই দাবী উপলক্ষে আমি পশ্চিম দিনাজপুর জেলার ব্যাপক ভাগচাষী উচ্ছেদ সম্পর্কে আপনার মাধ্যমে রাজ্য-সরকারের এবং বিশেষত ভূমি-রাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

পশ্চিম দিনাজপুর জেলা থেকে নির্বাচিত প্রতিনিধি হিসাবে আমি জানাতে চাই যে আমার জেলায় প্রকৃত চাষীর অধিকাংশই আজ ভাগচাষী। জমিদারী দখল আইন ও ভূমি-সংস্কার আইনের মারাত্মক ত্রুটি-বিচ্যুতির ফলে আজ এই প্রকৃত কৃষকদের অনেকে ইতিমধ্যেই চাষের জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে। জেলার বিভিন্ন ভাগচাষ আদালত থেকে আরও অনেক ভাগচাষীর বিরুদ্ধে উচ্ছেদের আদেশ হয়েছে। যে আদেশ আগামী চৈত্র ও বৈশাখ মাসে জারি হবে এবং আরও কয়েক হাজার উচ্ছেদের মামলা বিভিন্ন ভাগচাষ আদালতে এখনও চলেছে। আমি জানতে পারলাম সুন্দরবন ও পশ্চিম বাংলায় অন্যান্য ভাগচাষী প্রধান অঞ্চলেও এই প্রকার ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। (এই উচ্ছেদের ব্যাপারে সরকারকৃত ভাগচাষী আইনও তাগিদ সরবরাহ করে নি।) জোতদারদের মনে সেটেলমেন্ট ব্যাপারে বর্গাদারদের নাম রেকর্ড করার প্রশ্নেও উচ্ছেদ করাবার মতি থাকায়, সরকার কোন সুপরিকল্পিত ভূমি-সংস্কারের পরিকল্পনা না নেওয়ার ফলেই এই অবস্থার সৃষ্টি হয়েছে, আমি মনে করি। জমিদারী দখল আইন ও ভূমি সংস্কার আইনে সরকার জমিদার ও বড় জোতদারদের বেনামীতে জমি রাখার পক্ষে যে ফাঁকি সৃষ্টি করেছেন এবং তার ওপর সেটেলমেন্ট ও সার্ভে বিভাগের দুর্নীতিতে এই "লুপহোল"-এর সুযোগ নেওয়ায় জমিদার ও জোতদারদের যেভাবে সাহায্য করেছে তার ফলে আজ প্রকৃত চাষীরা জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে। এই জমিদার ও জোতদাররা বেনামী কোবালা সৃষ্টি করে বিভিন্ন নামে ভাগচাষ আদালতে চাষী উচ্ছেদের নালিশ করছেন এবং বাস্তবে অনেক বেশী জমির মালিক হলেও যেহেতু আইন অনুযায়ী ৭৫ বিঘার বেশী জমি নেই (নামপ্রতি) বলে ধরে নেওয়া হচ্ছে, তাই তাদের পক্ষে (নিজের পারিবারিক প্রয়োজনে) প্রমাণ করার কোন অসুবিধা হচ্ছে না। ভাগচাষ কোর্টগুলি থেকে তাঁরা সমানে ভাগচাষী উচ্ছেদ পেয়ে যাচ্ছেন (কোর্টগুলি জেলা ম্যাজিস্ট্রেটের নমিনেটেড বডি) এবং আধিয়ার পক্ষের প্রতিনিধি যিনি থাকেন, প্রতি ক্ষেত্রেই জোতদারের হাতের লোক। তা ছাড়া, ভূমি পুনর্বন্টনের কোন ব্যবস্থাই ভূমি-সংস্কার আইন পাশের সঙ্গে সঙ্গে না করার ফলে জমিদার ও বড়

করে গ্রাম্য-পরিবারের আয় কত অবশিষ্ট থাকে, তাদের কুটীর শিল্পের পুনরুজ্জীবন ও বৃহৎ শিল্প গ'ড়ে তাতে নিয়োগের মাধ্যমে সমস্যার সমাধানের চেষ্টা সরকার করছেন না। কুটীর শিল্প ও বৃহৎ শিল্প পরস্পরের বিরোধী শক্তি হিসাবে না করে, বিশৃঙ্খলা সৃষ্টি না করে পরস্পরকে সরকারী নজরে লোকায়ত্ত করলে অনেক প্রশ্নের সমাধানের সন্ধান পাওয়া যেতে পারে।

তাই পশ্চিম দিনাজপুর জেলার ও পশ্চিম বাংলায় অন্যান্য জেলার ব্যাপক ভাগচাষী উচ্ছেদজনিত যে গুরুতর পরিস্থিতে দেখা দিয়েছে, তাতে সরকারী ভূমি-সংস্কার পরিকল্পনায় গুরুতর ত্রুটি ধরা পড়েছে। তাই এই ব্যাপক চাষী উচ্ছেদের কার্য্যকারণ সম্বন্ধে গভীর-ভাবে পরীক্ষার এবং এই পরীক্ষার দ্বারা সমৃদ্ধ বাস্তব অভিজ্ঞতায় পুষ্ট হয়ে ভূমি-সংস্কার পরিকল্পনা রচনার প্রয়োজীয়তা রয়েছে, মাননীয় স্পীকার মহোদয়, তাই আমি আপনার মাধ্যমে পশ্চিম বাংলা সরকারের তথা ভূমি-রাজস্বমন্ত্রীর কাছে প্রস্তাব করছি যে, যে গুরুতর পরিস্থিতি সম্পর্কে এতক্ষণ আলোচনা করলাম সেই পরিস্থিতি সম্পর্কে বিশেষভাবে পরীক্ষা করে ভূমি-সংস্কার আইনের সংশোধন যাতে করা যায় তার জন্য আপাতত সর্বপ্রকারের ভাগচাষী উচ্ছেদ বন্ধ করার জন্য একটী আইন অবিলম্বে প্রণয়ন করা হোক।

Dr. Radhakrishna Pal:

উত্তেজিত হচ্ছেন কেন। আস্তে আস্তে বলুন।

Mr. Speaker: I have told you right at the start that you will not make any remark whatsoever.

Dr. Radhakrishna Pal:

কিছু বুঝতে পারছি না, স্যার

Mr. Speaker: That does not matter.

Dr. Dhirendra Nath Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, পরিশেষে আমি জানাতে চাই যে উপরোক্ত প্রকার উচ্ছেদ বন্ধ আইন প্রণয়নের প্রতিশ্রুতি আপনার মাধ্যমে ভূমি-রাজস্বমন্ত্রী মহোদয়ের কাছ থেকে না পাওয়া পর্য্যন্ত ভূমি-রাজস্ব খাতে বরাদ্দ কমানোর আমার এই দাবী আমি পরিত্যাগ করতে পারছি না। আর আপনার মাধ্যমে ভূমি-রাজস্বমন্ত্রী মহাশয়কে নিবেদন করছি যে, সেখানে গুরুত্বপূর্ণ অবস্থার সৃষ্টি হয়েছে। আজ পশ্চিম দিনাজপুর বাড়তি জেলা, সেখানে এখন ঘরে ঘরে অভাব থাকা উচিত ছিল না। কিন্তু এই ভূমি-সংস্কার আইনের ফলে পশ্চিম দিনাজপুরে কৃষকদের ঘরে খাদ্যাভাব দেখা দিয়েছে। গতবারে আমরা প্রধান মন্ত্রীর কাছে জানিয়েছিলাম যে, ১১ জন পরে না খেয়ে মারা গিয়াছে, এবৎসরও দুই-চারটা খবর এসেছে। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, ১½ ঘন্টার পূর্বে এই বিধানসভায় মাননীয় রাজস্বমন্ত্রী বলেছেন, তাঁরা যে ভূমি ব্যবস্থা আনছেন তার দ্বারা তাঁরা সমাজতান্ত্রিক বিপ্লবের পথে বাংলাদেশকে নিয়ে চলেছেন। আমি মনে করি তাঁর বক্তব্য অসার। কেন না, এ-কথা তাঁরা ঘোষণা করেছিলেন যে এই জমিদারী প্রথা উচ্ছেদ করে, ভূমি-সংস্কার আইন প্রবর্তন করে, তাঁরা বাংলাদেশের কৃষককে ১৬ লক্ষ বিঘা জমি দেবেন। আমি জিজ্ঞাসা করতে চাই যে তাঁদের হাতে আজ কত বিঘা জমি এসেছে এবং তাঁরা কৃষককে কত বিঘা জমি দিতে পেরেছেন? আজকে সুন্দরবনে চলুন সেখানে দেখবেন সেখানে বাংলাদেশের সবচেয়ে বেশী ধানী জমি রয়েছে, সেই সন্দরবনে হাজার হাজার, লক্ষ লক্ষ বিঘা জমি জোতদার ও লাটদারদের হাতে যা ছিল সেই জমি আজকে বেনামী করে, হস্তান্তর করে, তাদের ছেলে-মেয়ে, নাতী-নাতনী, আত্মীয়-স্বজনের মধ্যে বিলি বন্টন করে বেনামী, হস্তান্তর করার ব্যবস্থা করেছেন। কোন জায়গায় তারা আমল নামা—২০।২৫ টাকার চেক দাখিলা দিয়ে আইন ফাঁকি

দেবার চেষ্টা করছেন। আমি জিজ্ঞাসা করি, মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয়কে, তিনি সেই বেনামী ধরবার কি ব্যবস্থা করেছেন। আমি মনে করি এই বেনামী হস্তান্তর ধরা হলে, কৃষকদের হাতে তাঁরা যে জমি দিতে চান, তার জন্য এক-একটা ইউনিয়ন-এ বেসরকারী কমিটি করা উচিত; না করলে লোকসান হবে। আমি জানি ১৯৫৩ সালের ৫ই মের পূর্বে কোন লাটদারের, কোন মালিকের কত বিঘা জমি ছিল এবং সেই জমি যদি আজকে বেনামীতে হস্তান্তরিত হয় তাহলে সরকারকে সেই জমি গ্রহণ করবার জন্য প্রস্তুত হওয়া উচিত বলে মনে করি। তারপর ল্যান্ড রিফর্মস এ্যাক্ট-এ যে খাজনা ধার্য্য হয়েছে, সেখানে বলা হয়েছে যে সমস্ত জমিতে ধান হয় না, সেই জমিতে যে আয় হয়, সেই আয়ের ফসলের মোট যে মূল্য হবে সেই মূল্যের ১।১০ ভাগ খাজনা ধার্য্য হবে। ধরুন, কোন জমিতে ৫০ মণ আলু হয়, সেখানে মণপ্রতি ১০ টাকা করে দাম ধরলে ৫০০ টাকা মূল্য হয় এবং তার ১০ ভাগের ১ ভাগ হবে ৫০ টাকা, সেইটাই হবে এক বিঘার খাজনা। আজ সেই জমির ২৷৷ টাকা খাজনা আছে, সেখানে এই ভূমি সংস্কার আইনের দ্বারা করছেন ৫ টাকার জায়গায় ৫০ টাকা। তারপর যে-সমস্ত জমিতে ফসল হয় না, এমন যে-সব জমি রয়েছে, সেই-সব জমির খাজনা, তাঁরা বর্তমান আইনে করেছেন যে তার মোট যে বাজার মূল্য হবে তার শতকরা ২ টাকা করে খাজনা ধার্য্য করা হয়েছে। এর পরিণতি ফলতে আরম্ভ করেছে। রাজানগর মৌজায় সেই আইন জারী করা হয়েছে। এই মৌজায় নারায়ণচন্দ্র দাসের খাজনা ২৷৷ টাকা ছিল, সেটা এখন ৯৮৷৷ টাকা হয়েছে। এ-কথা মাননীয় সদস্যরা অনেকেই বলেছেন এবং আমাদের নেতা জ্যোতিবাবু তাদের প্রতিনিধি হিসাবে সেই কথা বলেছেন। তারপর আমরা জানি আজ কিছু কিছু, সামান্য জমি লাটদারদের হাত থেকে গভর্নমেন্টের হাতে গিয়েছে। সেখানে যে ভাগচাষী ছিল—সেখানে সরকারের পূর্বে তারা জমিদার ও লাটদারদের যে পরিমাণ ধান দিত, আজকে সরকার তাদের হাত থেকে জমি নিয়ে সেই পরিমাণে অর্থাৎ সেই ধানের মূল্যের ৪০ পারসেন্ট নিচ্ছেন। এইভাবে তাঁরা লাটদার ও জমিদারদের কাছ থেকে জমি নিয়ে নিজেরাই লাটদার ও জমিদারদের মত ভাগচাষীকে লুঠ করবার বন্দোবস্ত করছেন। যারা ছোট ছোট ঠিকাদার, ১০।১২ বিঘা জমি ছিল, যাদের রায়তি স্বত্ব ছিল, তাদের বর্তমানে বিঘাপ্রতি ৮।১০ টাকা খাজনা দিতে হচ্ছে অর্থাৎ বৎসরে ২।৩ শত টাকা বা তার কিছু বেশী খাজনা দিতে হয়। আজকে সরকার সেই ঠিকাদারদের জমি কেড়ে নিয়েছেন, কিন্তু তাদের ক্ষতিপূরণ এখন পর্য্যন্ত পায় নি। তার ফলে গরীব অধিবাসী যেসব কৃষক রয়েছে তাদের আজ পথে বসবার অবস্থা হয়েছে। সেইজন্য আমি জিজ্ঞাসা করতে চাই, মাননীয় রাজস্বমন্ত্রীকে, এই সমস্ত গরীব ঠিকাদারদের বাঁচাবার জন্য অবিলম্বে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করবেন কি না?

তারপরে সেটেলমেন্ট-এর কথা বলতে চাই। সেটেলমেন্ট-এ যেভাবে দুর্নীতি আজও পর্য্যন্ত চলেছে তার একটা উদাহরণ দিতে চাই। বজবজ থানায় রায়পুর মৌজার এ্যাটেস্টেসন অফিসার সুধাংশু দত্ত, তিনি সেখানকার ৫০ জন কোর্ফা চাষীর ৩৫০ বিঘার মত জমি যাদের ছিল, তাদের সেখানে ভাগচাষী বলে রেকর্ড করে এসেছেন; এবং জমির প্রকৃত যিনি মালিক ছিলেন তাঁর কর্মচারীকে ঠিকা চাষী সাজিয়ে ভাগচাষী করিয়ে এলেন। এমন কি জমিদারকে পথে বসাবার ব্যবস্থা করলেন। যিনি কর্মচারী ছিলেন তাঁকে, কোন কোর্ফা-রায়ত হিসাবে তার নাম রেকর্ড করিয়ে দিলেন, তার কোন হদিস পাওয়া যায় না। এমন কি প্রকৃত যিনি মালিক তিনি নিজে এ্যাটেস্টেসন অফিসে গিয়ে বলেছেন উনি কোর্ফা-রায়ত নন, কে প্রকৃত চাষী তিনি স্বীকার করেছেন; তা সত্ত্বেও এ্যাটেস্টেসন অফিস থেকে সেটা অগ্রাহ্য করা হয়েছে।

[4-50—5 p.m.]

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I was trying to follow with very great interest some of the arguments made by members opposite but I must confess that though some valuable points were made but by some of the speakers I could not follow some others which were mentioned in this House. Shri Bhupal Panda in his speech, I am afraid, has made some confusion about the figures. One of his points was that

the provision has been made to pay Rs. 85 lakhs as compensation to the landholders while there is already a provision for Rs. 106 lakhs as the cost of assignments and compensation. He has made a charge as to why this extra provision has been made. May I point out that the work of assessing and preparation of final compensation rolls and the extra Rs. 61 lakhs that we have demanded for that purpose have no relation with this Rs. 85 lakhs which is meant for interim payment of compensation to land-holders. I made it specific and clear in my opening speech that this extra expenditure refers only to the extra work that has to be done in connection with final rolls that could not be taken up last year. So by mixing up the two he has tried to confuse the House and mislead the House on that point.

Then, Sir, he has also tried to make out another point that though compensation is paid, the big people are getting more and the people of the small income group are sufferring. By now he has got a statement that I promised and from the figures given there he will find that on an average the big zemindars are getting Rs. 153 per head and the small income group people are getting Rs. 200 per head. Now if you scrutinise these figures carefully you will see that Government are neither paying more to the big men nor are they ignoring the people of the small income group. So I think that that charge is completely unjustified and can be completely refuted.

কিন্তু গভর্নমেন্ট বাধা দেওয়া দূরে থাক বরং সিডিউল্ড ব্যাঙ্কের মাধ্যমে দাদন দিয়ে তাদের সেই গর্হিত কাজে উৎসাহিত করেন। এ ছাড়া মূল্যবৃদ্ধির আরও কারণ আছে। কেন্দ্রীয় গভর্নমেন্ট এবং প্রাদেশিক গভর্নমেন্ট প্রতি বৎসর যে ঘাটতি বাজেট করছেন তার ফলে দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে; তার উপর আবার প্রতি বৎসর নূতন নূতন ট্যাক্সএর বোঝা চাপানো হচ্ছে। এইসব কারণ মিলে যে মূল্যবৃদ্ধি এবং খাদ্যসংকট উপস্থিত হয়েছে, এ কথা এক বৎসর আগেই আমরা বলেছিলাম। এ নিয়ে আমরা গভর্নমেন্টএর সংগে দেখাও করি এবং দেশে যে জরুরি অবস্থা উপস্থিত হয়েছে, সে সম্বন্ধে গভর্নমেন্টকে বুঝিয়ে বলি। কিন্তু গভর্নমেন্ট আমাদের কথায় বিশেষ কর্ণপাত করেন নি ব'লে মনে হয়। যখন দেশ এই খাদ্য-সংকটের মধ্য দিয়ে অতিক্রম করছিল তখন গত সেপ্টেম্বর মাসে এক প্রবল বন্যা দেখা দেয়। এই বন্যায় বিশেষ ক'রে আক্রান্ত হয় নদিয়া ও মুর্শিদাবাদ জেলা এবং বর্ধমান, হুগলি ও হাওড়া জেলার কতক অংশ। এই বন্যার পরে ঘটে ব্যাপক অনাবৃষ্টি। এইসব কারণ মিলে সৃষ্টি করেছে এ বৎসর এই ভয়ানক খাদ্যসংকট—যাকে দুর্ভিক্ষ বললেও অত্যুক্তি হবে না। এই অবস্থায় গভর্নমেন্টএর উচিত প্রচুর পরিমাণে খাদ্যশস্য বিতরণ করা, যেন ১৯৪৩ সালের মত ভয়াবহ অবস্থা দেশে পুনরায় না ঘটতে পারে। পল্লী অঞ্চলের বিভিন্ন স্থানে আরও বেশি পরিমাণ টেস্ট রিলিও ওয়ার্ক চালু করা দরকার এবং আরও বেশি ন্যায্য মূল্যের দোকান খোলা উচিত। শহর অঞ্চলে এই সমস্ত দোকান থেকে মণপিছু সাড়ে সতের টাকায় চাল দিতে হবে এবং পল্লী অঞ্চলে পনের টাকায়। এ ছাড়া কৃষিঋণ এবং গো-ক্রয় ঋণ দিতে হবে। মাননীয় মন্ত্রীমহোদয় কতকগুলি স্ট্যাটিসটিক্স দিয়েছেন; এসব আমরা মাননীয়া রাজ্যপালিকার ভাষণেও পড়েছি। এসব স্ট্যাটিসটিক্সএ অনেককিছু যে করা হচ্ছে তা আমরা দেখতে পাই না। আমি আগেই বলেছি, আমার নির্বাচনকেন্দ্র চাকদহ খুব দুর্ভিক্ষপ্রপীড়িত। আমি এই কেন্দ্রের অধিকাংশ অঞ্চল ঘুরে দেখেছি, সেখানে যে দু'-একটা টেস্ট রিলিফ ওয়ার্ক চলছিল তাও বন্ধ ক'রে দেওয়া হয়েছে। কোন ন্যায্য মূল্যের দোকান থেকে এক কণা চালও কাউকে দেওয়া হয় না। অবশ্য কোথাও কোথাও খয়রাতি সাহায্য দেওয়া হয়, কিছু কিছু এগ্রিকালচারাল লোন ও ক্যাটল পারচেজ লোনও দেওয়া হয়; কিন্তু এসব অতি সামান্য পরিমাণে দেওয়া হয়। এভাবে যদি সাহায্যের কাজ চলে তা হ'লে নদিয়া জেলায় শীঘ্রই যে দারুণ দুর্ভিক্ষ দেখা দেবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। ইতিপর্বেই বহু লোক-শতকরা প্রায় ৭০-৮০ জন—অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে; কেউ কেউ খাদ্যাভাবে আত্মহত্যাও করছে। যদি অনতি-বিলম্বে ব্যাপক সাহায্যের ব্যবস্থা না করা যায় তা হ'লে সেখানে ভয়ংকর দুর্ভিক্ষ দেখা দেবে। আমরা চাল চাই, কিন্তু গভর্নমেন্ট চাল দেন না। এতে আমাদের গুরুতর সন্দেহ হয় যে গভর্নমেন্টএর হাতে চাল নেই। কিছুদিন আগে ডাক্তার রায় দিল্লী থেকে ফিরে এসে বলেন —এই যে অভাব তার কারণ দুটিঃ বিশ্বব্যাপী চালের অভাব আর আমাদের ফরেন এক্সচেঞ্জএর অভাব। বিশ্বব্যাপী চালের যে অভাব তাতে আশ্চর্য হবার কিছু নেই। তিন বছর আগে ইউনাইটেড নেশনসএর ফুড অ্যান্ড এগ্রিকালচার ডিপার্টমেন্টএর যে সম্মেলন বাংগালোরে হয়েছিল, তাতে এ বিভাগের ডিরেক্টর বলেছিলেন যে, দক্ষিণ-পূর্ব ও পশ্চিম এশিয়াতে ভাল ফসল না হওয়ায় চালের ঘাটতি হয়েছে।

[At this stage the red light was lit.]

সব কথা বলবার সময় নেই, লাল বাতি জ্বলেছে।

[6-5—6-15 p.m.]

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশয়, বাজেটএ খাদ্য ও রিলিফ সম্বন্ধে বলতে গিয়ে আমাদের প্রথমে যে কথাটা মনে পড়ে সেটা হচ্ছে, এই বাজেটএর সংগে দেশের জনসাধারণের অবস্থার সংগে কোন সম্পর্ক নাই। ১৯৫৬-৫৭ সালে ১ কোটি ২৫ লক্ষ ৬৮ হাজার টাকা খাদ্য ও রিলিফএ ধরা হয়েছে। তারপর রিভাইজ্‌ড্ বাজেটএ ১ কোটি ৯১ লক্ষ ২ হাজার টাকা ধরা হয়েছে। গত মার্চে যখন আইনসভা বসে তখন যে বাজেট এস্টিমেট দেওয়া হয়েছিল তখন খাদ্য ও রিলিফএ ১ কোটি ২৫ লক্ষ ৫ হাজার টাকা দেখিয়েছিলেন। তারপর মাত্র তিন মাস পরে এই জুন মাসে যখন আইনসভা বসল তখন দেখলেন ২ কোটি ৫১ লক্ষ ৫ হাজার টাকা।

আমরা কিন্তু মার্চ মাসেই টাকা বাড়ানোর কথা বলেছিলাম, কারণ খাদ্য পরিস্থিতি যে খুব খারাপ হবে সেই কথা বলেছিলাম, মন্ত্রীমহাশয় তখন তা স্বীকার করেন নি। তাই আমরা বলতে বাধ্য যে, দেশের জনসাধারণের অবস্থা সম্বন্ধে তাদের কোন ধারণা নাই। মার্চ মাসে যখন আইনসভা চলছিল তখন বিরোধী পক্ষ থেকে খাদ্যমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে বাংলাদেশের বিভিন্ন অঞ্চল সম্পর্কে বারবার জানানো হয়েছিল যে একটা বড় রকম দুর্ভিক্ষ আসছে। তখন কিন্তু তাঁরা বিরোধী পক্ষের কোন কথায় কর্ণপাত করেন নি। তিন দিন আগে গণেশ-বাবুর একটা প্রশ্নের জবাবে অর্থাৎ গণেশবাবু যখন বললেন যে গত বছরের তুলনায় এ বছর বাংলাদেশের সাধারণ অবস্থা খারাপ তখন মন্ত্রীমহাশয় না বললেন। এর থেকেই বেশ ভালভাবে বোঝা যায় বাংলাদেশের অবস্থার সঙ্গে তাদের কোন সম্পর্ক নাই। অবশ্য ইলেকশনএর সময় তাঁরা একবার ক'রে মাঠেঘাটে যান জনতার সঙ্গে যোগাযোগ রাখতে। তারপর এ সম্পর্কে যে খবরাখবর রাখা উচিত তা তাঁরা রাখেন না। তা না হ'লে গত বছরের ফ্লাড ও সাইক্লোনের পর বাংলাদেশের যে অবস্থা হয়েছে তাতে তাঁরা উদাসীন থাকতে পারতেন না। বাংলাদেশে এমন কোন জেলা নাই যেখান থেকে অনাহারে মৃত্যুর খবর না আসছে। এক অঞ্চল থেকে লোক খাদ্যের সন্ধানে অন্য অঞ্চলে চ'লে আসছে। আজকের খাদ্যের অবস্থা যে খুব খারাপ তাঁরা এটা স্বীকার করতে চান না। একমাত্র বামপন্থী কাগজেই নয়, 'যুগান্তর' প্রভৃতি কাগজেও —আপনি যদি লক্ষ্য ক'রে থাকেন তা হ'লে দেখবেন—সমস্ত পত্রিকায়ও নদিয়া, বাঁকুড়া, বীরভূম, মুর্শিদাবাদ, চব্বিশপরগনা, বর্ধমান প্রভৃতি জেলায় অনাহারজনিত মৃত্যুর খবর প্রকাশ পাচ্ছে। বাংলাদেশের কোন জেলাই বাকি নাই, অথচ আপনি সরকারী স্টেটমেন্টএ দেখবেন যে তারা কেউই না খেয়ে মারা যায় নি, অসুখে মারা গিয়েছে অথবা হার্ট-ফেলিওরএ মারা গিয়েছে। দেশের প্রকৃত অবস্থা তাঁরা দেখতে পান না, এটাই আমাদের কাছে অদ্ভুত লাগে। এখন দেশের শাসনক্ষমতা আমাদের নিজেদের হাতে এসেছে, এখন আমাদের উচিত কোথায় কি ত্রুটি হচ্ছে তার সমালোচনা ক'রে মানুষের জীবনে কিছু রিলিফ আনতে পারা যায় কিনা তার চেষ্টা করা। কিন্তু সেই ব্রিটিশ আমলের মতই সব চলছে। এই কংগ্রেস সরকার প্রকৃত অবস্থা ধামাচাপা দিয়ে রাখবার চেষ্টা করেছেন। আমি এখানে একটা উদাহরণ দিচ্ছি। আপনারা দেখেছেন কয়েক দিন আগে খবর বেরিয়েছে গড়বেতার ২২নং ইউনিয়নে পুঁটি মাহাতো ব'লে একটি স্ত্রীলোক না খেতে পেয়ে মারা যায়। এই সংবাদ পেয়ে একজন গভর্নমেন্ট অফিসার ১-৬-৫৭ তারিখে সেখানে এনকোয়ারির জন্য যান। আমরা যতদূর জানি যে সমস্ত গ্রামবাসী সাক্ষ্য দেয় যে মেয়েটি প্রকৃতভাবেই না খেতে পেয়েই মারা গিয়েছে, কিন্তু কয়েক দিন পরেই হয়তো স্টেটমেন্ট বেরুবে যে হার্ট ফেলিওরএ মারা গিয়েছে। নিচু থেকে অফিসাররা সত্য সংবাদ ও রিপোর্ট পাঠালেও স্টেটমেন্টএ সেই সমস্ত খবর চেপে দেওয়া হয়। এই হ'ল আমাদের ন্যাশন্যাল গভর্নমেন্ট। এই যদি দেশের অবস্থা হয় তা হ'লে এদের উপর মানুষের কি ক'রে আস্থা থাকতে পারে সেটা আপনারা বিচার করবেন। মাননীয় স্পীকার মহাশয়, এখানে আমি আপনাকে একটা খবর দিচ্ছি। কিছুদিন আগে হুগলি জেলায় ডোমজুড় থানায় সমস্ত ইউনিয়নএর প্রেসিডেন্টদের প্রতি জেলা ম্যাজিস্ট্রেটএর একটি নোট দেওয়া হয়েছে যে, যদি কোন অনাহারজনিত মৃত্যুর খবর বের হয় তবে তা প্রেসিডেন্টকে দায়ী করা হবে। অর্থাৎ তাদের সাবধান ক'রে দেওয়া হয়েছে যে তাদের এলেকা থেকে যেন এরকম কোন খবর না বের হয়। প্রকৃত সংবাদ চেপে দেবার কি জঘন্য পন্থা অবলম্বন করেছেন একবার চিন্তা ক'রে দেখুন। যদি কোন অনাহার-জনিত মৃত্যুর খবর প্রকাশ হয় তা হ'লে তাদের চাকরি যাবে এইভাবেই হুঁসিয়ার ক'রে দেওয়া হয়েছে। এখানে আমাদের খাদ্যমন্ত্রী সম্বন্ধে দু'-একটা কথা বলা দরকার। তিনি যে কিরকম সত্য কথা বলেন তা শুনে আমাদের অদ্ভুত লাগে। গড়বেতা থানায় ক্ষেতমজুর ও ভাগচাষীর সংখ্যা অনেক। ভাগচাষীরা জমি থেকে উচ্ছেদ হবার পর সেই সংখ্যা আরও বেড়েছে এবং অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে। খাদ্যমন্ত্রীও স্বীকার করেছিলেন যে গড়বেতার অবস্থা খুব খারাপ। এবং তিনি কথা দিয়েছিলেন যে শীঘ্রই প্রয়োজনমত টেস্ট রিলিফ ওয়ার্ক শুরু করা হবে। তথাপি সেখানে টেস্ট রিলিফের কাজ শুরু করা হয় নি বললেই চলে। গড়বেতা থানায় ৩০টি ইউনিয়ন এবং আয়তনে হাওড়া জেলা থেকেও বড়। আজ পর্যন্ত সেখানে একটামাত্র টেস্ট

রিলিফ সেন্টারএ কাজ শুরু হয়েছে। গত ৩১-৫-৫৭ তারিখে আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছে ডেপুটেশনএ গিয়েছিলাম। তিনি বল্লেন, জুন মাসে ব্যাপকভাবে কাজ ওপেন করা হবে।

[6-15—6-25 p.m.]

কতগুলি কাজ শুরু করা হবে জিজ্ঞাসা করায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বললেন—আমি তো বলতে পাচ্ছি না, তবে গড়বেতা থানায় আরও তিনটা হবে। কত দিনের ভিতর হবে? তিনি বললেন—২রা জুনের মধ্যে। ২রা জুন তো দূরের কথা ৭ তারিখ পর্যন্ত আমার কাছে সংবাদ আছে একটাও হয় নি। বরং গড়বেতা থানায় যে একটি কাজ চলছিল তাও বন্ধ হয়ে গেছে। এদের কথার সঙ্গে কাজের কোন যোগ নাই। কেন যে বাজে কথা বলেন! এরা বলেন ম্যাজিস্ট্রেটকে হুকুম দেওয়া হয়েছে, কিন্তু ম্যাজিস্ট্রেট হয়তো মন্ত্রীকে কেয়ারই করেন না। আমরা একটা সংবাদ পেয়েছিলাম যে কোন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে এই রকম একটি নির্দেশ খাদ্য বিভাগ থেকে দেওয়া হয়েছে, কিন্তু ম্যাজিস্ট্রেট সেটাকে কার্যকরী করেন নি। যেটুকু কাজও হয় তাতে খুব বেশি করাপশন, স্বজনপোষণ ইত্যাদি চলে। এই সম্পর্কে আমি দুটি এগজামপল দিচ্ছি। সে বিষয়ে খাদ্যমন্ত্রী মহাশয়েরও জানা আছে। গত বছর ১৯৫৬ সালে গড়বেতা কলেজের সামনে একটা পুকুর টেস্ট রিলিফএর মাধ্যমে কাটানো হয়। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এনকোয়ারি করতে এসে সকলের সামনে ব'লে গেলেন যে টাকাটা সামগ্রিকভাবে বরবাদ করা হয়েছে। এ সমস্ত খবর আমাদেরও জানা আছে, মন্ত্রীমহাশয়েরও জানা আছে। টেস্ট রিলিফ কাজের এই সমস্ত ব্যাপারে পে-মাস্টার রাখা হয়। রিলিফএ যারা মাটি কাটে তাদের হিসাব ইত্যাদি রাখার জন্য লেখাপড়া জানা লোক দরকার হয়। কত মিড্‌ল ক্লাস ফ্যামিলির ছেলেপিলে, লেখাপড়া জানা রয়েছে, তারা বেকার, আয়ের কোন পথ পাচ্ছে না। কিন্তু সেখানকার তাদের কাজ না দিয়ে সবচেয়ে বড় কংগ্রেস নেতা, তার জামাইকে সেখানে পে-মাস্টার রাখা হয়েছে। তার নাম পঞ্চানন সিংহ। তিনিই আবার হাইস্কুলের অ্যাসিস্ট্যান্ট টিচার। তাকেই সেখানে রাখা হয়েছে পে-মাস্টার হিসাবে। অথচ বহু নিডি বেকার ছেলে লেখাপড়া জানা ফ্যা ফ্যা ক'রে ঘুরে বেড়াচ্ছে। তারপর আর একজন পে-মাস্টার—মদন দাস

He is an employee of the local agricultural co-operative bank.

অথচ তাকে তার ব্যাঙ্কে এমপ্লয়ি হিসাবে ১০টা থেকে ৪টা পর্যন্ত কাজ করতে হয়। কিভাবে যে তিনি পে-মাস্টারএর কাজ করেন গড নোজ। আরও একটা কংক্রিট এগজামপল দিচ্ছি। জনৈক গোস্বামী জনৈক কংগ্রেস নেতার অতি প্রিয়পাত্র। তাকে মোহরার হিসাবে কাজ দেওয়া হয়েছে, অথচ তিনি গড়বেতা কলেজের এমপ্লয়ি। এই দৃষ্টান্ত আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দিয়েছিলাম। তিনি বললেন, মৌখিক না দিয়ে লিখিতভাবে দিতে হবে, তদ্বির করতে হবে, তারপর যদি কিছু হয়। অর্থাৎ কিছুই হয় নি বা হবে না। এরাই আবার দেশের কথা বলেন, এরাই নাকি দেশপ্রেমিক, দেশের কথা সিরিয়াসলি ভাবছেন, আর এদের হাতেই ক্ষমতা আছে, এদের হাতে টাকা আছে, তাতে কোন প্রকৃত উপকার হচ্ছে না। যেখানে মানুষ খেতে পাচ্ছে না, না খেয়ে মরছে তাদের সম্পর্কে যতটা এরা করতে পারে সেটাও এরা করছে না। সেদিন একটা প্রশ্নের জবাবে, গণেশবাবুর প্রশ্নের জবাবে—অর্থাৎ কি কারণে ধান-চালের দর বাড়ছে—তার উত্তরে মন্ত্রীমহাশয় বলেছিলেন, সার্টেন পারসেন্টেজ অব দি পিপলএর পারচেজিং পাওয়ার বেড়ে গেছে। অদ্ভুত জবাব। তা হ'লে লোকে কি আধ সেরের জায়গায় সাড়ে তিন সের ক'রে চাল খেতে শুরু করল? এই চাল বেশি খাওয়ার জন্যই কি দর বাড়ল, পারচেজিং পাওয়ার বাড়ার কি এই ফল? বরং পারচেজিং পাওয়ার যদি বাড়ে তা হ'লে লোকে চাল কম খায়, চাল খাওয়া কমিয়ে মানুষ অন্য সব মূল্যবান জিনিস খায় ও অন্য জিনিসে খরচ করে। আসল কথা ধান-চাল গেল কোথায়? বাংলাদেশের কোথায় ধান-চাল জমা হয়ে আছে? সেটা সম্পর্কে কিন্তু মন্ত্রীমহাশয় খবর দেন নি। আমি একটি খবর জানি, তার জবাব মন্ত্রীমহাশয় যেন দেন। মেদিনীপুরে ৬৫টি ধানকল আছে। সেখানে যে

Midnapore District Rice Mill-owners' Association

আছে তারা কিছুদিন আগে প্রফুল্লবাবুর কাছে ডেপুটেশনএ গিয়েছিলেন। তারা জানালেন যে মেদিনীপুর জেলায় যে ৬৫টি ধানকল আছে তাতে ১ কোটি ৩০ লক্ষ টাকা রিজার্ভ ব্যাঙ্ক থেকে তারা পেয়েছিলেন সেই টাকায় ধান কিনেছিলেন, সেই ধানের চাল তাদের কাছে জমা

আছে। প্রফুল্লবাবুকে তারা জানালেন, এই যে চাল তা চালান দেবার জন্য কোন গাড়ি ইনডেন্ট পাচ্ছেন না। প্রফুল্লবাবু সরকারকে দিয়ে কোন রকম গাড়ির যদি ব্যবস্থা করতে পারেন তা হ'লে তারা ৫০ হাজার মণ চাল গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলকে ১৫ টাকা ক'রে দেবেন। এই ঘটনা সত্য কিনা মন্ত্রীমশায় দয়া ক'রে জানাবেন।

এখানে প্রশ্ন হচ্ছে, যেসব জায়গায় ধান-চাল জমা আছে সেগুলি সম্পর্কে আসল খবর ও'রা বলতে চান না; কারণ ও'দেরও স্বার্থ অবশ্যই জড়িত আছে। ও'রা বলেন যে, ধান-চালের প্রোডাকশন বাড়ছে, অদ্ভুত ব্যাপার। কিন্তু আমরা উলটো দিক থেকে দেখছি দেশে দুর্ভিক্ষ বাড়ছে। যারা বড় বড় মুনাফাখোর তারা সরকারী ব্যাঙ্ক থেকে টাকা সাহায্য পান। সেই টাকার জোরেই দুর্ভিক্ষ সৃষ্টি করে এবং এই সমস্ত জিনিস সরকার চিরকালই করবেন, যতদিন এ'রা থাকবেন। আমার সময় হয়ে গেছে। আমি দাবি করছি যে বর্ষাকাল শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই যেন টেস্ট রিলিফ ইত্যাদি ব্যাপকভাবে রিলিফএর কাজ শুরু করা হয়। এখন থেকেই তার জন্য সর্বপ্রকার ব্যবস্থা যেন করা হয়। তা না হ'লে ভাদ্র মাস থেকে যে অভাব দেখা দেবে, তার কোন প্রতিকার করা যাবে না।

Sj. Haridas Dey:

মাননীয় স্পীকার মহাশয়, যেসব কাট মোশন দেওয়া হয়েছে তাতে আছে যে কোন্ জেলায় কি করা দরকার। কাজ যে একদম হয় নি, এ কথা কেউ বলেন নি। আমাদের একজন মাননীয় সদস্য ব'লে গেলেন যে বন্যার পর তিনি সারা নদিয়া জেলায় ঘুরেছেন, বন্যার পর সেখানে সরকার থেকে কোন ব্যবস্থা করা হয় নি। আমি এখানে বলব যে গত বছর বন্যায় যে নয়টি জেলা বিধ্বস্ত হয়েছিল তার মধ্যে নদিয়া জেলা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। সেখানে সরকার থেকে ৩১এ মার্চ পর্যন্ত এগ্রিকালচারাল লোন ১৬ লক্ষ ৮৬ হাজার টাকা, হাউস বিল্ডিং, হাউস রিপেয়ারিং গ্রান্ট ৬ লক্ষ ১০ হাজার টাকা, সি পি লোন ৪ লক্ষ ৫০ হাজার টাকা এবং টি আর ওয়ার্কএ ১৪ লক্ষ টাকা বিভিন্ন জায়গায় দেওয়া হয়েছিল। তারপর অতি-বৃষ্টি এবং পরে অনাবৃষ্টির ফলে নদিয়ায় দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। আমাদের মন্ত্রীমহাশয় তিনি স্বীকার ক'রে নিয়েছেন যে নদিয়ার দুর্ভিক্ষ ভীষণভাবে দেখা দিয়েছে। নদিয়ায় দুর্ভিক্ষ দেখা দেবার পর আমরা দেখেছি যে সেখানে গ্রুয়েল কিচেন খোলা হয়েছে এবং গ্রুয়েল কিচেনএ ৪০ হাজার লোক খাচ্ছে। একজন বললেন যে গ্রুয়েল কিচেন খোলা হয়েছে বটে, কিন্তু পর্যাপ্ত পরিমাণে দেওয়া হয় নি। কিন্তু আমি বলছি তা নয়, প্রত্যেকটা গ্রুয়েল কিচেনএ আটশো থেকে এক হাজার লোকের খাবার ব্যবস্থা আছে। কিন্তু দু'-একটা জায়গায় তা বন্ধ হয়ে গেছে এই কারণে যে সেখানে আটশো থেকে হাজার লোকের খাবার ব্যবস্থা করা হয়েছে এবং তাদের একটা ক'রে কার্ড দেওয়া হয়েছে। খাবার যোগাড় হয়েছে, খাবার দিতে হবে, এমন সময় দেখা গেল যে প্রোসেশন ক'রে চার-পাঁচশো লোক নিয়ে হামলা করা হয় "আমাদের খেতে দাও" ব'লে। এই রকম গণ্ডগোল ক'রে অশান্তির সৃষ্টি হয় এবং যাঁরা এইসব ম্যানেজ করেন তাঁদের উপর অত্যাচার করা হয়। এরকম হ'লে কি ক'রে তাদের পক্ষে খাবার দেওয়া সম্ভব হবে তা বুঝতে পারি না। অনেক জায়গায় বন্ধুরা মুখে বলেন যে, আমরা সহযোগিতা করব। কিন্তু এমন দেখা যায় যে মিটিং ক'রে প্রোসেশন ক'রে তাদের উত্তেজিত করা হচ্ছে, তাদের বলা হচ্ছে যে, তোমরা কাজ করো না, তোমরা ব'সে থাক, গভর্নমেন্ট তোমাদের খেতে দেবে এবং তাদের উত্তেজিত করে বলা হচ্ছে, অমুকের বাড়ি ঘেরাও কর। আজকের দিনে সত্যই যদি দেশের জনসাধারণের উপকার করতে হয় তা হ'লে সকলের সহযোগিতা নিয়ে একসঙ্গে যদি মিলেমিশে কাজ করা হয় তবে সেটাই কাজ ব'লে মনে হয়। কেবলমাত্র তাদের উত্তেজিত করলে তাতে কোন লাভ হয় না। [কম্যুনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।]

[6-25—6-35 p.m.]

নদিয়া জেলায় গ্রুয়েল কিচেন খোলা হয়েছে। তিন মাইল দূর থেকে লোক যারা সেখানে আসতে না পারে তাদের জন্য ড্রাই ডোলএর ব্যবস্থা হয়েছে এবং সস্তা দরে খাদ্যশস্য দেবার জন্য বারশত রেশন শপ খোলা হয়েছে। তা সত্ত্বেও বলতে চাই, নদিয়া জেলায় যে বন্যার পর দুর্ভিক্ষ হয়েছে তার কতকগুলি কারণ আছে। প্রথম কারণ, গতবারের বন্যা; দ্বিতীয় কারণ,

অত্যধিক উদ্বাস্তুর আগমন। বিভাগের পূর্বে নদিয়া জেলার যা আয়তন ছিল তার দুই-তৃতীয়াংশ পাকিস্তানে গিয়েছে, এক-তৃতীয়াংশ আছে। তাতে সাড়ে সাত লক্ষ লোকের জায়গায় বর্তমানে ১৫ লক্ষ হয়েছে উদ্বাস্তু আগমনের ফলে। তারপর নদিয়া চিরকালই ঘাটতি এলাকা। বর্ধমান জেলা থেকে চিরকাল নদিয়াকে খাবার ধান দিয়ে আসছিল। গত বৎসরের বন্যায় বর্ধমান ক্ষতিগ্রস্ত হয়। তার ফলে সেখান থেকে ধান-চাল আসা বন্ধ হয়েছে। তারপরে নদিয়ার প্রধান খাদ্য আউশ, তাও নষ্ট হয়ে গেছে, আর পাবার আশা নাই। তারপরে কৃষকগণ না খেতে পেয়ে তাদের যে জমি ছিল তা অল্প দামে তারা বিক্রয় করেছে। সেইজন্য, স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সেখানে আজ যে অবস্থা হয়েছে তাতে টেস্ট রিলিফএর কাজ আরও যাতে ব্যাপকভাবে চলে সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই। নদিয়া জেলায় যদিও টেস্ট রিলিফএর কাজ বেশ চালু হয়েছে, কিন্তু জমিদারি প্রথা উচ্ছেদের সঙ্গে সঙ্গে আইনের এমন ফাঁক রয়ে গিয়েছে যে সেই আইনের ফাঁক দিয়ে যে সমস্ত খাল-বিল জমিদারেরা নিজেদের দখলে রেখে দিয়েছেন সেগুলি সরকার সংস্কার করতে পারছেন না। সেগুলি যাতে সংস্কার করা যায় তার ব্যবস্থা করা উচিত।

তারপর নদিয়ায় যদিও কৃষিঋণ দেওয়া হয়েছে প্রচুর তথাপি বলব, আরও ব্যাপকভাবে দেওয়া দরকার। কারণ কৃষিঋণ যা দেওয়া হয়েছে তাতে যতগুলি কৃষক আছে এবং যতগুলি দরখাস্ত করেছে সে অনুপাতে দেওয়া হয় নাই, কিঞ্চিৎ কম দেওয়া হয়েছে। সেইজন্য কৃষিঋণ ব্যাপকভাবে দেবার জন্য আমি অনুরোধ করছি। তারপর গৃহনির্মাণের সাহায্য, খয়রাতি সাহায্য, ড্রাই ডোল ও ক্যাশ ডোল প্রভৃতিও দেওয়া দরকার। অনেক জায়গায় দেখা গেছে বহিরাগতরা তিন বছর আগে যে হাউস বিল্ডিং লোনএর জন্য দরখাস্ত করেছে তার ফার্স্ট ইনস্টলমেন্ট পর্যন্ত তারা আজও পায় নাই। সেগুলি যাতে তারা পায় সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপরে মধ্যবিত্তের সাহায্য। মধ্যবিত্তদের যা অবস্থা তাতে তারা না পারে গুম্বেল কিচেনএ যেতে খাবার জন্য এবং অনাহারে থেকেও না পারে এগিয়ে এসে হাত পাততে। সেইজন্য বলছি, তাদের সাহায্য যাতে ঠিকমত করা হয় যে বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলায় যে দুর্ভিক্ষ দেখা দিয়েছে সে বিষয়ে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা চাই, যদিও পশ্চিমবঙ্গ সরকার আপ্রাণ করছেন। আমি, স্যার, আপনার মাধ্যমে আবার মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব নদিয়ার দিকে যেন বিশেষ দৃষ্টি রাখেন। যে টাকা ধার্য করেছেন সে টাকায় হয়তো কুলোবে না। আরও বেশি টাকা যদি খরচ করতে হয় তার ব্যবস্থা ক'রে সেখানকার সমস্যা যাতে সমাধান হয় সে বিষয়ে যেন অবহিত হন।

Sj. Sagar Chandra Mahato:

অধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়া জেলার সম্বন্ধে দু'-একটা কথা বলব। সেখানে শতকরা ৮৫ জন লোক চাষের দ্বারা জীবিকানির্বাহ করে তাদের মধ্যে শতকরা দশ জনের অবস্থা কিছু ভাল, বাকি লোকের চাষের দ্বারা সমস্ত বৎসরের খাদ্য কুলান হয় না। কিছু লোক আংশিক অন্যান্য কিছু কিছু কাজ করে, আর কিছু লোক বর্ধমান জেলায় কাজকর্ম ক'রে দিন কাটায়। আজ দু'-তিন বৎসর সেখানে ফসল ভাল জন্মায় না বৃষ্টি না হবার দরুন। সেইজন্য পুরুলিয়াবাসীরা আজ খুব কষ্টে পড়েছে। তা ছাড়া আর একটা কথা এই যে, পুরুলিয়ায় বিহার সরকারের যা কিছু সাহায্য ছিল সেটা বন্ধ হয়ে গেছে এক বছর হ'ল। আর বাংলা থেকে কোন কাজকর্মের ব্যবস্থাও হয় নাই, সাহায্যও যায় নাই। সম্প্রতি শুনলাম এ বছর দু' লাখ টাকা পাঠানো হয়েছে। সেটা অপর্যাপ্ত। যেখানে শতকরা ৮৫ জন চাষের দ্বারা জীবিকা অর্জন করে সেখানে দু' লক্ষ টাকায় কি হবে? শুনে আসছি এখানে পাঁচ একর নাকি যাদের জমি আছে তাদের ভাল অবস্থা। আর আমাদের ওখানে যার পনের একর জমি আছে তার অবস্থাও ভাল নয়। কেন না তাতে তার একটা বছরেরও খরচ কুলোয় না। এই হচ্ছে আমাদের অবস্থা। এ বছর ফসল না হওয়ায় কি অবস্থা দাঁড়িয়েছে তার উদাহরণস্বরূপ আমি একটা জায়গায় নাম করছি। বাগমুড়ি থানায় দুর্ভিক্ষ আরম্ভ হয়েছে। সেখানে লোক কিছু পাচ্ছে। কাজ, বিশেষ ক'রে এ কয়দিন বর্ষায় চাষবাস হবে ব'লে কাজকর্ম পাবে, কিন্তু বর্ষার পরেই

লোক মারা যাবে। এটা কিছু অতিরঞ্জিত কথা নয়, সেখানে আজ প্রকৃত যে অবস্থা সেই অবস্থার কথাই আমি আজ এখানে জানাচ্ছি। সেখানে যাতে লোকে কাজ পায় এবং সস্তা মূল্যে চাল পায় সেই ব্যবস্থা পশ্চিমবাংলা সরকার ক'রে দিন। সেখানে ২০ টাকা চালের মণ ধার্য করলে তা তাদের কেনবার ক্ষমতা নাই। এখন উপায় হচ্ছে সরকার থেকে যদি বড় বড় রাস্তাঘাট নির্মাণের ব্যবস্থা ক'রে তাদের কাজ করবার সুযোগ দেন এবং স্থানে স্থানে ফেয়ার প্রাইস শপ খোলার ব্যবস্থা ক'রে যদি তাদের তাদের চাল দিতে পারেন তবেই তাদের বাঁচবার পথ আছে, নইলে বাঁচবার আর কোন পথ নাই। সেখানে যে জমি আছে সে জমি এখানকার মত নয়। সেখানকার জমিতে অনাবৃষ্টিতে ধান রুইতে পারা যায় না। তা ছাড়া রবিশস্যও সব জায়গায় হয় না। তাও এক বৎসর যদি হয় তিন বৎসর হয় না। ধান চাষ করার সঙ্গে সঙ্গে চানা, বাজরা, শামাধান প্রভৃতি খেয়ে তারা দিন কাটায়। কাজেই এখন তাদের বাঁচবার আর কোন উপায় নাই, কাজেই এখন সরকারী সাহায্য ভরসা। আর একটা কথা। সেখানে জলাভাবও কম নয়। যদি কতকগুলি কুয়ার ব্যবস্থা করেন তা হ'লে লোক পানীয় জল পেয়ে বাঁচতে পারে। আর সেখানে সেচের কোন ব্যবস্থা নাই ব'লে বর্ষার উপর নির্ভর ক'রে আমাদের ব'সে থাকতে হয়। সেখানে আগে যে বাঁধগুলি ছিল সেগুলি ভরাট হয়ে গেছে। তাদের সংস্কার করবার কোন ব্যবস্থা নাই। পুরানো বাঁধগুলির পঙ্কোদ্ধার ও রাস্তাঘাটের নির্মাণ করার জন্য সেখানে টেস্ট রিলিফএর জরুরি ব্যবস্থা করার প্রয়োজন আছে। আশা করি, পশ্চিমবঙ্গ সরকার পুরুলিয়াবাসীদের দিকে দৃষ্টি দিবেন।

[6-35—6-45 p.m.]

Sj. Basanta Lal Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রীমহাশয় রিপোর্ট করলেন যে, প্রয়োজনমত সমস্ত জিনিস সব সময় দেওয়া হয়, কিন্তু আমি প্রথমত সেটারই প্রতিবাদ করছি। আমাদের পশ্চিম দিনাজপুর জেলা সম্পর্কে আমি কয়েকটা কথা আপনাদের কাছে আনছি। ১৯৫৪ সাল থেকে আজ ১৯৫৭ সাল পর্যন্ত এই কয়েক বছর যাবৎ পশ্চিম দিনাজপুরে বন্যা হচ্ছে। অথচ বন্যার জন্য কোন বাঁধ বাঁধার ব্যবস্থা, বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা, সেচের ব্যবস্থা, স্লুইস গেটের ব্যবস্থা ইত্যাদি কিছুই করা হচ্ছে না। সেখানে অতিবৃষ্টি অনাবৃষ্টি, সময়মত বৃষ্টি হয় না এবং তারপরে এই ভীষণ বন্যা লেগেই আছে। এই বন্যা সেখানে কিরকম ক্ষতি করেছে সেটা একটা থানার ঘটনা দিয়েই আপনাদের জানাচ্ছি। সেটা হচ্ছে ইটাহার থানা। এই থানার ৮০ হাজার ৯৫৩ জন লোকসংখ্যার মধ্যে ৪৫ হাজার লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে ২৫২টা গ্রামের মধ্যে ১১৩টা গ্রাম বিধ্বস্ত হয়েছে এবং ৪০ লক্ষ টাকার উপরে রবিশস্য বাদে প্রতি বৎসরই শস্যের ক্ষতি হয়। সেখানে জমিগুলির এইরকম অবস্থা হয়েছে যে তাতে কোন ফসল হয় না এবং এবার যব, গম ইত্যাদি যা লাগিয়েছিল তাতে কোন দানা হয় নি। সেখানে প্রত্যেক বৎসর টেস্ট রিলিফএর কিছু কিছু কাজ হয়। আপনারা জানেন যে অগ্রহায়ণ মাসে লোক ধান কাটতে যায়। সেই ইটাহারে অগ্রহায়ণ মাস পর্যন্ত টেস্ট রিলিফএর কাজ করাতে হয়। সেখানে লোকে কচুসিদ্ধ, কাঠালসিদ্ধ খায়; আবার না খেয়েও থাকে এবং প্রতি বৎসর লোকে আত্মহত্যাও করে। এই হচ্ছে সেখানকার বাস্তব ছবি। এখানে যে জিনিসপত্র দেওয়া হয়, যেটা সরকারের তরফ থেকে জানানো হচ্ছে যে যথেষ্ট জিনিস দেওয়া হচ্ছে, সেটার একটা নমুনা আমি আপনাদের কাছে ধরে দিচ্ছি। এই বছর রায়গঞ্জ মহকুমার ৫৫টা ইউনিয়নে ২০ হাজার টাকা সি পি লোন হাল-গরু কেনার জন্য দেওয়া হয়েছে। এই ২০ হাজার টাকার মধ্যে ইটাহার থানার ১১টা ইউনিয়নে মাত্র ৬ হাজার টাকা লোন দেওয়া হয়েছে। বংশীহারী থানার বাগিচাপুর ব'লে মাত্র একটা ইউনিয়ন এবং যেখানে প্রায় ১,২০০ হোল্ডিং নাম্বার সেখানে মাত্র ৫০০ টাকা সি পি লোন দেওয়া হয়েছে এবং এক একজনে ৭৫ টাকা ক'রে পাবে। কিন্তু সেই ৭৫ টাকায় যে কি ক'রে এক জোড়া হালের বলদ হয় তা আমরা গ্রামে থেকে বুঝতে পারি না এবং সেই হালের বলদ এক জোড়া ৭৫ টাকায় কেনাও যায় না। সেখানে বাকি লোক যাঁরা দরখাস্ত করেন তাঁরা টাকা পান না, কিছুই পান না। সেখানকার এই হচ্ছে বাস্তব অবস্থা। তাই আমরা দাবি করছি—কেন গভর্নমেন্ট থেকে এই রকমভাবে টেস্ট রিলিফ দেওয়া হয়?

এই টেস্ট রিলিফও এ পর্যন্ত চার বছরের হিসাব ক'রে দেখা গেল যে ইটাহার থানাতে ১৮ টাকার বেশি ব্যবস্থা হয় নি। তা হ'লে বছরে গড়ে কত হচ্ছে সেটা দেখুন। বর্তমানে আমি আসার কয়েকদিন আগে ১লা জুন একটা রাস্তা গোটা পশ্চিম দিনাজপুর জেলায় হয়েছিল। সেখানে বালুরঘাটে তিনটি, রায়গঞ্জে একটি, কালিয়াগঞ্জ থানায় একটি এবং ইটাহার থানায় মাত্র তিনটি রাস্তা আছে। অর্থাৎ ১১টি ইউনিয়ন বোর্ডের মাত্র তিনটি রাস্তা করা হয়েছে, কিন্তু তাও তিনটি রাস্তা সব সময় ঠিকমত চলে না। সেখানে মজুরদের মাহিনা হচ্ছে চৌকা প্রতি পাঁচ সিকা অর্থাৎ সাড়ে দশ ফুট লম্বা, সাড়ে দশ ফুট চওড়া এবং এক ফুট পর্যন্ত গর্ত করলে পর মাটিকাটা ও মাটিভরার দরুন মাত্র পাঁচ সিকা তারা পাবে। অথচ তা দিয়ে তাদের কিছুতেই চলে না। চালের দর সেখানে দেড় সের টাকায়। মন্ত্রীমহাশয় আমাদের কাছে যে রিপোর্ট সাবমিট করেছেন সেই রিপোর্ট থেকেই আমরা দেখতে পাচ্ছি যে ১৯৫৬ সালে মে মাসে সেখানে চালের দর ২০ টাকা ছিল এবং ১৯৫৭ সালের মে মাসেই গভর্নমেন্ট থেকে বলা হচ্ছে যে ২৪ টাকা সেখানে চালের দর। অর্থাৎ এক বছরেই চালের দর চার টাকা বেড়েছে। এটা তাঁরা বলেছেন গড়ে, কিন্তু ইটাহার থানা যেটা সবচেয়ে দুঃস্থ এলাকা সেখানে চালের দর হচ্ছে টাকায় দেড় সের—খুব বেশি যদি যায় তো দশ ছটাক এবং সেটা খুব খারাপ চাল। কাজেই এই রকম অবস্থায় প্রত্যেক বছরেই সেখানে লোক মারা যায়। এর ফলে ছাত্ররা স্কুলে আসতে পারে না, মাহিনা দিতে পারে না, স্কুল ঠিকমত চলে না, গ্রামের লোক সব ভিখারী হয়ে যাচ্ছে। এই রকম একটা সাংঘাতিক অবস্থা সেখানে চলছে। আমি এখানে আসার পর মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে বার দফার একটা স্মারকলিপি পেশ করেছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন উত্তর পাই নি। সেটাতে বলা হয়েছিল যে অবিলম্বে একটা কিছু ব্যবস্থা না করলে সেই জায়গায় মহামারী দেখা দেবে। সেখানে পাবলিক হেল্থএর অবস্থা খুব শোচনীয়, কারণ সেখানে একটিও হাসপাতাল নেই। সেখানে ১১টি ইউনিয়নের মধ্যে মাত্র পাঁচটি জায়গায় ছোট ছোট ডি বি হাসপাতাল এবং মাত্র একটি মডেল ইউনিট আছে। এজন্য সেখানে কোন একটা মহামারী দেখা দিলে বাঁচানোর কোন উপায় নেই। কাজেই যদি সেই সমস্ত জায়গায় কোন ব্যবস্থা অবিলম্বে করা না হয় তা হ'লে অবস্থা খুব কঠিন হবে। পানীয় জলের অবস্থাও সেই সমস্ত জায়গায় খুব কঠিন। আপনারা জানেন যে ওভার-ফ্লাডেড হয়ে গেলে পুকুর-ইঁদারার জল সমস্ত খারাপ হয়ে যায়। টিউবওয়েলের জলও সেখানে পাওয়া যায় না। সেখানে ১১৩টি গ্রামের মধ্যে খুব কমই টিউবওয়েল আছে। বন্যার সময় লোকে জল খেতে পায় না। বন্যার সময় এক গ্রাম থেকে আর এক গ্রামে যাওয়া অসম্ভব হয়ে উঠে এবং লোকে ঘরের চালের উপর থাকে। এই রকম অবস্থা যদি প্রত্যেক বছর চলে তা হ'লে মন্ত্রী-মহাশয় যেটা বললেন—'ফেমিন' কথা উঠিয়ে দিয়ে অন্য কথা বসাবার ঠিক করছেন, সেটা কিছুতেই তাঁরা পারবেন না। আমরা চিন্তা ক'রে দেখেছি যে খেয়ে-প'রে বাসস্থান নিয়ে রুজি-রোজগার ক'রে মানুষের মত বাঁচতে সকলেই চায়। তাই তাঁর কাছে আমাদের দাবি যে বন্যা নিয়ন্ত্রণের জন্য সেখানে অবিলম্বে নদীগুলির সংস্কার করা দরকার, স্লুইসগেট করা দরকার, সেচব্যবস্থার জন্য ইমপ্রুভড্ মেশিন সরবরাহ করা দরকার এবং যাতে উপযুক্তভাবে ফসল লাগানো যায়, ফসল রক্ষা করা যায়, তার একটা পাকা ব্যবস্থা ক'রে দুর্ভিক্ষের হাত থেকে লোককে বাঁচানো একান্ত দরকার।

এসব ছাড়া কয়েকটা আশু দাবি আমরা করছি। আপনারা জানেন যে এখানে সম্প্রতি একটা রেশন দেওয়া হচ্ছে। এর মধ্যে এ ক্লাস ১০ পারসেন্ট, বি ক্লাসকে ৪০ পারসেন্ট ক'রে দেওয়া হবে, কিন্তু সি ক্লাস যেটা ৪০ পারসেন্ট তাদের মোটেই দেওয়া হবে না। অথচ সেটা হচ্ছে মোর দ্যান সিক্সটি পারসেন্টএর কাছাকাছি। অর্থাৎ যেখানে শতকরা ৬০ জন হচ্ছে সি ক্লাস তারা কোন রেশন পায় না। এটার মানে হচ্ছে যে দু' টাকার বেশি যাদের চৌকিদারি তারা কোন রেশন পাচ্ছে না। অথচ তাদের এই দরে চাল কিনে খাবার ক্ষমতাও নেই। আমি জানি উজানী গ্রামে ৮০ বিঘা যার জমি আছে সেই লোকে ধান-চাল কিনে খায়; আর তার বাড়িতে যে লোক খাটে সে দু'বেলা ভাত পায় না। এই অবস্থায় এ, বি, সি কোন শ্রেণী বিচার না ক'রে পশ্চিম দিনাজপুরের সকলকে খাদ্য রেশন দেওয়া দরকার। এই ইটাহার থানা যেটা দুঃস্থ এলাকা সেটাকে দুর্ভিক্ষ এলাকা ব'লে ঘোষণা ক'রে সেখানে সকলকে খাদ্য রেশন দেওয়া দরকার। সেখানে বর্তমান দরে কিনে খাওয়া অসম্ভব। অতএব সেখানে দর কম

করতে হবে এবং সেখানে যাতে দশ টাকা দরে চাল বা গম সরবরাহ হয় তার একটা ব্যবস্থা করতে হবে। এ ছাড়া যারা দুঃস্থ লোক তাদের খয়রাতি সাহায্যও দিতে হবে, প্রয়োজনমত কৃষিঋণ দিতে হবে, টেস্ট রিলিফএর কাজ প্রত্যেক ইউনিয়নে করাতে হবে এবং সেটা সময়মত যাতে সমস্ত কাজগুলি হয় তার একটা পাকা ব্যবস্থাও যেন করা হয়। এইসব আপনার কাছে আমার অনুরোধ। আপনারা জানেন যে আলুর গাছ যখন বড় হয় তখন আলু বিছানো যায়। সেই রকম লোক যখন মারা যায় তখন সেখানে গিয়ে ধান-চাল পৌঁছায়। এই আমার শেষ।

Sj. Chitto Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি আজ এখানে যে বিষয়ে আলোচনা হচ্ছে সেই সম্পর্কে ২-১টি ঘটনার প্রতি। ৮ই জুন তারিখে "আনন্দবাজার" পত্রিকায় যে সংবাদ বের হয়েছে সেটা সবটা পড়ার সময় হবে না, হেড লাইনএ ডাবল কলাম লিখিত যে খবর তাতে বলা হয়েছে অন্যান্য কথার সঙ্গে যে গলায় দড়ি দিয়ে শেষ জ্বালা-যন্ত্রণার অবসান। এটা হচ্ছে মুর্শিদাবাদের দুর্ভিক্ষ ও অনাহারের পরিণতি। রমণীর আত্মহত্যার সংবাদ। অন্যদিকে আমাদের আর একজন মাননীয় সদস্য নদীয়া জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছেন। এই নদীয়া জেলায় আর একটা সংবাদ তাঁর অবগতির জন্য এখানে রাখছি। এবং আমি অনুরোধ করছি তিনি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছেন সেই কেন্দ্র সম্বন্ধে এ সম্পর্কে সঠিক খবর তিনি দেবেন। তাহলে আমি আনন্দিত হব। আমি আপনার অবগতির জন্য খবরটা যে ভাবে উদ্ধৃত হয়েছে তা পড়ে শুনাচ্ছি।

কালীপদ বসুর স্ত্রী সুশীলাবালা বসু বহুদিন অনাহারে অর্দ্ধাহারে দিন কাটিয়ে—

Mr. Speaker: Are you reading from newspapers?

Sj. Chitto Basu: These are newspaper cuttings.

Mr. Speaker: I know. Please give a gist of them. Do not quote them.

The Hon'ble Bimal Chandra Sinha: I would like to draw your attention, on a point of order, because in the Houses—this Legislature and elsewhere—I have seen rulings that newspaper reports cannot be commented upon. If the honourable member has any personal knowledge of any event, he can bring that to the notice of the Government. Any newspaper report that has not been within the knowledge of the member cannot be taken into consideration by this House.

Sj. Ganesh Ghosh: That is not correct. According to your ruling he can give a gist.

Mr. Speaker: Yes, I have said so.

[6-45—6-55 p.m.]

Sj. Chitto Basu:

যাহোক আমরা যখন এই ধরনের একটা বিষয়বস্তু নিয়ে আলোচনা করছি, তখন আমাদের যিনি খাদ্যমন্ত্রী, এবং কথায় বলে ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি বলছিলেন যেটা প্রকৃত খাদ্যের অভাব, এটাকে দুর্ভিক্ষ খাত না বলে, ফেমিন খাত না বলে যদি আপনাদের অন্য খাতে বলতে পারতাম তাহলে সন্তুষ্ট হতাম। যাহোক, এ কথা বলার মধ্য দিয়ে প্রকৃত যে অবস্থা সেই তবস্থার গুরুত্ব সম্পর্কে প্রকৃত তথ্য রাখেন নাই। যদি তা রাখতেন, তাহলে পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় জেলায় প্রকৃত দুর্ভিক্ষের যে করাল ছায়া ঘনিয়ে আসছে ৫০ সালের মত, কর্তৃপক্ষের কাজ সে সম্পর্কে অবহিত হওয়া, আমাদের কাছে সে বিষয়ে তিনি সন্তোষ প্রকাশ করতেন না। যাহোক, এই দুর্ভিক্ষের করাল ছায়া দেখা দিয়েছে। তা প্রতিরোধ করবার জন্য সরকার পক্ষ থেকে যে কয়েকটি কার্যপন্থা গ্রহণ করা হয়েছে, তা কতখানি সামান্য সেই সম্পর্কে দু-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবার চেষ্টা করবো।

গত ৫ই জুন তালিকা বেরিয়েছে যে ২০টি মহকুমায় ১,৩৫৩টি দোকান খোলা হয়েছে এবং ওখান থেকে ২১৮,৭২০ জন লোক মডিফায়েড র‍্যাসনিংএর দোকান থেকে র‍্যাসন নিয়েছে। বাংলাদেশে যেখানে ২ কোটি ৯২ লক্ষ লোক, সেখানে মাত্র দু'লক্ষের কিছু বেশি লোকে সরকারী

ব্যবস্থামত মডিফায়েড র‍্যাসনিংএ কিছু চাল পাবার সুযোগ পেয়েছে। যার দ্বারা বোঝা যায়, আজ মডিফায়েড র‍্যাসনিংএর মাধ্যমে সেই চালের দর বেশি বৃদ্ধি পেয়েছে। সেই তুলনায় জনসাধারণের দুর্দশা লাঘব করবার সরকারী প্রচেষ্টা যা, তা যে অতি সামান্য সেটা টেষ্ট রিলিফের কথা বললেই বোঝা যাবে। মাননীয়া রাজ্যপালিকার ভাষণে দেখেছিলাম যে দু'লক্ষ লোক টেষ্ট রিলিফের কাজে নিয়োজিত আছে। তারপর খাদ্যমন্ত্রী তাঁর জবাবে দিচ্ছেন যে, এক নদীয়া জেলায় ৩ লক্ষ লোক এই টেষ্ট রিলিফের কাজে নিয়োজিত আছে। আমরা বুঝতে পারলাম না রাজ্যপালের বিবৃতি সত্য, না, খাদ্যমন্ত্রীর স্টেটমেন্ট সত্য! যাহোক, আমরা জানি যে আমাদের দেশের এই কৃষকদের কতখানি অভাব। তাদের সারা বছর কাজের সংস্থান থাকে না। তার প্রমান দিতে পারি। ১৯৫৫ সালে এক মেদিনীপুর জেলায় ৪ লক্ষ লোক টেষ্ট রিলিফের কাজে নিযুক্ত হয়েছিল। ২৪-পরগনা জেলায় ১ লক্ষ ২৬ হাজার লোক টেষ্ট রিলিফের কাজে নিযুক্ত হয়েছিল। কাজের জন্য সরকার এবার যে ব্যবস্থা করার চেষ্টা করছেন, তা যে কতখানি সামান্য তা এই বিবরণের মধ্য দিয়ে সকলে বুঝতে পারবেন।

তারপর যে সমস্ত কথা ওঠে, আমরা যা দেখছি যে এই মডিফায়েড র‍্যাসনিংএ ফেয়ার প্রাইস সপ খুলবার চেষ্টা হয়েছে। যেখানে হাজার হাজার লোক দুঃস্থ, অভাবগ্রস্ত, সেখানে মাত্র ১,৩৫৩টি দোকান খুলে ২১৮,৭২০ জনকে মডিফায়েড র‍্যাসনিং দেওয়া হয়েছে। সম্প্রতি শুনলাম মধ্যমগ্রাম ইউনিয়নে একটি মাত্র দোকান খোলা হয়েছে। যেখানে ৮ হাজারের উপর লোক বাস করে সেখানে মাত্র ১৫ মণ চাল দেওয়া হয়েছে, বন্দীপুর ইউনিয়নেও ৮ হাজার লোক বাস করে, সেখানে ৫৫ মণ আটা দেওয়ার ব্যবস্থা হয়েছে। শিউলি ইউনিয়নে ৩৩ মণ চাল দেওয়ার ব্যবস্থা হয়েছে। হাওড়া জেলার সদরে একটিও টেষ্ট রিলিফের কাজ সুরু করা হয় নাই। আমার কাছে এ সম্পর্কে বিরাট তথ্য রয়েছে। তারপরে

house-building loan or agricultural grant

ই বলুন, প্রত্যেক ব্যাপারে সরকারী প্রচেষ্টা অত্যন্ত কম।

Sj. Gangadhar Naskar:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা প্রতি বৎসর আমাদের খাদ্যমন্ত্রী মাননীয় প্রফুল্লবাবুর কাছ থেকে শুনে আসছি যে বাংলাদেশে কোন অভাব নাই। বাংলাদেশ আজ বেশ স্বয়ংসম্পূর্ণ। অর্থাৎ বাংলাদেশের মানুষ এবার না খেয়ে মরবে না। কিন্তু আমরা গ্রামাঞ্চলে কি দেখতে পাই? ইতিমধ্যে গ্রামের মানুষ থালা, ঘটী, বাটি প্রভৃতি বিক্রী করতে আরম্ভ করেছে। এমনকি হালের গরু পর্যন্ত, গাই পর্যন্ত বিক্রী করতে আরম্ভ করেছে। গ্রামে গ্রামে দেখছি গ্রামের মানুষ আজ গ্রাম ছেড়ে অন্যত্র চলে যাচ্ছে, কাজের সন্ধানে। যেমন ক্যানিং থানায় দেউলী গ্রামের একটি পুরুষ মানুষও বাড়িতে নাই। তারা সব কাজের সন্ধানে দূর দূর দেশে চলে গেছে। ভাঙ্গড় থানার বিভিন্ন গ্রামের তথ্য নিয়ে জানতে পারলাম চাঁদপুর, জাগুলাগাছি প্রভৃতি গ্রাম থেকেও পুরুষেরা কাজের সন্ধানে দূরদূরান্তরে চলে যাচ্ছে। আমাদের বাংলাদেশকে দুর্ভিক্ষ এলাকা না বলে এটাকে ভিখারীখানা বলা দরকার। কংগ্রেস গভর্নমেন্টের দশ বৎসর রাজত্বের মধ্যে দেখতে পাচ্ছি কি? বাংলাদেশের যে মধ্যবিত্ত সংসার যারা কখনও ঘরের বার হ'ত না, তারা আজ গাড়িতে গাড়িতে ভিক্ষা করছে, তাদের ছেলেরা টি বি হয়েছে। আজ মধ্যবিত্ত ঘরের আত্মমর্যাদাসম্পন্ন লোকের ছেলে গাড়িতে বই কেনার জন্য পয়সা ভিক্ষা করছে। রাস্তাঘাটে দেখা যায় প্রতিটি মানুষ আজ চা'ল ভিক্ষা করছে। সে নিজে যেতে পারে না, ছোট ছেলেমেয়েকে পাঠিয়ে দিচ্ছে ভিক্ষা করে আনবার জন্য। মেদিনীপুরের কথা হরিদাস বাবু বলেছেন। আমাদের অপোজিসন গ্রুপ থেকে কংগ্রেসের খুব সমালোচনা করা হয়। কেন? কি সমালোচনা করা হয়? শেষ পর্যন্ত তিনি বলে গেলেন নদীয়ায় লঙ্গরখানা খোলা হয়েছে। আজ বাংলা দেশের মানুষ যারা সবাই মাটিতে সোনার ফসল ফলাতো, যাদের বাড়ির মেয়েরা বাড়ির বের হতো না, আজ তাদের বাড়ির মেয়েরাও সমস্ত আত্মসম্মান বিসর্জন দিয়ে লঙ্গরখানায় একমুঠো ভাতের জন্য কুকুরের মত গিয়ে খাচ্ছে। বাংলাদেশের গভর্নমেন্ট লঙ্গরখানা খুলেছেন। সরকার আজ সমরা বাংলাদেশকে ভিখারীর পর্যায়ে এনে ফেলেছে। আজ বাংলাদেশের খাদ্যের অবস্থা এমনই যে মধ্যবিত্ত শ্রেণীর লোকেরাও বলছেন আমাদের এখানে অল্প টাকার সস্তা দরের চালের দোকান

খোলা হোক। আমরা যে মাইনে পাই, তার দ্বারা আমাদের জীবিকানির্বাহ করা সম্ভব হয় না। আমাদের বাংলাদেশের কংগ্রেস মন্ত্রীরা কোন্ জায়গায় আমাদের এনে ফেলেছে! একদিকে লঙ্গরখানা, মহামারী, বন্যা, আর একদিকে ভিখারীর দল সৃষ্টি করেছে। গাড়ির মধ্যে যদি যাওয়া হয়, এক মাইলের মধ্যে কত ভিখারী এসে বলবে আমাকে একটা করে পয়সা দাও।

সুন্দরবন যে পশ্চিম বাংলার একমাত্র অন্ন-সংস্থানের ঘাঁটি ছিল, সে জায়গার লোক সেন্ট্রাল এভিনিউতে এসে ভিক্ষা করছে। সে বলছে, একটা পয়সা দাও, এক মুঠো খেতে দাও। এই হচ্ছে কংগ্রেস গভর্নমেন্টের কীর্তি! দশ বছর রাজত্বের নমুনা! তাই আজকে বলছি অবিলম্বে যদি ইউনিয়নে ইউনিয়নে চার-পাঁচটা করে ১৫ টাকা দরের চালের দোকান না খোলা হয়, তাহলে দেখবেন বর্ষা আসছে, আর লোক থাকবে না। লোকে কাজ পাচ্ছে না, গ্রামে অনশন ও অর্ধাসন সুরু হয়ে গেছে। কত গ্রামের লোক যে না খেতে পেয়ে '৫০ সালের মত ধুকে ধুকে মরবে, তার ঠিক নাই। সেইজন্য গভর্নমেন্টকে বলছি অবিলম্বে ১৫ টাকা দরের সস্তা চালের দোকান খোলা হোক্, দুঃস্থদের জন্য রিলিফের ব্যবস্থা করা হোক্। গরু কেনার জন্য যে টাকা ঋণ দেওয়া হয়েছিল, তা আদায় করবার জন্য আজ সার্টিফিকেট জারী করে আদায় করা হচ্ছে। এগ্রিকালচারাল লোন ও অন্যান্য যে সমস্ত লোন দেওয়া হয়েছিল, তা আদায় বন্ধ করা হোক্। মানুষ যেখানে খেতে পাচ্ছেনা, সেখানে সার্টিফিকেট জারী বন্ধ করা হোক্। দুঃস্থদের জন্য রিলিফ ও সস্তাদরের চাল দেবার জন্য আমরা দাবী করছি, অবিলম্বে দুর্ভিক্ষ প্রতিরোধ করবার জন্য সর্বদলমতনির্বিশেষে একটি কমিটী গঠন করা হোক এবং সেই কমিটীর মারফৎ যাতে মানুষ বাঁচান যায় তার ব্যবস্থা করা হোক।

[6-55—7-5 p.m.]

Sj. Trailokyanath Prodhan:

মানীয় স্পীকার মহাশয়, বাজেটের সাধারণ আলোচনায় শ্রীবসন্ত কুমার পান্ডা মহাশয় গত বছরের রিলিফের কথা আলোচনা করেছেন। ল্যান্ড রেভিনিউ আলোচনা কালেও তিনি বলেছেন মেদিনীপুর জেলার ভগবানপুর ও এগরা থানায় কোন টেস্ট রিলিফের কাজ হয়নি। তিনি সহরের লোক, কলকাতায় থাকেন, দেশের খবর জানেন না। তিনি কি জানেন? ইংরাজ আমলে ১৯৪২ সালে ১৬ই অক্টোবর তারিখে সাইক্লোন হয়েছিল, সংবাদপত্রে সে খবর প্রকাশিত হয়েছিল ৩রা নবেম্বর। রিলিফ পেঁাছেছিল তার অনেক পরে। বহু লোকজন মৃত্যুমুখে পড়েছিল। আর গত বৎসর ১৯৫৬ সালের ৩১এ মে ও ১লা জুন কংগ্রেস শাসনকালে অতিবৃষ্টি ও ঝড় হয়েছিল। কাঁথি মহকুমার অনেক অংশ জলে ডুবে গিয়েছিল। যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। তবুও মেদিনীপুর জেলার রিলিফ বাবত সমস্ত প্রয়োজনীয় জিনিস চাল, চিড়া, মুড়ি, গুড়, ইত্যাদি কাঁথি পেঁাছেছিল ২রা জুন। সঙ্গে ছিলেন শ্রীমতী আভা মাইতি। জেলা ম্যাজিস্ট্রেট রিলিফের পুরা কার্যসূচী প্রস্তুত করে ফেলেছিলেন ২রা জুন।

বহুলোক কাঁথি সহরের হাই স্কুলে ও বীরেন্দ্র মেমোরিয়াল হলে এসে পেঁাছেছিলেন। কংগ্রেসকর্মী ও কলেজের ছাত্রেরা তাহাদিগকে একদিন চিড়া-গুড় ও আর একদিন খিচুড়ী খাওয়াইয়াছিল। মহকুমা কংগ্রেস রিলিফ কমিটি গঠিত হয়েছিল। মহকুমা ম্যাজিস্ট্রেট অতি তৎপরতার সহিত রিলিফের কাজ সুরু ক'রে দিয়েছিলেন। সমস্ত কাজই সুন্দরভাবে হয়েছিল। কোন কাজই অসম্পূর্ণ ছিল না, সাময়িক ডোল ছিল, স্থায়ী ডোল ছিল, গৃহ মেরামত সাহায্য ছিল। গরুর খাদ্যও দেওয়া হয়েছিল। সেখানে টেস্ট রিলিফেরও ব্যবস্থা হয়েছিল, পানীয় জলের ও চিকিৎসার ব্যবস্থা হয়েছিল। অর্থাৎ সকল প্রকার রিলিফের ব্যবস্থা হয়েছিল, কোন কাজে ত্রুটি হয় নাই। বসন্ত বাবু কখনও কোনদিন রিলিফের কাজ করেন নি; তিনি রিলিফের কাজ দেখেনও নি। কাজেই কাঁথি মহকুমার রিলিফের কাজ সম্বন্ধে তাঁর যে ভ্রান্ত ধারণা থাকবে তাতে কোন দোষ নাই।

• কাঁথি মহকুমায় রিলিফের কাজ যে বেশ ভালভাবেই হয়েছিল তা সকলেই জানে। তিনি বল্লেন, যে, ধান না হওয়ায় লোকের দুর্গতি হয়েছিল। অথচ সেখানে টেস্ট রিলিফএর কাজ হয় নি। তিনি জানেন না যে, ইতিমধ্যে ভগবানপুর থানার ১।৫ নং ইউনিয়নগুলিতে টেস্ট

রিলিফএর কাজে ১৫ হাজার টাকা ব্যয় হয়েছে। ৪ঠা জুনের পূর্বেই এই টেস্ট রিলিফএর কাজ শেষ হয়েছে। তারপর বর্তমানে আরও ৪টি টেস্ট রিলিফএর স্কিম আরম্ভ হ'য়ে গিয়েছে। টাকাকড়ির পরিমাণ ১৫।১৬ হাজার টাকা। এই টেস্ট রিলিফএর কাজ বাদে ভগবানপুর থানায় ইরিগেসন ডিপার্টমেন্ট থেকে একটা খাল কাটা হয়েছে। টাকার পরিমাণ প্রায় তিন লক্ষ টাকা। এগরা থানার ১৪নং ইউনিয়নেও টেস্ট রিলিফএর কাজ এ বছর অনেক হয়েছে। এ বছর ঐ অঞ্চলে খুব কাজ হয়েছে। তিনি আর একটা কথা বলেছেন, ঐ অঞ্চলে নাকি খাজনা রেহাই দেওয়া হয় নাই। আমি তাঁকে জানাচ্ছি যে, খাজনা রেহাইএর জন্য জেলা ম্যাজিস্ট্রেট বলেছেন যে, যারা খাজনা দিতে পারবেন না, বা দিতে অক্ষম তারা দরখাস্ত করলে তাদের বিষয় বিবেচিত হবে। এটা সত্য যে এ বছর ধান-চালের দাম খুব বেড়ে গেছে। কাজেই এই বৎসর প্রভূত পরিমাণে রিলিফের প্রয়োজন। আমি এ বিষয়ে খাদ্যমন্ত্রীর কাছে আবেদন জানাই যে, আরও রিলিফের ব্যবস্থা হওয়া দরকার।

রামনগর থানা উড়িষ্যার প্রান্তে অবস্থিত। সে থানাটা ঘাটতি অঞ্চল। সেখানে ধান সব সময় কম হয়। কিন্তু উড়িষ্যার প্রান্তে ব'লে উড়িষ্যা থেকে ধান-চাল আসত। তাই এই অঞ্চলে অভাব কোন সময়ে বোঝা যেত না। এই বছর উড়িষ্যা সরকার ধান-চালের উপর ব্যান বসিয়েছেন। যার ফলে ধানচাল আর এই অঞ্চলে প্রবেশ করতে পারছে না। এবং তার ফলে এই এলাকায় ধানের দাম ১৪ টাকা এবং চালের দাম ২৩।২৪ হয়েছে। তাই এখন এই অঞ্চলে সস্তাদরের চালের দোকান হওয়া দরকার। আরও দরকার কিছু খয়রাতি সাহায্য এই জন্য যে এমন অনেক লোক আছে যাদের ক্রয় ক্ষমতা নাই, যেমন অন্ধ, খঞ্জ, বৃদ্ধ, অতি গরীব, প্রসূতি। আর সকলের জন্য মডিফায়েড র‍্যাসনিং অবিলম্বে হওয়া দরকার।

গত বৎসর রিলিফের জন্য সোয়া কোটি টাকা মঞ্জুর হয়েছিল। কিন্তু রিভাইজড এস্টিমেটএ দেখতে পাচ্ছি সেটা সাত কোটি দাঁড়িয়েছে। এ বছর মাত্র পৌণে দুই কোটি বরাদ্দের কথা খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন। তিনি অবশ্য ইহাও বলেছেন যে, ত্রাণ কার্যের জন্য টাকার অভাব হবে না, আমি আশা করি দুর্গত অঞ্চলে যেখানে যে পরিমাণ টাকার দরকার হবে সরকার তা দিতে কোন প্রকার ত্রুটি করবেন না। গত বৎসর বন্যার জন্য অনেক অঞ্চলে খাদ্যশস্য হয় নি। আশা করি সরকার এ বছরও প্রাকৃতিক বিপর্যয়ের জন্য প্রস্তুত থেকে প্রয়োজনীয় ব্যবস্থাদি করবেন। এই বলেই দুর্ভিক্ষ খাতের এই দাবী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-5—7-15 p.m.]

Sj. Monoranjan Misra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সভায় জনসাধারণের পক্ষ থেকে তাদের দাবী পেশ করার সুযোগ আমার জীবনে এই প্রথম, তাই আজকার দিনে আমাদের খুব আনন্দ হ'ত কিন্তু যে বিষয়ের অবতারণা করতে হবে তা যথেষ্ট বেদনাদায়ক। আজ দেখতে পাচ্ছি চোখের সামনে লক্ষ লক্ষ দেশবাসীর ক্লিষ্ট কঙ্কালরূপ; দেখতে পাচ্ছি চোখের সামনে হাজার হাজার নরনারী বুভুক্ষু বিপন্ন অবস্থায় পাগলের মত হা অন্ন হা অন্ন ক'রে ক্রন্দন ক'রে ফিরছে। এই অবস্থায় সত্যই চিন্তা হয় আমাদের সরকার কোন্ পথে চলেছে! আজ সরকার গৌরব করে বলছেন আমরা পঞ্চবার্ষিক পরিকল্পনা আপনাদের সামনে দিচ্ছি, আমরা খাদ্য দেব, প্রচুর সুখ দেব। কিন্তু আমি প্রশ্ন করতে চাচ্ছি মানুষের প্রথম এবং প্রধান প্রয়োজন কি? প্রথম প্রয়োজন মানুষকে বাঁচিয়ে রাখা। প্রথম প্রয়োজন মানুষকে খাবার দেওয়া। আজকে সত্যই আমাদের কংগ্রেস বন্ধুগণ অকপটে স্বীকার করবেন দেশের অবস্থা কি? সত্যই কি আজ দেশের মানুষ খেতে পাচ্ছে? পরতে পাচ্ছে? পাচ্ছে কি মানুষ পানীয় জলের ব্যবস্থার সুযোগ? আজকে দলাদলির কথা ভুলে গিয়ে বিশেষ করে যারা মফঃস্বল থেকে এসেছেন, পল্লীগ্রাম থেকে এসেছেন বুকে হাত দিয়ে বলুন বিভিন্ন জেলায়, তাদের জেলায় মানুষের অবস্থা কি? আজকে সত্যই সময় এসেছে দলনির্বিশেষে বাস্তব অবস্থা আলোচনা করা—বাস্তব অবস্থাকে চেপে দিয়ে, আজকে দেশের প্রকৃত পরিস্থিতিকে চেপে দিয়ে তার যে চিত্র অবতারণা করা হচ্ছে, আমি মনে করি আমাদের বিরাট ত্রুটি থেকে যাচ্ছে, এবং আমাদের এখানে আসাই বৃথা হয়ে যাচ্ছে। আজকে আমাদের সর্বদলীয় কর্তব্য হচ্ছে প্রায়রিটি দিতে হবে রিলিফ অপারেসনএর ব্যাপারকে, খাবার

দেবার ব্যাপারকে, আজকে এ জিনিস আমি দাবী করবো—সরকার বারম্বার বলেছেন যে আমাদের দেশে খাদ্যের অভাব নাই। সারপ্লাস ফুড আমাদের দেশে হয়েছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে খাদ্য উৎপাদন টার্গেটএর সীমা ছাড়িয়ে গেছে। আশ্চর্য হয়ে যাচ্ছি এই ভেবে যে দেশে যদি খাদ্য এক্সেস হয়ে থাকে, বেশি খাদ্য হয়ে থাকে তবে সেখানে ফেমিন কি করে হয়? যদি দেশের লোক খেতে না পায় তবে পরিকল্পনার মূল্য কি? মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন সত্যই দেশে খাদ্যবিষয়ে দুঃখদুর্দশা বেড়ে গিয়েছে অথচ আবার বলছেন খাদ্যের অভাব নাই, এটা যে কি ধরণের উক্তি আমি বুঝতে পাচ্ছি না। কাজেই আমার মনে হয় এটা সরকারের পরস্পর-বিরোধী কথা। এ হ'তে প্রমাণিত হচ্ছে, আজকে দুঃখদুর্দশার কাহিনী চাপা দেবার জন্য তারা একটা বিরাট ষড়যন্ত্র করেছিলেন। তার প্রমাণ—একটা হচ্ছে সারপ্লাস ফুডএর কাহিনী, আর একটা হচ্ছে ফেমিন কথা বাদ দিয়ে ডিস্ট্রেস শব্দের অবতারণা। এই থেকে মনে হচ্ছে সরকার আসল অবস্থা চাপা দেবার চেষ্টা করছেন। কিন্তু অসংখ্য জনসাধারণের দাবী, কর্মীদের দাবী চাপা দিতে না পেরে রাজ্যসরকার বাধ্য হয়ে স্বীকার করেছেন দেশে অভাব আছে, দেশের লোক খেতে পাচ্ছে না। আজ যখন স্বীকার করেছেন, আমরা জানতে চাই কি ব্যবস্থা মানুষকে বাঁচাবার জন্য গ্রহণ করা হচ্ছে? আমি প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে একথা বলতে পারি, এই কারণে যে আমি শুধু এম, এল, এ, নই, আমি সামান্য একটা ছোট ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্টও। সেদিক থেকে সরকারের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ করার আমার সুযোগ আছে। পরিশেষে বক্তব্য এই যে প্রতিবছর রিলিফ খাতে জাতীয় অর্থের অপব্যয় না করে সমস্যার স্থায়ী সমাধানের চেষ্টা করা উচিত।

[At this stage the member having reached his time-limit resumed his seat.]

Sj. Gobinda Charan Majhi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভিক্ষ প্রপীড়িত হাওড়া জেলার আমি একজন প্রতিনিধি। সরকারের ভূমিসংস্কার নীতির অভাবে এবং খাল-বিল নদী-নালা প্রভৃতি সংস্কারের অভাবে ও প্রাকৃতিক দুর্যোগে আমাদের হাওড়া জেলার প্রায় অধিকাংশ অংশে গত বছর ফসল একেবারে নষ্ট হয়ে গেছে এবং বাংলাদেশের প্রায় সমস্ত বন্যা প্রপীড়িত অঞ্চলের অবস্থা একই। আমার কাছে বহু দৃষ্টান্ত আছে আত্মহত্যা এবং বিষ খেয়ে জীবনত্যাগের। যদিও সংবাদপত্রে এ সংবাদ বেরুচ্ছে এবং এ সম্পর্কে আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে, তা সত্ত্বেও সরকারপক্ষ থেকে এই বিষয়ে কোন স্বীকৃতি পাওয়া যাচ্ছে না। তাঁরা হয়ত মনে করেন যে বাংলাদেশের নদীতে জল এখনও আছে, গাছের পাতা এখনও আছে, অতএব বাংলাদেশে দুর্ভিক্ষ হতে পারে না। কিন্তু এটা সত্য কথা যে আমাদের দেশে দুর্ভিক্ষ এসেছে। ফেমিন বিল, এই বিল আমাদের দেশের বিধান সভা থেকে উঠে যাক, এই বিল না আসুক, এ কামনা আমরা করি, কিন্তু দেশে দুর্ভিক্ষ যখন আছে, তখন তার সম্বন্ধে একটা ব্যবস্থা আমাদের করতেই হবে। যদি বর্ষার আগে সরকার এ বিষয়ে সজাগ দৃষ্টি না দেন তা হলে আমার মনে হয় যে আবার ১৩৫০ সালের মত কাতারে কাতারে বুভুক্ষু নরনারী কলকাতার দিকে আসবে এবং তখন সরকারকে নানা ভাবে বিপর্যস্ত হতে হবে। আমি সরকার রিলিফ সংক্রান্ত ব্যাপারে যে স্কিম করেছেন গ্র্যান্ট বা লোন সম্বন্ধে তাতে সাধারণ লোকের সেই গ্র্যান্ট বা লোন পেতে কি অসুবিধা হয় সে বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত বন্যার সময় সরকার বি, ওয়াই, ও, এইচ, অর্থাৎ আপনার ঘর আপনি বাঁধ, এই একটা নূতন স্কীম তৈরী করেছেন। আমরা শুনেছি বাংলাদেশের প্রধানমন্ত্রী মহাশয় নাকি এই স্কীমের প্রবর্ত্তক। এই স্কীম হচ্ছে এই যে যারা বন্যা প্রপীড়িত, বন্যায় যাদের ঘর-দোর নষ্ট হয়ে গেছে, তারা যদি ৬ হাজার ইট তৈরি করেন তাহলে তারা ১॥ টন কয়লা পাবেন এবং সেই কয়লা দিয়ে ইট পোড়াবার পর তারা যদি ঘর বাঁধতে আরম্ভ করেন তাহলে ১॥ বান্ডিল টিন তারা পাবেন। এ বিষয়ে আমরা দেখছি সরকার ১৯৫৬-৫৭ সালে ১॥ কোটি টাকা মঞ্জুর করেছিলেন কিন্তু আমাদের উলুবেড়িয়ায় মাত্র ৮৭৫টা ফ্যামিলি ইট তৈরী করতে পেরেছে এই স্কীমে। আমি আমাদের মাননীয় সদস্যগণের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করছি যে ৬ হাজার ইট যদি কয়লা দিয়ে পোড়ানো হয় তাহলে তা থেকে ৫ হাজার ভাল ইট পাওয়া যেতে পারে। ৫ হাজার ভাল ইটে একটা পায়রার খোপও হতে পারে না, ৫ হাজার ইট দিয়ে লোকে ঘর তৈরি করবে কি

করে? অথচ সরকার এই জন্য ১॥ কোটি টাকা মঞ্জুর করে রেখেছিলেন ১৯৫৬-৫৭ সালে, আর এই বছর ১৯৫৭-৫৮ সালে ১ লক্ষ টাকা মঞ্জুর করেছেন অথচ আমাদের বন্যা প্রপীড়িত অঞ্চলে যে সমস্ত লোকের ঘরবাড়ি একেবারে নষ্ট হয়ে গেছে তার মধ্যে বহুলোক তাদের ঘর সংস্কারের টাকা পাচ্ছে না। আমার মনে হয় যাদের ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে এই বি, ওয়াই, ও, এইচ, স্কীমে যদি তাদের কিছু কিছু টাকা দেওয়া যায় তাহলে তারা অন্তত চালা করেও বাস করতে পারবে। এই বর্ষার আগে যদি এই ব্যবস্থা না করা যায় তাহলে বহু লোককে কষ্ট পেতে হবে তাদের ছেলেপিলে নিয়ে। তারপর হাউস বিল্ডিং গ্র্যান্টে ৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে, আমি বলছি যে এটা কিছু বাড়িয়ে দেওয়া উচিত, তা নাহলে গরীব লোকেরা বর্ষায় ভীষণ কষ্ট পাবে। বি, ওয়াই, ও, এইচ, স্কীমের সুযোগ কয়েকটা লোক নিয়েছে, তারা স্বনামে বেনামে বহু ইট তৈরি করেছে, নিজেদের বড় বড় ঘর তৈরি করেছে। কাজেই দেখা যাচ্ছে যে কেবল বড়লোকেরা এই স্কীমের সুযোগ গ্রহণ করছে, গরীব লোকেরা এই স্কীমের সুযোগ গ্রহণ করতে পাচ্ছে না।

গ্র্যাচুইটার্স রিলিফ সম্বন্ধে সরকার ৬০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন, কিন্তু নদীয়া জেলার কংগ্রেস পক্ষীয় বন্ধুদের কাছ থেকে শুনতে পাচ্ছি সেখানে গ্রুয়েল কিচেন আরম্ভ হয়েছে। এটা সরকারের পক্ষে খুব লজ্জাজনক মনে করি, এইজন্য যে এই বিংশ শতাব্দীর সভ্যজগতে আমাদের দেশের মা-বোন এবং ছোট ছোট ভাইবোনেরা পেট ভরানর জন্য গ্রুয়েল কিচেনে দাঁড়াবে। এক-একটা ইউনিয়নে এক একটা গ্রুয়েল কিচেন হবে। এই গ্রুয়েল কিচেন তুলে দিয়ে মফস্বলে যদি রেশনের মারফত সস্তাদরে চাল সাপ্লাই করা হয় তাহলে আমাদের মা-বোনদের বা ছোট ছোট ছেলেদের পেট ভরবার জন্য লঙ্গরখানায় গিয়ে লাইনে দাঁড়াতে হয় না। এরকমভাবে দাঁড়ান সত্যই লজ্জাকর। তা ছাড়া মফঃস্বলের লোককে কিছু টেস্ট রিলিফের কাজ দেওয়া উচিত। কিন্তু সে কাজ ভালভাবে হচ্ছে না। আমরা ম্যাজিস্ট্রেট বা এস, ডি, ওর সঙ্গে দেখা করেছি—

[At this stage the member having reached his time-limit resumed his seat.]

[7-15—7-25 p.m.]

Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় স্পীকার সাহেব! আমাদের খাদ্যমন্ত্রী দুর্ভিক্ষ স্বীকার করতে চান না। অনেক বক্তার বক্তব্য শুনেছি। বাংলাদেশে মেয়েদের চলতি কথায় আছে 'নাই' বলতে নেই, বলতে হয় 'বাড়ন্ত'। আজকে সেই বাড়ন্তর জন্য মেয়েদের যখন মাথার কাপড় তুলে বাহিরে এসে দাঁড়াতে হয়েছে তখন মন্ত্রীমহাশয়কে বলতে পারি যে তাদের মুখের দিকে তাকান, তাতে মা-বোনের ছবি ফুটে উঠবে, দেখবেন যে দুর্ভিক্ষের অবস্থা তা থেকে প্রমাণ হয় কি না। আমার বন্ধু হরিদাস দে মহাশয় কিছুদিন আগে লিখিতভাবে জানিয়েছিলেন যে, যদি অবস্থাটা স্বাভাবিক না করতে পারি ১৫ দিনের মধ্যে তাহলে পদত্যাগ করব। আজকে তাঁর মুখে অনেক বাণী শুনলাম। শোনার শেষে বুঝেছি সব তার কাছে উলটে গেছে। খাদ্যমন্ত্রীই যখন দুর্ভিক্ষ বলতে পারেন না, তখন পদত্যাগ কোরে সরে দাঁড়াবার কাহিনী অস্বাভাবিক নয়। কিন্তু আমার কাছে তথ্য আছে, তথ্যটা শুধু আমার কাছে গোপনীয় নয়, এটা প্রকাশ্য তথ্য। সকলেই জানেন কিছুদিন আগে রেলের গুদামে এবং মাল গাড়ীতে প্রচুর চাল জমা রয়েছে। সরকার থেকে দুবার সময় দেওয়া হল, কিন্তু সে মাল আজও খালাস হয় নি। আজও প্রশ্ন করা হল যে, কি অবস্থা। একবার মুখ্যমন্ত্রী মহাশয় দাঁড়াবেন, উত্তর আশ্চর্য, 'আমরা জানি না'। না জানার কারণ আছে। কারণ বিক্রেতাদের সমিতি আছে। যেখান থেকে কাগজে বিবৃতি এ চাল আমাদের ক্রীত নয়। এ জায়গায় ফাটকা বাজার রয়েছে, এবং সরকার ফাটকার পিছনে দাঁড়িয়েছেন, তা যদি না হয় তাহলে দেশের লোক যখন খেতে পাচ্ছে না, শহর অঞ্চলে চালের কথা উঠে গেছে, গম ছাড়া যেখানে চাল পাওয়া যায় না, সেই যেখানকার অবস্থা সেখানে এই চাল কেন নেওয়া হল না? কেন নেওয়া হল না বুঝতে কষ্ট হয় না। দেশের লোক যারা খেতে পাচ্ছে না তাদের জন্য দরদ নেই। দরদ হচ্ছে যারা চাল এনেছে তাদের জন্য। যারা মুনাফা লুটবার ব্যবস্থা করতে চায় তাদের পিছনে এঁরা দাড়িয়ে আছেন। আমি বলি কেন চাল বাজেয়াপ্ত করা যেত না? যারা আজকে চাল ডকে ফেলে রাখছে, সাধারণের মুখের অন্ন আটকে রাখছে, তাদের চাল নিতে

কষ্ট হয়। আমরা চাই এই চাল বাজেয়াপ্ত কোরে গ্রামাঞ্চলে দেওয়া হোক। সেখানে দেখতে পাচ্ছি কোথাও ৫০ মণ, কোথাও ২০০ মণ চাল দেওয়া হচ্ছে, যেখানে হাজার হাজার মণ চাল দরকার। যেখানে এই অবস্থার সৃষ্টি হচ্ছে, সেখানে চালে হাত দেবেন না।

দ্বিতীয় প্রশ্নটা লক্ষ্য করে দেখুন, যে গতবারে এই খাতে যে টাকা দেওয়া হয়েছিল, এবার তার প্রায় তিন ভাগের এক ভাগ টাকা দেওয়া হয়েছে। কারণ দুটো হতে পারে। গতবারে নির্বাচনের সময়, তাই দেবার প্রয়োজন মনে হয়েছিল, আর আজ তরী পার হয়ে গেছে, আর সে কথা মনে হচ্ছে না। আর একটা কারণ হতে পারে যে সাধারণ মানুষের আর উপকার করতে চান না। আজ মানুষ কোন জায়গায় এসে পেঁাছেছে, আজ যে দেশের লোক খেতে পাচ্ছে না দেখতে পাচ্ছেন, তবু একটা বিশেষ অবস্থার সৃষ্টি হয়েছে—এ কথা বোঝা যায় না। যখন বন্যায় বাংলাদেশের বিরাট অঞ্চল ক্ষতিগ্রস্ত তখন একথা একটা শিশুও বুঝতে পারে যে দারুণ অন্নাভাব হবে, এবং তখন সরকার চাল স্টক করেন নি কেন? তাঁদের মগজে ছিল না যে বন্যাতে ফসল নষ্ট হয়েছে? একথা ত কারও অজানা ছিল না, একথা একটা স্কুলের ছেলেও জানে। জানি না এখানে যাঁরা কর্তৃত্ব করছেন তাঁদের মাথায় এল না যে স্টক করতে হবে, কেন না দুর্ভিক্ষের অবস্থা দেখা দেবে এবং পরে লোককে খাওয়াতে হবে। সে জায়গায় তাঁরা কিছুই করা প্রয়োজন মনে করেন নি।

তারপর টেস্ট রিলিফের কাজ দেখছি, তাতে কিছু দিন টাকা দিয়ে গম দেওয়া সুরু হয়েছে। হস্তায় তাঁরা গম দেবেন। গ্রামাঞ্চলে গম কি করবে? এ কি চিবিয়ে খাবে? গ্রামে গম ভাঙ্গাবার কল নেই। এক্ষেত্রে লোক গমও নেবে, কিন্তু নিয়ে কোথায় যাবে? আজ যদি তাদের দিতেই হয় তাহলে আটা কোরে দেওয়া উচিত ছিল। আমি মনে করি তাদের টাকা দেওয়া দরকার। তারা খাটছে, সেখানে তাদের খাদ্য দিয়ে বাঁচান হোক। তাদের কাছে গম নিয়ে হাজির করা হচ্ছে। গম এক্সচেঞ্জ করা যাবে? অন্য জিনিস কেনা যাবে গম দিয়ে? সরকারের বোঝা উচিত একথা।

তৃতীয় কথা গ্র্যাচুইটাস রিলিফএর সম্বন্ধে। বন্যার্ত স্থানের যাঁরা প্রতিনিধি আছেন তাঁরা দেখেছেন কিভাবে লোক কাতারে কাতারে আসছে, মেয়ে, পুরুষ, বাচ্চা, সমস্তই এস-ডি-ওর কাছে, আইন সভার সভ্যদের কাছে ভিক্ষা চাইতে আসে। এস-ডি-ও বলছেন যে, পার্মানেন্ট স্কিম সেখানে কিছু হয় নি। মানুষকে কিভাবে তাঁরা দেখেন। সরকারের এটুকু দেখা উচিত যে গ্রামাঞ্চলে নির্দেশ দিয়ে দেন। শহর অঞ্চলে অর্ডার দিয়েছেন তিন পার্সেন্ট লোককে খুঁজে বার কোরে দিতে হবে। কিন্তু সেখানে পার্সেন্টেজ দিয়ে হবে। সংখ্যাতত্ত্ব ছেড়ে দিয়ে হিউম্যানিটারিয়ান দিয়ে দেখতে হবে।

Sj. Haripada Dey: Sir, on a point of personal explanation. উনি বলে গেলেন——

Mr. Speaker: That is no personal explanation.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! পূর্ববর্তী বক্তা অজিত গাঙ্গুলী মহাশয় বলেছেন যে, গতবার বন্যার জন্য অনেক টাকা খরচ করা হয়েছিল—এই সাহায্য খাতে, কিন্তু এবার তারচেয়ে কম ধরা হয়েছে। একবার তিনি যদি দয়া ক'রে বই খুলে দেখেন তাহলে বুঝতে পারবেন যে গতবারও বাজেটের সময় খুব বেশী টাকা ধার্য করি নাই। বন্যা এবং অনাবৃষ্টির জন্য যখন যে রকম টাকার দরকার হবে আমরা সেইরকম খরচ করতে পারি। কাজে কাজেই পূর্ব থেকেই খুব বেশী টাকা রাখবার প্রয়োজনীয়তা অনুভব করি নি। অজিত গাঙ্গুলী মহাশয় আরও বলেছেন যে, কলিকাতা শহরের বিভিন্ন জায়গায় অন্যান্য প্রদেশ থেকে যে সমস্ত চাল এসেছে আমরা এখনই কেন তা নিয়ে নিলাম না? অন্যান্য প্রদেশ থেকে সরকার চাল কিনে আনেন না; কিনে আনবার স্কীম স্কীমও নেই। ব্যবসাদারেরাই কিনে আনেন এবং এ সংবাদে সকলেই অত্যন্ত আনন্দ পাবেন যে মাঝখানে যেমন চাল আসা কমে গিয়েছিল এখন খুব বেশী পরিমাণে চাল আসতে আরম্ভ করেছে। গত বছর এই সময়ে যেখানে গড়ে ১০।১২টা কোরে ওয়াগন দৈনিক আসত এখন সেখানে সেই গড় বেড়ে হয়েছে ৫৪টা।

[7-25—7-35 p.m.]

কাজে কাজেই যখন পশ্চিমবাংলা সরকার বুঝতে পারলেন, অতিরিক্ত ওয়াগন দেওয়া দরকার তা দিচ্ছেন। কিন্তু কোন কোন ব্যবসায়ী অত্যাধিক মুনাফার লোভে ওয়াগনগুলি যখন খালা করেন না, তখন পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে তাদের সতর্ক করে দেওয়া হয় যে অমুক তারিখের মধ্যে তোমরা যদি ওয়াগণগুলি খালাস না কর তাহলে তোমাদের চাল আমরা নিয়ে নেবো অবশ্য এই চাল নিতে গেলে প্রতি মণে আমাদের পাঁচ টাকা সাড়ে পাঁচ টাকা লোকসান দিতে হবে আমরা যখন নিয়ন্ত্রণ করি নি এবং অন্য কোন জায়গা থেকেও চাল কিনতে চাই না—(বাইরে থেকে অবশ্য কোন পার্টি যদি চাল কিনে আনে, আমরা তা চাই)—তাই এই সতর্কীকরণের ফলে আমরা শুনেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয় যে, প্রতিদিন গড়ে ৫০টি ওয়াগণ খালাস করা হচ্ছে যদিও ওরা প্রথমে বলেছিল যে এটা তাদের সাধ্যাতীত। কাজে কাজেই পশ্চিমবঙ্গ সরকার বাইরে থেকে ব্যবসায়ীরা বেশী চাল আনতে চাইলে তা আসতে দেবে। এখন কলিকাতায় এবং অন্যান্য জায়গা থেকে যে খবর পাচ্ছি তাতে চালের মূল্য ধীরে ধীরে হ্রাস পাচ্ছে। হোলসেল মার্কেটএ মণপ্রতি চালের দাম দশ আনা কমে গিয়েছে এবং রিটেল মার্কেটএও দশ আনার মত কমে গিয়েছে। অন্যান্য জেলাতেও চালের দাম কমে গিয়েছে। তাই আজ জোর করে তাদের কাছ থেকে চাল নেবার প্রয়োজন নেই। তবে ভারত সরকার যদি পুনরায় নিয়ন্ত্রণ করা দরকার মনে করেন তাহলে ভারত সরকারের নির্দেশ মত আমরা চাল কিনে নেবো। একজন সদস্য বলেছেন যে, বিল্ড ইওর ওন হাউস স্কীমএ যেসব ইট তৈরী হচ্ছে সেসব ইটে বাড়ী হয় না। আমাদের সঠিক সংবাদ হচ্ছে যে পশ্চিমবঙ্গে সাড়ে দশ কোটি ইট আজ গ্রামবাসীরা তৈরী করছে। এটা তারা আগে কোনদিন করতে পারে নি। আমি মনে করি আমাদের গ্রামদেশে এটা একটা মস্ত বড় কাজ হয়েছে। বাংলাদেশে বৎসরে ১০০ কোটি ইট তৈরী হয়, এবং আমার মনে হয় তার মধ্যে বোধ হয়, ৯৯ কোটি ইট বাংলার বাইরের অন্যান্য প্রদেশ থেকে লোক এসে করে। আমাদের এখানে বহু বেকার আছে; পশ্চিম বাংলার লোকেরা অত্যন্ত কষ্টে আছে—লোকের ঘর বাড়ী পড়ে গিয়েছে। সুতরাং পশ্চিমবঙ্গ সরকার মনে করেন এমনি সময়ে যদি লোকেরা ইট তৈরী করা শেখে তাহলে বাংলাদেশে একটা নতুন শিল্প গড়ে উঠবে। বাংলায় আজ দরকার কোটি কোটি ইট তৈরী করবার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় জানেন, যে দুর্গাপুরে এই কয়েক বৎসরের মধ্যে ৪০-৫০ কোটি ইটের দরকার। পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছেন যাতে সেই সমস্ত ইট বাঙ্গালীরা তৈরী করতে পারে, এবং তার জন্য শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। যেসমস্ত জায়গায় ইট তৈরী হচ্ছে—আমি নিজে অনেক জায়গায় গিয়ে দেখে এসেছি—সেখানে লোকের মুখে আনন্দ দেখা দিয়েছে। তারা বলছে যে সত্যিই আমরা ভুল বুঝেছিলাম—অনেকে আমাদের ভুল বুঝিয়েছিল। আমি বিশেষ করে কালনার কৃষ্ণপুরের কথা বলছি। সেখানে লোকেরা বলছে যে, আমাদের পাকা বাড়ী হয়ে গেল, আমি দেখে এসেছি যে সেখানে ২৫টি পাকা বাড়ী তারা তৈরী করেছে। আমার বিশ্বাস যে এই ইট তৈরির পরিকল্পনা আমরা আরো ভালভাবে চালু করতে পারবো যার ফলে অতি শীঘ্রই ১৫ হাজার বাড়ী তৈরি হয়ে যাবে। অনেক জায়গা থেকে ইতিমধ্যে আমার কাছে অনেক আবেদনপত্র এসেছে। তাদের মনে আগে দ্বিধা ও সংকোচের ভাব ছিল যে তারা এটা করতে পারবে না। কিন্তু এখন তারা ইট তৈরি করতে অভ্যস্ত হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার মনে করছেন যে ইট তৈরি করায় অভ্যস্ত হয়ে গেলে পর তাদের দিয়ে টাইল তৈরী করানো হবে। এবং এখন যে খড় দিয়ে ঘর হয় তা আমরা নিয়ে আসতে পারবো কারণ আমাদের গরুর খোরাকের খুব অভাব আছে। কাজেই পশ্চিমবঙ্গের মঙ্গল এর মধ্যে নিহিত আছে।

মাননীয় সদস্য শ্রীসুরেশ ব্যানার্জি মহাশয় নদীয়া জেলা সম্বন্ধে সাধারণভাবে বলেছেন। আমার সামান্য সময়ের মধ্যে তাঁকে বলতে পারি যে নদীয়া জেলার অবস্থা অত্যন্ত শোচনীয় সে বিষয় সন্দেহ নেই। কারণ যে জেলার লোকসংখ্যা পার্টিসনএর পূর্বে, স্বাধীনতার আগে ৭ লক্ষ ছিল আজ সেখানে লোকসংখ্যা ১৪ লক্ষের উপর হয়ে গিয়েছে এবং নদীয়া জেলায় ৭ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এসেছে। তাই নদীয়া জেলা বিশেষভাবে সংকটাপন্ন হয়েছে এ বিষয়ে

সন্দেহ নেই। বিশেষ করে গত বৎসরের বন্যায় নদীয়া জেলায় আউস ধান সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে এবং আমন ধানও অর্ধেক পরিমান নষ্ট হয়ে গিয়েছে। এবার রবি ফসল নষ্ট হয়েছে। সুতরাং নদীয়া জেলায় যে অন্নকষ্ট হবে তাতে আশ্চর্য হবার কিছুই নেই। এখানে অনেকেই ঠাট্টা করে বলেছেন সেখানে কেন আপনারা লোক খাওয়াচ্ছেন, কিন্তু এটাকে তারা ভিক্ষার মত দেখছে না। তারা সেখানে নিজেরা দেখেশুনে সেটা করছে। মাননীয় সদস্যরা যদি সেখানে গিয়ে দেখে আসেন তাহলে আমি যে কথা বলেছি তার মূল্য দেবেন। সেখানে একটা পরিষ্কার পরিবেশ ও আবহাওয়ার মধ্যে তারা নিজেরা রাধছে ও খাচ্ছে। এবং তাদের সেখানে পুষ্টিকর খাদ্য দেবার ব্যবস্থা হয়েছে। যদিও এটা লজ্জার কথা তবুও এটা ভেবে দেখতে হবে যে নদীয়া জেলায় যেখানে আগে ৭ লক্ষ লোক ছিল সেখানে এখন ১৪ লক্ষ লোক হয়েছে, সেখানে সুষ্ঠুভাবে পুনর্বাসন হয় নি, সেখনে আমাদের রিলিফএর কাজ করতে হচ্ছে এবং প্রাকৃতিক দুর্যোগের জন্য আরো বেশী করে রিলিফ দেবার প্রয়োজন হয়েছে। মাননীয় সুরেশ ব্যানার্জি মহাশয়কে বলতে পারি যে সেখানে রিলিফএর কাজ যথাযথভাবে করছি এবং যা প্রয়োজন তা দেবার চেষ্টা করছি। তারপর নদীয়া জেলায় এবার আশংকা হয়েছিল যে এবারও ভালভাবে চাষ হবে না। অবশ্য সকলেই জানেন এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়ও জানেন যে, নদীয়া জেলায় আমনের চেয়ে আউস ধান বেশী হয়। এবার সেই আউসের চাষ প্রায় নষ্ট হয়ে গিয়েছে। আমরা মনে করছি যে বর্ষা ভাল হলে আমন ভাল হতে পারে। এখন আমরা যতটা পারছি লোককে কৃষি ঋণ দিচ্ছি, এবং গরু কিনবার জন্য টাকা দেবো, এবং দরকার হলে চাষের জন্য ট্র্যাক্টর পাঠিয়ে চাষ করবার ব্যবস্থা করবো। মাননীয় সদস্য সরোজ রায় মহাশয় মেদিনীপুর জেলা সম্বন্ধে বলেছেন যে মন্ত্রীমহাশয়ের কাছে তিনি গিয়েছিলেন এবং তিনি বলেছিলেন যে ১২টি স্কিম অমুক তারিখের মধ্যে হবে। আমি বলেছিলাম যে সদর উত্তর মহকুমায় এবং আপনারা জানেন যে মেদিনীপুর সদর দুই ভাগে বিভক্ত, সদর উত্তর এবং সদর দক্ষিণ—আমি বলেছিলাম যে সদর উত্তরে ১২টি স্কিম হবে এবং উনি হয় ত ভেবেছিলেন যে একমাত্র গড়বেতায় ১২টি স্কিম হবে। জেলা শাসক তাঁকে বলেছিলেন যে তিনটি স্কিম হবে এবং তিনটি স্কিমই হয়েছে। তিনি আরো বলেছিলেন যে গড়বেতা কলেজের সামনে যে পুকুর কাটা হয়েছে তাতে ভাল কাজ হয় নি। জমিদাররা সেখানে পেমাস্টার হয়েছিলেন। কে পেমাস্টার হবে তা জেলা শাসকই ঠিক করেন। আমার কাছে যে সংবাদ এসেছে তাতে পুকুর ভালই হয়েছে, টাকা অপব্যয় হয় নি। তবে আমরা যতটা আশা করেছিলাম পুকুরে জল হবে তা হয় নি। (লাফ্টার) এর নানা কারণ আছে। সেখানে মাটি খারাপ, পাথরে মাটি, সেখানে কাজে কাজেই জল হয় না। মেদিনীপুর জেলায় আমরা কৃষি ঋণ দিয়েছি সাড়ে চার লক্ষ টাকা, টেস্ট রিলিফএ সোয়া তিন লক্ষ টাকা দুই মাসের মধ্যে দিয়েছি। এবং আমরা সেখানে চাল পাঠিয়েছি, গম পাঠিয়েছি এবং আটা পাঠিয়েছি। কিন্তু মাননীয় সদস্য বলছেন যে সেখানে তারা গম পিষতে পারে না। এই মাত্র আমার কাছে এসে মাননীয় বিজয় লাল চাটার্জি মহাশয় বললেন যে নদীয়া জেলায় গ্রামে গ্রামে লোকেরা গম পেষে। [শ্রীযুক্ত বঙ্কিম মুখার্জিঃ বোধ হয় কবিতা দিয়ে পেষে।] কেন পারবে না? এখানে মাননীয় সদস্যরা যদি গ্রামে গ্রামে গম পেষাবার ব্যবস্থা করতে পারেন তাহলে গ্রামবাসী নরনারীদের ভালভাবে সাহায্য করতে পারবেন। ২৪-পরগনা জেলা ম্যাজিস্ট্রেট আমাকে বলে পাঠিয়েছিলেন যে আমাদের কিছুটা গম কিছুটা আটা দেন। আমরা সেখানে গম ও আটা দিয়েছি। টেস্ট রিলিফএর কাজ করছে ৫৪ হাজার ৮ শত লোক এবং ৫৯টি স্কিম চলছে। একজন মাননীয় সদস্য বলেছেন যে, মহামান্য রাজ্যপাল মহোদয়া বলেছেন যে, দুই লক্ষ লোক টেস্ট রিলিফএ কাজ করছে এবং আপনি বলেছেন যে ৫ লক্ষ লোক কাজ করছে। এর কোনটি সত্য? হ্যাঁ দুইটিই সত্য দুই লক্ষও কাজ করছে, ৫ লক্ষ লোকও কাজ করছে। মাননীয়া রাজ্যপাল মহোদয়া যে কথা বলেছিলেন সে কথা ১৫দিন আগের কথা—পুরাণো কথা, তিনি আজকের কথা বলতে পারেন নি।

7-35—7-40 p.m.]

সপ্তাহে ৯ লক্ষ লোককে আমরা টাকা, চাল, গম প্রভৃতি দিচ্ছি। নদীয়া জেলার কথা বলছি—একজন সদস্য বললেন আমরা টাকা চাই না। নদীয়া জেলার লোক এ কথা বলছে, আবার মালদহ

জেলার শ্রীমিশ্র মহাশয় বললেন আমরা টাকাও চাই না, চালও চাই না, সপ্তাহের ছয়দিনই আমাদের গম দিতে হবে। নদীয়াও তাই বলছে। কেন তারা গম খাবে না? অন্যান্য মাননীয় সদস্যরা মনে করতে পারেন গম সুখাদ্য নয়। কিন্তু, তা নয়, চালের চেয়ে মোটেই খারাপ নয়।

হাওড়া জেলাতে আমাদের বিভিন্ন খাতে টেস্ট রিলিফের কাজ বেশ ভাল ভাবেই চলছে, তবে এই টেস্ট রিলিফের কাজ অন্য জেলার মত ব্যাপক নয়। তিন হাজার লোক হাওড়া জেলায় টেস্ট রিলিফের কাজ করছে। এখানে আমাদের পানচাষীদের অবস্থা অত্যন্ত খারাপ হয়েছিল গত বন্যার পর ; তাদের ৫,১৫০টা বরজের জন্য টাকা সাহায্য দেওয়া হয়েছে। সেখানে লোন দেওয়া হয়েছে, ২,৩১,০০০ টাকা, মাচা করে দেওয়া হয়েছে, তা ছাড়া টেস্ট রিলিফের টাকা খরচ হচ্ছে। অন্যান্য জেলায় যেমন, যেমন দরকার, প্রয়োজন অনুসারে তেমনি টাকা খরচ করা হবে। যত টাকাই দরকার হোক না কেন টেস্ট রিলিফের জন্য, এগ্রিকালচার লোনের জন্য বা অন্যান্য সাহায্যের জন্য, আমরা টাকা খরচ করবো। আমাদের দেশে এক, এক সময় বেকার কিছু বেশী হয়, তখন তাদের জন্য যে রকম টেস্ট রিলিফের দরকার হবে, তার ব্যবস্থা আমরা করবো, তারজন্য কোনপ্রকার কার্পণ্য করবো না। যত কাটমোসান এসেছে, আমি তার বিরোধীতা করছি এবং আমি যে টাকা চেয়েছি সেটা অনুগ্রহ করে মঞ্জুর করবার জন্য হাউসের সকল মেম্বরগণকে অনুরোধ করছি।

Mr. Speaker: I will put *en block* all the cut motions to vote except motion No. 44.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mihir Lal Chatterji that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Kumar Pandey that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Niranjan Sen Gupta that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Dey that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Dey that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jamadar Hasda that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Phakir Chandra Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Deben Sen that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Janab Elias Razi that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Nakul Chandra Sahis that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhubon Chandra Kar Mahapatra that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gangadhar Naskar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Amal Kumar Ganguly that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bankim Mukherji that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Panchugopal Bhaduri that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bijoy Krishna Modak that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bijoy Krishna Modak that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Basu that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhakta Chandra Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Lal Chatterjee that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Lal Chatterjee that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Ramanuj Haldar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Misra that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jagadananda Ray that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Niranjan Sen Gupta that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Janab Syed Badrudduja that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 1,77,92,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—81.

Abdulla Farooquie, Janab Shaikh
Badrudduja, Janab Syed
Banerjee, Sj. Dhirendra Nath
Bangrjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Prámatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Janab
Gupta, Sj. Sitaram
Haider, Sj. Ramanuj
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Misra, Sj. Monoranjan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari

Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj Niranjan
Taher Hossain, Janab

NOES—142.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blanchó, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kanti
Mukherjee, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Muzaffar Hossain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Patel, Sj. R. E.

Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Huque, Janab Md.

The Ayes being 81 and the Noes 142, the motion was lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 1,77,92,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 33, Major Head "54—Famine", was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-44 p.m. till 3 p.m. on Friday, the 14th June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 14th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 214 Members.

[3—3-10 p.m.]

Adjournment motion

Sj. Provash Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছিলাম এবং আশা করি সেটা আপনি মুভ করতে দেবেন। এটা খুব একটা ম্যাটার অফ পাবলিক ইম্পর্ট্যান্স—এটা অত্যন্ত জরুরী। এটা হচ্ছে যে, কালিঘাট-ফলতা রেলওয়ে লাইন গভর্নমেন্ট তুলে দিচ্ছেন, ১৯৫৭ সালের এপ্রিল থেকে। যার ফলে ঐ অঞ্চলের ৫টি থানার জনসাধারণ ব্যাপকভাবে অসুবিধার মধ্যে পড়েছে।

Mr. Speaker: It is a Central subject. Therefore I have disallowed it. You can only read your motion—nothing more, not even the statement.

Sj. Provash Chandra Roy: The proceedings of the Assembly do now adjourn to raise a discussion of a definite matter of urgent public importance and of recent occurrence, namely, great inconvenience caused to the public due to the closure of the Kalighat-Falta Railway and failure of the Government of West Bengal to urge upon the Union Government not to close down the said railway.

আশা করি এর উপর ২।১টি কথা আমাকে বলতে দেবেন।

Mr. Speaker: I am afraid, not—I wish I could.

Sj. Provash Chandra Roy:

আমাকে ওনলি টু মিনিটিস সময় দিন।

Mr. Speaker: That will be departing from rules.

Sj. Provash Chandra Roy:

ঐ অঞ্চলের ৫টি থানায় জনসাধারণের যাতায়াতের বহু অসুবিধা হবে।

Mr. Speaker: It does not matter. That is my decision and please accept it without demur. I have allowed you to read out your motion. This has gone down and the public will know exactly what your motion is. I have told you that it is a Central subject. I will not allow it and please accept my decision.

Sj. Provash Chandra Roy:

অন্তত একটা সর্ট স্টেটমেন্ট দিতে অ্যালাউ করুন।

Mr. Speaker: I have not allowed it in the past and I will not allow it now.

Sj. Provash Chandra Roy:

এটা সেন্ট্রাল সাবজেক্ট হ'তে পারে। কিন্তু এটা এই প্রদেশের ব্যাপার। সুতরাং বেঙ্গল গভর্নমেন্ট অর্থাৎ আমাদের প্রভিন্সিয়াল গভর্নমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টএর সঙ্গে বসে যাতে এই কালিঘাট-ফলতা রেলওয়ে লাইনটি থাকে তার জন্য যেন চেষ্টা করেন। বিধানবাবুর এই বিষয় যদি একটা সুচিন্তিত নীতি থাকে তা হ'লে তিনি যেন তার চেষ্টা করেন।

Mr. Speaker: Do not make a speech indirectly. I told you that Government must have taken notice of the fact since a motion has been read in this House. They cannot overlook the fact that a motion has been read out in the House and I have told you also quite plainly that this is a matter which does not come within the province of the State Government.

Sj. Provash Chandra Roy:

আমি পুনরায় তাঁকে অনুরোধ করছি, তিনি যেন সেন্ট্রাল গভর্নমেন্টএর সঙ্গে পরামর্শ করে এটা রাখবার ব্যবস্থা করেন।

Mr. Speaker: I think you have discussed enough.

Sj. Benoy Krishna Chowdhury:

আমার এডজোর্নমেন্ট মোশানটা আমি পড়ে দিচ্ছি।

"The proceedings of the Assembly do now adjourn to raise a discussion of urgent public importance and of recent occurrence, namely, grave situation arising out of the hunger-strike resorted to by the refugees of Panagarh air field accommodation camp in the district of Burdwan and the callous and indifferent attitude of the Government regarding the serious condition of the sick hunger-strikers in jail."

ছয়জন হাঙ্গার স্ট্রাইকার্সএর অবস্থা প্রিকেরিয়াস।

Mr. Speaker: Again I will make the same request to you.

Disallowance of question

Sj. Somnath Lahiri: On a point of information, Sir,

মন্ত্রীদের সিকিউরিটি অ্যারেঞ্জমেন্টএর জন্য যে খরচ হয় সে বিষয় আমি একটা প্রশ্ন করেছিলাম এবং এ বিষয় আমি একটা চিঠি পেয়েছি যে আমার প্রশ্নটা ডিসঅ্যালাউ করা হয়েছে। কি কারণে ডিসঅ্যালাউড হয়েছে জানতে পারি কি?

Mr. Speaker: I may tell you I shall call upon my Secretary to produce the file in my chamber. You can come to my chamber and I will give you the reasons.

Sj. Somnath Lahiri:

যথাবিধি সম্মানপুরঃসর আমি এখানে একটা কথা বলতে চাই যে, এটা একটা সাধারণ ব্যাপার—আমার পার্সোন্যাল ব্যাপার নয়, এই হাউসএরই ব্যাপার।

Mr. Speaker: I will only tell you this. You have put a question, I have disallowed it. It primarily concerns you and the reasons for disallowance are not discussed in the House. That was not done in the past.

Point of Privilege

Sj. Deben Sen: On a point of privilege, Sir. The decision that you have just now given seriously affects some of our rights. As I was listening, the simple question asked was as to how much money is being spent for security purpose for the Ministers. I think, in the past similar questions have been asked and replied. If this time it is not replied and disallowed

by you, certainly it takes away some of our rights. I was going through the Rules as also May's Practice. I do not find anywhere anything saying that such questions have to be disallowed. I will therefore respectfully submit that before you give your ruling on this point, let the matter be more thoroughly reviewed by the Speaker himself so that our rights should not be curtailed.

Mr. Speaker: I have invited the honourable member to come to my chamber. It naturally means that the matter is not closed; we will discuss it and I will let him know my final decision.

Personal Explanation

Sj. Jatindra Chandra Chakravorty: On a point of personal explanation, Sir. During the debate on the 11th instant, honourable member, Shri Shukla made certain serious allegations against me and my party. Honourable member Shri Deben Sen, on a point of privilege, wanted the charges to be substantiated. You also assured us to give your ruling today. Since then at my suggestion you have been kind enough to supply me a copy of the speech of Shri Shukla. I assert that the charges are completely baseless. I might also add that a complaint was made that my party had committed offences against supporters of the Congress. I can assure the House through you that the allegations are wholly untrue. There was an enquiry at the instance of the Government. I can assure the House also that no civil or criminal case was started against any member of my party nor any private prosecution was also started.

Mr. Speaker: I promised to the honourable members of this House to give my decision today. It is this. I have, after carefully reading the speech made by the honourable member Mr. Shukla, come to this conclusion that Mr. Shukla should not have made charges against you or your party without furnishing particulars. I insist in future that if any charges are made by any honourable member against any individual or any party, he must be prepared to come forward with particulars. It is unfair to make charges unless they are supported by particulars and because of the absence of particulars I do not approve of the charges made by Mr. Shukla.

I do not think it is necessary, after what I have said, that the matter should be referred to the Committee of Privileges. But I may remind every honourable member on both sides of the House that in future if any member wishes to make any charge against any individual member or his party or any outsider, not present in this House, he should be very careful about it because I shall not allow these things to be done unless particulars are furnished. The matter is closed.

Sj. Bankim Mukherji: Your disapproval of the speech means disapproval by the House.

Mr. Speaker: Certainly, it means disapproval.

[3-10—3-20 p.m.]

DEMANDS FOR GRANTS

Major Head: 63—Extraordinary charges in India

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of Her Excellency the Governor, I beg to move that a sum of Rs. 1,02,11,000 be granted to complete the sum necessary for expenditure under grant No. 42, Major Head "63—Extraordinary charges in India."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন বছর আগে ভারতবর্ষ থেকে কন্ট্রোল প্রথা যেদিন বিলুপ্ত হয়, আমাদের দেশের লোকেরা সেদিন হাঁফ ছেড়ে বেঁচেছিল, স্বস্তির নিঃশ্বাস ফেলেছিল। তখন সকলে বলেছিল কন্ট্রোলের দরুন যেসমস্ত বিরক্তিকর ব্যবস্থা আছে, তার অবসান হ'ল। তখন অনেকে মনে করেছিল এবং আমিও মনে করেছিলাম যে, কন্ট্রোল উঠে যাবার পর আমাদের খাদ্য বিভাগ রাখবার আর কোন প্রয়োজন থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের খাদ্য বিভাগ এবং (সাপ্লাই) সরবরাহ বিভাগে ১৮,৭০০ জন কর্মচারী ছিল। আমাদের খাদ্য বিভাগের সম্পূর্ণরূপে বিলোপসাধন করবার জন্য প্রস্তাব আমরা গ্রহণ করি নি। তথাপি আমাদের খাদ্য বিভাগে ১২ হাজারের উপর কর্মচারী সারপ্লাস ব'লে ঘোষিত হয়েছিল এবং এটা অত্যন্ত সুখের বিষয়, আনন্দের বিষয় যে, সেইসমস্ত কর্মচারীদের আমরা অন্যত্র, পশ্চিমবঙ্গ-সরকারের অন্যান্য বিভাগে নিয়োগ করতে সক্ষম হয়েছি। যদিও খাদ্য বিভাগ আমরা তুলে দিতে পারি নাই এবং খাদ্য বিভাগের প্রয়োজনীয়তা আরও বেশিদিন থাকবে ব'লে প্রথমে আমি ভাবি নাই—তথাপি আমাদের খাদ্য বিভাগের জন্য আরও কিছু কিছু ব্যয় করতে হচ্ছে। আজকে আমি আপনার সামনে ১ কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের জন্য উপস্থিত হয়েছি। আমাদের পশ্চিম বাংলায় শুধু নয়, ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও খাদ্যাবস্থা সম্বন্ধে অনেকে চিন্তিত হয়েছেন—যদিও আমাদের কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী মহাশয় মনে করেন এবং এ সম্বন্ধে দৃঢ়মত ব্যক্ত করেছেন যে, ভারতবর্ষে খাদ্যের উপর পুরাপুরি নিয়ন্ত্রণ অর্থাৎ কন্ট্রোল, রেশনিং ও প্রকিওরমেন্ট হবে না। তিনি একথা সকলকে শুনিয়ে দিয়েছেন, দেশও আশ্বস্ত হয়েছে। আমাদের এদিককারই হোন বা ওদিককারই হোন, এই হাউসের কোন সদস্যই আমার যতদূর মনে হয়, কন্ট্রোল রাখতে চান না। তথাপি এমন অবস্থা দাঁড়িয়েছে যাতে কিছু কিছু দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হয়েছে। আমি একটু আগে হিসেব ক'রে দেখেছিলাম যে, আজকের দিনে পশ্চিমবাংলায় সরকারকে প্রায় ২০ লক্ষ লোকের আংশিকভাবে খাদ্য সরবরাহের ভার নিতে হয়েছে। ২০ লক্ষ লোককে হয় মডিফাইড রেশনিং বা ফেয়ার প্রাইস শপ থেকে চা'ল বা গম দিতে হচ্ছে। আর যাদের আমরা টেস্ট রিলিফএর কাজে নিযুক্ত করেছি, তাদেরও মজুরি বাবদ গম দেই। এইসমস্ত কাজ আমাদের করতে হচ্ছে। তবে খাদ্যবিভাগের ব্যয়ভার পূর্বাপেক্ষা অনেক ক'মে গেছে। আগে বছরে ৩ কোটি টাকার উপর খরচ হ'ত। সেখানে এখন ১ কোটি টাকার মত খরচ হচ্ছে। এবার মোট ১ কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয় ধরা হয়েছে। তার মধ্যে ৪০ লক্ষ টাকা পুলিস এবং এক শ্রেণীর সরকারী কর্মচারী যাদের ১৯৫৫ সাল পর্যন্ত সস্তায় খাদ্য দেওয়া হ'ত তাদের জন্য ধরা হয়েছে। আমাদের যে সাপ্লাই বিভাগ, তার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে, তা প্রায় ১১ লক্ষ টাকা। এবং এই টাকা আমাদের যেসমস্ত লাইসেন্স-ফি আদায় করা হয়, তা থেকেই উঠে যাবে। তার জন্য সরকারকে অতিরিক্ত খরচ করতে হবে না।

আমার খাদ্য বিভাগের এই সামান্য ব্যয়, আমি আশা করি হাউসের সকল সদস্যগণ মঞ্জুর করবেন।

(*Mr. Speaker: I take it that all the cut motions are moved.*)

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Food Supply Department employees.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to supply foodstuffs in subsidised rate in the rural areas of the State.

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about.

বীজপুর থানায় জেঠিয়া মাঝিপাড়া ইউনিয়নের অন্তর্গত চাকনা গ্রামে একটি সংশোধিত রেশনের দোকানের প্রয়োজনীয়তা।

Sj. Gobardhan Das: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about.

রামপুরহাট মহকুমার গ্রামাঞ্চলে ভয়াবহ খাদ্যসংকট নিবারণকল্পে পশ্চিমবঙ্গ সরকারের অক্ষমতা।

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to supply adequate quantity of rice in the Fair Price Rice shops in Kancharapara and Halishahar Municiplities.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the present critical food position in West Bengal and Government's failure to supply the requisite quantity of rice through Fair Price shops at Rs. 13.50 a maund in rural areas and at Rs. 15 a maund in other places.

Sj. Deben Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the loss on sale of subsidised food.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the food policy of the Government.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to sanction more money to supply food to the people of West Bengal at a cheaper rate.

Sj. Samar Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make payment of outstanding bills amounting to Rs. 2,028-4-6 to Shri Karuna Kanta Baisya, D.P. Agent of Bandipore in the district of 24-Parganas for the last four years.

Sj. Panchugopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to take proper steps for ensuring full sowing of normally cultivated areas in the distressed parts of West Bengal and especially in the villages in the Dankuni Beel in the district of Hooghly.

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,02,11,000 Rs. 1,02,11,000 for expenditure under Grant No. 42, Major Head "63— for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary charges in India", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in supplying adequate quantity of rice—

(*a*) in the rural areas of Barrackpore subdivision where only 1,000 maunds of rice and 1,000 maunds of wheat have been allotted for eight unions through the Ration shop (about 49 in number) for a period of two weeks and thus the needs of the villages like Keotia, Ramchandrapore, Harishpore, Barikpara, Kuliagarh, Mukundapore, etc., and like other villages throughout the whole rural belt of the subdivision have been criminally neglected.

(*b*) Rice and wheat to be distributed through Fair Price Ration shops in the Urban areas and among the labouring and lower middle and middle class families are also very inadequate. And the apprehension that these rice and wheat will not go away in black-market is there—no steps have been taken by the Government in this respect.

(*c*) Arrangement for selling other daily necessaries of life like mustard oil, sugar, etc., from Fair Price shops have not been made.

Dr. Ranendra Nath Sen:

সভাপাল মহাশয়, আজকে আমাদের সমগ্র দেশে যে খাদ্যের সংকট, যে দুর্ভিক্ষের অবস্থা তার জন্য মূলত আমরা একমাত্র পশ্চিমবাংলা সরকারকে দায়ী করতে পারি। আপনারা জানেন ১৯৫৩-৫৪ সালে আমাদের দেশে ভাল বর্ষার জন্য, ভাল খাদ্য উৎপন্ন হয়। সমস্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনার একমাত্র লক্ষ্য ছিল যে, দেশে ভাল খাদ্য উৎপন্ন যাতে হয়, যাতে দেশ খাদ্যে স্বাবলম্বী হয়; তিন বছর আগে জওহরলাল নেহরু বলেছিলেন—আর দেশে যাই ঘটুক, আমরা বিদেশ থেকে খাদ্যশস্য আমদানী করব না। কিন্তু এ বছর অল-ইন্ডিয়া কংগ্রেস কমিটির মিটিংএ সেই নেহরুজী, তিনি আক্ষেপ করে বলেছেন—আমাদের দেশে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে বিদেশ থেকে খাদ্য আমদানী করতে হবে। যতই কেন বলুন না, কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী জৈনজী বড় বড়, লম্বা লম্বা কথা বলুন আজকে ভারত সরকার থেকে, পশ্চিমবাংলা সরকার থেকে আরম্ভ ক'রে দেশের জনসাধারণ, সকলেই অনুভব করছেন বাংলা-দেশে দারুণ খাদ্যসংকট, দুর্ভিক্ষের অবস্থা। কিন্তু, হঠাৎ এই দুর্ভিক্ষের অবস্থা, বর্তমানের খাদ্যসংকট আসে নি। আগেই বলেছি এক বছর মাত্র খাদ্য উৎপন্ন হয়, তারপর দুই বছর পর পর খাদ্যের ঘাটতি হয়েছে। কিন্তু গভর্নমেন্টের, আমাদের পশ্চিমবাংলা সরকারের, তরফ থেকে খাদ্যসংগ্রহ করার কোন ব্যবস্থা করা হয় নি। কালকে প্রফুল্লবাবু যা বললেন, তাতে তিনি নিজে স্বীকার করলেন যে, আমাদের খাদ্য সংগ্রহের জন্য কোন ব্যবস্থা নাই এবং থাকবেও না। কিন্তু যখন সরকার পর পর দু' বছর দেখলেন যে, খাদ্যসংকট হচ্ছে তখন কি কারণে সরকার খাদ্য সংগ্রহের জন্য ব্যবস্থা করেন নি? গত বছর জানুয়ারির প্রথম থেকে মার্চ মাসে খাদ্যের দাম বাড়তে আরম্ভ করে। গভর্নমেন্ট জানতেন এবং তদানীন্তন কেন্দ্রীয় মন্ত্রী অরুণ গুহ বলেছিলেন পার্লামেন্টে যে, মজুতদাররা খাদ্য সংগ্রহ করে রাখছেন। সমস্ত জেনেশুনেও এই গভর্নমেন্টের তরফ থেকে কোন প্রচেষ্টা হয় নি। শুধু যে প্রচেষ্টা হয় নি তা নয়, আরও লজ্জাকর ব্যাপার হচ্ছে যে, গত বছর সেপ্টেম্বর-অক্টোবর মাসে যখন বন্যায় বাংলাদেশের চারটা জেলা ভেসে গেল, তখনও গভর্নমেন্ট কিছুই চিন্তা করলেন না যে, খাদ্য

সংগ্রহ করা দরকার হ'ল। খাদ্য নষ্ট হয়ে গিয়েছে, এখন তার সুযোগ মজুতদার এবং এন্টি সোস্যাল এলিমেন্টসরা নেবে, সে কথা সরকার একবার চিন্তা করলেন না; এবং তা না করার ফলে আজকে খাদ্যের দাম হু হু ক'রে বেড়ে যাচ্ছে। যদি বাজারে যেতেন এবং তা দেখে খাদ্য সংগ্রহ করতেন তা হ'লে আজ বাংলাদেশে খাদ্যের দাম কমত, মজুতদাররা শায়েস্তা হ'ত এবং সঙ্গে সঙ্গে একটা স্টকও সৃষ্টি হ'ত। কিন্তু এই সরকার এতই উদাসীন, এতই অপদার্থ যে তাঁরা এ বিষয় একটু ভাববারও দরকার মনে করলেন না। তাঁর একমাত্র ভরসা জৈনজী আছেন, কেন্দ্র থেকে খাদ্য আসবে। পশ্চিমবাংলার প্রায় তিন কোটি জনসাধারণের ভাগ্যটা ছেড়ে দিলেন তাঁর হাতের উপর। আজকে যে খাদ্যের দাম বাড়ছে সেই সম্পর্কে কি কৈফিয়ত দিচ্ছেন, না, দেশের লোকের অবস্থা ভাল হয়েছে এবং কৃষকরা নাকি খাদ্য মজুত করছে। এই দুটা হচ্ছে রাবিস যুক্তি, এই দুটা হচ্ছে, লাইং যুক্তি, এটা একটা স্টান্ট, সেকথা মন্ত্রীরা জানেন।

[3-20—3-30 p.m.]

আমি প্রফুল্লবাবুকে প্রশ্ন করতে চাই যে, এটা কি তিনি অস্বীকার করেন যে, কিছুদিন আগে পর্যন্ত শা ওয়ালেস কোম্পানি পশ্চিম বাংলা সরকারের খাদ্য সংগ্রহ করতেন? তারপরে এরকম অবস্থা হ'ল যে শা ওয়ালেসের পরে আর দুটো সাব-এজেন্সি হ'ল, একটা সাব-এজেন্সি হ'ল চৌধুরী অ্যান্ড কোম্পানি—যার মালিক পি সি চৌধুরী, আমাদের মন্ত্রী পি সি সেনের অন্তরঙ্গ বন্ধু—একথা কি প্রফুল্লবাবু অস্বীকার করতে পারেন? তারপরে কি কারণ ঘটল, কি অবস্থা ঘটল, কি ব্যাপার ঘটল যে, দেশের কোন লোক জানল না। আমাদের অ্যাসেমব্লিতে একবার প্রশ্নোত্তর হয়েছিল। সেই প্রশ্নোত্তরে স্বীকার করা হয়েছিল যে, হাঁ, শা ওয়ালেস এক সময় আমাদের চা'ল সংগ্রহ করত। তারপরে কি হ'ল? হঠাৎ কি কারণ ঘটল? আমাদের কাছে নানান রকমের অভিযোগ এসেছে। আজকে এই অ্যাসেমব্লিতে সেকথা বলার সুযোগ নেই—বলতেও পারছি না, কিন্তু আমাদের সঙ্গে যে চিঠি আছে, যে খবর আছে সে খবরে আরও আমরা অনেক দূর কল্পনা করতে পারি—এইরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। আমি সংক্ষেপে এই কথা বলছি যে, আজকে বাংলাদেশে যে লঙ্গরখানা, যে দুর্ভিক্ষের অবস্থা তার জন্য এই পশ্চিমবাংলা সরকার এবং শ্রীপ্রফুল্ল সেন মূলতঃ এবং মুখ্যতঃ দায়ী এবং তাঁরই সরকার এখানে দায়ী।

তৃতীয় কথা তাঁর বাজেটের মধ্যে ডিস্ট্রিবিউশনএর কথায় তিনি বলেছেন যে, ডিস্ট্রিবিউশন আমরা করছি। তিনি এইমাত্র বললেন যে, ২০ লক্ষ লোককে আংশিকভাবে আমরা অন্ততঃ খাদ্য দিয়ে থাকি। তার নমুনাটা কি রকম। নমুনা হচ্ছে যে, গ্রামাঞ্চলে এবং শহরে যে তারা মডিফায়েড রেশনিং করেছেন, কিছুদিন থেকে তাঁরা শুরু করে দিয়েছেন যে, মডিফায়েড রেশনিংএ শুধু গম দেওয়া হবে। মেদিনীপুর শহরের মত শহর খাঁটি বাংলাদেশ, দেশের লোক গম খেতে চায় না, সেখানে সপ্তাহে সপ্তাহে তাঁরা শুধু গম দিয়ে যাচ্ছেন। খড়্গপুরের শহরে ৪২টা মডিফায়েড রেশন শপ, সেখানে তাঁরা শুধু গম দিচ্ছেন। সেখানকার জনসাধারণ ১৫টা টেলিগ্রাম ক'রে তার প্রতিবাদ করে প্রফুল্লবাবুর কাছে পাঠিয়েছেন, তার জবাব পর্যন্ত প্রফুল্লবাবু দেন নি। খড়্গপুরের লোকেদের এই অভিযোগ। মন্ত্রীদের অন্ততঃ এইটুকু শালীনতাবোধ থাকা দরকার, তাঁর ডিপার্টমেন্টএ ১ কোটি ৮০ লাখ টাকা খরচ হবে। সেই ডিপার্টমেন্টএ এইটুকু ভদ্রতাজ্ঞান থাকা দরকার যে তার জবাব দেবে। আর আজকে এইখানে দাঁড়িয়ে গম মাহাত্ম্য তিনি গেয়ে গেলেন। বাঙ্গালীর কাছে গম মাহাত্ম্য তিনি গাইলেন? এতই যদি তাদের গমের প্রতি দরদ থেকে থাকে তা হ'লে পরে আমি তাকে জিজ্ঞাসা করি টেস্ট রিলিফ, কাজে লোককে যেখানে বাঙ্গালী কৃষককে যেখানে ৪ দিনের বেতন গমে দেওয়া হচ্ছে —আরামবাগ জেলায় কেন দেওয়া হচ্ছে না? সেটা কি তাঁর এলাকা বলে? এতই যদি গমের মাহাত্ম্য হয়ে থাকে তা হ'লে তাঁর নিজের এলাকায় তিনি দিন। কিন্তু সেখানে তিনি জানেন জনসাধারণ বাঙ্গালী, তারা গম বরদাস্ত করতে পারে না। আমরা বাঙলাদেশে মানুষ হয়েছি, আমরা জানি ১৯৪৩ সালের দুর্ভিক্ষের সময় পর্যন্ত লোকে গম খেতে চায় নি। তারা শহরে এবং গ্রামে জবরদস্ত করে গম প্রচলন করবার চেষ্টা করছেন। এবং এখানে দাঁড়িয়ে অত্যন্ত

খোলাখুলিভাবে কাল তিনি গম মাহাত্ম্য প্রচার ক'রে গেলেন—এই কথা বললেন—'চা'ল যখন নেই তখন গম খেতে হবে'। কেন নেই, তার কি কোন কৈফিয়ত তিনি দিয়েছেন? এত বাঁধের কথা তাঁরা বলেন, এত খালের কথা তাঁরা বলেন, এত পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা বলেন, এত কোটি কোটি টাকার কথা বলেন—টাকা নিয়ে ত' খোলামকুচি খেলেছেন, কেন হয় নি, কেন ফসল উৎপন্ন হয় নি তার কৈফিয়ৎ কে দেবে? যদি না হয়ে থাকে তা হ'লে অন্য জায়গা থেকে আনেন নি কেন? সেকথা তাঁরা ভাবেন নি। সেকথা তাঁদের ভাবা দরকার ছিল। দু' বছর আগে, এক বছর আগে যখন বাংলাদেশে গতবারে ২৫ টাকা ২৬ টাকা চা'লের মণ উঠল, সেকথা তাঁদের ভাববার দরকার হয় নি। মন্ত্রীর গদিতে ব'সে এত সুখে আছেন, আর ভাবছেন যে, নিজের দায়িত্ব সেখানে প্রতিপালন ক'রে গেছেন। তারপরে এই বাজেটের মধ্যে তাঁরা দেখাচ্ছেন যে,

loss on sale of subsidised food.

বিধানবাবু পরশুদিনকার বক্তৃতায় বললেন, ১৭৷৷০ টাকায় যে চালটা দিচ্ছি ৪৷৷০ টাকা প্রতি মণে তাতে আমরা লোকসান দিচ্ছি। কই, বাজেটে তো সেকথা বলেন নি। পাবলিকএর জন্য তাঁদের লস তো হয় নি সাবসিডাইজ্‌ড ফুড দেবার জন্য। বাজেটে সেকথা বলে না—ব্লু বুক দেখলাম, রেড বুক দেখলাম, যত বই দিয়েছেন তাতে তো দেন নি। লসটা ৪০ লক্ষ টাকা কার জন্য হচ্ছে? একটা সেকসন অফ গভর্নমেন্ট এমপ্লয়িজ। কারা সেই সৌভাগ্যবান আমি জিজ্ঞাসা করি। আমার মনে আছে ১৯৫২-৫৩ সালে এই বাজেটে লেখা হ'ত যে, পুলিশের জন্য দেওয়া হচ্ছে। ১৯৫৪ সালে যখন এই অ্যাসেমব্লিতে দারুন তোলপাড় হয় তারপর থেকে দেখলাম

a certain section of Government employees.

পুলিসকে যে দেওয়া হচ্ছে সেকথাটা তাঁরা চেপে যাচ্ছেন। কেন পুলিসকে দেবেন? কি কারণ ঘটেছে যে, তাদের সাবসিডাইজ্‌ ফুড দিতে হবে? তাদের জন্য সরকারের এত ব্যয় করতে হবে? কি কারণ ঘটেছে ৪৷৷ টাকা করে সরকারকে ঘাটতি দিতে হবে? আমি জানি ফুড ডিপার্টমেন্টএর কর্মচারীরা, রাইটার্স বিল্ডিংসএর কর্মচারীরা, সাধারণ কেরানীরা তাঁরা তো পান না সাবসিডাইজড ফুড। তাঁরা তো এসেন্সিয়াল, তাঁরা কেন পান না? পুলিসকে কেন দেওয়া হবে? এবং সেই ৪০ লক্ষ টাকার দায় জনসাধারণের ঘাড়ে তাঁরা চাপিয়ে দিচ্ছেন পুলিশকে তোষামোদ করবার জন্য। কারণ তাঁরা পুলিস রাষ্ট্র প্রতিষ্ঠা করেছেন। সেইজন্যই আজকে তাঁরা পুলিশকে হাতে রাখছেন যে, দেশবাসী বিদ্রোহ করলে পুলিসের ডান্ডা তাদের উপর চালাবেন। সুতরাং এই যে অপদার্থ নীতি আমরা তার প্রতিবাদ না ক'রে পারি না। এত বড় অন্যায় যে, আজ যদি বুঝতাম এই চাপরাসী যারা দাঁড়িয়ে আছে, এই যারা ডালহৌসি স্কোয়ারে রাইটার্স বিল্ডিংসএর চাপরাসী, কেরানী—লোয়ার ডিভিসন ক্লার্ক, আপার ডিভিসন ক্লার্ক, আপনারা যদি এদের দিতেন তবুও বুঝতাম। কিন্তু পুলিস—যাদের বিরুদ্ধে সমগ্র দেশের জনসাধারণের রাগ আছে ক্রোধ আছে।

তারপরে চতুর্থ পয়েন্টএ—আমার বেশি সময় নেই—আমি বলছি। প্রফুল্লবাবু একটু আগে বললেন ১৮ হাজার ৭০০ এমপ্লয়িজ ছিল, অনেক সারপ্লাস হয়ে গিয়ে এখন যা আছে আশা করি তাদের উপর ঝড়ঝাপটা আর আসবে না। কিরকম গভর্নমেন্টের অদ্ভুত দূরদৃষ্টি এই বাজেটটা একটু দেখলে বুঝতে পারবেন। এই বাজেটে ১৬২ পাতায় লাল বইটায় আছে,

"The increase in the revised is due mainly to the absorption of a small number of surplus staff than anticipated during the last year".

সুতরাং গত বছরে যা বুঝতে পারি নি সেই রকম অবস্থা আমরা কিছু সারপ্লাস স্টাফকে কিছু কাজে লাগিয়েছি। গতবারের বাজেট খুলে দেখলাম কি সেখানে বলা আছে—ঠিক সেম কথা বলা আছে—একই কথা, কেবল একটু যোগ দেওয়া আছে—

"due mainly to the absorption, etc."

তার আগের বছর বাজেট দেখলাম ঠিক এই কথা লেখা আছে—

"Budget anticipates the release of surplus staff on a larger scale."

কিন্তু প্রত্যেক বছর দেখা যাচ্ছে যে, তাঁদের যে এস্টিমেট তার থেকে রিভাইজড এস্টিমেট অনেক বেড়ে যাচ্ছে। অর্থাৎ কত কর্মচারী রাখতে হবে, আমার কি দরকার, কি অবস্থা, দেশে কি ঘটতে যাচ্ছে সে বিষয়ে কোন জ্ঞান নেই—ভাববার দরকার নেই। এই ১৮ হাজার কর্মচারী তাদের জীবন নিয়ে তাঁরা খেলা করছেন। সুতরাং আমি এই কাট মোশনসগুলির মারফতে এই গভর্নমেন্টের সমগ্র দেশের খাদ্য নিয়ে সমগ্র দেশের জীবনমরণ নিয়ে এবং ১৮ হাজার কর্মচারীর ভবিষ্যৎ নিয়ে তাঁরা যে খেলা খেলছেন তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং বলছি এই গভর্নমেন্টএর এই অপদার্থ নীতির অবসান হওয়া দরকার, তার জন্য ছাঁটাই প্রস্তাব দিয়েছি।

[3-30—3-40 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, বন্যা, মহামারী এবং দুর্ভিক্ষ আমাদের বাংলাদেশের পশ্চিমবঙ্গের প্রায় প্রাত্যহিক সঙ্গী হয়ে দাঁড়িয়েছে। দামোদর পরিকল্পনা বাংলাদেশকে বন্যার হাত থেকে বাঁচাতে পারল না। আর, খাদ্য উৎপাদন বৃদ্ধি তো একটা আলাদা কথা। আর্টিফিসিয়াল রেন, যে আর্টিফিসিয়াল রেনএর দরকার, সেই আর্টিফিসিয়াল রেনএর দেখা গেল কোন ব্যবস্থা নাই। কাজেই দামোদর পরিকল্পনা নয়, আর্টিফিসিয়াল রেন নয়, কোন ইরিগেশন সিসটেম নয় যা আমাদের খাদ্য উৎপাদনে বাধা সৃষ্টি করছে। খাদ্য সম্বন্ধে যাতে আমরা স্বয়ংসম্পূর্ণ হ'তে পারি তার কোন ব্যবস্থা হচ্ছে না। এ বিষয়ে সরকারের সজাগ ও সচেতন হওয়া উচিত। যখন প্রতি বছর বিভিন্ন পরিকল্পনা মারফত তারা খাদ্য উৎপাদনের ব্যবস্থা করতে পারছে না কাজেই এগুলি প্রাত্যহিক সঙ্গী হয়ে দাঁড়িয়েছে, কাজেই আজ দরকার হয়ে পড়েছে খাদ্য উৎপাদন যাতে বৃদ্ধি হয় তার ব্যবস্থা করা। খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন—১৯৫১ সালে ৫১ কোটি টাকার খাদ্য আসত। আর ১৯৫৫ সালে খাদ্য উৎপাদন বাড়তে বাড়তে ৩৩ কোটি টাকার মাত্র খাবার আসছে। কিন্তু ১৯৫৬ সালে দেখা গেল ৫৭ কোটি টাকার খাদ্য কেনা হয়েছে—প্রায় ২৪ কোটি টাকার বেশি। কাজেই খাদ্য উৎপাদন এমন একটা অবস্থায় আসে নি যাতে ক'রে খাদ্য সম্বন্ধে আমরা স্বয়ংসম্পূর্ণ হ'তে পারি—আমাদের যে লোকসংখ্যা তার জন্য খাদ্যের প্রয়োজন হচ্ছে ৪৬·১৩ লক্ষ টন—দু' কোটি ৯০ লক্ষ লোকের জন্য। ১৯৫৭ সালে ৪৩·৩ লক্ষ টন এই খাদ্য উৎপাদন হয়েছে। এই খাদ্য উৎপাদন কম নয়। আজ মাত্র এই বছরের ছ' মাস কি সাত মাস কেটেছে, এর মধ্যে যে বাজারে কেন খাদ্যের অভাব হ'ল সেটা একটুও বোধগম্য ব্যাপার নয়, সেটা বোঝা যাচ্ছে না। নিশ্চয়ই এসব চা'ল কোন না কোন জায়গায় জমা বা হোর্ড করা আছে। যখন তাঁরা ডিকন্ট্রোল করেছিলেন তখন আমরা সাবধানবাণী উচ্চারণ করেছি, সরকারের এটা বোঝা উচিত ছিল যে, ডিকন্ট্রোল আমরা নিশ্চয়ই চেয়েছিলাম এবং ডিকন্ট্রোল ক'রে খাদ্যমন্ত্রী যে বলেছিলেন হাঁফ ছেড়ে বেঁচেছি এটাও সত্য। কিন্তু যেহেতু বাংলাদেশে অনেক ব্যবসায়ী আছে যারা দেশের বাজারে সাধারণের অবস্থার সুযোগ নিয়ে তাদের স্বার্থ পূরণ করবার জন্য চেষ্টা করবে। কাজেই সেদিক থেকে গভর্নমেন্টএর উচিত ছিল একটা স্টোর বিল্ট করা যাতে হোর্ড করবার জন্য বাজারে খাদ্যের অভাব না হয় এবং খাদ্যের দাম না বাড়তে পারে। গত বছরও আমি এ বিষয়ে সাবধানবাণী উচ্চারণ করেছিলাম এবং তখন খাদ্য-মন্ত্রী মহাশয় বলেছিলেন এ বিষয়ে ভারত গভর্নমেন্ট স্টক তৈরি করেছেন। কাজেই বর্তমানে যেসমস্ত হোর্ডিং হয়ে আসছে, ভারত গভর্নমেন্ট এর যে এসেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্ট করেছে সে আইনকে এখন পর্যন্ত কেন কাজে লাগান হচ্ছে না। সে খবর পাই না। কাজেই যদি আট আনা বা দশ আনা সের চা'ল সস্তা বলেন এবং তাতেই একটু আত্মসন্তুষ্টির মনোভাব নেন তা হ'লে এর কোন মানে হয় না। আট আনা বা দশ আনা অর্থাৎ ২৫।২৬ টাকা এমন কি ২৮।২৯ টাকাতেও চা'ল ক'মে বেড়ে হতে পারে এতে লোকের সাধারণ সুবিধা হচ্ছে বলে আমি মনে করি না। আমি মনে করছি আগস্ট-সেপ্টেম্বর মাসে হয়ত এমন একটা অবস্থা, দুর্দিন এসে দাঁড়াবে হয়ত তখন জিনিসপত্রের দাম অত্যধিক বেড়ে যাবে। কাজেই এসেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্টকে শীঘ্র কাজে লাগান দরকার এবং হোর্ডিং, যা জমা আছে সেই চা'লগুলি নিয়ে বাজারে ছেড়ে দেওয়া প্রয়োজন। এই অ্যাক্ট আছে তিন মাস পূর্বে চা'লের যে দর ছিল সেই দরে চা'ল তারা নিতে পারবে।

তারপর প্রফুল্ল সেন মহাশয় রাজ্যপালিকার ভাষণের উত্তরে বলেছেন যে, পাকিস্তানে চা'ল যায় না। বিহারে কিছু কিছু চা'ল যাচ্ছে। আর আজকে কেন্দ্রের খাদ্যমন্ত্রী অজিতপ্রসাদ জৈন বলেছেন যে, পাকিস্থানে যে চা'ল চালান হচ্ছে—তাই হ'ল বর্তমান খাদ্য পরিস্থিতির দুর্গতির কারণ। কাজেই কোন্ কথা ঠিক?

খাদ্যমন্ত্রী বলছেন যে, পাকিস্তানে চা'ল চালান হচ্ছে না আর অজিতপ্রসাদ জৈন বলছেন যে পাকিস্তানে চা'ল চালান হচ্ছে—সেটাই হচ্ছে খাদ্য পরিস্থিতির মুখ্য কারণ। সুতরাং কোন্‌টা আমরা বিশ্বাস করব? কাজেই যাতে বাজার থেকে, হোর্ডিং থেকে চা'ল নেওয়া হয় এবং চা'ল এখান থেকে বেরিয়ে না যায়—উড়িষ্যা গভর্নমেন্ট যেমন করেছে, বীরভূমে যেমন করা হয়েছে—তার ব্যবস্থা করা উচিত। তারপরে খাদ্যমন্ত্রী কালকে বলেছেন যে, যে জমি আছে সমস্ত জমিকে চাষের কাজে লাগানো হয়েছে। পরলোকগত মেঘনাথ সাহা বলেছিলেন যে, ৩০ লক্ষ একর ওয়েস্ট ল্যান্ড আছে আর ৬ লক্ষ একর আবাদযোগ্য জমি আছে। এর কতখানি জমি কাজে লাগানো হয়েছে সেকথা তিনি বলেন নি। তিনি বললেন যে, এই সমস্ত জমিকে কাজে লাগানো হয়েছে। আমরা খাদ্যদ্রব্য মূল্য এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি থেকে দেখিয়েছিলাম যে, প্রায় ২৭ লক্ষ একর জমি ওয়েস্ট ল্যান্ড এবং আনকাল্টিভেয়েবল ল্যান্ড পড়ে আছে এবং এটা দেবার পর বাংলা গভর্নমেন্ট একটা কমিটি নিয়োগ করেন, তাঁরা অনুসন্ধান করেছেন যে কত জমি আছে। কাজেই প্রফুল্ল সেন মহাশয় যেকথা বলেছেন যে, সমস্ত জমিকে কাজে লাগানো হয়েছে সেটা ঠিক নয়। তারপরে রাজ্যপালিকার ভাষণে আছে যে, ২২এ মে ১৯৫৭ সালে চা'লের দাম ছিল ২৩·১৬ আর গত বছর ছিল ২০·২১। তিনি বলেছেন যে, ১৫ আউন্সের বেশি লোক খাচ্ছে, সেইজন্য চা'লের অভাব হয়েছে এবং চাষীরাও কিছু কিছু চা'ল জমা করছে। তাঁরা যে কিছু কিছু চা'ল জমা করেন তা প্রত্যেক বছরেই তাদের যা একান্ত প্রয়োজন সেইটুকুই তাঁরা রাখেন, তার চেয়ে বেশি তাঁরা রাখেন যে বলেছেন সেকথা ঠিক নয়। আমরা বারবার বলছি যে, চা'ল জমা আছে হোর্ডারদের কাছে কিন্তু আইন পাশ হওয়া সত্ত্বেও সরকার কোনমতে এঁদের গায়ে হাত দিতে রাজী নন। লোয়ার ইনকাম গ্রুপের ক্রয়ক্ষমতা কমেছে। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এবং এক জায়গায় রাজ্যপালিকা বলেছেন যে, তারা একটু বেশি খাচ্ছে। মুখ্যমন্ত্রীমহাশয় বলেছেন—

> "per capita consumption did not rise in proportion to the rise in the per capita income as part of the extra income was saved and invested."

কাজেই কনজাম্পসন বেশি বাড়ে নি ইনকাম বাড়ার জন্য। সুতরাং দুটো সম্পূর্ণ স্ববিরোধী কথা। এ জায়গায় বলেছেন যে, লোকের পার ক্যাপিটা ইনকাম বেড়েছে ব'লে কনজাম্পসন বাড়ে নি, তারা টাকা জমা দিচ্ছে এবং বিভিন্ন কাজে লাগাচ্ছে। কাজেই এগুলি পরস্পর-বিরোধী কথা। বাস্তবিকই যদি পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হয় তা হ'লে সেদিকে সরকারের বিশেষ দৃষ্টি দেওয়ার আবশ্যক। বন্যানিরোধের জন্য গত বছর আমরা এই অ্যাসেমব্লিতে দাবী করেছিলাম যে, একটা কমিটি নিয়োগ ক'রে এই বন্যা সম্বন্ধে অনুসন্ধান করা হোক এবং এই বন্যা কি কারণে ঘটেছে সেটাও অনুসন্ধান করা হোক। সেই কমিটি হয়ত নিয়োজিত হয়েছে কিন্তু এ পর্যন্ত তাদের সেই অনুসন্ধানের ফলাফল আমরা জানতে পারি নি।

[3-40—3-50 p.m.]

কাজেই, সেদিক থেকে আজকে খাদ্য উৎপাদনের যদি প্রকৃত ব্যবস্থা করতে হয়, খাদ্যের ব্যাপারে যদি আমাদের স্বয়ংসম্পূর্ণ হ'তে হয় তা হ'লে বন্যানিরোধের ব্যবস্থা করতে হবে। অবশ্য বন্যা কখন কিভাবে নিরোধ হবে সেটা এখনো বলা যায় না সত্য, কিন্তু আজ বিজ্ঞানের যুগে নিশ্চয়ই এমন ব্যবস্থা অবলম্বন করা চলে যাতে বন্যা প্রতিরোধ করা যায়। তারপর ইন্টেনসিভ কাল্টিভেশন করা একান্ত প্রয়োজন। ঐ ইন্টেনসিভ কাল্টিভেশন না করলে খাদ্য আমাদের কিছুতেই বাড়বে না। শ্রীপ্রফুল্ল সেন মহাশয় দেখিয়েছেন খাদ্যোৎপাদনে উৎসাহ দেবার ফলে কেউ হয়ত ৮০ মণ কেউ হয়ত ৭০ মণ করেছে এবং তার জন্য তাদের পুরস্কার দেওয়া হয়েছে, কিন্তু ঐ রকমে ব্যক্তিগত প্রচেষ্টায় উৎপাদন দু'-চার জনের দ্বারা বাড়লে সারা দেশের

পক্ষে খাদ্য উৎপাদন বাড়বে না। সেই জন্য "ইন্টেনসিভ কাল্টিভেশন" সারা বাংলায় যাতে হয় তার জন্য করা দরকার সুষ্ঠু ইরিগেশন স্কীম। বাংলাদেশে বহু টাকা ঐ বাবদ খরচ হচ্ছে কিন্তু চাষীরা যাতে সেচের জলের দ্বারা লাভবান হ'তে পারে সেদিকে দৃষ্টি রাখা কর্তব্য। বর্তমানে জলের যা দাম ধরা হচ্ছে সেটা অত্যধিক, সেইজন্য চাষীদের পক্ষে সে জল নেওয়া সম্ভব হচ্ছে না, কাজেই চাষীরা যাতে সুলভে পেতে পারে এবং চাষীদের উপর যাতে জুলুম না হয় সেইভাবে জলের ব্যবস্থা করতে হবে। তা ছাড়া চাষীদের ঋণ, ভাল বীজ ও সার প্রভৃতি দিয়ে সাহায্য করতে হবে। এখন যেভাবে সার দেওয়া হচ্ছে তাতে গ্রামে গ্রামে ঘুরে দেখেছি—তাতে চাষীরা যাতে উপকৃত হবে ঠিক যেভাবে দিলে চাষের অবস্থা বৃদ্ধি পাবে সেদিকে দৃষ্টি রেখে সাহায্য দেওয়া হচ্ছে না।

তারপরে আর একটা বিষয় বাজেটে আমরা দেখছি, খাদ্য আগে যেভাবে বাইরে থেকে কেনা হ'ত বা যে খাদ্যের পরিমাণ এখানে সরবরাহ করা হ'ত সেটার নিরাপত্তা বাবদ এক্সট্রা পুলিশ ফোর্স এর জন্য লাগত, ৩ লক্ষ ৮০ হাজার টাকা এখন যখন রেশন প্রথা উঠে গেছে—খাদ্যে আর কন্ট্রোল নাই—

Sj. Rajani Kanta Pramanick:

বাজেটে এটা হচ্ছে এক্সট্রা অর্ডিনারী চার্জেস ইন ইন্ডিয়া, এতে এসব কথা ইরিলিভেন্ট।

Sj. Hemanta Kumar Basu:

ফুড সম্বন্ধে বলতে গেলে সব কিছুই বলা যায়। খাদ্য সম্বন্ধে আমাদের স্বয়ংসম্পূর্ণ হ'তে হ'লে কি কি করতে হবে নিশ্চয়ই তাতে অনেক কিছু আসে, কাজেই আমি সংগতভাবেই বলছি যে এক্সট্রা পুলিশ ফোর্স আগে যতটা লাগত আজকে যখন খাদ্য সম্বন্ধে কন্ট্রোল উঠে গেছে তখন এই ২০ লক্ষ ৮০ হাজার টাকা কিজন্য পুলিশের পিছনে লাগছে একথা আমরা বুঝতে পারছি না। আমি আর বিশেষ কিছু বলতে চাই না।

Sj. Subodh Chandra Maiti:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তা সম্পূর্ণ সমর্থন করি। আমাদের দেশে খাদ্যাবস্থায় বর্তমানে এমন একটা অবস্থা এসেছে যাতে মাননীয় সদস্যগণের অনেকেই আশংকা প্রকাশ করেছেন। কিন্তু আজ গ্রামদেশে সরকার প্রত্যেকটি ইউনিয়নে মডিফায়েড রেশন শপ চালু করেছেন। প্রত্যেক ইউনিয়নে চা'ল এবং আটা গিয়েছে যার ফলে দাম কমার সম্ভাবনা যে আছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। এবং ইন্ডিয়া গভর্নমেন্টের কমোডিটি অ্যাক্ট পাস হবার ফলে সরকারের হাতে ক্ষমতা এসেছে যার দ্বারা সরকার কিছু কিছু খাদ্য সংগ্রহ করতে পারবেন। তা ছাড়া রেলওয়ে শেডএ যে মাল জমা ছিল তা খালাস হ'তে আরম্ভ হয়েছে এবং তা এইভাবে যদি বাজারে এসে পড়ে তার আজকে যে গ্রীষ্মাধিক্য চলেছে এর পরে যখন বর্ষা নামবে এবং সংগে সংগে চাষের কাজ আরম্ভ হবে তখন এগ্রিকালচারিস্টদের হ'তে যে ধান আছে তাঁরা তা ছাড়তে আরম্ভ করবেন তখন দামও কিছু ক'মে যাবে। কন্ট্রোল উঠে যাবার পর থেকে প্রতি বছর ফুড সাবসিডি দিতে হ'ত। বাজেট যদি আমরা আলোচনা ক'রে দেখি, তা হ'লে দেখতে পাই ১৯৫৩-৫৪ সালে ৩ কোটি ৫৭ লক্ষ টাকা, ১৯৫৪-৫৫ সালে ২ কোটি ৯ লক্ষ টাকা, ১৯৫৬-৫৭ সালে ৪ কোটি ৩৯ লক্ষ টাকা খরচ করতে হয়েছে সাবসিডিতে। এ বছর খাদ্যমন্ত্রী যে টাকা চেয়েছেন—নিশ্চয়ই আজকে রেশন মারফত সাবসিডি তাদের দিতে হবে সস্তা দামে—যাদের ক্রয়ক্ষমতা ক'মে গেছে তারা যাতে সাহায্য পায়; কিন্তু কথা হচ্ছে যদি এই রকম সাবসিডি চলতে থাকে তা হ'লে বাজেটের উপর চাপ পড়বে। বিরোধী পক্ষের কাট মোশন আমি দেখেছি। তাতে এমনও দেখছি কোন কোন সদস্য কাট মোশন দিয়েছেন ১৩ টাকা দরে চাষীরা চা'ল যাতে পান সেই ব্যবস্থা করতে। তের টাকায় না হোক, গরিব গৃহস্থেরা যাতে সস্তায় চা'ল পান সেদিকে যে আমাদের সরকারের সজাগ দৃষ্টি রয়েছে তাতে কোন সন্দেহ নাই। কিন্তু ঐ তের টাকা দরে যদি চা'ল দিতে হয় তা হ'লে কত টাকা সাবসিডিতে লাগবে সেটা হিসেব ক'রে দেখুন। আজ এগ্রিকালচারাল ইকনমিই বলুন বা ইন্ডাস্ট্রিয়াল ইকনমিই বলুন, সমস্ত কিছু নির্ভর করছে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর উপর। তার ভিতর

দিয়েই এগ্রিকালচারাল ইকনমি আজ আমাদের বাড়িয়ে তুলতে হবে যাতে ক'রে আমরা দেশে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হ'তে পারি। সেইটে বড় কথা এবং সেদিকে চেষ্টার ত্রুটি হবে না। খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন, গত বৎসর যতটা উৎপাদন হয়েছে তাতে তিন লক্ষ টন খাদ্যের অভাব পড়বে এবং তিন লক্ষ টন গম কেন্দ্র থেকে দেবার কথা হয়েছে। রণেন সেন মহাশয় বলেছেন, "আমরা বাঙ্গালী, আমরা চা'ল খাব, আটা খাব না"। এটা ঠিক কথা নয়। খাদ্যের যখন অভাব হয়েছে তখন আমাদের আটা খেতে হবে। দেশের লোককে যদি বুঝিয়ে বলা যায় তা হ'লে সকলেই আটা খাবে। আর মাননীয় সদস্যরা যদি সবাই হুইট প্রোডাক্ট গ্রহণ করেন তা হ'লে দেশের লোক নিশ্চয়ই আটা খাবে। ১৯৫৩-৫৪ সালে আমরা মেদিনীপুরে দেখেছি, প্রথমত লোকে আটা খেতে আপত্তি করত কিন্তু যখন আমরা আটা খেয়ে তাদের বুঝিয়ে বললাম তখন তারা চা'ল থেকে বেশি ক'রে আটা খেয়েছে। গরিব লোকেরা আটা নিয়ে গিয়ে তাদের পরিবারের সকলের সঙ্গে ভাগ ক'রে খেয়েছে।

[3-50—4 p.m.]

অতএব আটা এবং ভেজিটেবল—এই সমস্ত জিনিস দিয়ে আমাদের খাদ্যের হ্যাবিটকে পরিবর্তন করতে হবে। চা'লের বদলে আজকে ভেজিটেবল এবং অন্যান্য জিনিস খেয়ে আজ চা'ল যাতে সাশ্রয় করতে পারা যায় এ বিষয় আমাদের নিশ্চয়ই বুঝা উচিত। এই কথা ব'লে আমি ব'সি, আজকে আমাদের খাদ্য উৎপাদনের জন্য এগ্রিকালচারাল বিভাগ এবং ইরিগেশন বিভাগ সচেষ্ট। আমি বলছি, একটু পরে এখানে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি কো-অপারেটিভএর ডিমান্ড প্লেস করবেন। আজকে আমাদের সরকারের এইটাই নীতি যে আমাদের এই ল্যান্ড রিফর্ম হবার পর আমাদের যে জমি আছে তাতে কো-অপারেটিভ প্রথায় চাষ করার ব্যবস্থা হবে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে নিবেদন করব যে, আমাদের গ্রামদেশে যেসব জমি আছে তার ফ্র্যাগমেন্টেশনএর জন্য আজ অনেক জমি পতিত হয়ে যেতে বাধ্য হয়েছে। এবং এক-একটি খণ্ড খণ্ড জমিতে কৃষকরা ভালভাবে উৎপাদন করতে পারে না। আজ যদি সেখানে কো-অপারেটিভ ফার্মিং ইন্ট্রোডিউস করা যায় তা হ'লে প্রোডাকশন নিশ্চয়ই বাড়বে। আমাদের দেশে যাতে কো-অপারেটিভ ফার্মিং হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখা দরকার। কিন্তু সরকার এটাকে জোর ক'রে চালাতে চান না। চাষীদের সমবেত চেষ্টার ফলে তাদের ইচ্ছায় সমবেতভাবে যদি তারা স্বেচ্ছায় এসে তা করেন, তা হ'লেই সরকার থেকে আজকে তাদের সীড এবং নানা রকম লোন দেবার ব্যবস্থা হবে। এবং কো-অপারেটিভএর মাধ্যমে চাষ-আবাদ করলে আজকে চাষের প্রোডাকশন বাড়বে—এই কথা যদি আমরা সকলকে বুঝিয়ে বলি, তা হ'লে গ্রামদেশে নিশ্চয়ই আজকে চাষীরা স্বেচ্ছায় কো-অপারেটিভ করতে রাজী হবে। আজকে ফুড সম্বন্ধে ডিবেটএর সময় মাননীয় সদস্যদের আমি অনুরোধ করব যে আমাদের খাদ্যের উৎপাদন আজকে বাড়াতে হবে। কেন না, খাদ্যের উৎপাদন যদি না বাড়াতে পারা যায় তা হ'লে আমাদের দেশের সেকেন্ড ফাইভ-ইয়ার্স প্ল্যানকে কিছুতেই আমরা সাকসেসফুল ক'রে তুলতে পারব না। তাই কো-অপারেটিভ ফার্মিং যাতে আজকে আমাদের দেশে ইন্ট্রোডিউস হয় তার জন্য, আসুন, সমবেতভাবে চেষ্টা করি। আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে সকলের কাছে অনুরোধ জানাচ্ছি—যেমন একটা আমাদের গেটে বলেছিলেন, লাইট, মোর লাইট, তেমনি এখন বর্তমানে আমাদের ফুড, মোর ফুডএর প্রয়োজন আছে এবং মোর ফুড প্রোডাকশনএর জন্য আজকে সকলের সমবেতভাবে চেষ্টা করা উচিত। একটা কথা শুধু বলি আমাদের ফার্টিলাইজার ইত্যাদি এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে দেবার ব্যবস্থা হয়েছে, কিন্তু ঠিক সময়মত যাতে সেগুলি পৌঁছায়, এগ্রিকালচার ডিপার্টমেন্টকে সেটা লক্ষ্য করতে বলি। চাষীদের কাছে একেবারে ঠিক চাষের আগে যদি সার পৌঁছে যায় তা হ'লে সেই সার তারা ব্যবহার করতে পারে এবং সীডস ইত্যাদির যেখানে প্রয়োজন আছে সেখানে ঠিক সময়মত যদি তাদের কাছে পৌঁছায় তা হ'লে আরও ভাল হয়। এই দুটি বিষয় দেখবার জন্য আমি এগ্রিকালচার ডিপার্টমেন্টকে অনুরোধ করছি। এগ্রিকালচার ডিপার্টমেন্টএর আজকে প্রত্যেক ইউনিয়নে এক এক জন ক'রে কর্মচারী আছেন। সেই সমস্ত কর্মচারীকে আরও ট্রেনিং দিয়ে প্রত্যেকটি ইউনিয়নে যাতে এই রকম একটি ফার্ম হয়—মডেল ফার্ম—সেই ফার্মএর মাধ্যমে কৃষকদের আজকে যাতে হাতে-নাতে শিক্ষা দেওয়া হয়, এই বিষয়ে এগ্রিকালচার ডিপার্টমেন্টকে

আমি অনুরোধ করছি। এইভাবে সমবেত চেষ্টায় আমাদের দেশের আজকে ফুড প্রবলেমকে আমরা সমাধান করতে পারব। আমরা চাই না পুনরায় আমাদের দেশে কন্ট্রোল হয়। অজিত-প্রসাদ জৈন মহাশয় যেমন বলেছেন—আজকে দেশের জনসাধারণের ঘাড় থেকে যে ভূত নেমে গিয়েছে পুনরায় আমাদের ঘাড়ে যেন সেটা না চাপে। এবং তা যদি আমরা করতে চাই তা হ'লে খাদ্য নিয়ে শুধু সমালোচনা করলেই চলবে না, খাদ্য যাতে বাড়ে তার জন্য যেমন সরকার পক্ষ চেষ্টা করেন, সংগে সংগে মাননীয় সদস্যরা সবাই যদি এ বিষয়ে অবহিত হন এবং গ্রামে গিয়ে এই রকমের যে অভাব-অভিযোগ আছে, সরকারের সহযোগিতায় সেটা যদি মেটাতে চেষ্টা করেন, তা হ'লে খাদ্যে আজ দেশে উৎপাদন বৃদ্ধিপ্রাপ্ত হবে এবং বাইরে থেকে আর আমাদের খাদ্য আনতে হবে না। এইটে আজকে সবচেয়ে বড় কথা। এইটা সম্পর্কে আজকে সকল সদস্যের মনোযোগ আকর্ষণ ক'রে আমার বক্তব্য শেষ করলাম। থ্যাঙ্ক ইউ।

Sj. Deben Sen: Mr. Speaker, Sir, money provided for this purpose is less than two crores. This time during this budget session the Government is going to take about 75 crores of rupees out of the people of West Bengal for expenditure. Therefore, the money involved is not much. But the policy involved is very big, particularly so when there are so many people crying for food, suffering from hunger, suffering from starvation and when frequent reports of death from starvation are pouring in. Even today, the Hindusthan Standard gives a report, Sir, of two deaths—deaths of two primary school teachers from starvation. How far they are true or not it is for the Government to say but with all these figures and this background before us, it is difficult to stop and not to speak anything. Sir, the food crisis in West Bengal is to be studied under three heads. Firstly, the nature and extent of the crisis. Secondly, was it preventible and thirdly if it was preventible and if it has not been prevented, then an enquiry as to who were responsible for it and measures of punishment to them should be evolved to prevent the repetition of this crisis in future. These are the three aspects under which this problem is to be studied. I take one by one. Firstly, the nature and extent of the crisis. I find even the Food Minister has not given us any idea as to the nature of the crisis and as to the extent of the crisis. By nature of the crisis I mean whether it is a food crisis or a money crisis. Whether it is due to shortage of money in our hands or even money cannot get the food—that is shortage of food. He has given us no idea of it—or whether it is due to both. If it is due to both what share, which factor contributes should also be told. Unless you diagnose the disease, you cannot treat it. But the Food Minister has never given us any idea as to the nature of the crisis and as to its extent he has not given us also any idea. He always refers to Nadia but Nadia is not the only district which is suffering. I think every district in West Bengal is suffering from this impact of food crisis and, therefore, he should have given us an idea of the extent of the crisis also in West Bengal. That also he has not done. Then there is another aspect of the nature. If it is due to food shortage, then is it an overall shortage for the whole of West Bengal, or is it only a local shortage? That idea also he has not given. If it is due to an overall shortage, then his position goes against the position taken by the Central Food Minister as also by the progress report of the First Five-Year Plan, because in the report I find that as early as 1955 our target in the First Five-Year Plan for production of food—rice—was 7.6 millions but we have produced 11.4 millions. So we have gone far beyond. So far India is concerned, there is no shortage. Those who give us the figures say so. The Food Minister of the Centre says so and I think Bengal's Food Minister also wants to say that. That is his stand because he has never said that we are short of food in West Bengal. Even in this statement of the Governor's address there is no mention that we are short of food supply. Then if there is no shortage, then why are the people suffering? Then it must be due to local shortages. Now local

shortages—how do they appear—due to faulty distribution— due to unawareness of the District Officers or due to want of stocks in all those areas? So all these things are man-made things.

I will now come to my second point—whether it was preventible or not. If it is due to local shortage, the Food Minister must tell us very frankly—I wish he had told me earlier so that I might have discussed these things—whether it is due to overall shortage of food or whether it is due to local shortages. If it is due to local shortages, then he stands condemned—his administration stands condemned. If it is because of the faulty distribution—if it is due to overall shortage of food, then he should have told us that that is so. I say this crisis was preventible. As early as in the year 1955 a warning came and our Government did not take note of it. I refer to the Governor's address delivered on 8th February, 1955. There it is said—the total aman crop harvested in 1954-55 was estimated to be 3.34 million tons. In previous year we had 5.22 millions of bumper crop.

[4—4-10 p.m.]

But the next year we had a production of 3.34 millions only and we had a stock of 9 lakhs. So we added that to the production of that year and we tried to pass over the difficulty. But this was a warning that our production has gone down and I will give figures to show that production every year was not the production which was required. I will give you figures year by year. For 1949-50 our production was 4 million; 1950-51 it was 4.35 lakhs; 1951-52—3.98 lakhs; 1952-53—4.44 lakhs; 1953-54—5.76 lakhs—there we had a surplus. Next year we had 4.18 lakhs—so it had gone down considerably; next year we had 3.85 lakhs—we had gone down still; 1956-57—4 million. For 1957 the estimate given is 4 million 30 lakhs; it is nothing near to what we had in 1953-54 and it does not show any year that we have got an excess of rice or more rice than we had in the previous year. I say that in 1957 we had 4.35 lakhs. So the Food Minister should have given us those figures, should have told us that he is in overall shortage of food supply in West Bengal. Then we could have thought of measures that we need take.

Sir, I was reading the report of the Famine Commission that was appointed to deal with 1943 famine. Three reasons have been given for the occurrence of the famine. I find that all these three reasons are applicable to this year also save and except one. The three reasons were—failure due to natural causes—it exists this year also. One was war—it does not exist. The third was failure of administrative machinery—it exists today, and the last one is the failure of the Government—want of foresight, unwillingness to work and unawareness of the crisis. This was the last reason. I say it was a man-made crisis; it could have been prevented. When there was flood last year, Government should have taken note of it, Government should have established store-houses in Nadia, in Murshidabad, in 24-Parganas. In every district they could have done so. They have not done that. I think they were busy with the election. I have got a suspicion that all the money spent for test relief has been utilised for election purposes. (A voice from Congress Benches: 'Question'.) You may, but give me the figures. I would like to know the amount spent for Arambag—spent for the constituency from which the Food Minister has been returned. If you question then give those figures, I have got that doubt. And I say whether that is correct or not does not matter; it does not take away anything out of my argument. I say if there was a flood, if there was a cyclone, if there was a prospect of shortage in local areas, why no steps were taken? What was the reason that no steps were taken?

I now come to my last point. If my point is correct that it was a man-made crisis, that it was preventible, then I insist, I demand that we should have a Court of Enquiry. They should go into the matter very thoroughly, they should punish and during that enquiry the Food Minister has to be kept suspended as the Chief Minister is in the habit of suspending people who are union members in the Secretariat. I think there is a great charge against him and pending that enquiry he should be relieved of his post and that Enquiry should deal with measures to be evolved for preventing this crisis every year.

[At this stage the red light was lit.]

Sir, with these words I conclude.

Sj. Rama Shanker Prasad :

अध्यक्ष महोदय, आज कई दिनों से इस House में हमलोग मंत्री महाशय को देश और मुल्क के लोगों की हालत सुना रहे हैं। हमको ऐसा लगता है कि इस घर के अन्दर हम जब ढुकते हैं और हमारे मंत्री महोदय जो खाद्य के बारे में बयान देते हैं तो उससे मालूम होता है कि मन में बारह आना दाम कम हो गया है, यहां दाम गिर जाता है और जब बाहर जाते हैं तो हमको यह मालूम होता है कि दाम चढ जाता है। अभी मंत्री महोदय ने कहा कि दाम गिर गया है मगर Darjeeling और Kalimpong से एक चिट्ठी हमारे पास आई है [Here he read a letter in Nepali language] इसका मतलब यह है कि Kalimpong मे चीजों का दाम दिन ब दिन चढ़ता जा रहा है। इसके लिये कोई व्यवस्था किया जा रहा है या नही ? आप वहां गये है, मत्री महोदय से मिल कर जल्दी कोई व्यवस्था कीजिए। इस घर के अन्दर दाम कम जाता है और जब बाहर जाते है तो दाम चढ़ जाता है जैसे इस शीततापनियंत्रित घर के अन्दर आने से ठंढक लगती है और बाहर जाने मे गर्मी लगती है।

Mr. Speaker, Sir, मैं कलकत्ता महानगरी के बस्ती अन्चल के सम्बन्ध में कुछ बोलना चाहता हूं। कलकत्ता अन्चल में पौने चार हजार बस्तियां है जिसमें आठ लाख लोग बसते है। वहां के रहनेवाले कोई पूजीपति या मालदार लोग नही हैं, बल्कि वहां के रहनेवाले रिक्शावाले, छोटे छोटे ठेलावाले, फेरीवाले और गरीब लोग हैं। २० से ५० रुपया के income वाले वहां रहने हैं, वहां रहते हैं मध्यम श्रेणी के लोग, छोटे वकील, मुख्तार और नौकरी करनेवाले जो छटाई और बेकारी की वजह से दिन ब दिन परेशान हो रहे हैं और उनका जीवन दिन ब दिन खराब हो रहा है। स्पीकर महोदय, Beliaghata इलाके में जो Fair price shop है उसको $22\frac{1}{2}$ मन गेहूं और एक बस्ता चावल छः दिन के लिए मिलता है। इस हिसाब से $12\frac{1}{2}$ सेर चावल एक रोज में पड़ता है। अब आप ही बताइये कि इस हिसाब से इतने हजारों हजार लोगों को खूराक कैसे पहुंच सकता है। वहां के आदमी भूखे मर रहे है। अगर इस तरफ ख्याल न किया जाए तो काम कैसे चलेगा। इस तरफ आप ध्यान दें। दूसरी बात यह है कि जो चावल बाजार में मिलता है उसका नमूना में लाया हूं। स्पीकर महोदय, यह सब नमूना मै आपके सामने पेश करता हूं। वहां तीन तरह का चावल दिया जाता है—एक Burma का, दूसरा Madras का और तीसरा Orissa का—यह तीनों चावल बिल्कुल खाया नहीं जाता है। इस चावल का दाम open market में २३ रुपया मन है। फिर भी हमारे खाद्य मंत्री कहते हैं कि

दाम गिर गया है। इसलिए हम इस चावल को Table पर रखते हैं कि मंत्री और उप-मंत्री उसको देखें कि उसका रूप क्या है। यह Burma का चावल इतना खराब है जो हजारों मन चावल Railway Yard या गोदामों में पड़ा हुआ है। यह जो हजारों मन चावल गोदामों में सड़ता है इसका क्या जवाब है। अगर इसको बस्ती में supply करें तो कितने आदमियों का फायदा होगा। हम कहते हैं कि 12½ सेर चावल में नहीं होगा, पूरी मात्रा में चावल देना होगा और ज्यादा Fair price shops खोलना पड़ेगा। आप बस्तीवालों को लेकर एक Committee बनायें और वहां के लोगों की राय से Fair price shops खोलें और लोगों को खाने को दें। Belgachhia के इलाके में १६ हजार मुसलिम की आबादी की एक बस्ती है। वहां एक Fair price shop खोला गया है लेकिन जब वे दूकान में चावल या आटा के लिए जाते हैं तो उनको कहा जाता है कि तुमलोगों ने Communist Party को वोट दिया है अब चावल के लिए भी उनके पास जाओ। स्पीकर महोदय, यह है मंत्री और उनके लोगों का काम। इसलिए मैं मंत्री महोदय से अनुरोध करूंगा कि Darjeeling नहीं पर वे Beliaghata और Belgachhia इलाकों में जाकर देखें कि ऐसा होता है या नहीं। इसको बन्द करना होगा। इसमें सत्यता है, वहां ऐसा हो रहा है आप चल कर देखें। यह तो कलकत्ता की बात हुई अब मैं Jagatdal और Naihati इलाके की बात कुछ कहना चाहता हूं। वहां Ramchanderpur में करीब ५०० आदमी रहते हैं। वहां के २८० आदमियों ने Barrackpur S. D. O. के पास दर्खास्त दिया है कि उनलोगों को खाना नहीं मिलता है। इसी तरह से कितने लाख आदमी हैं जिनको खाना नहीं मिलता है। Sibdaspur थाना के अन्दर Harishpur Kaura, Buduria, Barikpara के इलाकों के आदमियों की हालत बहुत खराब है। उनकी अवस्था इतनी खराब है कि हम नहीं कह सकते है। मैं आशा करता हूं कि इन चीजों की तरफ खाद्य मंत्री ध्यान देंगे। उनका कुछ न कुछ जल्दी से जल्दी व्यवस्था करना ही होगा। इसका इन्तजाम करना ही होगा, यह बहुत जरूरी है। हम यह सब बातें आपके सामने रख रहे हैं कि आप चन्द दिनों के अन्दर अन्दर उनका इन्तजाम कीजिए और अगर आपने उनका कुछ व्यवस्था नहीं किया तो भूख की जो आग होती है वह बहुत खराब होती है वह सब कुछ जला कर खाक कर डालेगी।

[4-10—4-20 p.m.]

Sj. Nikunja Behari Gupta:

माननीय स्पीकार महाशय, आमरा गतकाल माननीय खादामन्त्री महाशयेर काछ थेके यखन तिनि फेमिन खाते व्ययवराद्देर दावि करेछिलेन तखन बांलादेशेर कयेक बछरेर एकटा खाद्य परिस्थितिर छवि पाई। एवं ताते तिनि सहज एवं सरल गतितें आमादेर काछे ये छवि धरे तुलेछिलेन ताते बांलार खाद्य परिस्थिति ये सङ्कट अवस्थाय आछे ता अस्वीकार करेन नि। एवं आमराओ एई सभाकक्षे कयेकदिनेर आलोचनाय आमादेर समग्र पश्चिमबांलार विभिन्न स्थानेर ये प्रतिनिधिवर्ग एसेछेन ताँदेर काछ थेके ताँदेर निज निज एलाकाय ये खाद्य परिस्थितिर अवस्था ता आमरा जानते पेरेछि। ताते सन्देह नाई ये पश्चिमबांलां एकटु खाद्यसङ्कट अवस्थार मध्ये एसे पड़ेछे। माननीय मन्त्रीमहाशय एई परिस्थिति कि करे बुझबेन, कि करे खाद्येर सुराहा करबेन तारओ आभास दियेछेन। एवं सेई हिसेबे तिनि या बराद्द चेयेछेन एक्सट्राओर्डिनारि चार्जेस नाम्बार ४२—१ कोटि ४८ लक्ष टाका—सेटा सेई खाद्य परिस्थितिर एकटा अंशविशेष। एखन देखा याच्छे ये आमादेर खाद्येर अवस्थार यदि उन्नति करते हय, देशबासी ओ आर्तदेर यदि खाद्य एवं

বেকারদের কাজ দিতে হয়, তা হ'লে আমাদের অর্থের প্রয়োজন আছে। এবং সেটা টেস্ট রিলিফ ওয়ার্কএর মাধ্যমে এবং চাষীদের কিছু কিছু ঋণ এবং শস্য দিয়ে এবং খাদ্য সরবরাহ এবং মডিফায়েড রেশনএর মাধ্যমে বা চীপ রেশন শপএর মাধ্যমে দিতে হবে। এই দিতে গেলে আমাদের—আপনারা খাদ্যমন্ত্রীর কাছ থেকে শুনেছেন এবং সেন্ট্রাল খাদ্যমন্ত্রী মাননীয় অজিত-প্রসাদ জৈন, তিনিও বলেছেন যে আমরা দেশে আর কন্ট্রোল ফিরিয়ে আনতে চাই না। আমাদেরও এই মত এবং আমরাও কন্ট্রোল চাই না। আমরা স্বাভাবিকভাবে আমাদের দেশে খাদ্যের একটা সুরাহা করবার জন্য, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করব। কিন্তু এই মডিফায়েড রেশন শপ বা গম সরবরাহ বা চীপ রেশন শপ—এইসব খুলতে গেলে একটা দপ্তরের প্রয়োজন আছে। স্কেলিটন অফিস একটা সাপ্লাই ডিপার্টমেন্টএর প্রয়োজন আছে। তার জন্য অর্থ প্রয়োজন। আমাদের কিছু কিছু চা'ল আনতে হয়, তারও খরচা আছে। তার জন্য যে দাবি, আমি সেই দাবিটা সমর্থন করছি। এখন এই খাদ্য সম্বন্ধে আজকে আমাদের অপর পক্ষের মাননীয় সভ্যদের কাছ থেকে দুই-চারিটা মন্তব্য শুনেছি, যাতে দেবেন সেন মহাশয় বলতে চান—এই পরিস্থিত ম্যান-মেড। খাদ্যের যে সমস্ত কারণ মাননীয়া রাজ্যপালিকা দিয়েছেন বা মাননীয় খাদ্যমন্ত্রী যা দেখিয়েছেন খাদ্য ঘাটতি হবার কি কারণ। হয়তো সেই কারণের মধ্যে মতভেদ থাকতে পারে, কিন্তু একথাও ঠিক, দেশে নৈসর্গিক কারণ, প্রাকৃতিক দুর্যোগ—এটাও একটা কারণ। দক্ষিণ বাংলায় দামোদর-ময়ূরাক্ষীর জলসেচের সুযোগ আছে, কিন্তু আমার উত্তর বাংলার আজ পর্যন্ত সেই সুযোগ নাই। আমার জেলায়—মালদহ জেলায়—এমন একটা প্রাকৃতিক দৈব-দুর্যোগ গত বৎসর ঘ'টে গিয়েছিল যাতে ক'রে মালদহের অর্ধেক অংশ—উত্তর এবং দক্ষিণাংশ—একেবারে বন্যা-বিধ্বস্ত হয়ে যায় এবং সেখানকার আউশ এবং রবিশস্য যা কিছু ফসল, সবই নষ্ট হয়ে যায়। এ বছর এমন একটা অনাবৃষ্টি, যাতে রবিশস্য তো হ'ল না, পৌষ মাসেতে তিন দিন চার দিন ধ'রে এমন একটা কোল্ড ওয়াটার, এমন একটা বর্ষণ হয়েছিল যাতে ক'রে গম-যব সমস্ত শস্য নষ্ট হয়ে যায়। স্পীকার, স্যার, আপনি শুনলে অবাক হবেন, এই তিন দিনে কত হাজার গোধন নষ্ট হয়েছিল তার ইয়ত্তা করা যায় না।

[4-20—4-30 p.m.]

আর একটা জিনিস—বাংলার ফসল আম। আপনারা সকলেই জানেন, মালদহ জেলা আমের জন্য বিখ্যাত। এবার মালদহে সেই আম হয় নি। এই আম থেকে সেখানে বহু টাকা আয় হ'ত এবং লোকে আনন্দের সঙ্গে এই আম ভক্ষণ করত। এই বছর সেই আম হয় নি; তাই মালদহের লোক এদিক থেকে অত্যধিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

আর একটা শিল্প আছে—রেশমশিল্প। এই যে রেশমের যে পোকা—সিল্ক-ওয়ার্ম—তাকে পলু পোকা বলে। এই পলু পোকা ধ্বংস হয়ে যাচ্ছে। সুতরাং খাদ্য এবং শিল্প সবই যাচ্ছে। এবং মালদহের যে দুর্ভিক্ষ, অনটন, খাদ্যাভাব—এটা ম্যান-মেড নয়। অন্তত আমি একটা জেলার কথা বলতে পারি যে মালদহ খাদ্য—ধানের—দিক থেকে স্বয়ংসম্পূর্ণ নয়, কিন্তু সেখানে যে খাদ্য হয়, সিরিয়লস এবং রাইস ইত্যাদিতে সেখানকার জেলার লোক স্বয়ংসম্পূর্ণ বটে। এবং তারা গম, যব, ভুট্টা খায়। আজ দুঃখ হ'ল, কারণ আমাদের মাননীয় সদস্য ডাক্তার রণেন সেন এমনভাবে বললেন যেন গম খাওয়াটা বিষ খাওয়ার মত—এই ব্যবস্থাই তিনি দিয়ে গেলেন। তিনি ডাক্তার মানুষ, তাঁরা প্রেসক্রিপশন ক'রে অন্নবর্জনের ব্যবস্থা ক'রে থাকেন, কাজেই সে ব্যবস্থায় গম বিষের মত হয়তো হ'তে পারে। আর একটা কথা। এখন যে পরিস্থিতি তাতে সব জায়গায় খাদ্যের সুরাহার জন্য গম হোক, চা'ল হোক, যা পারেন তাই দিন। তবে, মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের বাঙ্গালী অন্নগত প্রাণ। যতটা সম্ভব চা'ল সরবরাহ করবেন, কিন্তু গম দিয়েও যদি মানুষকে রক্ষা করতে পারেন তা হ'লে গমই সাপ্লাই করবেন। আমাদের জেলার তিন-চতুর্থাংশ গম এবং এক-চতুর্থাংশ ভাগও চা'ল যায় তা হ'লেই মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিয়ে তা আমরা গ্রহণ করব—আমাদের জেলায় এমনি অবস্থা দাঁড়িয়েছে।

আর একটা কথা। মাননীয় সদস্য দেবেন সেন মহাশয় টেস্ট রিলিফ সম্বন্ধে বলেছিলেন। তিনি বলেছেন, এই টেস্ট রিলিফ ওয়ার্কএর টাকা ইত্যাদি নাকি কংগ্রেসীদের বিশেষ ক'রে খাদ্যমন্ত্রী মহাশয়ের ইলেকশনএর জন্যই ব্যয় হয়েছে। আমি এটা

with all the emphasis I can command

অস্বীকার করছি। কারণ আমাদের জেলায় এই টেস্ট রিলিফ ওয়ার্ক আজ তিন বৎসর ধ'রে চলেছে। আমি আজকে মালদহ জেলার ডিস্ট্রিক্ট বোর্ডএর চেয়ারম্যান যিনি উপস্থিত আছেন, এই এ্যাসেম্বলিতে আসবার আগে জিজ্ঞাসা করেছিলাম, আমাদের জেলার কতগুলি সেন্টারএ টেস্ট রিলিফ ওয়ার্কএর কাজ চলছে। তিনি আমাকে বললেন, ৮৫টি সেন্টারএ টি আর ওয়ার্কএর কাজ চলছে। আমি, মাননীয় স্পীকার মহাশয়, এই এ্যাসেম্বলির মেম্বারদের জানাব যে কমপক্ষে ৩২০টি লেবার হ'লে একটা সেন্টার খোলা হয় এবং মিনিমাম বাইশ হাজার টাকা তাতে খরচ হয়। সুতরাং ভাবুন। এক-একটা সেন্টারএ ৩২০ জন ক'রে লোক থাকে। বেশি লোককেও কাজ দিতে হয় এবং এই বাইশ হাজার টাকা ক'রে তাদের প্রয়োজন হয়। তা হ'লে সাতাশ হাজার লোক ডেইলি সেখানে টি আর ওয়ার্কএর মাধ্যমে খাটছে এবং বাইশ হাজার টাকা খরচ হচ্ছে প্রত্যহ।

[At this stage the member having reached his time limit resumed his seat.]

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রীমহাশয় এই এক্সট্রাঅর্ডিনারি খাতে টাকা বরাদ্দের কথা বলেছেন। বলার সময় তিনি বলেছেন যে এই কন্ট্রোল উঠে যাওয়ার ফলে লোকে খুব ভাল মনে করেছেন এবং আমরা মনে করেছিলাম যে ওটা আর রাখার দরকার নেই। এই বিলটা তুলে দিলেই ভাল হবে এবং সেই পথে আমরা চলছি। কিন্তু তারপর আবার বললেন যে—না, এখন মনে হচ্ছে যে এই বিভাগটা রাখার দরকার আছে, এটার প্রয়োজন আছে। এইজন্যই দরকার তাঁরা মনে করছেন—দেশের খাদ্য পরিস্থিতি দেখে এই বিভাগটা রাখার প্রয়োজন আছে। গত বছর যখন বাজেট আলোচনা হয় আমরা সেই সময় সতর্ক ক'রে দিয়েছিলাম যে এই বিভাগটা রাখার এটুকু প্রয়োজন যে সরকারকে একটা স্টক মেনটেন করতে হবে; কিন্তু তার দুটো দিক আমরা বলেছিলাম। প্রথম হচ্ছে, যারা প্রোডিউস করে গ্রামাঞ্চলে তারা যাতে বিক্রির সময় ঠিকমত দাম পায় এবং ক্রেতারা যাতে তাদের কেনার ক্ষমতানুযায়ী দামে পেতে পারে, তার একমাত্র ব্যবস্থা করতে পারেন সরকার। এই দায়িত্ব যদি সরকার না নেন, তা হ'লে প্রোডিউসাররা ঠিকমত দাম পায় না এবং ক্রেতারাও তাদের কেনার ক্ষমতানুযায়ী দামে তা পায় না। তখন আমাদের খাদ্যমন্ত্রী বলেছিলেন যে, কিছু করবার নেই, স্টক মেনটেন করছি না, কেন্দ্রীয় গভর্নমেন্ট মেনটেন করছেন। তা যদি ঠিক হয়, তা হ'লে এই বিভাগটা রাখার কি প্রয়োজন ছিল? আজকে এটার প্রয়োজন উপলব্ধি করছেন, কিন্তু তখন উপলব্ধি করেন নি যেহেতু বিরোধী পক্ষ থেকে আমরা সতর্কবাণী দিয়েছিলাম। উনি ধান-চালের দায়িত্বটা ছেড়ে দিলেন একচেটিয়া ব্যবসায়ীদের উপর এবং তাঁরা স্টক মেনটেন করলেন এবং বাজারে দাম নির্ধারণ করলেন। তাঁরা তাঁদের মুনাফা কত বাড়বে সেটাকে সামনে রেখে জনসাধারণের ক্রয়-ক্ষমতা কত এবং যারা উৎপাদন করে তাদের কত পাওয়া উচিত সেগুলি বিবেচনা না ক'রে দাম নির্ধারণ করলেন। জনসাধারণের দিকে একচেটিয়া ব্যবসায়ীরা কখনও দেখেন না। তাঁরা তাঁদের মুনাফার হার কত বাড়বে সেটা দেখেই বাজারের দাম নির্ধারণ করেন। ফলে হয়ছে এখন ওঁরা মনে করছেন যে এই দায়িত্ব আমাদের কিছু কিছু গ্রহণ করতে হবে। এটা উপলব্ধি করতে হবে, কিন্তু যখন অবস্থা আয়ত্তের বাইরে চ'লে গেছে তখন তাঁরা এটা উপলব্ধি করছেন। এই হচ্ছে আমাদের খাদ্যবিভাগের যিনি মন্ত্রী তাঁর দূরদর্শিতা। দেশের অবস্থা কোন্ দিকে যাবে আগে থাকতে সেই দিকে লক্ষ্য ক'রে তার প্রতিকারের ব্যবস্থা করবার জন্য যে পদ্ধতি অবলম্বন করা দরকার সেটা তিনি আগে থেকে করেন না এবং এটা হচ্ছে তাঁর চিরকালের স্বভাব। অবস্থা যখন আয়ত্তের বাইরে চ'লে যায় তখন তিনি বলেন যে, স্টেপ নিতে হবে এবং স্টেপ নেওয়ার ফলে নানা রকম দুর্নীতি, করাপশন আরও বেড়ে যায়, অথচ অবস্থার কোন প্রতিকার হয় না। যদি এটা আগে থেকে করা হয় তা হ'লে কিছুটা কাজ হয়। আমরা দেখেছি পশ্চিমবাংলার সবচেয়ে বড় একটা খাদ্যশস্যের ভাণ্ডার, যেখানে উৎপাদন

বেশি হয়, উনি, খাদ্যমন্ত্রী, তাঁর বিবৃতিতে বলেছেন যে সেইসব অঞ্চলে প্রোডাকশন গতবারের তুলনায় ভাল হয়েছে। ভাল যদি হয় তা হ'লে সেই ধান-চা'লগুলি গেল কোথায়? উনি একটা কথা বলেছেন যে, মধ্যবিত্ত কৃষকদের হাতে উদ্বৃত্ত কিছু ধান জমা আছে। আমার যেটুকু ধারণা, তাতে জানি যে সুন্দরবন অঞ্চলে শতকরা ৮০ জন হচ্ছে ভাগচাষী এবং তারা গরিব; আর বাকি ২০ জন যারা তাদের মধ্যে দশ ভাগের বছরের খোরাকী থাকে, আর বাকি যারা তাদের কিছু উদ্বৃত্ত থাকে। অথচ সুন্দরবনের যে খাদ্য, পশ্চিমবাংলাকে রক্ষা করবার একটা সবচেয়ে বড় অবলম্বন, সেখানে ফসল উঠল, সেই ফসল বাজারে বিক্রি হ'ল, কিন্তু সেই ফসল মানুষ ন্যায্য দামে পেল না এবং আজও সেই ফসল মজুত আছে।

[4-30—4-40 p.m.]

আজও সেই ফসল জমা আছে। ঐসব অঞ্চলে বিরাট বিরাট ধানের কল চলছে। দ্বিতীয়ত, পুলিস বিভাগে যে এত টাকা ব্যয় করছেন তার একটা উদ্দেশ্য যে খাদ্যশস্য বাহিরে যাতে না যায় তা দেখা। উনি আগে বলেছেন যে ভারতবর্ষের বাহিরে পাকিস্তানে ব্ল্যাকমার্কেটিংতে কিছু যায় না। কিন্তু আমি সেই অঞ্চল থেকে নির্বাচিত। আমার কথা এবং অভিজ্ঞ যাঁরা তাঁরাও জনেন যে সেই বর্ডার ল্যান্ড আউটপোস্টএর অর্ধেক হয়েছে সীমান্ত অঞ্চল এবং এতে দুই মাইল তিন মাইল অন্তর একটা 'চেকিং পোস্ট' আছে। সেই 'চেকিং পোস্ট'এ নিয়ম হচ্ছে ও বর্ডার থেকে অর্থাৎ পাকিস্তান বর্ডার থেকে যা আসবে তার জন্য এপারের পুলিসকে পাঁচ টাকা দিতে হবে আর ওপারের পুলিসকে দু' টাকা দিতে হবে। আর এপার থেকে ওপারে গেলে ওদের পাঁচ টাকা দিতে হবে আর এপারে দু' টাকা দিতে হবে। তা হ'লেই পাসপোর্ট। সেখানে ন্যাশন্যাল ভলান্টিয়ার কোরএর ছেলেরা আছে—ছোট ছোট বাচ্চা ছেলে যাদের বয়স ১৪-১৫ বৎসর তারা এখন থেকেই শিখছে জাতির সংগঠনের কাজ। তাদের এখান থেকেই ট্রেনিং দেওয়া হচ্ছে এবং লেনদেনের বন্দোবস্ত তো সেই চেকিং পোস্টএ হচ্ছে। এমন একটা এলাকা, যে এলাকার 'পারমিট' দরকার, সেখানে হচ্ছে কি? না, অবাধে ধান-চা'ল পাচার হচ্ছে। আমি একটা কথা বলতে পারি যাতে ঐগুলো বেশ করা চলে। যেমন হিঙ্গলগঞ্জ এপারে, ওপারে বসন্তপুর। সারা সুন্দরবন অঞ্চলের সমস্ত উৎপন্নদ্রব্যের অর্ধেক সেখান দিয়ে যাতায়াত করে—শুধু ধান-চা'ল নয়। অথচ সেখানে সঙ্গে সঙ্গেই আছে ঐ পুলিসের আউট-পোস্ট এবং তারপরে ঐ সংগঠন। বন্ধুরা বললে উত্তেজিত হবেন না, কিন্তু এ ব্যাপার সত্য। এ বলা ভাল, কেন না ভবিষ্যতে সুবিধা হ'তে পারে। সেই যে সংগঠন সেইসব সংগঠন ঐ কংগ্রেসেরই সংগঠন। ধরবেন কাকে? আমি জানি চার মাস আগে একটা মামলা হয়েছিল। সেই মামলা হাসনাবাদ থানার। সেই মামলায় যারা জড়িত তারা কংগ্রেসেরই কাজের সংগঠক। থানা থেকে লোক এল, ডি আই জি পর্যন্ত তদন্তে এলেন, তদন্ত হ'ল; কংগ্রেসের লোকেরা ডেপুটেশনএ যান তদন্তে প্রমাণও হ'ল। কিন্তু তারপর কি হ'ল? সে মামলার বিচারই হ'ল না। বিচার করতে গেলে যে তাদের ধরা পড়তে হয় ঐ যারা কংগ্রেসের সংগঠক। জানি না তারপরে সে মামলার কি হ'ল। 'বর্ডার লাইন গার্ড' দিতে হবে যাতে জিনিসপত্র এপার থেকে ওপারে না যায়। কিন্তু যেখানে সরিষাতেই ভূত সেখানে ভূত ছাড়াবেন কি ক'রে ঐ সরিষা দিয়ে? পুলিসের অফিসারেরা সেখানে ব'সে ঘুষ খাচ্ছে। অথচ সে খাতে টাকা ব্যয় হচ্ছে। সেই পুলিস পোষার জন্য টাকা ব্যয় করা হচ্ছে এবং আমাদেরই সেই বোঝা বহন করতে হচ্ছে।

দ্বিতীয়ত, ডিস্ট্রিবিউশনএর ব্যাপারে—গম-টমের কথা বলেছেন। আমার এক বন্ধু মালদহ জেলার কথায় বলেছেন যে সেখানকার লোকে গম খেতে অভ্যস্ত। কিন্তু বাংলাদেশের বিভিন্ন গ্রামাঞ্চলের সম্বন্ধে কেউ বুকে হাত দিয়ে বলতে পারেন না যে সেই গ্রামের লোক গম খেতে অভ্যস্ত। আর গম যদিই বা পায় তা ভাঙ্গবে কোথায়? কোথায় সে রকম মেশিনারি যে গম ভাঙ্গিয়ে খাবে? তার ব্যবস্থা নেই। চাকরীর কথায় বলছি যে চাকরী তো উঠে গেছে, সেখানে মড়ক লেগেছে। চাকরী আর ঢেঁকিতে প্রফুল্লবাবু মড়ক লাগিয়ে দিয়েছেন। এখন নতুন ক'রে ভাবুন যে কি ক'রে কি করবেন। তারপর ডিস্ট্রিবিউশনএর ব্যাপারে ওঁরা বলেছেন 'পপুলার কমিটি' করেছেন। আমি একটা অঞ্চলের রিলিফ কমিটির মেম্বার, কেন না আমি আইনসভার সদস্য। সেই পিপলস কো-অপারেশনএর তিনজন মেম্বার। একজন ইউনিয়ন বোর্ডের মেম্বার, একজন সরকারী কর্মচারী, একজন এম এল এ, একজন নমিনেটেড মেম্বার। এক একটা

কনস্টিটিউয়েন্সিতে ১৫টা, ২০টা, ৩০টা পর্যন্ত ইউনিয়ন আছে। ইউনিয়নেই রিলিফ কমিটি আছে, সেই রিলিফ কমিটির মিটিংও হয়েছে এবং আমার কাছে চিঠিও যায়। তা হ'লে বুঝুন কি রকম সব কারবার। সেই মিটিং অ্যাটেন্ড করতে হবে আর সেই মিটিংএর চিঠি কাল পেয়েছি। সেই মিটিংএ রিলিফ দেবার লিস্ট তৈরি হবে। আমি বারবার বলেছি জনসাধারণের সহযোগিতা যদি চান তা হ'লে জনসাধারণের প্রতিনিধি নিয়ে কমিটি করতে হবে এবং এখনকার কমিটিকে বাতিল করতে হবে। সেইজন্য বারবার বলেছি জনসাধারণের প্রতিনিধি নিন। গ্রামাঞ্চলে সে রকম সদস্য পাওয়া যাবে; তারা সেখানে উপস্থিত থাকবে এবং ইউনিয়ন থেকে লিস্ট করতে হবে। এই গণতন্ত্রের নীতি, জনসাধারণের প্রতিনিধি নিতে হবে। কিন্তু কার্যকরী কোন ব্যবস্থা করবার কোন বাস্তব ধারণা নাই। কাজেই এই বিতরণের ব্যাপারে বর্তমান ব্যবস্থার পরিবর্তে ঐরকম করতে হবে।

তৃতীয়ত, সরকারী কর্মচারী যাঁরা বর্তমানে আছেন তাঁদের বলেছিলেন যে আধা পার্মানেন্ট করবেন। কোথায়—তার ব্যবস্থা কই? তাদের আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেদিকে প্রফুল্ল-বাবু দয়া ক'রে তাকাবেন। নইলে তারা কোথায় গিয়ে দাঁড়াবে। কিন্তু এখনও পর্যন্ত কিছুই হয় নি, যদিও তাদের প্রতিশ্রুতি দিয়েছেন।

আমাদের একটা ডেপুটেশন গিয়েছিল ডাক্তার রায়ের কাছে। তাতে তিনি বলেছিলেন বঙ্কিমবাবু ও নিরঞ্জনবাবুকে যে, গম নেওয়া বাধ্যতামূলক নয়। কিন্তু বাস্তবে দেখছি গম না নিলে চা'ল পাবেন না। তা হ'লে কোন্ কথা সত্য? নীতি কোথায়? প্রধাননমন্ত্রী বলছেন, গম নেওয়া বাধ্যতামূলক নয়, আবার খাদ্যমন্ত্রী বলছেন যে গম না কিনলে চা'ল পাবেন না। তা হ'লে দয়া ক'রে জানাবেন, বাস্তব অবস্থাটা কি?

আমি সর্বশেষে বলতে চাই, যদি সত্যকারভাবে টাকাটা ব্যয় করতে হয় তবে সরকারকে স্টক মেনটেন করতে হবে, অন্য কোন পথ নাই। এই দায়িত্ব এড়িয়ে গেলে চলবে না। আপনার হাতে যদি খাদ্য মজুত না রাখেন তা হ'লে বাজারের দাম কি ক'রে মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে আনবেন? খাদ্য স্টক না করলে যারা ব্ল্যাকমার্কেটিং করে, যারা মুনাফাখোর, তাদের অবাধে চলবার ব্যবস্থা করা হবে। তাই বলছি, মুখে বলছেন সমাজবাদী রাষ্ট্রব্যবস্থা করবেন—সোশালিস্ট প্যাটার্ন অব সোসাইটি—কিন্তু বাজারের দাম বাঁধতে পারবেন না, সমতা রক্ষা করতে পারবেন না। তা হ'লে সমাজবাদী রাষ্ট্র কি ক'রে তৈরি করবেন তা দয়া ক'রে বলবেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ববর্তী বক্তা গম এবং চাল বিতরণ সম্পর্কে অভিযোগ কোরে বললেন যে, মুখ্যমন্ত্রী একরকম বললেন এবং খাদ্যমন্ত্রী আর একরকম কথা বলছেন। আমার উত্তর হচ্ছে যে, মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন তাও সত্য এবং খাদ্যমন্ত্রীও যে কথা বলেছেন তাও সত্য; অর্থাৎ গ্রামাঞ্চলে যেখানে মডিফায়েড রেশনিং আছে সেখানে আমরা বলেছি—ইচ্ছা করলে চাল নিতে পারবেন, গম না নিলেও চলবে, অর্থাৎ দু সের কোরে দেওয়া হবে তারমধ্যে এক সের চাল নিতে পারেন, ইচ্ছা করলে এক সের গম না নিতে পারেন। কিন্তু কলিকাতায় আমরা নিয়ম করেছি যে মাথাপিছু দু সের করে দেব, তার মধ্যে এক সের চাল এবং এক সের গম, এবং গম বাধ্যতামূলক, কাজে কাজেই মুখ্যমন্ত্রী যা বলেছেন তাও সত্য, খাদ্যমন্ত্রীও যা বলেছেন সেটাও সত্য।

Sj. Hemanta Kumar Ghosal: On a point of information, Sir. তাহলে গ্রামে কি এক সের কোরে গম করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

গ্রামে দু সের করে দেওয়া হচ্ছে—এক সের গম এবং এক সের চাল। যাঁরা গম নিতে চান না তারা এক সের চাল নেবেন, দু সের চাল পাবেন না। আর কলিকাতায় আমরা নিয়ম করেছি যে দু সের যেটা দেওয়া হবে তাতে এক সের চাল এবং এক সের গম নিতে হবে, এবং গম না নিলে চাল পাওয়া যাবে না।

বন্ধুবর রণেন সেন বলেছেন যে, জোর করে বাংলাদেশের লোককে গম খাওয়ান হচ্ছে। জোর করে গম খাওয়ান হচ্ছে না, গম বাংলার লোকেরা খেয়ে আসছে এবং খুব বেশী করেই খাচ্ছে। অখণ্ড বাংলা যখন ছিল তখন দু লাখ থেকে আড়াই লাখ টন গম নিত। আজকে পশ্চিমবাংলা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাড়ে তিন লাখ টন গম পায় এবং এ বছর চার লাখ টন গম পাবে। আমি নিজে ২৪-পরগনার খুব ভিতরে গিয়েছি, যেখানে রেল নাই, সেখানেও দেখছি পাঁউরুটি বিস্কুট বিক্রী হচ্ছে। বাঙালী পাঁউরুটি বিস্কুট রোজ খেতে চায় না, কিন্তু খায় না একথা একেবারে সত্য নয়।

[4-40—4-50 p.m.]

বন্ধুবর রণেন সেন মহাশয় গম সম্বন্ধে যে অভিযোগ করেছেন সেটা সত্য নয়। আমার বন্ধুবর গুপ্ত মহাশয় বলেছেন, মালদহের লোকেরা গম খেতে চায়; তেমনি মুর্শিদাবাদ, হুগলি, বাঁকুড়াতেও গম চায়। এই সমস্ত জেলা কি বাংলাদেশের বাইরে? বাংলাদেশে কি শুধু চব্বিশপরগণাই আছে? আজ বাঙ্গালী বুঝেছে যে পুষ্টিকর খাদ্যের মধ্যে গম ও চাল দুইটিই মূল্যবান। আমরা অবশ্য বাঙ্গালীরা বজরা ও জোয়ার খেতে চাই না এবং আমরাও এটা প্রচলন করবার ব্যবস্থা করি নি। মাননীয় রণেন সেন মহাশয় আমাদের বলেছেন, সাবসিডাইজড ফুড-স্টাফ যা দেওয়া হচ্ছে, তা কেবল পুলিসকেই দেওয়া হচ্ছে, যে পুলিস নাকি ওঁদের উপর অত্যাচার করে। কিন্তু পুলিস বাজেটের সময় পুলিস কর্মচারীদের জন্য তাঁদের অনেককেই কুম্ভীরাশ্রু ফেলতে দেখা যায়। পুলিস কর্মচারীরা নাকি কম বেতন পায় আর এঁরাই তাদের বেতন বৃদ্ধি করতে চাচ্ছেন। যে সমস্ত গরীব পুলিস কর্মচারীকে ১৯৫০ সাল পর্যন্ত সস্তায় খাদ্যদ্রব্য দেওয়া হয়েছিল, সেই রকম চাপড়াসী এবং অন্যান্য কর্মচারীদের, যাদের আড়াই শত টাকা পর্যন্ত বেতন ছিল তাদের ১৯৫০ সালের মাঝামাঝি পর্যন্ত সস্তা দরে চাল দেওয়া হয়েছে। এখন ১৯৫৫ সালের পর, আগের এই সাবসিডাইজড স্কেল অব ফুড-স্টাফ আমরা বন্ধ করে দিয়েছি। তারপর আমাদের খাদ্য বিভাগে যেসব কর্মচারী এখনও আছে তাদের আমরা স্থায়ী করতে পারি কিনা সে বিষয়ে আমরা চিন্তা করছি। এবং আমরা মনে করছি খাদ্য বিভাগে একটা মেসিনারী আমরা রাখবো। এখন যারা আছে তাদের সংখ্যা হচ্ছে ৫,৬১৩ জন। আগে ১৮ হাজার কর্মচারী ছিল—এখন এটা কমে দাঁড়িয়েছে ৫,৬১৩ জন। এবিষয়ে আমরা পরীক্ষা করছি এবং মনে করছি যে ভবিষ্যতে তাদের আমরা স্থায়ী করতে পারবো। আমার বন্ধুবর শ্রীযুত হেমন্ত বসু মহাশয় অনেক কাজের কথা বলেছেন; তাঁর বক্তৃতা আমি সবসময় মন দিয়ে শুনি। কেউ কেউ এই প্রসঙ্গে বলেছেন যে তিনি কেন সারের কথা বলছেন, সেচের কথা বলছেন। কিন্তু বাস্তবিক খাদ্যের কথা বলতে গেলে সেচের কথা, সারের কথা মনে আসবেই। বন্ধুবর হেমন্ত বাবুকে আমি বলতে চাই আমাদের পশ্চিম বাংলায় এত ঝড়ঝঞ্ঝা, বাত্যা, বন্যা, অতিবৃষ্টি অনাবৃষ্টি সত্ত্বেও পশ্চিম বাংলায় খাদ্যশস্যের পরিমাণ বেড়েছে। আমি এখানে একটু পরিসংখ্যান দেবো—ডাক্তার ঘোষ হয়ত বলবেন যে পরিসংখ্যান তথ্য বলবেন না। যদিও দেবেনবাবু পরিসংখ্যান দিয়ে বলেছেন, হেমন্তবাবুও বলেছেন, ডাক্তার ঘোষের হয়ত পরিসংখ্যান সম্বন্ধে এলার্জিক হতে পারেন কিন্তু সকলের সেটা নেই। সেইজন্য আমি এখানে কিছু পরিসংখ্যান দিয়ে বলছি। ১৯৪৭ সাল পর্যন্ত এই যে পাঁচ বৎসর গিয়েছে সেখানে গড়ে ফসল হয়েছিল ৩৪ লক্ষ টন; ১৯৫১ সালে তার পরের পাঁচ বৎসরে গড়ে ফসল হয়েছিল ৩৫ লক্ষ টন; আর ১৯৫৭ সালে অর্থাৎ এই ৫ বৎসরে গড়ে ফসল হয়েছে ৪১ লক্ষ টন। একজন বক্তা বলেছেন যে, ভগবানের আশির্বাদে এবার বেশী হয়েছিল। কিন্তু পাঁচ বৎসরের গড় দেখুন। এর আগের ৫ বৎসরে ৩৫ লক্ষ টন হয়েছিল, তার আগের ৫ বৎসরে ৩৪ লক্ষ টন গড়ে হয়েছিল। কাজে কাজেই নিশ্চিতভাবে বলা যায় খাদ্যশস্য বাড়ছে। মাননীয় হেমন্তবাবু যে অঙ্ক দিয়েছেন তার মধ্যে একটু ভুল আছে, আমি তা সংশোধন করে দিচ্ছি। আমাদের ভারতবর্ষে স্বাধীনতার পর—১০ বৎসর পর ভারতের লোকসংখ্যা ৫ কোটি বেড়েছে এ বিষয়ে সন্দেহ নেই। এবং এটা পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিতে হবে না। তারপর ১৯৫১ সালের পর থেকে আমরা বিদেশ থেকে খাদ্যশস্য আমদানি করা কমিয়ে দিয়েছি। ১৯৫১ সাল পর্যন্ত আমরা বিদেশ থেকে খাদ্য শস্য এনেছি ২১৬ কোটি টাকার। আর ১৯৫২ সালে এনেছি ২০৯ কোটি টাকার: ১৯৫৩ সালে ৮৬ কোটি টাকার, ১৯৫৪ সালে ৪৭ কোটি টাকার; ১৯৫৫ সালে ৩৩ কোটি টাকায়

এবং গত বৎসর এনেছি ৫৬ কোটি টাকার। গড়ে এই পাঁচ বৎসরে ১০৯ কোটি টাকার খাদ্যশস্য আমদানি করেছি, আর আগে কোথায় ২১৬ কোটি টাকার খাদ্যশস্য আনা হত। সুতরাং খাদ্য-শস্য না বাড়লে আমাদের চলছে কি করে। নিশ্চয়ই বাংলাদেশে চালের উৎপাদন বেড়েছে। ভারতবর্ষে এবং বাংলাদেশে চালের উৎপাদন ও গমের উৎপাদন বেড়েছে। কিন্তু আমাদের লোক সংখ্যা যেভাবে বাড়ছে, বর্তমানে খাদ্য উৎপাদন বৃদ্ধিটা তার সঙ্গে ঠিকমত তাল রাখতে পারছে না এ কথা সত্য। মাননীয় সদস্য একজন বলেছেন, এবং দেবেন সেন মহাশয়ও বলেছেন যে সত্যই খাদ্যের অভাব নেই। এটা টাকা পয়সার অভাব। থিয়োরেটিক্যালি আমিও মনে করি যে আমাদের দেশে খাদ্যশস্যের অভাব নেই। যে খাদ্যশস্য আমাদের আছে সেই সমস্ত শস্য তার প্রত্যেকটি কনা যদি বাজারে আসে তাহলে পর আমাদের কোন অভাব নেই। কিন্তু সেটা সম্ভবপর নয়। এমন কি যদি প্রকিওরমেন্ট করা হয় তাহলেও সেটা সম্ভবপর নয়। কারণ লোকেরা সরিয়ে রাখবেই। আমরা কন্ট্রোলএর সময় দেখেছি যে লোকে এখানে পাঁচ মণ ওখানে সাত মণ ধান সরিয়ে রেখেছে এবং আমরা সমস্ত আনতে পারি নি। যাদের উৎবৃত্ত থাকে ২০০-৩০০ মণ তাদের প্রত্যেকটি কণা যদি বাজারে আসে তাহলে পর আমাদের দেশে খাদ্যের অভাব নেই। মাননীয় সদস্যরা বলতে পারেন যে তবে কি করে এর সমাধান হবে। কেন্দ্রীয় সরকারও মনে করেন যে আমাদের দেশে খাদ্যের অভাব খুব বেশী নেই। সামান্য হয়ত একটু আছে এবং তা তাঁরা পূরণ করতে পারবেন কিছুটা গম দিয়ে এবং বিদেশ থেকে কিছুটা এনে। চাল আমরা পুনরায় সংগ্রহ করবো না কারণ সংগ্রহের নীতি আমরা ছেড়ে দিয়েছি। স্টক যদি করা হয় তাহলে কেন্দ্রীয় সরকার বিদেশ থেকে এনে তা করবেন এবং স্বেচ্ছামূলকভাবে করবেন, কিন্তু দেশ থেকে আর সংগ্রহ করা হবে না। কোন কোন সদস্য বলেছেন যে এর মধ্যে কি গূঢ় রহস্য আছে। কিন্তু আপনাদের বলতে পারি যে এর মধ্যে কোন রহস্য নেই। স্বেচ্ছায় যারা আমাদের কাছে বিক্রয় করতে চান তাদের সহযোগিতা আমরা সব সময় কামনা করি। শ্রীপ্রবোধ চৌধুরী মহাশয়, যিনি একজন ধার্মিক, সজ্জন লোক,—ভারত গভর্নমেন্ট আমাদের নির্দেশ দিয়েছিল কন্ট্রোল উঠে যাবার পর ১৯৫৩ সালে যে কিছু কিছু ধান যদি সস্তায় পাওয়া যায় তাহলে সেই ধান তোমরা মজুত করে রাখতে পারো, এবং এই প্রবোধ চৌধুরী মহাশয় তখন বাংলা সরকারকে ধান কেনা ব্যাপারে সাহায্য করেছিলেন, তারজন্য আমরা কৃতজ্ঞ এবং তিনি বেশী কিছু লাভ করেন নি। তিনি আমাদের সাহায্য করবার জন্য সহযোগিতার মনোভাব নিয়ে এই কাজ করেছিলেন। তারপরের বৎসরও ভারত গভর্নমেন্ট আমাদের ধান কিনতে বলেছিল। এ বৎসরও আমাদের ধান কিনতে বলেছে কিন্তু সঙ্গে সঙ্গে বলে দিয়েছে যে ধানের দর সাড়ে সাত টাকার বেশী দিতে পারবে না। বন্ধুগণ সকলেই জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়ও জানেন, যে ধান চাষের পরই এবার নয়/দশ টাকা হয়ে গেল এবং ভারত গভর্নমেন্ট চাষীর কাছ থেকে তা তখনই কিনবেন—ভারত গভর্নমেন্টের একটা সৎ উদ্দেশ্য এর মধ্যে নিহিত আছে। চাষীদের কাছ থেকে তখনই তাঁরা কিনবে যখন চাষীরা ভাল দাম পাবে না—ইকনমিক প্রাইস পাবে না। তাদের চাষের যে খরচ তার কম দামে যদি তাদের ধান বিক্রয় করতে হয় তখনই তারা কিনবে তার আগে কিনবে না, সেইজন্য যখন নয়/দশ টাকা হয়ে গেল তখন সেই দাম দিয়ে তারা কিনতে চায় নি। কারণ তাঁরা মনে করলো যে চাষীরা ন্যায্য মূল্য পাচ্ছে। ভারত গভর্নমেন্ট কেবল চাষীদের উৎসাহ দেবার জন্যই কিনবে কারণ উৎপাদন বৃদ্ধি করতে হলে চাষীদের ন্যায্য মূল্য দিতে হবে।

[4-50—5 p.m.]

অবশ্য চাষীকে ন্যায্য মূল্য দিতে গিয়ে আমাদের দেশের শসামূল্য বৃদ্ধি পায়। চালের ন্যায্য মূল্য কত হবে? সাড়ে সতের টাকা হবে, কি, ১৯ টাকা হবে—সেটা হিসেব করে নির্ধারিত করতে হবে। চাষীকে ন্যায্য মূল্য যদি না দেই, তাহলে কেন সে চাষ করবে? তাই বলছি তাকে ন্যায্য মূল্য দিতে হবে। দাম যদি বাড়ে, শস্যের অভাব হয়, তাহলে ভারত গভর্নমেন্ট বাইরে থেকে চাল ও গম আনবেন। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের কোন সংগ্রহনীতি নাই। ভারত গভর্নমেন্ট সংগ্রহ করতে আমাদের নিষেধ করেছেন। ভারত গভর্নমেন্টই একমাত্র সংগ্রহ করতে পারবেন। আজ আমাদের দেশের কৃষকরা মাথার ঘাম পায়ে ফেলে চাষ করছেন, তারা যদি ন্যায্য মূল্য না পায়, তাহলে কেবলমাত্র সেই সময় আমরা তাদের কাছ থেকে সংগ্রহ করতে

পারবো। কি দরে সংগ্রহ করবো, সেটা ভারত গভর্নমেন্ট স্থির করে দেবেন। কাজেই চাষীদের কাছ থেকে আমাদের সংগ্রহ করবার ক্ষমতা নাই, যা আমরাও চাই না।

আমাদের দেশে যে সমস্যা দেখা গিয়েছে—মাননীয় দেবেন সেন বলেছেন আমাদের এখানে ঘাটতি আছে, পুরাপুরি ব্যাপকভাবে। আমরা বলছি থিওরেটিক্যালি ব্যাপকভাবে আমাদের দেশে কোন ঘাটতি নাই যদি প্রতিটা কণা বাজারে আসে। তবে এক শ্রেণীর লোকের ক্রয়ক্ষমতা নিশ্চয়ই কম। দেবেনবাবু বলেছেন নদীয়া জেলার কথা ; আমি নাকি খালি বাঁকুড়া জেলার কথা বলে থাকি। এক শ্রেণীর লোক আছে—যারা শ্রম করে খেয়ে থাকে—এইরকম ১৩ লক্ষ পরিবার ভাগচাষী আছে। এই ১৩ লক্ষ পরিবারের, অর্থাৎ ৬৫ লক্ষ লোকের যারা ভাগচাষ করে—তাদের একমাত্র জমির উপর নির্ভর। এই এক শ্রেণীর লোকের ক্রয়ক্ষমতা কম আছে। মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত তাদেরও ক্রয়শক্তি কমে গেছে। তাদের জন্য ভারত গভর্নমেন্ট এবং পশ্চিমবঙ্গ সরকার সস্তায় ন্যায্য দরে চাল বিক্রী করবার ব্যবস্থা করেছেন। একটি কথা কোন মাননীয় সদস্যের মুখ থেকে শুনতে পেলাম না—যে কেন্দ্রীয় সরকার আমাদের এখানে যে খুব ন্যায্য মূল্যে গম সরবরাহ করে থাকেন, সেই গম অনেক লোক কিনে খাচ্ছেন। আটার যখন বেশী দর হয়েছিল—সাত আনার বেশী হয় নাই, ময়দার দাম নয় আনা, দশ আনা। গম যে-কোন দোকানে ছ'আনা সের পাওয়া যায়। তারচেয়ে কমে কেউ চায় না।

যাদের ক্রয়শক্তি আরো কম, তাদের জন্য গ্রাটুইটাস ডোলসএর ব্যবস্থা করা হয়েছে, মডিফাইড রেশনিংএর ব্যবস্থা করা হয়েছে। ২২-২৩ লক্ষ লোক এই সুবিধা পাচ্ছে। কাজে কাজেই আমাদের দেশে উৎপাদন আরো বাড়াতে হবে।

মাননীয় হেমন্তবাবু যে কথা বলেছেন, তিনি ডাঃ মেঘনাথ সাহার কথা উল্লেখ করেছেন, যে আমাদের দেশে ৩০ লক্ষ একর জমি পতিত পড়ে আছে। কিন্তু তিনি জানেন না যে বনভূমি শতকরা ১৪ ভাগ। এই বনভূমি জমির উর্বরতা রক্ষা করে। পশ্চিম বাংলার স্বাস্থ্যকে অটুট রাখতে হলে আমাদের বনভূমি শতকরা ১৪ ভাগ রাখতে হবে। এই বাংলাদেশে যতখানি জমি আছে, তার সব জমি চাষ করা বা ফসল করা চলবে না। এটুকু যদি আমরা না করি, তাহলে হবে না। ফসল বাড়াবার জন্য আমাদের ইনটেনসিভ কালটিভেসনএর ব্যবস্থা করতে হবে। এই সরকার প্রথম যখন হাতে পাই, তখন পশ্চিম বাংলায় শতকরা ১১ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল। আর আজ সেখানে শতকরা ৩২ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শতকরা ৫১ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হবে। আমাদের এখানে জাপানী প্রথায় ধান চাষের চেষ্টা হচ্ছে। গত বছর ৫৫ হাজার একর জমিতে জাপানী প্রথায় ধান চাষ করা হয়েছে। গত বছর এক কোটি মণের উপর য়্যামোনিয়া সালফেট চাষীরা কিনেছে। তারা ধারেও পেয়েছে—পরে ফসল পেয়ে টাকা শোধ করে দিতে হবে। তারা টাকা নেয় নি, জিনিস নিয়েছে। কেন নিয়েছে? যাতে ফসল বেশী হতে পারে। হেমন্তবাবু যা বলেছেন তা কার্যকরী করেছি। আমাদের দেশের চাষীরা, কৃষকেরা বেশী বেশী করে ব্যাপকভাবে সার ব্যবহারের কাজ আরম্ভ করেছে। তার ফলে বেশী উৎপাদন হচ্ছে। তারা সবুজ সার ব্যবহার করছে, গোবর সার ব্যবহার করছে, রাসায়নিক সারও ব্যবহার করছে, য়্যামোনিয়া সালফেটও ব্যবহার করছে। তারা আজ সেচের প্রয়োজনীয়তা খুব বেশী করে অনুভব করছে ; জলের সদ্ব্যবহার করছে। আমাদের দেশের সমস্ত জমি চাষের মধ্যে না এনে কতকাংশ জমিকে বনভূমিতে পরিণত করতে হবে। যেসব জমিতে ভাল ফসল হয়, সেখানে যদি উন্নতধরনের বীজ দিতে পারি, ভাল সার ও সেচের ব্যবস্থা করতে পারি, তাহলে সেই জমিতে—গড়ে যেখানে পাঁচ সাড়ে পাঁচ মণ ধান হয়, সেখানে ১২ মণ ফলাতে পারবো। তাহলে আমরা কম পরিমাণ জমিতে চাষ করে কিছু জমি গোচরের জন্য রাখতে পারবো, ফডার ক্রপের জন্যও কিছু জমি রাখতে পারবো। এইরকম করে আমাদের বাংলাদেশের সমস্যার সমাধান করতে হবে। আমি বিশ্বাস করি ভারত গভর্নমেন্টের যে খাদ্যনীতি, পশ্চিমবঙ্গ সরকারেরও সেই খাদ্যনীতি। পশ্চিমবঙ্গ সরকারের অন্য বিশেষ কোন খাদ্যনীতি নাই। সমগ্র দেশকে একভাবে দেখতে হবে। কেন্দ্রীয় সরকারের যে খাদ্যনীতি সেই খাদ্যনীতি আমরা এখানে পরিচালনা করছি। আমরা মনে করি এই নীতির দ্বারা

আমরা আমাদের দেশের খাদ্য সমস্যার সমাধান নিশ্চয়ই করতে পারবো। সেই কাজে আ সকলের সহযোগিতা চাই, সকলের সহযোগিতা আহ্বান করছি। [এ ভয়েস: স্মাগ্লিংএর হবে?]

Though I do not belong to that thana—that is not by birth place—but anyway I am its representative. I know it for a fact that various multipurpose co-operative societies have been started in the Pataspur thana. Now during my election campaign I found that these multipurpose co-operative societies were the hot-bed of Congress politics and if the Hon'ble Chief Minister holds a simultaneous audit of various multipurpose co-operative societies, the Hon'ble Chief Minister will find that all the capital has been squandered by the Congress—I say simultaneous audit because if audit takes place one by one, the same capital will be shown—will be taken from this bank and will be shown as capital there. If simultaneous audit takes place, the whole thing will be divulged. I ask the Chief Minister in the interest of co-operative movement to take this step at least once, and I know the Chief Minister will be satisfied on this point. Thirdly, the co-operative movement has not got proper encouragement. There is one Co-operative Transport Society in the State of West Bengal, in the district of Midnapore. It has got a fleet of thirty buses. Previously before 1950 there was a rule of the RTA that only co-operative societies and joint stock companies will be granted permits so far as buses are concerned But as soon as the Congress came into power, that rule was scrapped—for what—for giving permits to Congressmen or persons recommended by Congressmen. Therefore, the Co-operative Transport Society could not develop in other parts of Bengal. Therefore, the whole difficulty is the apathetic attitude of the Government and the attitude of the Government in supporting Congressmen everywhere to the exclusion of the co-operative societies and that is the reason why co-operative movement has failed. Mere words, mere spending of money, mere maintaining a fleet of officers—a body of officers—they may be good instruments for election campaign—but they won't help co-operative movement and further I would draw the attention of the Chief Minister to this point, namely, of late the income-tax authorities—not only the agricultural income-tax authorities—but mind you the income-tax authorities are trying to assess the incomes of various co-operative societies. For illustration, co-operative credit banks and co-operative transport societies are being charged income-tax though under the Acts of 1912 and 1904 these societies were exempt from paying any tax whatsoever. Therefore, I would request the Chief Minister to take up this matter with the Central Authorities or the Income-tax Authorities as he may like.

With these words, Sir, I finish my speech.

[6-15—6-25 p.m.]

Sj. Bhakta Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের দেশে স্বাধীনতার পর কিভাবে রাষ্ট্র কাঠামো তৈরি হবে তার প্রথম সূত্র হিসাবে কো-অপারেটিভ কমনওয়েলথ বলা হয়েছে। কিন্তু যেভাবে গুরুত্ব কো-অপারেটিভ সম্বন্ধে দেওয়া দরকার তা দেওয়া হয় নি এতদিন পর্যন্ত। এই কো-অপারেটিভকে মোটামুটি এতদিন পর্যন্ত সেন্ট্রাল ব্যাঙ্ক, ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক, রুরাল ক্রেডিট ব্যাঙ্ক প্রভৃতি ঋণদান সমিতির মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে বলা যেতে পারে। সুখের বিষয় এবং আশার বিষয় যে এবার এই কো-অপারেটিভ জিনিসটাকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে। আমাদের বাংলা-দেশের প্রধান মন্ত্রীমহাশয় নিজে এই বিভাগের দায়িত্ব গ্রহণ করেছেন। সত্যই আজকে কো-অপারেটিভএর কাজ বহুমুখী এটা দেখতে পাওয়া যাচ্ছে, বিশেষকরে এগ্রিকালচার এবং রুরাল ইন্ডাস্ট্রিস ভিলেজ এ্যান্ড কটন ইন্ডাস্ট্রিস ব্যাপারে কো-অপারেটিভ মেসিনারী মারফত তাদের ডেভেলপ করা যখন অপরিহার্য হয়েছে তখন গভর্নমেন্ট লেভেলএ যে মেসিনারি আজকে শুধু ঋণদান কাজ করবার জন্য রয়েছে সেই মেসিনারী পুনর্গঠন করার একান্ত প্রয়োজন আছে এবং বিশেষভাবে একটা আত্মকেন্দ্রিক বা ব্যক্তিকেন্দ্রিক মনোভাবাপন্ন দেশে কো-অপারেটিভএর

স্বতঃস্ফূর্ত মনোভাব সৃষ্টি করবার জন্য যে আবহাওয়া সৃষ্টি করার প্রয়োজন আছে তার জন্য প্রয়োজনীয় মেসিনারী প্রচার ইত্যাদি রেডি করা দরকার, সেই মেসিনারীর আমাদের অভাব আছে। অবশ্য বাংলাদেশ সম্বন্ধে বলা যেতে পারে যে যেখানে কো-অপারেটিভ মুভমেন্ট অপেক্ষাকৃত অগ্রগতিতে চলেছে সেটা হচ্ছে বর্ধমান জেলা। সেখানে যেসমস্ত ড্রব্যাক রয়েছে, আজ আমরা লক্ষ্য করে দেখছি এই কো-অপারেটিভ মুভমেন্ট ভালভাবে সহজগতিতে স্বচ্ছগতিতে অঞ্চলোকের মধ্যে স্বতঃস্ফূর্ত আবেদন জানাবার যে প্রচেষ্টা, করবার দরকার তার উপযুক্ত মেসিনারী আমাদের গভর্নমেন্ট এখন দিতে পারে নি এবং অপর্যাপ্ত, দুর্বল মেসিনারী সামান্য ঋণদান কর্ম চালাবার মত আজকে সেখানে যা রয়েছে সেই মেসিনারী পুনর্গঠন করার একান্ত প্রয়োজন আছে।

দ্বিতীয় কথা কো-অপারেটিভএর যে আইনকানুন তার খুঁটিনাটির মধ্য দিয়ে কো-অপারেটাভ মুভমেন্ট ভালভাবে চলতে পারে না, সেই আইনকানুন ও রুলসগুলি আরও সহজ এবং সাধারণের গ্রহণযোগ্য বা সাধারণের বুঝবার মত উপযোগী করার জন্য এই রুলসগুলি পরিবর্তন করার দরকার আছে। এতে টেকনিক্যালিটিস এবং ফর্মালিটিস খুব বেশী আছে যা সাধারণের গ্রহণযোগ্য নয় বা সাধারণের গ্রহণ করা কষ্টকর। যেমন ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কএ প্রথমে ধার করতে গেলে তার এনকোয়ারী ইত্যাদিতে কতকগুলি টাকা ফি দিতে হয়। এ ছাড়া পাবে কিনা ঠিক নাই কিন্তু প্রথমেই কিছু টাকা খরচ করতে হবে। এগুলি সংশোধন করার দরকার আছে। তারপর বলবো কো-অপারেটিভ ফার্মিং আমাদের বর্ধমান জেলায় ইতিমধ্যে কিছু কিছু ডেভেলপ করেছেন, তিনি বলেছেন। তাদের উপর এগ্রিকালচারাল ইনকামট্যাক্স যে চাপ সেটা ভয়াবহ বোঝা হিসাবে চেপে বসেছে। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে এই কো-অপারেটিভ ফার্মগুলি সহজভাবে, স্বচ্ছগতিতে ডেভেলপ করতে পারে সেজন্য তাদের উপর থেকে এগ্রিকালচারাল ইনকামট্যাক্স এক্সেম্পট করা যায় কিনা সে বিষয়ে চিন্তা করবেন।

আর একটা বিশেষ ব্যাপার সম্বন্ধে আমি বলবো কালনা সেন্ট্রাল ব্যাঙ্ক সম্বন্ধে। আমাদের বাংলাদেশে ১৯৫৪ সালে একটা সেন্ট্রাল ব্যাঙ্ক ইনকোয়ারী কমিটি বাংলা গভর্নমেন্ট থেকে বসানো হয়েছিল এবং তার সঙ্গে সঙ্গে সমসাময়িককালে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া, অল ইন্ডিয়া রুরাল ক্রেডিট সার্ভে কমিশন এ্যাপয়েন্ট করেছিলেন। তারা যাতে করে প্রতিটি সেন্ট্রাল ব্যাঙ্ক সেলফ সাফিসিয়েন্ট এবং ইকনমিক ইউনিট হিসাবে কাজ করতে পারে তার কথা চিন্তা করেছিলেন এবং তারা যেখানে যেখানে পসিবিলিটিজ আছে এই সমস্ত সেন্ট্রাল ব্যাঙ্কের স্ফিয়ারের মধ্যে জুরিসডিকসনের মধ্যে থেকে সাবডিভিসনে বা ডিস্ট্রিক্টে যার যেমন প্রসপারিটি আছে, সেগুলিকে তারা ফাইনান্স করবার কথাও বলেছিলেন। দুঃখের বিষয় আমাদের কালনা সাবডিভিসনে যে সেন্ট্রাল ব্যাঙ্ক রয়েছে সেই ব্যাঙ্কের আর্থিক অবস্থা আজকে উন্নত না হলেও সেই ব্যাঙ্ক কালনার অধিবাসীরা নিজেদের প্রচেষ্টায় তৈরী করেছিল—কন্ট্রোলের বাজারে কাপড়ের ব্যবসা করতে গিয়ে ৩০-৩৫ হাজার টাকা লোকসান দিয়েছে। এখন হয়ত এই ব্যাঙ্কের অবস্থা কিছুটা খারাপ হয়ে গেছে এবং এখন একটা মার্জারের প্রশ্ন এসেছে, এসে এই ব্যাঙ্কটাকে নিষ্ক্রিয় করে দেবার চেষ্টা হয়েছে। কালনা সাবডিভিসনের যে পসিবিলিটিজ রয়েছে, এগ্রিকালচারাল রুরাল ইন্ডাস্ট্রি, ভিলেজ ইন্ডাস্ট্রির ব্যাপারে তার যে পসিবিলিটিজ রয়েছে সেগুলি সম্বন্ধে আমাদের চীফ মিনিস্টারের কাছে আমাদের সেন্ট্রাল ব্যাঙ্কের সেক্রেটারী যে চিঠি দিয়েছেন সেটা তিনি যেন একটু লক্ষ্য করে দেখেন, এই অনুরোধ তাঁর কাছে করছি। হঠাৎ কোন একটা হেস্টি স্টেপ নেওয়ার আগে তার সমস্ত পসিবিলিটিজ কি আছে এবং রুরাল ক্রেডিট সার্ভে কমিশন যে কথা বলেছেন যে সমস্ত সেন্ট্রাল ব্যাঙ্কগুলির জুরিসডিকসনের মধ্যে যেসমস্ত পসিবিলিটিজ আছে সেগুলি এক্সপ্লোর করে সেগুলিকে কিভাবে পুনর্গঠিত করা যেতে পারে, তার কোন পসিবিলিটিজ আছে কিনা তা দেখবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করবো। এ সম্বন্ধে আমি বলতে পারি যে এই সাবডিভিসনে ৩৮৫ স্কোয়ার মাইল এরিয়া আছে, গ্রাম আছে ৫২৯টা এবং ৬০ হাজার লোক, এগ্রিকালচারিস্ট ফ্যামিলি আছে এবং দুই লক্ষ একর জমিতে ফসল তৈরী হয় তার মধ্যে ২৫ হাজার একর জমিতে আলু, ১২ হাজার একর জমিতে জুট এবং পাট ফলান এবং এক লক্ষ ৬৩ হাজার একর জমিতে প্যাডি বা অন্যান্য সিরিয়ালস তৈরি হয় এবং মিঃ টি টি কৃষ্ণমাচারী মুসৌরীতে সম্প্রতি ডেভেলপমেন্ট কমিশনারদের কনফারেন্স করেছেন—তাতে তিনি বলেছেন যে, প্ল্যানিং প্রায় শতকরা ৫০ ভাগ লোককে আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে

কো-অপারেটিভ ফাইনান্সের মধ্যে নিয়ে আসতে চান। জনসাধারণের দিক দিয়ে আমি একথা-গুলি বললাম। তারপরে অ রো পসিবিলিটিজ আছে ইন্ডাস্ট্রীর ব্যাপারে। এখানে উইভারদের একটা বিরাট সম্প্রদায় আছে, এবং তাদের অর্গানাইজেসন আগে তৈরি করেছে। তৈলকারদের একটা সম্প্রদায় আছে, তাদের অর্গানাইজেসন তৈরি করেছে, এবং তারা ফাংসন করছে। এখানে নদী নালা এবং ট্যাঙ্ক ফিসারীর যথেষ্ট পসিবিলিটিজ রয়েছে। পূর্বস্থলী অঞ্চলে কাঁসা পিতলের যথেষ্ট পসিবিলিটিজ আছে, পাটুলী অঞ্চলে কম্বল ব্যবসায়ীরা অর্গানাইজেসন করে কাজ আরম্ভ করেছে। এমনভাবে ব্রীক পেকিং, পোটারী, মাদুর ইন্ডাস্ট্রি নিয়ে তারা ওয়ার্ক অলরেডি আরম্ভ করেছে। একটা ছোট সাবডিভিসন হলেও এর পসিবিলিটিজ সব থেকে বেশী আছে এবং রুরাল ক্রেডিট সার্ভে কমিশন তাদের রিপোর্টে সমস্ত ব্যাঙ্কগুলিকে অর্গানাইজ করার যে কথা বলেছেন সেদিকে একটু লক্ষ্য করে দেখতে আমি অনুরোধ করছি এবং কালনা সেন্ট্রাল ব্যাঙ্কের অবস্থা ভাল করে লক্ষ্য করে একটা ব্যবস্থা গ্রহণের জন্যও আমি বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

[6-25—6-35 p.m.]

Sj. Ramanuj Halder:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে দেশের মধ্যে সাহায্য দান করে শিল্পকে সমৃদ্ধ করার এবং মৃতপ্রায় শিল্পের সমৃদ্ধি সাধন করা, তাকে কাজে লাগান; এইজন্য বাজেটে বরাদ্দ করা হয়েছে প্রায় ৪৬ লক্ষ টাকার উপর, এবং তার হিসাবে দেখতে পাচ্ছি—

revised is lower than the current year's budget by 9,64,000.

এবং বাজেটে দেখতে পাচ্ছি—

the budget is higher than the revised budget by 16,61,000.

এই দুটো কনষ্ট্রাষ্ট করলে আমরা বুঝতে পারব রিভাইজড এস্টিমেটএর সময় তিন ভাগের এক ভাগ কমিয়ে দেওয়া হচ্ছে, এবং পরবর্তী বৎসরে তিন ভাগের এক ভাগ বাড়ান হচ্ছে। এই যে চিত্র আমাদের কাছে দেওয়া হয়েছে, সে সম্পর্কে আমাদের বলবার এই যে, এ বিভাগের প্রতি সরকারের উপযুক্ত দৃষ্টির অভাব আছে এবং এ বিভাগের উপর গুরুত্ব দেওয়া হয় নাই। কে, আর, এস, সোসাইটির মাধ্যমে যে ঋণ দেওয়া হয় তাহা উপযুক্ত ও কল্যাণপ্রসূ নয়। এই কো-অপারেটিভের অগ্রগতির প্রসঙ্গে মাননীয় মন্ত্রীমহাশয় যে চিত্র দেখিয়েছেন, তাতে ঠিক ঠিকভাবে জনগণের মনে সমবায় মনোভাব সঞ্জীবিত হয়ে অগ্রসর হচ্ছে না। মানুষ সাধারণতঃ অর্থাভাবে পড়ে, যে-সমস্ত সুদখোর, কুসীদ ব্যবসায়ী অত্যন্ত চড়া সুদে টাকা দেয়, মাসে একশ টাকায় ১৫ টাকা ১৭ টাকা সুদে তাদের কাছে যেতে বাধ্য হয়। এখন তাদের পরিবর্তে অল্প সুদে টাকা দেওয়ার এটা একটা লগ্নী কারবার হয়ে দাঁড়িয়েছে। কৃষিঋণ দেবার সময় আমরা লক্ষ্য করে দেখছি যে কৃষিঋণ না দিয়ে কৃষককে ঋণ দেওয়া হচ্ছে এবং চাষের সময় উত্তীর্ণ হলে এই টাকা দেওয়া হচ্ছে। ফলে যখন কৃষকেরা ঋণ পায় তখন শ্রাবণ-ভাদ্র মাস এবং তখন বাজার অত্যন্ত চড়া। তা পরিশোধের সময় হলো মাঘ মাস, যখন জিনিষপত্রের দাম কম। তাই উৎপাদিত ফসল নামমাত্র মূল্যে বিক্রী কোরে ঋণ শোধ দেওয়া হয় এবং তাতে অত্যন্ত অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়। তারপর খাদ্যসচিব মহাশয়, ৬৫ হাজার ভূমিহীন শ্রমিকের কথা বলেছেন যারা ভাগচাষ করে। তাদের মধ্যে কৃষিঋণ দেবার ব্যবস্থা নাই; যেহেতু তাদের নিজস্ব জমি নেই বা সামান্য জমি আছে। কাজেই সেই ভাগচাষীদের সমবায়ের মাধ্যমে টাকা দেওয়া হচ্ছে না। 'মাল্টি পারপাস' সোসাইটিগুলোর সম্বন্ধে ভাল করে লক্ষ্য করলে দেখা যাবে যে, এইসব সোসাইটিগুলো বা তাদের অধিকাংশ স্থবির হয়ে আছে। যেগুলোর টাকা নষ্ট হয়ে গেছে সেগুলো অচল হয়ে পড়ে আছে। আমি ডায়মণ্ড-হারবার মহকুমার কতিপয় অনুরূপ সোসাইটির কথা বলছি। সরকার এই ডিপার্টমেন্টের মাধ্যমে সমবায় নীতি সম্বন্ধে মানুষের মধ্যে ঠিকমত মনোভাব সৃষ্টি করতে পারেন নি।

এটা একটা লগ্নী কারবারের মত হয়ে আছে। ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের কথা যা বলা হয়েছে তাতে সাধারণ চাষীর পক্ষে, যে বিধিনিষেধ রয়েছে, তা অতিক্রম কোরে সেখানে পৌঁছান তাদের সম্ভবপর নয়।

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বিশেষ করে সমবায় সম্পর্কে কিছু বলব। আমার যা বাস্তব অভিজ্ঞতা সমবায় সম্বন্ধে তা আপনার মাধ্যমে আমি এই সভার কাছে রাখতে চাই। আমাদের এই বাংলাদেশে যতগুলি কো-অপারেটিভ আছে, তার মধ্যে দু-একটা বাদ দিলে আমরা দেখতে পাই সমস্তগুলি কো-অপারেটিভ কংগ্রেস কর্ম্মীদের ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হয়েছে। কো-অপারেটিভকে যদি স্বার্থক করতে হয় তাহলে সমস্ত মানুষের মিলিত প্রচেষ্টাতেই সেটা করা সম্ভব। বিশেষ করে আমি মহেশতলা ইউনিয়নে দেখেছি যে, গত ১০ বৎসর এমন কি তারো আগে মুসলীম লীগ আমল থেকে যে সমবায় সমিতি রয়েছে, তা কংগ্রেস কর্ম্মীরাই অধিকার করে আছে, বামপন্থীদের ঐসব কো-অপারেটিভে অংশ গ্রহণ করা সম্ভব হচ্ছে না। আবার যদি আমরা আলাদা করে কিছু করতে চেষ্টা করি, তাহলে সরকারের সাহায্য পাচ্ছি না। ১৯৫২ সালে মে মাসের কথা আমি বলছি—যখন সারা বাংলাদেশের দর্জিরা বিধানসভায় অভিযান করে, তখন আমাদের মাননীয় প্রধান মন্ত্রী বিধানবাবুর কাছে তাদের একটী প্রতিনিধি দল পাঠাবার ব্যবস্থা হয়। সেই প্রতিনিধিদের সঙ্গে তাঁর প্রায় এক ঘন্টা আলোচনা হয় এবং দর্জিরা কি করে একটা গরম সুট সেলাই করে এবং কিভাবে সরকারকে ঠকিয়ে টাকা কন্ট্রাক্টররা আত্মসাৎ করে সেসব কথা বিশদভাবে প্রধান মন্ত্রীর সঙ্গে আলোচনা হয়। তখন বিধানবাবু নিজে থেকেই পরামর্শ দিয়েছিলেন যে, দর্জিদের সমস্যা সমাধান করতে হলে এবং তাদের জীবনের উন্নতি করতে হলে তারা কো-অপারেটিভ করুন। ইতিপূর্বে প্রফুল্লবাবুও বলেছেন, দর্জিদের আর্টিসেনদের যদি উন্নতি করতে হয় কো-অপারেটিভ গঠন করুন, আপনারা যদি আর্টিসেন লোন নিতে চান, তাহলে কো-অপারেটিভের মধ্য দিয়ে আসুন, আপনারা যত টাকা দেবেন, আমরা তার দশ গুণ বেশী টাকা দেব। আমাদের মনে সন্দেহ ছিল আমরা কো-অপারেটিভ করতে সরকারের সাহায্য পাব কি না, তবে মনে এ আশাও ছিল ওঁরা যখন বলেছেন হয়ত সাহায্য করতে পারেন। আমরা তারপর দর্জিদের নিয়ে কো-অপারেটিভ করেছি—এ্যাসিস্ট্যান্ট রেজিষ্ট্রারকে জানিয়েছি, তারপরে নানারকম খুটি-নাটি নিয়ে, স্কীম পরিকল্পনা প্রভৃতি নিয়ে ৬ মাস কাটল, আমি জানাতে বাধ্য হচ্ছি, একশো বার হাটাহাটি করে, নিউ রাইটার্স বিল্ডিংএ গিয়ে তাঁদের বল্লাম—যা কিছু আপনাদের আইনে আছে তার সমস্ত মেনে নিয়ে সই করে দাখিল করলাম, এখন রেজেষ্ট্রীটা করে দিন। এটা দাখিল করেছি এক বৎসর আগে, অথচ এখনো পর্য্যন্ত সেটা রেজেষ্ট্রী হয় নাই। বহুবার তাগিদ করেছি কিন্তু কিছুতেই সেটা কার্য্যকরী করা হচ্ছে না। এইরকম প্রায় সমস্ত ক্ষেত্রেই। মহেশতলা মাল্টি-পারপাস কো-অপারেটিভ সোসাইটি আছে, এতদিন কংগ্রেস কর্ম্মীরাই সেটা পরিচালনা করেছেন, হঠাৎ এক মাস আগে ঠিক করলেন স্থানীয় বিধানসভার মেম্বারকে যদি তার মধ্যে নিতে পারেন ভাল হয়, আমাকে তার মধ্যে নিলেন এবং সভাপতি করলেন, হঠাৎ দেখলাম সমস্ত কংগ্রেস কর্ম্মীরা পদত্যাগ করে আমার সঙ্গে অসহযোগীতা করেছেন। এতে স্পষ্টই বোঝা যাচ্ছে কংগ্রেসের সঙ্গে মিলে আমরা যে কাজ করব, সেদিকে তাঁদের সহানুভূতি নাই। যা কিছু ভাল কাজ কংগ্রেস একাই করবে, সেই রকম সর্তে যদি কো-অপারেটিভ করতে হয় তাহলে ভাল করে এটা আলোচনা করতে হবে এবং পরিষ্কারভাবে জেনে নিতে হবে কংগ্রেস কর্ম্মীদের এবং বামপন্থী কর্ম্মীদের একই কো-অপারেটিভের মধ্যে কাজ করার নীতি গৃহীত হবে কিনা কোন ক্ষেত্রে। এবং যদি সেই নীতির ব্যতিক্রম ঘটে তাহলে মুস্কিল হবে।

[6-35—6-45 p.m.]

কো-অপারেটিভ সম্পর্কে আমরা দেখতে পাচ্ছি, এসেম্বলীর ভিতরে বড় বড় কথা শুনতে পাচ্ছি, এগুলি হচ্ছে কংগ্রেসের কো-অপারেটিভ, এটা পরিষ্কার বুঝা যায়, কারণ এর মধ্যে বামপন্থীরা কোন সুখ-সুবিধা পায় না। এই বামপন্থীদের মধ্যে যারা সেবা করতে চান

তাদের কাজে সব সময় তাঁরাই এর বিরোধীতা করেন। আমরা সহযোগিতা করতে চাই, যেমন ধরুন আমরা তিনটি খাল সংস্কার শেষ করেছি কিন্তু সেই সময় দেখেছি যে আমাদের নানারকম অসুবিধার মধ্যে ফেলতে চেষ্টা করা হয়েছে এবং কোনরকম সহযোগিতা আমরা তাঁদের কাছ থেকে পাই নি। এমন কি শ্রমিকদের পর্যন্ত সাহায্য করা হয় নি, বরং তাদের উপর নানা মকদ্দমা দায়ের করা হয়েছে, ইনজাংশন জারী করা হয়েছে। এইরকম অবস্থা। আজ দেখতে পাচ্ছি বিধানবাবু কো-অপারেটিভ-এর ভার নিয়েছেন, তাঁর কাছে বিশেষ অনুরোধ যে এই কো-অপারেটিভ বিভাগে অনেক টাকা খরচ হচ্ছে, সেখানে মানুষের মধ্যে কি কাজ করা হবে এবং সেই কাজ যাতে মিলিতভাবে করা যায় সেইরকম ভিত্তিতে একটা প্রোগ্রাম করে, নীতির উপর ভিত্তি করে সেটা প্রচার করুন। এখানে দেখতে পাচ্ছি ২৬ লক্ষ ৭১ হাজার টাকা ব্যয়-বরাদ্দ করেছেন। এখানে যে ইণ্ডাষ্ট্রিয়াল স্কীম করা হয়েছে, তাতে এক-একটি কো-অপারেটিভ করতে গেলে মাথাপিছু ২½ শত টাকা লাগে। ধরুন যেখানে ১ হাজার দর্জি কাজ করছে, সেখানে প্রায় ২½ লক্ষ টাকা দরকার হবে। বাংলাদেশে অনেক কো-অপারেটিভ-এর ব্যবস্থা আছে। সেই কো-অপারেটিভ-এর মধ্যে যদি কুটীর শিল্প করা যায়, তাহলে তার যে যন্ত্রপাতি লাগে তাতে প্রায় এক হাজার টাকা লাগে। এই এক হাজার করে টাকা দিতে গেলে ১০ লক্ষ টাকা লাগে। এইদিকে লক্ষ্য রেখে এমনভাবে কো-অপারেটিভ স্কীম করতে বলছি যাতে বাস্তবিকই কো-অপারেটিভ স্বার্থকতা লাভ করতে পারে।

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়, কো-অপারেটিভ সম্বন্ধে বলতে গিয়ে শেষের দিকে যে কথা বলেছেন যে কো-অপারেটিভ সমস্ত গ্রামের মানুষকে নিয়ে করতে হবে। এই যদি তাঁর সত্যকারের বক্তব্য হয়, তাহলে আমরা সকলেই তাঁর সঙ্গে এক মত। কিন্তু আমরা বিভিন্ন ক্ষেত্রে যা দেখছি—বিধানসভার মাধ্যমে এবং বিধানসভায় দাঁড়িয়ে তাঁরা যেসব কথা বলেন, বাইরে গিয়ে তা তাঁরা করেন না। শুধু এই ক্ষেত্রে নয়, সব ক্ষেত্রেই। টেষ্ট-রিলিফ-এর কাজ বলুন, আর অন্যান্য যে-কোন বিষয় বলুন--বর্তমানে রিলিফ কমিটি বলুন, এডুকেশন কমিটি বলুন, সব জায়গায়ই, বিশেষ করে কংগ্রেস সদস্য ছাড়া আর কারও প্রবেশ করার অধিকার নেই। সব জায়গায় এদের নমিনেশন দেন এবং নমিনেশন দিয়ে সব কাজ পণ্ড করা হয়। ডাঃ রায় যদি সত্য সত্যই কো-অপারেটিভ সফল করবার জন্য সকলের সহানুভূতি চান, তাহলে এই ধরণের নমিনেশন-এর ব্যবস্থা বিভিন্ন জায়গা থেকে তুলে দেবার ব্যবস্থা করবেন এবং এটা করার চেষ্টা করাই সমবায়ের মূল উদ্দেশ্য হওয়া উচিত। গ্রামের যারা দরিদ্র লোক, গ্রামের যারা ভাগচাষী, সাধারণ গরীব মধ্যবিত্ত, তন্তুজীবি, দর্জি প্রভৃতি, আজ সমাজে যাদের অর্থনৈতিক ভিত্তি থাকে না, তাদের আজ রক্ষা করাই প্রথম প্রয়োজন। সেটা করার প্রাথমিক দায়িত্ব হচ্ছে আজ সমবায় প্রথার ব্যবস্থা করা। সেইজন্য আজ তাদের নিয়ে কো-অপারেটিভ-এর ব্যবস্থা করতে হবে, তাদের রক্ষা করার ব্যবস্থা করতে হবে। দ্বিতীয়তঃ, সারা দেশে সমবায় প্রথায় চাষের ব্যবস্থা করে এবং কুটীর শিল্পকে নূতন করে সমবায় প্রথার মধ্য দিয়ে করতে হবে। ডাঃ রায় কতকগুলি কো-অপারেটিভ-এর কথা বলেছেন এবং কতকগুলি কো-অপারেটিভ ফার্মিং-এর কথা বলেছেন। আমি জানি না তিনি সাধারণ দুঃস্থ মানুষ যারা, আজ তাদের অর্থনৈতিক ভিত্তি পাচ্ছে না, তাদের নিয়ে কো-অপারেটিভ করবেন কি না! কিন্তু যারা বড় লোক, ব্যবসায়ী, তাদের সাহায্য করবার ব্যবস্থা করছেন। সাধারণ গরীব মানুষ যারা, তাদের এই কো-অপারেটিভ-এর মধ্যে যাওয়া প্রায় অসম্ভব। তারা ফিসারম্যানস কো-অপারেটিভ-এর কথা বলেছেন, কিন্তু কে না জানে, সারা বাংলাদেশে যারা মৎস্যজীবি, যাদের নিজস্ব কোন পুকুর নেই, তাদের এই কো-অপারেটিভ করতে হলে, তাদের নিজস্ব পুকুর দেখাতে হবে, কিন্তু সত্যকার মৎস্যজীবির নিজস্ব পুকুর নেই। সুতরাং তারা এর সুযোগ পায় না। সেইরকম তন্তুজীবি, দর্জিদের যে-সমস্ত কো-অপারেটিভ-এ টাকা ধার দেওয়া হয়, কিন্তু তারা সেই মাল তৈরী করে বিক্রী করবে কোথায়? সেই মার্কেট-এর ববস্থা সরকারকে করতে হবে। তা যদি না করতে পারেন, তাহলে এ চলতে পারে না। আমরা জানি ১৯৫৩ সালে হাওড়া জেলার ডোমজুড় এলাকায় ৪১ হাজার টাকা দর্জিদের ঋণ দেওয়া হয়েছিল এবং তন্তুজীবিদের

প্রায় ৩১ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছিল। তারা সকলে মিলে সংঘবদ্ধভাবে কো-অপারেটিভ করে দাঁড়াবার চেষ্টা করে। কিন্তু প্রথমেই তাদের পথে যে বাধার সৃষ্টি হয়েছিল, তা হচ্ছে বাজারে তারা মাল বিক্রী করতে পারে না। সুতরাং এইসব কুটীর শিল্পকে সংগঠিত করতে গেলে যেমন সরকারকে তাদের কো-অপারেটিভ-এর মাধ্যমে নিয়ে যেতে হবে, তেমনি তাদের মার্কেটিং করার দায়িত্বও সরকারকে গ্রহণ করতে হবে। হাওড়া জেলায় আমরা জানি, সেখানে দর্জিদের সংখ্যা প্রায় ৫২ হাজার; তন্তুজীবিদের সংখ্যা ৫ হাজার এবং ছোট ছোট কুটীর শিল্পের শ্রমিক যারা হাওড়া অঞ্চলে আছে, তাদের সংখ্যা ১০ হাজার এবং ভাগচাষীর সংখ্যা ৬ লক্ষ। তা ছাড়া মৎস্যজীবি এবং মধ্যবিত্ত আছে—এদের সকলকে আজ কো-অপারেটিভ-এর মধ্য দিয়ে, সমবায়ের মধ্য দিয়ে, তাদের অর্থনৈতিক অবস্থাকে দৃঢ় করবার ব্যবস্থা করতে হবে। হাওড়া জেলা কেন, সারা বাংলাদেশের লোকের ১ থেকে ৪ একর জমি আছে। এইরকম পরিবারের সংখ্যা ১৫·৩৭। এবং যারা বর্গাদার ও ভাগচাষী, তাদের পরিবারের সংখ্যা প্রায় ৬ লক্ষ। এইভাবে প্রায় ২১ লক্ষের মত লোক, যারা আজ দাঁড়াতে পাচ্ছে না সমাজের বুকে, যাদের চাষের ব্যবস্থা নেই, তারা আজ দিনের পর দিন দুঃস্থ থেকে দুঃস্থতর হয়ে যাচ্ছে। সুতরাং এদের যদি আজ বাঁচাতে হয়—সাধারণ এই সকল গরীব মানুষকে যদি বাঁচাতে হয়, তাহলে সবচেয়ে প্রথমে সরকারের যে নীতি, যে আইন, সেই আইনকে পরিবর্তন করতে হবে। সরকারী আইনই হচ্ছে প্রথম বাধা। কো-অপারেটিভই হচ্ছে এই সমস্ত লোকের সমাজ ও অর্থনীতিক জীবনকে দৃঢ় করার কথা। সেইজন্য আজ প্রত্যেকটি গ্রামে যদি সমবায় প্রথা করতে হয়, বিশেষ করে, আমাদের হাওড়া জেলায় যেসমস্ত ভাগচাষী আছে, যারা আজ প্রায় মৃত্যুমুখে—এই ভাগচাষীকে জমির উপর তাদের অধিকার দিতে হবে। সমস্ত ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন করতে হবে। আপনারা যে ল্যান্ড রিফর্মস এনেছেন, তাকে পরিবর্তিত করে গ্রামে যারা সত্যিকারের চাষী তাদের হাতে যাতে জমি থাকে, তার ব্যবস্থা করতে হবে। তারপর, তাদের নিয়ে সমবায় প্রথায় চাষের যদি ব্যবস্থা করেন, তবেই এই চাষের মধ্য দিয়ে সমগ্র বাংলায় আজ যে অন্নের জন্য হাহাকার উঠেছে, সেই অন্নের ব্যবস্থার সংস্থান হতে পারে। আর যদি এ না করেন, তাহলে এই সমস্যার সমাধান হবে না। আপনারা মুখে এখানে বড় বড় কথা বলবেন, সহযোগিতা চাইবেন, আর অপর দিকে প্রত্যেকটী কমিটীর মধ্যে আপনাদের নমিনেশন এবং আমরা যারা বামপন্থী, সেখানে যাবার যখন চেষ্টা করব, তখন বাধা দেবেন। আমি আপনাদের কতকগুলি উদাহরণ দিচ্ছি—

At this stage the red light was lit.]

সুতরাং আমি সরকারকে অনুরোধ করব এই আইন পরিবর্তন করে গ্রামে যাতে কো-অপারেটিভ-এর উন্নতি করতে পারেন, তার চেষ্টা করবেন।

[6-45—6-55 p.m.]

Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অনেক আলোচনা শুনলাম—একই সুর সর্বত্র ধ্বনিত হয়েছে এবং এর থেকে কো-অপারেটিভ মিনিষ্টার-এর কিছু নেবার আছে বলে মনে করি। নমিনেশন-এর কথা উঠেছে। শুধু নমিনেশন নয়, এইরকম প্রথা কোথাও আছে কি না জানি না যে ⅔ অংশ নমিনেশন, অর্থাৎ ১৮ জনের মধ্যে ৬ জন নমিনেশন পেয়ে থাকে। ব্যাঙ্ক ডাইরেক্টরসদের যে নমিনেশন হয়ে থাকে তাতে ৬ জনকে যে নমিনেশন দেওয়া হয় তা সবই সরকারের লোক, না হয় কংগ্রেসের লোক। সেখানে এস-ডি-ও আছেন, নির্মল চাটার্জি এবং কংগ্রেসের সেক্রেটারী গিরীজাবাবু, আর আছেন কংগ্রেসী মণ্ডল সেক্রেটারী। এদের মধ্যে কেউই কো-অপারেটিভ-এর আন্দোলন করেন না এবং কো-অপারেটিভ কি তা জানেন না, অথচ এদেরই ঢুকানো হয়েছে, যাতে তাঁদের দল ভারী থাকে।

এই যদি হয় তাহলে বিধানবাবুকে কো-অপারেটিভ-এর চাহিদা কিরূপ হতে পারে, তাঁকে তা আমি স্মরণ করিয়ে দিতে চাই!

দ্বিতীয় কথা হচ্ছে—আপনি যে কো-অপারেটিভ-এর আন্দোলন করবেন, ব্যাঙ্ক করবেন, তা আপনাদের ঐ লাল-ফিতার ঘাটীতে আটকে বানচাল হয়ে যাবে। আপনি যেটা করবেন, সেটা তাদের মনঃপূত না হলে, আর একটা দল খাড়া করা হবে। গ্রামাঞ্চলে দলাদলি থাকে এবং কংগ্রেসের পক্ষ থেকে এই দলাদলি কিভাবে ব্যাড়ন হয়, তার একটা প্রকৃষ্ট উদাহরণ দেই। আমাদের গ্যাড়াপোতায় যে কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে, সেখানে গেলে সবই বুঝতে পারবেন। এর পরেও আপনারা আমাদের সহযোগিতা চাচ্ছেন?

ব্যাঙ্ক এনকোয়ারী কমিশন কতকগুলি কোয়েশ্চেনিয়ার করেন, প্রাণপনে চেষ্টা করা হয় যাতে কো-অপারেটিভগুলি বাড়ে, কো-অপারেটিভগুলি সংগঠিত হয়। তার জন্য অনেক উত্তর দেওয়া হয়। এইসব উত্তর দেবেন কাকে? উত্তর দেবার জায়গা কোথায়? প্রচুর উত্তর দেওয়া হয়েছে। আজকে আর তার কোন হদিস পাওয়া যায় না, আর যাবেও না। মনমত হলে উত্তর পাওয়া যায়, মনমত না হলে সমস্ত কিছুতে গণ্ডগোল এসে দাঁড়ায়।

কো-অপারেটিভ-এ জমি রেখে টাকা দেওয়া হয়। এমন কিছু বাঁধা-ধরা নিয়ম নাই যে এর বেশী দেওয়া হবে না—এটা ঠিক। তবে আড়াই শো টাকার বেশী কেউ পাবে না। তাদের ভ্যালুয়েশন অফ দি ল্যান্ড ধরা হয় কি বেসিস-এ তা শুনলে আপনারা অবাক হবেন, ল্যান্ড ইমপ্রুভমেন্ট লোন এ্যাক্ট, ১৮৮৪-৮৬ অনুসারে। তারপর, নদীতে অনেক জল বয়ে গেছে: কোথায় গিয়ে পেঁাছিয়েছে তারঠিক নাই। দুটো মহাযুদ্ধ চলে গেছে। কংগ্রেসের রাজত্বের বদলে সমাজবাদে এসে দাঁড়িয়েছে। ১৮৮৪ সালে যেভাবে জমির মূল্য নির্দ্ধারণ করা হয়েছিল, আজও সেইভাবে মূল্য ধরে তাঁরা চলেছেন। দশ বিঘা জমির মূল্য তাদের কাছে এসে দাঁড়িয়েছে আড়াই-শো টাকা। আজ এক বিঘা জমির দাম আড়াই-শো টাকার চাইতেও বেশী। ফলে কৃষক কি পেতে পারে? আড়াই-শো টাকার বেশী তো আর লোন পাবে না! যার দশ-বারো বিঘা জমি আছে, তার চাষ আড়াই-শো টাকায়ও হয় না। এটা সম্ভবতঃ ও-পাশের মানুষও জানেন। কিন্তু জানলে কি হবে? কালকে বসন্তবাবু বলেছেন ৬০-৬৫ টাকায় এক-জোড়া বলদ হয় না। যা হয় সে না বলদ, না গরু। এখন আড়াই-শো টাকায় কি করে জমি চাষ হবে, তা তারা বলতে পারেন। সে কথা বলদরা বুঝবেন, আমাদের বোঝবার কোন উপায় থাকছে না। এ ছাড়া ৫০।১০০ ট্যাক্স রকমের আছে—আনকাইন্ডলি ডিসবার্সমেন্ট আছে। আমাদের এক বন্ধু গণেশবাবু বলেছেন, সে কথা বলি। বনগাঁ, বারাসাত, নদীয়া, মুর্শিদাবাদ, এই সমস্ত আউশ প্রডিউসিং এরিয়া, ব্যারাকপুর এলাকায়ও আউশ ধান হয়, পাট হয়। চাষীর টাকার দরকার এখন নয়। বৈশাখ মাসে টাকার দরকার হয়। বৈশাখের শেষ বড় জোর। জ্যৈষ্ঠ মাসের গোড়ায় এই টাকা পেঁাছিবে না। না পেঁাছিলে তাদের উপায় নাই। তাদের ভাগের টাকা কোথায় গিয়ে পেঁাছিবে ঠিক নাই। অন্যের প্রয়োজন মিটাবার কাজে লাগতে পারে, তাদের কাজে নয়। চাষীর প্রয়োজনের জন্য কোন লোনের টাকার হদিস নাই। আজ পর্যন্ত বনগ্রাম কে-অপারেটিভ-এর টাকা বিলি হয় নাই। (এ ভয়েসঃ টাকা ফরফিট হয়ে যায় নি তো?) তা জানি না। যাদের অল্প জমি আছে, যারা ভাগে চাষ করে, বিধানবাবু জনেন কি না জানি না, জমি বন্ড রাখতে হয়। আমি বলি যারা ভাগে চাষ করে তারা না হয় তাদের ফসল বন্ড রাখুক। কিন্তু ভাগচাষীরা অল্প জমির মালিক, বহু বাস্তুহারা কৃষকও সেখানে আছে, যাদের সরকার ছয় বিঘা জমিও দিতে পারেন নি, বনগাঁয়ে চাষের সুবিধার জন্য কো-অপারেটিভ-এর কোন সুবিধা চাষীরা পাচ্ছে না। তার প্রমাণ চান? বনগ্রামে গিয়ে খবর নিতে পারেন। সেখানে একটা সমিতি দাঁড়িয়েছে, একটা ফোর্জড বডি তাদের রেজিস্ট্রী থেকে শুরু করে দাবীদাওয়া পর্যন্ত তাদের মর্জির উপর নির্ভর করছে, এই সমিতি হবে কি হবে না। এরা গ্রামের লোক, নিয়মকানুন মেনে সমিতি করছে—, তাতে ওদের কিছু এসে যায় না।

এখানে আমরা কো-অপারিটেভ মুভমেন্ট করতে চাই, আরো কো-অপারেটিভ হোক। কিন্তু তাতে হবে কি? তাদের দলীয় স্বার্থে লাগবে। যাঁরা কো-অপারেটিভ করেন না, তাঁরা জানেন না। এর মধ্যে প্রফুল্লবাবু যুক্ত আছেন। ওরা সবাই মিলে একটা পাওয়ার লুম

কো-অপারেটিভ করেছেন। ৬ লক্ষ ৮০ হাজার টাকা বাজেট তার জন্য করেছেন, স্কীম করেছেন। এর মধ্যে বসন্ত চৌধুরীর স্ত্রী, তার ভাই বৌ, আখিল চৌধুরীর স্ত্রী, ওরা তিন ভাই-বোন, নির্ম্মল চৌধুরী, তার ভাই প্রভৃতি সবাই মিলে আছে। এদের একজনেরও সংগে লোন-এর সম্পর্ক নাই। অথচ সেই কো-অপারেটিভ তারা রেজিষ্ট্রী করে দিয়ে বসে আছেন। এইরকম যদি কো-অপারেটিভ হয়, তাহলে কোনদিক দিয়ে উৎসাহ আসবে? সে কথা আজকে ভাববার আছে। আনলিমিটেড লায়েবিলিটি ঘোচান দরকার। জমি বন্ধক দিয়ে ও জমি রেখে টাকা পরে ফেরৎ পায় না।

Sj. Haran Chandra Mondal:

মাননীয় স্পীকার মহোদয়, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সমবায়ের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়েছে। ইউনিয়ন গভর্নমেন্ট কর্তৃক নিয়োজিত কমিটী বিশেষভাবে তদন্ত করে দেশে সমবায়ের প্রসারে কি কি বাধা আছে, রুর্যাল ক্রেডিট সার্ভে রিপোর্টে বিশেষভাবে সেটা আলোচিত হয়েছে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সমবায় ব্যবস্থার ত্রুটী-বিচ্যুতি সম্পর্কে রুর্যাল ক্রেডিট সার্ভে রিপোর্টে যে সকল মন্তব্য করা হয়েছে, পশ্চিম বাংলার ক্ষেত্রে সেই সকল ত্রুটী-বিচ্যুতি সবচেয়ে গুরুতর।

সরকারী সমবায় বিভাগকে এবং পশ্চিমবঙ্গ প্রাদেশিক সমবায় ব্যাঙ্ককে কংগ্রেসের দলীয় স্বার্থ-সিদ্ধির জন্য ব্যবহার করা হয়ে থাকে। উপরোক্ত দুটী প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট সরকারী কর্তারা দীর্ঘদিন ধরে গড়ে ওঠা এক দুষ্ট চক্রের হাতের পুতুল হয়ে আছে। তাই যে নামমাত্র টাকা কেন্দ্রীয় সরকার থেকে প্রতি বছর বরাদ্দ হয়, সে টাকাও পুরাপুরি খরচ হয় না। আমি হিসাবে দেখতে পাচ্ছি ১৯৫৫-৫৬ সালে বরাদ্দ ছিল এক কোটি টাকা। আর পশ্চিম বাংলা সরকার খরচ করতে পেরেছেন ৭৯ লক্ষ ৫০ হাজার টাকা। ১৯৫৬-৫৭ সালে বরাদ্দ ছিল দেড় কোটি টাকা, সরকার খরচ করেছেন ১ কোটি ২০ লক্ষ টাকা। গ্রামের কৃষকরা যেখানে কৃষিঋণের অভাবে ঠিকমত কৃষি উৎপাদন বাড়াতে পারছে না, অর্থ সাহায্যের অভাবে কুটীর শিল্প যেখানে ধ্বংসোন্মুখ, সেখানে এই তথ্য নিশ্চয়ই কৃতিত্বের বিষয় নয়। শুধু তাই নয়, যাদের প্রকৃতপক্ষে সাহায্য পাওয়া উচিত, তারা টাকা পায় না। যেখানে টাকা দিলে কু-চক্রীদের ব্যক্তিগত স্বার্থসিদ্ধ হবে, যেখানে টাকা দিলে কংগ্রেসের দলীয় স্বার্থ রক্ষা হবে, সেখানে টাকা নিয়োগ করা হয়। এর ফলে সরকারী অর্থের অপচয় কি পরিমাণ হচ্ছে, তার ভুরি-ভুরি দৃষ্টান্ত আমার কাছে আছে। সময় অল্প বলে আমি তা আর এখানে উল্লেখ করতে পারছি না। তবে কয়েকটী দৃষ্টান্ত আমি তুলে ধরছি। ১৯৫৬-৫৭ সালের শেষে ক্রপ লোন বাবদ বকেয়া এসে দাঁড়িয়েছে ২৪ লক্ষ টাকা। অথচ যে সকল গ্রাম্য সমবায় সমিতি নিয়মিত প্রতি বছর ক্রপ লোন পরিশোধ করে যাচ্ছে, তারা মোট দেয় ক্রপ লোনের আনুপাতিক অংশ পাচ্ছে না। যারা সমবায় বিভাগকে এবং প্রাদেশিক সমবায় ব্যাঙ্কের ম্যানেজিং ডাইরেক্টরকে কুক্ষিগত করে রাখতে পেরেছেন, যথেষ্ট বকেয়া থাকা সত্বেও তারা যথেষ্ট পরিমাণ ঋণ পেয়ে যাচ্ছেন। দৃষ্টান্ত স্বরূপ জলপাইগুড়ি ও মালদহ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক-দুটির কথা উল্লেখ করা যেতে পারে। ১৯৫৫-৫৬ সালের ক্রপ লোন বাবদ যথেষ্ট বকেয়া থাকা সত্বেও ১৯৫৬-৫৭ সালে এই দুটী ব্যাঙ্ককে যথেষ্ট পরিমাণ ক্রপ লোন দেওয়া হয়েছে।

একদিকে এই যখন চিত্র, তখন অন্যদিকের আর একটী চিত্র তুলে ধরছি। আমি এখানে দি গোসাবা যামিনী রাইস মিল ও ধান্য-বিক্রয় সমিতির কথা বলছি। এই সমিতিটী পশ্চিম বাংলার একমাত্র সমবায় রাইস মিল। গোসাবা হ্যামিলটন এষ্টেটের কর্তৃপক্ষ ১৯২৮ সাল থেকে ১৯৫৪ সাল পর্য্যন্ত এই সমিতি পরিচালনা করেন। সমবায় বিভাগের কু-চক্রের অন্যতম নায়ক দুইজন অবসরপ্রাপ্ত কো-অপারেটিভ ডিপার্টমেন্ট-এর এ্যাসিষ্টেন্ট রেজিষ্ট্রার এই সমিতির পরিচালকদের মধ্যে ছিলেন। তারা ও অন্যান্য ডাইরেক্টররা ১৯৪৮ সাল হতে ১৯৫৪ সালের মধ্যে সমিতির ৩ লক্ষ ৯৮ হাজার ৫৪০ টাকা লোকসান করিয়েছে। যা সাধারণ ব্যবসায়ের লোকসান নয়। সব থেকে মজার বিষয় এই—এই সময়ের মধ্যে প্রতি

বছর সমবায় বিভাগের অডিটররা লোকসানের পরিবর্তে লাভের তঞ্চকি হিসাব মঞ্জুর করেছেন ও শেয়ার-হোল্ডারদের লভ্যাংশ বিতরণের অনুমতি দিয়েছেন এবং সেই অনুসারে ভুয়া লভ্যাংশও বিতরিত হয়েছে। এই সময়ের মধ্যে শেয়ার-হোল্ডারদের বহু অভিযোগ সমবায় বিভাগকে জানান স্বত্বেও কোন প্রতিকার করেন নাই।

[6-55—7-5 p.m.]

এই প্রচেষ্টাকে ধ্বংস করার চক্রান্ত চলেছে। সমবায় বিভাগ কর্তৃক নিযুক্ত অডিটর ফার্ম কে. সি. রায় চৌধুরী এ্যান্ড কোম্পানী বিশেষ অনুসন্ধান রিপোর্টে যদিও আবেদন করেছিলেন যে, গোসাবা অঞ্চলে এই একমাত্র শিল্পকে বাঁচানোর জন্য যদিও এই ফার্ম সংশ্লিষ্ট ডাইরেক্টরদরে কাছ থেকে লোকসানের দরুন ৩ লক্ষ ৩১ হাজার টাকা আদায়ের সুপারিশ করেছেন, যদিও নতুন ডাইরেক্টরদের উক্ত সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট পূর্বতন ডাইরেক্টরদের বিরুদ্ধে ডিসপিউট ফাইল করেছেন, তথাপিও সমবায় বিভাগ নিযুক্ত আরবিট্রেটরদের গড়িমসির ফলে আজও এই টাকা আদায়ের কোন ব্যবস্থা হয় নি। যদিও সমবায় বিভাগের রেজিষ্ট্রার-এর কাছে ২২শে জুন ১৯৫৬ তারিখে প্রদত্ত মেমোরেণ্ডাম এবং ১৪ই আগষ্ট ১৯৫৬ তারিখে প্রদত্ত বিজিনেস স্কীম মারফত ব্যবসা চালানর জন্য স্টক হাইপথিকেশন এই বিনিময়ে অর্থ সাহায্য চাওয়া হয়েছে, অথবা কার্য্যকরী অন্য যে-কোন বিজিনেস স্কীম সমবায় বিভাগকে তৈরী করবার অনুরোধ জানান হয়েছে। সমবায় বিভাগ প্রতি বছরই লক্ষ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারকে ফেরত দেয়। অথচ এই দুর্দশাগ্রস্ত সমবায় সমিতিকে এক পয়সা অর্থ সাহায্য করছেন না, বা কোন পরিকল্পনা রচনা করছেন না। যে এক্সিকিউটিভ অফিসার নিয়োগ না করলে তারা অর্থ সাহায্য করবেন না এবং এর জন্য কোন পরিকল্পনাও নাই। প্রতিশ্রুতি দিবেন কিন্তু তা রাখবেন না। গতবারে সমবায় প্রতিষ্ঠানগুলির বিভাগীয় এক্সিকিউটিভ অফিসার সম্পর্কে যে তিক্ত অভিজ্ঞতা রয়েছে, তাতে অর্থ সাহায্য আশ্বাস না পেলে এক্সিকিউটিভ অফিসার নিয়োগে রাজী হতে পারেন না। কারণ, গোসাবা সেন্ট্রাল কো-অপারেটিভ, সেন্ট্রাল ব্যাঙ্ক-এর সম্পর্কে সমবায় বিভাগ অনুরূপ পরামর্শ দিয়াছিলেন এবং স্থানীয় সমবায় কর্ম্মিরা সেই পরামর্শ গ্রহণ করিয়াছিলেন—ফল কি হইয়াছে, ১৯৫৫-৫৬ সালে এই ব্যাঙ্কও এক লক্ষ টাকার ক্রপ লোন-এর জন্য দরখাস্ত করেছিলেন, বহু টালবাহানার পর প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর ম্যানেজিং ডাইরেক্টর জানালেন, মাসিক দুই শত টাকা বেতনে প্রভিন্সিয়াল ব্যাঙ্ক-এর জন্য প্রতিনিধি গোসাবা সেন্ট্রাল ব্যাঙ্ক-এ নিয়োগ করিলে তিনি মাত্র ২৪ হাজার টাকা ক্রপ লোন দিতে পারেন। এই টাকায় সেন্ট্রাল ব্যাঙ্ক-এ যেখানে মাত্র ৩৬০ টাকা সুদের বাবদ আয় পাবেন, সেখানে প্রভিন্সিয়াল ব্যাঙ্ক-এর একজন প্রতিনিধিকে ৪ মাসে ৮০০ টাকা বেতন দেবার ক্ষমতা না থাকায় সেন্ট্রাল ব্যাঙ্ক-এর এই সর্ত্ত মানতে পারলেন না। ফলে কৃষকেরা এই বছরে ক্রপ লোন-এর টাকা পেলেন না। ১৯৫৬-৫৭ সালে আবার ১ লক্ষ টাকার দরখাস্ত করা হল, কিন্তু মাত্র ৫০ হাজার টাকা অনুমোদন হলেও টাকা দিতে অহেতুক বিলম্ব করা হতে লাগল। ইতিমধ্যে চাষ এসে পড়ায় কৃষকদের কর্জের টাকার জন্য বারবার তাগিদ দেওয়াতে সেন্ট্রাল ব্যাঙ্ক-এর নিজস্ব তহবিল হতে যে সামান্য টাকা জামির রাইস মিল-এর মাধ্যমে কর্জ দেবার জন্য রেখেছিলেন, ক্রপ লোন পেলে সেই টাকা এ্যাডজাষ্ট করে নেওয়ার আশায় সেই টাকা থেকে ২০ হাজার টাকা গ্রাম্য সমবায় সমিতিগুলিকে এক্সিকিউটিভ অফিসার-এর মারফত সাময়িকভাবে দাদন দেন। কিন্তু সমবায় বিভাগের এ্যাসিষ্টেন্ট রেজিষ্ট্রার শ্রীযুত সুব্রত সেন, যিনি বর্তমানে সমবায় বিভাগের রেজিষ্ট্রার-এর পি. এ. তিনি টেকনিক্যাল ভুলের প্রশ্ন তুলে—যে ভুলের জন্য তার বিভাগের নিয়োজিত এক্সিকিউটিভ অফিসার দায়ী—এই সাময়িক দাদনের টাকা কেটে নিলেন। যার ফলে সেন্ট্রাল ব্যাঙ্ক-এর এবং জামির রাইস মিল-এর অপূরণীয় ক্ষতি হয়। এই প্রশ্নের জবাব স্পীকার মহাশয়ের মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে আমি জানতে চাই।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, একটা সমস্যাকে তুলে ধরার জন্য যে সমস্যাগুলির অংশু সমাধান না হলে সমবায়-প্রথা বিস্তার লাভ করা তো দূরের কথা, তা অত্যন্ত ব্যাহত হবে।

প্রথমতঃ একটা প্রশ্ন এখানে উঠেছে যে, কো-অপারেটিভ ফার্মিং সোসাইটীর উপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বসানো। কিন্তু বিষয়টীর গুরুত্ব ভাল কোরে বোঝা যাবে যদি আমি একটা উদাহরণ দিই। বর্দ্ধমান জেলায় ছোটদা কো-অপারেটিভ ফার্মিং সোসাইটী, এই সোসাইটী গঠিত হয়েছে ১০ই অক্টোবর ১৯২০, এইভাবে জমির মালিক যারা, তাদের নিয়ে। এদের ভিতর কেউ নাই যে ইনডিভিজুয়ালী এগ্রিকালচার ইনকাম ট্যাক্স-এর আওতায় আসতে পারে। কিন্তু যেহেতু তারা কয়েকজন এইরকম অত্যন্ত ছোট ছোট মালিক, তারা একত্রিত হয়ে কো-অপারেটিভ গঠন করল, সেইজন্য তাদের একত্রিত জমির উপরেতে সেইটিকে একটা ইউনিট ধরে এবং এটা করপোরেশন ট্যাক্স-এর নীতিতে নয়, ইনডিভিজুয়াল-এর উপরেতে যেভাবে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স হয়, সেইভাবেতে তাদের টাকায় ৪ আনা কোরে সেখানে অত্যন্ত অধিক হারে সেখানে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বসান হ'ল। আমরা দেখেছি একটা বিশেষ বছরে ১৯৫২-৫৩ সালে যেখানে সরকারের কো-অপারেটিভ-এর অডিটর, তারা সেখানে দেখাচ্ছেন যে, মাত্র ৬০০ টাকা লাভ হয়েছে সেই জায়গায় তারা ৩৪ হাজার টাকা লাভ দেখিয়ে সেখানে ঐ টাকায় ৪ আনা কোরে একটা বছরের জন্য ৮ হাজার ৬১০ টাকা ৫ আনা তাদের উপর ট্যাক্স বসান হ'ল। এই হারে যদি ট্যাক্স ধার্য্য করা হয় তাহলে ছোট ছোট মালিকেরা যে একত্রিত হয়ে সমবায়ের মাধ্যমে যে একটা নতুন পথে এগিয়ে যাবে তার সম্ভাবনা কোথায়? এবং সেইদিক থেকে আজকে এ-বিষয়ে খুব গভীরভাবে চিন্তা করার বিষয়, এইভাবে থাকলে পর কোন কিছুই হবে না। আমি দেখেছি চায়নাতে সেখানে অন্য জিনিস করা হয়েছে। তারই পাশাপাশি আরেকটা উদাহরণ দেব, একটা বাক্‌শা ঐ পাশেরই একটা গ্রাম, সেখানে একজন মালিক, নিরাপদ চাটার্জি তার নাম, ২৪০ বিঘার জমির মালিক, তিনি এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্সকে ফাঁকি দেবার জন্য এবং বর্গাদারকে বর্তমান আইন অনুযায়ী যে ৪ অংশ থেকে ফাঁকি দেবার জন্য তিনি তার সম্পত্তি তিনি তাঁর স্ত্রী, ছেলে-মেয়ে কয়েকজনকে শেয়ার-হোল্ডার করে এবং আরও কয়েকজনকে নিয়ে আরেকটা কো-অপারেটিভ করলেন এবং সেই কো-অপারেটিভ-এর মাধ্যমে তিনি যেসমস্ত লোককে নিয়েছিলেন, সেই সমস্ত লোককে সর্বস্বান্ত করে আজ সেই কো-অপারেটিভ দেউলিয়া হয়েছে—এই হয়েছে ব্যাপার। সেইজন্য দুটো জিনিষ মনে রাখতে হবে। একটা—কো-অপারেটিভকে সত্যিই যদি কো-অপারেটিভ-এর বিকাশ হতে পারে, সমগ্র সামাজিক পরিবেশেতে, গণতান্ত্রিক ও অর্থনৈতিক পরিবেশেতে, একটা স্বাভাবিক টেন্ডেন্সি থাকবে সমস্ত কো-অপারেটিভগুলি ঐরকম একটা মুনাফার দিকে ঝাপিয়ে আসার জন্য। সেইজন্য সেখানে চায়নায় নিয়ম করা হয়েছে যে, প্রথম প্রথম কো-অপারেটিভগুলিতে, সেখানে ছোট এবং মাঝারী তাদের নিয়ে কো-অপারেটিভ করা হয়। বড় যারা চিরকাল জোতদারী করেছে, শোষণ করা যাদের চিরকালের মনোভাব, তাদেরকে সেখানে কো-অপারেটিভ-এ প্রথা নেওয়া হয় না, যতক্ষণ না তারা বোঝেন যে শোষণকারী নয়, এবং যতক্ষণ না তাদের মনের পরিবর্তন হচ্ছে। দ্বিতীয় কথা যেটা বলব, সেটা হচ্ছে এই মালটি-পারপাস সোসাইটী, যেটার নামকরণ করা হয়েছে গ্যাঁড়াকল। এই মালটি-পারপাস সোসাইটীর মূল উদ্দেশ্যই হ'ল গ্রামাঞ্চলে যারা ছোট ছোট জমির মালিক, এর মাধ্যমে তাদের সাহায্য করা, কিন্তু বাস্তবে যা হচ্ছে তাতে দেখা যাচ্ছে, তারা কোন প্রকার সাহায্যই পাচ্ছে না। এবং সত্যিই যাদের পাওয়া প্রয়োজন, তাদের লোন দেবার কোন প্রভিসন নাই। কারণ, তাদের জমি নাই। ৯ বিঘা জমি না থাকলে কোন প্রকার সাহায্য করা হয় না। আজকে এবং পরেও যদি ভূমি বন্টন আদৌ হয়, তাহলে পরে এমন জমি হবে না যে ছোট ছোট যে-সমস্ত উৎপাদক, তাদের একত্রিত কোরে, তাদের সাহায্য দিতে হ'লে পর তাহলে এই লোন ম্যানুয়াল আশু যদি পরিবর্তন না হয় তাহলে কো-অপারেটিভ-এর যে সাহায্য সবচেয়ে বেশী প্রয়োজন তাদেরই সাহায্য করবার কোন ব্যবস্থা এর ভিতরে নাই। সেই দিক থেকে এর একটা আশু পরিবর্তন হওয়া দরকার এবং দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হওয়া দরকার।

[7-5—7-15 p.m.]

তৃতীয় একটা কথা বার বার বিভিন্ন ক্ষেত্রে শুনেছি, সেটা হচ্ছে এই যে, ধানের দর থাকে, যে দর আষাঢ়-শ্রাবণ মাসে থাকে, সে দর দেখে এটা প্রমান করার চেষ্টা করা হয় যেন

নিরন্তরভাবে সমস্ত কৃষকদের, গরীব থেকে আরম্ভ করে মাঝারী, সকলেই তারা অত্যন্ত লাভবান হচ্ছে এবং এই যুক্তিতে অতিরিক্ত কর, জলকর ইত্যাদি নানা কর চাপান হচ্ছে। অথচ সত্যিকার মাঘ মাসে যখন ধান ঝাড়াই চলছে তখন থেকে সাধারণ গরীব-চাষী, তাদের মুনিষের বেতন প্রভৃতি দেওয়ার জন্য, খাজনা মেটাবার জন্য, ট্যাক্স দেবার জন্য এবং অন্যান্য সমস্ত পাওনদারদের পাওনা মেটাবার জন্য সব কিছু বিক্রী করে দেন কম মূল্যে। এটা জানে বলেই আড়তদাররা মাঘ মাসে অতি কম মূল্যে কিনে নেয় এবং চাষীরাও এত কম মূল্যে বিক্রী করে। অথচ সেখানে সাহায্য করতে পারা যায়। এই চাষীদের মাঘ মাসে যদি কো-অপারেটিভ-এর মাধ্যমে গ্রেন ডিপোজিট নিয়ে, বন্ধক রেখে, সেই সময় অর্থ আগাম দেওয়া হয়—ধানের এগেনষ্ট-এ, আর সেই ধান আষাঢ়-শ্রাবণ মাসে বেশী মূল্যে বিক্রী করা হয় মার্কেট প্রাইসে এবং তার জন্য সমিতি নামমাত্র সুদ নেয়, তাহলে চাষীরা উপকৃত হতে পারে। আমার সময় কম, আমি শুধু বলতে চাই—এদিক যদি নজর দেওয়া হয়—স্বয়ং মুখ্যমন্ত্রী মহাশয় এই বিভাগের যে ভার নিয়েছেন এবং যদি করতে চান, সমস্ত কিছু যদি গভীরভাবে দেখেন তবে সমস্তই হতে পারে, নইলে কিছু হবে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker, Sir, I have listened very carefully to the speeches made by the Opposition members that Government have to develop the country, particularly its small industries under co-operative societies working in a co-operative spirit. Before I go to the other parts of the various arguments raised, I may inform my friend Shri Chowdhury that revised crop loan rules have been put in by which crop loan can be given to *bhagchasis* by furnishing two personal securities.

As regards the points raised by my friend, Mr. Das—he said that the ordinary agricultural loan is given to a person only if he belongs to the Congress. I believe he is allergic to the word "Congress". I may say that the ordinary crop loan is always given through the co-operative societies and in the Five-Year Plan we are envisaging the idea that cattle-purchase loans which are now being given by the Agricultural Department will also be given through the Central Banks and enlarged primary societies. (Sj. AJIT KUMAR GANGULI: How much?) We will find out. The next point that I want to make out is—my friend, Shri Das said that only when a Congressman is there, the co-operative society functions. I have been looking at the rules for the formation of co-operative societies. The rule says that no primary society shall be registered unless it consists of at least 15 persons above the age of 18 years. He says that any person qualified under the bye-laws shall be excluded from the membership if he happens to be a P.S.P. man. May I say that at the annual general meeting the managing committee is elected? Then he says that the Registrar may appoint to represent appropriate interests an additional number of directors equal to half of the total number of directors appointed on the managing committee by the society, that is to say, the managing committee and its directors form a majority. I do not say why he should be so nervous. I know at least of three or four Fisheries Co-operative Societies of which Shri Bagala Guha is the Chairman and he happens to be a Communist. Probably my friend, Mr. Das, will not object to my mentioning that Shri Natendra Nath Das was the Vice-President of one of the biggest transport society of the area from which he comes. Shri Natendra Nath Das, I think I am right in saying, is not a Congressman. Mrs. Ray, the wife of my friend, Dr. Narayan Chandra Ray, is the President of a cobblers society. She is, I believe, not a Congress worker. Therefore, to simply say—give a dog a bad name and hang it—that may be a good policy so far as the lawyers are concerned, but that does concern us.

The next point that has been raised is about the taxes. Probably members are aware that the co-operative societies are not liable, as far as I can gather, to income-tax. If they are of a sufficient size, they will be

liable to pay sales tax, but the question of agricultural income-tax, as I have mentioned in my speech, is one which is to be considered seriously. My only difficulty is to see and avoid bogus people—bogus cultivators who would otherwise have paid as individuals agricultural income-tax. They form a co-operative society with relations and friends in order to avoid agricultural income-tax. That is what we have to avoid and find out—what is the best method. According to the arrangements and scheme that we have before us, it will be necessary to reorganise both the Central Banks as well as the primary banks. For the Central Bank, therefore, it is proposed to appoint an executive officer who may be under the discipline of the Board of Directors of the co-operative society or societies to which he is attached. There will be a supervisor who will be a bank employee to maintain a link between the Central Bank and its constituent primary societies and for the bigger large scale primary societies which we propose to put in in the next year and where we are thinking of having 62 godowns for keeping the goods, etc. there will be a manager to be appointed by the Registrar of the co-operative societies from among the workers already working in these societies. This is the programme that we have framed for the development of this department and as I said in the beginning, this department needs further encouragement. When you have got to deal with the large number of people who would form a future society of this type, it is possible that there may be, now and again, certain lapses so far as the working of a society is concerned.

[7-15—7-24 p.m.]

My friend Mr. Das said something about the auditors not working properly and suggested that if they work properly they would find some amount of malfeasance or misfeasance—whatever he likes to call it. I have here the figure of the total number of societies that were inspected by our auditors and it appears that his suggestion is that all the societies should be audited simultaneously which means that a huge number of auditors will have to be appointed at the same time and at tremendous expense. But if there is any particular society about whose working Mr. Das is doubtful, it is always open to him to write to the Registrar for taking necessary steps.

Sir, this is a department which is in its formative stage. I know there are many difficulties, the chief difficulty being that we are dealing with human beings of different types and complexions who may not have the real co-operative spirit at heart and therefore in the beginning there is bound to be some amount of confusion. We are trying to tread our way in this path and to see how far the co-operative movement can be brought into use for the development of the country.

With these words, Sir, I oppose the cut motions.

Sj. Ganesh Ghosh: Will the Hon'ble Minister kindly let us know how much monetary grant has been sanctioned to the society of which Mrs. Ray is the Chairman or Shri Bagala Guha or Shri Naten Das.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I may inform Mr. Ghosh that we have given Bagala Babu Rs. 2½ lakhs—not to him but to his society.

Mr. Speaker: I will now put all the cut motions except motion No. 13 of Shri Sasabindu Bera.

The motion of Sj. Ramanuj Haldar that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haran Chandra Mondal that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haran Chandra Mondal that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haran Chandra Mondal that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hare Krishna Konar that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Dey that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj Dasarathi Tah that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 26,79,000 for exjenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 26,79,000 for exjenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 26,79,000 for exjenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bankim Mukherji that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhakta Chandra Roy that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dr. Narayan Chandra Ray that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 26,79,000 for expenditure under Grant No. 25, Major Head "42—Co-operation" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—77.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sjkta. Labanya Prova
Golam Yazdani, Janab
Gupta, Sj. Sitaram
Haider, Sj. Ramanuj
Haider, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—141.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu

Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blancho, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Doloi, Sj. Harendra Nath
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Panchanan
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Muzaffar Hossain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Platel, Sj. R. E.
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Huque, Janab Md.

The Ayes being 77 and the Noes 141, the motion was lost.

Sj. Khagendra Kumar Roy Choudhury: Sir, I beg move move that the demand of Rs 71,16,000 for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons, and Loans and Advances by State Government—Loans and advances to displaced persons" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the indiscriminate requisition of peasants' lands in the name of refugee rehabilitation.

Sj. Panchugopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 71,16,000 for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons, and Loans and Advances by State Government—Loans and advances to displaced persons" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal so far to regularise three squatters' colonies, viz., the Serampore Colony,

the Mahesh Colony and the Nehru Nagar Colony and the consequent delay in granting house-building loans as also urgent amenities of the life of the colonies, causing thereby untold sufferings.

Sj. Narayan Chobey: Sir, I beg to move that the demand of Rs. 71,16,000 for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons, and Loans and Advances by State Government—Loans and advances to displaced persons" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the fact that (i) the worksite camp at Talbagicha, in the district of Midnapore for the refugees, has brought no benefit either to the refugees or to the Government; (ii) seven tanks proposed to be dug in the area have cost the Government a few lakhs of rupees and now though they are declared complete, have not a drop of water in any of those tanks; (iii) these tanks have been of no purpose to any one excepting perhaps a few people who had made some money out of the fund spent for the said tanks.

Sj. Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 71,16,000 for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons, and Loans and Advances by State Government—Loans and advances to displaced persons" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

তিন মাসের মধ্যে পুনর্বাসন দেওয়া হইবে বলিয়া পাল্লা, চাঁচাই প্রভৃতি ক্যাম্পে অসংখ্য উদ্বাস্তুদের লইয়া তিন বৎসরের মধ্যে পুর্বাসন না দেওয়া এবং উদ্বাস্তুদের অত্যন্ত শোচনীয় অবস্থায় রাখা সম্বন্ধে আলোচনার জন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 71,16,000 for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons, and Loans and Advances by State Government—Loans and advances to displaced persons" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to grant financial assistance to the municipality of Kalna for development works like roads, drainage, water-supply, etc., in refugee colony areas as prayed for by the Kalna Municipality in view of heavy concentration of displaced persons there.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 71,16,000 for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works outside the Revenue Account—Expenditure on displaced persons, and Loans and Advances by State Government—Loans and advances to displaced persons" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in rehabilitating the displaced persons occupying the Muslim houses at the different places of Howrah.

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, পশ্চিমবঙ্গ-সরকারের ব্যর্থতার ইতিহাসের মধ্যে বাস্তুহারা সম্পর্কে যে নীতি গ্রহণ করেছেন—এটাই হচ্ছে সব থেকে কলঙ্কময় অধ্যায়। আজকে এখানে প্রফুল্লবাবু তাঁর প্রথম গৌরচন্দ্রিকায়, রেণুকা রায় মহোদয়া যখন ছিলেন—তাঁর কীর্তি-কলাপের যথেষ্ট সুখ্যাতি ক'রে গেলেন। আমি এই অ্যাসেমব্লিতে বিগত ৫ বছরে তাঁর

প্রত্যেকটি কাজের, নীতির সমালোচনা করেছি এবং হৃদয়বত্তার যেকথা বললেন, সেই হৃদয়বত্তার পরিচয় আমরা পাই নি। তিনি আজ এখানে উপস্থিত নাই, কিন্তু তাঁর ব্যর্থতার জন্য বোধ হয় পশ্চিমবঙ্গের মন্ত্রিসভায় বা কেন্দ্রের মন্ত্রিসভায় তাঁর স্থান হ'ল না। এবং সবচেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে, এই রকম একটা গুরুত্বপূর্ণ বিভাগ—যে ফুড ডিপার্টমেন্ট প্রফুল্লবাবু অধিকার করেছিলেন—তাঁকেই দেওয়া হ'ল যাঁর গত ১০ বছরের কার্যকলাপ ফুড ডিপার্টমেন্টএ ব্যর্থতার ইতিহাস সৃষ্টি করেছে এবং বার বার আমাদের দেশে দুর্ভিক্ষ, খাদ্যসংকট নিয়ে এসেছে। (ডাঃ রাধাকৃষ্ণ পালঃ ভাই আমার ভুল বকছে।)

Mr. Speaker: I must impress upon the honourable members of this House that a very important subject is being debated and I do not want any interruption. You may not approve of what Dr. Sen may say. To the honourable members on this side of the House I will say that you can answer back when you get your opportunity to speak and similarly I would request the honourable members on the other side not to interrupt when the honourable members on this side speak. This is a very serious matter, and I repeat that I do not want to have any interruption.

Sj. Sudhir Chandra Ray Choudhuri: What is this about?

Mr. Speaker: Dr. Sen was interrupted and I did not like it.

Dr. Ranendra Nath Sen:

যাই হোক এখন তিনি যে হিসাব দিলেন সেই হিসাবে দেখছি যে, প্রায় ৮৪ কোটি টাকা খরচ হচ্ছে। পরিসংখ্যান দিয়ে প্রফুল্লবাবু সুরু করলেন—আমি দেখেছি তাঁদের নিজেদের কোন পরিসংখ্যানের ঠিক নাই—যেমন নীতির কোন ঠিক নাই তেমনি পরিসংখ্যানেরও কোন ঠিক নাই। ফিগারের দিকে যদি আমরা তাকাই কি সংখ্যায় রিফিউজি পশ্চিম বাংলায় এসেছে। এতদিন পর্যন্ত সরকার বলেছেন ৩০ লক্ষ, আজকে প্রফুল্লবাবুর হিসাব হ'ল ৩২ লক্ষ, সেন্ট্রাল রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর হিসাবে ডিসেম্বর ১৯৫৬—প্রায় ৪০ লক্ষ। নেহরু তাঁর বোম্বে ইলেকশন মিটিংএ বলেছেন, পশ্চিমবঙ্গে ৫০ লক্ষ রিফিউজি এসেছে—খবরের কাগজে পড়েছি। এই যে হিসাব ভারত সরকারের প্রধানমন্ত্রীর এবং পশ্চিমবঙ্গ-সরকারের—এতে কোন মিল নাই। কাজেই পুনর্বাসন হয়েছে বলে যে সংখ্যা দিচ্ছেন সেটাও ঠিক নয়। আশ্চর্য্য ব্যাপার জুলাই ১৯৫৬—মিসেস রেণুকা রায় এখানে বলেছেন যে, ১৮ লক্ষের পুনর্বাসন হয়েছে। অথচ জুলাই ১৯৫৬ ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যান প্রগ্রেস রিপোর্টএ বলেছেন পশ্চিমবঙ্গে ১০ লক্ষ হয়েছে। ডাঃ রায় ৯-৫-৫৭ তারিখে প্রেস স্টেটমেন্টএ বলেছেন ১৯ লক্ষ হয়েছে। কিন্তু সবটা গভর্নমেন্টের চেষ্টায় হয় নি, বাস্তুহারারা নিজেরাও চেষ্টা করেছে এবং গভর্নমেন্ট চেষ্টা করেছে। সুতরাং তাদের সংখ্যাটা যে কি—আমি যা দেখেছি, পশ্চিমবঙ্গ-সরকার তা নিজেই তাঁরা জানেন না। এমনি তাঁরা রাজত্ব চালাচ্ছেন এবং এই যে ৮৪ কোটি টাকা খরচ হচ্ছে তার মধ্যে ৪৪ কোটি নিজেই বলেছেন কিসে খরচ হয়েছে, অপব্যয় হয়েছে। আমাদের দেশে লোকশক্তি, জনশক্তি নষ্ট করা হচ্ছে বছরের পর বছর। এই ৮-১০ বছর ধ'রে এমন আছে কত লোক যারা সুস্থ সবল, কাজ খুঁজছে, কিন্তু পশ্চিমবঙ্গ-সরকার ১২ টাকা করে মাসিক তাদের খাইয়ে বসিয়ে রেখেছে। দুর্নীতিতে ভরে গেছে। অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হয়েছে ক্যাম্পে। আমি জানি এরকম গুটিকয়েক ক্যাম্প আছে আমার এলাকায়। এই সেদিন নূতন মন্ত্রী সিদ্ধার্থবাবু গণতন্ত্র এবং ডিসেন্ট লিভিংএর কথা বলে গেলেন এই কলকাতা শহরে। দাশপাড়া এবং কাশীপুর ক্যাম্পে যদি তিনি যান তা হ'লে তিনি যে গণতন্ত্র ও ডিসেন্ট লিভিংএর কথা বলেছেন সেটা তাঁকে প্রত্যাহার করতে হবে।

জেলখানায় পরিণত করেছেন, অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে চটকলের বড় গুদামে অথবা উইভিং ডিপার্টমেন্টের খোলা জায়গায় ফেলে রেখেছেন। একটার পর একটা পরিবার সেখানে পড়ে আছে, নারিকেলের দড়ি দিয়ে ব্যবধানের সৃষ্টি করা হয়েছে, সেখানে জন্ম মৃত্যু সবই হচ্ছে—এপিডেমিকসে ছেয়ে গেছে। যুবার এঁরা ডিসেন্ট লিভিং এবং ডেমোক্রেসির কথা

বলেন। অ্যাকোমোডেশন ক্যাম্প যা করা হয়েছে আসলে সেটা হচ্ছে পানিশমেন্ট ক্যাম্প। আমি আরও জানি, কামেদিহি বলে একটি জায়গায় ট্রানজিট ক্যাম্পে ছ' শো পরিবারকে তিন বছর ধ'রে ফেলে রাখা হয়েছে, জংগলের মধ্যে এপিডেমিকস লাগে। তাদের না হয়েছে পুনর্বাসনের কোন ব্যবস্থা, না হয়েছে তাদের উদ্ধারের কোন ব্যবস্থা। একটু আগেই বললাম যে, পানিশমেন্ট ক্যাম্প, অ্যাকোমোডেশন ক্যাম্পে সাজা দেওয়ার জন্য তাদের নিয়ে যাওয়া হয় এবং সেখানে তাদের টাকা দেওয়া হয় আরও কম এবং তাঁরা বলেন যে, সায়েস্তা করবার জন্য এইসমস্ত লোককে পাঠাতে হয়। মন্ত্রীমহাশয় হয়ত সেকথা বলবেন না, কিন্তু সেই সমস্ত ক্যাম্পের যাঁরা অধ্যক্ষ তাঁরা সেকথা জোরের সংগে বলে থাকেন এবং সেই রকম অবস্থা করে জেলখানার সৃষ্টি হয়েছে —এরই নাম হচ্ছে কংগ্রেসী গণতন্ত্র। আরও লজ্জার বিষয় এই যে, ছেলেদের ক্যাম্পই হোক, আর মেয়েদের ক্যাম্পই হোক, বাইরের লোককে সেখানে ঢুকতে দেওয়া হয় না। আমি জানি এইরকম ঘটনা ঘটেছে, আমাদের এই অ্যাসেমব্লির মহিলা সদস্য শ্রীযুক্তা মণিকুন্তলা সেন দেখতে চেয়েছিলেন মেয়েদের একটা ক্যাম্প, তাঁকে দেখতে দেওয়া হয় নি। এত ভয় কিসের? ভেতরের সব কেলেঙ্কারির কথা বেরিয়ে পড়বে সেই কি তাঁদের ভয়? নতুবা কেন তাঁরা এতে আপত্তি করেন? প্রত্যেকটা ক্যাম্পে তাদের জীবন অতি অসহায় ও দুর্বিষহ হয়ে উঠেছে। প্রতিদিন খবরের কাগজে একটা-না-একটা ক্যাম্পে সেখানে হাঙ্গার-স্ট্রাইকের খবর বেরুচ্ছে। ছেলেরা, মেয়েরা, শিশুরা, তারা অনশন ধর্মঘট করতে বাধ্য হয়েছে, ক্যাম্প ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়েছে, এবং অনিশ্চিত ভবিষ্যতের দিকে তারা চলে যাচ্ছে। হৃদয়বত্তা, মানবতার কথা যা তাঁরা বলে থাকেন, তা যদি এতটুকুও থাকত তা হ'লে পর তারা ক্যাম্প ছেড়ে পালাত না। শুধু তাই নয়, আমি জানি এইরকম ইতিহাস আছে। তালবাগিছা বলে একটা রিফিউজি ক্যাম্প আছে খঙ্গপুরের কাছে, সেখানে কিছু লোককে নিয়ে গেলেন—বললেন, হর্টিকালচার হবে। ওঁদের পরিকল্পনার অভাব নেই, এগ্রিকালচার হয় না, হর্টিকালচার করতে হবে। হর্টিকালচারের জন্য তাদের নিয়ে গেলেন, তাদের বলা হ'ল জল তোল, পুকুর খোঁড়। সেখানে লোকে পুকুর খুঁড়ে আর জল বের করতে পারে না, সেখান থেকে লোকে পালিয়ে চলে গেল। সেখানে তাঁরা কি করেছেন? তাদের কোন প্ল্যান নেই। কেবল বড় বড় কথা বলেন এত লক্ষ টাকা, এত লক্ষ লোক—এইসব হিসাবের মারপ্যাঁচ দেন বাস্তব জিনিসের সংগে যার কোন সম্পর্ক নেই। বাইরে যেসব রিফিউজিরা রয়েছে তাদের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে, যে-কোনদিন তারা যে জায়গায় রয়েছে সেখান থেকে বিতাড়িত হতে পারে। তারা মুস্কিলে পড়েছে, যদি ভাড়া দেয় তা হ'লে তাদের পুনর্বাসনের সম্ভাবনা নেই, আবার যদি ভাড়া না দেয় তা হ'লে যে-কোন মুহূর্তে তারা ইজেক্টেড হতে পারে। ভাড়ার টাকা দিলে তাদের পুনর্বাসন হবে না, আর না দিলে পুলিশ এসে ঘাড় ধরে বের করে দেবে। গভর্নমেন্ট কলোনি কতকগুলি আছে সেখানে বিজনেস লোন দিচ্ছেন, প্রোফেসন লোন দিচ্ছেন, বাড়ি করবার জন্য লোন দিচ্ছেন বলছেন। আমি নিজে দেখেছি রানাঘাটের পাশে একটা জংগলের মধ্যে পরিত্যক্ত জায়গায় গভর্নমেন্ট কলোনি হয়েছে, কিছু বিজনেস লোন দিয়েছেন দোকান করবে, কিন্তু খরিদদার কে?

[9-40—9-50 a.m.]

তাঁদের বিজনেস লোনের মধ্যেও রয়েছে অব্যবস্থা। কলোনি যে করবেন সে কলোনি এমন একটা জায়গায় করতে হবে যেখানে লোকের ব্যবসা-বাণিজ্য চলে, সেখানে দেখা যায় ওঁদের মস্তিষ্কেরও অভাব রয়েছে শুধু হৃদয়ের অভাবই নয়। আর একটা জিনিস বিস্ময়ের সংগে আমরা লক্ষ্য করেছি—সেটা জ্ঞানত করেন কি অজ্ঞানত করেন জানি না—হিন্দু রিফিউজি এবং মুসলমান রিফিউজিদের মধ্যে ঝগড়া বাধাবার চেষ্টা করেন, তার জন্য মন্ত্রীরা দায়ী আমি বলছি না, ডিপার্টমেন্ট নিশ্চয়ই দায়ী। পূর্ব বাংলার কৃষক রিফিউজি এবং পশ্চিম বাংলার কৃষকদের সংগে ঝগড়া বাধান হয়েছে। রিফিউজিদের জমি দেবার নাম করে পশ্চিমবংগের কৃষকদের জমি নেওয়া হয়েছিল এ নিয়ে গত বৎসর আমি, প্রভাস রায় ও হেমন্তবাবু ডাঃ রায়ের কাছে গিয়েছিলাম তার কারণ পূর্ববংগের রিফিউজি কৃষক ও পশ্চিমবংগের কৃষকদের উভয় পক্ষে দাংগা হয়েছিল। এই রকম একটার পর একটা অবস্থার সৃষ্টি হয়ে চলেছে—এটা সর্ববাদী-সম্মত, প্রত্যেক এম এল এ, হোন আর বিরোধী পক্ষের এম এল এ হোন প্রত্যেকে এটা জানেন, কংগ্রেস পক্ষীয়েরা মুখে স্বীকার করুন বা না করুন মনে মনে স্বীকার না করে

পারবেন না। আর পূর্ববঙ্গের লোকের সঙ্গে পশ্চিমবঙ্গের লোকের যে সংযোগে গণতান্ত্রিক চেতনায় উভয় বাংলার লোক এক হয়ে গভর্নমেন্টের বিরুদ্ধে লড়তে এক হয়ে উঠছে সেই চেতনাকে নষ্ট করতে পারেন নাই তাই হিন্দু-মুসলমানের মধ্যে বিরোধ জাগানো। আরো আছে, শুনলে সভাপতি মহাশয়, আপনি আশ্চর্য হয়ে যাবেন—শিয়ালদহ স্টেশনে রিফিউজিরা ছিল, এদিকে কলকাতায় এ আই সি সি মিটিংএ বিদেশী নিউসপেপার করেসপন্ডেন্ট আসবেন নেহরুজী বললেন—ভারতের সুনাম নষ্ট হবে, সেইজন্য রাতারাতি সেখানকার রিফিউজিদের ভেগ্রান্ট ক'রে দিয়ে নিয়ে গেলেন ইন্দ্রপুরী স্টুডিওতে, নাম ইন্দ্রপুরী হ'লেও আসলে কিন্তু সে যমপুরী। ছিল তারা পূর্ববঙ্গের নাগরিক তারপর এখানে এসে হ'ল তারা বাস্তুহারা শেষটায় হয়ে গেল একেবারে ভেগ্রান্ট! তারপর সেখানে লাগল এপিডেমিক, কলেরা ব্রেক আউট করল, লোক সব সেখান থেকে পালিয়ে গেল। এইভাবে এসে কলঙ্কজনক ইতিহাস তাঁরা বাংলার বুকে সৃষ্টি করলেন। ইন্ডাস্ট্রিয়াল সেক্টর কথা এতে বলা হয়েছে, আমি আর এখন তার মধ্যে যাব না। গতবার এই অ্যাসেমব্লিতে বায়না নামার কথা বলেছিলাম। বিধানবাবু বলেছিলেন—বায়নানামা পেতে দেরি হ'লে পর আমাকে জানিও, তার ব্যবস্থা করব। বায়না-নামার এনকোয়ারি হয়েছে এক বৎসর হ'ল। বছরের পর বছর লোকে কন্ট্রাক্ট ক'রে জমি পায় না, টাকা মারা যায় এবং রিফিউজি রিহ্যাবিলিটেশনএ দেরি হয় বা একেবারেই হয় না। তাঁরা বায়নানামা দেবেন, তার জন্য একটু তাড়াতাড়ি করতে পারেন না? বিধানবাবু আমাদের গতবার অঙ্গীকার দিয়েছিলেন, কিন্তু আজও পর্যন্ত কিছু হয় নাই। বেহালায় একটা পেয়ারাবাগানে স্কোয়াটার কলোনি আছে, সেখানে বছরের পর বছর চলে যায়, যোগ্য লোক যারা তারা পায় না, বাইরের লোক যারা সত্যিকারের রিফিউজি নয়, তারা পেয়ে যায়। এই দুর্নীতি রিফিউজি ডিপার্টমেন্টের রন্ধ্রে রন্ধ্রে। এক একটা নাম বার বার উল্লিখিত হয়—যেমন, জ্যোৎস্নাবিকাশ সেন, তার কথা বার বার শুনেছি। তারপরে গাঙ্গুলীবাগান টেনেমেন্ট স্কীম করেছেন। সে বাড়ি কিন্তু ফাঁকা পড়ে আছে, অথচ আড়াই লক্ষ টাকা ক'রে প্রতি বৎসর তার মেইনটিনেন্স খরচ লাগছে। স্টেটসম্যান পর্যন্ত বলে—গাঙ্গুলীবাগানের কি হ'ল, কে আসছে? গাঙ্গুলীবাগান স্কীমেও লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে—এই যে বেপরোয়াভাবে গৌরী সেনের টাকা খরচ করা হচ্ছে—সে অধিকার কে তাঁদের দিয়েছে? আর যারা নিজেরা খেটেখুটে সব কিছু করছে এখনও তাদের বসবার কোন ব্যবস্থা নাই। এদিকে স্কোয়াটার কলোনি থেকে তাড়াবার ব্যবস্থা হচ্ছে। আমি একটা দৃষ্টান্ত দিই; উল্টাডাঙ্গায় বাস্তুহারারা আছে ৪০০ পরিবার, একটা বাজার তারা করেছিল নিজেদের চেষ্টায় ইমপ্রুভমেন্ট ট্রাস্টের জমিতে। তারা অজিতপ্রসাদ জৈনের কাছে চায়—একটা বাজার বা বিকল্প বাজার। দু' বছর আগে পশ্চিমবঙ্গ সরকারের ঘোষণা হয়েছে। এবার বাজেটের ভিতর দিয়ে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় হয়ত পড়বে, ততদিন সে বাজার কোথায় থাকবে? হয়ত এর মধ্যে ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তাদের উচ্ছেদ ক'রে দেবে। তখন এ'রা বলবেন—লোকের অভাবে স্কীমটা কার্যকরী হ'ল না!!

পশ্চিমবঙ্গ সরকার বলছেন যে, স্যাচুরেশন পয়েন্ট হয়েছে, এত লোক এসেছে। গভর্নমেন্ট কি একটা নন-অফিসিয়াল এনকোয়ারি বডি করতে রাজি আছেন বিরোধী পক্ষের এম এল এ এবং তাঁদের পক্ষের এম এল এ-দের নিয়ে তদন্ত করতে রাজি আছেন? ১৯৫১ সালের সেনসাস ফিগারে দেখেছি বাংলাদেশে জলাজমি অনেক আছে; সেগুলি রিক্লেইম করা হয় নাই বলা হচ্ছে—জলটা বের করে দিয়ে একটা টোটাল ইনটিগ্রেটেড ইকনমির মধ্যে পূর্ববঙ্গের বাস্তুহারাদের রাখা যায় কিনা? তাঁরা সহজে কর্ম করেন না। বার বার অ্যাসেমব্লিতে বলা হয়েছে একটা নন-অফিসিয়াল অ্যাডভাইসরি বোর্ড আপনারা করবেন? তাঁরা বলেছেন—'না'। কেবল আজেবাজে মিটিং ডাকেন। এখন পশ্চিম বাংলা সরকার বলেন—টাকার অভাব। টাকার অভাব কে বলে? ইভ্যাকুয়ি প্রপারটি অ্যাক্ট অনুসারে যে ২৪০ কোটি টাকা সেখানে আসছে, আপনাদের না থাকে, কেন্দ্রের ত টাকা আছে। কেন্দ্রে ত আপনাদের কংগ্রেসেরই গভর্নমেন্ট, কেন্দ্রে কি কমিউনিস্ট পার্টির গভর্নমেন্ট না সোস্যালিস্ট পার্টির গভর্নমেন্ট? তাদের টাকার অভাব নাই, তাদের কাছে দাবি করতে পারেন না? সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানে ১১৩ কোটি টাকা রিফিউজিদের জন্য বন্দোবস্ত করেছিলেন কেটে অর্ধেক করা হয়েছে, ৬৬·৮ কোটি তার কোন প্রতিবাদ করলেন না কেন? দণ্ডকারণ্য স্কীমে হচ্ছে কিনা ২০ কোটি টাকা খরচ, তার পরে নৈমিষারণ্য স্কীম, তার পরেই কিষ্কিন্ধ্যাকাণ্ড!!

[হাস্য] এই হচ্ছে সারা বাংলাদেশের জনসাধারণের কথা। কেননা এসব স্কীম হচ্ছে সেই বিজয় সিংহের সিংহলজয়ের মতন কথা। আসলে পূর্ববঙ্গের লোককে এই কংগ্রেস গভর্নমেন্ট ভয় করেন। কেননা তাদের গণতান্ত্রিক চেতনা আছে, পূর্ববঙ্গের লোকদের কংগ্রেস বিরোধী মনোভাব, তারা বিপ্লবী এবং সমস্ত ভারতবর্ষের রাজনৈতিক আন্দোলনে তাদের বিশেষ দান আছে। আজ স্যাচুরেশন পয়েন্ট হয়েছে কিনা—তাঁদের কথার উপর সেটা ছেড়ে না দিয়ে—তদন্ত করিয়ে, কি তাঁরা প্রমাণ যদি করতে পারেন, তা হ'লেই দেশের লোক বুঝবে, নচেৎ দেশের লোক বুঝবে না। নইলে তারা বুঝবে পূর্ববঙ্গের লোককে আপনারা ভয় করেন। গত নির্বাচনে কি দেখা গেছে? গতবার ওয়ার্কিং কমিটিতে পর্যালোচনা করেছেন, তার কি হ'ল? নিশ্চয়ই আপনাদের মনে—তারা অ্যাজিটেটর, এই ভয় আছে। আজকে তারা গভর্নমেন্ট পার্টির এগেনস্টএ ভোট দিয়েছে—কেন দিয়েছে? আমি এই কথা আপনাদের বলছি—যদি আপনারা নীতির পরিবর্তন না করেন, কায়েমী স্বার্থ পোষণের নীতি পরিবর্তন না করেন, এই বাস্তুহারা সমস্যার কেন, কোন সমস্যারই সমাধান হবে না। আপনাদের বন্ধু যারা পোদ্দার, ভাওয়ালকা, তাদের জমিতে স্কোয়াটার্স কলোনি করা হয়েছে বলে তাদের বার করে দেওয়া হচ্ছে, ১০ টাকা বিঘায় জমি কিনে পোদ্দার, ভাওয়ালকা যারা আছে, বাস্তুহারাদের উচ্ছেদ ক'রে দিয়ে জমি তাদেরই থাকবে—এই যদি নীতি হয় কোনকালেই আপনারা সমস্যার সমাধান করতে পারবেন না; আর কায়েমী স্বার্থের বিরুদ্ধে যদি আপনারা সংগ্রাম করতে পারেন—ফল হবে, নচেৎ নয়।

[9-50—10 a.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, in spite of what the Refugee Minister has said the fact remains that our Government has not yet been able to even touch a slice of this problem. He has given various figures and unless one is in possession of the Government records it is very difficult to contradict him. But still with the information at our disposal we will show at least at some parts he has not given to the House correct figures.

Sir, before I deal with the failure of the Government in tackling this issue I think I should bring home to the members a serious situation that has been created by the forced stoppage of the influx of the refugees to West Bengal. From the figures at my disposal I find that in 1954 the number of influx was 103,850; in 1955 it went up to 211,573 and in 1956 the figure was 243,840. In 1957, from January to May, it has abruptly come down to 5,329 only. Sir, the refugees who are coming here in number knew about the treatment that was being meted out to them. They knew that they were treated no better than beasts and they have shelters only in the stations and on the streets. In spite of that they were coming in so large a number. Why this drop? It has been brought about forcibly and in utter violation of the pledge that was given to the minorities in East Pakistan at the time partition was effected. Has the Government any right to ask their officers in East Pakistan to unreasonably and illegally withhold migration certificates whatever may be the misery of those people stagnating there? Sir, they have done it deliberately because they have failed to tackle the problem here.

Sir, in dealing with the failure to solve this problem one necessarily finds the causes in niggardly, if not step-motherly treatment of the Centre and within the bounds of the State in the handling of the situation in the most inefficient, irresponsible and dishonest manner coupled with corruption, nepotism and jobbery. Sir, the Minister has not let us know that though he has newly assumed the office, would there be any changes in the outlook, would he continue in the way the departments are run or he proposes to effect any drastic change so that at least the machinery that has been set up for this noble cause does function and function honestly? Sir, we know that when a thing becomes the concern of all, ultimately it becomes

the concern of nobody. Our Government even now do not seem to take up this matter in right earnest. They are not prepared even now to give the matter the consideration that is due to it, and, Sir, that would be evident from the manner in which portfolios have been distributed. Shri P. C. Sen is already extremely busy with food, flood and famine. Sir, I told previously that so long as he would be the Minister in charge of food, flood and famine, they will continue to be the permanent features in the history of West Bengal. In spite of that he has taken up the port-folio of refugee. Can he honestly speaking tackle all these problem departments? Now, Sir, about Shri Tarun Kanti Ghosh—I have faith in the young man—I must admit, but still should he have taken up a portfolio in the Refugee Department when he was already fully booked with the Development department? Now, Sir, comes Srimati Purabi Mukherji. She has been placed in charge of Jail. Now she has been given also a portion of that portfolio. Only Shrimati Maya Banerjee, the Deputy Minister, has been left alone. If you think by her alone you can cope with this problem, we have nothing to say, but we assert that this sort of irresponsible distribution of the port-folio will not lead the Government to anything but failure and failure for ever. Let one man seriously take up the charge of this department and try to tackle it with the best of his abilities. This is not a matter of distribution of loaves and fishes.

Sir, in the department itself a vicious circle has been formed. It has become a dumping ground where the relations, friends and favourites of Ministers and Government officials are entertained. If they want service they will have it. Creation of posts is not necessary. An appointment is first given, then a post is created. You want money? Any amount of money will be given to you provided you have some influence with the Ministers or their satellites or the officials. Sir, the first thing I object to is that the Commissioner of the department should not be the Secretary as well. What I have been able to find out from various Government orders is that while he was doing something wrong—giving a bad appointment or a bad promotion—or wanting to give a contract, he would issue order as Commissioner and then himself approve it through his Deputy Secretary as the Secretary.

[10—10-10 a.m.]

Sir, if this is not done away with, corruption is bound to be there.

Sir, our Minister has said that 19 lakhs of refugees have so far been gainfully rehabilitated. That is not true. From the Government figures at my disposal I find that house-building loans have been given to 2,88,000 persons, built houses have been given to 6,000 persons, business loans have been given by the Rehabilitation Finance Administration at the Centre to only 6,000 persons and business loans have been given by the State Government to 5,000 persons. Sir, the manner in which the Government calculate this loan to a person is that they multiply each loan by five because they generally take a family to consist of five persons and thus they come to the figure. Even then, Sir, the figure falls far short of the figure given by the Minister. Sir, I would request him to disclose to this House how he has come to this figure of 19 lakhs. Was it prepared by his department or by the Statistial Bureau of the Government and what was the method adopted for such calculation?

Sir, he has given us almost a correct figure about expenditure which is 83·8 crores since 1947 out of which under the head 'Relief' Rs. 31 crores 24 lakhs has been spent and under the head 'Rehabilitation'—he has not given us the figure, I will give it—Rs. 52 crores 56 lakhs has been spent.

Now, if we proceed on the basis of the actual expenditure, we find that to rehabilitate 19 lakhs of people—if that is correct—Government has spent only Rs. 260 per head. Now, Sir, it is for the public to judge whether rehabilitation—rehabilitation in the true sense of the term, gainful rehabilitation—can be effected with this paltry sum per head.

Now, Sir, Government have taken pride that they have employed so many people. That is not true. In the name of giving employment to refugees, lakhs and lakhs of rupees have been given to different industries with which the Government or the Government officials hobnob. Under Industries, the Arati Cotton Mills has been given in 1956-57 Rs. 8,20,014, the Bengal Fine and Spinning Weaving Ltd. Rs. 9,60,000, the Bharat Ceramic Industries Ltd. Rs. 3,40,600, the Luxmi Narayan Cotton Mills Rs. 11,21,750, the Hindusthan Spun Pipe Co. Rs. 60,000, the Radha Chemicals Rs. 2,51,437-8-0, the Adarsha Cotton and Spinning and Weaving Mills Ltd. Rs. 70,000 and the Bengal Textile Mills Rs. 5,54,925—the total being Rs. 41,78,726-8. This amount has been spent.

[At this stage the red light was lit.]

Let me at least conclude my sentence. In future I will not speak in this House. I had many things to say.

Mr. Speaker: I am in this difficulty.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Now, Sir, after investing so much money, for how many refugees Government have been able to secure employment? In the Arati Cotton Mills, they secured employment for 525 people, but immediately they got the money, they reduced the figure and it is now 111. In the Luxmi Narayan Cotton Mills, they have secured employment for 113 people, in the Bharat Ceramic Industries Ltd. 36 people and in the Hindusthan Spun Pipe Co. 28 people—the total is only 288. Other concerns have not employed a single refugee. So, although lakhs of rupees have been spent by the Government, the miseries of the refugees still know no bounds.

Money has also been wasted for the treatment of tubercular patients. Rs. 4,30,000 has been given away to the Niramoy Tuberculosis Sanatorium but with no result. At first the Government gave Rs. 1,80,000 to this institution and then Rs. 2,50,000. I have got copies of all the correspondence but only 16 beds have so far been created.

[At this stage the honourable member having reached his time-limit resumed his seat.]

Sj. Haridas Dey:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা সর্বজনবিদিত, যে পশ্চিম বাংলায় সরকারী তথ্য অনুযায়ী ৩২ লক্ষ রেফিউজি এসেছে এবং তাদের যে সুষ্ঠুভাবে পুনর্বাসন হয় নি এটাও ঠিক। এই প্রসঙ্গে আমি নদীয়া জেলার কথা উল্লেখ করতে চাই। পার্টিশন-এর সময় নদীয়া জেলার লোকসংখ্যা ছিল ৮ লক্ষ ৪০ হাজার। জানি না নদীয়ার দুর্ভাগ্য কি সৌভাগ্য, সেখানে আজ ৮ লক্ষ উদ্বাস্তু এসে বসবাস করছে। আমি বলবো এটা একদিক দিয়ে নদীয়ার সৌভাগ্য, এইজন্য যে, তাদের আসাতে নদীয়ায় যে-সমস্ত অনাবাদী জমি ছিল সেগুলি উন্নতি লাভ করেছে। যাইহোক, আমাদের ডাঃ নবেনবাবু বলে গেলেন যে উদ্বাস্তুরা কংগ্রেসকে ভোট দেন নি। তাই যদি হয়, তাহলে নদীয়া জেলার ভোটের ফলাফল দেখলেই বুঝতে পারা যাবে। সেখানে ১১টা সিট-এর মধ্যে ১০টা সিট কংগ্রেস দখল করেছে। আমি নদীয়ার চিত্র দেখাতে গিয়ে, রাণাঘাট মহকুমার একটা হিসাব দিচ্ছি। সেখানে ১০ই সেপ্টেম্বর তারিখ পর্যন্ত নাম্বার অফ রিফিউজিস হচ্ছে ২ লক্ষ ৭৫ হাজার ৩৪২ জন, নাম্বার অফ পি এল ক্যাম্প ৩টা এবং গভর্নমেন্ট স্পন্সরড ক্যাম্প-এর সংখ্যা হচ্ছে ১৯টা।

গভর্নমেন্ট তাদের যে সাহায্য দিয়েছেন ঐ তারিখ পর্যন্ত সেটা হাউস বিল্ডিং লোন হিসাবে ২ কোটি ৯৩ লক্ষ টাকা, এগ্রিকালচারাল লোন ৩৫ লক্ষ ৭২ হাজার টাকা, মেডিক্যাল ও লিগ্যাল প্র্যাকটিশনার লোন দিয়েছেন এক লক্ষ ২৭ হাজার টাকা এবং অন্যান্য সাহায্য বাবদ ৬২ হাজার টাকা দিয়েছেন। একেবারে যে তাদের কিছু দেওয়া হয় নি তা নয়, কিছু কিছু দেওয়া হয়েছে। আমাদের অখন্ড নদীয়া চিরকালই ঘাটতি এলাকা, সেই এলাকার আজকে ৪ অংশ নিয়ে বর্তমান নদীয়া। সেখানে কৃষির জন্য দামোদর বা ময়ূরাক্ষীর মত কোন সেচের ব্যবস্থা নেই, বা অন্য কোনরূপ সেচের সুযোগ-সুবিধা নেই। তা ছাড়া, এই জেলায় কলকারখানা বা উল্লেখযোগ্য কোন শিল্প নেই। উপরন্তু কুটীরশিল্প যা ছিল, সেও প্রায় ধ্বংসপ্রাপ্ত।

এই জেলার বেকার সমস্যা ভয়ংকর, জেলার অর্থনৈতিক কাঠামো অত্যন্ত খারাপ, তার উপর বন্যা, অতিবৃষ্টি, অনাবৃষ্টির ফলে মানুষের অর্থনৈতিক দুর্গতি এবং খাদ্যসংকট আজ চরম পর্যায় পেঁাছেছে। এই সংকটজনক পরিস্থিতিতে নদীয়ায় চুরী, ডাকাতি, রাহাজানি নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে; বিশেষ ক'রে রাণাঘাট মহকুমায় উদ্বাস্তু সমাবেশ অত্যধিক হওয়ায়, এবং কতকগুলি বড় বড় উদ্বাস্তু ক্যাম্প এবং অসংখ্য সরকারী ও বেসরকারী কলোনী প্রতিষ্ঠিত হওয়ায়, সেখানকার অবস্থা অতীব শোচনীয় হয়ে উঠেছে। এমন কি এই সমস্ত এলাকার ক্যাম্পগুলিতে শৃংখলা রক্ষা করা পর্যন্ত অসম্ভব হয়ে উঠেছে। দীর্ঘ ৫ বছর ধরে ৪০ হাজার নরনারী শিবির যাপন করতে বাধ্য হওয়ায় এবং অমানুষিক অবস্থায় তাঁবু ও গুদাম ঘরে বছরের পর বছর থাকাতে তাদের ভিতর একটা ক্ষোভ ও অসন্তোষ থাকা সম্ভবপর। কিন্তু আমি বলছি বড়ই দুঃখের কথা, তাদের প্রতি এই অবস্থায় সহানুভূতি দেখান তো দূরের কথা, তাদের এই দুরবস্থার সুযোগ নিয়ে রাজনৈতিক দলবিশেষে নিজেদের উদ্দেশ্য সিদ্ধ করছেন, এবং সরকার বিরোধী প্রত্যেক আন্দোলনে তাদের ক্রীড়নক হিসেবে ব্যবহার করছেন। শুধু তাই নয়, এদের মধ্যে সরকার যাদের পুনর্বাসনের ব্যবস্থা করেন, রাজনৈতিক দলের প্ররোচনায় তারা সেই পুনর্বাসনে যেতে অস্বীকার করে। এমন কি এমনও শুনা গিয়েছে——

[10-10—10-20 a.m.]

Dr. Jnanendra Nath Majumdar: On a point of order, Sir. Yesterday you gave a ruling that nobody should make any charge against any party. He has said that the people of Nadia are being utilised for political purposes.

Mr. Speaker: Order, order. That is no point of order. People of Nadia are not a party.

Sj. Haridas Dey:

স্যার, আমাদের চলতি কথায় একটা কথা আছে, "ঠাকুরঘরে কে রে, আমি তো কলা খাই নি"। সেই কথাই এখানে এসে পড়ে। এমন কি শোনা গিয়েছে এই সমস্ত ক্যাম্প-এ যে-সমস্ত দরিদ্র উদ্বাস্তুরা আছেন, সরকার থেকে যাদের মাসিক টাকা বা চাল ডোল দেওয়া হয়—এইসব দলের লোকেরা তাদের থেকে চাঁদা নেন। স্পীকার মহোদয়, আমি আরেকটা বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পি এল ক্যাম্প-এ অসহায়া অভিভাবকহীনা স্ত্রীলোক ও ১২ বছরের ছেলে পর্যন্ত থাকবার নিয়ম, কিন্তু এই রাণাঘাট মহকুমায় পি এল ক্যাম্প-এ যা আছে, সেখানে যে কেউ গেলে দেখতে পাবেন ২০ থেকে ২৫ বছরের যুবকরা রয়েছেন, তারা সরকারী ডোল মাসের পর মাস নিয়ে যাচ্ছেন। এই সমস্ত এলাকার অবস্থা এমন দাঁড়িয়েছে যে, শান্তিপ্রিয় নরনারীদের জীবন, মান আজ বিপন্ন। ক্যাম্প-এ শাসন ব্যবস্থা আজ অচল হয়ে পড়েছে, এমন কি পুলিশেরা পর্যন্ত তাদের ভয়ে ভীত। মহিলা শিবিরের অবস্থাও অনুরূপ। নিরীহ শান্তিপ্রিয় নরনারীদের নিরাপত্তার খাতিরে এবং আইন ও শৃংখলা রক্ষার জন্য ঐ সকল ক্যাম্প-এ সত্বরই পুলিশ ফাঁড়ির ব্যবস্থা করার প্রয়োজন বলে আমি মনে করি। সেদিন খাদ্যমন্ত্রী নিজেই বলেছেন যে, নদীয়ায় অত্যধিক উদ্বাস্তু সমাগমে

দুর্গতি বেশী হয়েছে। সেই নদীয়াকে আজ বাঁচাতে হলে পরে আমি কয়েকটা বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। নদীয়ার উদ্বাস্তু শিবিরগুলি ভেঙ্গে ফেলে বিভিন্ন স্থানে প্রয়োজন হলে অন্য জেলায় সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করা প্রয়োজন। ক্যাম্প-এর বাহিরে যে বিপুল সংখ্যক উদ্বাস্তু নিজেদের চেষ্টায় সুষ্ঠুভাবে পুনর্বসতি কোরে বাস করছেন অর্থনৈতিক পুনর্বাসনের জন্য সেই সমস্ত ঘন এলাকায় ছোট ছোট কুটীরশিল্প প্রতিষ্ঠার চেষ্টা করা ও কৃষির উন্নতির জন্য সেচ ব্যবস্থার পরিকল্পনার প্রয়োজন। কুপার্স ট্রানজিট ক্যাম্প-এ প্রায় ৩০ হাজার উদ্বাস্তু আছেন। এবং তাদের মধ্যে শতকরা ৯০ জন কৃষিজীবি। সেখানে নাকি শোনা যাচ্ছে উপনগরী স্থাপিত হবে। আমার মনে হয় সেখানে উপনগরী স্থাপন করে শহরের সুযোগ-সুবিধা ব্যবস্থা করলে এদের সুষ্ঠু পুনর্বাসন করা হবে না, এদের পেশা ভাল করে, যাতে এরা সহজে জীবন ধারণ করতে পারে, মানুষের মত বেঁচে থাকতে পারে, এইভাবে করলে পরে তাদের পক্ষে ঠিক হবে বলে আমি মনে করি। এই বলেই আমি যে বাজেট এখানে এসেছে সেটা সমর্থন করি।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, গেল বুধবার মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এবং মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ উদ্বাস্তুদের সম্বন্ধে যা বলেছেন তাতে আমি খুসী হতে পারি নি। আজ মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন মহাশয় অনেক তথ্য দিয়ে বক্তৃতা করেছেন। তাঁর ভাষণ শুনেও আমি খুসী হতে পারি নি। কারণ, উদ্বাস্তুদের মৌলিক সমস্যা হচ্ছে অর্থনৈতিক পুনর্বাসন। কিন্তু তার উপর কেউ জোর দেন নি—না দিয়েছেন ডাঃ রায়, না দিয়েছেন শ্রীতরুণকান্তি ঘোষ, না দিয়েছেন খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন। ডাঃ রায় গেল বুধবার বলেছিলেন যে, কেন্দ্র থেকে আরও টাকা পাবার চেষ্টা করা হচ্ছে, সেই টাকা না পাওয়া পর্যন্ত উদ্বাস্তুদের সম্বন্ধে কিছু করা সম্ভব নয়। আমি ১৯৫৪ সালের ১০ই অক্টোবর তারিখে একদল উদ্বাস্তু প্রতিনিধি সঙ্গে নিয়ে ডাঃ রায়ের সঙ্গে দেখা করেছিলাম। একটা স্মারক-লিপি উদ্বাস্তুদের পক্ষ থেকে ওটা তাঁকে দেওয়া হয়েছিল। সেই স্মারক-লিপির একটা লিখিত উত্তর ডাক্তার রায় দয়া করে দিয়েছিলেন। তাতে তিনি বলেছিলেন,

"that a decision has already been taken for starting industries in four big colonies namely Taherpur, Gayespur, Habra and Khosbasmahal. A scheme in respect of Taherpur and Gayespur has already been prepared and is under examination. The idea was that spinning mills will be set up and the yarn produced will be woven either with improvised handlooms on individual basis or with power looms on co-operative basis".

তাহেরপুর, গয়েশপুর, হাবড়া এবং খোসবাগমহলে যে-সমস্ত উবাস্তু থাকে তাদের জন্য একটা করে সতার কল স্থাপনের কথা আছে। অথচ সেদিন তিনি এ সম্বন্ধে কিছুই বলেন নি। গেল ৭ই এপ্রিল বেতিয়া প্রত্যাগত উদ্বাস্তুদের সম্বন্ধে কথা বলতে ডাঃ রায়ের সঙ্গে আমরা দেখা করেছিলাম। তিনি তখন বলেছিলেন যে, বসতবাটীর জন্য প্রতি পরিবারকে ৫ একর করে জমি দেওয়া এবং শিল্পায়নের মাধ্যমে অর্থনৈতিক পুনর্বাসনই যদি আমাদের নীতি হয় তবে আমার বিশ্বাস পশ্চিমবঙ্গে যে-সব উদ্বাস্তু এসেছে এবং ভবিষ্যতে আসতে পারে, সকলেরই পুনর্বাসন পশ্চিমবঙ্গে সম্ভবপর। কথাটা শুনে পুলকিত হয়ে উঠেছিলাম। এই নীতি যদি ডাক্তার রায় কার্যকরী করেন, এই নীতি অনুসারে যদি কাজ হয়, তবে অদূর ভবিষ্যতে পশ্চিম-বাংলায় উদ্বাস্তু সমস্যা বলে কোন জিনিষ থাকবে না। কিন্তু সেদিন, গেল বুধবার ডাক্তার রায় যে কথা বলেছেন উদ্বাস্তুদের সম্বন্ধে, তা থেকে আমার মনে এই আশংকা হয়েছে যে, তিনি হয় তো ১৭ই এপ্রিল যে কথা বলেছিলেন তা ভুলে গিয়েছেন। আমি মনে করি যে, তিনি ১৯৫৪এর ১৮ইঅক্টোবর স্পিনিং মিল এবং হ্যান্ডলুম উইভিং, সুতোর কল এবং হস্তচালিত তাঁতের মাধ্যমে উদ্বাস্তুদের পুনর্বাসন সম্বন্ধে যা বলেছিলেন, তা সম্পূর্ণ সত্য। এক-একটা স্পিনিং মিল-এ আড়াই হাজার লোক কাজ করবে। এবং এই কলে উৎপন্ন সুতো দিয়ে আট হাজার লোক ঘরে বসে তাঁতে কাপড় বুনবে। যদি এভাবে ১০

হাজার লোককে কাজ দেওয়া যায় তাহলে জোর করে বলতে পারি, সমস্ত উদ্বাস্তুদেরই অর্থনৈতিক পুনর্বাসন অতি সোজা ও সহজ। গভর্নমেন্টকে আমি বিশেষ জোরের সঙ্গে বলতে চাই যে, সকলের সহযোগিতা নিয়ে যদি কংগ্রেস সরকার কাজ করেন তাহলে ডাক্তার রায় ১৭ই এপ্রিল যে কথা বলেছিলেন সেই অনুসারে কাজ সহজেই সম্ভবপর। গভর্নমেন্ট এ-পর্যন্ত পূর্ববঙ্গের উদ্বাস্তুদের বাবদ প্রায় ৮৬ কোটি টাকা খরচ করেছে—সঠিক পরিকল্পনা অনুযায়ী স্পিনিং মিল ও হ্যান্ডলুম উইভিং-এর মাধ্যমে কাজ হলে ২৫ কোটি টাকায়ই অনেক কাজ হতে পারে।

[10-20—10-30 a.m.]

কিন্তু এখন যেভাবে কাজ হচ্ছে—ডোল দিয়ে, রিলিফ দিয়ে এভাবে কাজ হলে ২৫০ কোটি টাকা কেন ৫০০ কোটি টাকাও কেন্দ্রীয় গভর্নমেন্ট থেকে যদি নেওয়া হয় তবু কিছুই হবে না, উদ্বাস্তুরা যে দুঃখে আছে, সেই দুঃখেই থাকবে। আমাদের সরকার উদ্বাস্তুদের বাংলার বাইরে পাঠাতে চাইছেন। পশ্চিমবঙ্গ সরকার যদি পরিবার পিছু ৫ কাঠা করে জমি দেবার এবং স্পিনিং মিল, হ্যান্ডলুম উইভিং-এর সাহায্যে উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করেন, তবে বাংলার বাইরে কাউকে পাঠাবার প্রয়োজন হবে না। আর পাঠাবেন কেন? আবাদযোগ্য জমি বাংলাদেশে নাই, আবাদযোগ্য জমি বাংলার বাইরেও নাই। দু-বছর আগে একটা কমিশন এ-সম্বন্ধে অনুসন্ধানের জন্য ভারত গভর্নমেন্ট বসিয়েছিলেন। ভারতের বিভিন্ন অঞ্চলে তারা ঘুরেছেন, তারা স্পষ্ট ভাষায় বলেছেন, যেমন পশ্চিমবঙ্গে আবাদযোগ্য জমি নেই, সেই রকম বাংলার বাইরেও কৃষিযোগ্য জমি নেই। যদি থাকে তাহ'লে উদ্বাস্তুদের সেখানে পাঠানোর আপত্তি থাকতে পারে না। যেমন, নৈনিতালে গেছে, আন্দামানে গেছে, তেমনি আরও জমি পাওয়া গেলে সেখানেও যেতে পারে। কোন আপত্তি করব না। শিল্পায়নের মাধ্যমে পশ্চিমবঙ্গে যত সহজে পুনর্বাসন করা সম্ভব, শিল্প প্রতিষ্ঠা বাংলাদেশে যত সহজে সম্ভবপর, আর কোন দেশে তত সহজে সম্ভবপর নয়। এবং শিল্প-প্রতিষ্ঠা যদি এখানে হয় তাহ'লে শুধু যে উদ্বাস্তুদেরই সুবিধা হবে তা নয়, বাংলাদেশের আদিম অধিবাসীদেরও সুবিধা হবে। সেদিন আমার বন্ধু সৈয়দ বদরুদ্দুজা সাহেব বললেন যে, আমরা শুধু পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের কথাই ভাবি, পশ্চিমবঙ্গে যে-সমস্ত মুসলমান উদ্বাস্তু আছে তাদের কথা আদৌ ভাবি না। এই সম্বন্ধে সৈয়দ বদরুদ্দুজা সাহেবকে আমি বলতে চাই যে, আমরা ডাঃ রায়ের কাছে ১৯৫৪ সালের ১৮ই অক্টোবর যে স্মারক-লিপি দিয়েছিলাম তাতে যে পাঁচটি বিষয় ছিল, তার ৪র্থ বিষয়ই হ'ল প্রবলেম অফ স্কোয়াটারস্ ইন মুসলিম হাউসেস। আমি জোর সহকারে বলছি যে, মুসলিম উদ্বাস্তুদের সম্বন্ধে কিছু করা দরকার, ডাঃ রায়কে অনুরোধ করে বলি যে, এ-সম্বন্ধে এখনও পর্যন্ত কিছু করা হয় নি। এটা অবিলম্বে বাস্তবিকই করা দরকার।

তারপর রেগুলারাইজেশন অফ স্কোয়াটারস কলোনিজ। ১৯৫১ সালে জবরদখল কলোনির উদ্বাস্তুরা নিজ নিজ কলোনিতে বাস করবার খানিক অধিকার পায়। কিন্তু দুঃখের বিষয় এখন পর্যন্ত মাত্র ৫১টি উপনিবেশ বিধিসম্মত করা হয়েছে। ডাঃ রায় আমাদের বলেছিলেন যে, ১৯৫০ সালের ডিসেম্বর পর্যন্ত কলকাতার আশেপাশে যে-সমস্ত উদ্বাস্তু স্কোয়াটারস কলোনি রয়েছে, তাদের সংখ্যা হচ্ছে ১৩৩টি। এ-বছর তাড়াতাড়ি করে বিধিসম্মত করা হবে। আমার আর একটা মাত্র বক্তব্য আছে, তা হচ্ছে যে-সব উদ্বাস্তু সম্পত্তি বিনিময় করে এসেছে, তাদের সম্বন্ধে। প্রায় ৫০ হাজার বিনিময়কারী ২৪-পরগনার বর্ডার-এ রাণাঘাট সীমান্ত অঞ্চলে বাস করছে। তাদের সম্পত্তি বিধিসম্মত করা দরকার, এই সম্বন্ধে যে আইন হবে বলে মন্ত্রীহিসেবে শ্রীমতী রেণুকা রায় আশ্বাস দিয়েছিলেন, সেই আইনের কি হ'ল আমরা তা জানি না

[At this stage the red light was lit.]

আমার সময় হয়ে গেছে, তাই এখানেই বক্তব্য শেষ করছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়, আমার কাট-মোশন ২, ৩, ৪, ৫ এবং ৬, এই সম্বন্ধে বলছি। আমার তিনটি বক্তব্য বিষয় আমি পেশ করে বলতে চাই—প্রথমতঃ, আমাদের ভারত-সরকারের কিংবা পশ্চিমবঙ্গ-সরকারের উদ্বাস্তু পুনর্বাসনের কোন সুষ্ঠু পরিকল্পনা নাই। পরিকল্পনা যে নাই তার প্রমাণ আমাদের রাষ্ট্রমন্ত্রী (পুনর্বাসন বিভাগের) মাননীয় তরুনকান্তি ঘোষ মহাশয় তাঁর বক্তৃতায় স্বীকার করেছেন, এতদিনের মধ্যে মাত্র আংশিক ১৯ লক্ষ লোকের পুনর্বাসন করতে পেরেছেন। আজকে পুনর্বাসনমন্ত্রী প্রফুল্লবাবুও বলেছেন যে ১০ লক্ষ লোক ফ্লোটিং অর্থাৎ ভেসে বেড়াচ্ছে এখন। দ্বিতীয়, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে এই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা আসছে, পশ্চিমবঙ্গ-সরকার পাচ্ছে সেটা মাত্রাহীন অপব্যয় হচ্ছে। তারপর, আমার মনে হয়, পশ্চিমবঙ্গে যে উদ্বাস্তু তার সম্পূর্ণ পুনর্বাসন হওয়া দিল্লীর প্রাসাদে বসে আছে যে বৈরীচক্র তাঁরা চান না। এবং আমাদের পশ্চিমবঙ্গ-সরকার তাঁদের সুরে সুর মিলিয়ে তাঁদেরই নির্দেশক্রমে এই সমস্যাকে জিইয়ে রাখতে চান, আমাদের পশ্চিমবঙ্গ রাজ্য এই সমস্যা থেকে মুক্ত হয়ে যেন বিব্রত না থাকে সেটা তাঁদের মনের ইচ্ছা নয় এবং সেটা দেখতে পাচ্ছি, তাদের কোন সুষ্ঠু পরিকল্পনা নাই।

প্রথমে যেটা বলেছি যে, কোন সুষ্ঠু পরিকল্পনা নেই, সেটা যদি দেখেন তাহলে দেখবেন যে, যদি কোন সুষ্ঠু পরিকল্পনা থাকতো তাহলে ওঁরা ধরে নিতেন যে কত উদ্বাস্তু সেখান থেকে আসতে পারে। একটা পরিকল্পনা করছেন, হয়ত ১০ লক্ষ উদ্বাস্তুর জন্য, কিন্তু ১০ বছর ধরে আমরা দেখছি যে পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে বছরের পর বছর উদ্বাস্তু আসছে। যদি কোন পরিকল্পনা তাঁদের থেকেও থাকে, তাহলে সেই পরিকল্পনা সম্পূর্ণভাবে আপসেট হয়ে যাচ্ছে। দ্বিতীয়তঃ, আজকে আমাদের বলুন পশ্চিমবঙ্গ সরকার যে তাঁদের নীতি কি, কি তাঁদের প্ল্যান অফ রিহ্যাবিলিটেসন? মাননীয় তরুণকান্তি ঘোষ এবং আমাদের পুনর্বাসনমন্ত্রী প্রফুল্লবাবু যে-কথা বলছেন যে পশ্চিমবঙ্গে জমি নেই, যদি তর্কের খাতিরেও তাঁদের কথা স্বীকার করে নিই এবং মুখ্যমন্ত্রী যে-কথা বলেছেন যে প্রত্যেক কৃষকের আজকে ৫ একর করে জমি থাকা প্রয়োজন, জমি যদি না থাকে তাহলে সে প্রয়োজনীয় খাদ্যদ্রব্য উৎপাদন করতে পারবে না, এবং তাহলেও আমি বলবো যে শতকরা ৭০ ভাগ কৃষকেরও সে জমি নেই। সুতরাং জমিতে যদি তাদের পুনর্বাসন না হয়, তাহলে বিগ ইন্ডাস্ট্রিতে তাদের পুনর্বাসন করা দরকার। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী তাঁর বাজেট ষ্টেটমেন্টে বলেছেন যে, আমাদের এখানে যারা বাঙ্গালী, তাদের নাকি সেই মনোবৃত্তি নেই এবং তাঁরা সেই শ্রেণীরও নয় এবং এটা আমরা এর আগের দিন দেখেছি যে আজকে বাংলাদেশে বড় বড় শিল্পে উদ্বাস্তুদের পুনর্বাসনের যে সুযোগ রয়েছে তা অত্যন্ত সীমাবদ্ধ। সুতরাং একমাত্র সম্ভবপর যদি কটেজ ইণ্ডাষ্ট্রী করা হোত, কটেজ ইণ্ডাষ্ট্রীর মধ্য দিয়ে তাদের ইকনমিক রিহ্যাবিলিটেসন সম্ভবপর হোত। কিন্তু আমরা দেখছি যে কোনরকম কটেজ ইণ্ডাষ্ট্রী প্রটেকটীভ মেজার দেওয়া হয় নি, যাতে তারা বিগ বিজনেস বা বিগ ইণ্ডাষ্ট্রীর কম্পিটিসনে দাঁড়াতে পারে। আপনি জানেন, মাননীয় স্পীকার মহোদয়, যে মহলানবীশ প্ল্যানে সে কথা বলা হয়েছিল কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী সেই প্ল্যানের বিরোধিতা করেছিলেন, বিরোধিতা করে আজকে সেই প্ল্যানকে তিনি বানচাল করে দিয়েছেন। আপনি জানেন যে কনজিউমার্স গুডস বিগ ইণ্ডাষ্ট্রীতে বড় বড় কারখানাতে যাতে উৎপাদন না হয়, সেটা যাতে কটেজ ইণ্ডাষ্ট্রীর মারফত হয়, সেটা মহলানবীশ প্ল্যানে ছিল। মাদ্রাজ সেটা করেছে, কিন্তু এখানকার মুখ্যমন্ত্রী তার বিরোধিতা করেছেন। তার ফলে আমরা দেখতে পাচ্ছি আজকে পুনর্বাসনের নামে যে সামান্য কিছু লোন দেওয়া হয় সমস্ত ট্রেডার্সদের, তাতে ৫ হাজার টাকার মত লোন দেওয়া হয়, সেই টাকা দিয়ে তারা নিজেরা কোন কিছু গড়ে তুলতে পারে না, কটেজ ইণ্ডাষ্ট্রী গড়ে তুলতে পারে না, ছোট ছোট ব্যবসায়ী যারা, তারা প্রতিযোগিতার সামনে দাঁড়াতে পারে না। যে-কোন দিন সন্ধ্যা বেলায় যদি হকার্স কর্নারগুলিতে গিয়ে দাঁড়ান তাহলে সেখানে কি দৃশ্য দেখতে পাবেন। যে টাকা তাদের লোন দেওয়া হয়েছিল, সেই লোনের টাকা তারা খেয়ে ফেলেছে এবং মাড়োয়ারীদের কাছ থেকে ব্যবসা করার জন্য তারা যে

ক্রেডিট নিয়েছে, সেই ক্রেডিটের টাকা তারা জোর করে আদায় করে নিয়ে যান, যার ফলে দেখছি যে তারা ব্যবসা করতে পারে না।

[10-30—10-40 a.m.]

যদি সুষ্ঠু পরিকল্পনা থাকত, তহলে এ জিনিষ সম্ভবপর হ'ত না, আমি টাকার অপচয়ের দুটো নমুনা দিচ্ছি। প্রথম কথা হচ্ছে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে যে ষ্টেটমেন্ট বাজেট ব্যাপারে দেওয়া হয়েছে, তার ১২০ পাতায় দেখছি যে, ১৯৫৬-৫৭ সালে প্রায় ২৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে রিফিউজি গ্রান্ট থেকে এবং ১৯৫৭-৫৮ সালে স্টেট ট্রান্সপোর্ট থেকে আরও ৩ লক্ষ টাকা, মোট প্রায় ৩০ লক্ষ টাকা—এই ৩০ লক্ষ টাকা যদি ১ লক্ষ টাকায় ১টা বাস কেনা থাকে তাহলে এই ৩০টা বাস থেকে ১০০ জন উদ্বাস্তুর কর্ম-সংস্থান হতে পারে এবং তাহলে হিসাব দাঁড়ায় যে প্রত্যেক উদ্বাস্তুর জন্য ৩০ হাজার টাকা ঐ স্টেট ট্রান্সপোর্টে দেওয়া হচ্ছে। কিন্তু স্টেট ট্রান্সপোর্ট, যেটা প্রফিটিয়ারিং কনসার্ন তার ক্যাপিটাল এক্সপেণ্ডিচার-এ ৩।৪ কোটি টাকা খরচ করা হচ্ছে এবং তার জন্য রিফিউজি গ্রান্ট থেকে টাকা আনা হয়েছে উদ্বাস্তুদের দেওয়া হবে বলে, সে টাকা কেন সেখানে খরচ করা হচ্ছে? দ্বিতীয় মন্তব্য রণেন সেন মহাশয়—হর্টিকালচারাল স্কিম সম্বন্ধে বলেছেন, সেটা তালবাগিচা কলোনী খড়্গপুর থেকে সাড়ে তিন মাইল দূরে ১৯৫১ সালে করা হয়, সেজন্য ৫০০ ফ্যামিলিকে নিয়ে যাওয়া হয়েছিল কিন্তু সেখানে এত পাথুরে জায়গা যে, সেখানে হর্টিকালচার করা সম্ভবপর হয় নি এবং তাতে সবশুদ্ধ ৫০০ পরিবারের জন্য খরচও অনেক হল। তারপর তাদের ৩০০ ফ্যামিলিকে হঠাৎ রাতারাতি সেই এগ্রিকালচার স্কিমটা আর্বান স্কিম-এ কনভার্ট করে ট্রান্সফার করা হয়েছিল তিলপাড়ায়। তাদের ১ হাজার টাকা করে লোন দেওয়া হয়েছিল এবং ১৩৩টা ফ্যামিলির জন্য ১,৩৩,০০০ টাকা খরচ করবার পর সেখানে তা সম্ভবপর ছিল না হর্টিকালচার পরিকল্পনা সেখানে চালু করা। তার ফলে ৯০০ ফ্যামিলিকে গয়েসপুরে ট্রান্সফার করা হয়, ৪টা এরিয়ায় রাস্তা আর্বান স্কিম-এ ট্রান্সফার করা হয়েছে। তারপরে, গোবিন্দপুর কলোনীতে ৩নং নদীয়া, এই তিনবার এগ্রিকালচার থেকে নন-এগ্রিকালচার, এইরকম কনভার্ট করা হয়। কোন নীতি যদি থাকত তাহলে এগ্রিকালচার থেকে স্মল ট্রেডার্স, আর্বান এইভাবে কনভার্ট করা হত না। প্যাডি হাস্কিং স্কিম ৬টা চালু করেছেন, সমস্ত বাংলাদেশে সেই ছ'টা হচ্ছে—(১) পূর্ব সাঁতরাগাছি, বর্দ্ধমানে; (২) আদি-সপ্তগ্রাম, হুগলীতে; (৩) নদীয়ার তাহেরপুরে; (৪) জলপাইগুড়ির পাণ্ডাপাড়ায়; (৫) হুগলীর কাপাসডাঙ্গা ও (৬) নদীয়ার নিচতলা—এতে সবসুদ্ধ ৩,৫৮,২৯০ টাকা অপচয় করা হয়, সেখানে গিয়ে, এটা যদি মন্ত্রীমহাশয় দেখেন তাহ'লে বুঝতে পারবেন। ভারত-সরকারের কোন অফিসার তদন্ত করতে গিয়ে সেখানে দেখেছিলেন যে, সেখানে ঢেঁকির নাম ক'রে একটা কাঠের গুঁড়ি এনে কাদার মধ্যে রাখা হয়েছে এবং তাতে ঢেঁকির কাজ করতে পারে না। আজকে তাঁদের কাছ থেকে কৈফিয়ত চাওয়া দরকার এবং যাঁরা তদন্ত করতে গিয়েছিলেন, তাঁরা দেখেছেন যে, হাস্কিং করার নামে তারা ঘুরে বেড়াচ্ছে। কাজেই এইসব দেখে মনে হয় ভারত-সরকার চান না যে এই পরিকল্পনা সুষ্ঠুভাবে গড়ে উঠুক এবং উদ্বাস্তুদের পুনর্বাসন হোক এ আমরা চাই কিন্তু তা হয় নি।

মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয় বলেছেন যে, ১৯ লক্ষ লোকের আংশিক পুনর্বাসনের জন্য ৪০ কোটি টাকা খরচ হয়েছে অথচ পশ্চিম পাকিস্তান থেকে যে লোক এসেছিল তাদের জন্য ৯৩ কোটি টাকা খরচ হয় এবং ২৪০ কোটি টাকা তারা পেয়ে গেল। আজকে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এখানকার উদ্বাস্তুদের জন্য আরও অনেক বেশী টাকা চাওয়া হয়েছে এবং সেই টাকা যাতে আদায় করা যায় তার জন্য আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় যে সহযোগিতা প্রার্থনা করেছেন আমরা সেই সহযোগিতা দিতে প্রস্তুত আছি; কিন্তু আজকে পুনর্বাসন-মন্ত্রী এবং রাজ্য-মন্ত্রীরা আমাদের কাছে কথা দিন যদি কেন্দ্রীয় সরকার তাঁদের এই দাবী অগ্রাহ্য করেন তাহ'লে তাঁরা এক সঙ্গে পদত্যাগ করতে প্রস্তুত আছেন। এ যদি হয়, আমরা তাদের সঙ্গে সহযোগিতা করতে এবং কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতে রাজী আছি। তারপর, আর একটা বিষয় দেখতে হবে, সকলেই জানেন যে, আন্দামানে ১,৬০০

ফ্যামিলিকে নিয়ে যাওয়া হয়েছে; নিয়ে যাবার পর সেখানে তাদের সুষ্ঠুভাবে পুনর্বাসনও হয়েছে বলে আমরা জানি, উত্তর-প্রদেশে যে-সব বাঙ্গালী গিয়েছে, তাদের ভালভাবে পুনর্বাসন হয়েছে এবং পশ্চিম পাকিস্তানের লোকদেরও সেখানে আংশিকভাবে রাখা হয়েছে; সেইসব জায়গায় যত উদ্বাস্তুর যাবার কথা ছিল তত উদ্বাস্তু সেখানে যায় নি। বাঙ্গালী উদ্বাস্তুদের ভালভাবে পুনর্বাসন হওয়ার জন্য বারবার দাবী করা হয়েছে যে, বাংলাদেশের উদ্বাস্তুদের যে "কোটা", সেটা বাড়ান হোক কিন্তু সেই "কোটা" তাঁরা কিছুতেই বাড়াচ্ছেন না। কেন্দ্রীয় সরকার জানেন যে, উত্তর-প্রদেশের নৈনিতালে ৭৯০টা ফ্যামিলিকে পাঠান হয়েছে এবং তাদের ভালভাবে পুনর্বাসন হয়েছে; সেই তরাইয়ের জংগল কেটে আরও বাঙ্গালী উদ্বাস্তুদের পুনর্বাসন করা সম্ভবপর, কিন্তু কেন্দ্রীয় সরকারের যে ভাব তা থেকে বুঝতে পারছি তাঁরা এই সমস্যাকে বাঁচিয়ে রাখতে চান। আমার মনে হয় যে, কেন্দ্রীয় সরকারের ইচ্ছা যে, পশ্চিমবঙ্গ এই সমস্যায় জর্জরিত হয়ে থাক।

আর একটা কথা বলব, এটা অকল্যান্ড হাউস সম্বন্ধে—যতদিন এই অকল্যান্ড হাউস থাকবে, ততদিন পর্যন্ত এই বাংলাদেশের পুনর্বাসনের কাজ সুষ্ঠুভাবে হবে না, এর বিরুদ্ধে দাঁড়াতে হবে এবং এই অকল্যান্ড হাউসকে ভেঙ্গে-গুঁড়িয়ে দিয়ে মাটির সঙ্গে মিশিয়ে দিয়ে নূতনভাবে যদি আবার নূতন নূতন অফিসার নিয়োগ করা যায় এবং এই ডিপার্টমেন্টকে নূতনভাবে গঠন করা হয়, তাহ'লে এই পুনর্বাসন সম্ভবপর হতে পারবে।

এই পুনর্বাসন বিভাগের যিনি কলিকাতার কন্ট্রোলার, তাঁর সম্বন্ধে এর আগে অ্যাসেমব্লিতে শ্রীযুক্ত হরিপদ চট্টোপাধ্যায় বিশেষ অভিযোগ করেছিলেন, সে অভিযোগের তদন্ত হয় নি। কিরকম ভাবে টাকার অপচয় হয়, সে সম্বন্ধে এবং তাঁর বিরুদ্ধে অধীররঞ্জন দে অভিযোগ করেছিলেন এবং সেই অভিযোগ করার জন্য এবং মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার জন্য তাঁকে পদচ্যুত করা হয়েছে। আমি আর একটা উদাহরণ দিচ্ছি। মির্জাপুর স্ট্রীটে যে আইডিয়াল হোম আছে, সেখানে কয়েকজন কংগ্রেসী বন্ধুরা থাকেন; সেখানকার যিনি ম্যানেজার, তাঁদের সহযোগে তাঁকে নানারকম 'লোন' পাইয়ে দেওয়া হয়েছে—যদিও তিনি উদ্বাস্তু নন। এই যে, নন-রিফিউজিকে লোন পাইয়ে দেওয়া, এ-সম্বন্ধে আমি পুনর্বাসন মন্ত্রীকে বলতে চাই যে, যদি তাঁর সময় থাকে তাহলে আজকে তিনি আমার সঙ্গে চলুন এবং সেখানে গিয়ে তদন্ত করুন; তাহ'লেই তিনি বুঝবেন যে, কেমন করে অর্থ চুরি করা হচ্ছে এবং অর্থের অপচয় হচ্ছে এই অকল্যান্ড হাউসের মারফত।

Sj. Sitaram Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হিন্দী ভাষাভাষী হওয়া সত্ত্বেও আপনার পারমিশন নিয়ে বাংলায় বলব। বাংলায় বলতে গিয়ে প্রথমে একটি কথা আমার মনে পড়ে যে, আজ থেকে বেশ কিছুদিন পূর্বে আমাদের ভূতপূর্ব শ্রমমন্ত্রী এবং বর্তমান পুলিশ লাঠি-টিয়ারগ্যাস মন্ত্রী শ্রীকালিপদ মুখার্জী মহাশয়, একবার আমার এলাকায়, কাঁকিনাড়ায় গিয়েছিলেন, একটা শ্রমিক সভায় অভিভাষণ দিতে। সেখানে উপস্থিত যাঁরা ছিলেন তাঁরা সকলেই হিন্দী ভাষাভাষী এবং তাঁরা দাবী জানিয়েছিলেন যে, আপনি হিন্দীতে বলুন। কিন্তু সেই দাবী উপেক্ষা করে উত্তরে মন্ত্রীমহোদয় বলেছিলেন, 'হে হিন্দীভাষী শ্রমিকেরা! তোমরা অনেকদিন থেকে বাংলায় আছ, তোমাদের বাংলা শেখা উচিত ছিল, কিন্তু তোমরা শেখ নি। আমি হিন্দী বলতে জানি, হিন্দীতে বলতে পারব, তা সত্ত্বেও হিন্দীতে বলব না।' তিনি বাংলায় বলে চললেন, এবং ওঁর ভাষণ শেষ হলে দেখা গেল অনেক লোকেই বুঝতে পারে নি। ভাষণের মূল উদ্দেশ্য হচ্ছে যে, বক্তার যা বক্তব্য তা বেশীর ভাগ লোকে বুঝুক; কিন্তু সেই বেচারা শ্রমিকেরা, তারা স্কুলে যাবার সুযোগ পায় নি, এখনও টিপসহি দিচ্ছে, তাদের ও-কথা বলবার মানে ছিল না। তাই আমি ভাল বাংলা বলতে না পারলেও বাংলায় বলবার চেষ্টা করব, কেন না হিন্দীতে বললে অনেকে ভাল কোরে বুঝবে না। সেই কারণে মনে হয় বাংলায় বললে যদিও কিছু ভুল-ত্রুটি হবে তবু আমার বক্তব্যের বেশীর ভাগ অংশ এই হাউস গ্রহণ করতে পারবে। প্রথম কথা—এখানে খাদ্যসমস্যা এবং বাস্তুহারা সমস্যা নিয়ে আলোচনা শুনে যা

মনে হয়েছে তা এই যে, সরকার যে পরিসংখ্যানের ঢেউ তুলেছেন এবং সে ঢেউএর মাধ্যমে বড় বড় কথা শুনিয়ে গিয়েছেন যে, আমরা হ্যান করেছি, ত্যান করেছি, শিক্ষার জন্য এই করেছি, তাদের ঘর-বাড়ী তৈরী করে থাকবার ব্যবস্থা করেছি, দুধ খাইয়েছি, মালাই খাইয়েছি—এই দেখ আমরা তাদের পিছনে ৮৬ কোটি টাকা খরচ করেছি ইত্যাদি, কিন্তু রিফিউজীদের এখন বলা হচ্ছে যে, বাপুহে এখন আর পুনর্বাসন হবে না, এই জিনিষটাই সরকারের বক্তব্যের মধ্যে ফুটে উঠেছে।

[10-40—10-50 a.m.]

আমাদের গভর্নর মহোদয়া বলেছেন যে, এখানে খাদ্য-সমস্যার ন্যায় আরও অন্যান্য বহু সমস্যা থাকায় ক্ষুদ্র সীমায়িত এবং অতিমাত্রায় জনভারাক্রান্ত এই পশ্চিম-বাংলায় আজকে এর বেশী উদ্বাস্তুদের স্থান দেওয়া, রাজ্যের অর্থের ও সামর্থ্যের অতিরিক্ত এবং ইহা আমাদের পক্ষে সম্ভব নয়। এই কথা বারবার ফুটে উঠেছে। আমার মনে হয়, অফিস টাইমে একটা লোকভর্তি ট্রাম-গাড়ীতে ওঠার সময় লোকে যেমন বলে বাপুহে, তোমরা আর উঠ না, আমার এখানে পা-দানীতে পা রাখার জয়গা নেই; তোমরা অন্য ট্রামে ওঠ। সরকারেরও সেই অবস্থা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, এখন আর পুনর্বাসন নয়; এখন পুনর্বাসনের জায়গায় নির্বাসন। তোমরা বেতিয়ায় যাও, আর যে-কোন জায়গায় যাও, তোমাদের যেতে হবে। পুনর্বাসনের কথা তুলো না। নির্বাসনে যদি যেতে চাও, তবে আমরা তোমাদের টিকিটের দাম দিতে পারি। এই কথা বলতে গিয়ে আমার মনে পড়ে ৪ বৎসর আগেকার কথা। আমি মোকামা ঘাটে গিয়েছিলাম। সেখানে যে উদ্বাস্তু ক্যাম্প আছে, আমি তার ভিতরে গিয়ে দেখেছিলাম, যে-সব সৈন্য নিবাস ছিল, সেই পরিত্যক্ত সৈন্য নিবাসে এই রিফিউজীরা আছেন এবং সেখানে তারা যেভাবে পড়েছিলেন, তা দেখে আমার মনে হয়েছিল, হয়ত কোন যুদ্ধ-বন্দী শিবিরে এসে পড়েছি। এইরকম অবস্থায় তাঁদের যদি অন্য প্রদেশে পাঠানর চেষ্টা করতে চান, তা করুন। এই বাঙ্গালী জাতির বৈশিষ্ট্য হচ্ছে যে, বাঙ্গালী জাতি ডাক্তার হিসাবে, অধ্যাপক হিসাবে, বুদ্ধিজীবি হিসাবে, আইনজ্ঞ হিসাবে, রাজনীতিজ্ঞ হিসাবে বিশ্বের যে-কোন জায়গায় গিয়ে, যে-কোন পরিবেশে নিজেদের কর্মপ্রচেষ্টা দিয়ে আত্ম-প্রতিষ্ঠা লাভ করতে পারবে এবং বিহারে কেন, উত্তর-প্রদেশে কেন, ভারতের যে-কোন প্রদেশে গিয়ে বসবাস করতে পারবে। এই কথা ভাল করে জানিয়ে দিতে চাই। এই সঙ্গে আর একটা কথা বলব—তাঁরা বার-বার বলেন যে, আজ বাংলাদেশে জমির উপর যে ঘন বসতি বা ডেনসিটি আছে, সেটা অত্যন্ত বেশী। কিন্তু আপনাদের জানা দরকার যে, কোন দেশ শুধু জমির উপর নির্ভর করে নিজেদের দেশকে উন্নত করতে পারে না। আপনারা রাশিয়ায় দেখেছেন, চীনে দেখেছেন, সেখানে অতিরিক্ত কৃষককে জমি থেকে নিয়ে এসে শিল্পে লাগান হয়েছে। অথচ পূর্বোক্ত দৃষ্টিভঙ্গিতে যদি আমরা বহাল থাকি, তাহলে কোনদিনই আমরা এই সমস্যা সমাধান করতে পারব না। এটা আপনাদের বোঝা দরকার। তাই আমি বলব, শিল্পের খাতে বেশী করে জোর দেওয়া হোক। এবং শিল্পোন্নয়ন করে উদ্বাস্তুদের ঔদ্যোগিক পুনর্বাসন করা হোক।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, এই উদ্বাস্তু সমস্যা, যেটা পশ্চিম-বাংলার বর্তমানে অন্যতম প্রধান সমস্যা—সে সম্পর্কে আলোচনা করতে উঠে, এই সমস্যা সমাধানে সরকারের চরম ব্যর্থতার কথা আমি আপনার নজরে আনতে চাই। সরকার নানা পন্থা অবলম্বন করেও এর একটা সুষ্ঠু সমাধান করতে পারেন নি। স্বাধীনতা, পরবর্তী যুগের এই দশম বাজেটের আলোচনা প্রাক্কালে আমরা দেখছি, অর্থের অপচয় এবং পরিকল্পনাহীন অবাস্তব নীতির পঙ্কিল আবর্তে ঘুরপাক খেয়ে খেয়ে সমস্যাটা আরও জটিলতর হয়েছে। আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের বাস্তুহারাদের পুনর্বাসন ও সাময়িক সাহায্য বাবদ ১০০ কোটি টাকা খরচ করেছেন। এই প্রভূত অর্থ যে-কোন যুক্তি-গ্রাহ্য পরিকল্পনা মারফত ব্যয়িত হয় নি; টি টি কৃষ্ণমাচারীর সাম্প্রতিক উক্তি সরকারের এই ব্যর্থতা স্বীকার ক'রে নিয়েছে। দীর্ঘ ১০ বৎসরের মধ্যে কোন উদ্বাস্তু পরিবারের আয় এই প্রচুর টাকা ব্যয় করেও স্থানীয় জনসাধারণের সমতুল্য করা যায় নি। রাজ্যপালের ভাষণে যে সংখ্যা-তত্ত্বের উল্লেখ করা হয়েছে,

তারই বিচারে দেখা যায় যে, সাহায্য ও পুনর্বাসন বাবদ ৮৬ কোটি টাকা আজ পর্যন্ত সরকার ব্যয় করেছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে সরকার পূর্বাঞ্চলের বাস্তুহারা জনসাধারণের জন্য মোট ৬৯ কোটি টাকা পুনর্বসতি বাবদ ব্যয় করেছেন। পূর্বাঞ্চলের ৪০ লক্ষ উদ্বাস্তুর মধ্যে এই টাকা ব্যয় করলে মাথাপিছু পড়বে মাত্র ১৭২ টাকা। সরকার পক্ষের মাননীয় সদস্যগণ নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে, এই মাথাপিছু ১৭৫ টাকা কোন ব্যক্তির পুনর্বাসন কল্পনার বাইরে। তদুপরি এই টাকার কিছু অংশ সাহায্যের জন্য ব্যয় হবে, বাকী অংশ থাকবে পুনর্বাসন পরিকল্পনাগুলি রূপায়নের জন্য। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে সমগ্র পূর্বাঞ্চলে যে ১০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে, মাথাপিছু সেই সময়ে উদ্বাস্তুর জন্য ব্যয় হতে পারে মাত্র ২৫০ টাকা। পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত যে ৮৬ কোটি টাকা ব্যয় হয়েছে, তা থেকে সাহায্য বাবদ ৩২ কোটি টাকা বাদ দিলে থাকে মাত্র ৫২ কোটি টাকা; এর মধ্যে আমলা ও অফিস খরচা বাদ না দিলেও পুনর্বাসন বাবদ মাত্র ১৬২ টাকা মাথাপিছু ব্যয় হতে পারে। বর্তমান আর্থিক সংকটের যুগে এই সামান্য পরিমাণ টাকায়, এই কম্পিটিটিভ মার্কেট-এ, নিশ্চয়ই কোন সুষ্ঠু অর্থনৈতিক পুনর্বাসন সম্ভব নয়।

পুনর্বাসন সম্পর্কে মোট অর্থের খতিয়ান করলে দেখা যাবে, বিগত ১০ বৎসরের মধ্যে পশ্চিমবঙ্গে প্রায় ৩২ লক্ষ উদ্বাস্তুর পুনর্বাসনের জন্য মাথাপিছু ব্যয় হয়েছে ১৪৪ টাকা, আর ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে পুনর্বাসনের জন্য মোট ব্যয় হবে মাথাপিছু ১৭২ টাকা, অর্থাৎ আগামী ১৯৬০-৬১ সাল পর্যন্ত দুই পঞ্চবার্ষিক পরিকল্পনায়, উক্ত পরিকল্পনা শেষ হবার পরেও পুনর্বাসনের জন্য ব্যয় হচ্ছে মাথাপিছু মোট ৩৩৪ টাকা। বাস্তবতার পরিপ্রেক্ষিতে এই টাকায় অর্থনৈতিক পুনর্বাসন কখনই সম্ভব নয়।

রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন যে ১৯ লক্ষ উদ্বাস্তুকে গৃহ-নির্মাণ বাবদ ঋণ এবং অন্যান্য প্রকার সাহায্য করা হয়েছে এবং সেই হিসাব থেকে এই স্বীকৃতি লক্ষ্য করা যায় যে, পশ্চিম-বাংলার অবশিষ্ট ১৩ লক্ষ উদ্বাস্তুকে আজ পর্যন্ত কোন-প্রকার সাহায্য করা হয় নি। কেন্দ্রীয় সরকারের জন্যে দেখা যায়, জমি ও সামান্য ঋণ দেওয়া হয়েছে, পল্লী অঞ্চলের ৪ লক্ষ পরিবারকে এবং শহরাঞ্চলে ১ লক্ষ পরিবারকে শুধু বসবাসের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। যদি আমরা ধরেই নেই যে এই ৫ লক্ষ পরিবারারের ২৯ লক্ষ উদ্বাস্তু সম্পর্কে সরকারের দায়িত্ব শেষ হয়ে গেছে, তাহ'লে বাকী থাকে পূর্বাঞ্চলের মোট ২১ লক্ষ উদ্বাস্তু। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১ম বর্ষ শেষ হয়েছে, বাকী ৪ বৎসরে ব্যয় হবে মোট ৫৭ কোটি টাকা, অর্থাৎ ২১ লক্ষ উদ্বাস্তু আগামী ৪ বছরে মাথাপিছু পাবে মাত্র ২৭৫ টাকার কাছাকাছি। কাজেই আগামী ৪ বছর অর্থাৎ ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে এদের পুনর্বাসনের সমাধানের কোন বাস্তব ছবি সরকার আজও জনসাধারণের নিকট তুলে ধরতে পারে নি।

তারপর, যারা কৃষিজীবী উদ্বাস্তু, তাদের পুনর্বাসন সমস্যা সরকারকে বিড়ম্বিত করছে খুব বেশী। ১৯৫৫ সালের স্ট্যাটিসটিক্যাল সার্ভে অনুসারে প্রতীয়মান হয় যে, পশ্চিম-বাংলার মোট উদ্বাস্তুর মধ্যে শতকরা ২৮ ভাগ কৃষিজীবী। এই কৃষিজীবী উদ্বাস্তুগণের মোট পরিবার সংখ্যা ১,৪৬,৫০০। ১৯৫৫ সালের পর এই সংখ্যা আর কিছুটা বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গের মোট ৩২ লক্ষ উদ্বাস্তুর শতকরা ২৮ ভাগ উদ্বাস্তু কৃষিজীবীর পুনর্বাসনের উপযুক্ত ভূমি বাংলায় আছে কি না?

ডাঃ মেঘনাথ সাহা ৬ লক্ষ একর পতিত জমি এবং ৩০ লক্ষ একর অনাবাদী পতিত জমির কথা উল্লেখ করেছেন—জল পাম্প ক'রে সরিয়ে দিয়ে জমির উন্নয়ন করলে সেখানে চাষ-আবাদ চলতে পারে। ডাঃ সাহার পরিবেশিত সংখ্যাতথ্যের উপর সরকারী মহল সন্দেহ প্রকাশ করতে পারেন। কাজেই তাদেরই দেওয়া সংখ্যাতথ্যের উল্লেখ করছি। ১৯৫৫ সালের সরকারী স্ট্যাটিসটিক্যাল সার্ভে (পি. ১২)-তে দেখা যায় যে, পশ্চিম-বাংলায় আবাদযোগ্য মোট ৯,৪১,০০০ বিঘা পতিত জমি আছে। মোট ১,৫২,০০০ চাষী-পরিবারের মধ্যে উক্ত জমি বণ্টন ক'রে দিলে প্রতিটী পরিবার প্রায় ৭ বিঘা ক'রে পায়। কিন্তু কেন্দ্রীয় সরকারের

প্রকাশিত 'ইন্ডিয়ান' এগ্রিকালচারাল স্ট্যাটিকটিক্স-এ যে তথ্য পাওয়া যায়, সেই হিসাবে দেখা যায় বর্তমানে পশ্চিম-বাংলায় আবাদযোগ্য জমির পরিমাণ ২২,৬২,০০০ বিঘা এবং এই জমি উপরোক্ত চাষী পরিবারের মধ্যে বন্টন ক'রে দিলে পরিবার পিছু ১৪ বিঘার উপর জমি তারা পায়। এ ছাড়া ইন্ডিয়ান এগ্রিকালচারাল স্ট্যাটিসটিক্স অনুসারে দেখা যায় যে, পশ্চিম-বাংলায় ৫১ লক্ষ বিঘা বন-জঙ্গল বাদ দিলেও বিভিন্ন গাছ ও বাগান জমি রয়েছে ৪৯ লক্ষ বিঘা। এই বিপুল পরিমাণ জমির সন্ধান আমরা সরকারী সংখ্যাতথ্যের মাধ্যমে পাই। পশ্চিম-বাংলার অভ্যন্তরে এই বিপুল পরিমাণ জমির উন্নয়নের কোন ব্যাপক পরিকল্পনা ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমেও গ্রহণ করা হয় নি।

[10-50—11-5 a.m.]

এই সমস্ত অনাবাদি পতিত জমি উন্নয়ন করলে পর বাস্তুহারা চাষী পরিবারদের সেখানে পুনর্বাসনের ব্যবস্থা করা যেত। কিন্তু আমরা হতাশ হয়ে লক্ষ্য করেছি, তা তাঁরা করেন নাই।

মাননীয় স্পীকার মহাশয়, একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর, একটি কলিকাতা ও অপরটি নাগপুরে পর পর দুটি পুনর্বাসন মন্ত্রীদের সম্মেলন হয়। সেখানে ঠিক হয়—বাংলাদেশের বাইরে মহীশূর, মধ্যপ্রদেশ, রাজস্থান থেকে শুরু করে আসাম পর্যন্ত সারা ভারতের বিভিন্ন রাজ্যে ১·৯২ লাখ একর জমি পাওয়া যাবে। কিন্তু বাস্তব ক্ষেত্রে আজ পর্যন্ত চেষ্টা করেও ২৫ হাজার একরের বেশী জমি তাঁরা সংগ্রহ করতে পারেন নি। সরকারী হিসেবেই যখন পশ্চিমবঙ্গে জমি পাওয়া যায়, তখন বাইরে বাস্তুহারাদের অনিচ্ছাসত্ত্বে পাঠিয়ে দেবার বিরুদ্ধে নীতিগতভাবে আমরা আপত্তি জানাই।

বাইরে উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে আমার যে বাস্তব অভিজ্ঞতা রয়েছে, তারই পরিপ্রেক্ষিতে একথা দৃঢ়তার সঙ্গে ঘোষণা করতে পারি যে অধিকাংশ ক্ষেত্রেই সরকার মিনিস্টেরিয়াল কমিটির সুপারিশ অমান্য করেছেন এবং অনিচ্ছুক উদ্বাস্তুদের বাইরে পাঠাচ্ছেন। তাদের বসবাসের সুব্যবস্থা না করে, পানীয় জলের ব্যবস্থা না করে, গৃহ নির্মাণের ব্যবস্থা না করে, উদ্বাস্তুদের বাইরে পাঠান হচ্ছে। কথা ছিল একসঙ্গে অধিকাংশ উদ্বাস্তুকে একই জায়গায় পাঠান হবে। বিহারে মেটিরিয়ায় ৩১টি পরিবারের ও সাবনে ১৪টি পরিবারের পুনর্বাসনের নামে নির্বাসন দেওয়া হয়েছে। সে একটা গণ্ডগ্রাম সহর এলাকা থেকে ১৫-২০ মাইল দূরে। মিনিস্টেরিয়াল কমিটির রিপোর্টে ছিল—এক জায়গায় উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে—যেখানে জলের সুবিধা, ভাষার সুবিধা ও ঐতিহ্যের সুযোগ পায়, সেগুলি ব্যবস্থা করে বাইরে পাঠান হবে। কিন্তু আমরা দেখছি সেই মূল নীতি প্রত্যেকটি কংগ্রেস সরকার বার বার করে অস্বীকার করে, মূল নীতি খেলাপ করে বাস্তুহারাদের সেইসব জায়গায় জোর করে প্রেরণ করছেন।

মাননীয় স্পীকার মহোদয়, মোট বাস্তুহারাদের মধ্যে শতকরা ২৮ ভাগ চাষী পরিবার রয়েছে। আর শতকরা ২৫ ভাগ উদ্বাস্তুর পেশা চাকুরী, ১৭ ভাগ ব্যবসায়—আর বাকি শিল্পে গৃহকার্যে নিযুক্ত ব্যক্তি ও বুদ্ধিজীবী সম্প্রদায়। এদের পশ্চিমবঙ্গে পুনর্বাসন সম্ভব।

তারপর আমি আসছি মুসলমান ও উদ্বাস্তু সম্পর্কে। আমাদের বিভিন্ন এলাকায় মুসলমান পরিত্যক্ত বাড়ীঘর ১৯৫০ সালের সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার পর হাওড়ার ডোমপাড়া, বৈষ্ণব-পাড়া, বেলেলিয়াস রোড, দশানিবাসাম, গিনি মসজিদ, বামনগাছি, মানিকতলা ইত্যাদি অঞ্চলের বহু মুসলমান পরিত্যক্ত বাড়ীতে উদ্বাস্তুরা বাস করতে বাধ্য হচ্ছে। গত ৭ বছর ধরে সেখানকার মুসলমান ভাইরা তাদের বাড়ীঘর ফিরিয়ে পায় নাই, মুসলমান ভাইরা ও উদ্বাস্তুরা সম্মিলিত-ভাবে সরকারের কাছে আবেদন করেছে—মুসলমানদের বাড়ী থেকে তাদের সরিয়ে নেওয়া হোক ও তাদের বাড়ীর দখল দিয়ে পুনর্বাসন দিন। কিন্তু লজ্জার সঙ্গে বলতে হয়—আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নাই।

হিন্দু ও মুসলমান বাড়ীর মালিকগণ উদ্বাস্তুদের হাত থেকে বাড়ীগুলি দখল পাবার জন্য হাওড়া কম্পিটেন্ট কোর্টে আজ পর্যন্ত ৩০৬টি মামলা দায়ের করেছেন, আমি কতকগুলি কেসের নম্বর দিতে পারি যেমন কেস নং ৭২।৫১, ৩১।৫২, ১।৫১, ৪৩।৫১, ৪৫।৫১, ৬৫।৫১,

৭৫।৫১, ২৮।৫২, ২৯।৫২ ৩০।৫২ ইত্যাদি বহু মামলা ১৯৫২ সালের ১৯৫৩ সালের কম্পিটেন্ট অথরিটি রায়, দিয়েছেন—দু মাসের মধ্যে বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে বলে মালিকদের ঘরের দখল দিতে অনুরোধ জানিয়েছেন। কিন্তু সেখানে আজ পর্যন্তও মুসলমানদের বাসস্থানের দখল দেওয়া হয় নাই। এটা লজ্জার কথা। ৩-৪ বছর হলো রায় পাস হয়েছে তাদের সরিয়ে নেবার জন্য। সরকার বলবেন কোথায় তাদের সরিয়ে নেবেন? আমি বলি হাওড়ার সদর মহকুমায় যে ১২টি কলোনি স্থাপন করা হয়েছে, সেখানে যদি এদের পুনর্বাসন করা হতো তাহলে মুসলমান ভাইরা তাদের সেই বাড়ীগুলি ফেরত পেতেন, কিন্তু সরকার সে পথে যান নাই। যদি দরকার হয় আমি এমন ৫০টি কেস দিতে পারি, যেখানে ৪ বছর ধরে কম্পিটেন্ট অথরিটির রায় চাপা পড়ে আছে, মুসলমান ভাইদের সেইসব বাড়ীঘর ফিরিয়ে দেওয়া হয় নাই বা বাস্তুহারাদের পুনর্বাসনের জমিতে সরিয়ে নেওয়া হয় নাই। বরং অন্য জেলা থেকে রিফিউজি এনে সেখানে ভরিয়ে দেওয়া হয়েছে। তাই বলছি এ বিষয়ে সরকারের কোন নীতি নাই।

তারপর এল, পি, লোন সম্বন্ধে বলবো। এটা একটা স্ক্যান্ডালএ পরিণত হয়েছে। যারা মুসলমান পরিত্যক্ত বাড়ীতে আছে বা সরকারী ক্যাম্পে তাদেরই শুধু এই এল, পি, লোন, দেওয়া হচ্ছে। উদ্বাস্তুদের শতকরা ৪৩টি পরিবারকে কোনরকম এল, পি, লোনএর সুবিধা দেওয়া হচ্ছে না। কারণ তারা ভাড়া ও অন্যের গৃহে বাস করে। তাদেরও এর সুযোগ দেওয়া উচিত। ধনঞ্জয় দাস ও দীনেশ দাস জমির বায়না করেছিল ১৯৫৫ সালে, আর আজ পর্যন্ত সেই সমস্ত বায়নাপত্রের অনুসন্ধান করে এনকোয়ারী করে সেই লোন দেবার ব্যবস্থা করা হয় নাই। এত অবহেলা ও অনুসন্ধানে দেরী হবার ফলে অনেক ল্যান্ডলর্ড তাদের বায়নার টাকা নির্দিষ্ট সময় উত্তীর্ণ হওয়ার দরুন বাজেয়াপ্ত করে সেই টাকা আত্মসাৎ করে নিয়েছে। তারা লোন পায় নাই।

আর একটা কথা বলতে চাই, এই প্রসঙ্গে সরকারী তরফ থেকে এই আইনের কোন অর্থ আমরা বুঝি না। যখন তাঁরা বলেন—তারা এল পি লোন পাবে যারা প্রচুর আয় করে। কিন্তু যারা মাসিক ৭০-৮০ টাকা আয় করে, তাদের এই লোন দেওয়া হবে না। হরিদাস রাজবংশী যে একটা মুসলমান পরিত্যক্ত বাড়ীতে বাস করে, সে ১৯৫০ সালে এই লোনের জন্য দরখাস্ত করেছিল। কিন্তু তার ৭৫ টাকা মাসিক আয়ের জন্য সে লোন মঞ্জুর হয় নাই। সে দরখাস্তে উল্লেখ করেছিল ৭৫ টাকা মাসে ইনকাম করে, সেই জন্যই এই এল, পি, লোন, স্যাংশন হয় নাই। ইতিমধ্যে জমিদার তার বায়না ক্যানসেল করে বায়নাপত্রের সমস্ত টাকা বাজেয়াপ্ত করে নিয়েছে। আমাদের মন্ত্রী তরুণকান্তি ঘোষ মহাশয় বলেছেন—আপনারা সহযোগিতার দক্ষিণ হস্ত প্রসারিত করুন, আসুন, আমরা এত বড় বিরাট সমস্যার সমাধান করতে পারবো। আমি আনন্দের সঙ্গে একথা বলতে পারি তিনিও সমস্ত সমস্যা নিয়ে আমাদের সঙ্গে সহযোগিতা করুন। নিশ্চয়ই আমাদের দক্ষিণ হস্ত প্রসারিত হয়েছে। যাতে এই বাস্তুহারাদের সুযোগসুবিধা দেওয়া যায় অবিলম্বে তার ব্যবস্থা করা সরকারের প্রয়োজন।

তারপর আমি হকারদের সম্পর্কে কিছু বলছি। চৌরঙ্গী হকার্স কর্ণার আমি ঘুরে দেখে এসেছি। সেখানে জিনিস কিছুই বিক্রী হয় না। কারণ দোকানগুলি ঘরবাড়ী এবং দেওয়ালে ঘিরে এমনভাবে রাখা হয়েছে যে খদ্দের সেখানে সহজে প্রবেশ করতে পারে না। তারা অধিকাংশই উদ্বাস্তু—ব্যবসায় করতে গিয়ে ঋণগ্রস্ত হয়ে পড়েছে, ব্যবসা উঠে যাবার উপক্রম হয়েছে।

আপনারা জানেন হাওড়াতে ডালমিয়া পার্কের পাশে একটা জায়গা ছিল, সেখানে একশো উদ্বাস্তুর জন্য হকার্স কর্নার করার কথা ছিল। উদ্বাস্তুদের জমি লীজও দেওয়া হয়েছিল। কিন্তু যেই তারা সেখানে ঘর করতে আরম্ভ করলো, অমনি তাদের হাত থেকে সেই লীজ ছিনিয়ে নেওয়া হল। জমিও দেওয়া হল না, টাকাও ফেরত দেবার ব্যবস্থা হল না।

কম্পিটেন্ট অথরিটির কাছে আজ পর্যন্ত ৭৫০টা মামলা হয়েছে। তার মধ্যে সরকারী তরফ থেকে ৩৬১টি মামলা দায়ের করা হয়েছে। হাওড়া স্টেশনের কাছে উদ্বাস্তু ক্যাম্প আছে, সেখানকার উদ্বাস্তুদের বিরুদ্ধে সরকার এই ৩৬১টি মামলা দায়ের করেছেন। সরকার

রিফিউজিদের পুনর্বাসন না করে তাদের ক্যাম্পের জন্য পোর্ট কমিশনারকে বাড়ী ভাড়া দিয়েছেন ১৫ লক্ষ টাকা। এই টাকা যদি তাদের বিতরণ করে দিতেন, তাহলে এই টাকায় ওখানকার উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসন সম্ভবপর হতো। তা না করে ৩৬১টি মামলা দায়ের করা হয়েছে। যদি কোন রিফিউজী গরীব বলে মামলা করতে না পারে, তাহলে তাকে মাসে মাসে ৪০ টাকার মত ক্ষতিপূরণ দিতে হচ্ছে। আজ পর্যন্ত অনেক ডিগ্রী হয়েছে। পাঁচ টাকা করে দেবার সংগতিও বাস্তুহারাদের নাই।

২ লক্ষ ৫২ হাজার উদ্বাস্তু এখন পর্যন্ত আশ্রমে ও শিবিরে বাস করছে। আমি কালীনগর ট্রানজিট ক্যাম্পে গিয়েছিলাম। সেখানে ছয়-সাত বছরেও তারা পুনর্বসতির সুযোগ পায় নি। যে দুরবস্থার মধ্যে বাস্তুহারারা বাস করছে তা বিচার করলে দেখা যায় দশ বছরের কংগ্রেস রাজত্বে তারা একটা কলংকজনক ইতিহাস সৃষ্টি করেছে। আগামী দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার যে ছবি আমাদের সামনে এসেছে, আমি হাউসের সামনে নিবেদন করতে চাই—যে এই পাঁচ বছরের মধ্যে উদ্বাস্তুদের পুনর্বাসন সমস্যা সম্বন্ধে সঠিক সমাধান আশা করতে পারছি না। তবু আমাদের মন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন ও তরুণকান্তি ঘোষ মহাশয়ের কাছে আবেদন জানাই এই অগণিত বাস্তুহারাদের তরফ থেকে আসুন, আমরা আপনাদের সংগে সহযোগিতা করতে রাজী আছি—যাতে আমরা এই বাস্তুহারা সমস্যার একটা সুষ্ঠু সমাধানের ব্যবস্থা আমরা করতে পারি।

[At this stage the House was adjourned for 5 minutes.]

[After adjournment.]

[11-5—11-15 a.m.]

Sj. Subodh Banerjee:

স্পীকার, স্যার, উদ্বাস্তু বাজেট উত্থাপন প্রসঙ্গে গত উদ্বাস্তুমন্ত্রীর অনেক প্রশংসা বর্তমান মন্ত্রীর মুখ হতে শুনলাম। এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, এ অধিকার তাঁর আছে। এবং এই কাজ মোটেই অস্বাভাবিকও নয়। কারণ পূর্বতন মন্ত্রী মহাশয়া কংগ্রেস সদস্যা ছিলেন এবং কংগ্রেস সরকারের মন্ত্রী ছিলেন বর্তমান মন্ত্রী কংগ্রেস সদস্য এবং কংগ্রেসী সরকারের কর্ণধার। সুতরাং এই পারস্পরিক পিঠ চুলকানির কাজ যে ভালভাবেই চলবে তাতে সন্দেহ কি আর? কিন্তু নিরপেক্ষভাবে বিচার করলে, স্বীকার না করে উপায় নেই যে, গত পাঁচ বছর উদ্বাস্তু সমস্যা সম্পর্কে ভারপ্রাপ্ত দপ্তর যেভাবে কাজ করেছে তা আদৌ সন্তোষজনক নয়। এমন কি কেন্দ্রীয় সরকার পর্যন্ত একথা বলতে বাধ্য হয়েছেন যে, পশ্চিমবাংলা সরকার সমস্ত ব্যাপারটা ব্যাংগেল করেছে। পশ্চিমবাংলা সরকারের উদ্বাস্তু পুনর্বাসন নীতির ব্যর্থতার জন্যই কেন্দ্রীয় উদ্বাস্তু বিভাগকে কলকাতায় আসতে হয়েছে। শুধু তাই নয়; কতটুকু খবর পেয়েছি কেন্দ্রীয় সরকারের দপ্তর থেকে তা এবং আজকেও উদ্বাস্তু বিভাগের যে মিটিং আছে তাতে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে হ্যান্ড আউট বিলি হয়েছে তা থেকে দেখছি যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার উপর আস্থা রাখতে পারছেন না, উদ্বাস্তু সমস্যার সমাধানের ব্যাপারে। এমন কথাও শোনা যাচ্ছে যে, এখন থেকে উদ্বাস্তুদের পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবাংলা ছাড়া অন্যান্য রাজ্য সরকার নেবেন। পশ্চিমবাংলা সরকারের হাতে উদ্বাস্তুদের পুনর্বাসনের দায়িত্ব থাকবে না। এই যখন অবস্থা তখন পূর্বতন উদ্বাস্তু মন্ত্রীর গুণগান করা কি যুক্তিসংগত? যে ব্যবস্থা হতে চলেছে সেটা পশ্চিমবাংলা সরকারের কৃতিত্বের কথা নয়, গৌরবেরও কথা নয়, এটা আমি মনে করি। সুতরাং মন্ত্রীরা যতই পরস্পর পরস্পরকে প্রশংসা করে থাকুন না কেন, একথা অস্বীকার করার উপায় নেই যে কেন্দ্রীয় সরকার পর্যন্ত পশ্চিমবাংলার সরকারের উপর উদ্বাস্তুদের পুনর্বাসনের ক্ষেত্রে সন্তুষ্ট নন। প্রফুল্লবাবু বলেছেন যে, ১৯ লক্ষ উদ্বাস্তুদের তাঁরা আংশিক পুনর্বাসন দিয়েছেন। জিজ্ঞাসা করি এই আংশিক পুনর্বাসন বলতে তাঁরা কি বোঝাতে চান? এক খণ্ড জমি দেওয়া, কি কিছু হাউস বিল্ডিং লোন দেওয়া, কি সামান্য বিজিনেস লোন দেওয়া, সরকারীমতে এরই নাম আংশিক পুনর্বাসন। আমার মতে একে পুনর্বাসন বলা যায় না। পুনর্বাসন সম্বন্ধে সরকারের দৃষ্টিভঙ্গিটাই পাল্টানোর দরকার আছে। পুনর্বাসন হবে আর্থনৈতিক পুনর্বাসন। একজন উদ্বাস্তুকে একটা

বাড়ী কিংবা হাউস বিল্ডিং লোন দিলেন তবুও সে যে বাড়ীতে থাকতে পারে না। বাড়ীর টীন বিক্রী করে কিংবা ঋণের টাকা খেয়ে ফেলে দুদিন বাদে চলে আসবে। যদি সেখানে তার জীবনধারনের মত কাজ না থাকে যা দ্বারা সে তার সংসার চালাতে পারে, তাহলে তাকে বাড়ী কিংবা ঋণ দিলেও কিছুতেই সে সেখানে থাকতে পারে না। এই দৃষ্টিভঙ্গি না থাকার জন্য উদ্বাস্তু সমস্যা এত তীব্র হয়েছে। স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় ফ্যাক্ট ফাইন্ডিং কমিশনস্ রিপোর্ট অ্যান্ড মিনিস্টারস রিপোর্ট দেখেছেন। অবশ্য এগুলি পুরোনো দিনকার কথা। ১৯৫৩ সাল পর্যন্ত ব্যাপার তাতে আছে। কিন্তু এইসব রিপোর্টে যে কথা বলা হয়েছে সেগুলি আজও সত্য হয়ে রয়েছে। তাই আজও হাজার হাজার ডেজারশন হচ্ছে। কোটি কোটি টাকা খরচ করে উদ্বাস্তুদের এক জায়গায় পাঠান হচ্ছে, দুদিন যেতে না যেতে তারা সে জায়গা ছেড়ে আবার চলে আসছে। ফলে ব্যয়িত কোটি কোটি টাকা ব্যর্থ হচ্ছে। একটা উদাহরণ দিই। বেতিয়ায় কয়েক হাজার উদ্বাস্তু নিয়ে গেলেন কি সেখানে কয়েক কোটি টাকা খরচ করা হল কিন্তু মোট ফল কি হল? উদ্বাস্তুরা সেখান থেকে চলে এল। আপনারা বলতে আরম্ভ করেছেন যে বামপন্থী দলগুলি উদ্বাস্তুদের প্ররোচনা দিচ্ছে, তাই তারা চলে আসছে। কথাগুলি কি আপনারা চিন্তা করে বলছেন। উদ্বাস্তুরা তাদের বাড়ীঘর যথাসর্বস্ব ছেড়ে পশ্চিমবাংলায় চলে এসেছে; এইটুকু জায়গা যদি তারা পেত সেখানে তারা কোনরকমে খেয়ে পরে বাস করতে পারত তাহলে যত গরম ও প্ররোচনামূলক বক্তৃতাই আমরা দেই না কেন, আমাদের বক্তৃতায় তারা চলে আসত না। এইরকম ঘটনা একেবারে অসম্ভব। যদি এই ঘটনাই ঘটতো যে, আমাদের বক্তৃতার ফলে হাজার হাজার লোক তাদের বাড়ীঘর ছেড়ে চলে এসে অনিশ্চিতের বুকে ঝাঁপিয়ে পড়ছে তাহলে কংগ্রেস সরকারকে আর এই রাজ্যে রাজত্ব করতে হত না; বিপ্লবের মাধ্যমে সরকার তো সামান্য কথা—রাষ্ট্র ব্যবস্থাই পালটিয়ে দিতাম. উদ্বাস্তুদের ক্যাম্প ছেড়ে চলে আসার আসল কারণ আমাদের উস্কানি নয়। উদ্বাস্তুদের যেখানে পাঠান হচ্ছে সেখানে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হচ্ছে না, ফলে এক মুঠো খাবার যোগাড় করার ক্ষেত্রেও তাদের ভয়ানক অসুবিধা হচ্ছে। আর তারজন্যই উদ্বাস্তুরা চলে আসছেন। বেতিয়ার কথা বা অন্যান্য জায়গার কথা বলুন—এইটাই হল আসল কারণ। এইভাবে চলে আসার পর হয় তাদের স্টেশন প্ল্যাটফরমে পড়ে থাকতে হচ্ছে নয়ত ক্যাম্পে জীবনধারন করতে হচ্ছে। ক্যাম্পজীবন কি লোভনীয়? ক্যাম্পজীবন ভাল নয়, জঘন্য; আমি তা জানি। তবুও তারা আপনাদের দেওয়া জায়গা ছেড়ে চলে এসে ক্যাম্পজীবন গ্রহণ করছে কেন? এর একমাত্র কারণ ক্যাম্পে তাদের জীবনধারণ জঘন্য হলেও খানিকটা সিকিওরড। ১২ টাকা হোক আর ১৫ টাকা হোক, তবু তারা কিছু পাবে। আপনাদের দেওয়া জায়গায় তারও স্থিরতা নেই। ফলে তারা চলে আসতে বাধ্য হয়। সুতরাং পুনর্বাসনকে অর্থনৈতিক পুনর্বাসনের দিক থেকে না দেখলে এ ঘটনা ঘটবেই। পুনর্বাসনের জন্য হর্টিকালচারএর কথা আপনারা বলছেন। সেই পরিকল্পনায় কয়েক হাজার লোককে বিভিন্ন জায়গায় পাঠান হয়েছে। এক্ষেত্রের ডেজারশনএর দিকে তাকিয়ে দেখুন। ফ্যাক্ট ফাইন্ডিং কমিশন বলেছে এক একটি জায়গায় শতকরা ৯০ জন জায়গা ছেড়ে চলে এসেছে। এই ব্যাপারে মোট টাকা যা খরচ করা হয়েছে তার কমপক্ষে শতকরা ৬০ ভাগ টাকা এইভাবে নষ্ট হয়েছে এই ডেজারশনএর জন্য। আজ পর্যন্ত আপনারা উদ্বাস্তুদের জন্য ৮৩ কোটি ৮০ লক্ষ টাকা খরচ করেছেন; অবশ্য কৃষ্ণমাচারী মহাশয় ৮৬ কোটি টাকার কথা বলবেন। এই যে ২ কোটি ২০ লক্ষ টাকার মত ফাঁক রয়েছে এটা কি জন্য হয়েছে বুঝতে পারি না। আপনাদের ব্যয়ের কি কোন হিসাব থাকে না? যদি ধরে নিই আপনারা প্রায় ৮৪ কোটি টাকার মত খরচ করেছেন, তাহলেও জিজ্ঞাসা এর কত পরিমাণ টাকা গেইনফুল এক্সপেন্স হয়েছে। তা বিচার করেছেন কি? এই ৮৪ কোটি টাকার মধ্যে পুনর্বাসনের জন্য খরচ করেছেন ৪০ কোটি টাকা। বাকী ৪৪ কোটি টাকা আপনারা খরচ করলেন রিলিফ খাতে। শেষোক্ত ব্যয় গেইনফুল নয় এই সত্য ছেড়ে দিলাম। ৪০ কোটি টাকা পুনর্বাসনের জন্য ব্যয়িত হয়েছে তার কত অংশ সুষ্ঠু ব্যয়? তার শতকরা ৬০ ভাগের মত টাকা ডেজারশনএর জন্য ব্যর্থ হয়েছে। কেন এ জিনিস ঘটে একবার চিন্তা করেছেন কি? বললেই হবে না যে, বামপন্থী দলগুলো প্ররোচনা দেবার ফলে সমস্ত প্ল্যান নষ্ট হয়ে যাচ্ছে। অসম্ভব, এ জিনিস হতে পারে না। অর্ধেকের বেশী টাকা নষ্ট হয়ে গিয়েছে ডেজারিশনএর জন্য, এর কারণ প্রপার প্ল্যানিংএর অভাব। আমি সেদিন মেদিনীপুরে গিয়েছিলাম, সেখানে আপনারা

বহু উদ্বাস্তুকে হর্টিকালচার স্কিমএ পাঠিয়েছেন। সেখানে গিয়ে দেখালাম মাটি ফেটে দুহাত ফাঁক হয়ে গেছে, জল নেই একবিন্দু। চাষ করবে কোথা থেকে? পরিকল্পনা হল হর্টিকালচারএর অথচ, জলের ব্যবস্থা নেই। এ অবস্থা করে আপনারা ছেড়ে দিলেন। এইরকম গলদ আপনাদের পুনর্বাসন পরিকল্পনার মধ্যে রয়েছে। উদ্বাস্তুদের জমি দেবার কথা আপনারা বলছেন। চাষের উপযুক্ত জমি তাদের দিন—আমার তাতে কোন আপত্তি নেই। পশ্চিমবাংলায় দেবার মত জমি আছে কি নেই—এ আলোচনা করা দরকার। সুন্দরবনে এখনও ৩ লাখ বিঘা ধানী জমি নোনা জলে ডুবে আছে। আপনারা যদি মেছোঘেরিগুলিকে অধিকার করেন তাহলে আরও জমি মিলবে। মেছোঘেরির নাম করে লাখে লাখে বিঘা জমি বড় বড় জোতদাররা ধরে রেখেছে। সেখানে যদি উদ্বাস্তুদের পুনর্বাসনের চেষ্টা করেন তাহলে তা হতে পারে। কাকে কতটা জমি দেওয়া যাবে সেটা ডিটেইলসএর বিষয়; সেটা আলোচনা করে ঠিক করতে হবে উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য। তাতেও সরকার হাত দেন নি। শুধু তাই নয়; যেখানে হাত দিচ্ছেন, সেখানে জমিদার জোতদারের জমি দেন নি; ভাগচাষীর জমিতে, গরীব চাষীর জমিতে উদ্বাস্তু বসিয়ে দিয়েছেন। প্রমাণ চান? প্রফুল্লবাবু নিজে জানেন, বিধানবাবু নিজে জানেন। আমি তাঁদের নাম করে করে কেস দিয়েছি; হাই কোর্টএর রায় পর্যন্ত তাদের কাছে দিয়েছি। হাই কোর্ট বর্গাদারদের জমি বলে রায় দিয়েছেন যে, জমিতে উদ্বাস্তু বসান হয়েছে। প্রফুল্লবাবুর আগেকার বন্ধু যদিও এখনকার নয় সাতকড়িপতি রায়। তাঁর জমি সরকার উদ্বাস্তু বসাবার জন্য কিনেছেন।

[11-15—11-25 a.m.]

সে জমিতে যে ভাগচাষীরা চাষ করে, এই রিপোর্ট স্থানীয় সার্কেল অফিসার দিলেন, এস, ডি, ও, দিলেন, এমন কি জেলা ম্যাজিস্ট্রেটও দিলেন। তবুও সে জমি মোটা টাকা দিয়ে নেওয়া হল; ভাগচাষীদের উচ্ছেদ করে দেওয়া হল পুলিস দিয়ে। উদ্বাস্তু সমস্যার সমাধান করবেন কোথায়, তা না করে বাংলাদেশের ৩০০ ঘর চাষীকে আপনারা উদ্বাস্তু করে ভাসিয়ে দিলেন। এর নাম সমস্যার সমাধান? আরাপাঁচের দিকে, বারুইপুরের দিকে তাকিয়ে দেখুন। এই একই ব্যবস্থা। আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি একজন বিধবার মাত্র ১৪ বিঘা জমি। যার সাহায্যে কোনরকমে সে জীবনধারন করে। তার সেই জমি আপনারা কেড়ে নিলেন। উদ্বাস্তু বসাবার নাম করে। আমি নিজে ডাঃ রায়ের কাছে গিয়ে এই ব্যাপার দেখিয়ে জিজ্ঞাসা করি, পশ্চিমবাংলার গরীব লোকদের উদ্বাস্তু করে দিয়ে উদ্বাস্তু সমস্যার সমাধান হবে? এ জিনিস কেন করেন? জয়নগরের সার্কেল অফিসার, আলিপুরের এস, ডি, ও, ২৪-পরগনার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পই পই করে বলেছেন, গুড়গুড়িয়ার জমি ভাগচাষীর জমি, এ জমিতে রিফিউজী বসিও না। অকল্যান্ডের বাস্তুঘুঘু অফিসারের দল আছেন তারা সাতকড়িপতি রায় ও চম্পাবতীর কাছ থেকে পাঁচ হাজার টাকার মত ঘুষ নিয়ে রিপোর্ট দিল জমি মালিকের নিজের তাতে ভাগচাষী নেই। এর প্রত্যক্ষ প্রমাণ আমি করে দেবো। ভাগচাষীদের এমনি করে উচ্ছেদ করে দেওয়া হচ্ছে। এইভাবে কি উদ্বাস্তু সমস্যার সমাধান হবে? আর এরই জন্য আমাদের সহযোগিতা চান? কি করে সহযোগিতা দেবো? এ জিনিসে সহযোগিতা হতে পারে না। শ্রীমতী মায়া চ্যাটার্জির সঙ্গে কথা হচ্ছিল, তিনি বলছিলেন "সুবোধবাবুকে জিজ্ঞাসা করবো সুন্দরবনের জমি তিনি উদ্বাস্তুদের জন্য দেখে দিন।" বাস্তবিকই যদি এই উদ্বাস্তু সমস্যার সুষ্ঠু সমাধান করতে চান, তবে আসুন চাষীর প্রতিনিধি নিয়ে, উদ্বাস্তুদের প্রতিনিধি নিয়ে, সরকারী প্রতিনিধি নিয়ে বেসরকারী প্রতিনিধি নিয়ে আমরা আলোচনা করি দেখি যেখানে প্রচুর জমির মালিক আছে, মেছোঘেরির মালিক আছে তাদের ধরে কিছু জমি আদায় করে সেখানে উদ্বাস্তু বসাতে পারি কি না। আপনারা বলেন কন্সট্রাকটিভ সাজেসনস দিন; এগুলি কি কন্সট্রাকটিভ সাজেসনস নয়? কৈ তা ত নেন না।

দ্বিতীয় জিনিস আমি বলবো ক্যাম্পের কথা। আপনারা বলেছেন দুই লক্ষ ৭৯ হাজার রিফিউজি আছে, ১৬৫টা ক্যাম্পে। যে হ্যান্ড আউট কেন্দ্রীয় সরকার পাঠিয়েছেন এবং আজকের মিটিংএ যা পরিবেশিত হবে, সেই হ্যান্ড আউট আমি দেখেছি। তাতে বলা হচ্ছে যে, মাসে আপনারা ২০০ জন উদ্বাস্তুকে ক্যাম্প থেকে অন্য জায়গায় নিয়ে গিয়ে বসাচ্ছেন। ২ লক্ষ ৭৯ হাজারের মত উদ্বাস্তু এখন ক্যাম্পে রয়েছে, মাসে ২০০ জন করে অন্য জায়গায় পাঠালে ১,৪০০

বছর লাগবে ক্যাম্পের উদ্বাস্তুদের সরাতে। এর নাম কি কাজ করা? কেন এই মন্থর গতি? কি আপনাদের অসুবিধা? তার কথা দেশকে বলেছেন? দেশের লোককে বিশ্বাস করেছেন? তাদের সঙ্গে কোন আলোচনা আপনারা করেন নি। বরং জোর করে গরীব চাষীর জমি কেড়ে নিচ্ছেন। উদ্বাস্তু মন্ত্রী রয়েছেন, মিনিস্টার অব স্টেট রয়েছেন, উপমন্ত্রী রয়েছেন; তাঁরা এইসব অত্যাচারের কথা জানেন না এমন নয়। মন্ত্রীদের নীতি দেখে মনে হচ্ছে যে রিফিউজী রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টকে তাঁরা চিরস্থায়ী করে রাখতে চান। আর এরই নাম পুনর্বাসন, সমস্যার সমাধান? আসলে আপনারা এই সমস্যা সমাধান করতে চান না। কারণ সমস্যার সমাধান হলে এই সমস্ত অকল্যান্ডের বাস্তুঘুঘুর দল বাসাভাঙ্গা হয়ে যাবে। তাদের বাঁচিয়ে রাখতে হলে, উদ্বাস্তু বিভাগকে বাঁচিয়ে রাখতে হয়। সুতরাং দ্রুত পুনর্বাসনের দিকে হাত দিচ্ছে না। এই ত অবস্থা। সত্যি কথা বলতে কি উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন যদি কেউ করে থাকে তাহলে তারা নিজেরাই তা করেছে, সরকার তাদের সাহায্য করেন নি। চলুন যাদবপুর অঞ্চলে যে জায়গা পোড়ো জঙ্গলা জায়গা ছিল, শেয়াল থাকতো যে জায়গায়, আজ সেই জায়গায় নগর গড়ে উঠেছে। বর্ধমান গিয়ে দেখুন, যে জায়গায় কোনদিন ফসল ফলত না আজ সেখানে উদ্বাস্তুরা সোনার ফসল উৎপাদন করছে। এরজন্য সরকার প্রশংসা দাবী করছেন—এরজন্য প্রশংসা যদি কারও প্রাপ্য হয় তাহলে তা সম্পূর্ণরূপে উদ্বাস্তু ভাইবোনদের, যাঁরা সরকারী সাহায্য ব্যতিরেকেই নিজেদের অর্থনৈতিক পুনর্বাসন করেছেন। তাদের সেখান থেকে তাড়িয়ে দিয়ে সরকার নতুন করে উদ্বাস্তু সৃষ্টি করতে যাচ্ছেন। প্রমাণ চান? ব্যারাকপুর ট্রাঙ্ক রোডের পাশে চলুন। প্রফেসর মিত্র হয়ত আমাকে সমর্থন করবেন। আমি ১,২০০ পরিবারের কথা জানি। এই উদ্বাস্তু পরিবারগুলি রাস্তার পাশে দোকান করে সংসার চালাচ্ছেন। সরকারের নজর পড়লো তাদের উপর, আদেশ হল তুলে দিতে হবে। রাস্তার সৌন্দর্য নাকি তাতে নষ্ট হচ্ছে। দুপাশে বহু জায়গা; এই দোকানগুলি থাকলে বিপদের সম্ভাবনা নেই, চলাচলেরও তাতে কোন বিঘ্ন ঘটে না। তবুও তাদের জোর করে পুলিস দিয়ে তুলে দেওয়া হচ্ছে। যারা নিজেদের চেষ্টায় নিজেদের পুনর্বসতি করেছে তাদের আবার উদ্বাস্তু করা হচ্ছে। কেন? সৌন্দর্য রক্ষার জন্য? কার সৌন্দর্য? ডাঃ রায়ের, প্রফুল্ল সেনের, না কি ঐ পাঁচতলা সাততলা বাড়ীর মালিকদের? কোলকাতার দিকে তাকিয়ে দেখুন। একবার লেক্ ক্যাম্পগুলিতে ঘুরে আসুন দেখবেন যে, সেখানকার লোকেরা সরকারী সাহায্য ব্যতিরেকে নিজেরা কিভাবে নিজেদের পুনর্বসতি করেছে। তাদের কাজকে কোথায় মন্ত্রীরা প্রশংসা করবেন, তা নয়, তাদের পেছনে লেগেছেন সেখান থেকে তাদের উঠিয়ে দেবার জন্য। এর নাম কি উদ্বাস্তু পুনর্বাসন? হবে না কেন? উর্ধতন কর্মচারীরা কেমন সেটা দেখতে হবে ত। গোটা অকল্যান্ডটা ও মাথার দিকটা একটা চোরের আড্ডা হয়ে গেছে। মিঃ স্পীকার, আমার রুচিতে বাধে কোন লোকের ব্যক্তিগত চরিত্র নিয়ে আলোচনা করতে। কিন্তু কর্তব্যবোধে না করেও উপায় নেই। [কংগ্রেস বেঞ্চ হইতে বাঃ বাঃ] বাঃ বাঃ আপনারা করতে পারেন কিন্তু গত পাঁচ বছরে কোন লোকের ব্যক্তিগত চরিত্র নিয়ে আমি কিছু বলি নি। কাল শ্রীমতী পূরবী মুখার্জী মহাশয়ার সঙ্গে আমি কথাবার্তা বলেছি। শুধু এইটুকু মন্ত্রীমণ্ডলীর কাছে আমার দাবী যে আমি যে তথ্য দেব সেগুলি শুধু 'সিন, ফাইল' বলে যেন ফেলে রেখে না দেন। সেগুলি দেখুন। জানেন না এ. ডি. খানের কীর্তিকলাপ? জানেন না তাঁর কেচ্ছার কথা? যদি জানেন তবে কেন এইরকম লোককে আজ উদ্বাস্তু বিভাগের সেক্রেটারী এবং কমিশনার করে রেখেছেন? একদিকে নয়, সর্ববিদ্যাপারঙ্গম ইনি। শুধু বাঙ্গালিং নয়, টাকাপয়সা চুরি থেকে আরম্ভ করে চরিত্র পর্যন্ত। সবই চলেছে এই বিভাগে। কোন ভদ্রলোকের মেয়ের পক্ষে ঐ ডিপার্টমেন্টে কাজ করা একটা ভয়ানক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এইসব মেয়েরা কান্নাকাটি করছেন, টেলিফোন করে আমাদের দৃষ্টি আকর্ষণ করছেন। এইরকম টেলিফোন আমি বহু পেয়েছি। চাকরি রাখতে হলে বড় বড় অফিসারকে জয় রাইড দিতে হবে। কর্তাদের চরিতার্থতার কাছে আত্মসমর্পণ করতে হবে। এ ধরনের ঘটনা মন্ত্রীমহাশয় জানেন। আমি শ্রীমতী মুখার্জীর কাছে এ ঘটনা রেফার করেছি। এ ডি খানের এক ভগ্নীপতি আছেন। আমি নাম করব না; তিনি হাবড়া কলোনির অ্যাডমিনিস্ট্রেটর। জিজ্ঞাসা করি তরুণবাবুকে এটা তাঁর কনস্টিটিউয়েন্সী, এই অফিসারটি কি সেখানে একদিনও থাকেন? আন্ডার কোয়ালিফাইড লোক, কোলকাতায় তিনি স্ফূর্তি মেরে বেড়ান, কাজ করেন না, জায়গায় থাকেন না অথচ

বন্ধুর ব্যবস্থা অবশ্যই করেন না? তিনিও তো এই বিভাগের মন্ত্রী। কেন এই অফিসারটিকে সরিয়ে দেন না? আর একজন; গোবিন্দ লাল বন্দ্যোপাধ্যায়। এই ভদ্রলোকের ইতিহাস কে না জানে? একজন মহিলা অফিসারের জীবন তিনি অতিষ্ঠ করে তুলেছেন। মন্ত্রীমহাশয়ের আমি বলায় সেটা বন্ধ হয়েছে। ব্ল্যাকমেল করে বেশ কিছু টাকা ভদ্রমহিলাটির কাছ থেকে আদায় করে নিয়েছিলেন এই গোবিন্দ লাল বন্দ্যোপাধ্যায়। শেষ পর্যন্ত রেণুকা রায় মহাশয়া নিজে চেষ্টা করে সেটা মীমাংসা করে দেন। এই ভদ্রলোকের নামে এ্যান্টিকোরাপসন ডিপার্টমেন্ট রিপোর্ট করেছে। ইনি তাহেরপুর কলোনীর এ্যাডমিনিস্ট্রেটর অথচ সেখানে তিনি থাকেন না। চৌরঙ্গী সেলস এমপোরিয়ামে তাঁকে প্রায় রোজই আড্ডা মারতে দেখা যায়। অমল চ্যাটার্জি মস্ত বড় একজন অফিসার। তাঁর কাজ হচ্ছে মহিলা অফিসারদের ঘরে গিয়ে আড্ডা মারা। এই অমল চ্যাটার্জী একজন মহিলার সঙ্গে ইতরামী করতে গিয়েছিলেন নাবিং খেয়ে চলে এসেছেন এবং বলে বেড়াচ্ছেন দেখে নেবেন। এগুলি জানেন না মন্ত্রীমহাশয়? বৃন্দরবন সফরে এ, ডি, খান ও অমল চাটার্জী যান। সেই সফরে একজন মহিলা এঁদের সঙ্গদান করেন। ফলে মহিলা এখন অফিসার? নাম পুতুল বোস। এগুলি কি মন্ত্রীমহাশয় অনুসন্ধান করবেন? আরো আছে, এস, এন, ব্যানার্জী বলে এক ভদ্রলোক নিজেকে এম, এ, বলে চালিয়ে দিয়েছেন; আদতে তিনি আন্ডার গ্রাজুয়েট। পাবলিক সার্ভিস কমিশনের সামনে তিনি উপস্থিত হন নি, আর এক ভদ্রলোক পরীক্ষা দিয়ে পাশ করেছেন। যিনি পাশ করেছেন তাঁকে চাকরী না দিয়ে এই ভদ্রলোককে রেখে দেওয়া হয়েছে। এমন সব অফিসার নিয়ে কি উদ্বাস্তু পুনর্বাসন হবে, না, তাতে টাকা লুটেপুটে খাওয়া বাস্তুঘুঘুর দলকে মোটা করা হবে? সে কথাটা খুলে বলা দরকার। এদিকে ভালভাবে দৃষ্টি না দিলে যত ভালই আপনাদের পুনর্বাসনের নীতি হোক না কেন, তাতে কোন কাজ হবে না। আর নীতি আপনাদের যা তাতে এই ধরণের অফিসাররা - ময়লায় যেমন মাছি জন্মায় তেমনি জন্মাচ্ছে।

11-25—11-35 a.m.]

Sj. Gopal Basu:

মাননীয় স্পীকার মহাশয়, বাস্তুহারা পুনর্বাসনের ব্যাপারে বিরোধী পক্ষ থেকে অনেকগুলি কনস্ট্রাকটিভ সাজেশন দেওয়া হয়েছে। কিন্তু সরকার পক্ষের যে মনোভাব তাতে মনে হয় না, যে তাঁরা কিছু গ্রহণ করবেন। যাহোক মন্ত্রী তরুণ কান্তি ঘোষ মহাশয় বলেছেন যে বাস্তুহারাদের পুনর্বাসন ব্যাপারটি দলীয় স্বার্থের উপরে রাখতে হবে। কিন্তু আপনি জানেন, অধ্যক্ষ মহাশয়, যে এই নির্বাচনের প্রাক্কালে রিলিফ এ্যান্ড রিহ্যাবিলিটেশন-এর টাকা এবং বিভিন্ন মেটিরিয়ালস কংগ্রেসের দলীয় স্বার্থের জন্য নির্বাচনে নিয়োগ করা হয়েছে এবং যাঁরা কংগ্রেসকে ভোট দেন নি তাঁদের উপর নানারকম পারসিকিউশন চলছে। তার প্রমাণ যদি চান তবে অসংখ্য প্রমাণ দিতে পারি। মন্ত্রী মহাশয় হয়ত বলতে পারেন যে, ৮০ কোটি টাকা খরচ করে উদ্বাস্তুদের পুনর্বাসন ব্যবস্থা হয়েছে। কিন্তু তাদের জন্য অর্থনৈতিক পুনর্বাসনের কোনও ব্যবস্থা করা হয়েছে কি? আর এই ব্যাপারে আলোচনা করতে গেলে দেখা যাবে শুধু তাদের মাথা গুঁজবার স্থান পাওয়ার ব্যবস্থা করতে বর্তমানে যেসব বাস্তুহারা রয়েছে এই ব্যবস্থায় তারা তাদের জীবদ্দশায়ও পুনর্বাসন পাবে না। এমন কি আমরা দেখছি সরকারের চরম অপদার্থতা এই বাস্তুহারা যারা জবরদখল কলোনি করে নিজেদের প্রতিষ্ঠিত করেছে আজ পর্যন্ত সেই কলোনিগুলো এই সরকার রেগুলারাইজ করতে পারেন নি। আমি জানি আমাদের ২৪-পরগণা জেলার বারাকপুরের যে কলোনীগুলি 'পাইলট স্কীমে'র ভিতর আছে তার মধ্যে বলঘরিয়ার যতীন দাসনগর কলোনী এবং দেশপ্রিয়নগর কলোনীকে আংশিক স্বীকৃতি ও অর্পণপত্র দেওয়া হয়েছে কিন্তু নৈহাটির বিজয়নগর কলোনীকে অর্পণপত্র দেওয়া হয় নি—স্বীকৃতিও দেওয়া হয় নি। অন্যান্য যেসব বাস্তুহারা টেন্ট কলোনিতে রয়েছেন তাদের সেখানেও তমনি অবস্থা। টাকার ফিরিস্তি যা দিয়েছেন সে বহু কোটি টাকা খরচের কথা বলা হয়েছে। অথচ বাস্তুহারা যাদের ট্রানজিট ক্যাম্পএ রাখা হয়েছে তারা সেখানে থাকতে চায় না। তারা বলে আমাদের মাথা গুঁজবার স্থান দাও। বাস্তুহারারা বলে তাদের ক্ষমতা আছে, প্রতিভা আছে, তারা পশ্চিমবাংলাকে উন্নত করবে, তারা একদিনও ভিখারীর মত কাটাতে বা ভিক্ষা পেয়ে বাঁচতে

চায় না। এমনিভাবে হাজার হাজার উদ্বাস্তু ২৪-পরগণা জেলার বিভিন্ন টেন্ট কলোনিতে রয়েছে। ২৪-পরগণা জেলার নৈহাটি মিউনিসিপ্যালিটির ৬নং ওয়ার্ডে জগদ্দল থানায় ও বিভিন্ন জায়গায় 'টেন্ট কলোনি'তে তারা রয়েছে। তারা আমাদের বলেন আমাদের নামে যে জমি অ্যালট করা আছে সেই জমি দিয়ে দিন ; সেজন্য তারা দরখাস্ত করেছেন। লোন-এর জন্য দরখাস্ত করেছেন, সেখানে বাড়ীঘর করবার। কিন্তু সেখানে জমি যা আছে তা উঁচু নীচু ঢেউ খেলানো —সেখানে বাড়ী করা যায় না। আমি শুনেছি সেই সমস্ত জায়গা সমান করার জন্য তারা বার বার আবেদন করেছেন। কিন্তু এমন অপদার্থ এই সরকার—যে সেটুকু করতেও তারা পারেন না। সরকার বলেন অসংখ্য টাকা খরচ করছেন, কিন্তু এঁদের পুনর্বাসনের জন্য একটা বুলডোজার দিয়ে যদি মাটি সমান করে দেওয়া যায় তাহলে অনায়াসে এঁদের দ্রুত পুনর্বাসন ব্যবস্থা হতে পারে। এমনিভাবে বছরের পর বছর যে টাকার অপচয় হচ্ছে দূর দৃষ্টির অভাবে তা বন্ধ হতে পারে এবং উদ্বাস্তুদের জীবনেও একটা স্থিতিশীলতা আসে। বিভিন্ন জায়গাতেই দেখি মুসলমানদের বাড়ী দখল করা হয়েছে। দখল করার পর সেই বাড়ীর মিউনিসিপ্যাল ট্যাক্স দেওয়া হয় না। মিউনিসিপ্যাল আইনে, জমি যারা দখল করে আছে উদ্বাস্তুরা তাদেরই ট্যাক্স দিতে হয়। কিন্তু উদ্বাস্তুরা কখনই সে ট্যাক্স দিতে পারে না—বছরের পর বছর জমতে থাকে। শেষ পর্যন্ত বাড়ীর আসল মালিককেই তা দিতে বাধ্য করা হয়। সরকার কোনও দায়ীত্ব নেন না, সরকারের দৃষ্টি থাকলে কিন্তু অনায়াসে এদের অন্যত্র জায়গা দেওয়া যায়। তাহলে মুসলমানদেরও নিজেদের বাড়ী ফিরিয়ে দেওয়া যায়। কিন্তু সরকার এমন আইন করে দিয়েছেন যে একদিকে কম্পিটেন্ট অথরিটি আর একদিকে কলেক্টর। এই কম্পিটেন্ট অথরিটি আর কালেক্টর এই দুইএর মাঝখানে পড়ে মুসলমানেরাও বাড়ী ফিরে পায় না, বাস্তুহারারাও জমি পায় না, বাড়ী পায় না। এইরকম নানা অব্যবস্থায় পশ্চিমবাংলার সাধারণ মানুষের জীবন গড়ে উঠতে পারছে না, অথচ এগুলো অনায়াসে দূর করা যেতে পারত। কিন্তু এই অপদার্থ সরকারের অপদার্থতার জন্য যদি উদ্বাস্তুরা অভাবে পড়ে কিছু খাদ্য বা পানীয় জল চায় তাহলে তাদের উপর টিয়ার গ্যাস চালান হয়, বনহুগলিতে টিয়ার গ্যাস চালান হয়েছে, শ্যামনগরেও হয়েছে। এই অবস্থার মধ্যে তাদের থাকতে হচ্ছে। আর জমি নিয়ে হিন্দুমুসলমানে এবং উদ্বাস্তু ও স্থানীয় পশ্চিমবাংলার অধিবাসীদের মধ্যে ঝগড়া লাগবার মত অবস্থা তো হয়েই রয়েছে। শ্যামনগর খুঁদিয়া কলোনীতে বহু টাকার বিনিময়ে উদ্বাস্তুদের ৮৫টা ফ্ল্যাট সেখানে হয়েছে, তার মধ্যে মাত্র ২১টা ফ্ল্যাটে বন্দোবস্ত হয়েছে, এখনও ৫৪টা ফ্ল্যাট অমনি খালি পড়ে রয়েছে। সরকার পক্ষ থেকে এমনই সব জঘন্য ব্যবস্থা হচ্ছে।

Sj. Niranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় বসে সেদিন আমি মাননীয় তরুণ কান্তি ঘোষ মহাশয়ের বক্তৃতা শুনলাম। তিনি খুব আবেগের সঙ্গে উদাত্ত স্বরে আমাদের বলেছেন 'আসুন, সহযোগিতা করুন, সবাই মিলে, আজকের যে প্রশ্ন তার জন্য দলীয় রাজনীতির উর্ধে উঠে আমাদের এগিয়ে-যেতে হবে। সেইজন্য আমরা সকলের সহযোগিতা চাই'। আজকে রিহ্যাবিলিটেশন মন্ত্রী মাননীয় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ও সেই কথা জানালেন। সেদিন শুনেছি ডাঃ বিধানচন্দ্র রায় মাননীয় তরুণ কান্তি ঘোষের খুব তারিফ করে বলেছেন খুব ভাল বক্তৃতা দিয়েছে, কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে যে, এইসব আবেদনের কোন অর্থ আছে কি? ঐসব আবেদনের কথা যে ওঁরা বলেছেন ওঁদের নীতি কি? তাঁরা এই আবেদনের অন্তরালে বিভিন্ন সমস্যার সমাধান করতে এমন সব অনুচিত জিনিস করেছেন যেগুলো জনসাধারণ সমর্থন করে না। আমি একটা একটা কোরে তার প্রমাণ দেব।

এই বিধানসভায় অন্য একবার আমাদের বিরোধী দলের তরফ থেকে একটা বেসরকারী প্রস্তাব করা হয়েছিল এই রিহ্যাবিলিটেশনের সমস্যা সমাধানের ব্যাপারে- একটা অ্যাডভাইসরি বোর্ড অব অল পার্টিস্ করার জন্য তাঁরা সে প্রস্তাব ভোটে হারিয়ে দিলেন। কংগ্রেসের দলে এ জায়গায় অর্থাৎ বিধানসভায় অনেক সদস্য তাঁরা মেজরিটি সেজন্য তাঁরা ভোটে হারিয়ে দিলেন, অথচ সেই দাবীর পিছনে অর্থ ছিল যে, আপনারা সমস্ত দলের সবাইকে নিয়ে এমন একটা কমিটি করুন যে কমিটি আজকের এই জটিল সমস্যার সমাধানের জন্য নিশ্চয়ই আপনাদের সহযোগিতা করবে।

কাজেই আজ এই আহ্বানের অর্থ কি? আর একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই। সেটা হচ্ছে—

"Rehabilitation of Displaced Persons and Eviction in unauthorised occupation of Land Amendment Bill." এই বিলের Statement of Objects and Reasonsএ বলা আছে "to provide for recovery of possession of properties in unauthorised occupation through police authorities where competent authority is satisfied that he has failed and is likely to fail".

এর অর্থ কি? আপনারা পুলিস লেলিয়ে স্কোয়াটারস্ কলোনি ঘেরাও করে দেন, সেটা কাদের স্বার্থে? কয়েকজন ল্যান্ড স্পেকুলেটরস্, যারা হাজার হাজার বিঘা জমির মালিক তাদের স্বার্থে এই কংগ্রেস সরকার পুলিসের সাহায্য নিয়ে উচ্ছেদ করবে। কম্পিটেন্ট কোর্ট কেন আজ কোন জিনিস করতে পারবে না?

[11-35—11-45 a.m.]

সে ক্ষমতা পুলিসের হাতে দিয়েছেন কেন? আচ্ছা, আপনারা যদি বাস্তবিকই চান, এই সমস্যা সমাধান করতে তাহলে নিশ্চয়ই আপনারা পুলিস লেলিয়ে তাদের উচ্ছেদ করার নীতি নেবেন না। যদি নেন, আমি বলব আপনাদের সেই নীতি ব্যর্থ হবে, বাংলা দেশের লোক এই নীতি বরদাস্ত করবে না—এ আমি জোর করে বলতে পারি। সুতরাং কংগ্রেস সরকারের এইসব ব্যবস্থা দেখে এটা বলা যায় যে, মাননীয় মন্ত্রীমহাশয়ের এই আবেদন ভূঁয়া, ফাঁকা আবেদন, তাই একথা আমি আজ জোর করে বলছি। তারপর আর একটা প্রশ্ন—এখানে আপনারা বলেছিলেন যে রাজনীতির উর্ধে উদ্বাস্তু সমস্যা—আপনারা তুলে ধরুন। খুব ভাল কথা, এত ভাল কথা যে বাইরের লোক শুনলে চমৎকৃত হবেন, ভাববেন যে মন্ত্রীমহোদয়ের এবং কংগ্রেস সদস্যদের ভিতর কি বিরাট মহানুভবতা। আমি একটি একটি করে আপনাদের প্রমাণ দেবো যে আপনাদের এ ঘোষণা অর্থহীন। একটা হচ্ছে, কাঁচরাপাড়া, শহীদনগর কলোনী বলে একটি স্কোয়াটারস্ কলোনি আছে সেখানে জনৈক পোদ্দার, কংগ্রেসের লোক, এদের সমর্থক, তিনি কোন কালে একবার গদি আকড়ে ধরতে পেরেছিলেন, সভাপতি হয়েছিলেন। এখন সেই কলোনীর অন্যান্য মেম্বাররা—অবশ্য দুই-একজন তাঁর সমর্থক আছেন, তাঁকে সরাতে চাচ্ছেন কিন্তু তিনি বলছেন যে আমিই সভাপতি এবং অথরিটিও কোনরকম সাহায্যের ব্যাপারে, সেখানের অধিকাংশ বাস্তুহারাদের দিকে না চেয়ে তাঁর কাছেই গিয়ে উপস্থিত হয়। অন্যদের জিজ্ঞাসা করে না, কলোনীর কোন লোককেই তারা আমলে দেয় না। এই যে দলীয় স্বার্থ তাকে জিয়িয়ে রাখার জন্যই পোদ্দারকে জিয়িয়ে রাখা হচ্ছে। এবং সেখানে আজকে শত শত উদ্বাস্তু ভাইদের অবজ্ঞা করা হচ্ছে। এই যদি দলীয় স্বার্থের উর্ধে যাওয়া হয়, তাহলে আমি বলব, ছেড়ে দিন আপনাদের দলীয় স্বার্থ, এভাবে আমরা কোন কথা শুনতে চাই না। সেভ আস ফ্রম দ্যাট। তারপর আমি আর একটা কথা বলব। মল্লিকবাগ কলোনি, হালিশহরে, সেখানে কমিউনিস্ট পার্টিকে, বেশী ভোট দিয়েছিল বলে কয়েকজন কংগ্রেসের মাতব্বর লোক, সেই উদ্বাস্তু কলোনীর যারা সভা তাদের কাছে খুব জোর করে বলছেন যে কমিউনিস্ট পার্টিকে ভোট দিয়েছে—এবার কি রকম সাহায্য পাবে তা দেখব। এই হচ্ছে আপনাদের কংগ্রেসের নীতি। কমিউনিস্ট পার্টি ও বামপন্থীদের ভোট দিয়েছে বলে তাদের বিরুদ্ধে এইভাবে লেলিয়ে দিচ্ছেন। এখানে সহযোগিতার কথা, দলীয় রাজনীতির উর্ধে উঠুন, এইসব কথা আবার উচ্চারণ করছেন। আর একটি এক্সজাম্পল দেব। লক্ষ্মীনারায়ণ কলোনী, নবনগর কলোনী, হালিশহরের অতি নিকটে সেখানেও ঠিক এমনিভাবে কংগ্রেসীদের এইসব কীর্তিকলাপ চলছে। আপনারা মনে রাখুন—আমরা যারা বামপন্থীরা নির্বাচিত হয়ে এসেছি, আপনাদের এই জিনিসগুলি আমাদের লক্ষ্যের বাইরে চলে যায় নি। আমরা নিশ্চয়ই এর বিরুদ্ধে দাঁড়াব এবং জনসাধারণও আপনাদের এইসব বৈষম্যমূলক কীর্তিকলাপ প্রচার করবে—এ জিনিস আপনারা জেনে রাখুন। তারপর আমি মাননীয় গোপাল বসুর—তাঁর এলাকার বিজয়গড় কলোনীর কথাও বলতে পারি। সেখানেও ঠিক এইসব ব্যাপার চলছে। আর একটা কথা যে এখানে কলকাতার বহু আনঅথরাইজড স্কোয়াটারস কলোনী আছে—যেমন নেতাজীনগর কলোনী, সেই কলোনী যেটা সরকার আজও স্বীকার করে নি। সেই কলোনীর জনসাধারণের যে নির্বাচিত কমিটি সেই কমিটি হচ্ছে

লেফটিস্ট মাইন্ডেড। অর্থাৎ সেই কমিটির লোকেরা কমিউনিস্ট পার্টি, প্রজা সোস্যালিস্ট পার্টি কিম্বা অন্যান্য বামপন্থীদের সমর্থন করে। সুতরাং গভর্নমেন্টের তরফ থেকে চেষ্টা করা হল সেই জায়গায় অন্য একটি কমিটি প্রতিষ্ঠা করা। অবশ্য সেই কলোনী লোকেরা অত সহজে ভুলবার নয়। যদিও গভর্নমেন্ট সাধারণ বাস্তুহারাদের নির্বাচিত এই কমিটিকে কোনরকম সুযোগই দেয় না। অথচ এইসমস্ত বড় বড় কথা তাঁরা অর্থাৎ মন্ত্রীরা বলছেন। এমনি ধারা আরও দুই-একটি কথা বলতে পারি—সরকারের নীতি সম্বন্ধে যেমন মাননীয় সদস্য, সুবোধ ব্যানার্জি বলেছেন, এ, বি, সিন্‌হার কথা। তিনি হাবড়ার টাউনসিপএর অ্যাডমিনিস্ট্রেটর। তিনি আণ্ডার গ্রাজুয়েট মাইনে তার ১,২০০ টাকা। ইনি এ, ডি, খানের ব্রাদার-ইন-ল। এইরকম স্বজন পোষণ নীতি চলছে এবং মন্ত্রীরা এটা সমর্থন করেন। পুলিসের সহযোগিতায় তারা রিহ্যাবিলিটেশন বা পুনর্বাসনকে চালিয়ে নিতে চাচ্ছেন এবং তারা এমনি ধারা আইন তৈরী করছেন যাতে স্কোয়াটারস কলোনীগুলি থেকে সবাইকে উচ্ছেদ করতে পারেন, জমিদারের স্বার্থে। আমরা নিশ্চয়ই এই নীতিকে সমর্থন করি না। সুতরাং তাদের সেই আবেদন, প্রফুল্ল সেন মহাশয়ের সেই ফাঁকা আবেদনের কোন অর্থই হয় না। এইটেই আমি বলব। সুতরাং যদি বাস্তবিকই আপনারা সমস্যার সমাধান করতে চান, তাহলে আমি বলব যে দলীয় রাজনীতির উর্ধে আপনারাই উঠুন এবং উঠে সহযোগিতার জন্য আসুন। এবং আপনাদের এই নীতি পরিবর্তন করে উদ্বাস্তুদের জীবন সুখময় করে তুলুন।

Sjkta. Manikuntala Sen:

মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তু সমস্যার সমাধান করতে গিয়ে যে টাকা গভর্নমেন্ট এ পর্যন্ত খরচ করেছেন, গভর্নমেন্ট নিজেই স্বীকার করেছেন তার অর্ধেক পরিমাণ টাকা অপচয় হয়েছে রিলিফ করতে গিয়ে। আমি আপনার সামনে উপস্থিত করতে চাই এই, যে টাকা এঁরা দাবী করেন পুনর্বাসনের কাজের জন্য, সেই টাকা যেভাবে খরচ করেন তা পুনর্বাসনের খাতে ঠিক লাগে না এবং কিভাবে অপচয় হয়, সেটা আপনার সামনে দুই-একটি উদাহরণের মারফত বুঝাতে চাই।

একটা বিভাগে ওঁরা টাকা খরচ করেন সেটা হচ্ছে কুটির শিল্প শিক্ষা বিভাগ। এই ট্রেনিংএর ব্যাপার নিয়ে নানাবিধ শিল্প শিক্ষা কেন্দ্র ওঁরা খোলেন, তার মধ্যে যা দুই-একটি আমি জানি সেগুলি হচ্ছে টেইলরিং ট্রেনিংএর ব্যাপার এবং উইভিং, সিল্ক স্পিনিংএর ট্রেনিং ওঁরা খোলেন। সেই ট্রেনিংএর মধ্যে দিয়ে টাকা যেভাবে অপচয় হয়, আমি আপনার মাধ্যমে সেটা পুনর্বাসন দপ্তরের সামনে উপস্থিত করতে চাই। অনেক জিনিসের শিক্ষাকেন্দ্র ওঁরা খোলেন, একটার পর একটা, বহু শত আমি জানি না, সংখ্যা কত ওঁরা কখনও বলেন না, বহু খোলা হয়েছে, এই ট্রেনিং সেন্টারএর ব্যাপার হচ্ছে যে এক বৎসর ট্রেনিং চলবে, যারা ওটা শিখবেন তাঁরা মাসে ১৫ টাকা করে পাবেন—এই ভিত্তিতে সেখানে ট্রেনিং সেন্টারগুলি খোলা হয় এবং এর টাকা বহণ করে উদ্বাস্তু দপ্তর। এই বৎসর ট্রেনিংএর পর যেসব মেয়েরা টেইলরিং শিখে বেরোয় তাদেরকে অর্ডার করে দেওয়া হয়, অর্থাৎ কিনা এর পর কোথায় কি হবে, তারা কি সেলাই করবে, কোথায় অর্ডার কেন্দ্র করবে, তার কোন দায়িত্ব তাঁরা নেবেন না। এই ট্রেনিং পাবার পর যে সমস্ত উদ্বাস্তু মেয়েছেলেরা শত শত বেরুচ্ছেন, কিন্তু তারপর এই টেইলরিংএর কাজে তাদের আর কোন সংস্থা হচ্ছে না অর্থাৎ অর্থকরী বিদ্যার জন্য যে ট্রেনিং দেওয়া হল, সে ট্রেনিংএর জন্য হাজার হাজার, লক্ষ লক্ষ, টাকা খরচ করা হল, সে টাকা জলেই গেল। যারা টেলারিংএর ট্রেনিং পেলো তারা আসল কাজ করবার কোন স্কোপ পাচ্ছে না। এইভাবে বহু টাকা ওঁরা খরচ করেন। আর একটা উদাহরণ দিচ্ছি। ওয়েস্ট সিল্ক স্পিনিং বহু ব্যয় সাপেক্ষ এক-একটি কেন্দ্র খুলতে, অন্ততঃ আমরা এস্টিমেট করে দেখেছিলাম, সবচেয়ে মিনিমাম কোটেশনএ আমরা খুলেছিলাম তাতে আমাদের ৮ হাজার টাকা লেগেছিল। এই ৮ হাজার টাকা খরচ করে ছয় মাস একটি কেন্দ্র চালিয়ে ৫০টি মেয়েকে শিক্ষা দেওয়া হয়েছিল। এই ৫০টি মেয়ের শিক্ষার অন্তে দেখা গেল যে এই শিক্ষা কাজে লাগে না। কারণ একটা সোয়েটার তৈরী করতে যথেষ্ট টাকা খরচ হয়—তারা তা পারে না। তা ছাড়া ওয়েস্ট সিল্কএর জন্য বাজার থেকে যদি র মেটিরিয়ালস্ কিনতে হয় তাহলে ২০০ টাকা তার মণ এবং এই থেকে জিনিস তৈরী করে বাজারে বিক্রয় করবার

কোন ক্ষেত্র নেই যদি সরকার দায়িত্ব গ্রহণ না করেন। অথচ এই ওয়েস্ট সিল্ক স্পিনিং সেন্টার খুলে প্রায় হাজার খানেক লোক জিনিস তৈরী করছে কিন্তু তার কোন ভবিষ্যৎ নেই। এর কোন দায়িত্বও তাঁরা নেবেন না। যদি প্রোডাকশন সেন্টার না খোলা হয় তাহলে এই শিক্ষা একেবারে জলে গেল এবং বহু সহস্র টাকা জলে গেল এই কথাই আমি বলতে পারি। আমি নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি, অবশ্য এই সেন্টারগুলি কেন খোলেন আমি জানি না, কারণ এই সেন্টার থেকে শিক্ষা যারা পায় তারা এই শিক্ষা নিয়ে রোজগারের পথ করতে পারে না। আমি পুনর্বাসন দপ্তরের কর্মকর্তা যারা আছেন তাঁদের জিজ্ঞাসা করছি যে এদের ভার নেবেন কে? একদিন মীরা দত্তগুপ্তা, তিনি আমাকে পরিষ্কার বলে দিলেন যে, আপনি কি বলতে চান যে ট্রেনিং দেবার পরও আমরা তাদের ভার নেবো, তাহলে এত খরচ করে ট্রেনিং দিলাম কেন? আপনি জানেন, স্পীকার মহাশয়, আজকাল একটা দর্জি, সে একটা কোট সেলাই করে দশ আনা মজুরীতে, ছয় পয়সার মজুরীতে পাঞ্জাবী সেলাই করে। এইরকম যেখানে দর্জির অবস্থা সেখানে টেলারিং শিক্ষা দিয়ে মেয়েদের এই ব্যাপারে ছেড়ে দিলে পরে তারা যে এই বাজারে করে খেতে পারবে তা আমি জানি না। সরকার এই বিষয়ে কোন স্কিম করতে পারেন না কেন, এইটাই আপনার মাধ্যমে বলতে চাই।

[11-45—11-55 a.m.]

কাজেই এই টাকাটা কোন উদ্দেশ্যে না হয়ে, উদ্দেশ্যবিহীনভাবে খরচ করছেন, এইটাই হচ্ছে আমার বক্তব্য। আমার মনে হয় না, তাঁরা ভেবেচিন্তে কিছু করেন, না ভেবেই একটা স্কিম করেন, এবং সেই স্কিমএর পিছনে বহু টাকা খরচ হয়। কিন্তু সেটা কাজে লাগে না। দেখাগেল পরিশ্রম গেল, টাকা গেল, তারপর কিছুই ফল হল না। এইভাবে যে টাকাগুলি ব্যয় হয়েছে তাতে দেখছি, দলীয় স্বার্থ এবং রাজনৈতিক উদ্দেশ্য তার পিছনে জড়িত ছিল। গতকাল মন্ত্রী মহাশয় জোর গলায় বললেন—কেন, ঐ কো-অপারেটিভ ঋণ দলনির্বিশেষে দিয়েছি, কংগ্রেস পার্টি এবং কমিউনিস্ট পার্টি উভয়েই পেয়েছে। ওঁরা যতই বলুন না কেন, আসলে এটা কত সত্য তা সকলে জানে। একটা স্পিনিং সেন্টার আমরা নিজেরা করে থাকি, এবং গত বছর পর্যন্ত পশ্চিমবাংলার পুনর্বাসন দপ্তরের সংগে বহু লড়াই করেও কোনপ্রকার সাহায্য পাওয়া যায় নি। আমি দপ্তরের কর্মকর্তাদের কাছ থেকে শুনেছি কেন দেওয়া হয় নি। একেবারে রাজনৈতিক কারণে দেওয়া হয় নি; এটা তাঁরা আমাদের জানিয়েছেন। এবং শেষ পর্যন্ত, কেন্দ্রীয় দপ্তরের মন্ত্রীর মারফত পেতে হয়েছে, বাংলা সরকারের দপ্তরের মারফত পাই নি। মুখ্যমন্ত্রী মহাশয় নিজে জানেন, এইরকম কো-অপারেটিভ ঋণ কতকগুলি ক্যাম্প সম্পর্কেও দেওয়া হয় নি।

[At this stage the blue light was lit.]

আমি আর কয়েক মিনিট মাত্র সময় নেবো।

মিঃ স্পীকার, স্যার, আমি আর একটা কথা বলতে চাই। রূপশ্রী পল্লী ক্যাম্প সম্বন্ধে আমার একটা কাটমোশন দেওয়া হয়েছে। সেটা মেয়েদের ক্যাম্প, সেই ক্যাম্পে প্রায় আড়াই হাজার মেয়ে বাস করে। তার মধ্যে কমসে-কম হাজারখানেক কর্মক্ষম মহিলা বাস করে, তাদের কিছু কাজ নেই, তারা সারাদিন বসে থাকে, তাতে কর্মশক্তির অপচয় হয়, এবং শেষে মানসিক অবস্থার পর্যন্ত নানা বিপর্যয় সৃষ্টি হয়। পি, এল, ক্যাম্পএ ও ট্রানজিট ক্যাম্পএ তাদের শিল্পের কাজ দেবার কোন সুব্যবস্থা নেই। তাদের এক জায়গা থেকে নিয়ে গিয়ে, ঐ পি, এল, ক্যাম্পএ রাখা হল, কিন্তু সেখানে তাদের কোন কাজ দেবার ব্যবস্থা নেই। মাত্র জনাকুড়িকে ইণ্ডাস্ট্রিয়াল শিক্ষা দেন, বাকী সব পড়ে থাকে। কিন্তু, এ সম্পর্কে তাঁদের যদি পরিকল্পনা থাকতো, তাহলে তাদের শিক্ষা দিতে পারতেন, এবং যারা কর্মক্ষম তাদের রোজগারের ভিত্তি সৃষ্টি করে দিতেন। পি, এল, ক্যাম্পএর আওতার ভিতর চিরকাল বাস না করে, তারা নিজেরা খেটে, কিছু করে খেতে পারুক, এই ভাবধারা যদি থাকত, এইভাবে ভেবেচিন্তে যদি ব্যবস্থা করতেন তাহলে, এইভাবে টাকা অসদ্ব্যবহার করতেন না। এতে টাকার সদ্ব্যবহার হত এবং অন্যায়ভাবে অর্থের অপব্যবহার হত না।

Sj. Haridas Mitra:

মিঃ স্পীকার, স্যার, উদ্বাস্তু পুনর্বাসনের যে পরিকল্পনা সরকার নিয়েছেন, আমাদের মন্ত্রীমহোদয় যেটা আমাদের সামনে তুলে ধরলেন, তাতে পরিষ্কার বুঝতে পারা যাচ্ছে যে গত দশ বৎসরে এই ডিপার্টমেন্টের বাঙ্গলিং হওয়ার জন্য সমস্ত উদ্বাস্তু মানুষরা একটা বিপর্যয়ের সামনে এসে দাঁড়িয়েছে। যেদিন বাংলাদেশকে ভাগ করা হয়েছিল সেদিন ভারত সরকার সম্পূর্ণভাবে দায়িত্ব নিয়েছিলেন, বাংলাদেশের তদানিন্তন এম এল এদের কাছ থেকে বাংলা ভাগ মেনে নেবার জন্য; এবং বলেছিলেন যারা পূর্ব পাকিস্থান থেকে পশ্চিম বাংলায় আসবেন, সেই সমস্ত উদ্বাস্তুদের সম্পূর্ণ দায়িত্ব সরকার নেবেন। আজকে দেখতে পাচ্ছি মাইগ্রেশন সার্টিফিকেট এমনভাবে দেবার ব্যবস্থা করা হয়েছে, যাতে আর পূর্ব বাংলা থেকে কোন উদ্বাস্তু পশ্চিম বাংলায় না আসতে পারে। এর তীব্র প্রতিবাদ বাংলা গভর্নমেন্টের তরফ থেকে হওয়া দরকার। তাদের যে অন্যাবেবল প্লেজ ছিল, জওহরলাল নেহরু এবং ভারত সরকারের যে প্লেজ তা আজ যাতে প্রতিপালিত হয় তার জন্য বাংলা সরকারের তরফ থেকে সেন্ট্রাল গভর্নমেন্টএর উপর প্রেসার দেওয়া উচিত।

আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, ৮৩ কোটি টাকা তিনি খরচ করেছেন এই পশ্চিমবাংলায় পুনর্বাসন ব্যবস্থার জন্য। সেদিন প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে বলেছিলেন যে, এই ৮৩ কোটি টাকার মধ্যে আগেই ৪০ কোটি টাকা খরচ হয়ে গিয়েছে শুধু ডোল দেবার জন্য। যেসমস্ত ট্রানজিট ক্যাম্পস্ আছে, গত সাত-আট বছর ধরে এই ক্যাম্পগুলি চলছে, সেখানে ডোল দেবার জন্য খরচ করেছেন ৪০ কোটি টাকা, তাহলে বাকী থাকে ৪৩ কোটি টাকা, এই টাকা দিয়ে কয়টা মানুষের পুনর্বাসন হতে পারে? যদিও আজকে বলেছেন ১৯ লক্ষ উদ্বাস্তুর পুনর্বাসন দিয়েছেন। কিন্তু, কি পুনর্বাসন দিয়েছেন? এই ১৯ লক্ষ লোকের গড়পড়তা আয়, বাংলাদেশের মানুষের গড়পড়তা আয় যেখানে ৪০৩ টাকা, তার কাছাকাছিও এসে পৌঁছায় নি। সুতরাং পশ্চিমবাংলায় এই ১৯ লক্ষ মানুষকে যে পুনর্বাসন দিয়েছেন সেটা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আজকে পশ্চিমবাংলায় পুনর্বাসনের যে সমস্যা দেখা দিয়েছে, তাকে তিন ভাগে ভাগ করা যায়। প্রথম হচ্ছে তাদের জন্য নির্দিষ্ট বাসস্থানের বন্দোবস্ত করতে হবে। সেখানে আমরা দেখছি মন্ত্রীমহাশয় যে বক্তৃতা করেছিলেন, তাতে বলেছেন সাড়ে-তিনশো গভর্নমেন্ট স্পনসরড কলোনী করেছেন। যাঁরা পল্লী অঞ্চলের খবর রাখেন তাঁরা নিশ্চয়ই জানেন যে যেখানে এই সাড়ে তিনশো গভর্নমেন্ট স্পনসরড্ কলোনী হয়েছিল, সেখানে কিছু কিছু টিন ও জমি দেওয়া হয়েছিল। হয়ত বাংলা সরকার ভেবেছিলেন যে, কিছু টিন ও চার কাঠা করে জমি দেওয়া হলেই সব মানুষের পুনর্বাসন হয়ে গেল। কিন্তু সেই টিন অল্প দিনের ভিতর বিক্রয় করতে তারা বাধ্য হয়েছিল, যেহেতু তাদের অর্থনৈতিক পুনর্বাসন দেওয়া হয় নি। এখন তারা সমস্ত কিছু বিক্রয় করে ডেজারটার হয়ে গিয়েছে, হাটে-ঘাটে তারা সবাই ঘুরে বেড়াচ্ছে। হাবড়াতে যে কলোনী হয়েছে, সেখানে কন্ট্রাকটরদের নিয়োগ করে সরকারী কর্মচারীদের যোগাযোগে যেসব বাড়ী তৈরী হয়েছে তা কয় বছর যে টিকবে জানি না। কারণ বর্ষার জল অবিরল ধারায় এসে পড়ে। এই ত হচ্ছে গভর্নমেন্ট স্পনসরড্ কলোনী।

তারপর ক্যাম্পস্এর কথা। সেখানে ২ লক্ষ ৮০ হাজার লোক গত সাত আট বছর ধরে এইসমস্ত ক্যাম্পে রয়েছে। এই ক্যাম্পএ ডোল দেওয়া হচ্ছে মাথাপিছু পুরুষ মানুষকে দেওয়া হয় ১২ টাকা। কিন্তু বাংলাসরকারের যে স্টাটিস্টিকস আমাদের সামনে রেখেছেন, তাতে আমরা দেখতে পাই একটা মানুষকে বাঁচতে হলে সাড়ে পঁচিশ টাকা পশ্চিমবাংলায় গড়পড়তা ইনকাম বা রোজগার দরকার। সেখানে মাত্র ১২ টাকা একজন পুরা মানুষের জন্য ডোলএর ব্যবস্থা করেছেন। এটা অত্যন্ত অসহায় অবস্থায় এই পৌণে তিন কোটি লোককে রাখবার ব্যবস্থা হচ্ছে। বছর বছর ধরে তারা এই অবস্থায় পড়ে আছে। আমি জানি নিত্যানন্দপুর ক্যাম্পের ভিতর, বাসুদেব বন্দ্যোপাধ্যায় নামে একজন গ্রাজুয়েট উদ্বাস্তু গাছচাপা পড়ে ক্যাম্পএর টেন্টএর মধ্যে যারা গিয়েছিলেন। এই ট্রানজিট ক্যাম্পগুলি এমনভাবে তৈরী হয়েছে, আমি নিজে বেথুয়ায় গিয়ে দেখে এসেছি—এখান থেকে উদ্বাস্তুদের বেথুয়ায় পাঠান হচ্ছে, অথচ সেখানে ঠিকভাবে পুরাপুরি ব্যবস্থা করা হচ্ছে না। কলকাতার আশেপাশে যেসমস্ত স্কোয়াটারস

কলোনী হচ্ছে, সেখানে উদ্বাস্তুরা সাহায্য পাওয়া দূরের কথা, সেখানে যারা নিজেরা চেষ্টা করে ঘরবাড়ী গড়ে তুলেছে, তাদেরও সাহায্য দিতে পারছেন না। তারপর দেখতে পাই আদর্শ-নগরএর অবস্থা। সেখানে ১৯৫৫ সালে ল্যান্ড অ্যাকুইজিশনএর ব্যবস্থা হয়েছিল, এবং অ্যাকুইজিশনএর জন্য ১১-৮-৫৫ তারিখে নোটিস পর্যন্ত দেওয়া হয়েছিল। কিন্তু আজও তার কোন ব্যবস্থা হয় না। তারপর নেতাজীনগরে ২৪-১১-৫৫ তারিখে নোটিস দেওয়া হয়েছিল, নিশ্ব কলোনীতে ১৭-১১-৫৫ তারিখে এবং শ্যামাপ্রসাদ কলোনীতে ৮-১২-৫৫ তারিখে নোটিস দেওয়া হয়েছিল ; কিন্তু আজ পর্যন্ত তার কোন উত্তর নেই যে কি হ'ল?

তারপর যদিও ছোট ছোট দু-একটা কলোনী রেগুলারাইজেশনএর চেষ্টা হচ্ছে, কিন্তু সেখানেও আর একটা অদ্ভুত ব্যাপার হচ্ছে। ল্যান্ড রিকুইজিশন কলেক্টরএর বিবৃতিতে কলোনী রেগুলারাইজেশনএর অর্ডার দেওয়ার পর, সেই অর্ডার চেপে রেখেছেন, এবং চেপে রেখে, দু-তিন মাস বাদে সুযোগ দিচ্ছেন ওনারদের ইনজাংশন দেবার জন্য। এটা আইন বিরুদ্ধ কাজ হচ্ছে—কি অন্যায় ব্যাপার! ১২-৯-৫৬ তারিখ কলোনী রেগুলারাইজেশনএর জন্য এ্যাকোয়ার করবার যে অর্ডার হয়, সেটাকে দু-তিন মাস চেপে রাখবার পর ইনজাংশন দেওয়া হচ্ছে ২১-১২-৫৬ তারিখে, অর্থাৎ আড়াই মাসের উপর চেপে রাখবার পরে। এটা অত্যন্ত অন্যায় ও আইন বিরুদ্ধ কাজ হচ্ছে বলে আমি মনে করি। আশা করি মন্ত্রীমহাশয় এদিকে বিশেষ দৃষ্টি দেবেন।

[11-55—12-5 a.m.]

Sj. Bijoy Krishna Modak:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে মাননীয় মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয়ের বক্তৃতা শুনলাম। আমি দেখলাম যে, মন্ত্রীমহাশয় অনেক অংক দিয়েছেন, বিভিন্ন খাতে কোথায় কি খরচ তা দেখিয়েছেন, কিন্তু একটা কথা হচ্ছে, বাংলাদেশের আইনসভায় এমনি করে এত বড় যে জাতীয় সমস্যা, এত বড় জাতীয় দুর্ঘটনা, মারাত্মক সমস্যা রয়েছে তাকে খণ্ডিতভাবে দেখানোর এই চেষ্টা আমি মনে করি এটা পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতারই পরিচয় বহন করে। বিরোধী পক্ষের বহু সদস্য এই কথা বলেছেন, এটাই হচ্ছে আজকের দিনে বাংলাদেশের গুরুতর সমস্যা, এবং তারাও এটা প্রকাশ করেছেন যে, এই সমস্যার সমাধানে তাঁরা মন্ত্রিসভার সঙ্গে সর্বাঙ্গীণভাবে সহযোগিতা করতে প্রস্তুত। মাননীয় মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ সহযোগিতার আহ্বান জানিয়েছেন। যদি সত্যই তাঁরা এটাকে জাতীয় সমস্যা বলে মনে করেন তাহলে আমরা বলতে পারি যে, বিরোধীপক্ষ থেকে সর্বান্তঃকরণে সহযোগিতার হস্ত প্রসারিত করব। কিন্তু আমি তাদের প্রশ্ন করি, কিছুদিন আগে যখন পশ্চিমবঙ্গের সমস্ত উদ্বাস্তুর পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় মন্ত্রী খান্না মহাশয় পার্লামেন্টের সদস্য নিয়ে যে কমিটি গঠন করেছিলেন তখন বিরোধী পক্ষ অর্থাৎ সকলকে নিয়ে একটা অল বেঙ্গল অ্যাডভাইসরি কমিটি গঠন করার কথা বিরোধী পক্ষ থেকে বলা হয়েছিল, তখন সেই প্রস্তাব কেন প্রত্যাখ্যান করা হয়েছিল সে কথা এঁদের জিজ্ঞাসা করি। তাঁরা বলছেন, এখনও পথ খোলা আছে। আমি বলব আমাদের তরফ থেকে যে, আমরা হস্তপ্রসারিত করেই রয়েছি তাদের সঙ্গে সহযোগিতা করবার জন্য, কিন্তু তাঁরা একথা সোজাসুজি বলুন। আজকে যেটা প্রয়োজন সেটা হচ্ছে বোল্ড ইনিসিয়েটিভ এবং একটা প্ল্যানড প্রসেস, কিন্তু সেই প্ল্যান কোথায়। আমি মনে করি এই হাউস থেকে এই প্রস্তাব নেওয়া উচিত যে, আগামী তিন বৎসরের মধ্যে এই সমস্যার সমাধান করবেন, আপনারা এই কথা ঘোষণা করুন, পশ্চিমবঙ্গের সমস্ত পার্টি নির্বিশেষে এই সমস্যা সমাধানের জন্য একটা সর্বদলীয় কমিটি গঠন করা হবে। শুধু রাজ্যভিত্তিতে নয়, জেলাভিত্তিতে এই কাজ হবার প্রয়োজন আছে। আজকে পশ্চিমবঙ্গ সরকার কো-অপারেশনএর কথা বলছেন। আমরা বারবার হস্তপ্রসারিত করেছি, সরকারী কর্মচারীদের সঙ্গে আলোচনা করেছিলাম, কিন্তু আমরা দেখেছি, তাঁরা প্রতিপদে আমাদের পক্ষ থেকে যেসমস্ত কথা উত্থাপন করা হয়েছে তার বিরুদ্ধাচরণ করেছেন, তা তাঁরা মেনে নিতে প্রস্তুত নন। হুগলী জেলায় উদ্বাস্তুদের সম্পর্কে একটা সুষ্ঠু পরিকল্পনা আমরা জেলা ম্যাজিস্ট্রেটের কাছে করেছিলাম একটা জেলা কমিটি করার জন্য, তিনি বল্লেন এটা সম্ভব নয়। হুগলী জেলার সম্পর্কে আমি সেখানকার কয়েকটা কলোনীর কথা বলছি। আমাদের বহু চেষ্টা সত্ত্বেও সেসব কলোনীর সমস্যা সমাধান হয় নি। ঠাকুর কলোনী, ধুবুলিয়া ইত্যাদি

জায়গায় প্রায় ১০ হাজার লোকের বসতি স্থাপিত হয়েছে। সেখানে আর্বান স্কিম করার জন্য তারা বিগত পাঁচ বছর ধরে ক্রমাগত আন্দোলন চালিয়ে আসছে। তাতে দুইশত পরিবারের তদন্ত হয়েছে। তদন্ত করার পর এই কলোনীগুলিকে অ্যাকয়ার করে তাদের জন্য নতুন করে স্কিম করে পুনর্বাসনের প্রশ্ন আলোচিত হয়েছে। তিন বছর আগে রিলিফ কমিশনার স্যাংশন করেছেন, কিন্তু এখন পর্যন্ত তাদের ডেভলপমেন্ট বা অ্যাকয়ারমেন্ট ব্যবস্থা করা হয় নি। এই কলোনীগুলি বন্যার ফলে ড্যামেজড হয়ে ভেঙ্গে পড়বার উপক্রম হয়েছে। গভর্নমেন্ট অব ইণ্ডিয়াকে বলা সত্ত্বেও তার কোন প্রতিবিধান হয় নি, যদিও বার বার করে তাঁদের জানান হয়েছে যে, সেগুলি অ্যাকয়ার করা হবে এবং গভর্নমেন্ট কলোনী হিসাবে ডেভলপ্ করা হবে। তা ছাড়া আমরা দেখছি, আমরা দেখছি গত বন্যায় বলাগড় থানা বিশেষভাবে অ্যাফেকটেড হয়েছে, সে সময় কলোনীর কিছু জমি গঙ্গায় ভেঙ্গে যায়। ঠাকুরপুকুর, কাপার্টিপাড়া, সুলতানপুরে বহু বাড়ী ভেঙ্গে যায়। তা ছাড়া, উদ্বাস্তু অধ্যুষিত যেসব চর আছে ভবানীপুর ইত্যাদি অঞ্চলে সেসমস্ত জায়গায় উদ্বাস্তুরা আজকে তাদের ঘরবাড়ী ভেঙ্গে যাওয়ায় তাঁবুতে রয়েছে। তাদের পুনর্বাসনের জন্য জেলা কর্তৃপক্ষকে বার বার বলা সত্ত্বেও তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। যেসব মানুষ একদিন সরকারী সাহায্য পেয়েছিল—ব্যবসায়ী হোক, গৃহস্থ হোক, তাদের জমি দেবার প্রশ্ন নাই। এখানে ৩০০ থেকে ৪০০ পরিবার আছে, তাদের জমি দেবার বা সেটেলমেন্টএর কোন ব্যবস্থা হয় নি। তা ছাড়া আমরা দেখেছি যে, নির্বাচনের কয়েকদিন আগে হুগলি জেলায় যতগুলি ক্যাম্প আছে সেসব ক্যাম্পে আমাদের সরকারের হামলা বিশেষভাবে শুরু হয়। আপনি জানেন, মাননীয় স্পীকার মহাশয়, গত নির্বাচনে যারা সরকারের পুনর্বাসন নীতির প্রতিবাদস্বরূপ কংগ্রেসের বিরুদ্ধে ভোট দিয়েছিল তারা আজকে আমাদের কাছে এসে অভিযোগ করে—অত্যন্ত আক্রোশের মনোভাব নিয়ে তাদের উপর জঘন্য অত্যাচার চালান হচ্ছে। তারপর কনসেন্ট্রেশন ক্যাম্পএর পরিচালনার কথা আপনি জানেন, স্পীকার মহাশয়, সেখানে নিয়মিতভাবে রোল কল করা হয় নি, যার ফলে ক্যাম্পের মানুষ ক্যাম্পের ভিতরে অসুবিধায় পড়ে, তদুপরি তাদের বাইরের কাজ করাও বন্ধ হয়ে যায়। যারা বামপন্থী দলের প্রতি সহানুভূতিশীল তাদের ক্যাম্প থেকে বের করে দেওয়া হয়েছে। এইভাবে নানা অজুহাতে তাদের হয় ডিসমিস করা হয় না হয় ট্রান্সফার করা হয়। ভদ্রকালী ক্যাম্প থেকে পাঁচজন মহিলাকে ট্রান্সফারএর অর্ডার দিয়েছেন। আমি এই ক্যাম্পগুলি সম্বন্ধে বলতে পারি, এই ক্যাম্পগুলির প্রকৃতপক্ষে গণতান্ত্রিক জীবন নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। আমি জানি আমাদের মন্ত্রী শ্রীমতী পূরবী মুখার্জী এই ক্যাম্পগুলিতে বলে এসেছেন যে, এই ক্যাম্পএর মধ্যে কোনরকম মিটিং করা চলবে না। ক্যাম্পের উদ্বাস্তুরা কোন সভায় যোগ দিতে পারবে না। এইভাবে যাঁরা গণতন্ত্রের সম্মান নষ্ট করছেন তাঁরাই আবার গণতন্ত্রের কথা বলেন। আমি বলি, সরকারী নীতি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

[At this stage the member having reached his time-limit resumed his seat.]

[12-5—12-15 a.m.]

Sj. Ajit Kumar Canguli:

মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তুদের নিয়ে বিভিন্ন দিকে আলোচনা হচ্ছে। একটা দিকে আমাদের মন্ত্রীমহাশয় সম্পূর্ণ নীরব থেকেছেন, কেন নীরব থেকে গিয়েছেন তা অবশ্য আমার জানা নাই। আমি মনে করি যে, এই ব্যাপারে উদ্বাস্তুদের মানসিক পুনর্বাসনের চেয়েও মন্ত্রীমহাশয়ের মানসিক পুনর্বসতির বেশী প্রয়োজন আছে।

স্পীকার মহাশয়, আপনারা জানেন যে বাংলাদেশে যেসমস্ত উদ্বাস্তু এসেছে তার মধ্যে একটা বিরাট অংশ, খুব বড় অংশ না হলেও বিশেষ বড় অংশ, তারা নিজেদের চেষ্টা উদ্বাস্তু পুনর্বাসন করবার দিকে এগিয়ে গিয়েছিলেন, তারা সেখানকার জায়গা এখানকার যে সমস্ত মুসলমান উদ্বাস্তু তার সঙ্গে বিনিময় করে। বিনিময় করে তারা এখানে এসে তাদের জমিতে নিজেরা ঘর করে নিজেরা উঠেছে এবং সেখানকার ঘরবাড়ীতে যা তারা ফেলে এসেছে তাতে এখানকার মুসলমানরা গিয়ে বসবাসের ব্যবস্থা করেছে বিনিময় করে। এমন প্রায় পাঁচ হাজার উদ্বাস্তু পরিবার আছে বনগায়। এ ছাড়া ২৪-পরগণা, নদিয়া, মুর্শিদাবাদ, বসিরহাট অঞ্চলে

প্রচুর পরিমাণে বিনিময়কারী উদ্বাস্তু রয়েছে। এদের ব্যাপারে আজ প্রায় সাত বছর হয়ে গেল সরকারের কোন দৃকপাত নাই। কেন নাই সেটা অবাক কান্ড। এরা তাদের জমি রক্ষা করবার আপ্রাণ চেষ্টা করছে অথচ আইনের কোন সুযোগ না থাকায় সে সমস্ত জমি থেকে তারা বঞ্চিত হতে চলেছে। বহু উদ্বাস্তু ইতিমধ্যে সেসব জমি হারাচ্ছে, ফলে হচ্ছে মুসলিম এসে সেই জমি অপরের কাছে পুনরায় বিক্রী করছে এই হাউস তা জানে। গত তিন বছর আগে বনগার বাস্তুহারাদের জমি রক্ষা করবার জন্য স্থানীয়দের সঙ্গে সংঘর্ষ ঘটে এবং তাতে দুই-এক জনের প্রাণহানিও ঘটে। এ সত্ত্বেও এদের টনক নড়ছে না। বিধানবাবুর কাছে একসময়ে আমরা ডেপুটেশনএ গেছলাম—শ্রীমতী রেণুকা রায় তখন মন্ত্রী—তখন তিনি বলেছিলেন এ বিষয়ে বিবেচনা করবেন। কিন্তু সাত বছর চলে গেল আজ পর্যন্ত তাদের কোন ব্যবস্থাই হল না উপরন্তু বহু জমি এরা হারিয়েছে। এবং বাস্তুহারা ও বাস্তুহারাতে বিবাদ হবার উপক্রম হয়েছে। হয়ত স্থানীয়তে ও স্থানীয়তে এবং বাস্তুহারা ও বাস্তুহারাতে গণ্ডগোল বাঁধিয়ে মুনাফা করাই এদের কাম্য, তাই তারা এই ব্যবস্থা করছেন। তা না হলে অনেক আগেই এই বিনিময়কারীদের ব্যবস্থা হত। আমরা সেজন্য প্রস্তাব করে রাখছি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে, একটা কাম্পিটেন্ট অথরিটি এখান থেকে অ্যাপয়েন্ট করার ব্যবস্থা করা হোক। এবং গেজেটে নোটিফাই করে দেওয়া হোক, যাতে বিনিময়কারীরা তাদের ক্লেইম লজ করতে পারে। এবং তাদের দাবী তারা পেশ করতে পারে। এ সমস্ত জমি সম্বন্ধে কম্পিটেন্ট অথরিটি ব্যবস্থা করবেন এবং যতক্ষণ না চূড়ান্ত সিদ্ধান্ত হচ্ছে ততক্ষণ কেনাবেচা চলবে না এরকম একটা অর্ডিনান্স পাস হওয়া উচিত এই অধিবেশনের ভিতর। এই বিনিময়কারীরা জমি রক্ষা করার জন্য সরকারের কাছ থেকে কোন সাহায্য পাচ্ছেন না। তারা শান্তিপূর্ণভাবে বাস করতে চান। এই অবস্থায় মাননীয় অধ্যক্ষ মহাশয় মারফত আবেদন জানাচ্ছি তারা যেন এদিকে তাকান। সাথে সাথে আর একটা দিকও আছে। সে কথা সুবোধবাবু বলেছিলেন। শুধু ব্যারাকপুর ট্রাঙ্ক রোডই নয় বনগাঁ গাইঘাটা অঞ্চলে বড় রাস্তার ধারে তরুণকান্তিবাবু যদি যান তো দেখতে পাবেন অজস্র মানুষ ছোট ছোট দোকান করে বাঁচবার চেষ্টা করছে। অথচ সরকার এদেরকে উৎখাত করতে চান। রেণুকা রায় মহোদয়া এই হাউসে বলেছিলেন যতক্ষণ এদের বিকল্প ব্যবস্থা না করা হয় ততক্ষণ এ সমস্ত ঘরবাড়ী নেওয়া বা কোন ক্ষতিই তাদের হবে না। অথচ আমরা দেখতে পাচ্ছি যে পি ডবলিউ ডি থেকে হাজার হাজার মামলা করা হচ্ছে, এদের কোর্টএ যেতে হচ্ছে, শুধু তাই নয়, এদের ঘরবাড়ী ভেঙ্গে দিতে হচ্ছে তাদের ফাইন হচ্ছে। পুনর্বাসন আপনারা দিতে পাচ্ছেন না, নিজেরা বাস করতে চায় নিজের চেষ্টায় এতেও তারা আপনাদের চক্ষুশূল হয়ে দাঁড়িয়েছে। তারা ভিক্ষা চায় না, তারা আপনাদের কাছে ভিক্ষা চায় না—যদি করতো তাহলে হয়ত খুসী হতে পারতেন। তাদের ব্যবস্থা না করে যতক্ষণ না তাদের বিকল্প ব্যবস্থা করতে পাচ্ছেন ততক্ষণ আপনারা রাস্তার ধারে তাদের দোকানগুলো উৎখাত করবেন না। যতক্ষণ তাদের জন্য বিকল্প ব্যবস্থা না হয় ততক্ষণ যাতে তাদের ঘরবাড়ী না ভাঙ্গে ফাইন না করে পি. ডবলিউ. ডিকে নির্দেশ দিন, সেদিকে দৃষ্টি রাখুন।

তারপর ক্যাম্প কলোনী সম্বন্ধে বলি। আপনারা জানেন রামচন্দ্রপুর কলোনী যেখানে রেণুকা রায় বলেছিলেন, তিনি নাকি উদ্বাস্তুদের মা, মা না অন্য কিছু জানি না, দু বিঘার বেশী জমি আজও রামচন্দ্রপুরের কলোনীর উদ্বাস্তুরা পায় নি। কি করে দু বিঘা জমিতে মানুষের চলে সেটা আপনারাই বিবেচনা করুন। আমি মাননীয় সদস্যদের মনে করিয়ে দিতে চাই যে এ ঘরের মধ্যেই সবকিছু নয়, বাইরে গিয়েও তাদের সঙ্গে দেখা হবে উদ্বাস্তুদের এভাবে ক্ষতিগ্রস্ত করবার কারও অধিকার নাই। সেই জমি, আজ পর্যন্ত ৫০০ ঘরকে ৬ বিঘা করে জমি দেওয়া সম্ভব হয় নি পাঁচ বছরের উপর সেখানে পড়ে রয়েছে। এরকম ট্যাংরা, হাঁলিমচক, কোমরখোলা এরকম বহু উদ্বাস্তু, অজস্র ক্যাম্পের উদ্বাস্তুর কোন বন্দোবস্ত নাই, এদিকে নজর রাখবেন।

Sj. Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, অল্প সময় যেটা বাকী আছে তাতে অনেক কিছু বলবার চেষ্টা করব না যদিও যখন মন্ত্রীমহাশয় শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন বক্তৃতা দিচ্ছিলেন, অনেক কথারই তিনি

অবতারণা করেছেন সেগুলির জবাব দেওয়ার প্রয়োজনীয়তা আছে বলে মনে করি। কিন্তু সময়ের অভাবে করা যাবে না। তবে আমাদের এদিক থেকে, অপোজিসনএর তরফ থেকে সবটা মিলিয়ে প্রায় সবকথাই বলা হয়েছে। আমি তাঁকে দুই একটি কথা এই শেষের দিকে মনে করিয়ে দিতে চাই। মন্ত্রী মহাশয় জবাব দেবার পূর্বে আমার মোট বক্তব্যের দুই-চারটা কথা এখানে বলব। কিন্তু তার আগে আর একটা প্রশ্ন এখানে বলতে চাই সেটা হচ্ছে সংবাদপত্রে দেখেছিলাম এবং আজও দেখছি এখানে যখন সুধীরবাবু যে প্রশ্নটা তুলেছেন যে বিভিন্ন মন্ত্রী আছে—দু-তিনজন মন্ত্রী আছেন, চারজন বোধহয়, আমি ঠিক করে বলতে পারি না, যাদের নামের পেছনে লেখা আছে রিফিউজি মন্ত্রী। এটা কিভাবে ভাগ হল, কার কাছে কোন ব্যাপারে কোন বিভাগে যেতে হবে অন্ততঃ আমরা এম, এল, এ, আমাদের জানা দরকার আছে, এটা জানা না থাকলে কিভাবে তাদের সংগে যোগাযোগ সৃষ্টি করবো, কিভাবে কাজ হবে কিছুই বুঝতে পাচ্ছি না। এবং এটা আমাদের মনে হল যে এই যে অ্যাপয়েন্টমেন্টগুলো যেভাবে ভাগ হয়েছে তা রাজনৈতিক দিক থেকে বিচার করে হয়েছে। অর্থাৎ প্রফুল্লবাবু নানা কাজে ব্যস্থ সিনিয়র একজন মিনিস্টারকে রাখতে হবে, রাখা হল, তারপর আরও অনেক কিছু আছে দলগত, উপদলগত সমস্ত বিচার করে নিতে হচ্ছে বিচারের মধ্যে নিতে হচ্ছে কংগ্রেস থেকে তাদের কি কাজ দেবে। কিন্তু এতটুকু বাংলাদেশে কতটুকুই বা কাজ থাকবে? সেজন্য একে রিফিউজি ওকে অমুক এসমস্ত করা হচ্ছে, এ ছাড়া আমি অন্ততঃ আর কিছু বুঝতে পারি না এবং তিনি এটার জবাব দেবেন যে কিভাবে ভাগ হয়েছে তাহলে কাজ করা আমাদের পক্ষে অন্ততঃ সুবিধা হবে। যতদিন অপোজিশনএ আমরা আছি আমি এটা বরাবরই দেখছি এই নতুন হাউসএও দেখছি কো-অপারেশনএর কথা উঠছে, সহযোগিতার কথা উঠছে। কিন্তু এর মধ্যে কি কোন আন্তরিকতা আছে? যারা এটা করছেন তারা জানান নাই আমরাও জানি না, এটা গুণ্ডামি এবং কপটতার নিদর্শন, এ আবেদন করা ছাড়া আর কিছু বলতে পারেন না, এই অবেদনটা কি? এরা মনে করছেন যে বিরোধী দলের মধ্যে একটা গণ্ডগোল লাগান যায় কিনা। তরুণকান্তিবাবু পি, এস, পির কাছে আবেদন করলেন এবং হেমন্তবাবুর কাছে, ফরওয়ার্ড ব্লকএর কাছে আবেদন করলেন। আর একজন মন্ত্রী আরও চালাক, নতুন এসেছেন কিনা? জুডিসিয়াল মিনিস্টার তিনি আবেদন করলেন প্রফুল্লবাবুর কাছে, অর্থাৎ আপনি যদি এদিকে চলে আসেন একটা মন্ত্রীটন্ত্রী হয়ে যান তাহলে সব কছু ঠিক হয়ে যাবে—এর মধ্যে কি কোন আন্তরিকতা আছে? এটা কি ছেলেমানুষী? এজন্য বলছি এটা ভণ্ডামি ছাড়া আর কিছু নয়, ওরা জেনেই এই ভণ্ডামির কথা বলেন। এবং যদি কোন কো-অপারেশনএর কথা বলা হত তাদের অনেক বক্তা বলেছেন, আমি আর একবার মনে করিয়ে দিই এই প্রস্তাব আমরাই এনেছিলাম বার বার, উপায় নাই আমরা যখন অপোজিশনএ আছি তখন বার বার আমাদের আনতে হবে—আসুন একসংগে অন্তত কতকগুলি কাজ এই পাঁচ বছরে করতে পারি কিনা। ওরা প্রত্যাখ্যান করেছেন তা বার বার। মনে পড়ে না পুরাণো লোকদের এসব কথা?

[12-15—12-25 a.m.]

দ্বিতীয় কথা, আমরা দেখেছি যে প্রত্যেক সাবডিভিসনে একটা রিলিফ অ্যাডভাইসরি বোর্ড যে হয়েছিল তাতে আমরা সব এম, এল, এরা তার মেম্বার ছিলাম এবং নোটিসও সবাইকে দেওয়া হয়েছিল, কিন্তু কোনদিন একটা মিটিং তার হয় নি। এইসব ব্যাপার আমরা দেখেছিলাম। তাহলে সহযোগিতা কি করে হবে। এজন্যই আমি ভণ্ডামি এবং কপটতা বলছি। ঠিক সেইভাবে আমরা দেখছি যে আমাদের ২৪-পরগণা জেলা কমুনিস্ট পার্টির তরফ থেকে, কৃষক সভা থেকে ১৯৫৫ সালে সরকারের কাছে বলা হয়েছিল যে, ১০ হাজার বিঘা জমি এখানে আছে এবং সেখানে সরকারের জমি বা অন্য পতিত জমি যেগুলো আছে সেগুলো আপনারা উদ্ধার করে অর্ধেক রিফিউজিদের আর বাকী অর্ধেক স্থানীয় বাসিন্দাদের দিন। কিন্তু তার একটা জবাব পর্যন্ত তাঁরা পেলেন না। আপনারা বলতে পারেন যে, এইসব বাজে কথা। আপনারা বলতে পারেন ১০ হাজার বিঘা জমি নেই। এখানে মেছোভেড়ীর সম্বন্ধে যেসমস্ত কথা বলা হয়েছে তাতে আপনারা বলতে পারেন যে, না এইসব কিছু নেই। এইসব একটা হিসাব আপনারা এই বিষয়ে দেখাতে পারেন। আপনারা কোন কথাই বলেন না, কোন জবাবই আপনারা তার দিলেন না। আপনার ডিপার্টমেন্টকে ১৯৫৫ সালে এই মেমোরেন্ডাম দাখিল করা হয়েছিল। অথচ

বলেন যে, কো-অপারেশান করলে সব ভাল ব্যবস্থা আপনারা করে দেবেন এবং তোমরা রাজনীতি আর কোরো না। কিন্তু রাজনীতি করছে কে? আপনারাই তো রাজনীতি করছেন। কারণ রাজনীতি না করলে আপনারাই আমাদের ডেকে নিতে চেষ্টা করতেন যে, অপোজিশানএর লোক হলেও তাদের সঙ্গে বসে জেলায় জেলায় কি করে এই সমস্যার সমাধান করা যায় তার ব্যবস্থা করি। কিন্তু আপনারা তা করেন নি। এ বিষয়ে একটা নিদর্শনও তার আপনারা দেখাতে পারবেন না যে, এই ব্যবস্থা আপনারা করেছেন। আমি সঙ্গে সঙ্গে এই কথা বলব যে এখন আমার মনে হচ্ছে যে, বাংলাদেশের কপালে অনেক দুঃখ লেখা আছে, কারণ তা না হলে প্রফুল্লবাবুর মতন লোক, যিনি খাদ্যের ব্যাপারে বাংলাদেশের এত সর্বনাশ করেছেন তিনি এত ভোটে নির্বাচিত কখনও হতেন না। অথচ আবার তার উপর দেখলাম যে ফ্রম দি ফ্রাইং প্যান টু দি ফায়ার—অর্থাৎ তিনি আবার রিফিউজিদের ভারপ্রাপ্ত মন্ত্রী হলেন। সেজন্য মনে হচ্ছে যে, রিফিউজিদের কপালে আরও দুঃখ লেখা আছে, তা না হলে এটা কি করে হল। শ্রীমতী রেণুকা রায় সম্বন্ধে এই কথা বলতে চাই যে, তিনি অন্ততঃ এফিসিয়েন্সির সঙ্গে সমস্ত জাল, মিথ্যাকে সাজিয়ে এত ভাল করে বলতে পারতেন না, যেটা প্রফুল্লবাবু চমৎকারভাবে আমাদের বলবেন। প্রথম দিন থেকেই তিনি এইরকমভাবে বলতে আরম্ভ করেছেন। আমরা চোখের সামনে দেখছি দুর্ভিক্ষে মানুষ খেতে পায় না, অথচ উনি হিসাব দিয়ে বলে দেন যে বহু লোক খেতে পাচ্ছে এবং কে বলে আপনাদের যে মানুষ খেতে পায় না। এইসব কথা উনি হিসাব দিয়ে বুঝিয়ে দিচ্ছেন। যেখানে আমরা দেখছি যে চাল পাওয়া যায় না, আর সেখানে উনি বলেন যে, কে বলে চাল পাওয়া যায় না? অর্থাৎ মনে হয় যেন, থিয়োরেটিক্যালি সব ব্যবস্থাই আছে, হয়ত একটু আধটু এখানে সেখানে গণ্ডগোল আছে। এত দক্ষতার সহিত এইভাবে জাল করা শ্রীমতী রেণুকা রায় অন্তত পারতেন না। এই দুই জায়গায় তাদের তফাতটুকু যে হচ্ছে সেটা আমি নিশ্চয় বলব।

তারপর ধরুন বার বার আমাদের এখান থেকে কথা বলা হয়—করাপশনের কথা এবং আপনার ডিপার্টমেন্টের দুর্নীতির কথা। কিন্তু আপনারা কি এ বিষয়ে কিছুই দেখবেন না, বা কোন রকম বডি সেট আপ করবেন না? এই বডি আমাদের নিয়ে না করলেও কোন জজ নিয়েও একটা কিছু করতে পারতেন। সেই নিখিল সেনের কথা এখানে উঠেছে। এই নন-ম্যাট্রিক ভদ্রলোক এইসব দুর্নীতি করে চলেছেন। হরিপদবাবু এইসব কথা এখানে তুলেছিলেন। এখানে কিছু বলতে গেলেই স্পীকার মহাশয় বলবেন যে উইদাউট পার্টিকুলারস অমুকের নাম করবেন না, ওমুকের নাম করবেন না। কিন্তু স্পীকার মহাশয়, এ ছাড়া কোন উপায় নেই, কারণ এইরকম জিনিস কোন সরকারের হয় না। আপনি সেই ছবি দেখবেন, যে ছবি হরিপদবাবু এখানে সবাইকে দেখিয়েছিলেন। তারপর সেই ছবি দেখে আপনি আমাকে এক্সপ্লেইন করবেন বা মন্ত্রীমহাশয়কে বলবেন এক্সপ্লেইন করতে যে এইসব কি করে হয়। আমি এইসব কথা কখনও বলি নি, বলতে ভালও লাগে না। কিন্তু উপায় কি বলুন? কারণ ওঁরা একটা জবাব দেবেন না, কোন এনকোয়ারী করবেন না, অথচ সমস্ত করাপশনে যে ভরে গেছে সেইসব কথা আমরা শুনি। যাই হোক এখানে আপনি দেখছেন যে এঁদের কথা সব অন্ততঃসারশূন্য—কোনরকম কো-অপারেশান আসলে ওঁরা চান না এবং পলিটিকসএর উপরে কোন জিনিস ওঁরা রাখতেও চান না। এ জিনিস আমরা নির্বাচনের সময় দেখেছিলাম। আমার এলাকায় একটা কলোণীকে—চিঠিও একটা আছে—২২শে ফেব্রুয়ারী রিফিউজি ডিপার্টমেন্ট থেকে তাদের লিখে দিলেন যে, তোমাদের ল্যান্ড প্ল্যানিং কমিটিকে সব বলে দিয়েছি, গেজেট হয়ে যাবে, এটা সরকার নিয়ে নিচ্ছেন এবং পরে এটা রিকগনাইজড হবে। কিন্তু আজ অবধিও সেটা গেজেট হল না। কারণ নির্বাচনে ওঁরা হেরে গেলেন বা অন্য যে কারণেই হোক বলে এটা হল না। এইরকম আমরা সব ঘটনা দেখছি।

আর কি দেখছি না ওঁরা বলছেন প্ল্যানিং। এই বইটা কি প্রফুল্লবাবু দেখেছেন—দি গ্রেট চ্যালেঞ্জ—এটা সুন্দর পাতায় ছাপান। রিফিউজি দপ্তরের টাকা নেই, গরীব মানুষ খেতে পায় না আর এইসব করা হচ্ছে। এটা আমি পাই নি। দিল্লী থেকে আমার এক বন্ধু এটা আমায় পাঠিয়েছেন। দিল্লীতে এটা ছড়ান হয়েছে যাতে শ্রীমতী রেণুকা রায় এইসব ছবি দেখিয়ে মন্ত্রী হতে পারেন, রিফিউজি দপ্তরের। কিন্তু এইভাবে টাকা নষ্ট করবার কি আপনাদের অধিকার

আছে? এইভাবে আপনারা সব ব্যবস্থা করছেন, তার পরে বলছেন যে রিফিউজিদের জন্য আমরা এটা করেছি, ওটা করেছি। সেজন্য এগুলোর জবাব আমরা চাচ্ছি। তারপর ধরুন আমরা বারে বারে শুনি যে আমরা এটা করেছি, ওটা করেছি, কিন্তু আমি বলি যে স্কোয়াটার কলোনী যেগুলো আছে, বা জবরদখল কলোনী যেগুলো আছে সেগুলোর জন্য আপনারা কি করেছেন। সেটা একবার স্বীকার করুন। আপনারা না হয় বলুন যে আমাদের কোন নীতি ছিল না বলে শেয়ালদা স্টেশনে ১৯৫০ সালের পরে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ যখন এসেছিল তাদের জন্য আমরা কিছুই করতে পারি নি। সেজন্য আইন ভঙ্গ করতে আপনারা তাদের বাধ্য করেছেন, পরের জমিতে বসতে তাদের বাধ্য করেছেন। তাই পুলিসের সামনে দাঁড়িয়ে টিয়ার গ্যাস লাঠির সামনে দাঁড়িয়ে তাদের বাড়ী তারা তৈরী করেছে। অথচ তারজন্য আপনারা তার কৃতিত্ব নিচ্ছেন যে আমরা এটা করেছি, ওটা করেছি—লজ্জা করে না আপনাদের এইসব বলতে। আপনারা এত করার কথা, কৃতিত্বের কথা যেখানে বললেন, সেখানে অন্ততঃ দুই একটা আত্মসমালোচনামূলক জিনিস বলুন যে আমরা এটা করতে পারি নি, ওটা করতে পারি নি। এই রকম সত্যি কথা আপনাদের কাছ থেকে আমরা একটিও শুনলাম না। তাহলে মঙ্গল তাদের আপনারা কি করবেন যদি আত্মসমালোচনা আপনাদের না থাকে। এই সঙ্গে আমরা দেখছি যে ৫০ টাকা করে আপনারা বিঘা কিনছেন আর রিফিউজিদের এসে বলছেন যে সেটেলমেন্টের ব্যাপারে তোমাদের ১,২০০ টাকা করে দিতে হবে। এমন কি সরকারী জমির ব্যাপারেও এ জিনিস আপনারা করছেন। আপনারা বললেন যে ৬১টাকে আমরা রিকগনাইজ করে নিয়েছি। আপনারা ৬১টাকে রিকগনাইজ করলেন ভাল কথা, কিন্তু এই পাঁচ-সাত বছর কেটে গেল বাকীগুলোকে করতে পারলেন না কেন? কেন দুই-তিন বছর ধরে গভর্নমেন্ট ল্যান্ড পড়ে থাকে? আমাকে একথা বলতে পারবেন না যে হাই কোর্টএ আটকে গেছে, ইনজাংশান হয়েছে। আমি দেখিয়ে দেব নেতাজী কলোনী এবং অন্যান্য স্মল ল্যান্ড কলোনীগুলোও পর্যন্ত দুই-পাঁচ বছর ধরে আপনারা ফেলে রাখেন। অথচ বলেন যে কৃতিত্বের সঙ্গে আপনারা কাজ করছেন এবং শ্রীমতী রেণুকা রায় কাজ করেছেন।

তারপর আমি আরও কিছু বলতে চাই। ঐ ব্যাপারে অনেক জায়গা থেকে মুসলমানরা যখন চলে যায় তখন তাদের জমি দখল হয়ে যায়। এ বিষয়ে উত্তর দিতে গিয়ে বিধানবাবু বলেছেন যে এদের কাছ থেকে অনেক দরখাস্ত আমরা পেয়েছি -কিছু রিজেক্ট করেছি, কিছু ফিরিয়ে দিয়েছি। কিন্তু এখনও সেই দরখাস্তগুলো পড়ে আছে। হাওড়া, নদীয়া, টালিগঞ্জ, ইত্যাদি অনেক জায়গার খবর আমি জানি। টালিগঞ্জের শুধু একটা জায়গার আমি কতকগুলো হিসাব এনেছি, সময় নেই অত দেবার তবে আপনি যদি চান তাহলে আপনাকে আমি সব দিতে পারি। সেখানে ৪৫০-৫০০ পরিবারের প্রায় ১৫-২০ হাজার লোক তারা বাস্তুচ্যুত হয়ে চলে গেছেন। আজ পর্যন্ত তাদের জমি আপনারা ফিরিয়ে দিতে পারেন নি এবং কোনরকম ব্যবস্থাও করতে পারেন নি। যখন রিফিউজিদের সম্বন্ধে আইন হয় তখন প্রশ্ন উঠেছিল, তখন বোধ হয় জনাব বদরুদ্দজ্জা এখানে ছিলেন এবং উনিই বোধ হয় প্রশ্নটা তুলেছিলেন—এবং বিধানবাবু প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, সেন্টারের সঙ্গে ব্যবস্থা করে ডিসপ্লেসড মুসলিমদের সম্বন্ধে এইরকম আইন করা যায় কিনা দেখছি। কিন্তু সে আইন আজ পর্যন্ত হয় নি। এখন এরা ঘুরে বেড়াচ্ছে। এদের জন্য আপনারা রিফিউজি খাতে টাকা বরাদ্দ করতে পারতেন, অন্য ল্যান্ড দিতে পারতে রিফিউজিদের সরিয়ে দিতে পারতেন, কিন্তু তাত আপনারা করেন নি। বরং যাতে সেখানে রিফিউজি এবং মুসলমানদের মধ্যে ঝগড়া লাগে, বিবাদ লাগে সেই ব্যবস্থাই আপনারা করছেন। এইসব আমরা দেখছি। এখানে বললেই আপনারা বলেন যে, কি করব হিন্দু রিফিউজিরা যে মোটেই ঘর ছাড়ছে না। এটা ঝগড়ার কোন কথা নয়। আমি নদীয়ার খবর জানি যে সেখানে অনেক জায়গায় মুসলমানরা বলেছিল যে, আমার যদি দু বিঘা জমি থাকে তাহলে আমি এক বিঘা জমি ছেড়ে দিচ্ছি—এখানে আপনারা হিন্দু রিফিউজি বসান এবং আসুন একসঙ্গে একটা মিটমাট আমরা করে নেই। কিন্তু সেই ব্যবস্থার মধ্যে আপনারা যান নি। তারপর আপনারা বলেন যে ভোট পাই বা না পাই দুঃখ নেই। বড় বড় কথা মুসলমানদের জন্য বলেন এবং কি করবেন তাও বলেন, কিন্তু যা করবেন সেও আমরা দেখেছি। এইভাবে আপনার কাছে আমি এই কথা বলতে চাই যে যদি আপনারা সত্যি মনে করেন যে রিফিউজিদের জন্য একটা ব্যবস্থা

করতে হয় তাহলে অন্য পথ ধরুন। আপনারা হিসাব দিতে আরম্ভ করেন যে বাংলাদেশে জায়গা নেই এবং এটা নেই সেটা নেই। কিন্তু এটা করে ঠিক হল যে বাংলাদেশে আড়াই কোটি বা তিন কোটির বেশী লোক কোনদিন বাস করতে পারবে না। আমি জানি না কোন অর্থনীতি হিসাবে এটা ঠিক হল। শুধু জমি দেখিয়ে দিলেও চলবে না। কিন্তু এটা করে ঠিক হল যে বাংলাদেশে তিন কোটির বেশী লোক হয়ে গেলেই আপনারা বলবেন যে সব বাচ্চা কাচ্চা নিয়ে বাংলার বাহিরে অন্য অন্য জায়গায় গিয়ে দখল করে বোস এবং সেখানেই তোমাদের সেটেলমেন্ট হবে। বাঙ্গালী-দের এই কথা আপনারাই বলবেন, কিন্তু আপনাদের এই কথা বললে কোন এস্টিমেটই পারমিট করে না। সেজন্য আমি বারে বারে বলেছি যে অন্য প্রদেশ থেকে বাংলাদেশ যদিও ইন্ডাস্ট্রিয়া-লাইজ, কিন্তু তা সত্ত্বেও এখানে আরও ইন্ডাস্ট্রির ব্যবস্থা করতে হবে, কুটির শিল্পকে পুনর্জীবিত করতে হবে। অর্থাৎ টোটাল ইকনমির মঙ্গল করে রিফিউজি, নন-রিফিউজি বাঙ্গালীকে যাতে এখানেই বসবাস করাতে পারেন সেই ব্যবস্থাই আপনাদের করতে হবে। কিন্তু আপনারা সেদিকে গেলেন না।

তারপর আমি এখানে আর একটা কায়দা দেখছি যেটা তরুণকান্তি বললেন এবং আরও অনেক মন্ত্রী বলেছেন যে আমরা কি করব, কারণ আমরা ৮৪-৮৫ কোটি টাকা খরচ করেছি, রিলিফে অনেক খরচা হয়ে গেছে। শুধু তাই নয় তাঁরা এই বলেন যে পূর্ব পাঞ্জাবের জন্য ওরা তো অনেক বেশী খরচা করেছে। কিন্তু ওরাটা কারা? আপনারাই তো ওরা কংগ্রেস। কংগ্রেসই তো আমাদের টাকা দিল না। কংগ্রেস গভর্নমেন্ট সেন্টারে যারা আছে তাঁরা আমাদের টাকা দিলেন না কেন? সেসব কোন কৈফিয়ত দেন না। এদিকে নির্লজ্জের মতন গদিতে বসবেন অথচ তাই নিয়ে লড়াই করবেন না শুধু এসে কম্পেয়ার করবেন। কোন লজ্জা যদি আপনাদের থাকে তাহলে কম্পেয়ার আর করবেন না।

[12-25—12-35 p.m.]

ওরা তিন শত কোটি টাকা ইভ্যাকুাই প্রপার্টি পেয়েছিল, ওরা অমুক করেছিল, তমুক করেছিল; সেইজন্য ওরা রিহ্যাবিলিটেট করতে পেরেছে আর আমরা পারি নি। এ কথা বলার কোন অধিকার এ'দের নাই। এ কথা আমরা বলতে পারি। আপনারা সকলেই হচ্ছেন কংগ্রেসী। বাংলাদেশের টাকা নিয়ে যাচ্ছে সেন্টার, অথচ বাংলাদেশকে টাকা দিচ্ছে না—ইনকাম ট্যাক্সএর শেয়ার নিয়ে যাচ্ছে, জুট ডিউটি নিয়ে যাচ্ছে। এইভাবে বাংলাকে ঠকাচ্ছে আমরা দেখতে পাচ্ছি। যেখানে বিহারে একশো টাকা আদায় হয় ইনকাম ট্যাক্স, সেখানে ৩২২ টাকা তাদের ফেরত দেয়; আর বাংলাদেশে যেখানে একশো টাকা আদায় হচ্ছে তার মোটে ১৬-১৭ টাকা কি ২১ টাকা ফেরত দিচ্ছে! এই অবস্থা চলছে। আমাদের তো টাকা আছে। এই টাকার যদি একটা সুব্যবস্থা হ'ত তা হ'লে রিফিউজি সমস্যার সমাধান আমরা ভালভাবেই করতে পারতাম, কিন্তু আপনারা তা করতে পারেন নাই। কেন্দ্রীয় সরকারের সঙ্গে সেই ব্যবস্থা আপনারা করতে পারেন নি। বিপদে পড়লেই আপনারা বলেন, আমরা কি করব। এই দেখুন কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। যেন এখানে ফ্রেণ্ড গভর্নমেন্ট ব'সে আছে বা কোন কমিউনিস্ট পার্টির সরকার ব'সে আছে। খান্নার সঙ্গে যদি আলাপ করতে যাই তা হ'লে তিনি বলবেন—অবশ্য একটু ঘুরিয়ে-ফিরিয়ে, কথাটার মানে দাঁড়ায় এই যে—যত অপদার্থ বাংলাদেশে ব'সে আছে। সেইজন্যই কিছু করতে পারেন না। তিনিই সব ব্যবস্থা ক'রে দেবেন। এইটাই বারবার দেখছি। সেইজন্য বলি, আপনাদের এইসবই ব্যর্থ হয়েছে। নতুন যে কিছু করতে চাচ্ছেন তার নিদর্শন আমরা এখানে কিছু দেখছি না এবং আমার ভয় হচ্ছে প্রফুল্ল সেনের মত লোক যখন এই দপ্তরের চার্জ নিয়েছেন তখন তাতে রিফিউজিদের আরও সর্বনাশ হবে। কোন কো-অপারেশনই তিনি কিছুতে করবেন না কোন ব্যাপারে, ও'র কো-অপারেশন কোন দিনই আমরা পাই নি। কি দুর্ব্যবহার উনি মানুষের সঙ্গে করেন এই জিনিসটাই আমরা দেখেছি।

The Hon'b'le Purabi Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত পুনর্বাসন খাতে ব্যয়-বরাদ্দের উপর বিতর্ক হ'তে শুনেছি। বিধানসভার প্রাঙ্গণে এর আগেও দেখেছি, বাইরে দাঁড়িয়ে যখন উদ্বাস্তু মিছিল আসবার চেষ্টা করে তখন এখানে দাঁড়িয়ে তাঁরা বলেছেন এবং

কোন মোশন আনবার চেষ্টা ব্যর্থ হবার পর সভাগৃহ থেকে বেরিয়ে গিয়ে তাদের কাছে লম্বা লম্বা প্রতিশ্রুতি দিয়েছেন এবং সেই প্রতিশ্রুতি সরকারের সঙ্গে সহযোগিতা ক'রে কার্যকরী করার কোন ব্যবস্থা করেন নি। সভাকক্ষে যখন এসেছেন তখন দেখেছি, তাঁদের পক্ষে সহযোগিতা করার প্রশ্ন আমাদের দিক থেকে তোলাটাই নাকি সম্পূর্ণ অবান্তর। ওঁদের যুক্তি হচ্ছে যে আমরা কেন সমস্ত রাজনৈতিক প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতা ক'রে রাজনীতিক প্রতিষ্ঠানের মাধ্যমে যাঁরা এখানে এসে উপস্থিত হয়েছেন, সেই সদস্যদের কাছ থেকে সহযোগিতা ক'রে সর্বদলীয় কমিটি করি না। প্রশ্নটা দলের ঊর্ধ্বেই নাকি ওঁরা রাখতে চান। সরকারের তরফ থেকে সেই রকম আশা পোষণ ক'রে বারবার অভিব্যক্তি জানানো হয়। যদি দলের ঊর্ধ্বেই রাখতে হবে তবে দলের মাধ্যমে দলকেই কেন্দ্র ক'রে সহযোগিতার জন্য কমিটি কেন স্থাপিত হবে সেটা বুঝা মুশকিল। আমরা এই বুঝি, যে রাজনীতিক দলের অনুবর্তী হয়ে তাঁরা এখানে এসেছেন, কিন্তু উদ্বাস্তুদের কাছে গিয়ে তাঁরা যখন বলেন—সভাপতি মহাশয়, আপনি দয়া ক'রে একটু শুনলেই বুঝতে পারবেন—কেন সরকারের সঙ্গে তাঁরা সহযোগিতা করতে পারেন না। তার কারণ সরকার সর্বদলীয় কমিটি করছেন না। আমার মনে হয়, যাদের দুঃখে দুঃখিত হয়ে ক্রন্দনধ্বনি তুলে এখানকার আকাশ-বাতাস যারা মুখর ক'রে তোলে তারা বোধ হয় সহযোগিতা করবেন না। আমি জানি, সহযোগিতা ওরা করতে পারেন না। কারণ বিপক্ষ দলের নেতাদের সরকারের সঙ্গে সহযোগিতা করবার পথ অন্য—বিপ্লবের মধ্যে দিয়ে যারা আসবে ব'লে প্রতিশ্রুতি দিয়েছে, জনগণের কাছ থেকে ভোট চায়, এবং সেই প্রতিশ্রুতির মাধ্যমে যাঁরা রাজনীতিক প্রতিষ্ঠানের মাধ্যমে চাল চালতে চান, তাঁদের পক্ষে সরকারের সঙ্গে সহযোগিতা করা সম্ভব নয়। সে সমস্যা যত বড় শক্ত সমস্যা হোক। তার কারণ রিফিউজিরা যে দুঃখদুর্দশা ভোগ করছে, যে দুঃখকষ্ট ভোগ করছে, এই রকম তৈরি বারুদ কোথায় পাবেন? এমন চমৎকার ক'রে রাজনীতিক প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাদের এক্সপ্লয়টেশনএর এমন হাতিয়ার আর কে এনে দেবে? প্রত্যেকটি বিপক্ষ দলের নীতি হচ্ছে, সরকারকে বানচাল ক'রে দেওয়া। যে কোন দল বিরুদ্ধ দলে থাকুক, তারা এই নীতি নিয়ে কাজ করে। এই এজিটেশনএর মধ্য দিয়ে, এই নীতির মধ্য দিয়ে যারা আসে তাদের পক্ষে সরকারের সঙ্গে সহযোগিতা করতে চাওয়া সমদলীয় ভিত্তি দিয়ে সর্ব দলের ঊর্ধ্বে উঠে—এ কথাটা বোধ হয় খুবই প্রয়োজনীয় নয় এবং এটা না হ'লে পর সহযোগিতা করতে পারবেন না—এটাতে মনে হয় যেন এঁদের পক্ষে সহযোগিতা না করতে পারার অভিযোগটা সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে দায়িত্ব এড়ানো। দলের ঊর্ধ্বেই যদি উঠবেন তবে দলের মধ্য দিয়ে আসতে চান কেন? সর্ব দলের ভিতর দিয়ে অদলীয় হবেন, এ বোধ হয় কখনও সম্ভব নয়। যে বিতর্কের হাওয়ায় এখানকার সভাকক্ষ উত্তপ্ত হয়ে উঠেছে তার মধ্য দিয়ে কয়েকটা কনস্ট্রাকটিভ সাজেশন আমরা পেয়েছি—যদিও খুবই কম। কারণ আমি জানি কনস্ট্রাকটিভ সাজেশন তাঁদের পক্ষে দেওয়া সম্ভব নয়। বিধবাবিবাহ বন্ধ করার জন্য যদি কোন সভা হয়, আমি জানি, আমাদের এই বিরোধী দলের কয়েকটি বিশেষ সর্বজনশ্রদ্ধাস্পদ ব্যক্তি আছেন, তাঁরা সেই দলের সভাপতি হন। আবার বিধবাবিবাহ হওয়া উচিত—যদি এই সভা হয় তা হ'লে সেই পরম শ্রদ্ধাস্পদ নেতাই সেখানে গিয়ে সভাপতি হন। অতএব তাঁদের নীতির কোন বালাই নেই। যাঁরা রিফিউজির সামনে দাঁড়িয়ে বলেন—তোমাদের জন্য আমরা আপ্রাণ চেষ্টা করব, আবার ইলেকশনএর সময় সামান্য এখানকার নাগরিকদের কাছে ভোট পাবার জন্য তিনি বলেন—উদ্বাস্তুরা এসে দেশটাকে সর্বনাশ ক'রে দিল। আমাদের ভোট দিলে আমরা উদ্বাস্তুদের বাংলার বাইরে পাঠিয়ে দিয়ে এই সমস্যার সমাধান করব। এবং তিনিই আবার রিফিউজিদের কাছে গিয়ে বলেন—আমাদের ভোট দিলে তোমাদের আমরা পশ্চিমবঙ্গের মধ্যে রেখে দেব। সুতরাং তাঁদের পক্ষে এই জিনিসের সমাধান করতে চাওয়ার আশা দুরাশা মাত্র। আজকে এখানে ডাক্তার রণেন সেন বক্তৃতার শুরুতেই বলেছেন, মন্ত্রীদের ব্যর্থতার জন্যই নাকি পুনর্বাসন সম্ভব হয় নি। শুনে হাসব না কাঁদব ভেবে পেলাম না। ডাক্তার রণেন সেন আমাদের পুরানো সহযোগী ও সদস্য এই বিধানসভায়। আমি জানি, আজকে কংগ্রেস দল পালটে গিয়ে মন্ত্রীসভার বেঞ্চগুলি যদি তাঁরা অধিকার করেন, তা হ'লে এই বত্রিশ লক্ষ উদ্বাস্তুকে পশ্চিমবঙ্গের মধ্যে রাখবার প্রতিশ্রুতি দেবেন কোথা থেকে? জমি কি মস্কো থেকে পকেটে ক'রে নিয়ে আসবেন, জমি কি গ'ড়ে উঠবে হাওড়া স্টেশনের চারপাশে, গঙ্গা নদীর জল সরিয়ে দিয়ে সেখানে কি জমি খুঁজে পাবেন? এখানে স্যাচুরেশন

পয়েন্ট রীচ করে গিয়েছে। এই প্রশ্ন যাঁরা আজকে বলছেন সত্য নয়, তাঁদের কাছে জব দেবার কিছু নেই। ডেনসিটি অব পপুলেশন অন্য প্রদেশে কি আছে আর আমাদের প স্কোয়ার মাইলএ কত আছে দেখুন। নদিয়া জেলা—যখন ডিভিশন হয় নি, বাংলা যখন অবিভ ছিল—তখন সেখানে ছ' লক্ষ লোক ছিল। সেই জায়গায় আজ সেখানে শুধু উদ্বাস্তুই সাড়ে লক্ষ হয়েছে। প্রত্যেকটি জেলাতে আজ দেখছি এই রকম অবস্থা। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গে মধ্যে যখন আমরা উদ্বাস্তু রাখতে চাই তখন দেখেছি মেদিনীপুরে হ'লে তারা যেতে চা না, বাঁকুড়া জেলায় তারা যেতে চায় না, কারণ জমি সেখানে অনুকূল নয়। তাদের পক্ষে যেতে চাওয়াই স্বাভাবিক, কারণ যারা পশ্চিমবাংলার অধিবাসী হিসাবে একেবারের মত পুন বাসনের সবকিছু পেয়ে বসতে যাবে, তারপর অনুর্বর জমির সঙ্গে আন্দোলন করে, সংগ্রা করে যখন বসতে হবে কিছু সময় ধরে, ছ' মাস ধরে সরকারের মেনটেন্যান্স চালাবার পর সেই জমির অনুর্বরা শক্তি ফুরিয়ে গিয়ে উর্বরা হয়ে ওঠে না, এর জন্য আমরা দেখেছি সমস্ত ডেজারশন যা হয়েছে তা কি শুধু বাংলার বাইরে যাদের পাঠিয়েছি তাদের মধ্যে হয়েছে বাংলার ভিতরে কি হয় নি? সুষ্ঠু পুনর্বাসন পরিকল্পনা এখানে হয় নি—মাননীয় সদস্যদের এই অভিযোগ। কিন্তু পরিকল্পনা কেন হয় নি, সেকথা কি একবারও ভেবে দেখেছেন? ১৯৫০ সালে যখন দিনের পর দিন, মাসের পর মাস উদ্বাস্তুরা পশ্চিমবঙ্গের দরজায় এসে দাঁড়িয়েছে, কোনদিন কেউ তো জানতে পারেন নি কখন কোন্ মুহূর্তে কত উদ্বাস্তু এসে দাঁড়াবে? নিঃসম্বল হয়ে আসছে তাদের কোন রকম সহায়-সম্বল নেই, মনের জোর যেটুকু ছিল সেটুকুও অমানুষিক পরিশ্রমের ফলে এবং মানসিক উত্তেজনার মধ্যে পাকিস্তানে থাকতে থাকতে যখন এখানে এসে পৌঁছেছেন ভগ্নপ্রায় হৃদয় ও মন নিয়ে তখন এখানে যারা সরকারের ভার নিয়েছিলেন, যাঁরা আজকে আমার সামনের বেঞ্চ অধিকার করে আছেন, ভারতের কেন্দ্রীয় সরকার যখন তাঁদের কাছ থেকে জানতে চেয়েছিলেন যে—আমরা পুনর্বাসন খাতে প্রথম অ্যালটমেন্ট করছি, বলুন, আপনাদের কি চাই?—তাঁরা বলেছিলেন, পুনর্বাসনের নীতি আমরা পশ্চিমবঙ্গে গ্রহণ করতে চাই না। আজ তাঁদের মুখে শুনেছি একটু আগে—আমি মাননীয় সদস্যের নাম বলতে চাই না, তবুও ডাক্তার সুরেশ ব্যানার্জি যিনি এককালে মন্ত্রী ছিলেন, তিনি রাজ্যপালের ভাষণের সময় উদ্বাস্তু খাতে বলতে গিয়ে বলেছিলেন যে, আরও কিছুদিন মন্ত্রী থাকলে নাকি তিনি উদ্বাস্তু-সমস্যা সমাধান করতেন। কি ক'রে করতেন জানি না এবং করবার দায়িত্ব তখন তিনি গ্রহণ করেন নি কেন? কেন তখন পশ্চিমবঙ্গ থেকে কোন রকম পরিকল্পনা যায় নি। আজকে রিফিউজি খাতে বেশি টাকা খরচ হচ্ছে ব'লে আমাদের সকলের মন নিশ্চয়ই খারাপ। কারণ আনপ্রোডাকটিভ লেবারএ যত কম টাকা যায় ততই ভাল; কিন্তু প্রথম দিকে আমরা এক বছর পিছিয়ে গিয়েছিলাম, কোন সুষ্ঠু পরিকল্পনা ছিল না। সেই এক বৎসরে উদ্বাস্তু আসার হার কেমনতর হয়েছিল তা আপনারা সকলেই জানেন। শেয়ালদহ, হাওড়া স্টেশন, সমস্ত জাহাজঘাঁটি ভর্তি হয়ে গিয়েছিল—যেন এই সমস্ত ভার সম্পূর্ণ অন্য রাষ্ট্রের।

[12-35—12-45 p.m.]

কারণ সেখানে কোন হাত নেই। আন্তর্জাতিক চুক্তির মাধ্যমে যদি তাকে অস্বীকার করা না যায় তবে এক রাষ্ট্রের ব্যাপারে আর এক রাষ্ট্র হাত দিয়ে কিছুই করতে পারে না। তাই তার অন্য রাষ্ট্রে থাকার জন্য আমাদের তার উপর কোন কন্ট্রোল ছিল না। আমরা কোনদিন জানতে পারি নি যে, সকালবেলা শিয়ালদহ স্টেশানে কত লোক দেখা যাবে। তাই যে মুহূর্তে উদ্বাস্তু এসেছে তখন সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় সরকারকে উদ্বাস্তু সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। অর্থাৎ জমি কোথায় পাওয়া যাবে? অ্যাকুইজিশন করবে, না রিকুইজিশন করবে, না জোর ক'রে কেড়ে নেবে, এ চিন্তা করবারও পর্যন্ত সময় তখন নেই। কারণ চারদিকে উদ্বাস্তুতে ভর্তি হয়ে গেছে। ১৯৫০ সালের পর উদ্বাস্তু সমাগম যখন দিনের পর দিন বৃদ্ধি হয়ে যাচ্ছে আমি জানি সেই সময়েই এখানকার বেশির ভাগ স্কোয়াটার কলোনী গড়ে উঠেছিল। মাননীয় বিরোধী দলের নেতা স্কোয়াটার কলোনী করবার জন্য সমস্ত কৃতিত্বটুকুই উদ্বাস্তুদের দিয়েছেন, সরকারকে দেন নি। সরকার নিলে স্কোয়াটার কলোনী হবে কেন, তা হ'লে তো রেগুলার

গভর্নমেন্ট কলোনী হ'ত। যখন স্কোয়াটার কলোনী হয়েছে তখন সরকারের পুনর্বাসনের কোন সম্পূর্ণ নীতি ছিল না। ১৯৫০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সেসব স্কোয়াটার কলোনী গ'ড়ে উঠে। তখন পরবর্তী সরকার এই নীতি গ্রহণ করেন যে ১৯৫০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত যেসমস্ত স্কোয়াটার কলোনী গড়ে তুলেছিল সেইসমস্ত স্কোয়াটার কলোনীকে নিয়ামন করা হবে। আজ পর্যন্ত প্রায় ৬৯টা স্কোপাটার কলানীকে অর্পণনামা দেওয়া হয়ে গেছে, আর বাকী ৬৮টা স্কোয়াটার কলোনির প্রোসেস হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, এতে হয়তো কিছু দেরি হচ্ছে, তার কারণ আপনারা জানেন যে স্কোয়াটার কলোনি রেগুলারাইজেশনএর সঙ্গে ল্যান্ড অ্যাকুইজিশন এবং কম্পেনসেশনএর প্রশ্ন জড়িত। আগে আমাদের এখানে যখন প্রোসেস হ'ত তখন আমাদের কারেন্ট মার্কেট প্রাইস দিতে হ'ত। কারণ ১৮৯৪ সালের ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টএ আমাদের তখন অ্যাকুইজিশন করতে হ'ত। এই অ্যাকুইজিশন করবার খরচ ও জমির সমস্ত দাম পরে উদ্বাস্তুদের কাছ থেকে রিয়ালাইজ করা হয়। কারেন্ট মার্কেট প্রাইস যদি আমাদের আজ রিজেন্ট কলোনিকে, স্কোয়াটার্স কলোনিকে রিয়ালাইজ করতে হয়, যদি আজকে যে সমস্ত বড় রাস্তার উপরে যারা বসেছে এর জন্য কম্পেনসেশনএর যা খরচ হবে তাতে যে কোন কম্যুনিস্ট সরকার না হওয়া পর্যন্ত যখন জোর ক'রে কেড়ে নেওয়া আমাদের কনস্টিটিউশনএ বাধা দেবে, সেখানে এই স্কোয়াটার্স কলোনিগুলিকে কারেন্ট মার্কেট প্রাইসএ করতে গেলে অনেক বেশি খরচ হবে এবং জমিদারদের মুনাফা বৃদ্ধি হবে। এইজন্য সমস্ত কনস্টিটিউশনকে অ্যামেন্ড ক'রে আমাদের নতুন ল্যান্ড প্ল্যানিং অ্যাক্ট করতে হচ্ছে। সেজন্য যে সমস্ত কেস রেগুলারাইজেশনএর জন্য সরকার পাঠিয়েছিলেন অ্যাকুইজিশন প্রোসেসএ সমস্তগুলি পরিবর্তন ক'রে বাতিল করতে হয়েছে এবং নতুন ল্যান্ড প্ল্যানিং অ্যাক্ট অনুযায়ী তাদের নতুন ক'রে অ্যাকুইজিশনএর নোটিস দিয়ে তবে করতে হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এই সমস্ত প্রোসেস আইনসাপেক্ষ এবং বহু সময় চাই। সেকশন ৪-এর পরে সেকশন ৬ করতে গিয়ে আমরা দেখেছি যে তাতে এক বছর সময় লেগেছিল। সেখানে সরকারের কোন হাত নেই। আমরা মাঝখানে চেষ্টা করলে এবং সেকশন ৪ এবং সেকশন ৬-কে একসঙ্গে নোটিস দেওয়াটা বেআইনী হবে। অতএব সেইসব পুনরায় নতুন ক'রে করতে গিয়ে কিছু পিছিয়ে যাচ্ছে। প্রায় ১৩৬টা কলোনী আমাদের রেগুলারাইজ করতে হবে, তার মধ্যে ৬৯টা করা হয়ে গেছে, ৬১টির প্রোসেস চলছে এবং বাদবাকি ১০টি ১৯৪৬ সালে যে বাজার দর সেই ল্যান্ড প্ল্যানিং অ্যাক্ট অনুযায়ী দিতে হয়। কিন্তু সেটা দরের অনেক ঊর্ধ্বে সিলিং ব'লে সেই ১০টি কলোনীকে আমরা কিছুই করতে পারছি না। মাননীয় সদস্যদের কি একটা ধারণা হচ্ছে যে এই সমস্ত নিয়ামন হবে না এবং সেই কলোনীগুলোকে জোর ক'রে তুলে দেওয়া হবে। কিন্তু তা সম্পূর্ণ ভুল কথা। কারণ তা যদি ভুল না হ'ত তা হ'লে আপনারা জানেন যে কোন স্কোয়াটার্স কলোনীকে আজ পর্যন্ত জোর ক'রে তুলে দেওয়া হয় নি। অতএব ও'রা যা বলছেন সেটা সম্পূর্ণ কল্পনাপ্রসূত। বাংগালী টেনেমেন্ট স্কীম নিয়ে মাননীয় ডাক্তার রণেন সেন মহাশয় এখানে বললেন যে, কত হাজার টাকা আমাদের বছরে মেনটেন্যান্সএর জন্য খরচ হচ্ছে। সেটা আজ পর্যন্ত খালি পড়ে আছে, তার কারণ হচ্ছে যে স্কোয়াটার্স কলোনীকে আমরা নিয়ামন করতে পারব না। তাদের এখানে মাসে ভাড়া দিয়ে রাখবার পরিকল্পনা নিয়ে এই টেনেমেন্ট স্কীম হয়েছিল এবং তারা সেখানে না আসার জন্য বাড়ি খালি প'ড়ে রয়েছে। আজকে যদি শুধু ভাড়া আদায় করবার জন্য সরকার বিজ্ঞাপন দেন তা হ'লে হয়তো বাড়ি ভাড়া পাওয়া যাচ্ছে ব'লে বহু উদ্বাস্তু, যারা স্কোয়াটার্স কলোনীতে নেই এমন অনেক উদ্বাস্তু এগিয়ে আসবেন, কিন্তু তাতে স্কোয়াটার্স কলোনীর যে সমস্যা এবং সেখানকার অধিবাসীর যা সমস্যা সেগুলো কোনদিনই দূর হবে না। ডাক্তার রণেন সেন এ ছাড়া বলেছেন যে, আমাদের ক্যাম্পগুলি পানিশমেন্ট ক্যাম্প, অর্থাৎ এখানে সাজা দেবার জন্য উদ্বাস্তুদের আনা হয়। আমি জানি যারা ক্যাম্পএর উদ্বাস্তু অধিবাসী তাদের দুঃখদুর্দশার সীমা নেই। কোন মানুষকে দিনের পর দিন, বছরের পর বছর অমানুষিক পরিবেশের মধ্যে একখানা তাঁবুর মধ্যে কিংবা একটা স্বল্পপরিসর স্থানের মধ্যে বসিয়ে যদি ডোল দেওয়া হয় তবে তার মেরুদণ্ড ভেঙ্গে যেতে বাধ্য। কিন্তু কোথায় জমি পাব, কোথায় তাদের পুনর্বসতি দেব? তাঁরা বলছেন যে

এদিকে চেষ্টা করলে বাংলার মধ্যে বেসরকারী প্রতিষ্ঠানের সাহায্য নিলে জমি গজিয়ে উঠবে। আশা করি, এই প্রতিষ্ঠান গড়া আমাদের পক্ষে সম্ভব হবে। সরকার ইতিমধ্যে একটা কমিটি গঠন করেছেন। সেই কমিটিতে পশ্চিমবঙ্গ ও কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি নিয়ে যুক্ত কমিটি হয়েছে। তাঁরা পশ্চিমবঙ্গে ঘুরে ঘুরে দেখবেন কোথাও আর জমি পাওয়া যায় কিনা। সাব-মারজিন্যাল ল্যান্ড পেয়ে তাকে সমস্ত দিক থেকে ডেভেলপ করলে যা খরচ পড়বে তা সরকারের গ্রান্ট থেকে তার সমস্ত খরচা মিটিয়ে দিয়ে সেখানে পুনর্বাসন দেবার চেষ্টা করছেন। এই একটা কমিটি হয়েছে এবং আর একটা কমিটি করা হয়েছে সুষ্ঠু পুনর্বাসন পরিকল্পনা করবার জন্য। যে সমস্ত বড় বড় ক্যাম্প, যেমন কুপার্স ক্যাম্প, যেখানে বছরের পর বছর উদ্বাস্তু ব'সে আছে, সেখানে ঐ ক্যাম্পগুলোকে রিহ্যাবিলিটেশন সাইট করা যায় কিনা সেটা দেখা হবে। এবং তাকে যদি রিহ্যাবিলিটেশন সাইটএ কনভার্ট করা যায় তবে প্রায় পাঁচ-সাত হাজার উদ্বাস্তু, যারা সেখানে ১৯৫২ সালের পর থেকে ব'সে আছে পুনর্বাসনের জন্য, আমি জানি তাদের সমস্যা তা হ'লে মিটবে। কারণ সেখানে লোক্যাল ইকনমির সঙ্গে তারা কিছু কিছু অ্যাডজাস্ট হয়ে গেছে। সেখানে কেউ কাছাকাছি কাজ করছেন এবং সঙ্গে সঙ্গে ধারেকাছে আরও ইন্ডাস্ট্রি সেট আপ ক'রে সেখানে তাদের জন্য এমপ্লয়মেন্টএর ব্যবস্থা করা যায় কিনা তার চেষ্টা পশ্চিমবঙ্গ সরকার করছেন। আপনারা জানেন স্টেট ওন্ড ইন্ডাস্ট্রিতে সমস্ত লোককে এমপ্লয় করা যায় না, তবে আর্মি, নেভি, রেলওয়ে ইত্যাদিতে যত বেশি পারা যায় আমরা তাদের এমপ্লয় করবার চেষ্টা করছি। স্টেট ট্রান্সপোর্টএর কথায় একটু আগে মাননীয় সদস্যরা আগ্রহ প্রকাশ করেছেন। তাতে প্রায় ৩৬ লক্ষ টাকায় বাস কিনে উদ্বাস্তুদের যাতে সেখানে চাকরির সংস্থান হয় তার ব্যবস্থা আমরা করছি। কো-অপারেটিভ নিয়ে একটু আগে মাননীয় সদস্যরা বলেছেন যে, কো-অপারেটিভএ আমরা যদি ব্যয়বরাদ্দ না বাড়াই এবং উদ্বাস্তুদের স্মল স্কেল কটেজ ইন্ডাস্ট্রি করতে না দিই, তা হ'লে সুষ্ঠু পুনর্বাসন হবে না। এ বিষয়ে তাঁদের সঙ্গে আমি সম্পূর্ণ একমত এবং একমত ব'লেই আমাদের কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট, রুল ৮৬এ-কে অ্যামেন্ড ক'রে নিয়ে যারা পেড-আপ ক্যাপিটাল যোগাড় করতে পারছে না তাদের আমরা লোন দিচ্ছি। আজ পর্যন্ত এই রকম বহু প্রতিষ্ঠানকে প্রায় ৮৬ লক্ষ টাকা শুধু স্মল স্কেল ইন্ডাস্ট্রি করবার জন্য দেওয়া হয়েছে। তা ছাড়া রিফিউজি কনসেনট্রেটেড এরিয়াতে যদি মিডিয়াম স্কেল ইনডাস্ট্রি করবার জন্য কোন শিল্পপতি এগিয়ে আসেন তা হ'লে তাঁকে আধাআধি ব্যবস্থায় সেইসব জায়গায় তা করতে দেওয়া হয়েছে। মাননীয় ডাক্তার সুরেশ ব্যানার্জি মহাশয় আজকে সেই রকম চারটি কলোনীর নাম বলেছেন, কিন্তু আমি আরও বারটি কলোনীর নাম দিতে পারি যেখানে তার ব্যবস্থা করা হচ্ছে কিংবা পরিকল্পনা মঞ্জুর করা হয়েছে। সেদিন রাজ্যপাল মহোদয়ার ভাষণের সময় উনি বলেছিলেন যে, গয়েশপুরে আমাদের যে কটা ইন্ডাস্ট্রি করবার কথা ছিল, কিন্তু সেখানে কংগ্রেস ভোট না পাওয়ার জন্য নাকি সেটা সরিয়ে দিয়ে কাটাগড় নিয়ে এসে কাটাগঞ্জ-গোপালপুরে দেওয়া হবে। কারণ ওনার কি ক'রে মাথায় এসেছে যে ওখানে কংগ্রেস বেশি ভোট পেয়েছে ব'লে এই ব্যবস্থা হয়েছে। কিন্তু আমি জানি না কিভাবে তাঁর পরিকল্পনা মাথায় এল। সেজন্য বলছি যে ডিপার্টমেন্টএ অনুসন্ধিৎসু হয়ে খোঁজ নিয়ে জানবেন যে গয়েশপুর থেকে সরিয়ে কাটাগঞ্জে নিয়ে আসার পরিকল্পনা নাকি তিনি দিয়েছেন। অতএব জানি না সেখানে এর সঙ্গে ভোটের কোন সম্বন্ধ আছে কিনা। আমাদের এখানে মাননীয়া সদস্য শ্রীমতী মণিকুন্তলা সেন অনারারি শিল্প শিক্ষাকেন্দ্র সম্বন্ধে বলেছেন এবং ট্রেনিং স্কীম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

[12-45—12-55 p.m.]

আমার মনে হয় এটাও বোধ হয় তাঁর রাজনৈতিক মনোভাব এবং দৃষ্টিভঙ্গির পরিচয়। তিনি রাজনীতি সর্বত্রই দেখতে পান। আমাদের নন-রেসিডেনশিয়াল ট্রেনিং সেন্টার রাজনীতি তো দূরের কথা, সেখানে উদ্বাস্তু মহিলাদের বাড়ির মধ্যে ব'সে কিংবা বাড়ির থেকে এসে তার স্বামীর ইনকামকে, পরিবারের ইনকামকে সাপ্লিমেন্ট করার জন্য বহু পরিকল্পনা নেওয়া হয়েছে। এবং যে সমস্ত মহিলা প্রতিষ্ঠান, যারা স্থায়ী প্রতিষ্ঠান হিসেবে কিছুদিন ধ'রে কাজ ক'রে এসেছেন, তারাই এখানে এগিয়ে এসে এদের শিক্ষার ভার গ্রহণ করছেন; তাদেরই

মাধ্যমে আমরা শিক্ষা দিয়েছি এবং আজ পর্যন্ত এভাবে ১০ হাজার ৪৭৬টা মেয়েদের নানা রকম শিক্ষা দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের আড়াই লক্ষ উদ্বাস্তু সারা পশ্চিম বাংলায় বিভিন্ন ক্যাম্পএ বাস করছে——(ডিস্টারব্যান্স ফ্রম দি অপোজিসন বেঞ্চেস।) তারপর এদের মুনাফার ব্যবস্থা না ক'রে নন-রেসিডেনশিয়াল ট্রেনিং সেন্টারের মারফত হয় এবং এইভাবে অন্যান্য জায়গায় রেসিডেনশিয়াল ট্রেনিং সেন্টারএর মারফতে যে মেয়েরা কাজে অগ্রসর হয়েছেন আপনি নিশ্চয়ই শুনে সুখী হবেন তাদের সেই প্রোডাকশন সেন্টারএ ইতিমধ্যে ১ লক্ষ ১৭ হাজার ২২১ টাকা শুধু লাভ হয়েছে। আপনাদের এখানে বলা হয়েছে নন-রেসিডেনশিয়াল ট্রেনিং সেন্টারে ১৫ টাকা শুধু তাদের দেওয়া হয় তা নয়, এক বছর ধ'রে তাদের কাছে নানান রকমভাবে যে শিল্প-প্রতিষ্ঠান পক্ষে যে মহিলা প্রতিষ্ঠান নেবার জন্য এগিয়ে আসেন তাদের পার ক্যাপিটা পনের টাকা ক'রে ট্রেনিং চার্জেস দেওয়া হয়। অতএব তারা যে একেবারে বেসরকারীভাবে সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ না ক'রে ট্রেনিং দিয়ে ছেড়ে দেন, এটা আমার জানা ছিল না। আমি জানতুম যারা সরকারের কাজে সহযোগিতা ক'রে সরকারের ট্রেনিং চার্জের মধ্যে দিয়ে তাদের ট্রেন্ড করা হচ্ছে। ভবিষ্যতে অর্ডার যোগাড় করা, তাতেই প্রোডাকশন সেন্টার হিসেবে কাজ, ওয়ার্ক সেন্টার হিসেবে কাজ করার ব্যবস্থা এরাই ক'রে দেবেন। আমার এখানে মাননীয় সদস্যরা দুর্নীতি সম্বন্ধে অনেক কথা বলেছেন। অকল্যান্ড হাউস ভেঙ্গে গুঁড়িয়ে দিয়ে নতুন অকল্যান্ড হাউস বসিয়ে দিয়ে উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা সুষ্ঠু হ'তে পারে; তবে ভারতীয় সংবিধানের জন্য তা করা যায় না। সেখানে কোন অফিসারকে সম্পূর্ণ কোন কারণ না দেখাতে পারলে তাকে সম্পূর্ণ গুঁড়িয়ে দিয়ে ভেঙ্গে ফেলা যায়—ব্যক্তিস্বাধীনতায় যারা সম্পূর্ণ বিশ্বাসী তাদের মুখে এ উক্তি প্রকাশ করা উচিত নয়। তবে এটা ঠিক, যদি করাপশনএর কোন কেস থাকে (শ্রীবঙ্কিম মুখার্জিঃ হোল্ড এনকোয়ারি) তাঁরা কিভাবে দুর্নীতি দূর করতে চান। আমরা যে মুহূর্তে বেনামী হউক, স্বনামী হউক কোন দরখাস্ত আসে, এমনকি বহু ঘটনা হয়েছে শুধু উড়ো খবরের উপর এনকোয়ারি করা হয়েছে, এমন লোককে দিয়ে এনকোয়ারি করা হয়েছে যার কোন সেই প্রতিষ্ঠানে বা সেই ডাইরেকটরেটএ কোন সম্বন্ধ নেই। তাদের হাত দিয়ে এনকোয়ারি করা হয়েছে। তার ফলে আমি, মাননীয় স্পীকার, আমি আপনাকে জানাচ্ছি ২২০টা নন-গেজেটেড অফিসারের বিরুদ্ধে শাস্তি-মূলক ব্যবস্থার জন্য প্রোসিডিং ড্র করা হয়েছে এবং ১৯টা গেজেটেড অফিসারের বিরুদ্ধে এই ব্যবস্থা হয়েছিল। ২৪টা কেসএ ডিসমিসাল হয়েছে, ৭টা জায়গায় তাদের ডিমোট করা হয়েছে, ৪টা কেস অরিজিনাল কোর্টএ গিয়ে কনভিকশন হয়ে গেছে এবং এখনও অ্যান্টি-করাপশনএর কাছে ২টা কেস ঝুলছে। মাননীয় সুবোধবাবু আমার নাম ক'রে বলেছেন যে, তিনি কিছু কেস আমাকে দিয়েছেন, এটা ঠিক। এবং আমি তাঁকে এই প্রতিশ্রুতি দিয়েছি —তিনি কাগজপত্র আমায় দেবেন বলেছেন যাতে ফেয়ার এনকোয়ারি হয়—প্রয়োজন হয় তো আমরা এনকোয়ারি করব। তবে আপনারা জানেন যে ভেঙ্গে গুঁড়িয়ে দেওয়া কথা বলা সহজ —কনস্টিটিউশন মেনে কোন লোককে যদি সাসপিশনএর উপরে তাকে শাস্তি দেওয়া হয়—আমি কোন ব্যক্তির নাম ক'রে বলছি না, যদি সে গেজেটেড হউক আর নন-গেজেটেড হউক, সরকারী কর্মচারী তার কনস্টিটিউশন অনুযায়ী বাস করবার অধিকার আছে সেই হিসেবে আমরা দেখেছি আমরা যাকে ডিসমিস করি হাইকোর্টে গিয়ে তিনি ডিক্রি নিয়ে আমাদের নাকের ডগা দিয়ে সেখানে রিইনস্টেটেড হয়ে ফিরে আসেন। অথবা সাসপিশনএর উপর তাকে এখান ওখানে পাঠিয়ে তাকে হ্যারাস করা যায়, আরও কেস থাকলে ডিমোট করা যায়, কিন্তু ডিসমিসাল করবার জন্য যতখানি প্রমাণের দরকার অনেক সময় আমরা পাই না। মাননীয় সদস্যদের কাছে মাননীয় স্পীকারের মারফতে আমি আবেদন করব, যদি এমন করাপশনএর কেস থাকে যার কাগজপত্র সেগুলি সাপোর্ট করবে, আমি হাউসএর সামনে দাঁড়িয়ে ব'লে যেতে পারি, প্রতিশ্রুতি দিতে পারি যে তার ব্যবস্থা হবে। অধীর দের কেস নিয়ে ওঁরা আলোচনা করেন, তাঁর কেস হাইকোর্টে আছে—সাব জুডিস ব'লে আলোচনা করতে পারছি না। তবে যিনি আজকে হয়তো এই প্রশ্ন তুলতেন, সেই হরিপদবাবু, তাঁর কাছ থেকে আমি এনকোয়ারি করবার ভার নিয়েছিলাম, কিন্তু তিনি সন্তুষ্ট হয়েছিলেন কিনা জানি না। সেই এনকোয়ারি আমাদের ডিপার্টমেন্টএর লোক দিয়ে হয় নি, বাইরের লোক দিয়ে পর্যন্ত আমরা এনকোয়ারি করিয়ে-ছিলাম। সাব জুডিস কেস ব'লে অন্য আলোচনা করা যায় না। দ্বিতীয় নাম যা সুবোধবাবু

এখানে বলেছেন, বাইরে থেকে এই রকম গুজব—শুধু এই বললেই চলবে না, যদি ব্যক্তি-স্বাধীনতা স্বীকার করেন, যে মহিলাদের অফিসে চাকরি করার সুযোগসুবিধা স্বীকার করা হয় এবং আমাদের ন্যায়সংগত অধিকারের বাহিরে যদি অফিসে কিছু করা হয় নিশ্চয়ই তা শক্ত হাতে আমরা দমন করবার চেষ্টা করব। মাননীয় স্পীকার, স্যার, আমার সময় হয়ে গেছে, আজকে এখানে পুনর্বাসন মন্ত্রী ব্যয়বরাদ্দের যে প্রস্তাব এনেছেন আমি তা অনুমোদনের জন্য প্রার্থনা করি।

Sj. Bankim Mukherjee: On a point of order, Sir. May I know who is the Minister in charge of Refugee Rehabilitation? There are three Ministers—one Cabinet Minister and two Ministers of State. Ministers of State are full-fledged Ministers without Cabinet rank and hold independently a portfolio or part of a portfolio. Already I thought that we have heard a Minister. Now how many Ministers are going to speak?

Mr. Speaker: Is it a point of order? I do not think so.

Sj. Bankim Mukherjee: The point of order is that a Minister of State with a portfolio means that she holds the portfolio completely. She is not a Deputy Minister. My point of information is who is in charge of Refugee Rehabilitation—which Minister? My point of order is how many Ministers will speak.

Mr. Speaker: I do not think that is a point of order. I do not know of any limitations unless Mr. Mukherjee can point that out to me from the Assembly Procedure Rules. I would be interested to know, Mr. Mukherjee, if you could draw my attention to any such rule. Apart from being a State Minister either of Cabinet or no Cabinet rank, everyone of them is a member of this Assembly and the point is—I have not come across any particular rule which prevents a Minister from talking and thereafter some other Minister coming and talking on the same subject. If you can point out any rule to me, I shall certainly consider it.

Sj. Bankim Mukherjee: On a point of information. Which Minister is in charge of Refugee Rehabilitation?

The Hon'ble Prafulla Chandra Sen: It does not matter. All the Ministers can speak.

Mr. Speaker: It is a case of joint responsibility.

Sj. Jyoti Basu: Just now you have stated—it is a joint responsibility. But under that joint responsibility there are particular Ministers and particular portfolios and Departments of which they are in charge. As such, I want to know who exactly is in charge of Refugee Rehabilitation.

Mr. Speaker: To my mind all of them.

Sj. Jyoti Basu: Here we are not concerned with your mind.

Mr. Speaker: It is then for the Government to reply.

The Hon'ble Prafulla Chandra Sen: I am in overall charge of the entire portfolio.

[12-55—1-5 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not see what is the difficulty. There are two Ministers of State and one Deputy Minister working in the Refugee Rehabilitation Department. How can you stop them from talking?

Sj. Bankim Mukherjee: Perhaps you were not here when I raised my point of order. The Ministers of State are full-fledged Ministers in charge independently of a portfolio or part of a portfolio.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not agree with Mr. Mukherjee's point.

Mr. Speaker: Mr. Mukherjee, I have told you if any particular rule to which you are referring is brought to my notice, certainly that rule will be looked into. Dr. Majumdar wanted to know if the Minister will be within the time limit. Even in the case of some of the honourable members, I have, for reasons of my own, relaxed the time limit.

Dr. Kanailal Bhattacharjee: That is only for the Congress benches.

Mr. Speaker: Dr. Bhattacharjee, you cannot insinuate that. I do not wish to mention the names of those particular honourable members but if you consult them, they will tell you that at their request I had been only too happy to relax the time limit because I thought fair opportunity should be given. It is not confined to the Congress benches.

The Hon'ble Tarunkanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে এখানে যে আলোচনা হয়েছে, আমি দেখতে পাচ্ছি যে আমার বিরোধী পক্ষের কিছু বন্ধু, তাঁরা ব্যস্ত হয়ে পড়েছেন এই আলোচনা বন্ধ ক'রে দেওয়ার জন্য।

Mr. Speaker: Mr. Ghosh, I will say one thing. I have here my own time table. I would request you to be as brief as possible because I want to finish within my scheduled time.

The Hon'ble Tarunkanti Ghosh:

আজকে এখানে অধ্যক্ষ মহোদয় আমাকে যে আদেশ করেছেন তারপরে আমি আর বেশি সময় নিশ্চয়ই নেব না। আমি শুধু দু'-একটা কথা আপনার মারফত সদস্যদের কাছে, বিশেষ ক'রে আমার বিরোধী পক্ষের বন্ধুদের কাছে, রাখতে চাই। প্রথম কথা আমি বলতে চাই, জ্যোতিবাবু একটু আগে বক্তৃতা দিতে উঠে একথা বলতে চেয়েছেন যে সেদিন বক্তৃতা মারফত যে সহযোগিতা কামনা করা হয়েছিল সমস্ত সদস্যদের কাছ থেকে সেটা হচ্ছে ভণ্ডামী। আমি জানি না কেন তিনি এই রকম রূঢ় ভাষা ব্যবহার করলেন [কম্যুনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। আর একটা কথা তিনি বলেছিলেন যে, বামপন্থী দলগুলির মধ্যে একটা বিভেদ সৃষ্টি করার চেষ্টা তাঁর মধ্যে ছিল, যেহেতু আমি পি এস পি এবং ফরোয়ার্ড ব্লক নেতাদের কাছে আবেদন জানিয়েছিলাম। তিনি যদি আমার বক্তৃতা পড়ে দেখেন তা হ'লে দেখতে পাবেন আমি একথা বলেছিলাম যে, "আমি আমার বিরোধী পক্ষের প্রত্যেকটি সদস্যের কাছে, বিশেষ ক'রে ডাক্তার ঘোষ, সুরেশ ব্যানার্জি এবং হেমন্তবাবুর কাছে আবেদন জানাচ্ছি"। ডাক্তার ঘোষ, সুরেশবাবু এবং হেমন্তবাবুর নাম আমি বিশেষ ক'রে বলেছিলাম এইজন্য যে ব্যক্তিগতভাবে তাঁদের প্রতি আমার শ্রদ্ধা আছে। কোন মানুষের কারও প্রতি শ্রদ্ধা থাকা না থাকা, এটা বোধ হয় দলের উপর নির্ভর করে না এবং আমি যদি মনে করি যে হেমন্তবাবু বা ডাক্তার ঘোষ বা ডাক্তার ব্যানার্জির কাছে বিশেষ ক'রে আবেদন করবার অধিকার আমার আছে, এটা যদি আমি উপলব্ধি করি তা হ'লে সেটা বলবার অধিকার আমার আছে ব'লে আমি মনে করি। এর মধ্যে কম্যুনিস্ট বা পি এস পি বা ফরোয়ার্ড ব্লকের মধ্যে কোন বিভেদ সৃষ্টি করবার ইচ্ছা আমার ছিল ব'লে যে তিনি বলতে চেয়েছেন, আমি বলব সেটা সর্বৈব মিথ্যা। অন্য কিছু

বলার আগে আমি আমার সমস্ত আন্তরিকতার সঙ্গে তাঁদের কাছে আবেদন করব যে পুনর্বাসনের মত এত বড় একটা বিরাট সমস্যার সমাধানের ব্যাপারে যদি তাঁরা আমাদের পাশে এসে দাঁড়ান, তাঁরা আমাদের উপদেশ দেন, আমাদের সঙ্গে সহযোগিতা করেন, তা হ'লে আমরা তাঁদের সহযোগিতা নিশ্চয়ই সাদরে গ্রহণ করব। আজকের দিনে এই সমস্ত বক্তৃতা শুনে আমি আনন্দ পেয়েছি এটা আমি স্বীকার করব, অধ্যক্ষ মহোদয়। আনন্দ পেয়েছি এইজন্য যে গণতন্ত্রের রীতি অনুযায়ী আমরা এই অ্যাসেম্বলিতে এসেছি এবং অ্যাসেম্বলিতে এসে শুধু ব'সে ব'সে সরকার কি করেছেন এটা শুধু শোনবার জিনিস নয়, সরকার যে কাজ করতে চান, তার কোথায় ভুল হয়েছে, কোথায় ত্রুটি হয়েছে, সেটাও শোনার জিনিস, সেটাও জানানো দরকার। আজকের দিনে বিরোধী পক্ষের কর্তব্যপালনে অবহেলা হবে আমি বলব যদি তাঁরা সেই জিনিস সরকারকে জানাতে না পারেন। আজকের দিনে যে সমস্ত সদস্যরা আমাদের পুনর্বাসনের ব্যাপারে ভুলত্রুটির কথা বলেছেন তাঁদের প্রত্যেককে আমি ধন্যবাদ দিচ্ছি। সেইসঙ্গে আমি তাঁদের কাছে বলব যে বছরে একবার মাত্র এই পুনর্বাসন আলোচনার সময় এই সমস্ত কথা ব'লে যদি তাঁরা তাঁদের কর্তব্য সম্পাদন করেন, তা হ'লে তাঁরা তাঁদের সত্যিকারের কর্তব্য পালন করলেন না। যদি সত্যিকারের তাঁরা যে জিনিসগুলি বলতে চেয়েছেন সেগুলি দূর হোক, সত্যই যদি কিছু অন্যায়-ত্রুটি থাকে, সেগুলি দূর হয়ে যাক, এটা যদি তাঁরা চান, তা হ'লে আমি তাঁদের অনুরোধ করব, আমাদের সঙ্গে তাঁরা যোগাযোগ স্থাপন করুন। শুধু হাউসএর মধ্যে বক্তৃতা দিয়ে তাঁরা যে উদ্বাস্তুদের ভালবাসেন এটা না ক'রে তাঁরা এসে আমাদের কাছে বলুন, আমরা নিশ্চয়ই তাঁদের সঙ্গে সহযোগিতা ক'রে সেগুলি দূর করবার চেষ্টা করব। [কম্যুনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।] আমি একটা কথা এখানে বলতে চাই। সেটা হচ্ছে এই যে দলীয় মনোভাব নিয়ে উদ্বাস্তু বিভাগ থেকে টাকা খরচ করা হয়েছে ব'লে যে কয়েক জন সদস্য অভিযোগ করেছেন, সেই অভিযোগ সম্পূর্ণ অসত্য। আজ পর্যন্ত উদ্বাস্তু ভাইবোনদের জন্য যে কাজই করা হয়ে থাকে সে কাজের দ্বারা যাতে ক'রে উদ্বাস্তু সমস্যার সুষ্ঠুভাবে সমাধান হয় তারজন্যই করা হয়েছে। কোন দলীয় মনোভাব নিয়ে, কোন লোক যেহেতু সে সেই দলের সাপোর্টার সেইজন্য তাকে সাহায্য করা হয়েছে, এরকম কোন জিনিস আমাদের কাছে আসে নি। কোন দৃষ্টান্ত যদি আপনাদের কাছে থাকে এবং যদি তা প্রমাণ করতে পারেন তা হ'লে নিশ্চয়ই আমরা সেটা দেখব যাতে ক'রে ভবিষ্যতে এরকম জিনিস না হয়। আজকের দিনে ট্রানজিট ক্যাম্প এবং কলোনীগুলি সম্বন্ধে এবং স্থানীয় হিন্দু-মুসলমানের বাড়ি নেওয়া, জমি নেওয়া নিয়ে অনেক সদস্য অনেক কথা ব'লে গেছেন এবং উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে বেশির ভাগ সদস্যই একটা কথার উল্লেখ করেছেন যে ৮৪ কোটি টাকার মধ্যে কেন মাত্র ৪০ কোটি টাকা খরচ হ'ল, আর বাকি ৪৪ কোটি টাকা কেন রিলিফএ খরচ হয়ে গেল? আমি তাঁদের বলব যে তাঁরা নিশ্চয়ই জানেন যে আমাদের এই উদ্বাস্তু সমস্যা একসঙ্গে হয় নি, দিনের পর দিন, মাসের পর মাস এবং বছরের পর বছর আমাদের দেশে উদ্বাস্তু এসেছে। এই সরকারের পক্ষে, ভারত সরকারের পক্ষে বা কোন মানুষের পক্ষে —যদি সে হাত গুণতে না জানে বা ভবিষ্যৎ বলতে না জানে—একথা বলা সম্ভব হয় না যে পরের বছর কত উদ্বাস্তু আসবে। আমি নিশ্চয়ই এটা স্বীকার ক'রে নেব যে একটা সুষ্ঠু পরিকল্পনা এই ৩২ লক্ষ উদ্বাস্তুর জন্য ১৯৪৭ সালে কি ১৯৪৮ সালে কি ১৯৫০ সালে তৈরি হয় নি এবং হয় নি তার প্রধান কারণ হচ্ছে এই যে, ১৯৫০ স'লে এই ৩২ লক্ষ উদ্বাস্তু আসে নি, প্রতি বছর নতুন ক'রে উদ্বাস্তু এসেছে এবং যেমন যেমন এসেছে তেমন তেমন তাদের জন্য পরিকল্পনা গ্রহণ করতে হয়েছে। তার ফলে সামগ্রিকভাবে যে একটা পরিকল্পনা করার দরকার ছিল—যেটা পাঞ্জাব করতে পেরেছে—সেই পরিকল্পনা পশ্চিমবঙ্গে হয় নি এবং হওয়া সম্ভবও ছিল না। আজকের দিনে আমাদের যে ভুল আছে, ত্রুটি আছে, আমাদের সমস্যার সমাধান হয় নি, আমাদের দেশের মানুষ এই সমস্ত ভাইবোনেরা যারা নিজেদের দোষে নয়, আমাদের দেশের স্বাধীনতার জন্য বলি হয়ে এসেছেন, তাঁরা যে দুঃখ পাচ্ছেন, এটা অতি সত্য কথা, এটা স্বীকার ক'রে নিতে আমাদের এতটুকুও লজ্জা নেই। কিন্তু সেইসঙ্গে বোঝা উচিত যে পৃথিবীর ইতিহাসে কোন রাষ্ট্রকে এত বড় একটা উদ্বাস্তু সমস্যার সম্মুখীন হ'তে হয় নি। ভারতবর্ষ স্বাধীন হয়ে যাবার চার মাসের মধ্যে পূর্ব পাকিস্তান থেকে ৪৭ লক্ষ উদ্বাস্তু এসে আমাদের দেশে উপস্থিত হ'ল।

[1-5—1-15 p.m.]

কিন্তু আমাদের এই পূর্ববঙ্গে যে ব্যাপার হ'ল, ওখানে যেমন মারামারি, কাটাকাটি ক'রে, হিন্দু-মুসলমান তারা যে ভাই, তারা যে একই দেশের একই মায়ের সন্তান, সেকথা ভুলে গিয়ে সাম্প্রদায়িক বিদ্বেষের আগুন সেখানে জ্বলে উঠেছিল এবং সেখান থেকে তারা চ'লে এসেছে। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় আমরা সব সময়েই এই কথা কল্পনা করি যে এই যে উদ্বাস্তু বা এখানে যে মুসলমান ভাইরা রয়েছে বা পূর্ববঙ্গে যে হিন্দু ভাইরা রয়েছে, তাদের সম্বন্ধে একদিন জিন্না সাহেব বলেছিলেন যে, তারা নিশ্চয়ই থাকবে আর বাংলাদেশে সাম্প্রদায়িক আবহাওয়া থাকবে না। তাই পূর্ববঙ্গের আজ যাঁরা উদ্বাস্তু তাঁরা সেই কথায় সেখানে থাকে এবং তাঁদের রিলিফ দিয়ে রাখার বন্দোবস্ত হয় নি। তারপরে যখন দেখা গেল তারা ঘরবাড়ি ছেড়ে চিরকালের জন্য এখানে আসছে তখন তাদের পুনর্বাসনের কথা চিন্তা করা হয়েছে এবং প্রতি বছরের পর বছর, দিনের পর দিন অতিমাত্রায় উদ্বাস্তু সমাগম এখানে হয়েছে। একটু আগে এখানকার সদস্য অপূর্ববাবু বলেছেন যে, যে মুসলমান ভাইরা এসেছে তাদের বাড়ি ছেড়ে দেওয়া হচ্ছে না, আর একজন বলেছেন যে সমস্ত জমি জোর ক'রে দখল ক'রে নেওয়া হচ্ছে। গরিব চাষী যার ১৪ বিঘা জমি তার সেটা নেওয়া হচ্ছে বা যার ১০ বিঘা জমি তার সেটা নিয়ে নেওয়া হচ্ছে। যদি এইরূপ হয়ে থাকে তবে সেটা দুঃখের কথা, ক্ষোভের কথা। এ সম্বন্ধে স্বীকার করায় লজ্জা নেই। কিন্তু আমি একথা বলব, যেখানে যেখানে হঠাৎ একদিন বা দু'দিন বা দু' বছর বা তিন বছর ধ'রে দফায় দফায় উদ্বাস্তু সমাগম হয় এবং তাঁদের মধ্যে যখন কেউ বাহিরে যেতে না চান তখন এই রকম ঘটনা যে ঘটবে, এটা আশ্চর্যের ব্যাপার নয়। পৃথিবীর ইতিহাসে দেখি, একমাত্র ওয়েস্ট জার্মানিতে দেখতে পেয়েছি যুদ্ধের সময়ে ইস্ট জার্মানি থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু সেখানে এসেছে। তা ছাড়া আর কোন রাজ্যকে এত বড় সমস্যার সম্মুখীন হ'তে হয় নি। অতএব আমি স্পীকার মহোদয়ের মারফত বিপক্ষীয় বন্ধুদের অনুরোধ করব, এটা সহানুভূতির দৃষ্টি দিয়ে দেখে সরকারকে সাহায্য করবার চেষ্টা করুন। কোথাও ভুলত্রুটি হয়েছে ব'লে সেটা নিয়ে সরকারকে ছোট করবার চেষ্টা না ক'রে ভুলত্রুটি দূর করবার মনোবৃত্তি নিয়ে আসুন, তা হ'লে নিশ্চয়ই সহযোগিতা গ্রহণ করব। স্পীকার মহোদয়, আর তিন মিনিট সময় নিয়ে একটি কথার উল্লেখ করতে চাই। আমি আগের দিন বক্তৃতায় বলেছি, আমার সঙ্গে মন্ত্রী প্রফুল্লবাবুও বলেছেন এবং আমার সহকর্মী পূরবী মুখার্জিও বলেছেন যে আমাদের দেশে আর জমি নেই। এটা সত্য কথা। আজ ৬০ লক্ষ কৃষক পরিবার নরনারী আছেন যারা দু' বিঘার চেয়ে কম জমির মালিক বা তাদের তত জমিই নাই। অতএব আমাদের দেশে ২০ বিঘা জমি এবং তার উপরে তাদের যে দাবি রয়েছে তার উপর দু' ইঞ্চি এক ইঞ্চি দিলে পশ্চিমবঙ্গে এই যে সর্বহারা ভূমিহীন কৃষক রয়েছে, এই কৃষক পরিবারের যাদের অধিকাংশই ভাগচাষী এবং দু'-এক বিঘাও নিজেদের জমি নাই, তাদের সমস্যা কোনদিন সমাধান হ'তে পারে না। এবং ভবিষ্যতের কথাও চিন্তা করতে হবে। শতকরা দেড় ভাগ লোকসংখ্যা যখন বাড়ে তখন তাদের কথাও ভাবতে হবে। আজ স্যাচুরেশন পয়েন্টএ এসে গেছে এবং সমস্ত জমি উদ্বাস্তু ভাইবোনদের মধ্যে বিতরণ ক'রে দিলেও আমাদের দেশের মানুষের সমস্যার সুষ্ঠু সমাধান হবে না। কাজেই আমাদের সমস্যা সমাধানের মধ্যে বড় প্রশ্ন হচ্ছে, ইন্ডাস্ট্রি মারফত এই সমস্যার সমাধান করা যায় কিনা। এ বিষয়ে আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে, আমরা প্রায় ১৪টা স্কীমএ গভর্নমেন্ট অব ইন্ডিয়ার স্যাংশন পেয়েছি। তার দ্বারা আমরা ন' হাজার উদ্বাস্তু ভাইবোনের কর্মসংস্থান করতে পারব। তা ছাড়া আরও বারটা স্কীম রয়েছে যাতে আরও সাড়ে সাত হাজার লোকের কর্মসংস্থান করতে পারব—তবে সেগুলো এখনও গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে স্টীল পেন্ডিং। তা ছাড়া আরও স্কীম রয়েছে যেগুলো সরকারের কাছে পাঠাবার আগে আমরা ভাল ক'রে চিন্তা করতে চাই। কিন্তু সেখানে শুধু বড় ইন্ডাস্ট্রি এবং কটেজ ইন্ডাস্ট্রি করলেই হবে না। কেন না কটেজ ইন্ডাস্ট্রির সাথে সাথে বড় ইন্ডাস্ট্রির ক্ল্যাশ হ'লে আমাদের দেশ বড় হ'তে পারবে না। কো-অপারেটিভএর মারফত আর ছোট শেয়ার-হোল্ডারএর মারফত এমনভাবে করতে হবে যাতে বড় ইন্ডাস্ট্রির সাথে একসঙ্গে শেপ দেওয়া চলতে পারে। বড় ইন্ডাস্ট্রি বাহিরের মেশিন বা পার্টস করবে। এর মধ্যে একটা কথা, আমাদের উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের যে জিনিসপত্র কেনা হয় সে জিনিসটা

আমার হাতে আছে। তার মধ্য দিয়ে চেষ্টা করছি যাতে ক'রে বেশির ভাগ উদ্বাস্তু পুনর্বাসনের যেসব দিক রয়েছে সেই দিক থেকে কো-অপারেটিভএর মারফত কটেজ ইন্ডাস্ট্রিকেও সমর্থন দিতে পারি।

Sj. Bankim Mukherji: Another point of order. Sir. The rule is that the Minister-in-charge has got the right of reply, but the custom has been up to this time that the Opposition has got the chance to speak just before the Minister speaks, but, Sir, I am looking in surprise that three members from the Treasury benches are inflicting replies one after another. This has never happened—three members from the Treasury benches speaking one after another. If they were ordinary members or ordinary M.L.As., they might have spoken. But the Opposition should have the chance to speak just before the Minister. That has been the custom and convention. Where there is no rule, we are guided by customs and conventions.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধী পক্ষ থেকে যে প্রশ্ন তোলা হয়েছে তার উত্তর দিতে থাকলে অনেক সময় লাগে। শ্রীমতী পূরবী মুখার্জি মহাশয়া সাধারণভাবে বলেছেন, তিনি বিশেষ কিছুর উত্তর দেন নি; শ্রীযুক্ত তরুণকান্তি ঘোষ মহাশয় মাত্র সামান্য কয়েকটি প্রশ্নের উত্তর দিয়েছেন, কিন্তু যে কয়টি প্রশ্ন নিয়ে জিজ্ঞাসা করা হয়েছিল আমি মনে করি তার উত্তর দেওয়া উচিত।

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

"বন্দেমাতরম্" মন্ত্রের উদ্গাতা ঋষি বঙ্কিমচন্দ্রের পুণ্যস্মৃতি রক্ষাকল্পে প্রতিষ্ঠিত ২৪-পরগনা জেলার নৈহাটি ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ পশ্চিমবঙ্গের মফঃস্বলের কলেজগুলির মধ্যে বৃহত্তম।

এই কলেজের সর্ববিধ উন্নতির জন্য বহু অর্থের প্রয়োজন। ল্যাবরেটরি, লাইব্রেরি, খেলাধুলা, কমনরুম, অধ্যাপক সংখ্যা বৃদ্ধি, ক্যান্টিনএর ও কলেজ বিল্ডিংএর সম্প্রসারণ অত্যন্ত জরুরী। সরকার এই কলেজের উন্নতির জন্য প্রয়োজনীয় অর্থ সাহায্য করিতেছেন না।

Sj. Cobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the Government grants for spread of education among the Scheduled Castes and tribes and mal-distribution of the grants.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of increasing the grant of the Malda College as in this year, it will be denied the privilege of donations from mango-selling concerns due to the fact that mango crop has nearly completely failed in Malda this year.

Sir, I also beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failuse of the Government to open up B.Sc. classes in the Malda College in Malda district.

Sir, I also beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to define any scale or condition of service of the special cadre teachers who were recruited 3 years ago for 3 years only—as a result of which future of these teachers hang in the balance.

Janab Taher Hossain: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of establishing high school for girls in Neamatpur area of Kulti police-station, district Burdwan.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about malpractices in the Physiology Department of the Presidency College, Calcutta.

Sir, I also beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to introduce free primary education in Calcutta.

Sir, I also beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to provide playgrounds in Central Calcutta for playing outdoor games by young people.

Sj. Gobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government in the primary and secondary stage of education, with basic system, and adult education.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the administration of the district libraries.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of Government up till now for creating a permanent chair to teach Urdu in the Calcutta University.

Sj. Satkari Mitra: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) failure of the Government to introduce compulsory education free of cost to the people of West Bengal;

(2) failure of the Government to supply necessary articles and books to the students of backward classes and to other poor students; and

(3) failure of the Government to appoint requisite number of duly qualified teachers.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(ক) বর্ধমান জেলার বিখ্যাত কবি 'চণ্ডীমঙ্গল'প্রণেতা কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী, 'মহাভারত'-প্রণেতা কবি কাশীরাম দাস, 'চৈতন্যচরিতামৃত'-প্রণেতা কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী, পাঁচালী রচয়িতা কবি দাশরথি রায় প্রভৃতির জন্মস্থানে; এবং

(খ) বিখ্যাত বিপ্লবী আজাদ হিন্দ্ বাহিনীর প্রতিষ্ঠাতা স্বর্গীয় রাসবিহারী বসুর জন্মস্থান বর্ধমান জেলার সুবলদহ গ্রামে স্মৃতিরক্ষা বিষয়ে সরকারী ঔদাসীন্য ও অক্ষমতা।

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(১) "বন্দেমাতরম্" মন্ত্রের উদ্গাতা ঋষি বঙ্কিমচন্দ্রের নৈহাটি কাঁটালপাড়াস্থ পৈতৃক বাসভূমিকে অবলুপ্তির হাত হইতে রক্ষার জন্য যথোপযুক্ত ব্যবস্থা না করা এবং "ঋষি বঙ্কিম সাহিত্য ও সংগ্রহশালা"র সম্প্রসারণ না করা; এবং

(২) ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন ও প্রাতঃস্মরণীয় প্রতাপচন্দ্র মজুমদারের গরিদাস্থ পৈতৃক ভিটার উদ্ধার না করা এবং ঋষি বঙ্কিমচন্দ্র, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র, প্রতাপচন্দ্র ও হরপ্রসাদ শাস্ত্রীর স্মৃতিরক্ষার যথোপযুক্ত ব্যবস্থা না করা।

Dr. A. M. O. Chani: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the management of the Wakf Estates.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশ্চিমবঙ্গের জনসাধারণের মধ্যে শতকরা নিরানব্বই জনই ইংরাজী ভাষা জানেন না এবং সকলেই নিজেদের মাতৃভাষা বাংলাভাষা জানেন। তৎসত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার মাধ্যমিক শিক্ষা হইতে সর্বরকমের উচ্চশিক্ষার ব্যবস্থাগুলি ইংরাজী ভাষার মাধ্যমে চালাইতেছেন। ইহা দাস-সুলভ মনোবৃত্তির পরিচায়ক, জাতীয়তা বিরোধী এবং জাতির অগ্রগতির বিরোধী ও প্রতিক্রিয়াশীল। এ সম্পর্কে আমার বক্তব্য আছে।

Sj. Pramatha Nath Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) free Secondary Education for all,

(2) free Compulsory Primary Education,

(3) free lodging and distribution of books to the scheduled castes and tribes for their education.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to start primary as well as secondary girls' schools in Labpur Constituency under Birbhum district.

Sj. Amarendra Mandal: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government with regard to primary and secondary education in Asansol, district Burdwan.

Dr. Kanailal Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government in curbing education by introducing 11-class system in the secondary stage.

Sir, I also beg to move that the demand of Rs. 6,28,53,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the social education scheme of the department.

Dr. Prafulla Chandra Ghosh: Mr. Speaker, Sir, I have heard with rapt attention the speech of the Education Minister, but sometimes I could not hear certain figures on account of defects either of the mike or of my ears—I do not know what. He gave us certain figures about multipurpose schools upgraded up to science. I do not exactly remember the figures. Before

I make my observations, if Dr. Roy will kindly give me the figures of the multipurpose schools out of the total number of schools I shall be grateful to him. I believe Dr. Roy has not listened to me.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am sorry I could not catch what you have said.

Dr. Prafulla Chandra Ghosh: So, we are both unfortunate.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We admire each other mutually. I could not follow you. You too could not follow me.

Dr. Prafulla Chandra Ghosh: Again I could not hear you. So, I could not laugh. We are both unfortunate. Neither could I hear you fully, nor could you hear me. I would only request you to give me the figures about the multipurpose schools upgraded in science.

Mr. Speaker: May I draw your attention to one thing? It is only to assist you. Even I found it extremely difficult to follow you, Dr. Ghosh. You better look at the mike when you speak. I am asking the Secretary to see if the mike is in order.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It may be that both of us are suffering from otosclerosis. I could not hear you and you could not hear me. [Laughter.]

Dr. Prafulla Chandra Ghosh: Sir, education is a very vital subject. So, in the directive principles of the Constitution there is a direction that primary education for children from ages 6 to 14 should be made free and compulsory within ten years. But what we find actually is that from 6 to 10 it is free in the rural area. Only in certain areas it was made compulsory from 6 to 10, but not in all areas. So, the directive principle of the Constitution has not been followed, and the Education Minister has not told us whether he is going to give effect to it even in the near future. What happens is this. A boy or a girl gets education from 6 to 10, and then there is no education afterwards. Ultimately, he or she lapses into illiteracy. That is what happens. Not merely that; the Planning Commission itself has admitted that boys and girls enter into schools in class I, and their number is reduced by 50 per cent. at least, if not in certain places by 70 per cent. when they reach class IV. So, there is a great national wastage. How to prevent this wastage is a great factor. That means that the increase from 12 lakhs to 22 lakhs is not a real figure, because what happens is this. The number of those who enter in class I is reduced in class IV to 30 per cent. or at the most to 40 per cent. For the last 2 or 3 years we are not getting any Government figure. But up to 1952-53 the figures that we get show that that is the position. Therefore, the first thing for the Government to do is to make education free and compulsory up to 14, and I do not know whether that is in the plan of the West Bengal Government or not. Then, Sir, about the primary education teachers there has been an increase in salaries undoubtedly, but one thing that I find, which I cannot understand is that for removing unemployment among the educated a large number of teachers have been appointed. Their appointment is only temporary, insecure, and to remove unemployment teachers are appointed. I cannot understand this thing. Teachers may be appointed for increasing the number of schools, for spreading education, but to remove unemployment unemployed people are dumped into schools. I can never understand this kind of education. This is most unhealthy. Then, Sir, their tenure is not permanent. They do not know what they will do after a certain number of years. Therefore they always dance to the tune either of the superior officers or the favourites of the

superior officers whoever they may be. Therefore, they cannot teach properly. In order that they can teach properly and if you want to give real education in the primary stage, whether you call it Special Cadre or by whatever name you may designate them they must be permanent teachers. This sort of insecurity is not good for education at all. This is about primary education.

Then, Sir, about secondary education, I must say that it has almost become a chaos. Instead of having a beautiful garden by planting trees it has become a jungle. Instead of 8 plus 4—that is the recommendation of the Mudaliar Commission.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No; the Radhakrishnan Commission.

Sj. Subodh Banerjee: As well as the Mudaliar Commisison. You distorted it. I shall show it later on.

Dr. Prafulla Chandra Ghosh: I shall not quarrel whether it is the Radhakrishnan Commission or the Mudaliar Commission. I shall accept that it is the Radhakrishnan Commission.

[3-40—3-50 p.m.]

Instead of 8 plus 4, they have converted it into 8 plus 3 + 11. That is the multipurpose school system. So the students will complete their education, secondary school education at the age of 17. Then, Sir, out of a very large number of schools only a small fraction will be converted into the multi-purpose schools. What will happen, what will be the relation between these large number of schools which are not multi-purpose schools which teach up to class X and which do not teach up to class XI? I do not know if Dr. Roy has gone through the syllabuses, draft syllabuses, proposed by the Government of India Council or whatever it is. The draft syllabuses for high secondary schools in the class XI are there and if Dr. Roy goes through them he will see what is going to be taught in class XI. In the Chemistry class there are the composition of atoms, review and research in atomic composition, electrical discharges through gases, radio activity, X-Ray and atomic principles and sub-atomic principles, electrons, protons, neutrons and so on and so forth and then in the Organic Chemistry up to synthetic rubber. I do not know wherefrom Dr. Roy will get teachers to teach, even to give an elementary knowledge of these protons and electrons and passage of electricity through gases, through crooks' vaccum tubes, etc. How he will fit these laboratories with these apparatuses? For this purpose at least three M.Sc. teachers will be necessary—one for Organic Chemistry, another for Physical Chemistry, another for Applied Mathematics. At least these three teachers will be necessary if these things are to be taught. No secondary school in the rural area can afford to have these three teachers in higher science. They simply will not get them. Even in Calcutta it is difficult to get them. The Headmistress of a Calcutta school day before yesterday told me that she advertised for teachers in Applied Mathematics and Science. There was not a single application forthcoming. That is the position. I do not know wherefrom these teachers would come. So before arranging for teachers, if only multi-purpose schools are opened, it would be like putting the cart before the horse. Therefore, education should be planned in such a way that there might be sufficient teachers for these schools. Teachers must be taught before and unless there are proper types of teachers these schools will be an absolute failure and after some time even if this scheme be good it will be told that "the scheme failed." Then as regards those schools which teach up to class X, and supposing most of the schools

will be teaching up to class X, those students who would finish their course up to class X—will they be able to complete the course, 11-year course, within one year? Supposing after finishing their course up to class X they want to go into science course, if they join in a school first—they will find it difficult to get admitted in a school—even if they join a school, they cannot finish the syllabuses within less than two or three years, though the best teachers are available. So, Sir, this multi-purpose school scheme, as it is planned, will not solve the problem. That is what I think in the matter. Therefore, what should be done is this: For those students who pass the matriculation or school final examination, there should be intermediate course and after finishing intermediate course in the Degree course there should be only Honours course. Every student should not be allowed to enter the University. As you are saying, these special schools up to 11-year course will give education up to the intermediate course and after that there will be three years' graduation course. This three years' graduation course after the intermediate should only be meant for meritorious students and only Honours course should be there so that we are not to fritter away our energy. A student who goes up to B.Sc. has to spend a lot of money of his father's or his father-in-law's money and also national money. Now, Sir, all this national money for B.Sc. student (pass course) is a national waste, because a pass course B.Sc. student knows very little. His knowledge is very little and if he is to teach the students in a multi-purpose school, this pass course B.Sc. student will absolutely fail. He is unfit to be a teacher. In the multi-purpose schools, there should be at least Honours course teachers. Even this Honours course should be upgraded. Our Honours Course also is too elementary, I should say. What is taught in our M.A. and M.Sc. course? In London, there are some colleges where they teach in B.Sc. course—I entered into the class room of a College with the permission of the Professor and remained there for an hour or so, and I found how they teach the students there—and I found there that they teach much better than our University classes. That is what I found. Unless our standard is raised, we cannot do that. So at least this should be done and not merely that, all meritorious students should be given stipends. Nobody should suffer on financial grounds for not being able to prosecute his studies at the higher stage. When I went to the University College of Science, London and met Professor Linstead he said that in Great Britain not a single meritorious student goes without education on financial grounds. Here if you can do that instead of opening College after College (and having 40,000 students in 5 colleges in Calcutta) and if you do that, there will be requisite number of teachers for us—that will serve the cause of education better. Therefore, the primary, secondary and University stages of education must be integrated together. As for secondary schools also—I forgot to mention one thing—there are several types of secondary schools, one is meant for the aristocrats, that is where the tuition fee is Rs. 40 or Rs. 50 or something like that, where only the new aristocrats and some of the decadent aristocrats can go, another is a type of school where the tuition fee is Rs. 30 and there is a third category of schools where the tuition fee is Rs. 10 or Rs. 12 and where only the poor people's sons can go. Why this distinction and discrimination, I do not understand, Sir.

Again, Sir, the same special Anglo-Indian Schools are continuing. Anglo-Indians are Indians after all and why should there be this special privilege for them? As I compare, the salary of the teachers in an Anglo-Indian School was Rs. 3,941 on an average while in an Indian school it was Rs. 1,200 and odd for the male student schools and Rs. 1,500 and odd for the girl student schools. So the Anglo-Indian schools get three times the salary of an Indian school and they have got their

separate Inspectorate and other things. They are living in a glass house. I appeal to the Anglo-Indians that if they live in a glass house like this, if they do not identify themselves with the Indians, they will never come to their own and I may say that this privilege is a double edged weapon that will ultimately recoil on them.

[3-50—4 p.m.]

So, I will request them not to press for the special privilege for the Anglo-Indians. Sir, in some of the schools in Calcutta run by the missionaries discrimination is made even in the fees. If there is a Catholic student he has to pay Rs. 6 as tution fees and if he is not a Catholic and an Indian he has to pay Rs. 21. The Government here is supposed to be non-religious in the sense that it will not give any special favour to any religious community. The Government should not encourage this kind of difference. They should not give grant to any institution which encourages these things and at least this discrimination should come to an end. Democracy means equal opportunities for all. If the sons of richmen go to one class of school, the sons of decadent aristocracy to another class of schools and the sons of common people to another class of schools then I tell you democracy will come to an end in this country. That is the position. Where we are as far as education is concerned in the school and colleges? What I feel is that all schools and colleges should be placed on the same footing as in Holland where Government does not make any difference between Government managed schools and private managed schools. Government grant is given on pro rata basis. The only condition is this. The Government prescribes qualifications for the school teachers and the Government see whether those conditions are fulfilled or not. Here also, in the primary stage, Government should see to this that the teachers' qualifications as prescribed are adhered to. In that case Government should give grant on pro rata basis. Only the qualifications of the teachers should be prescribed and nothing more beyond that. In the secondary schools all these discriminations should go.

Coming to the colleges I think both Government colleges and private colleges should be put on the same footing only if there are sufficient qualified teachers in the private colleges. Government should see to that and then the private colleges should be put on the same footing. The system of education that was prescribed in 1857 has remained more or less the same in the few Government colleges that were started. Now they cannot meet the requirements of the whole country. Therefore, if a private college has got a good number of professors they should be given grant on the basis of that so that they do not become inferior to the Presidency College or some other colleges. Sir, it has been said even by Dr. Roy in the Council, I do not know if the press report is correct or not, that in the Belur Vidya Mandir the teachers are not very brilliant but they pay special attention and therefore the result has been so good. I may tell you that the Belur Vidya Mandir only admits First Division students. (The Hon'bl Dr. BIDHAN CHANDRA ROY: No, they admit 2nd and 3rd Divisions also.) Then I am misinformed and I stand corrected. But it is mainly a residential college. There are also day schools. Sir, there are three factors connected with students' education. First malnutrition of the students; second, teachers in most cases—I hope teachers will excuse me both here and outside—do not teach. If a student asks him some questions—I have heard it myself from the students that the teachers ask them to attend their coaching classes—where they will have to pay a fee of Rs. 20 per month. The teachers do not teach and the students do not read because they think what is the future prospect after passing the examination, they

would only be vagabonds. So *somehow or other they want to pass their* time in schools. There is another factor and that is overcrowding in the schools. And due to this overcrowding the schools appear to be bazars. There is such terrible noise that nobody can hear anything. That is the position. In some of the colleges, I think there is no common room. The common room is the street. There is no accommodation. Therefore, Sir, the system must be thoroughly overhauled. In order to overhaul this I would suggest these things and I hope the Chief Minister will listen to me. Education should be made compulsory for children between the ages of 6 and 14 and thus most of the students will finish their education before 14. In every country this is the case. After this they will go to vocational schools and professional schools. Only meritorious students will go to schools after the age of 14 and they must finish before 21 when they would receive the degree—final or whatever it is. The medium of instruction should be the mother tongue. This is essential. They may learn other languages afterwards. The house where I live—I stay with my friend—his brother's daughter aged about 10 or 11 has to read 24 books in class VII and is overburdened with books. Nobody's mental calibre can do this. Boys and girls must not be overburdened with books. There should be three groups: 8 to 14, 14 to 18 and 18 to 21. That is all what I suggest and the medium of instruction should be mother tongue. Besides mother tongue, one can learn English or German or any modern European language and then Hindi or something else. For the South India, I have to make a suggestion and I do that with all humility, that a Chair should be created. Some of my friends had been suggesting a Chair for Urdu, but I suggest a Chair for the South Indian language in our University. One day when there was going to be a discussion on the language question among the Congress members of the Constituent Assembly, the General Secretary of the Congress informed me that a hot discussion would be going on and requested me to attend it. I told him that I was not a member of the Constituent Assembly but he said that he would take the permission of the President and finally I went there. I found people very much agitated and the Hindi as the national language was passed by majority of only a few votes and South Indian friends then shouted "Hindi Imperialism", "Hindi Imperialism". The South will not be favourably disposed towards us if we do not introduce some South Indian Language Chair in our University. Sir, the late Sir Ashutosh Mukherjee had that vision. He introduced a Chair for Tamil language in the Calcutta University, but that has been abolished for want of sufficient number of students or for whatever reasons, I do not know. But I think if we could establish a Chair for a South Indian Language here then at least the South Indians will feel at home when they come to Calcutta, and see that at least the Calcutta University has got a Chair for South Indian language. When I went to Gottingen I found in the library there books of Rabindranath and I felt proud myself. They teach Bengali to some students who carry on research on Indology, Bengali, Pali or Sanskrit languages. In the same way if you want to keep connection between the South and the North—a real connection—there should be a Chair for Tamil language in the Calcutta University. But the main thing is that our education must be in our mother tongue up to the highest stage.

[4—4-10 p.m.]

It may be said that in Science there are not sufficient number of books. Today there may not be sufficient number of books but I may tell Dr. Roy that I went to see a school at Daurala in the district of Meerut—he might have heard the name—where Science is taught through the medium of

Hindi. In that school were admitted students who read up to the Middle Vernacular standard—M. V. standard—it had a 4 years' course—I attended the 3rd year course and I found the Professor was lecturing in Hindi. He was teaching "six atoms of hydrozen in benzene molecule are equivalent". That is what is taught here in B.Sc. (Honours) Class. I thought that the students could not understand and I asked of the Professor for permission to put questions to the students. He gave me the permission—he said "of course you can ask questions"—and then I asked two questions of the students. I may tell our Education Minister that to one student if he was a B.Sc. Class student I would have given 50 marks on the answer that was given and to another 75 marks. That was in Hindi and to a student who had education only up to the Middle Vernacular standard—and again I would say that he is taught in Hindi. So when it is taught in his mother tongue the student will take it more easily. Therefore they should not say that the students will take it more easily when they are taught in English. They say that there is an international terminology but I should say that there is no such thing as international terminology in Science. Dr. Roy knows that what is acetic acid in English is Essigsaure in German. There is no question of international teminology. We could give education through mother tongue and we should make it free and compulsory for students up to 14 years of age. This multi-purpose school will not help us. You have created confusion in this field. In many schools Humanities course is taken up by students and when they pass out in that subject they are refused—they cannot take up Science—and therefore the career of the student is cut in the middle. Therefore this multi-purpose school—in Humanities and Science—will not serve the purpose. Therefore you have to radically reform the school system, the college system and the university education system. The grants to the university must be higher specially for research work. I know of a Professor of the Calcutta University who had shown some brilliant work getting only Rs. 2,000 annually as research grant. In these days what can a Professor do with only Rs. 2,000 annually as research grant? I may tell you that ten times, twenty times and fifty times that amount is given as research grant to the Professors in Oxford, in Cambridge and other places, and they show the result. I would, therefore, request Dr. Roy to see to the whole thing completely and not simply tinker with the thing—not to dot the i's and cut the t's. Unless there is radical reform this system of education will remain a jungle and not a beautiful garden. If you plan out properly it will be a beautiful garden, but it is an unplanned thing and it is going in a pell-mell way. Whatever rosy picture Dr. Roy might have given it is not really rosy.

Sj. Syamadas Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয়, আমাদের কাছে শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন, তাতে আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। প্রথমে তিনি তাঁর উদ্বোধনী ভাষণে শিক্ষানীতি সম্পর্কে এবং শিক্ষার প্রসারতা, ব্যাপকতা সম্পর্কে যে কয়টি কথা বলেছিলেন, সেজন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় সদস্য ডাঃ ঘোষের বক্তৃতা বিশেষ মনোযোগের সঙ্গে শুনেছি। অবশ্য তিনি বিরোধী পক্ষের লিডার হ'য়েও যে গঠনমূলক দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন, অন্যান্য সমালোচনার মধ্যে তা সাধারণতঃ দেখা যায় না। একটা কথা, অবশ্য তিনি ঠিকই বলেছেন যে, কনষ্টিটিউসন-এর নির্দ্দেশ আমাদের গঠনতন্ত্রের নির্দ্দেশই হচ্ছে এই যে, চৌদ্দ বছর বয়স পর্য্যন্ত সমস্ত ছেলে এবং মেয়েদের বাধ্যতামূলক এবং অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করতে হবে। এ-কথা ঠিক যে গঠনতন্ত্রে আমাদের ডাইরেকটিভ প্রিন্সিপল-এর মধ্যে এই নির্দ্দেশ রয়েছে যে, আমাদের

সর্বপ্রকার চেষ্টা করতে হবে। কিন্তু এই সম্পর্কে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার রিপোর্টে কতকগুলি মূল্যবান মন্তব্য করা হয়েছে। সেখানে প্ল্যানিং কমিশন এই কথা বলেছে—

"Efforts made during the First Plan are by no means small. They have, however, to be seen in the background of the magnitude of the total problem. Nevertheless there are enormous tasks to be carried out, for instance, a directive in the Constitution laid down that the States shall endeavour within a period of 10 years from the commencement of the Constitution to provide free and compulsory education for all children until they complete the age of 14 years". তারপর তাঁরা বলেছেন, "It will be seen that the goal set in the Constitution about free, compulsory and universal education is yet far away. It is, however, necessary to make every possible effort to fulfil the directive of the Constitution within the next 10 to 15 years".

এটা ঠিক যে আমরা এই ডাইরেকটিভ প্রিন্সিপল-এর যে নির্দেশ এটা অক্ষরে অক্ষরে পালন করতে পারিনি, কিন্তু পালন করবার কোন চেষ্টার ত্রুটি হয় নি এ-কথা আমি বলতে পারি।

আমি এই প্রসঙ্গে আমাদের পশ্চিমবঙ্গে শিক্ষা বিস্তারের জন্য যে বিপুল আয়োজন হয়েছে, সংক্ষেপে তার কথা বলবো। কিছুক্ষণ আগে মাননীয় শিক্ষামন্ত্রী বলে গেলেন যে আমাদের প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৯৪৭-৪৮ যা ছিল, তা বেড়ে প্রায় দ্বিগুণ হয়েছে, এখন ২২ লক্ষের বেশী এবং শতকরা হার বৃদ্ধি দেখলে দেখা যায়—এটা বৃদ্ধি হয়েছে শতকরা ৮৪ ভাগ। শুধু তাই নয়, আর একদিক দিয়ে যদি বিবেচনা করে দেখি যে আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গের জন্য যে লক্ষ্য এ-বিষয়ে স্থির করা হয়েছে, সেটা হচ্ছে এই যে, যারা স্কুলে যায়, এমন ছেলে-মেয়ের মধ্যে শতকরা ৭৫ জনের অন্ততঃ অবৈতনিক শিক্ষা ব্যবস্থা করতে হবে। এখন প্রাথমিক বিদ্যালয়গুলিতে যে-সব ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে তাদের সংখ্যা স্কুলে যাওয়ার মত বয়সের ছেলে-মেয়ের মধ্যে শতকরা ৬৬। কাজেই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে যেখানে শতকরা ৭৫ জন ছেলে-মেয়ের পড়াশুনার ব্যবস্থা করতে হবে, আজকে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রারম্ভে আমরা সেখানে শতকরা ৬৬ জন ছেলে-মেয়ের পড়াশুনার ব্যবস্থা করতে পেরেছি।

[4-10—4-20 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়! আমার নিজের ধারণা, যদি কোন বিরোধী পক্ষের সভ্য একেবারে অন্ধ এবং কুসংস্কারাচ্ছন্ন না হন, এবং বিরোধের টানে নিজেকে অস্পষ্ট ও অস্বচ্ছ ক'রে না দেন, তাহলে একবার বাজেটের পাতায় চোখ বুলালেই দেখবেন যে, প্রতি বছর কিভাবে শিক্ষার খাতে ব্যয়-বরাদ্দ বেশী কোরে করা হচ্ছে। ১৯৪৮-৪৯ সালে শিক্ষা খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা খরচ হয়েছে; ১৯৪৯-৫০ সালে ২ কোটি ৬৮ লক্ষ টাকা; ১৯৫০-৫১ সালে ৩ কোটি ৬ লক্ষ টাকা; ১৯৫১-৫২ সালে ৩ কোটি ৪১ লক্ষ টাকা; ১৯৫২-৫৩ সালে ৪ কোটি টাকা; ১৯৫৩-৫৪ সালে ৪ কোটি ৬৩ লক্ষ টাকা; ১৯৫৪-৫৫ সালে ৬ কোটি ২৬ লক্ষ টাকা; ১৯৫৫-৫৬ সালে ৯ কোটি ২১ লক্ষ টাকা; এবং ১৯৫৬-৫৭ সালে ছিল ৯ কোটি ২৬ লক্ষ টাকা এবং সংশোধিত বাজেটে ১০ কোটি ২৪ লক্ষ ২৫ হাজার টাকা হয়েছিল। আর আলোচ্য বছরে অর্থাৎ ১৯৫৭-৫৮ সালে ১১ কোটি ১৩ লক্ষ ৩৭ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে। অর্থাৎ ধাপে ধাপে এ কয় বছরের মধ্যে ব্যয়-বরাদ্দের পরিমাণ আকারে বাড়ছে। কাজেই শিক্ষামন্ত্রী মহাশয়কে এই বাজেট পেশ করবার জন্য ধন্যবাদ না দিয়ে পারা যায় না। এই বরাদ্দের সঙ্গে মেডিক্যাল শিক্ষা, কৃষি-শিক্ষা এবং উদ্বাস্তু ছাত্র-ছাত্রীদের শিক্ষার জন্য যে ব্যয়-বরাদ্দ রয়েছে, তা যোগ করলে অনেক দাঁড়িয়ে যাবে। আমি কলেজী শিক্ষা সম্বন্ধে দুই-একটি কথা ব'লব।

আমি এ-কথা স্বীকার করি যে, কলেজের শিক্ষা বাংলা ভাষাতেই দেওয়া উচিত। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, বাংলা ভাষায় শিক্ষা দিলে অতি দুরূহ ও জটিল বিষয়ও খুব সহজে বোঝান যেতে পারে। সেই জন্য আমি এ-বিষয়ে ডাঃ ঘোষকে সম্পূর্ণ

সমর্থন করি। আমি এ-কথাও বিশ্বাস করি যে, আমাদের যে শিক্ষা ব্যবস্থা সেটা আমাদের সামাজিক এবং অর্থনৈতিক আদর্শের সঙ্গে খাপ খাইয়ে রচনা করতে হবে এবং সঙ্গে সঙ্গে বৃহদাকার কলেজগুলিতে যে ভিড়, যে ঠাসাঠাসি তা লাঘব করবার জন্য এবং 'কমন-রুম' এবং লাইব্রেরির যে অপব্যবস্থা সে সম্পর্কে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। কিন্তু সেই সঙ্গে সঙ্গে তাঁকে এ-কথাও বলি যে, যদি সমস্ত কলেজগুলিকে রিফর্ম করতে হয়, তাহলে সম্পূর্ণ ফী ইনকাম-এর উপর অর্থাৎ ছাত্রদত্ত বেতনের উপর নির্ভর করতে যেন না হয়; তারা এ-পর্যন্ত সরকারী সাহায্য থেকে বঞ্চিত আছে। তাই বলি সরকারী সাহায্য পাবার উপযুক্ত বিবেচিত হ'লে তাদের সাহায্য দেওয়া উচিত। তা ছাড়া বহু দিন ধ'রে শিক্ষকদের ডিয়ারনেস এলাউন্স-এর কথা বিবেচনাধীন আছে; সেটা সহানুভূতির সঙ্গে আলোচনা করবার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের নিকট আবেদন জানাই।

Sj. Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা ত্রুটিপূর্ণ। জাতির আশা আকাঙ্ক্ষার সাথে এর কোন সঙ্গতি নাই, আর আমাদের বর্তমান সমাজ-ব্যবস্থার সাথেও এর কোন সঙ্গতি নাই। এ-কথা আমরা বরাবর এখানে প্রতি বৎসর ব'লে আসছি এবং দেশের শিক্ষাবিদরাও এই কথা বলেছেন। বিদেশী সাম্রাজ্যবাদীরা তাদের শাসন পরিচালনা করবার জন্য যে শিক্ষা-ব্যবস্থা তৈয়ার করেছিল, বহু বৎসর আগে, আজ স্বাধীনতা লাভের ১০ বৎসর পরেও সেই শিক্ষা ব্যবস্থাই মোটামুটিভাবে চালু আছে। কখন কখন ছোটখাট পরিবর্তনের চেষ্টা হয়েছে, এবং সংশোধনও হয়েছে, কিন্তু সেই সংশোধন আমলাতান্ত্রিক উপায়ের মত এত খামখেয়ালীভাবে করা হয়েছে যে, তাতে সত্যকারের শিক্ষা ব্যবস্থার কোন উন্নতি হয় নি। আজকে আমাদের শিক্ষামন্ত্রী একটা খুব উজ্জ্বল চিত্র ধ'রে তোলাবার চেষ্টা করলেন, কিন্তু এই শিক্ষামন্ত্রী আগে যা বলেছেন সেই কথা শুনলে আজকে যে চিত্র আমাদের কাছে ধ'রে তুলেছেন তা বিশ্বাস হবে না। শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন—

"Education has little significance. We are living in an ever-changing dynamic world. Men and things move faster than we imagine. Old scales of values are giving place to the new. The question as to how to modulate our educational system so that it can be attuned to the needs of the modern world requires serious consideration."

আজকে যে বাজেট উনি পেশ করেছেন, সেই বাজেট দেখে এ-কথা আমাদের বিশ্বাস করতে ইচ্ছা হয় না যে আমাদের শিক্ষামন্ত্রী এ-কথা বিশ্বাস করেন যে—

"that we are living in an ever-changing dynamic world."

উনি এ-কথা নিজেই বিশ্বাস করতে পারেন না, কিন্তু

Men and things move faster than we imagine.

এ বাজেটে শিক্ষা-ব্যবস্থার সংস্কারের চেষ্টা হয় নি। এই বাজেটের ভিতর তার ইঙ্গিত পর্যন্তও নাই। এই বাজেট দেখে আমরা হতাশ হয়েছি। এ পর্যন্ত যে পরিবর্তনের চেষ্টা হয়েছে তা শিক্ষা দপ্তরের ভিতরই সীমাবদ্ধ। আমাদের শাসকেরা মনে করেন শিক্ষা সম্পর্কে তাঁদের জ্ঞান সবচেয়ে বেশী। দেশের শিক্ষাবিদ এবং শিক্ষকদের এ-সম্বন্ধে কি বক্তব্য আছে আমাদের পশ্চিমবাংলার শিক্ষা-দপ্তরের অধিকর্তা সে কথা ভাবেন না, বিশেষ কোরে শিক্ষা-সচিব মহাশয়, তিনি ত এ-কথা মোটেই মনে করেন না। দেশের শিক্ষিত চিন্তাশীল লোকেরা বার বার দাবী করেছে যে, দেশের জ্ঞানী, চিন্তাশীল, শিক্ষিত ব্যক্তিদের আহ্বান ক'রে তাঁদের উপর দায়িত্ব অর্পণ করা হোক, যাতে তাঁরা সুষ্ঠু ও সুসঙ্গতভাবে, সমাজের পরিবেশের সাথে খাপ খাইয়ে একটা শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের পরামর্শ দেন এবং সরকার তার উপরে সিদ্ধান্ত নেবেন। এখন বাজেট সম্বন্ধে দু'টা কথা বলি।

শিক্ষা খাতে মোট ব্যয় ধরা হয়েছে ১১ কোটি ১৩ লক্ষ টাকা। সরকারপক্ষ থেকে বহুবার জানান হয়েছে যে, অনেক টাকা ব্যয় করা হচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এ-কথা বলেছেন এবং রাজ্যপাল মহাশয়ও এ-বিষয়ের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন যে, শিক্ষা খাতে

ব্যয় বাড়ান হয়েছে। সে-দিন মুখ্যমন্ত্রী বলেছেন যে, পুলিশ খাতের চেয়ে শিক্ষা খাতে ব্যয় বাড়ান হয়েছে। কিন্তু আমরা বলি কতকগুলো ব্যয় বাড়ালেই কি কল্যাণমূলক কাজ হয়? তাহলে ত এই অকল্যান্ড থেকে সমগ্র দেশের কল্যাণ অনেক দূরে তাঁরা নিয়ে যাচ্ছেন। এই শিক্ষা খাতে, আমাদের বিশ্বাস যে, যতই ব্যয় বাড়ান হউক, কিন্তু ঠিক কল্যাণমূলক পথ আমরা ধরতে পারি নি এবং সে পথ আমাদের সরকারও দিতে পারেন নি। ১১ কোটি ১৩ লক্ষ টাকা একজিস্টিং এডুকেশনাল সেট আপ-এর জন্য ব্যয় হচ্ছে। দ্বিতীয় পরিকল্পনার খাতে হয়েছে ৩ কোটি ৮৪ লক্ষ টাকা, অর্থাৎ উন্নয়ন খাতে ধরা আছে ৭ কোটি ২৯ লক্ষ টাকা। একজিস্টিং সেট আপ-এ ৩ কোটি ৮৪ লক্ষ টাকা বিশ্লেষণ করলে দেখা যাবে যে, ৮০ লক্ষ ৮৫ হাজার টাকা উচ্চ শিক্ষার জন্য অর্থাৎ শতকরা ২১ ভাগ, মাধ্যমিক শিক্ষার জন্য ১ কোটি ৩৯ লক্ষ ৭৩ হাজার অর্থাৎ শতকরা ৩৯ ভাগ, এবং প্রাথমিক শিক্ষার জন্য ৬৯ লক্ষ ৩২ হাজার, অর্থাৎ শতকরা ১৮ ভাগ। প্রাথমিক শিক্ষার ব্যয়-বরাদ্দের দাবী থেকে বুঝতে পারি যে, শিক্ষা ব্যবস্থার সম্বন্ধে আমাদের শিক্ষামন্ত্রীর বিশেষ কোন আগ্রহ নাই। কারণ, তাহলে প্রাথমিক শিক্ষার খাতে নিশ্চয়ই আরও বেশী ব্যয়-বরাদ্দ দাবী করতেন। আজ সংবিধান প্রস্তুতের ৬।৭ বৎসর পরে এক-তৃতীয়াংশ বালক-বালিকারাও শিক্ষা লাভের সুযোগ পাচ্ছে না। যেভাবে চলেছে, তাতে ১৪ বৎসরের বালক-বালিকারা বিনা মূল্যে শিক্ষার সুযোগ কত বৎসরে পাবে সে সম্বন্ধে শিক্ষামন্ত্রী আলোকপাত করুন এই অনুরোধ করছি।

[4-20—4-30 p.m.]

দ্বিতীয়তঃ, কেবল-মাত্র সরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলির প্রত্যেকটির জন্য সরকার বছরে ব্যয় করেন ৮৪ হাজার টাকা, আর বেসরকারীগুলির জন্য খরচের বরাদ্দ মাত্র বছরে ৮ হাজার।

ঠিক তেমনি করে এ্যাংলো-ইন্ডিয়ান স্কুলের জন্য অপরিমিত টাকা খরচ হয়। এ্যাংলো-ইন্ডিয়ান ছেলে-মেয়েরা শিক্ষা লাভ করুক, তাদের উন্নতি হোক এটা আমরা সর্বান্তকরণে চাই এবং তার জন্য আমরা তাদের সবরকম সাহায্য করব। কিন্তু তবুও যে পরিমাণে তাদের জন্য খরচ হয় সেটা আমরা মনে করি এই দরিদ্র দেশে সে সম্পর্কে একটু বিবেচনা করা দরকার। এই প্রকার অপরিমিত ব্যয় কতকগুলি সরকারী স্কুলের জন্য ইংরাজের সময় থেকে আজ অবধি হয়ে আসছে। অতীতের ইংরেজের সময়ের এই নীতি আকড়ে থাকার ফলে আজকে দেশের কি অবস্থা হয়েছে, তা আপনারা শুনুন। ওয়েষ্ট বেঙ্গল সেকেন্ডারি এডুকেশন কমিশন বলেছেন—

"Government contribution only about 60 per cent. of the total expenditure, 70 per cent. of the expenditure is met out of the tuition fees of the students".

স্বভাবতঃই স্কুলের বেতন বেড়েছে, এবং এই অবস্থায় ছেলে-মেয়ের শিক্ষার খরচ অভিভাবকরা আর কুলিয়ে উঠতে পারছেন না। এর ফলে ছেলে-মেয়েদের শিক্ষা যে বন্ধ হয়ে যাচ্ছে সে বিষয়ে কংগ্রেস সরকার কি বিবেচনা করবেন? উন্নয়ন পরিকল্পনা খাতে ৭ কোটি ২৯ লক্ষ টাকা যে ধরা হয়েছে, তার মধ্যে প্রাথমিক, বুনিয়াদী এবং বেসিক শিক্ষার জন্য ২ কোটি ১৬ লক্ষ টাকা ধরা হয়েছে—অর্থাৎ ২৯·৬ ভাগ। এবং মাধ্যমিক শিক্ষার জন্য ১ কোটি ৪২ লক্ষ টাকা ধরা হয়েছে—অর্থাৎ ১৯·৪ ভাগ। গ্রামাঞ্চলে মাত্র ১০৮টি পূর্ণ-বুনিয়াদী, ৫৮টি আংশিক বুনিয়াদী এবং শহরাঞ্চলে মাত্র ১৮টি বুনিয়াদী স্কুলের বরাদ্দ করা হয়েছে। ১৪ বছরের বালক-বালিকার মধ্যে ⅔ অংশ এখনও শিক্ষার কোন সুযোগ পায় না। অতএব সকলের এই শিক্ষার ব্যবস্থা আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় কতদিনে করবেন তা আমরা জানতে চাই। এ-পর্যন্ত মাত্র ৭টি মাল্টি-পারপাস স্কুল স্থাপিত হয়েছে এবং ২০টি মাধ্যমিক স্কুলকে ১½ বছরের ভেতরে হায়ার সেকেন্ডারি পর্যায়ে উন্নীত করা হচ্ছে। কিন্তু অত্যন্ত খামখেয়ালীভাবে এই আপগ্রেডিং হচ্ছে। যেসব স্কুলে কোনদিন যথেষ্ট সংখ্যক ছাত্র ফাইন্যাল পাশ করতে পারে নি, যেসব স্কুলে উপযুক্ত গ্র্যাজুয়েট শিক্ষক নেই, দেখা গেছে কোন কোন ক্ষেত্রে সেইসবকে আপগ্রেড করার জন্য অর্থও সাহায্য করা হচ্ছে। সরকারের এই অযৌক্তিক

নীতির ফলে এবং দুর্নীতিপূর্ণ নীতির ফলে বহু পরিমাণে হাইস্কুল দুটো উপরের ক্লাশ বাদ দিয়ে ডিগ্রেড হবে এবং এই ত্রুটিপূর্ণ অবস্থার ফলে এতগুলো সেকেন্ডারি স্কুল-এর মধ্যে মাত্র সামান্য কয়েকটি স্কুল সরকারী সাহায্য পেয়ে আপগ্রেড হবার সুযোগ পাবে। এই কথা আমাদের ভেবে দেখা দরকার যে, এই নীতি যদি অক্ষুণ্ণ থাকে তাহলে শিক্ষা-ব্যবস্থা প্রসারিত না হয়ে সংকুচিত হবে। আমি নিশ্চিতভাবে বিশ্বাস করি যে এই আপগ্রেডিং করার ক্ষেত্রে সিলেকসন-এর যে নীতি, যে ষ্ট্যান্ডার্ড সরকারী-দপ্তর ফলো করছেন তা অবিলম্বে পরিবর্তন করা দরকার। আমি আরও বিশ্বাস করি যে, এই নীতির ফলে শিক্ষা দুর্মূল্য হবে, শিক্ষার ব্যয় বেড়ে যাবে, শিক্ষা সংকুচিত হবে। সেজন্য আমরা শিক্ষামন্ত্রীকে এ-বিষয়ে আরও গুরুত্ব দিয়ে ভেবে দেখবার জন্য বলি। আমরা শিক্ষামন্ত্রীর কাছ থেকে আজকে একটা সুস্পষ্ট ঘোষণা চাই যে, পশ্চিমবাংলার কোন স্কুলকে বাদ দেওয়া হবে না, সব স্কুলকেই ফুল্লি আপগ্রেড করা হবে এবং সব স্কুলকে আপগ্রেড করার জন্য যথাযথ অর্থ সাহায্য করা হবে। সরকার কয়েক বছরের ফেজিং-এর ভেতর দিয়ে, যে কথা ডাঃ রায় বলেছেন, উই হ্যাভ গট টু বি স্লো, গ্র্যাজুয়্যালি, এ-বিষয়ে এগিয়ে যাবেন। কিন্তু তার ফলে কি হবে না টেন-ইয়ার স্কুল থাকবে, ইলেভেন-ইয়ার স্কুল হবে, কতকগুলি টেন-ইয়ার স্কুল এইট-ইয়ার হয়ে যাবে এবং এই যে ক'বছর ইলেভেন-ইয়ার এবং টেন-ইয়ার পাশাপাশি চলবে সেই ক'বছরই একটা ক্লাশ সৃষ্টি হবে ও সেই ক'বছরই ছাত্র-ছাত্রীদের সবচেয়ে বেশী অসুবিধা হবে। তাই আমাদের বক্তব্য যে, এই ক্যায়োটিক অবস্থা থেকে অব্যাহতি পাবার জন্য ১০০ স্কুলকে সাইমালটেনিয়াসলি আপগ্রেড করা হোক। এবং এই বিষয়ে অর্থের জন্য আমরাও দাবী করব এবং ডাঃ রায়ও কেন্দ্রীয় সরকারের কাছে এ-বিষয়ে অর্থের দাবী করুন।

তারপর, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে আরও ২।১টি বিষয় আলোচনা করা প্রয়োজন। আমাদের রাজ্যসরকার ইলেভেন-ইয়ার প্রি-ইউনিভার্সিটি কোর্স-এ থ্রি-ইয়ার ডিগ্রি কোর্স-এর একটা সিদ্ধান্ত নিয়েছেন। স্বভাবতঃই কেন্দ্রীয় সরকার যখন এই সিদ্ধান্ত নিয়েছেন, তখন আমাদের রাজ্যসরকারও সেটাকে মেনে নিয়েছেন। আমরা বলি যে, সর্বভারতীয়ভাবে মাধ্যমিক শিক্ষা, অর্থাৎ প্রি-ইউনিভার্সিটি কোর্স-এ একটা স্ট্যান্ডার্ড এ্যাণ্ড প্যাটার্ন হওয়া দরকার। অতএব রাজ্যসরকারের কি উচিত ছিল না যে, শিক্ষা-দপ্তরের এই সিদ্ধান্ত মেনে না নিয়ে এই বিষয়টা যদি দেশের যারা শিক্ষাবিদ, যাঁরা শিক্ষক, তাঁদের কাছে রেফার করা, তাঁদের মত নেওয়া, তাঁদের সঙ্গে আলোচনা করা? কিন্তু সেটা তাঁরা করেন নি। ইংল্যান্ড, আমেরিকা, ফ্রান্স, ইষ্ট-জার্মানী এবং য়ুরোপের, প্রায় কোন দেশেই ১৩ বছরের কম প্রি-ইউনিভার্সিটি কোর্স হয় না। অর্থাৎ ১০ বছরের আগে ইউনিভার্সিটি কোর্স আরম্ভই হয় না। আমেরিকা এবং ফ্রান্সে ১২ বছরের পরে আরও ২।৩ বছর প্রি-ইউনিভার্সিটি ট্রেইনিং পিরিয়ড বাড়াবার জন্য দাবী উঠেছে। আমাদের দেশে রাধাকৃষ্ণণ কমিশন ১১ বছরের প্রি-ইউনিভার্সিটি স্কুলিং-এর বিরুদ্ধে মত দিয়েছেন এবং ১২ বছর সম্পর্কে তাঁরা মত প্রকাশ করেছেন। আমাদের দেশের ছেলে-মেয়েদের দুটি প্রধান অসুবিধা হচ্ছে এই যে, প্রথমতঃ তাদের একটা বিদেশী ভাষায় শিক্ষা গ্রহণ করতে হয়। বিজ্ঞান, কিম্বা টেকনিক্যাল, কিম্বা হিউম্যানিটিস সাবজেক্ট হ'লেই ইংরাজী ভাষায় তাকে শিক্ষা গ্রহণ করতে হবে, কিন্তু এটা তার মাতৃভাষা নয়। দ্বিতীয়তঃ তারা গরীবের ঘর থেকে আসে—যে ঘরে অনেক সময় দেখা যায় যে, শিক্ষার কোন ব্যাক-গ্রাউন্ড থাকে না। এই সমস্ত অসুবিধার মধ্যে তারা পড়ে। সুতরাং এই অবস্থায় ১১ বছরের প্রি-ইউনিভার্সিটি স্কুলিং-এর ব্যবস্থা তাদের পক্ষে অসুবিধা সৃষ্টি করবে। যাহোক, এ সম্পর্কে আমরা কোন বিশেষ মত প্রকাশ করছি না। কিন্তু এই কথা দাবী করব যে, আমাদের শিক্ষামন্ত্রী বা পশ্চিমবাংলা সরকার এই বিষয়টা দেশের শিক্ষাবিদ ও শিক্ষকদের কাছে রেফার করে, তাদের সঙ্গে পরামর্শ করে তবে ইলেভেন-ইয়ার কোর্স, টেন-ইয়ার কোর্স ও থ্রি-ইয়ার ডিগ্রি কিম্বা বর্তমানে যা আছে সে সম্বন্ধে যেন তাঁরা শেষ সিদ্ধান্ত নেন। সিলেবাস সম্পর্কে বলব যে, সর্বস্তরের সঙ্গে শিক্ষার সঙ্গতি রেখে একটা ইন্টিগ্রেটেড সিলেবাস তৈরী করা উচিত। কিন্তু সেই প্রপার্লি ফেজড সিলেবাস আজও পর্যন্ত আমাদের তৈরী হয় নি। বর্তমানে শিক্ষার প্রতিটি স্তরকে একটা আলাদা সেল্ফ কনটেণ্ড এবং সেল্ফ স্যাটিসফাইং ইউনিট হিসাবে ধরা হচ্ছে। তার ফলে বহু ক্ষেত্রে একই জিনিষ ছাত্রদের

বহুবার শিখতে হয় এবং তাতে সময়ও বহু নষ্ট হয়। এখানে বলা প্রয়োজন যে, পাঠ্য-পুস্তকের বিষয়গুলি অনেক ক্ষেত্রে খামখেয়ালীভাবে স্থির করা হয়। মিঃ স্পীকার, স্যার, আপনি যদি দু'খানা কিশলয় কখনও খুলে দেখেন তাহলে দেখবেন যে, তার ভেতরে এমন জিনিষ দেওয়া হয় যে জিনিষগুলো ছাত্র-ছাত্রী কেন ছাত্র-ছাত্রীদের বাপ-ঠাকুর্দারাও বুঝতে পারে না। প্রাথমিক স্কুলের ছেলে-মেয়েদের অল্প সময়ের মধ্যে এত বিভিন্ন বিষয়ে শিক্ষা নিতে বাধ্য করা হয় যে, তার ফলে শিক্ষা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের আগ্রহ না বেড়ে আতঙ্ক বাড়ে। এইসব কারণে শিক্ষা ক্ষেত্রে আমাদের সর্বাঙ্গীণ অবনতি ঘটছে। অতএব সরকার উদ্যোগী হয়ে এ-বিষয়ে শিক্ষকদের মত নিন।

তারপর, মালটি-পারপাস স্কুল সম্বন্ধে আমরা আজও কিছু জানি না এবং এ-বিষয়ে সরকার আজও আমাদের কিছু বোঝাতে পারেন নি। আমেরিকা থেকে নিয়ে মুদালিয়ার কমিশন মালটি-পারপাস স্কুলের সুপারিশ করেছেন। আমেরিকা এবং ইংল্যান্ডে মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে তিনটি ধারা আছে। আমেরিকাতে অবশ্য এই তিনটি ধারাকে একত্র করবার চেষ্টা করা হচ্ছে—ইংল্যান্ডে এটা হয় নি। কিন্তু আমেরিকাতে এই তিন ধরনের স্কুল থেকে যেসব ছাত্র-ছাত্রী বেরোয় তারা জীবনের তিনটি বিভিন্ন ক্ষেত্রে গিয়ে প্রবেশ করে। অর্থাৎ যারা এ্যাকাডেমিক কোর্স নেয়, তারা উচ্চ শিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ে যায়, যারা টেকনিক্যাল কোর্স নেয় তারা শিল্প ক্ষেত্রে উচ্চ পর্যায়ে প্রবেশ করে এবং যারা জেনারেল নেয়, তারা সাধারণ পর্যায়ে প্রবেশ করে। মুদালিয়ার কমিশন আমাদের দেশে মালটি-পারপাস হায়ার সেকেণ্ডারি স্কুল স্থাপনের যেভাবে পরিকল্পনা করেছেন, তার অন্তর্নিহিত উদ্দেশ্য আমাদের যা মনে হচ্ছে তাতে সব ছেলে-মেয়েকে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের জন্য উপযোগী করে তোলা হবে। বিভিন্ন ফ্যাকাল্টিতে মালটি-পারপাস স্কুলে, টেকনিক্যাল, ভোকেশনাল, এগ্রিকালচারাল কোর্স-এর যে ব্যবস্থা করা হচ্ছে তা কি লেস ইনটেলিজেন্ট, লেস মেরিটোরিয়াস, ডাল এ্যাণ্ড আনএ্যাকাডেমিক ধরনের ছাত্রদের জন্য? এই কোর্স শেষ করার পরে ছাত্ররা কি বিশ্ববিদ্যালয়ের টেক্‌নিক্যাল, কমার্সিয়াল বা এগ্রিকালচারাল ফ্যাকাল্টি-তে উচ্চ শিক্ষার জন্য যাবে না? যদি মালটি-পারপাস স্কুল ইউনিভার্সিটি শিক্ষার জন্য তৈরী হয়ে থাকে তাহলে মালটি-পারপাস স্কুল-এ সময় নষ্ট না করে সেই সময়টা কি আর্ট কোর্স কিম্বা সায়েন্স কোর্স-এ দেওয়া উচিত নয়? সেজন্য শিক্ষামন্ত্রীর কাছ থেকে এ সম্বন্ধে বিশদ জানতে চাই। ইংল্যান্ডে মালটি-পারপাস স্কুল-এর প্রস্তাব প্রত্যাখ্যাত হয়েছে। আমেরিকাতেও সম্প্রতি এই ধরনের একটা কম্প্রেহেন্সিভ, অর্থাৎ মালটি-পারপাস স্কুল-এর বিরুদ্ধে একটা প্রতিবাদ উঠেছে। এই সঙ্গে আরও একটা কথা বলছি। মালটি-পারপাস স্কুল, বিশেষ করে আপগ্রেড স্কুল ও ছাত্রদের পড়াবার জন্য খরচ বেড়ে যাবে। সেজন্য মন্ত্রীমহাশয়ের কাছ থেকে বিশেষভাবে জানতে চাই যে, এইসব আপগ্রেড স্কুল কিম্বা মালটি-পারপাস স্কুল-এর ছাত্রদের পড়াবার খরচ বাড়বে কি না?

এর পর ডাইভারসিফিকেসন সম্বন্ধে ২।১টা কথা, মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে তাঁকে বলতে চাই। বর্তমানে সেকেণ্ডারি আপার স্টেজ-এর যে ব্যবস্থা হচ্ছে তাও অত্যন্ত ত্রুটিপূর্ণ।

[4-30—4-40 p.m.]

তারপর, ডাইভারসিফিকেসন অর্থাৎ ছেলে-মেয়েদের এ্যাপ্টিচুড জানবার জন্য কোন স্ট্যাণ্ডার্ড টেষ্ট আজও স্থির করা হয় নাই। পরীক্ষার নম্বর দেখে শুধু ছেলে-মেয়েদের এ্যাপ্টিচুড ধরে নেওয়া হয়। এ যে অত্যন্ত ত্রুটিপূর্ণ, এ কথা বলা অন্যায় হয় না।

দ্বিতীয়তঃ ডাইভারসিফিকেসন-এর যে বয়স ধরা হয়েছে, তা অত্যন্ত কম। তের থেকে পনের বছরের মধ্যে আমাদের দেশে সাধারণতঃ ছেলে-মেয়েদের কোন বিশেষ এ্যাপ্টিচুড বা টেণ্ডেন্সি গড়ে ওঠে না বা ধরাও খুব শক্ত বা গ্রো করে না। এগার বছর পর্যন্ত শিক্ষা-লাভের আগে ডাইভারসিফিকেসন-এর ব্যবস্থা করা উচিত নয়।

তারপরে প্রাথমিক শিক্ষা সম্বন্ধেও মাননীয় স্পীকার মহাশয়, আমি দু-একটি কথা বলবো প্রাথমিক শিক্ষকের বেতনের কথা ধরুন। সরকার প্রাথমিক শিক্ষকদের মনে করেন সরকারী কর্মচারী। তারা কমুনিষ্ট পার্টির সঙ্গে মেলা-মেশা করলে বা কোন রাজনৈতিক মিটিংএ গেলে তাদের বরখাস্ত করা হয়। অথচ বেতন দেবার বেলায়, তারা কেউ নয়, তাদের কিছু হয় না। প্রাথমিক শিক্ষকদের বেতন আট-দশ মাস বাকী পড়ে থাকে। অনেক সময় এইসব প্রাথমিক শিক্ষকদের বেতনের ব্যবস্থা জেলা স্কুল বোর্ডের প্রভাবশীল কংগ্রেস নেতাদের খেয়াল-খুসীর উপর নির্ভর করে। তাদের বিরাগভাজন হলে পর তাদের বেতন পড়ে থাকে

[A voice: Question!]

আর কোশ্চেন নয়। আমি বক্তৃতার পর এই বিষয়গুলি শিক্ষামন্ত্রীর কাছে দেব। প্রাথমিক স্কুলের শিক্ষকরা সময় মত বেতন পায় না কেন? কি অসুবিধা, জানি না। আজ শিক্ষামন্ত্রীর কাছ থেকে সুস্পষ্ট ঘোষণা এ-বিষয়ে শুনতে চাই। গ্রামের প্রাইমারী শিক্ষকদের সরকারী কর্মচারীদের মত মনে করা হবে এবং সরকারী কর্মচারীদের যেমন মাসের প্রথম সপ্তাহে বেতন দেবার ব্যবস্থা আছে, তাদেরও সেই রকম করা হবে। কেন করা হয় না? বাধা আছে কি? সেটা মানীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই। নইলে মনে করবো এটা একটা রাজনৈতিক খেলা।

আমাদের রাজ্যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা তিন রকমের। একটা মিউনিসিপ্যালিটি ম্যানেজড স্কুল, একটা গভর্নমেন্ট ম্যানেজড, আর ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড। শহর অঞ্চলে যা আছে সেটা হচ্ছে মিউনিসিপ্যালিটী ম্যানেজড, এবং বাদ-বাকী প্রাইভেটলি ম্যানেজড ইনস্টিটিউশন। মিউনিসিপ্যালিটি ম্যানজড স্কুল সমূহের শিক্ষকদের যে অবস্থা তা অবর্ননীয়, শোচনীয় অবস্থা। এ-কথা মন্ত্রীমহাশয়ের জানা আছে।

দুটী বিষয় বলি—গভর্নমেন্ট ম্যানেজড ও জেলা বোর্ডের হেডমাষ্টার ৬৭৷৷ টাকা পায়। এ ক্যাটিগরি এ্যাসিস্টেন্ট টিচার পায় ৬২৷৷ টাকা। বাঁকুড়া মিউনিসিপ্যালিটির হেডটিচার পায় ৪৬ টাকা, এ্যাসিস্টেন্ট টিচার পায় ৩৫ টাকা, অল-টোল্ড। প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার নিজের হাতে তুলে নিন, এই আমাদের দাবী। আর ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর পে-স্কেল সর্বত্র চালু করুন, মিউনিসিপ্যালিটিকে যথোচিত অর্থ সাহায্য করুন। আমি এখানে একটি চিঠির দুটি লাইন পড়ে শোনাতে চাই, সেটা বজবজ মিউনিসিপ্যাল এডেড প্রাইমারী টীচার্স এসোসিয়েসন থেকে লিখেছেন, শুনলে বুঝতে পারবেনঃ—

"পৌর এলাকার কর্তৃপক্ষের কাছ হতে কোনরূপ আশা না পেয়ে আমরা মাননীয় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছে আমাদের অবর্ননীয় দুরবস্থার কথা পত্র মারফৎ জ্ঞাত করাই। কিন্তু আমাদের এমনই দুর্ভাগ্য যে, এপর্যন্তও তার কাছ হতে আমরা আমাদের পত্রের কোনপ্রকার উত্তর পাই নাই"।

হয়ত ডাঃ রায়ের কাছে এ পত্র যায় নাই—তার দরজা আটক করেছেন আমাদের শিক্ষা বিভাগের সেক্রেটারী।

তারপর দ্বিতীয় প্যারাগ্রাফে আছেঃ—

"বর্তমানে বিদ্যালয়ের পরিদর্শক মহাশয় আমাদের নিকট হইতে রিটার্নস-এ ৫৭৷৷ টাকা ও ৪২ টাকা হিসাবে সই করাইয়া লইতেছেন। যদিও আমরা উক্ত ৫৭৷৷ টাকা ও ৪২ টাকার পরিবর্তে মাত্র ২০ টাকা হইতে ২৭ টাকা পর্যন্ত পাইয়া আসিতেছি। আর যদি আমরা রিটার্নস-এ ৫৭৷৷ টাকা ও ৪২ টাকা হিসাবে সই না করি তাহা হইলে উক্ত যৎকিঞ্চিৎ টাকা হইতেও বঞ্চিত হইব—এইরূপ আদেশ জারী করিয়াছেন"।

এ বিষয়ে ডাঃ রায় কি কিছু করতে পারেন না?

কুচবিহারের প্রাথমিক শিক্ষা সম্বন্ধে দু-একটি কথা বলবো। সেখানে জেলা স্কুল বোর্ড নাই, তার ব্যবস্থা করুন। প্রাথমিক শিক্ষার ২৬০টী সরকারী সাহায্য পায়, স্বীকৃতি পায় নি।

পুরুলিয়ায় যেসব হিন্দস্থানী স্কুল ১৯৪৯ সালের পরে স্থাপিত হয়েছে, সেখানে আজও হিন্দুস্থানী পড়ান হচ্ছে, যদিও পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হয়েছে। সেখানে যাতে বাংলা পড়ান হয়, তার ব্যবস্থা করুন। যে-সমস্ত বাংলা স্কুল তৈরী হয়েছে, অথচ সরকারী স্বীকৃতি পায় নাই, আপনারা সেগুলিকে স্বীকৃতি দেন।

এইসব কথা বলে আমার কাট-মোসন সমর্থন করছি।

Sj. Jamadar Hasda:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের আদিবাসীদের আর্থিক অবস্থা এত শোচনীয় যে, তাদের আজ ছেলেপেলেদের স্কুলের শিক্ষা দেওয়া, বই-পত্র কিনে দেওয়া ও স্কুলের মাইনে দেওয়া অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। তার জন্য তাদের বহু অসুবিধার মধ্য দিয়ে চলতে হয়। তা'ছাড়া তাদের স্কুলগুলি অনেক দূরে দূরে অবস্থিত। ফলে দু-তিন মাইল দূরে ছেলে-মেয়েদের পড়তে যাওয়া খুব অসুবিধা হয়। বিশেষ করে রৌদ্রের সময় ও বর্ষায়, তা অত দূরের স্কুলে যেতে পারে না। তাদের আর্থিক অবস্থা এত শোচনীয় যে, অনেক সময় তাদের মুস্কিলে পড়তে হয়।

আদিবাসীদের শিক্ষার মধ্যে এত গলদ যে, আজ পর্যন্ত তারা ভালভাবে শিক্ষা লাভ করতে পারে নাই। যদিও আজ দশ বছর আমাদের স্বাধীনতা লাভ হয়েছে, তথাপি আমাদের সাঁওতাল জাতির কোনদিক দিয়ে কোন-প্রকার উন্নতি হয় নাই। মেদিনীপুর জেলায় ঝাড়গ্রামে খুব বেশী সাঁওতাল জাতি বসবাস করে। গড়বেতা ও মেদিনীপুর সদর মহকুমায় সারা পশ্চিম-বাংলার মধ্যে সবচেয়ে বেশী সাঁওতাল বাস করে। তাদের মধ্যে আজ পর্যন্ত কেউ ডিগ্রী লাভ করতে পারে নাই। এর জন্য আমাদের এই সরকার দায়ী। শিক্ষা ব্যবস্থায় নিশ্চয়ই সরকারী ত্রুটী ও গলদ আছে। সরকার যদিও অনেক জনকল্যাণমূলক কাজ করছেন, তবু কেন এরা এত অনগ্রসর এবং শিক্ষার দিক দিয়ে পশ্চাতে পড়ে আছে? এরা যদি সমস্ত বিষয়ে নিজেদের মাতৃভাষায় শিক্ষা পায়, অন্ততঃ প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্য্যন্ত, সাঁওতালী ভাষায় শিক্ষা পায়, তাহলে খুব শীঘ্র তারা সব জিনিষ শিখতে পারে। এরা অনগ্রসর জাতি, সরকার ব্যবস্থা করলে শিক্ষার দিক দিয়ে অগ্রসর হতে পারে। এখনো আমাদের সরকার এদিকে নজর দেন নাই। আমাদের সরকার সব সময় বলে থাকেন যে, অনগ্রসর অনুন্নত জাতির জন্য অনেক কিছু খরচ করছেন, অনেক স্কুল করছেন। কিন্তু আমরা বাস্তবে কি দেখছি? কোথাও কিছু নাই। আমরা অনেক কিছু সরকারী সাহায্য দেওয়ার কথা শুনেছি, বই-এর সাহায্য, স্কলারশিপ, স্টাইপেন্ড, বোর্ডিং-এর খরচ, ইত্যাদি সরকার নাকি দিয়ে থাকেন। আজ পর্যন্ত বাস্তবে তো কিছু পাচ্ছি না। অর্থাভাবে এরা পড়াশোনা করতে পারে না। টাকার অভাবে এদের পড়তে পড়তে পড়া আটকে যায়। খরচের টাকা যোগাড় করতে না পেরে, আমাদের আমলাবাড়ী গ্রামের রামচাঁদ মুর্মু পড়া ছেড়ে দিতে বাধ্য হয়েছে। সে কলেজে ভর্তি হয়েছিল। তার আর্থিক অবস্থা খুব খারাপ, সরকারের কাছ থেকে কোন-প্রকার সাহায্য না পেয়ে তাকে পড়া ছেড়ে দিতে হয়েছে। এইরকমভাবে হাই স্কুলকে সাহায্য দেওয়ার নাম করে টাকা খরচ হচ্ছে, কিন্তু প্রকৃতপক্ষে তাদেরকে কোন টাকা দেওয়া হচ্ছে না।

আমি জানতে চাই, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে, কেন এখন পর্য্যন্ত যারা অনগ্রসর, যারা পেছনে পড়ে আছে, তাদের জন্য একটা প্রতিষ্ঠান গড়ে কেন তাদের উন্নতির পথে নিয়ে যাওয়া হচ্ছে না। আজকে তাদের এমন অবস্থা যে, তাদের কোনদিন ভাল চাকরী পাবার কোন-প্রকার সুযোগ নাই। আমি দেখেছি কোন সাঁওতাল যুবক ভাল কাজ পায় না। তাদের সবসময়ই নিকৃষ্ট ধরণের চাকরীতে নেওয়া হয়। যদি এই সাঁওতাল

যুবকদের উন্নতির পথে এগিয়ে নিয়ে যেতে হয়, তাহলে তাদের নিয়মিতভাবে স্কলারশিপ, বুক-গ্রান্ট, বোর্ডিং-এর খরচ দিতে হবে। তারপর, তপশীল ও আদিবাসীদের শিক্ষা বাবদে যে টাকা সরকার থেকে দেওয়া হয়, তা স্কুল মেরে দেয়, এই দুর্নীতি বন্ধ করতে হবে। আমাদের দাবী হচ্ছে অনগ্রসর ছেলেদের সর্বপ্রকার সরকারী সাহায্য দিতে হবে।

[4-40—4-50 p.m.]

Sj. R. E. Patel: Mr. Speaker, Sir, I rise to support the motion of the Hon'ble Chief Minister. The grant for expenditure on Education which this House has been asked to sanction today will I am sure be well-spent as the development of education in this State is proceeding on well-planned lines. I intended, Sir, to speak quite a lot on general education but in view of the short time that is to be allowed to me and in view of the remarks made by my friend Dr. Ghose and the Communist Party member Shri Ganesh Ghosh, I shall confine myself today to facts about Anglo-Indian education. There are, in West Bengal, 55 recognized Anglo-Indian Schools, 10 primary and 45 secondary. Of the 45 secondary schools, 6 are multi-purpose schools, 3 for boys and 3 for girls. 30 schools have 12 classes, i.e., three sections in the kindergarten and 9 standards for the age group 5-17, i.e., 11 classes for the age group 6-17. Hence these 30 schools can be classified as higher secondary schools. The remaining 9 schools are X or IX class high schools. The Anglo-Indian Schools in West Bengal have been the first to conform to the new national pattern without sacrificing their characteristic features and strengths. The new national pattern is briefly (a) an eight year course of elementary education on the basic pattern and (b) three years of diversified education. The characteristic features of basic education are briefly (1) learning consists of activity and experience and not only of facts to be learnt and knowledge to be acquired, and (2) arts and crafts are not a frill but an integral part of an all-round education, physical, intellectual, aesthetic and moral. Anglo-Indian schools have been pioneers in activity methods for over 25 years and are well in advance of other schools in arts and crafts. Arts and crafts are now compulsory in all Anglo-Indian schools from class I to class VIII. It is evident, Sir, that Anglo-Indian schools are working much more on the basic pattern than most basic schools.

In regard to diversified education Anglo-Indian schools are in the forefront of the multi-purpose experiment. As I have said 6 out of the 45 recognized Anglo-Indian schools are multi-purpose schools as against 176 out of 1,400 in the case of other schools. Anglo-Indian Girl Schools have had diversified courses for over 50 years. I would mention also that 70 per cent. of Anglo-Indian Schools are 11-year high secondary schools as against about 10 per cent. of other schools. Anglo-Indian schools also are in the vanguard of other progressive measures to which I have only time to refer, namely, (1) vocational guidance, (2) secondary technical schools—Anglo-Indian schools were I believe the pioneers in technical education at the secondary level, the Don Bosco School having been established in 1940. (3) Improvement in the quality of teaching profession which is the key to all sound progress—Anglo-Indian schools have a much higher percentage of trained and qualified teachers than other schools. The percentage of trained teachers in Anglo-Indian secondary and primary schools in 1954 was 64 per cent. as against about 20 per cent. in other schools. The goal is 100 per cent. trained teachers and towards achieving this goal a pioneer scheme for emergency evening training classes has been drawn up and awaits Government sanction. Refresher courses for teachers are also being regularly held. I am not, Sir, such a bigot as to claim perfection for Anglo-Indian schools but I think it will be generally agreed

that these schools are among the best educational institutions in India. The credit for the achievements of these schools must to a large extent go to Christian missionaries—to their self-sacrifice and devoted labour in the cause of the education of youth. They do not seek a reward for their labours on earth but they have deserved the gratitude of millions of us Indians. The makers of our Constitution recognised Anglo-Indian schools as a valuable and valued part of the educational system and generously accorded these schools safeguards in the Constitution. There still exists a very wrong notion however that Anglo-Indian schools cater almost exclusively for the Anglo-Indian community. However true this may have been some years ago the following figures will show that the position today is very different. In the year 1933-34 77.7 per cent. of pupils at Anglo-Indian schools were Anglo-Indians, by 1953-54 the percentage had fallen to 50 per cent. and in the year 1955-56 only 37.9 per cent. of pupils attending these schools were Anglo-Indians and 62.1 per cent. belonged to other communities. There is therefore, Sir, nothing communal as Dr. Ghose suggested about these so-called Anglo-Indian schools today but these schools provide a particular type of education with English as the medium of instruction and are available for the benefit of all communities. These schools have won their acceptance as part of the educational system of our country. I am happy to see that in the Budget Estimates for 1957-58 an amount of Rs. 12 lakhs and odd has been provided for Anglo-Indian schools. I would remind members that for the purposes of the Code Parsees, Jews and Armenians are included in the term Anglo-Indians. The provision in the Budget for 1956-57 was about Rs. 11,88,000

[4-50—5 p.m.]

The additional amount of approximately of Rs. 12,000 is, I think, for increased expenditure on the two Government schools at Kurseong—Dow Hill and Victoria which two schools get Rs. 4,40,000 out of the total grant of Rs. 12 lakhs. I am grateful to Government for not having exercised their constitutional right of reducing the provision as has been done in some other States, and I must express my thanks also to the Chief Minister and his advisers in the Education Department for having provided funds for development schemes in Anglo-Indian schools. In this respect, I think, West Bengal has been the most liberal of all States and I am inclined to believe that this policy arises out of an appreciation of the value of these schools as an integral part of the educational system. Without wishing to appear to be ungrateful, I would remind the Chief Minister that the grants to Anglo-Indian schools have remained static for many years. These grants are at the level at which they were in the nineteen thirties although both the number of schools and the number of pupils have increased since then. I have the figures. In 1933-34 there were 11,458 pupils in these schools whereas by 1955-56 (the figures for 1956-57 are not yet available) the number had increased to 17,975. While therefore the number of pupils has increased by about 57 per cent. and the value of the rupee has also fallen the grants to these schools have not been increased.

[At this stage the red light was lit.]

I shall require two minutes more, Sir.

The total annual expenditure on these schools is in the region of 80 lakhs of which Government as I have said provides about 12 lakhs and the balance of about 68 lakhs comes from fees, donations, etc.

There is another point to which I would like to refer, that is the question of municipal taxes. The Armenian College paid municipal taxes in 1951-52 of Rs. 6,317-12 whereas in 1955-56 the figure increased to 13,447. For

the La Martiniere Boys School the figures are Rs. 4,262 in 1951-52 and Rs. 12,748 in 1955-56. The last named school gets a grant in aid from Government of about Rs. 20,600 and has to pay municipal taxes to the Calcutta Corporation of Rs. 12,750. Sir, there have been many changes in these schools during the last few years and recently a reorientation committee was appointed which made certain recommendations and that committee's recommendations are being implemented.

এটা দুর্ভাগ্যের কথা যে, আমি যদিও বর্তমান পশ্চিমবঙ্গে আমার সমস্তা লেখা-পড়া শিখেছি এবং প্রায় ৪০ বছর এই প্রদেশে কাটিয়ে অন্য যে কোন বাঙ্গালীর মতই পুরোদস্তুর বাঙ্গালী বলে নিজেকে প্রচার করতে পারি, তা সত্ত্বেও শিক্ষা-বিধির ফলে আমার বাংলা ভাষায় জ্ঞান এত অল্প যে, যথাযথভাবে আমার বক্তব্য বাংলা-ভাষায় প্রকাশ করা আমার ক্ষমতার বাইরে। কিন্তু বর্তমানে এ্যাংলো-ইণ্ডিয়ান স্কুলগুলিতে যে ব্যবস্থার প্রচলন করা হচ্ছে তাতে বলা যায় যে, এমন একটা সময় আসছে যখন বর্তমান বাঙ্গালী, এ্যাংলো-ইণ্ডিয়ান বিদ্যার্থীদের মধ্যে ভবিষ্যতে যদি কেউ এই সভার সভ্য হবার সুযোগ পান তবে সুললিত বাংলা-ভাষায় ভাষণ দিতে তাঁর এতটুকু অসুবিধা হবে না।

পরিশেষে এ্যাংলো-ইণ্ডিয়ান স্কুলগুলির জন্য সহানুভূতিপূর্ণ বিচার ও বিবেচনার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Gobardhan Das:

মাননীয় স্পীকার মহাশয়, প্রাথমিক শিক্ষকগণের দীর্ঘকালের অত্যন্ত যুক্তিসঙ্গত দাবী প্রভিডেন্ট ফাণ্ডের কোন সুষ্ঠু ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার আজ পর্যন্ত করেন নাই। চাকুরী শেষ হবার পর প্রাথমিক শিক্ষকগণের অন্য কোন সংস্থান নাই। শেষ বয়সে নিঃস্ব অবস্থায় অন্যের দয়ার উপর নির্ভর করিয়া তাহাদিগকে জীবন যাপন করিতে হয়। সুদীর্ঘ কাল শিক্ষাব্রতী হিসাবে সমাজের সেবা করিয়া শেষ জীবনের এই মর্মান্তিক পরিণতি যে-কোন স্বাধীন রাষ্ট্রের পক্ষে সত্যই অত্যন্ত লজ্জাকর। পশ্চিমবঙ্গ সরকার যাহাতে প্রাথমিক শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ডের বা পেনসনের ব্যবস্থা করেন তাহার জন্য আমি দাবী জানাইতেছি। এখানে আরও উল্লেখ করা প্রয়োজন যে, নিত্য প্রয়োজনীয় জিনিষের মূল্য বৃদ্ধির তুলনায়, শিক্ষকগণের সামগ্রিক আয় বৃদ্ধি হয় নাই। সরকারী ঘোষণানুযায়ী ৬-১৪ বৎসর প্রাথমিক ফ্রি শিক্ষা দিবেন, কিন্তু গ্রামাঞ্চলে ৬-১০ পর্যন্ত বালক-বালিকাদের ফ্রি করা হয়েছে, কিন্তু স্কুলের সংখ্যা প্রয়োজনমত না থাকায় উহা কার্যকরী হয় নাই। পশ্চিমবঙ্গে মোট গ্রাম্য-সংখ্যা ৩৬,০০০, কিন্তু প্রাথমিক স্কুলের সংখ্যা ২২,০০০, উহা যথেষ্ট নয়। (কর্পোরেশন-মিউনিসিপ্যালিটী ৮২টি), আবার মিউনিসিপ্যালিটীর অনেক স্কুলে বেতন দিতে হয়। মিউনিসিপ্যালিটীর লোক-সংখ্যা বেড়েছে—২০৫·৬, অথচ মিউনিসিপ্যালিটী আয়-ব্যয় অনুযায়ী স্কুলের সংখ্যা বাড়াতে অক্ষম। গ্রাম্য এলাকায় স্কুলগুলি জেলা স্কুল বোর্ড দ্বারা পরিচালিত, কিন্তু এ বোর্ডে চলেছে যথেচ্ছাচারিতা, ফলে পল্লীগ্রামের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ও বিদ্যালয়গুলি ও শিক্ষকগণের যথেষ্ট অব্যবস্থা, সংকট ও দুর্দশাগ্রস্ত। শিক্ষকগণ নিয়মিতভাবে বেতন কখন পান না। উহা নিয়মিতভাবে দিবার ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন। আমি প্রাথমিক স্কুলের একজন শিক্ষক, ভুক্তভোগী বলেই এগুলি সব জানি। বিদ্যালয়গুলি সংস্কার অভাবে শোচনীয় অবস্থা হয়েছে। শিক্ষাদানের জন্য শিক্ষার উপকরণ বা কন্টিনজেন্সি সব স্কুলে প্রয়োজন মত পাওয়া যায় না ফলে শিক্ষাও ব্যাহত হয়। প্রাথমিক স্কুলের অবস্থাগুলি অবিলম্বে দূরীভূত হওয়া একান্ত প্রয়োজন। সেই জন্য আমি মনে করি একটি কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষা-বোর্ডের অধীনে পশ্চিমবঙ্গের সমস্ত স্কুলগুলি একত্রিত করা প্রয়োজন। (ফ্রি-প্রাইমারী মিউনিসিপ্যাল, রিফিউজি, স্পেশাল ক্যাডার বেসিক), স্পেশাল ক্যাডারদের চাকুরীর স্থায়িত্ব সম্পর্কে আজ পর্যন্ত সরকার কোন কিছু ঘোষণা করেন নাই। কন্টিনজেন্সি দেন, উহা বোর্ডের মত হওয়া দরকার, প্রাথমিক শিক্ষকদেরও সর্বপ্রকার স্কুলের যোগ্যতা অনুসারে একই হারে বেতন দিবার ব্যবস্থা করা প্রয়োজন। উহা ন্যূন পক্ষে ১০০ টাকা হওয়া উচিত। প্রাথমিক শিক্ষকদের

উপর শিক্ষা-কর রহিত করা উচিত। এবং প্রাথমিক শিক্ষকদের ছেলে-মেয়েদের বিনা ব্যয়ে উচ্চ শিক্ষার ব্যবস্থা অবিলম্বে করা প্রয়োজন। দুঃস্থ ছাত্র-ছাত্রীদের পাঠ্যবিষয়ক যাবতীয় উপকরণাদি দান করাও সরকারের প্রয়োজন। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সর্বত্র কার্যকরী করার বিবিধ ব্যবস্থা চালু করা হোক। প্রাথমিক শিক্ষকদের বদলী করা বন্ধ করতে হবে, এই অনুরোধ সরকারকে জানাই, কারণ বেতন কম—গ্রামাঞ্চলে স্কুল তৈরী করে স্কুল মঞ্জুরী পায় না।

[5—5-10 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে দেশের শিক্ষা ব্যবস্থার মধ্যে যে অব্যবস্থা, এবং বিশৃঙ্খলা এবং বৈষম্য বিরাজিত রয়েছে, তা দেখলে স্পষ্টই বোঝা যায় যে, আমাদের সরকারের সুনির্দিষ্ট শিক্ষা-নীতি কিছুই নেই। এই কথা অস্বীকার করি না যে, গত কয়েক বছর ধরে এই সরকার শিক্ষা খাতে প্রচুর অর্থ ব্যয় করেছেন এবং দিনের পর দিন অর্থ বরাদ্দ এবং ব্যয় বেড়ে যাচ্ছে। যেখানে প্রচুর অর্থ ব্যয় হয়, সেখানে অর্থের অপচয় যতই হোক না কেন, অব্যবস্থা যতই থাকুক না কেন, কাজ কিছু হবেই। তাই দেখছি যে, দেশে স্কুল-কলেজের সংখ্যা বেড়েছে এবং শিক্ষকমহাশয়দের বেতনও কিছু কিছু বৃদ্ধি হয়েছে। কংগ্রেসের পক্ষ থেকে এগুলিকে নিয়েই গর্ব করা হয় এবং তাঁদের শিক্ষানীতি সম্বন্ধে যে সমালোচনার অবতারনা করা হয়, তার বিরুদ্ধে লড়াই করবার এই একমাত্র তাদের হাতিয়ার। কিন্তু বাস্তবিক পক্ষে দেশে যে, শিক্ষা-ব্যবস্থা, তার দিকে তাকালে আমাদের মনে নৈরাশ্যের সৃষ্টিই হয়। প্রাথমিক শিক্ষার দিকে যদি তাকাই, তাহলে দেখি যে, আমার পূর্বে অনেক বক্তা এ-কথা বলেছেন—এই সরকার ১৪ বৎসর বয়স পর্যন্ত বালক-বালিকাদের অবৈতনিক এবং বাধ্যতামূলক শিক্ষা সংক্রান্ত-সংবিধানের নির্দেশ পালন করতে সক্ষম হন নি। শুধু তাই নয়, এমন কি ৬ থেকে ১১ বৎসর বালক-বালিকাদের জন্য বাধ্যতামূলক বিনা বেতনে শিক্ষা ব্যবস্থাকেও এঁরা সারা পশ্চিমবঙ্গে এখনও চালু করতে পারেন নি। প্রাথমিক শিক্ষার যে ব্যবস্থা তাঁরা করেছেন তার মধ্যে আমরা নানা বৈষম্যমূলক ব্যবস্থা দেখছি। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পল্লী-অঞ্চলে স্কুলের নানারকম শ্রেণীভেদ আমরা দেখতে পাই—স্কুল বোর্ড পরিচালিত বিদ্যালয়, স্পেশাল কেডার বিদ্যালয়, উদ্বাস্তুদের বিদ্যালয় এবং বেসিক বিদ্যালয়। আবার কুচবিহার এবং পশ্চিম-দিনাজপুরের যেসব নূতন অন্তর্ভুক্ত এলাকা সেইসব জায়গায় যে প্রাথমিক বিদ্যালয় রয়েছে, তাদের শিক্ষা ও পরিচালন ব্যবস্থা এদের থেকে পৃথক। এই সমস্ত বিভিন্ন প্রকারের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের বেতনের হার, তাদের শিক্ষার সর্ত ইত্যাদি সম্পূর্ণ পৃথক এবং তার জন্যে শিক্ষা ব্যবস্থারও এইসব ক্ষেত্রে তারতম্য হয়ে থাকে। উদাহরণস্বরূপ আমরা বলতে পারি যে, স্পেশাল কেডার ব্যবস্থায় প্রতি ২০ জন ছাত্রের জন্য একজন করে শিক্ষক দেওয়ার যেখানে ব্যবস্থা রয়েছে, সেখানে আবার স্কুল-বোর্ড পরিচালিত বিদ্যালয়গুলিতে ৩৫ থেকে ৪০ জন ছাত্রের জন্য একজন করে শিক্ষক দেওয়ার ব্যবস্থা রয়েছে। স্পেশাল কেডার বিদ্যালয়ে আসবাবপত্র এবং শিক্ষার সরঞ্জাম সরকার হ'তে দেওয়ার ব্যবস্থা রয়েছে। এমন কি বোর্ড ম্যানেজড বিদ্যালয়গুলিতেও এই সমস্ত দেওয়ার কিছুই ব্যবস্থা নেই। বেসিক বিদ্যালয় এবং বোর্ড ম্যানেজড বিদ্যালয়গুলিতে শিক্ষা-ব্যবস্থা সম্পূর্ণ পৃথক। এই সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষার যে মান সেই মান অত্যন্ত নৈরাশ্যজনক। আমাদের প্রাথমিক শিক্ষার যে মূল নীতি, সেই নীতিতে এই কথা বলা হয় যে, যখন শিক্ষাকে কম্পালসারী করা হচ্ছে তখন সেখানে প্রত্যেক ছাত্রকে প্রাথমিক স্তরের শেষ সীমা পর্যন্ত পৌঁছাতে হবেই, কারণ, তা না হ'লে দে মে ল্যাপস ইন্টু ইল্লিটারেসি। অর্থাৎ তারা প্রাথমিক শিক্ষার শেষ পর্যায়ে গিয়ে এমন অবস্থায় পৌঁছায়, যার ফলে তাদের কোনরকমে ইল্লিটারেসি-টুকু দূর হয় এবং তারা সামান্য লিটারেসি মাত্র লাভ করতে পারে। আবার শহর অঞ্চলের শিক্ষা-ব্যবস্থার সঙ্গে পল্লী-অঞ্চলের শিক্ষা-ব্যবস্থার কোন সামঞ্জস্য নেই। শহরাঞ্চলের শিক্ষা-ব্যবস্থার কোন দায়িত্ব এই সরকার গ্রহণ করেন বলে আমরা মনে করি না। পল্লী-অঞ্চলের শিক্ষা ব্যবস্থা ১৯৩০ সালের দি বেঙ্গল রুর্যাল প্রাইমারি এডুকেশন এ্যাক্ট-এর দ্বারা

পরিচালিত এবং সহরাঞ্চলের শিক্ষা-ব্যবস্থা আরও বেশী পুরানো-কালের ১৯১৯ সালের দি বেঙ্গল প্রাইমারি এডুকেশন এ্যাক্ট-এর দ্বারাই পরিচালিত হচ্ছে। ইংরাজ আমলে পৌরসভার উপরে পৌর-এলাকার শিক্ষা-ব্যবস্থাকে ছেড়ে দিয়ে তখনকার ইংরেজ শাসকরা যেমন নিশ্চিন্ত থাকতেন তেমনি আজকে কংগ্রেস সরকারও সেইভাবে নিশ্চিন্ত রয়েছেন। অর্থাৎ পৌর-এলাকায় শিক্ষার কোন দায়িত্ব তাঁরা গ্রহণ করেন নি এবং তার ফলে পৌর-এলাকাগুলিতে তিনরকমের প্রাথমিক বিদ্যালয়ের সৃষ্টি হয়েছে। প্রথম প্রকারের বিদ্যালয়গুলি পৌর-কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত বিদ্যালয়, দ্বিতীয় প্রকারেরগুলি পৌর কর্তৃপক্ষ কর্তৃক আংশিক সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় এবং আর বাকী কতকগুলি সম্পূর্ণরূপে ব্যক্তিগত মালিকানার দ্বারা পরিচালিত হয়। পল্লী-অঞ্চলের শিক্ষকদের বেতন ইত্যাদি ব্যাপারে বিভিন্ন শ্রেণীর বিদ্যালয়ের ক্ষেত্রে বৈষম্য সত্ত্বেও একটা নির্দিষ্ট নীতি গৃহীত হয়েছে। কিন্তু শহরাঞ্চলে সেইরকম কোন নীতি গৃহীত হয় নি। কোলকাতা করপোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যালিটি দ্বারা পরিচালিত বিদ্যালয়গুলিতে যাঁরা শিক্ষক তাঁরা এই মহার্ঘ্য-বাজারের দিনে যে বেতন পান সেটা তাঁদের গ্রাসাচ্ছাদনের উপযুক্ত না হ'লেও কিছু যে তাঁরা পান তা বলা যেতে পারে। কিন্তু এইসব এলাকায় ব্যক্তিগত মালিকানায় পরিচালিত বিদ্যালয়, সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় এবং অন্যান্য পৌর-এলাকার বিদ্যালয়গুলির শিক্ষকদের যে দুরবস্থা তা আমাদের একটা লজ্জার ব্যাপার। এ ব্যাপারে ২।১টি উদাহরণ আমার পূর্বে মাননীয় সদস্য গণেশবাবু দিয়েছেন। এ-সম্বন্ধে আরও ২।১টি উদাহরণ এখানে আমার দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। বহু মিউনিসিপ্যালিটিতে শিক্ষকদের বেতনের নির্দিষ্ট হার বলে কিছুই নেই। বাদুড়িয়া মিউনিসিপ্যালিটিতে ম্যাট্রিক শিক্ষকদের ১৷৶ এবং অপর শিক্ষকদের ৸৶ করে মাসিক সাহায্য দেওয়া হয়। বাঁকুড়া এবং তমলুক মিউনিসিপ্যালিটি পরিচালিত বিদ্যালয়গুলিতে শিক্ষকদের বেতনের হারও লক্ষ্য করুন। বাঁকুড়া মিউনিসিপ্যালিটিতে প্রাইমারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেসিক পে,ডি, জি, ডি, এ, ইত্যাদি নিয়ে ৪৬ টাকা বেতন পান এবং সহকারী শিক্ষকরা সর্বনিম্ন বেতন পান ২৪ টাকা। তমলুক মিউনিসিপ্যালিটি পরিচালিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ডি, জি, ডি, এ, মিউনিসিপ্যাল গ্রান্ট, ইম্পিরিয়াল গ্রান্ট ইত্যাদি পাঁচ-দফা মিলিয়ে ৪৬ টাকা এবং "সি" ক্যাটিগরির শিক্ষকরা ২৯ টাকা বেতন পান। মিউনিসিপ্যাল এলাকাগুলিতে আমাদের পশ্চিম-বাংলার ছাত্র সংখ্যার ½ অংশ পড়ে। অথচ এই মিউনিসিপ্যাল এলাকাগুলিতে শিক্ষার দায়িত্ব সরকার গ্রহণ করেন নি। এইরকম বৈষম্য অত্যন্ত অন্যায় এবং অগণতান্ত্রিক বলে আমি মনে করি। কুচবিহার প্রাথমিক শিক্ষার ক্ষেত্রেও ঠিক একই অবস্থা। কুচবিহার মার্জারের পূর্বে সেখানকার প্রাথমিক শিক্ষকরা কুচবিহার রাজ সরকারী কর্মচারী ছিলেন। তাঁদের পেনসনের ব্যবস্থা ছিল, তাঁদের পৃথক সার্ভিস কন্ডিসন ছিল। মহারাজের অধীনে তাঁদের যে বিশেষ সুযোগ-সুবিধা ছিল সেগুলি যাতে রক্ষিত হয় তার জন্য আমাদের পশ্চিম-বাংলা সরকারের সঙ্গে মহারাজার যে চুক্তি হয়েছিল সেই চুক্তিকে এই সরকার ভঙ্গ করেছেন। এই প্রতিশ্রুতি ভঙ্গের দৃষ্টান্তস্বরূপ আমি একটা উদাহরণ দিতে পারি। আগে সেখানকার শিক্ষকরা ৬০ বৎসর বয়সে পেনসন পেতেন, কিন্তু এখন ৫৫ বৎসরে তাদের বিনা পেনসনে অবসর নিতে বাধ্য করা হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে এইরকম অন্যায় ও বৈষম্যমূলক আচরণ সরকারের পক্ষে একটা গুরুতর অপরাধ বলে আমরা মনে করি। আমরা চাই যে একটা সুপরিকল্পিত আইন পল্লী-অঞ্চলে এবং শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষাকে নিয়ন্ত্রিত করবে। সেখানে বয়সের অনুপাতে শিক্ষা ব্যবস্থা হবে, সকলের সমান শিক্ষার সুযোগ থাকবে এবং বেতনের সকল বৈষম্য দূর করে শিক্ষকদের সমানভাবে মর্যাদার সঙ্গে বাঁচবার উপযোগী একটা বেতন দেবার ব্যবস্থা করতে হবে। পল্লী-অঞ্চলের তুলনায় শহরাঞ্চলের ব্যয়াধিক্যের কথা বিবেচনা করে, বাসের জন্য ঘরবাড়ী ইত্যাদির কথা বিবেচনা করে তাদের জন্য বিশেষ ব্যবস্থা করতে হবে। কেরালার খবরে আমরা জানি যে, সেখানে শিক্ষকদের বেতনের মধ্যে বৈষম্য দূর করা হয়েছে। এটা করা আমাদের পক্ষে অসম্ভব কিছু নয় যদি সরকারের সৎ চেষ্টা থাকে।

মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রেও আজকে আমরা চরম সংকট লক্ষ্য করছি। শিক্ষা সংস্কারের নামে যে কর্মসূচী কেন্দ্রীয় সরকার এবং তাকে অনুসরণ করে আমাদের প্রাদেশিক সরকার

গ্রহণ করেছেন, তাতে মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে একটা বিরাট বিপর্যয় সৃষ্টি হয়েছে। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে রাধাকৃষ্ণণ কমিশন ও মুদালিয়ার কমিশনের সুপারিশগুলিকে ইচ্ছামত বিকৃত করা হচ্ছে। মুদালিয়ার কমিশনে এবং রাধাকৃষ্ণণ কমিশনেও বাস্তবিক পক্ষে ১২ বৎসরে মাধ্যমিক শিক্ষার জন্য সুপারিশ করা হয়েছিল। কিন্তু মুদালিয়ার কমিশনের যে সুপারিশ সেই সুপারিশের অপব্যাখ্যা করা হয়েছে এবং বলা হয়েছে যে, তাতে ১১ বৎসরের মাধ্যমিক শিক্ষার কথা বলা হয়েছে। কমিশনের সুপারিশের এই অপব্যাখ্যার প্রতিবাদে ডাঃ মুদালিয়ার নিজে সংবাদপত্রে অভিমত প্রকাশ করেছেন যে—

"There has unfortunately been a confusion and therefore a conflict as to the total number of years that ought to be covered in the period of Secondary Education and to this day, in many States, there is a controversy raging whether it should be 11 or 12 years. Whatever may be the financial difficulties of the States, in implementing these reforms, let us hope that the pattern of education that has been suggested will not be whittled down on these considerations and that, as a long term policy at least, the States will realize that no proper type of education can be given up to the end of the Secondary stage unless the pupil undergoes a 12 years' course of training of which 8 years will be of the compulsory period and 4 years of the Higher Secondary School stage."—Hindusthan Times Weekly, 21st October 1956.

এই হচ্ছে মুদালিয়ার কমিশনের সুপারিশ। দে কমিশনও এই একই মনোভাব প্রকাশ করেছেন যে, দ্বাদশ বৎসরের মাধ্যমিক শিক্ষার পর্যায় হবে এবং সমগ্র ইন্টারমিডিয়েট শিক্ষা মাধ্যমিক শিক্ষার সঙ্গে যুক্ত হবে। মুদালিয়ার কমিশনের সুস্পষ্ট অভিমত এই যে, ঐ দ্বাদশ বৎসরের শেষের ৪ বৎসরের প্রথম দুই বৎসর মূল বিষয়গুলির উপর জোর দেওয়া হবে এবং বাকী শেষের দুই বৎসর নির্বাচিত বিষয়গুলির উপরে জোর দেওয়া হবে। কিন্তু আজকে সেই দ্বাদশ বৎসরের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে পরিবর্তিত করে একাদশ শ্রেণীর যে বহুমুখী বিদ্যালয়ের পরিকল্পনা করা হচ্ছে তাতে এই ব্যবস্থা হচ্ছে যে, সেখানে নবম শ্রেণী থেকে ১৩।১৪ বৎসর বয়সের বালকদের উপর ৭টি মূল বিষয় এবং ৩টি এবং অনেক ক্ষেত্রে ৪টি নির্বাচিত বিষয় নিয়ে মোট ১০টি বা ১১টি বিষয়ের ভার চাপিয়ে দেওয়া হচ্ছে। বর্তমানে ব্যবস্থার সঙ্কটগুলির দিকে আমি বিশেষ করে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এগুলিকে দূর করে শিক্ষা ব্যবস্থার সংস্কার না করলে আমাদের শিক্ষা ব্যবস্থা এমন একটা বিপর্যয়ের মধ্যে পড়বে যে, সেখান থেকে একে রক্ষা করা অসম্ভব হয়ে উঠবে। ১৩।১৪ বৎসর বয়সের নবম শ্রেণীর ছাত্রদের শক্তি এবং মেধা বিকাশ লাভ করবার পূর্বেই তাদের জীবনের ভবিষ্যৎ পথ নির্দ্ধারন করা এবং তদনুযায়ী বিষয় নির্বাচন করা অসম্ভব। এতে প্রতি পদে ভুল হবার সম্ভাবনা থাকবে এবং তাতে বিপর্যয়ের সম্ভাবনা হবে প্রচুর। ঐ বয়সের কিশোরদের উপর একসঙ্গে ১০।১১টি বিষয় পড়বার গুরু চাপ তাদের পঙ্গু করে দেবে। এর ফলে শিক্ষার্থীরা বাস্তব জগত ছেড়ে পুঁথির মধ্যে আবদ্ধ হবে। এতে শিক্ষার ব্যয়ও বৃদ্ধি পাবে। পশ্চিম-বাংলার আর্থিক অসঙ্গতির জন্য ডাঃ রায় বলেছেন যে, ধীরে ধীরে দশম শ্রেণীর বিদ্যালয়গুলিকে একাদশ শ্রেণীতে পরিণত করা হবে। কিন্তু পশ্চিম-বাংলার যে আর্থিক সঙ্গতি তাতে আমাদের এখানে ১,৬০০।১,৭০০ মাধ্যমিক বিদ্যালয়কে মালটি-পারপাস স্কুল বা হায়ার সেকেণ্ডারি স্কুল-এ পরিণত করতে কোনদিন পারবেন কি না সে বিষয়ে সন্দেহ হয় এবং হয়ত এই হবে যে অর্থের অভাবে এই পরিকল্পনাকে একদিন মধ্য পথে বাতিল করতে হবে। যখন এই অবস্থার সৃষ্টি হবে তখন আর সেই অবস্থা থেকে দেশের শিক্ষা ব্যবস্থাকে রক্ষা করবার কোন উপায় থাকবে না।

[5-10—5-30 p.m.]

বর্তমানে দশ শ্রেণীর উচ্চ বিদ্যালয় এবং একাদশ শ্রেণীর উচ্চ বিদ্যালয়গুলির মধ্যে যে বৈষম্যমূলক ব্যবস্থা করা হয়েছে, সেই বৈষম্যমূলক ব্যবস্থা আজকের দিনে অত্যন্ত মারাত্মক হয়ে দাঁড়াবে। আজ দশ শ্রেণীর বিদ্যালয় এবং একাদশ

শ্রেণীর বিদ্যালয়ের পাঠ্য-সূচী সম্পূর্ণ পৃথক করে দেওয়া হয়েছে। তার ফলে দেখা যাচ্ছে—দশম শ্রেণীর বিদ্যালয়গুলির সঙ্গে একাদশ শ্রেণীর বিদ্যালয়গুলির মধ্যে এমন একটি ব্যবধান সৃষ্টি হয়েছে যে, যে-কোন ছাত্রের পক্ষে এক শ্রেণীর বিদ্যালয় থেকে আর এক শ্রেণীর বিদ্যালয়ে যাওয়া সম্পূর্ণ অসম্ভব হয়ে পড়েছে। এবং যারা একাদশ শ্রেণীর বিদ্যালয়ে পড়বার সুবিধা পাবে না, নবম শ্রেণী থেকেই সেই সমস্ত ছাত্রদের ভবিষ্যৎ চিরকালের জন্য অন্ধকার হয়ে যাবে, ভবিষ্যতের শিক্ষার পথ অবরুদ্ধ হয়ে যাবে। এখনও সময় থাকতে দেশের শিক্ষাবিদ্‌দের নিয়ে মাধ্যমিক শিক্ষা ব্যাপারে একটা সুচিন্তিত পরিকল্পনা নিয়ে অগ্রসর হওয়া উচিত বলে আমি মনে করি। মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের একচেটিয়া স্বেচ্ছাচার শিক্ষা-ক্ষেত্রে এই বিপর্যয় সৃষ্টি করেছে। ডাঃ রায় যদিও শিক্ষামন্ত্রী, কিন্তু দুঃখের বিষয় শিক্ষা-ক্ষেত্রের সমস্ত ভার শিক্ষা-সচিব মহাশয়ের উপর রয়েছে। যদিও তাঁর অবসর গ্রহণের সময় উত্তীর্ণ হয়ে গিয়েছে, কিন্তু তবু তিনি এখনও সেখানে রয়েছেন। আজকে ডি, পি, আই-এর পোষ্ট নাই। ডি, পি, আই-এর যে দায়িত্ব, সেই দায়িত্বও সচিব মহাশয়ের উপর রয়েছে। আজকে সেকেণ্ডারি বোর্ড, কিছুটা গণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত যে মাধ্যমিক শিক্ষা পর্ষৎ, তাকে ভেঙ্গে চুরমার করে দিয়ে আজ ৩ বৎসর এ্যাডমিনিষ্ট্রেটর দিয়ে সেখানে শাসন ব্যবস্থা চালান হচ্ছে এবং এই ৩ বৎসরে ৩ জন এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হয়েছেন। তার ফলে আজকে শিক্ষা-ক্ষেত্র যে ভাঙ্গা-গড়ার মধ্য দিয়ে চলেছে, সে বিষয়ে একটা সুচিন্তিত অভিমত, একটা সুচিন্তিত পরিকল্পনা দিতে পারবে এমন কোন সংস্থা আমাদের দেশে নাই। স্বাধীনতার ১০ বৎসর পর আজকে মাধ্যমিক শিক্ষার যে অবস্থা, এই অবস্থার কথা বিবেচনা করে যাতে শিক্ষার প্রকৃত সংস্কার হয়, সেদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতার ১০ বৎসর পরেও আজকে মাধ্যমিক শিক্ষার বিভিন্ন প্রতিষ্ঠান এবং মাধ্যমিক শিক্ষকদের দুর্গতি, বিভিন্ন বৈষম্যমূলক আচরণের দৃষ্টান্ত আমার পূর্বে অনেক বক্তা দিয়েছেন। আজকে সরকারী স্কুল ও বেসরকারী স্কুলের শিক্ষা-ব্যবস্থার পৃথক, তাদের শিক্ষকদের বেতন পৃথক। আজকে এ্যাংলো-ইণ্ডিয়ান, তাদের ইণ্ডিয়ান বলে মনে করা হয় না, তাদের জন্য পৃথক ব্যবস্থা রয়েছে। তারা ইংরেজ আমলে একটা প্রিভিলেজড ক্লাশ বলে পরিগণিত হত। আজকেও সেই প্রিভিলেজ তাদের দেওয়া হচ্ছে। যেখানে আমরা নিজেদের ছেলেদের জন্য উপযুক্ত শিক্ষার ব্যবস্থা করতে পারছি না, সেখানে এদের উপর এই পক্ষপাতিত্ব অত্যন্ত অন্যায়। আমি এ্যাংলো-ইণ্ডিয়ানদের প্রতি কোন বিদ্বেষ ভাব পোষণ করি না। আমরা মনে করি, তাদেরও ভারতবর্ষের সকল নাগরিকদের সঙ্গে সমান বলে মনে করতে হবে এবং সকলকেই সমানভাবে শিক্ষার সুযোগ দিতে হবে। সিডিউলড্ কাস্ট-এর শিক্ষার ব্যাপারে আমাদের পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অনেকগুলি প্রদেশ থেকে পিছিয়ে রয়েছে। অনেকগুলি প্রদেশ সিডিউলড্ কাস্ট ছাত্রদের বিনা বেতনে এম, এ, পর্যন্ত শিক্ষা দেবার ব্যবস্থা করতে পেরেছেন। কিন্তু সে-ক্ষেত্রেও আজকে দেখতে পারছি আমাদের পশ্চিমবঙ্গ সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন। আমরা চাই, এই সিডিউলড্ কাস্ট, যারা ব্যাকওয়ার্ড, পশ্চাৎপদ হয়ে আছে, শিক্ষার ব্যাপারে, ভালভাবে তাদের জন্য সর্বপ্রকারের শিক্ষার ব্যবস্থা করতে হবে।

তারপর, কুচবিহার সম্পর্কে ২।১টি কথা বলেই আমার বক্তব্য শেষ করতে চাই। কুচবিহার মহারাজার অধীনে ৭৬টি এম, ই, স্কুল ছিল, তাতে ৭,০০০ থেকে ৭,৫০০ ছাত্র পড়ত এবং সরকারে সাহায্য পেত। এখন তা বন্ধ হয়ে গিয়েছে। এই বিদ্যালয়গুলির মাসিক ব্যয়ের জন্য ২ টাকা দেওয়া হয়। এই ২ টাকা তাদের পোষ্টাল খরচই চলে না। সেখানে পাশাপাশি মাধ্যমিক বিদ্যালয় বা হাইস্কুল স্থাপন করার চেষ্টা করা হচ্ছে কিন্তু এই সমস্ত বিদ্যালয়গুলিকে সরকার কোনরূপ সাহায্য করছেন না, যার ফলে এইগুলি ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। কুচবিহার মহারাজের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের যে চুক্তি হয়েছিল, তাতে এই মাধ্যমিক শিক্ষা-প্রতিষ্ঠানগুলিকে রক্ষা করার কথা ছিল এবং তাতে এই সমস্ত শিক্ষকদের সার্ভিস কণ্ডিসন, পেনসন ইত্যাদির ব্যবস্থা ছিল, সেগুলিকে স্বীকার করে নিয়েও সেই চুক্তি ভঙ্গ করা হচ্ছে। শিক্ষা-ক্ষেত্রে সরকার কর্তৃক দুর্নীতির প্রশ্রয় দানের একটা দৃষ্টান্ত দিয়ে আমার বক্তব্য শেষ করি। কুচবিহারে মহারাজ নৃপেন্দ্র নারায়ণ হাই-স্কুল, কুচবিহারের

সর্ব-বৃহৎ স্কুল। প্রায় এক হাজার ছাত্র সেখানে পড়ে। সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের দরিদ্র শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড-এর ২৫ থেকে ৩০ হাজার টাকার মত টাকা আত্মসাৎ করেছেন। ৬।১১।৫৬ তারিখে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ থেকে স্কুলের এ্যাকাউন্টস সিজ করে নিয়ে যায়। তারপর একটা তদন্ত করবার জন্য সেকেণ্ডারি বোর্ড-এর কাছে বার-বার আবেদন করা হয়েছে; কিন্তু সেকেণ্ডারি বোর্ড সে বিষয়ে নীরব। প্রধান শিক্ষক মহাশয় টাকা আত্মসাৎ করলেন। সকল শিক্ষকদের গভর্নমেন্ট ডি, এ, বন্ধ করে দেওয়া হ'ল। গভর্নমেন্ট এড বন্ধ হ'ল। শিক্ষা-ক্ষেত্রে এই সমস্ত দুর্নীতি দূর করে অবিলম্বে প্রকৃত শিক্ষা প্রসারের পথে যাতে সরকার অগ্রসর হন, সে-বিষয়ে আমি অনুরোধ জানাই।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[5-30—5-35 p.m.]

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, আপনার কাজ আরম্ভ হবার আগে আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ কথা বলতে চাই। তবে দুঃখের বিষয় আমি যাকে বলতে চাই তিনি এখানে নাই, কিন্তু মুখ্যমন্ত্রী এখানে আছেন—শ্রীপ্রফুল্ল সেন মহাশয় নেই। সেদিন যখন ফেমিন বাজেট আলোচনা হয়েছিল, তখন তিনি একটা খবর আমাদের দিয়েছিলেন যে, কলিকাতার বাইরে গম এবং চালের ব্যাপারে বলেছিলেন যে, যদি গম কেউ না নেয়, তাহলে তাকে একসের করে চাল দেওয়া হবে। এই ষ্টেটমেন্ট তিনি ফ্লোর-এর উপর দাঁড়িয়ে করেছিলেন। কারণ, আমাদের পার্টির সদস্য হেমন্ত ঘোষাল মহাশয় তার নিকট জিজ্ঞাসা করেছিলেন ইনফরমেশন-এর জন্য যে এটা সত্য কি না যে, যদি কেউ গম না চায় তাহলে সে চাল পাবে কি না। অথচ ডাক্তার রায় বলেছিলেন যে, গম নেওয়াটা কমপালসরি নয়। গম না নিলে চাল কম দেওয়া হবে। অর্থাৎ গম ও চাল মিলিয়ে ২ সের দেওয়া হবে, কিন্তু গম না নিলে তাকে ৫০ পারসেন্ট কম অর্থাৎ এক সের করে চাল দেওয়া হবে। কিন্তু আমরা একটা সারকুলার দেখছি ইউনিয়ন বোর্ড-এ দেওয়া হয়েছে। ২৪-পরগনার এস, ডি, ও, শ্রী জে, সান্যাল দিয়েছেন।

"It is a circular from Shri J. Sanyal, Subdivisional Officer in 24-Parganas. Rationed scale will be two seers of cereals per adult per week and one seer per minor per week. Composition will be 50 per cent. of wheat and 50 per cent. of rice. Any ration card-holder refusing to draw wheat will not be entitled to receive rice."

তাহলে প্রফুল্লবাবু কি অসত্য কথা বললেন, না তিনি জানেন না এটা আমরা বুঝতে পারছি না। এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার।

Mr. Speaker: You will kindly hand it over to the Chief Minister. He will see to it.

Sj. Sagar Chandra Mahato will now kindly speak.

Sj. Satya Kinkar Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া শিক্ষা-ক্ষেত্র সরকার যেভাবে চালিয়েছেন এবং সেখানে যে বিভ্রান্তিকর ব্যবস্থা অবলম্বন করেছেন সে সম্বন্ধে আমি ২।৪টা কথা বলবো।

(A voice from Government Bench: Sir, he is not Shri Sagar Chandra Mahato.)

Mr. Speaker: That I do not know. I call out names from the agreed list of names supplied to me and the names given to me is that of Sj. Sagar Chandra Mahato.

Sj. Deben Sen: He is Satya Kinkar Mahato.

Mr. Speaker: All right. Let him speak. Shri Satya Kinkar Mahato.

সমগ্র বাংলাদেশে শিক্ষা-ক্ষেত্রের উন্নতি ও সংস্কার আমরা সকলেই চাই। তবে আমি পুরুলিয়া থেকে এসেছি। পুরুলিয়ায় একটা বিশেষ অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে শিক্ষা-ক্ষেত্রে ব্যাপক দুর্নীতিমূলক সংগ্রাম চলেছে। যেখানে যুদ্ধ বাধে, সরকার থেকে যেমন সেখানে জরুরী ব্যবস্থা অবলম্বন করা হয়, মানভূমে আজকে সেইরকম জরুরী ব্যবস্থা অবলম্বন করার দিন এসেছে।

[5-35—5-45 p.m.]

ব্যবস্থিত ক্ষেত্রের শিক্ষার ধারা এক রকম আর অব্যবস্থিত বিশৃঙ্খলা ও ধ্বংপ্রাপ্ত ক্ষেত্রের শিক্ষার ধারা অন্য রকম। আজ ৮ বৎসর কাল ধরে বিহার সরকারের ধ্বংসলীলার থেকে মানভূমের শিক্ষা-ক্ষেত্র যে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, সেই ক্ষতিগ্রস্ত মানভূমের পুনর্গঠনের দায়িত্ব আজ বাংলা সরকারের কাছে এসে পৌঁছেছে। কাজেই এর দায়িত্ব সম্বন্ধে আমি দু-একটা কথা বলবো। প্রথম কথা হচ্ছে যে, এই ধারাটা বদলে দিন। মানভূম বহুদিন যাবৎ বিহার সরকারের অধীনে থাকায়, তার শিক্ষার ধারা বিহারী শিক্ষার সঙ্গে যুক্ত ছিল। আজ সেই শিক্ষার ধারা বাঙ্গলা সরকারের শিক্ষার ধারার সঙ্গে যুক্ত হওয়ায়, সেখানে যে সমস্যার উদ্ভব হবে, সেগুলি চিন্তা করে, পরিকল্পনা নিয়ে পরিবর্তন করতে হবে। দ্বিতীয় সমস্যা হচ্ছে, বিহার সরকার আট বৎসর যাবৎ বাংলা-ভাষাকে দমন করবার জন্য এবং সেখানে হিন্দী-ভাষাকে অতিরিক্ত প্রশ্রয় দেওয়ার ফলে মানভূমে ব্যাপক ক্ষেত্রে যে ক্ষতি সাধন করা হয়েছে, জরুরী ব্যবস্থা অবলম্বন করে সেই ক্ষতি পূরণ করবার দায়িত্ব এসে পড়েছে বাংলা সরকারের উপর। গত ৮ বৎসর ধরে বিহার সরকার একদিকে যেমন বাংলা-ভাষাকে দমন করবার চেষ্টা করে এসেছেন, তেমনি অপর দিকে হিন্দীকে অন্যায়ভাবে প্রশ্রয় দিয়ে এসেছেন। উদাহরণ-স্বরূপ আমি দু-একটা কথা বলবো। একদিকে করেছেন নূতন বাংলা স্কুলকে মঞ্জুরী দেন নি। যেখানে স্কুল কমিটি বা শিক্ষক বলতে গিয়েছেন, অথবা চিঠিপত্র দিয়ে লিখেছেন যে, মহাশয়, আমাদের স্কুলের মঞ্জুরী দিন, তখন সেখানে বলা হয়েছে তোমরা হিন্দী পড়াবে? তাহলে মঞ্জুরী সঙ্গে সঙ্গে মিলবে। কিন্তু সেখানে জনসাধারণের আপত্তি আছে, হিন্দীতে ছেলেরা পড়তে পারে না; গার্জেনরাও চান না যে হিন্দী পড়ান হোক। সেখানে বলা হয়েছে বাংলায় নয়, হিন্দীতে ছেলেদের নাম রেকর্ড করতে হবে দৈনিক উপস্থিতির খাতা ও অন্যান্য সমস্ত কিছু খাতাপত্র যদি হিন্দীতে করতে পারে তাহলে সেই স্কুল মঞ্জুরী পাবে, নচেৎ নয়। পড়ার বেলা যাই হোক। সে যখন বলছে আমি হিন্দী-ভাষায় অজ্ঞ, আমি হিন্দীর ক, খ পর্যন্ত জানি না, তখন তাঁকে ১৫ দিনের ট্রেনিং দিয়ে হিন্দী স্কুলের শিক্ষক করা হয়েছে ও বাংলা স্কুলের শিক্ষকদের চেয়ে বেশী বেতন দেওয়া হচ্ছে। প্রতি থানায় একটা করে হিন্দী শিক্ষা কেন্দ্র করা হয়েছে, যেখানে শিক্ষকদের ১০।১৫ দিন করে হিন্দীতে শিক্ষা গ্রহণই হিন্দী স্কুলের শিক্ষকতা কার্য্যে ট্রেনিং শিক্ষকরূপে গ্রহণ করবার ব্যবস্থা করেছেন। এইভাবে বাংলা স্কুলের নিকট হিন্দী স্কুল স্থাপিত করে, বাংলা স্কুলকে ধ্বংস করা হয়েছে। অনেক ক্ষেত্রে আবার বাংলা স্কুলের শিক্ষকদের মাইনে অযথা বন্ধ করে দিয়েছেন এবং অনেক ক্ষেত্রে স্কুলের অনুমোদন বন্ধ করে দিয়েছেন। এইভাবে বাংলা স্কুলকে ধ্বংস করে বিহার সরকার ব্যাপকভাবে মানভূমের শিক্ষাকে ক্ষতিগ্রস্ত করেছেন। আজ জরুরী ব্যবস্থা অবলম্বন করে বাংলা সরকারের পক্ষে সেই ক্ষতিপূরণ চেষ্টা করা একান্ত আবশ্যক হয়ে পড়েছে। কিন্তু আজ বাংলা সরকারের সেদিকে দৃষ্টি নাই। কারণ, পূর্বে বিহার সরকার যেভাবে হিন্দীর ধারা নিয়ে কাজ করেছিলেন, আজও বাংলা সরকার সেইটে তেমনিভাবে খাড়া করে রেখেছেন। আজ আট মাস হয়ে গেল এখনও তাঁরা সেই পূর্বেকার ন্যায় টাকা পাচ্ছেন, বরং বাংলা স্কুলগুলি যে হারে টাকা পাচ্ছে, তার চেয়ে অনেক গুণ বেশী হারে হিন্দী-স্কুলগুলি টাকা পাচ্ছে। যেখানে বাংলা স্কুল ৩৫ টাকা পায়, সেখানে হিন্দী স্কুল ৪৫ টাকা পায়। এইভাবে প্রাইমারী স্কুল, মিডিল স্কুল, বেসিক স্কুল এবং উচ্চ স্কুলকে বিহার সরকার অত্যন্ত ক্ষতিগ্রস্ত করেছে। উদাহরণস্বরূপ বলতে পারি, বরাবাজারে একটা সুন্দর বাংলা হাই-স্কুল চালু ছিল, বিহার সরকার ঠিক তার নিকটে একটা হিন্দী হাই-স্কুল স্থাপন করেছেন, এবং এই হিন্দী হাই-স্কুলের পূর্ণ মঞ্জুরী দিয়েছেন; এখানে মঞ্জুরী দেবার যে-সমস্ত [illegible]

আছে সেগুলি পালন করবার কোন দরকার হয় নি। অথচ দেখা যায়, কাশীডিতে একটা বাংলা হাই-স্কুল আছে, সেখানে ছাত্রেরা ফাইন্যাল পরীক্ষা দিচ্ছে এবং ফাইন্যাল পরীক্ষা প্রায় শতকরা ৮০ পারসেন্ট পাশ করেছে, তাকে আজ পর্যন্ত মঞ্জুরী দেওয়া হয় নি। এমন কি যাবার সময় দুটা ক্লাশের (অর্থাৎ ৮ম, ৯ম, বিহারের) পারমিসন দেওয়া হয়েছে, এ-বছর নভেম্বর মাসে। এইভাবে বিহার সরকারের দ্বারা যে-সমস্ত ক্ষতি হয়েছে সেগুলি ব্যাপকভাবে তদন্ত করে তার প্রতিকারকল্পে সত্বর সুব্যবস্থা করবার জন্য আমি বাংলা-সরকারের নিকট আবেদন জানাচ্ছি। ওখানে একটা এডুকেশন কমিটি গঠন করে, তার দ্বারা সমস্ত কিছু তদন্ত করে ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ক্ষতি পূরণ করে ও মঞ্জুরীবিহীন স্কুলগুলিকে মঞ্জুর দান করে ও পূর্বের মঞ্জুরীপ্রাপ্ত স্কুলের মঞ্জুরী ফিরিয়ে দেবার ব্যবস্থা করে এবং যাতে শিক্ষা-ধারা খুব উন্নতভাবে চলে, বাংলার অন্যান্য জেলার মত উন্নত হয়ে চলতে পারে, সেদিকে লক্ষ্য রেখে, সরকারের অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা একান্ত আবশ্যক।

সময় হয়ে গিয়েছে, অতএব আমি এখানেই শেষ করতে বাধ্য হ'লাম।

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহোদয়, অল্পক্ষণের জন্য কিছু বলবার সুযোগ দিয়েছেন, তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, কারণ এই হাউসে আমি সর্বপ্রথম কথা বলছি।

এডুকেশন খাতে ইতিপূর্বে বহু প্রবীন নেতা, তাঁরা তাঁদের অভিজ্ঞতা সহকারে যেটা দেশের পক্ষে সবচেয়ে বেশী প্রয়োজন সেটা বলেছেন। এত অভিজ্ঞতা আমার নেই, তবে কলিকাতা শহরে আমি একজন প্রতিনিধি পৌর-সভার, এবং সেখানে প্রাথমিক শিক্ষার যে ব্যবস্থা রয়েছে, তার সঙ্গে আমার একটু সম্পর্ক আছে; এবং সেই সঙ্গে কলিকাতা শহরের আরও যে-সমস্ত প্রাইমারী বিদ্যালয় আছে, সেখানেও যে-সমস্ত ব্যবস্থা রয়েছে, তা আমি মনে করি অত্যন্ত লজ্জাজনক, দুঃখের বিষয়। যেখানে সরকার পক্ষ থেকে বারবার বলা হচ্ছে আমরা যা করেছি তার আর তুলনা নেই: ২২ লক্ষ বালক-বালিকার জন্য প্রাথমিক শিক্ষার প্রবর্তন করেছি। কিন্তু আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই; ১৯১৯ সালে যে প্রাথমিক এ্যাক্টকে প্রবর্তন করা হয়েছিল, তার উদ্দেশ্য কি ছিল? যাঁরা প্রবর্তন করেছিলেন তাঁদেরই বা কি উদ্দেশ্য ছিল? উদ্দেশ্য ছিল যে, শহর অঞ্চলে সর্বপ্রথম, যে কোন ধরণেরই সরকার হোন না কেন, তাঁদের দায়িত্ব নিতে হবে প্রাইমারী শিক্ষার। তাই তাঁরা আইন করে দিলেন মিউনিসিপ্যালিটির প্রাইমারী শিক্ষার দায়িত্ব নিতে হবে এবং যদি প্রয়োজন হয় তাদের সাহায্য করতে হবে।

[5-45—5-55 p.m.]

এবং সেই জন্যই সেই সময় ডি, পি, আই, ছিলেন মিঃ ডন, তাঁকে ভার দেওয়া হ'ল। তিনি এনকোয়ারি করে বললেন যে, শতকরা ১০ জন তাদের প্রাইমারী শিক্ষার উপযুক্ত বয়স এবং তাদের সেই ব্যবস্থা করতে হবে। ১৯২৩ সালে যখন দেশবন্ধু কলিকাতায় মেয়র হ'লেন, তিনি বললেন যে, না, যেভাবে মিঃ ডন বলছেন সেইভাবে আমরা গ্রহণ করতে পারছি না। তার কারণ হচ্ছে তার গতি এত আস্তে, তাতে ক্ষতি হবে। আমাদের দেশেতে মানুষ গঠনের কাজেতে ভয়ানক দেরী হয়ে যাবে। তাই তিনি বললেন, যদি আমার হাতে কোনদিন সরকার আসে, তাহলে আমি সর্বপ্রথম এই চেষ্টা করব যাতে দেশের প্রত্যেকটী ছেলে শিক্ষিত হয়ে উঠে, অন্তত প্রাথমিক শিক্ষায় শিক্ষিত হয়। ১৯২৪ সালের কথা এবং তারপরে অনেক দিন চলে গেছে, আমাদের হাতে সরকার এসেছে এবং যারা সরকার গঠন করেছেন, তারা আজকে অন্তত দেশবন্ধুর বাণী তাঁরা ভুলে গিয়েছেন। কলকাতা শহরে আজকে মাত্র ৫০ হাজার বালক-বালিকার শিক্ষার ব্যবস্থা হয়েছে। এবং যা করপোরেশন মারফৎ হয়ে থাকে। এবং করপোরেশন-এর যা আয়-ব্যয় আছে তার হিসেব করে দেখা যায় তার ১০ পারসেন্ট টাকা শিক্ষার খাতে খরচা করে। অথচ স্ট্যাটুটরী ওবলিগেসন করপোরেশন-এর মাত্র ৫ লক্ষ টাকা। এবং সেখানে তারা ব্যয় করছে ৫০ লক্ষ টাকা শিক্ষার খাতে। এবং সরকার তার কি কোন দায়িত্ব নেই, একটা মাত্র ডিপার্টমেন্ট সরকার করে নিজেকে খুব সন্তুষ্ট মনে করছেন এবং সেই ডিপার্টমেন্ট হচ্ছে ডি, পি, আই, তার উত্তর কি আছে? কর্তৃপক্ষকে আমি জিজ্ঞাসা

করি, তারা এই ব্যাপারে খোঁজ নেন, করপোরেশন যেখানে ইন্সপেক্টর রেখে দিয়েছে, বিভিন্ন স্কুল পরিদর্শন করে বেড়ায়, তখন আবার সরকারের তরফ থেকে এইগুলি পরিদর্শন করবার কি কারণ থাকতে পারে? অপচয় ছাড়া আর কি হতে পারে। আমি তাই শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য, কেন না, তাঁর কাছে করপোরেশন-এর ব্যাপার, কলিকাতার শিক্ষার ব্যাপার মোটেই তাঁর অগোচর নয়। তিনি তাঁর পৌর-সভার মধ্যে অনেকদিন কাটিয়েছেন, অল্ডারম্যান হিসেবে কাটিয়েছেন, মেয়র হিসেবেও কাটিয়েছেন, তিনি জানেন সেখানকার অবস্থা কি। এটাও নিশ্চয়ই তাঁর স্মরণ আছে যে, তাঁর ছাত্র বিশেষ এক সময় মেয়র ছিলেন সতীশচন্দ্র ঘোষ, তিনি একটা স্কীম রচনা করেছিলেন, তিনি বলেছিলেন যে, সরকারের তরফ থেকে এত অর্থ ব্যয়ের কি কারণ থাকতে পারে? কলকাতা শহরে প্রাইমারী শিক্ষার যদি দায়িত্ব হিসেবে সরকার গ্রহণ করেন, সম্পূর্ণভাবে গ্রহণ তাঁরা করুন, কিন্তু যদি গ্রহণ করতে না চান, তাহলে পৌর-সভাকেই তাঁরা ভার দিন—পৌর-সভার তার যে ডিপার্টমেন্ট, তার যে অরগ্যানাইজেসন আছে তার মারফতই শিক্ষা তাঁরা পরিচালনা করতে পারেন এবং এই সূত্রেই তাঁরা ২ কোটি টাকার একটা স্কীম পাঠিয়েছিলেন বিধানবাবুর কাছে, কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কিছুই জানা যায় নি। এই সঙ্গে বলতে চাই, প্রাথমিক শিক্ষার ব্যাপার শুধুমাত্র কলিকাতা শহরেই নয়, কোন মিউনিসিপ্যালিটিতে আজ পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তন করা হয় নি। দুটী মাত্র মিউনিসিপ্যালিটিতে করা হয়েছে, সেখানে এত নগন্য ব্যবস্থা যে, সেটাকে বলা যায় না যে বাধ্যতামূলক সেখানে ব্যবস্থা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই এটা স্বীকার করবেন যে, মিউনিসিপ্যাল এবং কলিকাতা ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া সমস্ত ধরলে বাংলাদেশের ½ অংশ লোক বাস করে, সেখানে সরকারের তরফ থেকে কোনরকম বাধ্যতামূলক প্রাইমারী শিক্ষার ব্যবস্থা আজও পর্যন্ত হয় নি। এর সঙ্গে আরেকটা কথা উত্থাপন করতে চাই যে, মফঃস্বলে বিভিন্ন ব্যবস্থা রয়েছে, স্কুল-বোর্ড, ইউনিয়ন বোর্ড, ইত্যাদি নানান ধরণের প্রতিষ্ঠান শিক্ষা-ব্যবস্থকে তদারক করবার জন্য রয়েছে, আবার তার সঙ্গে সঙ্গে বিভিন্ন মফঃস্বলে যে-সমস্ত শিক্ষা ব্যবস্থা রয়েছে, যে-সমস্ত কমিটি, বোর্ড রয়েছে, তারা নানান ধরণের জগাখিচুড়ী করে শিক্ষা ব্যবস্থাকে ব্যাহত করছে। এখন সরকারের প্রধান কর্তব্য হবে অন্ততপক্ষে প্রাইমারী শিক্ষার একটা কেন্দ্রীয় কোন একটা সংস্থা হউক যে সংস্থা সমস্ত শিক্ষাকে পরিচালনা করবে। এবং সঙ্গে সঙ্গে পল্লী-গ্রামেতে যে অদ্ভুত স্বেচ্ছাচারী ব্যবস্থা চলছে সেদিকে সরকারের দৃষ্টি রাখতে হবে। স্কুল-বোর্ডের নাম করে প্রত্যেকটা শিক্ষককে যেভাবে থ্রেটেন করা হচ্ছে, যেভাবে তাদের উপর ধমকানী দেওয়া হয় তাতে শিক্ষকদের শিক্ষার দিকে নজর দেওয়ার চেয়ে কর্তৃপক্ষের দিকে নজর দিতে তারা বাধ্য হয়। কাজেই সরকারের যদি সবদিকে নজর থাকে তার ব্যবস্থা করা উচিত। এবং স্কুল বোর্ডের যে পুরানো আইন বর্তমান সময় একদম অচল। ইংরেজ যে আইন করেছিল, তাদের শাসন পরিচালনা করবার জন্য, আজকের দিনে সেই আইন অচল, তার পরিবর্তন করা সরকারের উচিত।

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষা খাতে বলতে গিয়ে প্রাথমিক শিক্ষা বিষয়ে অনেক স্পেশাল কেডার স্কুলের কথা বলা হয়েছে। আমরা জানি গ্রামের বহু জায়গায় স্পেশাল কেডার স্কুল হয়েছে, কিন্তু সেই সমস্ত স্কুল যদি দলীয় রাজনীতি বাদ দিয়ে হ'ত, তাহলে আমরা সুখী হতাম। যেভাবে এই স্কুলগুলি গঠিত হয়েছে, তাতে যেভাবে শিক্ষক নিয়োগের ব্যবস্থা আছে, তাতে এইসব জায়গায় শিক্ষা ব্যবস্থা আগে যা ছিল তার চেয়েও অবস্থা খারাপ হয়ে গেছে। যারা অভিভাবক আছেন কিংবা যারা হাই-স্কুল বা সেকেণ্ডারি স্কুল-এর সঙ্গে জড়িত, তারা ক্লাশ ফাইভ্-এর ছেলেদের যারা জানেন, তারাও বুঝবেন এবং তাদের ছেলেরা আজ স্কুলে পড়ে, তারা বুঝবেন আজ শিক্ষা ব্যবস্থা—স্কুল হলেই শিক্ষা ব্যবস্থা হয় না। স্কুলকে পরিচালনা করতে গেলে যেভাবে পরিচালনা করা দরকার, দলীয় রাজনীতি বাদ দিয়ে চলা দরকার, সেটা কেমন করে হ'তে পারে, সেটা সরকারের পক্ষ থেকে কিছুই করা হয় নি। স্পেশাল কেডার, এক দিকে শিক্ষকেরা স্কুলের মাষ্টারী করবেন অপর দিকে কংগ্রেসের সভ্য হবেন, অপর দিকে টেস্ট রিলিফ কাজের পে মাষ্টার হবেন, আবার রিলিফ

কমিটির সভ্য হবেন—এই সমস্ত কাজ করবেন। আমার কাছে একটা পোস্টার আছে, একজন স্পেশাল কেডার শিক্ষক, তিনি লিখিতভাবে নাম দিয়ে—প্রাণতোষ প্রামানিক—তিনি কংগ্রেসের হয়ে প্রচার করেছেন। তা ছাড়া আমি জানি মেদিনীপুরে বিজয় ঘোষ, জগদীশ দাস, তারা বিদ্যাপীঠের শিক্ষক, তারা জেলা কংগ্রেস কমিটির সভ্য। শুধু তাই নয়, ডাঃ রায়, তিনি এর আগে দলীয় রাজনীতি ছাড়বার কথা শিক্ষা-ক্ষেত্রে বলেছেন। কিন্তু আমার কাছে নজীর আছে, তিনি নিজেও এই দলীয় রাজনীতি ছাড়া চলেন না। আমাদের একজন বন্ধু স্পেশাল কেডার-এর শিক্ষক রনজিত মুখার্জী ১৯৫৩ সালে তারা একটা স্কুল তৈরী করেন, সেই স্কুলের শিক্ষকতা করবার জন্য তিনি দরখাস্ত করেন, কিন্তু যেহেতু আগে তিনি বামপন্থীর পক্ষে ছিলেন, সুতরাং তার চাকরী হ'ল না। তারপরে তিনি তৎকালীন মন্ত্রী ছিলেন মাননীয় পান্নালাল বোস মহাশয়, তার কাছে গিয়েছিলেন, তার ব্যাপার নিয়ে তিনি তার দরখাস্তের উপর লিখে দিলেন যে, তিনি যদি স্কুল তৈরী করে থাকেন, তাহলে এক্সুনি এর এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হউক। কিন্তু দুঃখের বিষয় জেলা কংগ্রেস কমিটি তার এই রিকমেণ্ডেশন দেখেছেন কিন্তু চাকরী দেন নি। সেই ব্যাপার নিয়ে ডাঃ রায়-এর কাছে ডেপুটেশন যাওয়া হয়, ডাঃ রায়কে চিঠি দেওয়া হয় এবং ডাঃ রায় প্রথমে বললেন—ডাঃ রায়-এর চিঠি আমার কাছে আছে—তিনি প্রথমে বললেন যে, তার বিরুদ্ধে অভিযোগ হচ্ছে তার তিন মাস জেল হয়েছে এবং তিনি নাকি ন্যাশানাল ফ্ল্যাগ তুলতে দেন নি। তারপরে তার উত্তরে লেখা হ'ল এই অভিযোগ আপনার মিথ্যা, তার তিন মাস সাজা হয় নি, তার সাজা হয়েছে ৪ মাস এবং তা ছাড়াও যে ন্যাশনাল ফ্ল্যাগ-এর কথা বলছেন সেটাও অসত্য। ৪ মাস সাজা হ'লেও কোন শিক্ষককে শিক্ষকতা থেকে বঞ্চিত করা যায় না। এই কথা বলে তাকে চিঠি দেওয়া হয় এবং বলা হয়, প্রথমে তাকে এ্যাপেয়ন্টমেন্ট দেওয়া হয় তিন-চার দিনের জন্য জানুয়ারী মাসে আর ন্যাশনাল ফ্ল্যাগ-এর আসে প্রশ্নটা ১৫ই আগষ্ট। সুতরাং ১৫ই আগষ্টের সে ঘটনা জানুয়ারী মাসে কি করে আসতে পারে। সুতরাং ন্যাশনাল ফ্ল্যাগকে অবমাননা করার কথা হতেই পারে না। এই সমস্ত জানিয়ে তাকে চিঠি লেখা হয়, কিন্তু ডাঃ রায় তার উত্তরে দিয়েছেন যে, না তা হতে পারে না, ন্যাশনাল ফ্ল্যাগ-এর যে অবমাননা করেছে সে সেটা নিজেই স্বীকার করেছে, অথচ সেই ঘটনা হয়েছে জানুয়ারী মাসে। আমি চাই ডাঃ রায় এর উত্তর দেবেন। তিনি যে ফ্ল্যাগ অভিযোগ করেছেন ডাঃ রায় এটাও স্বীকার করে নিয়েছেন। তারপরে সেই ভদ্রলোক উপায় না দেখে কংগ্রেস কমিটির সভ্য হ'লেন এবং কাগজে বিবৃতি দিলেন আর তার চাকরী হয়ে গেল, জুলাই মাসের প্রথম দিকে তিনি বিবৃতি দিলেন, আর ১৪ই জুলাই তার চাকরী হয়ে গেল। ডাঃ রায়, তিনি যা বক্তৃতায় বলেন, তিনি যদি কাজে সেগুলো করেন, আমরা খুসী হব, যদি দলীয় নীতি শিক্ষাক্ষেত্র থেকে তুলে নেন, সত্যি আমরা খুসী হব এবং আমি বলবো সেই ব্যবস্থা আপনারা করুন। আর যদি মুখে এক কথা, আর কাজে আর এক জিনিষ করেন, তাহলে শিক্ষা ব্যবস্থার কোন পরিবর্তন সাধিত হতে পারে না। তা ছাড়া এই শিক্ষা-ক্ষেত্রে প্রাইমারী শিক্ষা বিভাগে যে এ্যাডভাইসরি কমিটি ছিল স্কুল-এ সেখানে ইলেকশন-এর ব্যবস্থা ছিল, গারজেনদের নিয়ে সেগুলো বন্ধ করে দেওয়া হয়েছে। তারপর, প্রাথমিক শিক্ষা বোর্ড ১৯৩০ সালের আইনানুযায়ী এখনও চলছে, তাকে পরিবর্তন করবার কোন ব্যবস্থাই হয় নি। তা ছাড়া শিক্ষকদের নিযুক্ত করবার যে ব্যবস্থা হয়েছে, সেও বিশেষ বিশেষ লোক দেখে করা হয়। এর পরে আমি আপনাকে স্ত্রী-শিক্ষা সম্পর্কে ২।১টা কথা বলতে চাই। এ-সম্বন্ধে ওঁরা বলেছেন প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত স্ত্রীশিক্ষা করবেন কিন্তু বর্তমানে যে ব্যবস্থা আছে তা অত্যন্ত বিশ্রী ব্যবস্থা। জেলার ইনসপেকট্রেস যিনি শ্রীমতী সরলা ঘোষ, তিনি জেলার কর্ত্রী, একা লোক তিনটি জেলার কাজ কখনও করতে পারেন না। তা ছাড়াও স্কুলকে মঞ্জুরী দেবার ব্যাপারে যে সমস্ত বিধিনিষেধ আছে, তাতেও কখনও স্ত্রী-শিক্ষা বাড়তে পারে না। স্পেশাল কেডার স্কুলকে যেভাবে অনুমতি দেওয়া হয়েছিল সেই রকমভাবে যদি দেওয়া হয়, যেসব জায়গায় হাই-স্কুল আছে, সেইসব স্কুল-এ অনুমোদন দেওয়া উচিত, যদি স্ত্রী-শিক্ষার বিস্তার করতে হয়।

সর্বশেষে আমি শিক্ষকদের মাহিনার কথা বলবো। শিক্ষকদের মাহিনার ব্যাপারে আপনারা বড় বড় কথা বহুবার বলে এসেছেন। ১৯৫২ সাল থেকে শুনছি মাহিনা আপনারা

বাড়াবেন এবং তা বাড়িয়েছেন কত, ৬৭॥ টাকা। আর মুখে বলছেন যতকিছু আত্মত্যাগ করবেন শিক্ষকরা। আমি অনুরোধ করবো যেন মন্ত্রীরা প্রথমে এগিয়ে এসে তারপরে শিক্ষকদের আত্মত্যাগের কথা বলেন। তাহলে শিক্ষকরা তা মাথা পেতে গ্রহণ করে নেবেন।

[5-55—6-5 p.m.]

Sjkta. Olive Premantle: Mr. Speaker, Sir, I rise to speak a few words in support of the demand for grant under the Head "Education". Our Education Minister is known to everybody. He is an expert in the matter because of his long association with the University in this State. Before I proceed I would like to thank Her Excellency through the Government because of her kind gesture to the Anglo-Indian community in West Bengal by nominating four of its members to this House in perfect conformity with the Constitution. Sir, the Anglo-Indian community is a part and parcel of the Indian nation and has so far been neglected. It is a matter of great relief to them that they have now been properly represented to present their viewpoint and to have them redressed when necessary by the majority community who rule the country. I will now refer to the Estimates of the Financial Year and will confine myself to the educational enterprises of the Government particularly as far as it will affect the Anglo-Indian Community. The Government spent Rs. 2,85,516 for primary schools for boys and girls of my community in 1955-56. It is a pleasure to note that it has now been increased to Rs. 3,80,900. Rs. 1,110 was spent in 1955-56 for special Anglo-Indian schools which has been raised to Rs. 1,900. In 1955-56 nearly Rs. 41,000 was the expenditure under the inspection head. This has been slightly reduced in the present year. In 1955, Rs. 23,406 was spent towards scholarship to Anglo-Indian boys and girls and this has now been raised to Rs. 34,000. Miscellaneous expenditure incurred by the Government for my community in 1955-56 was only Rs. 9,726. This has been raised in the current year to Rs. 20,700. We are really glad that the Government is making honest endeavours to do all that is possible for the welfare of this small community and we hope that in the years to come the Government would further enlarge its welfare schemes for them. Thank you.

Sj. Monoranjan Misra:

মাননীয় স্পীকার মহাশয়, স্বাধীনতা লাভের পর দশ বৎসর অতীত হয়েছে এবং কংগ্রেসের হাতে রাষ্ট্র পরিচালনার ভার এসেছে। গত দশ বৎসরের শিক্ষা ব্যবস্থার যে পরিকল্পনা, তাকে বিশ্লেষণ করলে সহজেই অনুমান করা যায় যে, সরকার শিক্ষা-ব্যবস্থাকে সর্ব-নিম্নে স্থান দিয়েছেন। তবে এই বছর যদি তুলনামূলকভাবে দেখি তাহলে দেখব শিক্ষা খাতে ব্যয়-বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। তা ছাড়া এই ব্যয়-বরাদ্দ বৃদ্ধি সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, যে টাকা শিক্ষার কারণে খরচ করা হয় তা সদ্ভাবে ব্যয় হয় কিনা সন্দেহ। আমার এই বিশ্বাস আছে, যেভাবে শিক্ষা-পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে তাতে বাস্তব দৃষ্টিভঙ্গীর সঙ্গে কোন সামঞ্জস্য নাই, তাকে অবাস্তব দৃষ্টিভঙ্গী বল্লেই চলে। পল্লীর সঙ্গে সামঞ্জস্য রেখে, মানুষের জীবন-ধারার সঙ্গে সামঞ্জস্য রেখে শিক্ষা-ব্যবস্থা আজ পর্যন্ত গ্রহণ করা হয় নি। ব্যয়-বরাদ্দের দ্বারাই শিক্ষায় সাফল্য লাভের প্রয়াস সরকার পক্ষ থেকে চলছে, কিন্তু আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি, পল্লীগ্রামে যে প্রাইমারী শিক্ষা ব্যবস্থা হয়েছে, সেই প্রাইমারী শিক্ষা ব্যর্থতায় পর্য্যবসিত হয়েছে। আমি জানি বিভিন্ন গ্রামে বিভিন্নভাবে প্রাইমারী বিদ্যালয়ের পত্তন হয়েছে এবং সেখানে প্রতি স্কুলে ৩।৪টি করে শিক্ষক মাসিক মাত্র ৪০।৫০ টাকা বেতনে চাকুরী করে। এই সামান্য বেতনে একজন শিক্ষকের পক্ষে সন্তুষ্ট হয়ে কাজ করা একেবারে অসম্ভব। যার ফলে শিক্ষকেরা বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হয় এবং স্কুলের কর্তব্যে অবহেলা করে, বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াতে হয়। তা ছাড়া পল্লীগ্রামের যে অর্থনৈতিক অবস্থা তাতে মানুষের পক্ষে ছেলেদের বই, শ্লেট, পেন্সিল পর্যন্ত কেনা একেবারে অসম্ভব হয়েছে। ফলে হয় কি, কিছুদিনের মধ্যেই

ছেলে-মেয়েরা বিদ্যালয়ে পড়তে গিয়ে প্রাইমারী শিক্ষায় কিছুদিন কেটে যাবার পরই পেটের দায়ে বাধ্য হয়ে শিক্ষাজীবনের সমাপ্তি ঘটে। তা ছাড়া স্পেশাল কেডার শিক্ষক, যা নেওয়া হয়েছে—আমি জানি না এদের কি কর্তব্য, এদের কি কাজ দেওয়া হয়েছে তাও আমি বুঝি না। এবং যাদের নেওয়া হয়েছে তারাও জানে না কি কাজের জন্য তাদের বেতন দেওয়া হয়।

আমার মনে হয় স্পেশাল কেডার শিক্ষকদের সার্ভিস কনফার্ম করা উচিত। তা যদি না হয়, তাহলে শিক্ষকরা একটা অনিশ্চিতের উপর সন্তোষজনকভাবে কাজ করতে পারবে না, যার ফলে স্কুলগুলিতে কাজকর্ম ঠিকমত চলে না। এমন অনেক স্কুল আছে যেখানে ছাত্র বেশী, শিক্ষক কম, আবার এমন অনেক স্কুল আছে যেখানে শিক্ষক বেশী ছাত্র কম। এইভাবে হিসাব-নিকাশ না করে অর্থ অপচয় করা উচিত নয়। এগুলি তত্ত্বাবধান করার জন্য যে-সমস্ত বিভিন্ন বিভাগ আছে, আমরা আশ্চর্য্য হয়ে যাই, তারা কতজন ছাত্র আছে এইসব না দেখেই শিক্ষার ব্যবস্থা করেন। এইভাবে শিক্ষা ব্যবস্থা কি করে হয়, তা আমি বুঝতে পারি না। তা ছাড়া মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে এ-কথা বলতে চাই যে, পল্লীগ্রামে বহু স্কুল সরকারী সাহায্যপ্রাপ্ত হয়েছে, যা সাহায্য পায় তা অতি সামান্য এবং সেই সাহায্যও নিয়মিত তারা পায় না। সেকেণ্ডারী স্কুল বোর্ড যেটা রচনা করা হয়েছে, সেই সেকেণ্ডারী স্কুল বোর্ড কবে কোন স্কুল সাহায্য পাবে তার কোন নির্দ্দেশ দেন নাই। ভগবান জানেন কোন স্কুল কবে সাহায্য পাবেন। মালদহ জেলার বিভিন্ন স্কুলের কথা আমি জানি—তারা যথাসময়ে নিয়মিতভাবে গভর্নমেন্টের গ্রান্ট পান না। এইরকম অবস্থায় সাহায্য যদি নিয়মিতভাবে না আসে তাহলে পল্লীগ্রামের স্কুলগুলি বাঁচবে কি করে? আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, সেকেণ্ডারী স্কুল বোর্ড যেন নিয়মিতভাবে প্রত্যেক স্কুলে গ্রান্ট পাঠান তার ব্যবস্থা করুন। আমি খুব ভালভাবে জানি যে, বহু স্কুলে বৎসর শেষ হবার পরেও ৩ মাসের মধ্যে গ্রান্ট পাঠানো হয় নি। কাজেই নিয়মিতভাবে যাতে স্কুলগুলিতে গ্রান্ট পাঠানো হয় সেজন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। একেই ত স্কুলগুলি নাম মাত্র সাহায্য পায়, তাও যদি নিয়মিতভাবে না পাঠানো হয় তাহলে স্কুলগুলি চালানো অসম্ভব এবং বহু স্কুল আছে যারা আজও পর্য্যন্ত সরকারী সাহায্য থেকে বঞ্চিত হয়েছে। আজ পল্লীগ্রামের প্রত্যেকটী স্কুল মধ্যবিত্ত সম্প্রদায়ের পরিশ্রম ও ত্যাগে দাঁড়িয়ে আছে। পল্লীগ্রামের যা অবস্থা তাতে মধ্যবিত্ত সম্প্রদায় নানা সমস্যায় বিব্রত, তাদের বিদ্যালয়ের জন্য চিন্তা করবার সময় নাই এবং আর্থিক সাহায্য করার সামর্থ্য নাই। পল্লীর শিক্ষা কি কোরে বাঁচবে। আজ যে শক্তির দ্বারা মানুষকে বাঁচতে হয়, পল্লীগ্রামে সে শক্তির অভাব। পল্লীগ্রামের প্রত্যেক স্কুল সরকারের সাহায্যের জন্য আবেদন জানিয়েছে, সরকার সাহায্য দিয়ে স্কুলগুলিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করুন। সরকার যখন দেশের অধিকাংশ সম্পদ রাষ্ট্রায়ত্তকরণ আরম্ভ করেছেন, তখন সমাজ-উন্নয়ন কার্যের সমগ্র ব্যয়ভারের দায়িত্ব সরকারের গ্রহণ করা উচিত। সেকেণ্ডারী স্কুল-বোর্ডের অপারগতা ও অনুপযুক্ততার প্রমাণ অনেক পাওয়া গেছে। আজকে বিরাট শিক্ষা সমস্যা আমাদের দেশে দেখা দিয়েছে। হায়ার সেকেণ্ডারী স্কুল এবং মালটিপারপাস স্কুল সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে, এ বিরাট পরিকল্পনা গ্রহণ করার পূর্বে শিক্ষাবিদদের সঙ্গে বিশেষতঃ যাঁহারা পল্লীর শিক্ষার সহিত প্রত্যক্ষভাবে জড়িত তাঁহাদের সহিত পরামর্শ করা উচিত, এবং এইভাবে যদি পরামর্শ গ্রহণ না করা হয় তাহলে আমি মনে করি যে, একটা ভীষণ অবস্থার সৃষ্টি হবে, শিক্ষা-ক্ষেত্রে একটা বিপর্য্যয় এসে যাবে এবং কোন পরিকল্পনা সাফল্যমণ্ডিত হতে পারে না। এখনও সময় আছে, শিক্ষাবিদদের সঙ্গে মন্ত্রীমহাশয় পরামর্শ কোরে যেন হায়ার সেকেণ্ডারী স্কুল, বা যে-কোন শিক্ষা পরিকল্পনা প্রভৃতি সম্বন্ধে যাদের অভিমত মূল্যবান, শিক্ষা ব্যাপারে যাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে, তাদের সঙ্গে পরামর্শ না কোরে এবং পল্লীর শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে সম্যক অনুসন্ধান না করে কোন পরিকল্পনা গ্রহণ করা উচিত হবে না। কাজেই আমি মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাই, পল্লীর শিক্ষাবিদদের সঙ্গে পরামর্শ না কোরে শিক্ষা সম্বন্ধে কোন স্কীম যেন ফাইন্যালি গ্রহণ না করেন। শিক্ষাবিদদের ডেকে আনুন, তাদের পরামর্শ গ্রহণ করুন, তা না হ'লে এ শিক্ষা ভবিষ্যতে আমাদের দেশের মঙ্গল আনবে কি না এবং এ শিক্ষা প্রসার লাভ করবে কি না, সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে।

Sj. Basanta Lal Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়! এই শিক্ষা বাজেটে সাধারণত যে সমালোচনা হয়েছে, আমি কয়েকটি উদাহরণ দিয়ে আপনার কাছে দেখাতে চাই; যে শিক্ষা স্কীম সরকার গ্রহণ করেছেন, তার ফল কি হবে। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় ইটাহার থানায় লোকসংখ্যা ৮০,৯৫৩, কিন্তু সেখানে আজ দশ-বৎসর কংগ্রেস গভর্নমেন্টের শাসন চলা সত্ত্বেও একটি হাই-স্কুলও স্থাপন করা হয় নি, এবং সেখানে যে উচ্চ শিক্ষার প্রসার আছে তাও নয়। ছেলেদের পল্লীগ্রাম থেকে রায়গঞ্জ ও বালুরঘাটে যাওয়া-আসা কোরে লেখা-পড়া শিখতে হয়। বোর্ডিং-এ রেখে পড়াতে হ'লে ৫০।৬০ টাকা মাসিক খরচ কোরে পড়াতে হবে। কোন মধ্যবিত্ত পরিবারের পক্ষে সেটা সম্ভব নয়। অথচ শিক্ষা ভিন্ন কোন জাতিই উন্নতি লাভ করতে পারে না। বাংলাদেশে শতকরা মাত্র ২৪ জন শিক্ষিত। গ্রামাঞ্চলে দেখা যায় শিক্ষিতের সংখ্যা আরও কম। আমাদের থানার কথা বলছি—ইটাহার থানা—সেখানে শিক্ষিতের সংখ্যা শতকরা ৯ জন। আমরা চিন্তা কোরে দেখেছি আগামী দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার মধ্যে কম পক্ষে ৩টা হাই-স্কুল করা। ৩টা জুনিয়র স্কুলকে হাই-স্কুলে পরিণত করা দরকার। এ ছাড়া যে কটা জুনিয়র স্কুল আছে, তাদের পুরাপুরি সাহায্য দিয়ে প্রতিষ্ঠিত করা দরকার; নইলে গ্রামাঞ্চলের শিক্ষা বিস্তারের পথ অগ্রসর হতে পারে না। সরকারের পক্ষ থেকে যে-সমস্ত যুক্তি দেখান হয়, টাকা-পয়সা বেশী খরচ করা হচ্ছে ব'লে, কিন্তু সত্যকারের খরচের তালিকায় দেখা যায় যে, আদিবাসীদের ও তপশীলীদের শিক্ষার জন্য তাঁরা বেশী টাকা খরচ করেছেন না, বরং কমেই গেছে। ১৯৫৫-৫৬ সালে ১২ লক্ষ ৫ হাজার, ১৯৫৬-৫৭ সালে ১১ লক্ষ ৫০ হাজার, এবং ১৯৫৭-৫৮ সালে ১০ লক্ষ ৯১ হাজার। যেখানে যে টাকা বাড়ান দরকার সেখানে সে টাকার অঙ্ক কমে আসছে। আমরা দেখতে পাই পশ্চিম দিনাজপুরে আদিবাসীর সংখ্যা ১ লক্ষ ২৪ হাজারের কিছু বেশী এবং তপশীলীর সংখ্যা ১ লক্ষ ২৩ হাজার। অথচ সেখানে একটিও আদিবাসী হাই-স্কুল হয় নি, এবং তাদের যে পড়া-শুনার ব্যবস্থা তাও অতি নিম্ন স্তরের। প্রাইমারী স্কুল সম্বন্ধে দেখা যায় যে, টাকা-পয়সা হয়, তাতে আগে যে টাকা দেওয়া হ'ত তার চেয়ে এখন কম দেওয়া হচ্ছে। যেখানে আগে ছিল ৯৬,১১,০০০ টাকা, সেখানে বর্তমানে ৬৭ লক্ষ ৭৭ হাজার টাকা হয়েছে। কাজেই প্রাইমারী শিক্ষার কোন পাকাপাকি ব্যবস্থা হচ্ছে না। এ ছাড়া মেয়েদের শিক্ষারও কোন ব্যবস্থা নাই। নৈশ-বিদ্যালয় ও বয়স্কদের শিক্ষা-সম্বন্ধে বলতে গেলে গ্রামবাসীদের নিজেদের চেষ্টায় যে-সব নৈশ-বিদ্যালয় হয়েছে, সেখানে আগে কেরোসিন তেল দেওয়া হ'ত, বর্তমানে তা দেওয়া বন্ধ করা হয়েছে, কাজেই তারা এখন আর কোন সাহায্যই পায় না। আমরা যদি শিক্ষা না পাই, তহলে আমাদের জাতি কোন উন্নতিই করতে পারবে না। কাজেই রাষ্ট্রকে শিক্ষিত কোরে তোলা সরকারের কর্তব্য।

তারপর, প্রত্যেক বছরে বাজেটে শিক্ষার জন্য যে টাকা বরাদ্দ করা হয়, তা থেকে প্রকৃত শিক্ষার কাজে যে টাকা খরচ হয় সেটা খুবই কম; আর শিক্ষকদের বেতন ও শিক্ষকদের বাসস্থান নিম্নস্তরের। তাদের পুরা বেতন দেওয়া হয় না। এই সমস্ত দেখে আমরা দাবী করি, শিক্ষা সম্পর্কে সরকার পরিষ্কার একটা নীতি গ্রহণ করুন, এবং সেই নীতি গ্রহণ কোরে যাতে শিক্ষা-বিস্তারের দিকে এগুতে পারেন তার প্রতি দৃষ্টি দিন। প্রত্যেক বছর তাঁদের হাতে টাকা তুলে দেওয়া হবে, কিন্তু সেই টাকা নিয়ে তাঁরা কি গ্রামাঞ্চলে, কি শহরাঞ্চলে শিক্ষার ব্যাপারে শুধু ব্যর্থতাই দেখাচ্ছেন। তাই আমাদের বিরোধী পক্ষ থেকে যে-সমস্ত সমালোচনা করা হয়েছে, সেগুলি আমি সমর্থন করি এবং সরকারের নীতির সম্পূর্ণ প্রতিবাদ করি।

Sj. Jyoti Basu: Mr. Speaker, may I draw your attention to the unparliamentary thing which is taking place there. When the Chief Minister or any Minister goes to talk to the Secretaries it is permitted but the Secretaries should not stand in the way they are doing.

Mr. Speaker: I shall find it out what is the practice. Shri Deo Prakash Rai will speak now.

Sj. Bankim Mukherji: Sir, I had also referred to this matter and it was decided that the Secretaries should remain sitting.

Sj. Jyoti Basu: What is your decision?

Mr. Speaker: I have to check whether it is parliamentary or not. If it is decided that it is not parliamentary I shall certainly take action.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not find anything wrong in it.

Sj. Jyoti Basu: When the Chief Minister goes to the Secretaries all of them gather round him. It is not done in any Parliament of the world. It is against the dignity of the House.

Mr. Speaker: Shri Deo Prakash Rai, are you going to speak?

Sj. Deo Prakash Rai: Sir, I shall speak in Nepali and I want to know what arrangement is there for its translation.

Mr. Speaker: The only difficulty will be that your speech will not go down in our record. There is no system in this House for recording your speech in Nepali. You can talk in English for which there is arrangement, or you can speak in Hindi for which also there is arrangement. But as far as I am aware there is no reporter who can take down Nepali.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, my handicap will also be that I shall not be able to answer him as I do not know Nepali.

Mr. Speaker: Mr. Rai, if you wish to address the House in Nepali you can do so.

Sj. Deo Prakash Rai: Sir, under rule 10 of our Procedure Rules a member can speak in his own language.

[6-15—6-35 p.m.]

Mr. Speaker: I have given my decision. If you wish to address the House in Nepali please do so.

I may further inform you that there is a tape-recording machine in the House and whatever you say will be recorded there. The only thing is that as the Chief Minister does not understand Nepalese he will not be able to answer. It will be translated in due course. You have lost four minutes—the time allotted to you by agreement is seven minutes—and you will get three minutes more.

Sj. Deo Prakash Rai: There are two able translators on the Treasury Bench.

Sj. Satyendra Narayan Mazumdar: There are two Nepali Deputy Ministers who understand Nepalese and they can convey the gist to the Chief Minister.

Mr. Speaker: You can address in Nepalese if you like.

Sj. Deo Prakash Rai: While rising to take part in the discussion on the Demand for Grant under Education I must say that we are mourning the massacre of more than twenty thousand youths as a result of the recent disastrous result of Intermediate examinations and I want to emphasise that the system of education needs a change, and a radical change. Ever since the administration came to our hands we find that the percentage of

pass is going down year after year. This proves that something is wrong in the present system of our education that we have been imparting in the country.

I shall now confine myself to the educational state of affairs in the district of Darjeeling. There are 42 primary schools run by the Darjeeling Municipality imparting education—free and compulsory education—but recently—for the last two months—the Municipality have started raising fees in these schools and as a result thereof 40 to 50 per cent. of the students have been compelled to give up their education. In these schools run by the Darjeeling Municipality about 7 to 8 thousand students were getting primary education free of charges but for the last two months, as a result of the Municipality having started to raise fees in these schools more than 50 per cent. of the pupils will have to give up their education. Sir, still we call it free and primary education; still we boast—the ruling party boasts and tells the world that they are imparting free and compulsory primary education.

There are many primary schools in the villages of the district of Darjeeling apart from those in the towns. In the interior villages there are many tribal people concentrated in a particular area. I will give you one particular instance—the Busti of Barahatta in Pull Bazar area. There more than 90 per cent. of the students belong to the tribal people called Lepchas, Sherpas and Dukpas. They approached the Tribal Welfare Department for some grant or contribution or aid from the Government—they have been raising contributions themselves but now the stage has been reached when they cannot run the school with their own contribution—they approached the Deputy Minister, Tribal Welfare Department, but let alone the question of any grant they have not even been favoured with a reply. I know the reasons—first, because the roads to these areas which are inhabited by these people are not jeepable—the Home (Transport) Department jeep cannot go there—and secondly, because these schools did not happen to be attached to Monasteries. I myself may be an adherent of Buddhist philosophy but here I am discussing on principle. When huge amount of grants are given to Monasteries the fundamental right of the tribal people is denied in the matter of education. We live in a country which claims to be a secular State, yet in the name of tribal welfare we find that Government are giving lakhs of rupees for worshiping this or that god, but on the other hand they are not giving money for the education of the children of the people belonging to the same group.

In Darjeeling when the District School Board Committee was formed I asked the then District Inspector of Schools about the eligibility of certain members being co-opted in that Committee. I was given a blunt and flat reply by the District Inspector of Schools that it was a departmental secret.

[At this stage the member having reached his time-limit resumed his seat.]

Sj. Monoranjan Hazra:

মিঃ স্পীকার, স্যার, আজকে শিক্ষা খাতের আলোচনার সময় আমার মনে পড়ছে গত ৩ বৎসর আগেকার কথা এবং তার মধ্যেকার কথা। আজকে যিনি শিক্ষামন্ত্রী, তিনি কয়েক বৎসর আগে পুলিশমন্ত্রী ছিলেন। তাই এই শিক্ষা বিভাগীয় ব্যবস্থা পুলিশি দৃষ্টিভঙ্গীর দ্বারাই পরিচালিত হয় বলে আমি মনে করি। তিনি সিকিউরিটি আইন পাশ করার সময় বলেছিলেন এবং তার মধ্যে একটা ধারা ছিল, যে ড্রিল করতে পারবে না, ছেলেরা মিলিটারি নেচার-এর কোন ডেমনস্ট্রেসন করতে পারবে না। তিনি এই আইন এনেছিলেন এবং তারপর বলছেন, "We know that India cannot advance unless we have a strong and disciplined group of young men—boys and girls",

এবং এখন তিনি শিক্ষামন্ত্রী হয়ে নিশ্চয়ই ডিসিপ্লিন-এর কথা বলতে পারেন। আমি বলি যে, শুধু সস্তা উপদেশ দিলে হবে না, গত ৫ বৎসর ধরে আমি এই কথাই বলে এসেছি। যেমন বাংলাদেশে গোচারণ ভূমি নিয়ে নেওয়া হয়েছে, তেমনি ছেলেদের খেলাধুলা করার জমি-জায়গা নিয়ে নেওয়া হয়েছে। তার ফলে আমাদের ছেলেদের স্বাস্থ্যের অবনতি হয়েছে। সেইজন্য আমি বলতে চাচ্ছি—যদিও আমার সময় কম, বেশী কিছু বলতে পারব না, শুধু মাত্র উল্লেখ করতে চাই—কি করলে আজ এদিকটা বেঁচে থাকতে পারে। প্রথম কথা হচ্ছে প্রত্যেক স্কুল-এ ছাত্র ও শিক্ষকদের বিনা পয়সায় ফ্রি টিফিন দিতে হবে, ২নং হচ্ছে, প্রত্যেক স্কুলের ছাত্রদের জন্য কমন-রুম ও খেলাধুলার জন্য মাঠের ব্যবস্থা করতে হবে।

[6-25—6-35 p.m.]

তিন নম্বর হচ্ছে, নৈশ-বিদ্যালয়গুলিকে দলীয় দৃষ্টিভঙ্গীর মাধ্যমে না দেখে সাহায্য দিতে এবং নৈশ-বিদ্যালয় সংগঠনে উৎসাহ দান করতে হবে।

চার নম্বর হচ্ছে, গ্রামের পাঠাগারগুলিকে সাহায্য দিতে হবে এবং বই কেনার উপর বাধা-নিষেধ আরোপ করলে চলবে না।

পাঁচ নম্বর হচ্ছে, লোক-শিক্ষার মাধ্যমে যাত্রা, কবি, তরজা গান প্রভৃতিকে বাঁচিয়ে তোলা এবং এগুলিকে আধুনিক হতে সাহায্য করা।

ছ' নম্বর হচ্ছে, বর্তমান যুগে লোক-শিক্ষা—যাতে বৈজ্ঞানিক উপায়ে হতে পারে, সেজন্য সিনেমা ও রেডিওকে ব্যবহার করা—যেমন সিনেমার মাধ্যমে ভারতবর্ষের ইতিহাস কয়েক ঘন্টায় আমাদের দেশের মানুষকে শেখান যেতে পারে। রেডিওর মাধ্যমে লোক-সংগীত ইত্যাদির যথাযথ প্রচার করা যেতে পারে। এমন কি প্রয়োজন হ'লে এ-বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাদেশিক সরকারের ক্ষমতা চেয়ে নেওয়া উচিত।

সাত নম্বর হচ্ছে, টেক্স্ট বুকগুলির আসল দাম যা লেখা থাকে তার চেয়ে অনেক কম কমিশনে দিয়ে বাজারে ছেড়ে দাম কমানোর ব্যবস্থা করা উচিত।

আট নম্বর হচ্ছে, একাডেমী অফ ডান্স, ড্রামা ইত্যাদিকে জেলাগুলির প্রতিনিধির দ্বারা পুনর্গঠিত করতে হবে এবং এ-বিষয়ে যেসব বে-সরকারী সংগঠন আছে সেগুলিকে সাহায্য দিতে হবে।

নয় নম্বর হচ্ছে, কলিকাতায় খেলার মাঠ এবং বিশেষ করে ষ্টেডিয়াম তৈরী একান্ত প্রয়োজন। ব্যাপারটীকে হবে-হবে করে ফেলে না রেখে এদিকে একটু তৎপর হতে হবে।

মাননীয় স্পীকার মহাশয়, এই দাবীগুলি রাখার সঙ্গে সঙ্গে আমি বলছি যে, আমাদের যে-সমস্ত স্কুল-বোর্ড তৈরী হয়েছে, তাতে প্রত্যেকটী সাবডিভিসন থেকে দু'জন করে প্রতিনিধি নেওয়া হয় এবং বাকী সব নমিনেটেড লোক। এই নমিনেটেড লোক ডাঃ রায়ের বশংবদ হতে বাধ্য। যখনই দেখি যে স্বাধীনচেতা শিক্ষক, তাকে এখান থেকে ট্রান্সফার করছে, ওখান থেকে ট্রান্সফার করছে। এটা বন্ধ করা দরকার।

তারপরে এখানে আমরা শুনলাম যে এই শিক্ষকদের বহু দিনের বেতন দেওয়া হয় না। আমার কংগ্রেসী বন্ধুরা যাঁরা একটু আগে কোয়েশ্চেন করেছিলেন, তাঁদের আমি বলছি; চারুচন্দ্র মহান্তী মহাশয়কে আমি বলছি এই যে, মেদিনীপুরের শিক্ষকদের ছয় মাসের উপর মাইনে দেওয়া হয় নাই—এর জন্য প্রতিবাদ করুন। এমন কি আমাদের অনঙ্গমোহন দাস, যিনি মেদিনীপুর থেকে এসেছেন, তিনি এর আগে জেলা স্কুল-বোর্ডের সভাপতি ছিলেন—, এমন কি তখনকার পর্য্যন্ত মাইনে তাদের বাকী আছে এজন্য যে দলের কথামত চলে না, তার মাইনে কাটা হয়েছে। আমি অভিযোগ করছি এখানে। এই সমস্ত জিনিষ চলছে।

শেষ কালে আমার কথা এই, আজ যদি বাংলাদেশকে সত্যি সত্যি শিক্ষিত করে গড়ে তুলতে হয়, তাহলে ঐ যে মুদালিয়ার কমিশনের সুপারিশ অনুযায়ী ইলেভেন ক্লাশ-এর কথা বলা হয়েছে, সেই ইলেভেন ক্লাশ সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে। অবশ্য স্বর্গতঃ শিক্ষামন্ত্রী পান্নালাল বসু মহাশয় এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে এই কমিশন অনুযায়ী আমরা এই শিক্ষা-ব্যবস্থা করতে অক্ষম। কারণ, এর খরচ এ্যাস্ট্রোনমিক্যাল ফিগার এ রিচ করবে। কিন্তু এ্যাস্ট্রোনমিক্যাল ফিগার-এ রিচ করবে যে শিক্ষা-ব্যবস্থা, আজকে সেই শিক্ষা-ব্যবস্থা এখানে চালু করবার জন্য আমাদের শিক্ষামন্ত্রী ডাঃ রায় উঠে পড়ে লেগেছেন। এখানে আমার কথা হচ্ছে, এর মধ্য দিয়ে শিক্ষাকে সংকুচিত করবার একটা ঘৃণ্য-চক্রান্ত আছে। ডাঃ রায় ধনীর বাড়িতে চিকিৎসা করেন, তিনি ধনীদের কথা বেশী বোঝেন। তিনি দরিদ্র ছাত্রদের লেখাপড়া শিখতে যে কি কষ্ট হয়, তা বুঝতে পারবেন না, তা বোঝবার মত জ্ঞান তার হবেও না কোনদিন, জীবনের শেষ প্রান্তে এসেও। সেইজন্য আমি পরিষ্কার করে রাখতে চাই--এই যে ইলেভেন ক্লাশ তিনি করছেন, এতে যে টাকা খরচ হবে, সেই টাকার চাপ যেন দরিদ্র সাধারণ ছাত্রদের উপর, দরিদ্র গৃহস্থদের উপর না পড়ে, সরকারী গ্রান্ট দিয়ে যেন আমাদের সেই স্কুলকে চালানো হয়। এই আমার বক্তব্য।

Sjkta. Abhalata Kundu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় শিক্ষামন্ত্রীরূপে আজকে শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন করবার জন্য আমার এই সংক্ষিপ্ত ভাষণের অবতারনা।

আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ আলোচ্য শিক্ষা খাতে কোন উন্নতি লক্ষ্য করছেন বলে আমার মনে হয় না। কারণ তাদের বিভিন্ন সমালোচনা থেকে মনে হয় যে, বিগত দশ বছরে বাংলাদেশে শিক্ষার কোন উন্নতি হয় নাই। কিন্তু আমরা যদি সত্য ভাষণে পরাঙ্মুখ না হই, আমরা যদি গত দশ বছরে শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দ, তার দিকে লক্ষ্য করি এবং দশ বছর ধরে শিক্ষা সম্প্রসারণের কাজে যে পশ্চিমবঙ্গ সরকার ক্রমাগত এগিয়ে গিয়েছে সেদিকে লক্ষ্য করি, তাহলে আজকের দিনে আমাদের শিক্ষামন্ত্রী যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর দাবী করেছেন, তাকে অকুণ্ঠভাবে সমর্থন করবো।

গত ১৯৪৭-৪৮ সালের বাজেটে দেখতে পাই, দু-কোটিরও কিছু বেশী টাকা এই শিক্ষা খাতে মঞ্জুর করা হয়েছিল। আর দশ বছর বাদে আজকের এই বাজেটে দেখতে পাচ্ছি ১১ কোটি টাকারও কিছু বেশী এই খাতে মঞ্জুর করা হয়েছে। অর্থাৎ প্রায় পাঁচ-গুণ অথবা পাঁচ-গুণেরও অধিক টাকা এই শিক্ষা খাতে আজকে বরাদ্দ করা হয়েছে। এ থেকে স্পষ্ট বোঝা যায় না যে, পশ্চিমবঙ্গ সরকার বিস্তৃতির দিকে লক্ষ্য নিবদ্ধ করেছেন এবং তাঁদের আদর্শ হচ্ছে এদেশে শিক্ষা বিস্তার করা, শিক্ষার উন্নতি করা। আমরা যদি দেখি দশ বছর আগে এখানে কতগুলি স্কুল-কলেজ ছিল, এবং আজকের দিনেই বা কতগুলি স্কুল-কলেজ রয়েছে, তাহলে এই সত্যই আমাদের কাছে প্রকট হয়ে উঠবে যে, পশ্চিমবঙ্গ সরকার ক্রমাগত শিক্ষা সম্প্রসারণের দিকে এগিয়ে যাচ্ছেন। ১৯৪৭-৪৮ সালে আমরা দেখছি ১৩,৯৫০টি প্রাইমারী স্কুল ছিল, আজ তার জায়গায় হচ্ছে ২৩,০৮১টি প্রাইমারী স্কুল। সেকেণ্ডারি স্কুল ১৯৪৭-৪৮ সালে ছিল ১,৯০৩টি, আজ সেখানে সেকেণ্ডারি স্কুল-এর সংখ্যা দাঁড়িয়েছে ৩,১৭০টি। আর কলেজীয় শিক্ষা খাতে দেখবো দশ বছর আগে যেখানে ৫৫টি কলেজ ছিল, আজ তার জায়গায় ৯৫টি কলেজ হয়েছে। সুতরাং শতকরা একশো গুণেরও বেশী আজ শিক্ষায়তন বেড়ে গেছে। এটা আমরা সবাই লক্ষ্য করছি।

টেকনিক্যাল এডুকেশনের দিকে লক্ষ্য করলে দেখতে পাব, ৫৪টি নূতন ডিগ্রি এবং সার্টিফিকেট কলেজ প্রতিষ্ঠিত হয়েছে এবং ৩১টি নূতন লাইব্রেরী প্রতিষ্ঠা করা হয়েছে, যাতে জনশিক্ষার প্রসার হতে পারে। সুতরাং আমরা যদি নিরপেক্ষ দৃষ্টি নিয়ে বিচার করে দেখি, তাহলে এটা কিছুতেই আমরা অস্বীকার করতে পারব না যে, পশ্চিমবঙ্গ সরকার ক্রমশঃ শিক্ষার দিকে অগ্রসর হয়ে যাচ্ছেন এবং শিক্ষা সম্প্রসারণের দিক থেকে আমাদের বিপক্ষে বলবার কোন কথা থাকতে পারে না।

তারপর নারী-শিক্ষার দিকে যদি তাকিয়ে দেখি, তাহলে দেখতে পাব স্বাধীনতা লাভের পর কলিকাতার বাইরে মেয়েদের একটা কলেজও ছিল না। আজকে বর্দ্ধমান জেলায় দু-টী কলেজ হয়েছে মেয়েদের জন্য, ডিগ্রী কলেজ। জলপাইগুড়িতে একটি ডিগ্রী কলেজ হয়েছে, হুগলীতেও একটি হয়েছে এবং আর একটি হয়েছে মুর্শিদাবাদে। সব সমেত ৫টি ডিগ্রী কলেজ হয়েছে মেয়েদের জন্য।

তারপর দেখছি, পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করলেন গ্রামাঞ্চলে ক্লাশ ওয়ান থেকে ক্লাশ এইট পর্য্যন্ত মেয়েদের শিক্ষা বিনামূল্যে দেবার ব্যবস্থা করবেন। এটা খুবই আনন্দের সংবাদ। আমি বাংলার পল্লী-অঞ্চলে ঘুরবার যথেষ্ট সুযোগ পেয়েছি এবং সেখানকার মেয়েদের অবস্থা দেখে আমার বাস্তবিক খুব দুঃখ হয়েছে। সেখানে আমরা দেখতে পাব, আমাদের আগেকার মা-দিদিমারা যে শিক্ষায় শিক্ষিত ছিলেন, সেই শিক্ষা আজকে লোপ হয়ে গেছে। অথচ আজকের দিনে আধুনিক শিক্ষার যত দোষ থাকুক আর গুণই থাকুক, সেই শিক্ষা কিন্তু আজো গ্রামের মেয়েদের মধ্যে প্রসার লাভ করে নি। সুতরাং গ্রামের মেয়েদের শিক্ষার জন্য সরকার বলেছেন যে, ক্লাশ ওয়ান থেকে ক্লাশ এইট পর্য্যন্ত বিনা-মূল্যে শিক্ষার ব্যবস্থা করবেন। তার জন্য সত্যই আমাদের পশ্চিমবঙ্গ সরকার বিশেষ অভিনন্দনের পাত্র। অবশ্য শিক্ষার দিক থেকে পশ্চিমবঙ্গ সরকার যে-সমস্ত কিছু এচিভ করেছেন, তা বলছি না। শিক্ষার ক্ষেত্রে আরো করণীয় অনেক কিছু আছে। আমরা যদি শিক্ষার মানের দিকে লক্ষ্য করি—বিশেষ করে শিক্ষকদের বেতনের দিকে লক্ষ্য করি, তাহলে সেখানে শিক্ষা-ক্ষেত্রে করবার অনেক কাজ রয়েছে। কিন্তু এ-সম্বন্ধে আমি খুব বেশী কিছু বলতে চাই না। কারণ, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন এখানে দাঁড়িয়ে বলেছেন যে, সেই সমস্যা সম্বন্ধে তিনি সম্পূর্ণ অবহিত আছেন। এবং আমি এটাকে মনে করবো তাঁর সেই স্বীকৃতি শুধুমাত্র তাঁর ব্যক্তিগত উক্তি নয়। প্রধানমন্ত্রী হিসেবে তিনি এখানে যে স্বীকৃতি দিয়েছেন, তাকে তিনি অবিলম্বে কার্য্যে পরিণত করবার ব্যবস্থা করবেন এবং শিক্ষকদের বেতনের হারও তিনি বর্দ্ধিত করবেন। এই সঙ্গে আমরা আরো আশা করি যে, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের শিক্ষা ক্রমশঃ অগ্রগতির পথে এগিয়ে যাবে। আমি আরো আশা করি আমাদের দেশে যে শিক্ষা প্রতিষ্ঠান একদিন গড়ে উঠেছিল, সেখানের সেই শিক্ষা গ্রহণ করবার জন্য বিদেশী ছাত্ররা এসে সমাগত হতো, ঠিক তেমনি আবার আমাদের বাংলাদেশে শিক্ষার এমন পীঠস্থান হবে, শিক্ষায় এমন উন্নতি করবে যে, পৃথিবীর সকল অঞ্চল থেকে শিক্ষার্থীরা এসে আগের মতন সমবেত হবেন—জ্ঞান-বিজ্ঞানে শিক্ষা লাভ করবার জন্য।

এই কথা কয়টী বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-35—6-45 p.m.]

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত সংক্ষেপে কয়েকটা কথা এই সভায় রাখতে চাই। আমার শ্রদ্ধেয় বন্ধু প্রফুল্ল ঘোষ এবং শ্রদ্ধেয় গণেশবাবু যে কথা বলেছেন, তাঁদের বক্তৃতায় বিদেশী ছাত্ররা এসে সমাগত হতো, ঠিক তেমনি আবার আমাদের বাংলাদেশে শিক্ষার এমন বলেছেন আমাদের দেশে শিক্ষা মাতৃভাষার মাধ্যমে হওয়া উচিত। তাঁর এই কথা আমি সম্পূর্ণ সমর্থন করি। তিনি আরো বলেছেন যে, প্রাথমিক শিক্ষা অবৈতনিক হওয়া উচিত। আমিও এই প্রস্তাব এই সভায় রাখতে চাই। গত ৫ বছর ধরে আমরা এই কথা এই সভায় বলে এসেছি। প্রতি বছরই মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের এই আশ্বাস দিয়েছেন যে, দু-এক বছরের মধ্যেই এটা তিনি করতে পারবেন। আমি তাঁকে মনে করিয়ে দিচ্ছি তিনি এ সভা-কক্ষে বলুন, কতদিনে তিনি সারা বাংলাদেশের শহরে ও গ্রামে প্রাথমিক শিক্ষা বাধ্যতা-মূলক ও অবৈতনিক করতে পারবেন। শহরের জন্য আরো বেশী করে অনুরোধ করবো এই জন্য যে, ২।১টা করেও যদি অবৈতনিক প্রাথমিক স্কুল হয় তবে অনেক সংসারের ছেলে-মেয়েরা সরকারী খরচে পড়বার সুযোগ পাবে। এই ক্ষেত্রে আমি একটা কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টিগোচরে আনতে চাই, প্রাথমিক শিক্ষার যে ব্যবস্থা আছে এবং হবে তার

সম্পূর্ণ ভার যেন মহিলাদের উপর ছেড়ে দেওয়া হয়। মা-বোনদের হাতে যদি দেশের ছেলে-মেয়েদের শিক্ষার ভার ছেড়ে দেওয়া হয় তাহলে আমি মনে করি তাদের শিক্ষা ভাল হবে। দ্বিতীয়তঃ, কলকাতা শহরে যে বিদ্যাভবনগুলি আছে, আমি সব বিদ্যাভবনগুলির কথা বলতে পারছি না, তবে এমন অনেক বিদ্যালয় আছে যার অবস্থা অত্যন্ত অস্বাস্থ্যকর। আমি যেসব বিদ্যাভবনগুলি ঘুরে দেখেছি তাতে আমি দেখেছি যে, যদি ৫।৬ ঘণ্টা করে ছেলে-মেয়েদের সেখানে থাকতে হয় তাহলে তাদের স্বাস্থ্য থাকবে না। আমি অনুরোধ করব মন্ত্রীমহাশয়কে যে, তারা যেন নিজেদের ভাল বড়ী করতে পারে—আলো-হাওয়াযুক্ত বাড়ী করতে পারে, তার জন্য সরকার থেকে সাহায্য করা হয়—দরকার হলে যেন ঋণ দেওয়া হয়, তারপর ধীরে ধীরে সেই টাকা আদায় করবার ব্যবস্থা করবেন। আরো কয়েকটা কথা আমি এখানে বলব। আমি ঘুরে ঘুরে দেখেছি, তারা এমন অস্বাস্থ্যকর পরিবেশে লেখাপড়া শেখে যে, তাদের দিকে তাকালে মনে হয় না তারা দশ-বারো বছরের বেশী বাঁচবে। কাজেই আমি অনুরোধ করব প্রত্যেকটা বিদ্যালয়ে যেন একজন করে চিকিৎসক থাকেন এবং এই চিকিৎসক ছেলেদের স্বাস্থ্যের দায়িত্ব নেবেন। আরেকটা কথা অত্যন্ত সংক্ষেপে বলেই আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে—আরেক জন বন্ধুও এ-কথা বলেছেন, আমিও আবার বলছি—আজকে বাংলার মুখ্যমন্ত্রী, যিনি নাকি শিক্ষামন্ত্রী, তাঁর কাছে আবেদন করব যে, প্রত্যেক স্কুলের ছেলেদের সরকারী খরচে জল-খাবার দেওয়া উচিত। এবং ছেলেরা যাতে খেলাধুলা করে, স্বাস্থ্য রক্ষা করতে পারে তার জন্য সরকারী ব্যবস্থা থাকা উচিত। আমার সময় অত্যন্ত অল্প, আমি আর বিশেষ কিছু বলতে চাই না। আমাদের এই ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে নৈতিক শিক্ষা হওয়া প্রয়োজন। ছেলেদের স্বভাব-চরিত্র যাতে ভাল হয় সেদিকে লক্ষ্য রেখে তাদের আদর্শ ও উপযুক্ত শিক্ষা দিয়ে গড়ে তোলা প্রয়োজন যাতে করে বাঙ্গালী ছেলেরা ভারতবর্ষের মধ্যে সর্বাগ্রে মাথা তুলে দাঁড়াতে পারে।

Sj. Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, অতি সংক্ষিপ্ত সময়ের মধ্যে আমি শুধু একটা বিষয়ে আপনার মারফৎ এই সভার এবং মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। হাই-স্কুল যা বর্তমানে আছে সেগুলি সবগুলিকেই কি আপগ্রেড করা হবে? আর যদি সবগুলি করা না হয় তাহলে কোনগুলিকে করা হবে, কি ভিত্তিতে হবে, এই প্রশ্নের আমি মন্ত্রীমহাশয়ের বক্তৃতা থেকে কোন সঠিক জবাব পেলাম না।

এখন পর্যন্ত যতটুকু শুনেছি, তাতে ধরুন সারা পশ্চিম-বাংলায় প্রায় ১,৭০০ আন্দাজ হাই-স্কুল-এর মধ্যে ২০০র বেশী হবে না আপগ্রেডেড হয়েছে। কলকাতা শহরে প্রায় ৩০০ হাই-স্কুল আছে, তার মধ্যে যতদূর শুনেছি ২০টার বেশী এখনও আপগ্রেডেড হয় নি। এই হচ্ছে অবস্থা। এবং আপগ্রেডেড হয় নি কি রকম স্কুল? যেমন ধরুন, কলকাতায় সুপরিচিত স্কুল মিত্র ইনস্টিটিউসন, সুপরিচিত স্কুল সাউথ সুবারবান স্কুল, চেতলা বয়েজ হাই-স্কুল ইত্যাদি। এমন অনেক নাম আমি দিতে পারি। এইসব স্কুল আপগ্রেডেড হয় নি। আমার নিজের নির্বাচনকেন্দ্র আলিপুর ধরুন, সেখানে হাই-স্কুলগুলিতে ৬ হাজার থেকে ৭ হাজার ছাত্র পড়ছে, বর্তমানে, সেখানে কলকাতার অন্যতম প্রাচীন বিখ্যাত স্কুল চেতলা বয়েজ হাই স্কুল রয়েছে, যার প্রকাণ্ড বাড়ী, যথেষ্ট জমি, বাড়াবার যথেষ্ট স্কোপ আছে। কিন্তু আমি অবাক হয়ে দেখলাম পুরো আলিপুর কনস্টিটিউয়েন্সি এলাকার মধ্যে একটা স্কুলকেও আপগ্রেড করা হয় নি।

চেতলা বয়েজ হাই-স্কুল-এর হেড-মাস্টার মহাশয়ের কাছে শুনলাম ১৯৫৬ সালে যখন হেড-মাস্টারস কনফারেন্স হয়, শৈলেন্দ্র মেমোরিয়াল স্কুলে তখন শিক্ষা বিভাগের সম্পাদক সেন মহাশয় নাকি বলেছিলেন, ৪০ হাজার টাকা যে স্কুল দিতে পারবে এবং যার বাড়ী আছে, জায়গা আছে, তাকে আপগ্রেড করে দেওয়া হবে। সেই হিসেবে চেতলা স্কুলের কর্তৃপক্ষ (স্কুলটা আন-এডেড) অনেক কষ্টে ৪০ হাজার টাকা জোগাড় করে শিক্ষা-দপ্তরে ধর্ণা দেন। কিন্তু দিন কয়েক ঘোরানর পর বলা হয়, না, পুরো যতটা টাকা সবটা দিতে পারলে তবে আপগ্রেড করা হবে, তা নাহলে করা হবে না। এখন তাহলে কি ভিত্তিতে আপগ্রেড করা হয়, আর কি ভিত্তিতে হয় না, তা বোঝা খুব কঠিন।

যে-সমস্ত স্কুল আপগ্রেডেড হয়েছে তার আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি, তাহলে আরও মুস্কিল হয় বুঝতে। যেমন ধরুন, বোলপুর বাঁধগড়া বিদ্যালয়। এখানে মাত্র গত বছর ছাত্ররা স্কুল ফাইন্যাল পরীক্ষায় এ্যাপিয়ার করেছে এবং এই স্কুল থেকে পাঁচ মিনিটের মধ্যে পুরানা বোলপুর স্কুল আছে, যে স্কুল আপগ্রেডেড। কিন্তু তা সত্ত্বেও ঐ বাঁধগড়া বিদ্যালয়কে আপগ্রেড করা হয়েছে। তার কি কারণ আমি বুঝতে পারি না—তবে কংগ্রেসী এম, এল, এ, শ্রীনিশাপতি মাঝি এই স্কুলের সভাপতি বলে শুনেছি। সেটা হয়ত কারণ হতে পারে।

[6-45—6-55 p.m.]

আর একটা উদাহরণ দিই। ধরুন, বাঁকুড়া রামসাগর স্কুল। সেখানে শুনেছি গত বছর স্কল ফাইন্যাল পরীক্ষায় একটি ছাত্রও পাশ করতে পারে নি। কিন্তু এই স্কুলকে আপগ্রেড করে দেওয়া হয়েছে। কেন দেওয়া হয়েছে? সরকারী দপ্তরের অত্যন্ত হোমড়া-চোমড়া জনৈক অফিসার-এর নেটিভ ভিলেজ এটা, সুতরাং সেই স্কুলকে আপগ্রেড করা হয়েছে। তারপর উল্টো উদাহরণ দেখুন, চন্দননগরের ডুপ্লে স্কুল। ২০০ বছরের পুরানো স্কুল, খুব ভাল স্কুল, বাংলাদেশের বিখ্যাত স্কুল, একেবারে ফরাসী আমল থেকে এই স্কুল চলছে। তাকে আপগ্রেড করা হয় না, কিন্তু তার থেকে কিছু দূরে ভদ্রেশ্বর যে স্কুল আছে, যাতে মাত্র ৩০০ শত আন্দাজ ছাত্র এবং যার বয়স ২০ বছর, তাকে আপগ্রেড করা হয়েছে। হয়ত কংগ্রেসী এম, এল, এ শ্রীবেু মকেশ মজুমদারের কনস্টিটিউয়েন্সি বলেই হয়েছে।

তারপর, কলকাতার কথায় আসি। কলকাতায় রাণী ভবানী স্কুল—যার বাড়ী নাই, কাজেই প্রস্তাবিত করবার কোন সম্ভাবনা নাই, সেই স্কুলকে আপগ্রেড করা হয়েছে, যদিও অনেক বিখ্যাত বিখ্যাত স্কুলকে আপগ্রেড করা হয় নি। কারণ কি জানি না। মনে হয় এই হতে পারে এই স্কুলের যিনি হেড-মাস্টার, যিনি স্কুলের আপগ্রেডিং আদায় করেছেন, তিনি গত ১৯৫৪ সালে শিক্ষক ধর্মঘটের সময় শিক্ষা-দপ্তরের হয়ে ইংরেজীতে যাকে বলে ব্ল্যাক লেগিং—বাংলা-ভাষায় বলে দালালী—তিনি তাই করেছিলেন। তাই সরকারকে সমর্থনের পুরস্কার-স্বরূপ হয়ত এই স্কুলকে আপগ্রেড করা হয়েছে। আর একটা স্কুল, সরস্বতী ইনস্টিটিউশনকে আপগ্রেড করা হেয়েছে। এই স্কুলের ছাত্রসংখ্যা বোধ হয় হাজারেরও ওপর, তবু আপগ্রেডেড হয়েছে। স্কুল অবশ্য ভাল, আপগ্রেড করুক আপত্তি নাই, কিন্তু আরও কত ভাল ভাল স্কুলের মধ্যে শুধু একেই আপগ্রেড করা হ'ল, এর কারণও বোধ হয় সেই, যে কারণে রাণী ভবানী স্কুল পুরস্কার পেয়েছে। অর্থাৎ গত শিক্ষক ধর্মঘটের সময় সরকারী তরফে এবং শিক্ষকদের বিরুদ্ধে স্কুলের হেড-মাস্টার দালালী করেছিলেন। এই যদি নীতি হয়, তাহলে কি করে হবে? বিধানবাবু বলে গেলেন যে, আপগ্রেডিং-এর নীতি হ'ল স্কুলের রিজিওনাল পজিসন, ম্যানেজমেন্ট এ্যান্ড স্ট্যান্ডার্ড অফ টিচিং রিসোর্সেস, কমিউনিকেশন উইথ নেবারিং স্কুলস—এইসব দেখে নাকি সিদ্ধান্ত হবে। কিন্তু তাহলে কি নীতিতে, কোন্ ভিত্তিতে পূর্বোক্ত সমস্ত স্কুলকে আপগ্রেড করা হয়েছে? এমন কোন নীতিই দেখি না, যাতে এই সমস্ত আপগ্রেডিং করাকে ডিফেণ্ড করা যায়। সুতরাং সরকারের কাছ থেকে এ-কথা পরিষ্কারভাবে জানতে চাই, যে-সমস্ত স্কুলকে আপগ্রেড করা হবে তার কি নীতি? সে নীতি কি এই যে, যে-সমস্ত স্কুলে শিক্ষা-দপ্তরের কর্তার, বা মন্ত্রীমহাশয়ের আত্মীয় কান্ট্রাক্টর, সেই সমস্ত স্কুল-এ শুধু আপগ্রেডিং পাবে? কোন্ নীতিতে, কোন্ ভিত্তিতে এটা নির্দ্ধারিত হচ্ছে, সত্যসত্যই কি স্কুল-এর রিসোর্সেস ইত্যাদি বিবেচনা হবে, না কি এরকম বিশেষ কিছু আছে? আমি বলব, সমস্ত স্কুলকেই আপগ্রেড করা দরকার আছে। আমাদের কলকাতা শহরেরই শতকরা ৮৭ জন লোক ম্যাট্রিকুলেশন পরীক্ষা পাশ করে নি, এই হ'ল গত বছর ইউনিভার্সিটি তদন্ত কমিশন, প্ল্যানিং কমিশন—তাদের হিসাব। প্রত্যেককে যদি হাই-স্কুল পাশ করাতে চাই—

[At this stage Red Light was lit and the Honourable member resumed his seat.]

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে স্বাধীনতা এসেছে বটে, তবে নন-রেগুলেটেড প্রভিন্স এখনও দেখতে পাওয়া যায়। এটা শুধু আমাদের অর্থাৎ বিরোধী দলের কথাই

বলছি না। অনেক কংগ্রেসী বন্ধু, আজকেও তাঁরা বলছিলেন, "এডুকেশন ডিপার্টমেন্ট-এর যিনি সেক্রেটারী, তাঁর সম্বন্ধে কিছু বলবেন"। তাঁরা শিক্ষামন্ত্রী সম্বন্ধে কিছু বলতে ইতস্ততঃ করেন, কিন্তু সেক্রেটারী সম্বন্ধে তাঁদের বলতে কোন আপত্তি নেই। কিন্তু তাঁরা নিজেরা কিছু বলেন না, এর কারণ হচ্ছে যে, তাঁদের বুক ফাটে তবু মুখ ফোটে না। আমি একটি কথা আপনাদের জানাতে চাই। বাংলাদেশে, তথা সমস্ত ভারতবর্ষে শিক্ষা-ক্ষেত্রে যখন একটা বিপ্লব আনা হচ্ছে—ইলেভন ইয়ারস স্কুল, থ্রি ইয়ারস ডিগ্রি কোর্স—তখন সেই সময় শিক্ষা সম্বন্ধে যাঁরা বিশেষজ্ঞ, যেমন ইউনিভার্সিটি, সেকেণ্ডারি বোর্ড, এ্যাসোসিয়েসন অফ টিচারস, যাঁরা চিরজীবনটা বাংলাদেশের শিক্ষার জন্য উৎসর্গ করেছেন, তাঁদের বাহিরে রেখে দিয়ে, শিক্ষার যে সংস্কারের অভিনয় সরকার করতে চলেছেন, সেটা যে একটা উদ্দেশ্য-প্রণোদিত, সে কথা বলতে আমি বাধ্য। তার প্রমাণ হচ্ছে যে, ঠিক সময় মতই সেকেণ্ডারি বোর্ডকে সুপারসিড করা হয়েছিল। বোর্ড সুপারসিড করবার পূর্বে কারা কোয়েশ্চেন লিক আউট করিয়েছিল, সেই সম্বন্ধে যদি একটা জুডিসিয়াল এনকোয়ারী হোত, তাহলে অনেক রহস্যই উদ্ঘাটিত হোত। আপনাদের কাছে এই কথা বলতে চাই যে, আমাদের যে বিশ্ববিদ্যালয়, সেই বিশ্ববিদ্যালয়ের একদিন ভাইস-চ্যান্সেলর ছিলেন বর্তমান শিক্ষামন্ত্রী। কোন স্টেজ-তেই সেই বিশ্ববিদ্যালয়ের উপদেশ নেওয়া হয় নি, তাদের সঙ্গে পরামর্শও করা হয় নি। অথচ শোনা যায় যে, শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশ নাকি এগিয়ে চলেছে। কিন্তু যেখানে বিশ্ববিদ্যালয়ের স্থান নেই, নির্বাচিত সেকেণ্ডারি বোর্ড-এর স্থান নেই, শিক্ষকদের অভিমতের স্থান নেই, যাঁরা শিক্ষা নিয়ে চিরদিন কাটিয়েছেন, তাঁদের স্থান নেই, সেখানে সব স্থান জুড়ে বসে আছেন একটি প্রাণী। সভাপাল মহাশয়, এর পূর্বেকার যে এসেম্বলী ছিল, তখন পান্নালালবাবু যখন মন্ত্রী ছিলেন, সেই সময় স্থানীয় "যুগান্তর" পত্রিকা শিক্ষা-বিভাগ সম্বন্ধে লিখেছিলেন, যে মন্ত্রী বসে আছেন সেক্রেটারীর কোলে এবং সেক্রেটারীই সমস্ত চালাচ্ছেন। বর্তমান অবস্থা দেখে আমার মনে হয় যে, সেই অবস্থার আজও উন্নতি হয় নি—যদিও শিক্ষামন্ত্রী পালটিয়েছেন, তবুও সে দৃশ্য পালটায় নি। রাজ্যপালের ভাষণের আলোচনার সময় আমি একটি কথা বলেছিলাম। এই এডুকেশন মন্ত্রীমহাশয়ের ভাষণ শুনেও সেই কথা চোখে পড়ছে। তাঁরা বলছেন যে, তাঁরা শিক্ষা-খাতে কি কি খরচ করেছেন এবং এখানে অনেক কংগ্রেসী বন্ধুও বলে দিলেন যে, ছাত্র-ছাত্রীর সংখ্যা ১২ লক্ষ থেকে ২২ লক্ষে দাঁড়িয়েছে, ২ কোটি টাকা থেকে ৯ কোটি টাকা খরচা হয়েছে। কিন্তু জিজ্ঞাসা করি এর ফল কি হ'ল? সেই ফলের উত্তর তো মন্ত্রীমহাশয় দিয়েছেন যে প্রায় ৭৭ হাজার স্কুল ফাইন্যাল পরীক্ষার্থীর মধ্যে ১,২০১ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। কিন্তু শিক্ষা-ক্ষেত্রে এই এ্যাচিভমেন্ট-এর জন্যে মন্ত্রীর কাছে কোনও কংগ্রেসী বন্ধু তো জবাবদিহি করলেন না যে, এইরকম শিক্ষার অবস্থা হয়েছে কেন? শিক্ষা-ক্ষেত্রে কি শুধু টাকা খরচ বাড়ালেই শিক্ষার উন্নতি হচ্ছে বলতে হবে? রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে—সেই গরুর পালের মতনই ছেলে তৈরী হচ্ছে। এই যে ৭৬ হাজার ছেলের মধ্যে মাত্র এক হাজার ছেলে ফার্স্ট ডিভিসন-এ পাশ করলো—এই যদি শিক্ষা সম্বন্ধে কংক্রিট এ্যাচিভমেন্ট হয়, তাহলে বাকি ৭,৫০০ ছেলেগুলোকে বলিদান দেওয়া হচ্ছে, সে সম্বন্ধে কংগ্রেসী বন্ধুরা তো কোন প্রশ্ন করলেন না। দু'কোটি টাকা থেকে ৯ কোটি টাকা যে খরচা করা হচ্ছে তার মধ্যে কত টাকা কি বাবদে খরচা করা হচ্ছে? স্কুল বিল্ডিং-এর জন্য যদি খরচা হ'য়ে থাকে, তাহলে নিশ্চয়ই কন্ট্রাক্টর-দের পেট ভরেছে। আপনারা জানেন যে, লাক্ষ্ণৌ কনভোকেশনে আমাদের শিক্ষামন্ত্রী কি বলেছিলেন। তিনি জাপানে গত বছর গিয়েছিলেন এবং জাপানের উদাহরণ দিয়ে বলেছেন যে, জাপানে গভর্নমেন্টের যা রেভিনিউ তার মধ্যে ৩০ পারসেন্ট এডুকেশন-এ খরচ করা হয়। তিনি সেখানে গিয়ে এ জিনিষ দেখে চমকিত হলেন এবং লাক্ষ্ণৌ কনভোকেশনে সেটা বক্তৃতায় উল্লেখ করলেন। কিন্তু অত দূরে যাবার তাঁর দরকার ছিল না। তিনি মাত্র ॥১০ আনা কি ॥/ আনা গাড়ী ভাড়া খরচ করে চন্দননগরে গেলেই দেখতেন জাপানের চেয়ে উন্নততর শিক্ষা ব্যবস্থার নজীর পেতেন। এটা আমার কথা নয়। ঝা কমিশনের রিপোর্টের ৭ নম্বর পাতা খুলে দেখবেন যে লেখা আছে চন্দননগরে ফ্রি সিটি এ্যাডমিনিস্ট্রেশন-এর সময় সেখানে ১৬ লক্ষ ২০ হাজার টাকা টোট্যাল ইনকাম-এর মধ্যে ৪৪ পারসেন্ট বা ৭ লক্ষ ২ হাজার টাকা এ্যাডুকেশন-এর জন্য খরচ হয়েছে। এবং আপনারা অনুসন্ধান করে দেখবেন যে, এই টাকা বাড়ী তৈরী করতে

খরচ হয় নি। সেখানে শিক্ষকদের মাইনের জন্য দেওয়া হয়েছে, স্কুলের ইকুইপমেন্ট-এর জন্য দেওয়া হয়েছে। ফ্রি প্রাইমারী এডুকেশন-এর জন্য, প্রাইভেট স্কুল-এর জন্য মুক্ত হস্তে গ্রান্ট দেওয়া হয়েছে। কিন্তু বর্তমানে সেই চন্দননগরের শিক্ষা যখন পশ্চিমবঙ্গ সরকারের হাতে পড়েছে, তখন সেখানে যে কি দুর্দশা হয়েছে তার খবর শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন। ঝা কমিশনের সুপারিশ অনুযায়ী চন্দননগরের হাই-স্কুলগুলো চন্দননগর কর্পোরেশনের হাতে গেছে, কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের কর্মকুশলতায় এখনও পর্যন্ত এডুকেশন কমিটি ও রুলস তৈরী হয় নি। সে সম্বন্ধে গত ২৬শে মার্চ তারিখে এই বিধানসভায় প্রশ্ন করেছিলাম কিন্তু তার সদুত্তর এখনও মুখ্যমন্ত্রীর কাছ থেকে পাই নি। মাত্র বলেছিলেন যে, সেটা কর্পোরেশনের হাতে গেছে। এডুকেশন কমিটি তৈরী করবেন মুখ্যমন্ত্রী এবং এডুকেশন রুলস তৈরী করবেন গভর্নমেন্ট। কিন্তু এক বছর চার মাস হয়ে গেল, আজ পর্যন্ত তা হয় নি। সেখানে শিক্ষকদের মাইনের যে কি অবস্থা তাও তিনি জানেন। সেখানে যেগুলো প্রাইভেট স্কুল তারা ফেব্রুয়ারী মাস থেকে গভর্নমেন্টের সাহায্য পায় নি এবং মিউনিসিপ্যাল স্কুলগুলোতেও প্রত্যেক মাসে সময় মতন বেতন পায় না। অথচ লাক্ষ্মী কনভোকেশনে দাঁড়িয়ে তিনি বলেছিলেন যে, শিক্ষকদের বড় দুর্ভাগ্য যে তাদের মাহিনা অতি অল্প, তাদের সেবা আমরা রিকগনাইজ করি না, ষ্টেট তাদের মুখের দিকে চায় না। কিন্তু ষ্টেট ছাড়া মুখ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী ছাড়া ষ্টেট আমরা ভাবতেও পারি না। মুখ্যমন্ত্রীর সহৃদয় বাক্যের সহিত হৃদয়হীন কার্য্যের সংগতি কোথায়?

তারপরে আরেকটি কথা বলি। আজকে এই কাট-মোশানের মধ্যে আমার বন্ধু শ্রীদাশরথি ত'র একটি মোশন আছে—বিপ্লবী রাসবিহারী বসুর একটি স্মৃতিস্তম্ভ করা হোক তাঁর গ্রামে। কিন্তু সেই রাসবিহারী বসুর ভ্রাতৃবধূর সম্বন্ধে এই সরকার কি হৃদয়বত্তার পরিচয় দিয়েছেন শুনুন। চন্দননগর স্কুলের মাস্টার রাসবিহারী বসুর ভ্রাতা বঙ্কিমবাবুর বিধবা, ৩½ বছর পূর্বে তাঁর স্বামী হারায়, তাঁর প্রাপ্য টাকা, উইডো পেনসন, আজ পর্যন্ত তিনি পান নি। আমি স্বয়ং ৫ই ডিসেম্বর তারিখে ডি, পি, আই, পরিমল রায়ের কাছে গিয়েছিলাম এবং এই বিধবার মুখ চেয়ে ডি, পি, আই-এর কথামত সেদিনই ট্রেনে চন্দননগর গিয়ে যা কিছু করণীয় সার্টিফিকেট ইত্যাদি সংগ্রহ, সমস্ত জোগাড় করে সেখানে পাঠিয়েছি, কিন্তু আজও কিছুই হয় নি। আজকে সেই বিধবার ছেলে, রাসবিহারী বসুর ভাইপোকে স্কুল ছাড়তে হয়েছে, এবং সেই বিধবাকে আজ দ্বারে দ্বারে ভিক্ষা করে বেড়াতে হচ্ছে। এতে কি সরকারের লজ্জা হয় না, অনুতাপ হয় না? অতএব এইরকম শিক্ষার ব্যবস্থাই তাঁরা করছেন। সেখানকার ফরাসী আমলের যাঁরা শিক্ষক ছিলেন, তাঁদের মধ্যে অনেকে রিটায়ার করেছেন। বিধান-সভায় এর পূর্বে এঁদের নাম করে বলেছিলাম, সেই সূর্য্যকুমার দত্ত, তিনকড়ি দাস, মহম্মদ ইসাক ইত্যাদিকে এখনও তাঁদের পেনসন দেওয়া হয় নি। অথচ শিক্ষামন্ত্রী মাস্টারদের জন্য সহানুভূতি দেখান! যে এঁরা কি করে খাবে, সমাজে কি করে চলবে।

[6-55—7-5 p.m.]

স্পীকার মহাশয়, আরও লজ্জার কথা বলছি যে, যখন এই হতভাগ্য মাস্টারদের কথা এই বিধান-সভায় বলেছিলাম, তখন মুখ্যমন্ত্রী আমায় বলেছিলেন যে, তাঁদের "স্ত্রীদের চিঠি লিখতে বলবেন"। আমি জিজ্ঞাসা করতে চাই যে, আজকে সরকারী দপ্তরের যাঁরা সেক্রেটারী হয়ে বসে আছেন—ভগবান না করুন—তাঁদের মৃত্যুর পর তাঁদের বিধবা স্ত্রীদেরও কি পেনসনের জন্য চিঠি লিখতে হবে? চিঠি লিখে পেনসন আদায় করতে হবে এই কথা কোন সভ্য জগতের হৃদয়বান ব্যক্তি বলতে পারেন বলে আমরা জানি না। শিক্ষা সম্বন্ধে মন্ত্রীমহাশয় যে বক্তৃতা দিলেন, তার মধ্যে একটা জিনিষ দেখতে পেলাম না। ইউনিভার্সিটির টোট্যাল খরচের মধ্যে ষ্টেট কত পারসেন্ট দিচ্ছেন ইউনিভার্সিটিকে। তা ছাড়া শিক্ষা-জগতে দরিদ্র ছাত্রদের সরকারী সাহায্য সম্বন্ধে, আপনাদের আমি শুধু কতকগুলি তথ্য জানাতে চাই। ১৯৩৪-৩৫ সালে গ্রেট ব্রিটেন -এ ফরটি-টু পারসেন্ট অফ দি স্টুডেন্টস সরকারী সাহায্য পেতেন শিক্ষার জন্য। নাইনটিন ফরটি-নাইন-এ সেটা আটষট্টি পারসেন্ট হয়েছে। এই তথ্য আমি দিচ্ছি স্বর্গীয় গভর্নর হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়ের কনভোকেশন এ্যাড্রেস থেকে, এ

কোনও বামপন্থীর কথা নয়। অতএব মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন যে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট গরীব, মেধাবী ছাত্রদের জন্য কত পারসেন্ট খরচা তাঁরা দিয়েছেন। মিঃ স্পীকার আমি ২ মিনিট সময় চাই।

ইউনিভার্সিটির খরচা সম্বন্ধে সেই ডাঃ হরেন্দ্রকুমার মুখার্জিই বলেছেন যে, ১৯৩৩-৩৪ সালে ইউনাইটেড কিংডম-এ ইউনিভার্সিটির খরচা যা ছিল, তার ওয়ান-থার্ড গভর্নমেন্ট বিয়ার করতেন, কিন্তু বর্তমানে টু-থার্ড গভর্নমেন্ট বিয়ার করেন। আমি জানতে চাই আমাদের সরকার এডুকেশন বাজেট-এ ইউনিভার্সিটির প্রতি কি সাহায্য, কি সুবিচার করেছেন। আমি শুধু হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়ের কথা জানাচ্ছি তা নয়, এখানে যখন জাষ্টিস পি, বি, চক্রবর্তী এ্যাকটিং গভর্নর ছিলেন, তখন তিনিও সেই কথা বলেছিলেন যে, ইউনিভার্সিটির কর্তব্য-পালন সুষ্ঠু করবার জন্য টাকা দেবার জন্য ষ্টেটকে এগিয়ে আসতে হবে। আপনারা শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন যে, কয়েকদিন পূর্বে ক্যালকাটা ইউনিভার্সিটির সিণ্ডিকেট-এ এই কথা বেরিয়েছে যে, সেখানে উচ্চ-শিক্ষার ব্যাপারে সরকার এমন কি ভাইস-চ্যান্সেলার-এর সঙ্গে পর্যন্ত পরামর্শ করেন না। কিন্তু ব্যক্তিবিশেষ, যিনি কংগ্রেস পার্টির মধ্যে ওতপ্রোতভাবে আছেন, তাঁর সঙ্গে সলা-পরামর্শ হয়, কিন্তু ভাইস-চ্যান্সেলার এ্যাকাডেমিক স্ফিয়ার-এ অস্পৃশ্য। এর চেয়ে লজ্জার কথা আমি আর কিছু ভাবতে পারি না। তাই আমি জিজ্ঞাসা করছিলাম যে, শুধু ফিগার দিলেই হবে না, শুধু ২ কোটি থেকে ৯ কোটি খরচ হচ্ছে বললেই হবে না। শিক্ষার পরিণাম কি হয়েছে? অর্থাৎ ৭৭ হাজারের মধ্যে যদি ১ হাজার মাত্র প্রথম বিভাগে পাশ হয়ে থাকে, তাহলে মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করুন যে, কি শিক্ষা দেওয়া হচ্ছে, কিরকম ইন্সপেকসন হচ্ছে। আপনারা অনেকেই জানেন না যে, আমেরিকা বা ইংলন্ডে পারসেন্টেজ অব পাশ যদি ৯০-এর কম হয় তাহলে সেখানে মাস্টারদের কাছ থেকে কৈফিয়ৎ তলব করা হয়। আমি জিজ্ঞাসা করি এখানে কি সরকার সেই রকম তীক্ষ্ণ দৃষ্টি রাখেন? অতএব খরচ বাড়লেও সত্যকার শিক্ষা দেওয়া হচ্ছে না, শুধু ভস্মে ঘি ঢালা হচ্ছে। অর্থাৎ ৭৭ হাজারের মধ্যে ১ হাজার যেখানে পাশ হচ্ছে, সেখানে শিক্ষার জন্য যাঁরা ভারপ্রাপ্ত আছেন, তাঁদের তো আত্মহত্যা করে প্রায়শ্চিত্ত করা উচিত ছিল, দড়ি-কলসীর প্রয়োজন বোধ করা উচিত ছিল। আজকে শুধু টাকার বহর, স্কুলের সংখ্যা, ছেলের সংখ্যা দিচ্ছেন, আত্ম-প্রসাদ লাভ করছেন, কিন্তু কোয়ালিটি অফ এডুকেশন কি হচ্ছে সেদিকে দৃষ্টি নেই।

আমার আর একটা বক্তব্য হচ্ছে এই যে, চন্দননগরে শিক্ষার ব্যাপারে সরকার যে ব্যবস্থা করেছেন সেই সম্বন্ধে। ২৩শে মার্চ তারিখে আমার বক্তৃতার উত্তরে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, ২৬শে মার্চ তারিখে চন্দননগরের মেয়রের সাথে এডুকেশন কমিটি ও রুলস সম্বন্ধে কথা বলবার জন্য তাঁকে আনতে বলেছেন। সেই ২৬শে মার্চ থেকে আজ ১৭ই জুন হ'ল, কিন্তু আজও সেই এডুকেশন কমিটি এবং রুলস তৈরী হ'ল না। তাঁরা দিব্যি বসে আছেন, সুখে নিদ্রা যাচ্ছেন, অথচ সেখানে মাস্টাররা উপবাস করছেন ও যাঁরা রিটায়ার করেছেন, তাঁরা ভিক্ষা করতে বাধ্য হচ্ছেন। একজন মাস্টারকে এ্যাড-হক পেন্সন দিয়েছেন, অর্থাৎ যেন তাঁকে তাঁরা ভিক্ষা দিচ্ছেন। এই করে কি শিক্ষকদের কাছ থেকে সহানুভূতি পাবেন? এবং এতে করে কি শিক্ষার সেবার জন্য তাঁদের মনোবৃত্তি তৈরী হবে? সেজন্য মুখ্যমন্ত্রীর কাছে এ্যাপীল করছি যে, সত্যি যদি শিক্ষার উন্নতি করতে হয়, তাহলে বর্তমানের শিক্ষা-সচিবকে বিদায় করুন—এর উপর নির্ভর করা চলবে না। তার কারণ হচ্ছে যে, আপনারা সবাই জানেন এবং বহু কংগ্রেসী বন্ধুরাও এই কথা বলেন যে, এই শিক্ষা-সচিবের দ্বারা শিক্ষার কোন উন্নতি হবে না। অতএব প্রাইমারী সেকেণ্ডারী, কলেজিয়েট, যা কিছু শিক্ষা করতে হয়, সেই সমস্তের বেলায় সরকার একটু বিজনেস-লাইক হউন, ইউনিভার্সিটি-কে বিশ্বাস করুন, সেকেণ্ডারি বোর্ড গণতান্ত্রিক পদ্ধতিতে গঠন করুন, যাঁরা শিক্ষা নিয়ে জীবন কাটিয়েছেন তাঁদের মত গ্রহণ করুন। তা না করে অন্ধকার ঘরে মনের মত জনকতক ব্যক্তিকে ডাকিয়ে নিয়ে এসে তাঁদের সঙ্গে পরামর্শ করে সব করলেন। অথচ সেজন্য অফিসিয়ালি এ্যাণ্ড ফরমালি ইউনিভার্সিটির ওপিনিয়ন নিলেন না। সেকেণ্ডারি বোর্ড-এর ওপিনিয়ন গ্রাহ্য করলেন না, অল-বেঙ্গল টিচারস এ্যাসোসিয়েসনকে গ্রাহ্য করলেন না। বরং সেখানে গ্রাহ্য

করলেন কাকে, না, যাঁর কোলে স্বর্গীয় মন্ত্রী পান্নালাল বাবু বসেছিলেন। সেজন্য বলছি যে নীতিতে বর্তমান শিক্ষামন্ত্রীও চলেছেন, তাতে তাঁকেও সেই কোলেই বসে থাকতে হবে—বাংলাদেশে শিক্ষার অপঘাত মৃত্যু ঘটবেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have listened as carefully as I could the various points raised in the course of the debate on the Grant for Education. It is clear to me, as it must be clear to everyone, that the subject is one which requires very serious thinking and it is also clear that education in a particular State on a particular place can only be effective if it is realistic, if it is in touch with the life and work of the community in which the educational institutons are placed. I am one with Dr. Ghosh when he says that today for the students that go to the primary school there is a great deal of wastage. Let us pause for one moment and find out why there should be that wastage. Students come in the first class, then they go into the second class, they may also continue for the third and fourth class standard and then they practically fall off in large numbers. One can say, perhaps this is as Dr. Ghosh has said because the teachers do not teach. That again is not so easy an answer. It may be that the teachers do not teach, because they are not trained for it or it may be that their salaries are so poor that they cannot devote their whole attention to the task of teaching or the syllabuses of the primary school classes may be such that the parents and guardians of the pupils do not find it useful for the students to remain away from their field and place of work outside and continue in the schools. They do not feel that the object of education and the time that they spend in the school is worth its value. Therefore it is possible that there is a falling off. My friend Dr. Ghosh says "I do not agree with this particular scheme that has been put forward by the Central Board of Education about primary, secondary and college classes" although about the college classes he is in agreement in saying that it should be a three years' course. Sir, it is not so. He says let there be compulsory education for every boy up to the age of 14. Then between 14 and 17 he may have secondary education and later on he may have the ordinary college education. If I have understood him correctly he does not agree with the findings of the Central Board of Education. Here I may tell my friend that I was a bit wrong in stating that both the Radhakrishnan and Mudaliar Reports considered the question of 11-year course. Both said that it should be 12 years and the Central Board of Education left it to the different States to find out whether they should finish the school career in 11 years or 12 years as the case may be. Sir, my friend Dr. Ghosh says "let there be compulsory education between 6 and 14 as provided for in our Constitution. I ask him to pause and consider. If there is so much of wastage in 4 years in primary education, and if you make them compulsory for 8 years would there be less wastage? The difficulty I feel is this that a very large number of students who now go up to the school final examination would never go to that stage at all. Either they are physically unfit or they are mentally unfit or they are economically unfit. On the other hand their parents and guardians also cannot always spare their children to remain so many years in the school. I do not know whether the compulsory education up to the age of 14 is the solution of the problem which has to be considered in view of the present situation. My friend Dr. Ghose said in the multi-purpose school you are going to teach electrons or protons or neutrons. Sir, now-a-days a small child says "what about jet plane". After all when they are talking of neutrons, protons or electrons or whatever it is they are not thinking in terms of teaching them nuclear physics. It is just an ordinary knowledge of what is happening. A child hears everyday about H-Bomb, about atom bomb.....

[7-5—7-15 p.m.]

After all what does it matter. He just wants to know a little about the subjects that people are talking about. Sir, a multi-purpose school has got six different subjects which the students can take up in the last 3 years of the school career—agriculture, commerce, science, technology, humanities, home science and arts for female candidates. I have been approached by a large number of people, particularly in the rural areas, who have asked for starting multi-purpose schools with priorities like agriculture and commerce or agriculture and science. Technology is rather a difficult subject. Some of my friends here said that a particular school wanted to start a multi-purpose class and was asked to contribute one lakh or little over a lakh for this purpose. That is not so. What happened is according to the arrangement with the Government of India whenever a particular existing school wants to have a multi-purpose character given to it they are asked to contribute 12½ per cent. of the total cost at the outset. Each particular branch—agriculture, commerce, science and technology—each requires a certain amount of money both recurring and non-recurring for carrying on these classes. The Government of India wanted to give a certain amount of help provided some amount of contribution is given and the average contribution is 12½ per cent. of the non-recurring expenditure, not recurring.

Mr. friend Shri Somnath Lahiri mentioned about some of the schools and his conclusions as far as I could gather were that a school is upgraded if it is sponsored by the Congress or by a Minister or by a Minister's chaprasi. He mentioned that Bagzola school has been upgraded. It has not been upgraded. Only it has been permitted to have increased course of humanities. The Ramsagar school has been upgraded with science and commerce. The Bhadreswar school has been upgraded with humanities and science. I thought Shri Lahiri said something about Chandernagore. I would tell him that in Chandernagore the Krishnabhamini Siksha Mandir has got humanities, science and home science as special subjects. Therefore, Chandernagore is neither a province over which the Minister reigns or even his chaprasi reigns. The Chetla and Mitra Institutions have become multi-purpose schools he said and the reason is quite simple. Sir, certain conditions are laid down before a multi-purpose school could be started at a particular place. I have mentioned these things but unfortunately many of my friends probably did not follow my statement. I said the main considerations are management and standard of teaching. Ordinarily, if a school has more than 750 students in their roll we do not encourage it to be a multi-purpose school because direct touch between the teacher and the taught is not possible and, therefore, we cannot improve the standard of education. Many of these schools, I cannot tell you exactly whether these two schools, have got much lower percentage of graduate teachers than we require under the multi-purpose scheme. Next is the question of the resources of the school. These are some of the standards by which we consider whether a school should be a multi-purpose school or not. Evidently, there is some confusion in the mind of some of my friends as to what we are trying to do. I may tell my friends that we are not writing on a clean slate. Today there are primary schools and secondary schools—probably about 23 thousand primary schools and 3 thousand secondary schools. Some of them are Government managed, some of them are managed by district school boards and some are privately managed. Therefore, in order to get into the form we have got to give them a little time. Therefore, what we have done is, although we have got 864 schools of the junior basic type, we are giving aid to some of the schools to improve their school buildings so that gradually they may

convert themselves into junior basic schools. 30 primary schools of the basic type have been established in the forest areas of Darjeeling and Duars. 47 such schools have been sanctioned for the backward areas of the Sunderbans.

Then we come to secondary education. I realise that it is not possible for every school at once to convert itself into a multi-purpose school. I know that it would be difficult or that it would take years before we could do it. We have got 182 multi-purpose schools and we have got 85 improved secondary schools—they are secondary schools of the ordinary type but they have accepted the 11 years' course and they started this new course in January, 1957.

Sir, financial assistance has been given to 31 high schools for improvement of science in the schools. There is no question of their being multi-purpose schools at this stage. 107 have been given aid for teaching subjects like geography and craft. 253 high schools have been given aid to improve their libraries and 129 junior high schools have been given aid for introduction of crafts. Gradually as things go on we may be able to convert them into multi-purpose schools as we get better teachers. Dr. Ghose is perfectly right when he says that our main difficulty is proper teachers. We have got now B. T. Class and Basic Education Class which cater to 3 to 5 thousand students but they required to be trained as quickly as possible but there will be a time-lag before we really get the schools to have proper type of teachers. Dr. Ghose mentioned quite correctly that there are five colleges which have got 40,000 students. I sent for the heads of these colleges only 5 or 6 days ago. They told me that the bulk of their students belong to Commerce Class which is generally held in the evening so that the students can work in some office during the day time and come there in the evening. One of the Principals told me very casually that it is not that they want to learn Commerce but they want to get B.A. degree so that they can improve their position in the office. Sir, I have put before them a proposition which they are considering as to whether we cannot take away the whole Commerce Classes separated from the ordinary classes so that they can cater to the ordinary students a little better than they do now.

[7-15—7-25 p.m.]

Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মেদিনীপুর জেলার মিউনিসিপ্যালিটিগুলিতে পানীয় জল সরবরাহের সরকারী ব্যবস্থা নগণ্য। তমলুক মিউনিসিপ্যালিটিতে জলসরবরাহের জন্য একটি স্কীম সরকারী দপ্তরে ধামাচাপা অবস্থায় দীর্ঘ দিন পড়িয়া আছে। মেদিনীপুর শহরে ও খড়গপুর শহরে গরমের দিনে পানীয় জলের বিশেষ অভাব দেখা দেয়। ঘাঁটাল, চন্দ্রকোণা প্রভৃতি মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহ ব্যবস্থা খুবই ত্রুটিপূর্ণ। প্রতিটি মিউনিসিপ্যালিটিতে জলসরবরাহের স্থায়ী ব্যবস্থার জন্য স্কীম গ্রহণ করিতে সরকার ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure to supply drinking water in Mahammadpur of Union No. 7 and adjacent villages of Nandigram police-station, Midnapore, resulting in the death of 13 heads from cholera epidemic by the months of April and May, 1957.

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to make necessary arrangements of drinking water in Jethiamajhipara Union, police-station Bijpur.

Sj. Bhakta Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the negligence of proper supervision with regard to drinking water in the rural areas.

Sj. Durgapada Das: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of sanitation and public health of Rampurhat subdivision in the district of Birbhum.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলে নলকূপ স্থাপনে সাংঘাতিকভাবে দুর্নীতি ও উৎকোচ গ্রহণ করিয়া পক্ষপাতিত্ব করা হইতেছে, ইহার প্রতিরোধে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে হাজার হাজার নলকূপ অকেজো হইয়া পড়িয়া আছে, উহা কার্যকরী করিতে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে বিশুদ্ধ পানীয় জলের অভাব দূরীকরণে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about unsympathetic attitude of the Government in not responding to the appeal of the Chandernagore Municipal Corporation for help for setting up a big tube-well at Bibirhat.

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to begin the work of sewage system, river embankment and Municipal workers' quarters of Chandernagore as decided upon by the Government of India.

Dr. Rabindra Nath Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government regarding maternity and child-welfare centre in rural areas. The purpose of maternity and child-welfare centre is more theoretical than practical as ante-natal, pre-natal and post-natal cases are not tackled with according to the principle. Child-welfare is a vague term which is mentioned in the budget, as the Government cannot make provision according to the need of the child. The nutrition to the child and the mother is the greatest problem of which the Government cannot take the responsibility.

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in tackling the infectious diseases like cholera, small-pox, etc., both in rural and urban areas, every year. Gradually the death-rate is increasing in number. The preventive measures like notification, isolation, inoculation and vaccination have proved a complete failure. I think it is known to the Government that the system of preventive measures is more theoretical than practical to our people. The curative side is not within the control of the Government. It is due to the insufficient arrangement of beds in the hospitals of the towns. In the villages the idea of

infectious diseases hospital is out of the question. I demand that Government should set up rural infectious diseases hospital both for the preventive and curative measures, for example, I can mention that death due to cholera and small-pox occurs in rural areas of 24-Parganas and Midnapore. In the towns, permanent medical staff and vaccinators have not yet been appointed. Temporary measures have been taken to tide over the situation but the actual eradication could not be done. In the budget of 1957-58 no such measures have been adopted.

Sj. Chitto Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—(1) Rural water-supply; (2) Rural Public Health.

Dr. Jnanendra Nath Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the absence of integrated overall policy on positive health in the State, resulting in—

(1) Endemicity of Enteric Group of fevers.

(2) Spreading of Tuberculosis, Pulmonary and others.

(3) Recurring epidemic of small-pox and cholera.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to undertake adequate schemes for water-supply in urban areas including Baranagar and Kamarhati municipalities as well as in rural areas.

Sj. Sagar Chandra Mahato: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পুরুলিয়া জেলার ভয়াবহ কুষ্ঠ সমস্যা।

Sj. Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Gangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গ্রামে গ্রামে বিশুদ্ধ পানীয় জলের বা নলকূপের ব্যবস্থা করিতে সরকারের ব্যর্থতা।

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of granting deep tube-wells under the Development Schemes.

Sj. Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Shyamaprasanna Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about inadequate supply of tube-wells or ring-wells or tanks for drinking water, e.g., in Bauria Union, Jujursaha Union, Manikpur Union, Dhulagoni Union, Banharispur Union and Duilya Union of the district of Howrah and not developing Laksmi Kamal Charitable Hospital at Mahiar, post-office Andul-Mauri district Howrah, into good Hospital Maternity Welfare Centre when this hospital has sufficient building, open space for all possible expansions.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government regarding public health.

Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make arrangements for sinking of tube-well in each village in the State of West Bengal.

Sj. Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about measures taken by the Government about stopping the spread of influenza in the State.

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about paucity of drinking water in each of the Union Boards of Chatra, Chingripota, Nishchindapura, Pujali and Raipur. There are only 4 to 6 tube-wells, whereas the number of villages are from 10 to 15.

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about laxity of inspection and supervision and possible corruption, e.g., in the water-supply system of Budge-Budge Municipality—

(a) Supply of water from one of the two tube-wells, i.e., the one in the Municipal Compound is unfit for drinking purpose, it is as saline and hard.

(b) Laying of pipes has been 1½ ft. deep instead of specified 3 ft. deep resulting in bursting of pipes.

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(ক) কলিকাতা থেকে কাঁচরাপাড়া পর্যন্ত যে রাস্তা গিয়েছে তার দু' পাশে কোনও পাকা ড্রেন নেই—কোথাও বা কাঁচা ড্রেন আবার কোথাও আদৌ ড্রেন নেই। এ অবস্থায় সংশ্লিষ্ট শহরগুলিতে অস্বাস্থ্যকর পরিস্থিতি দীর্ঘস্থায়ী হয়ে রয়েছে—এই প্রতিকার না করা।

(খ) এই রাস্তাতে ৭৮নং ও ৮৫নং বাস চলাচলের ব্যবস্থা হওয়ায় সরু পীচ-বাঁধানো জায়গাটুকুতে দুইটি বিপরীত দিকগামী বাসের জায়গা সংকুলান হয় না। এরূপ অবস্থায় অন্যান্য যানবাহনকে বা পথচারীকে অকস্মাৎ রাস্তা থেকে নেমে দূরে চলে যেতে হয়—একটু অসতর্ক হলেই দুর্ঘটনা ঘটে। রাস্তার দুই পাশ কাঁচা থাকায় অনবরত ধুলো উড়ে আশপাশের লোকালয়কে আচ্ছন্ন করে ফেলে—বর্ষার সময় জল জমে পথচারী ও পথিপার্শ্বস্থ দোকানপাট ও বাড়িগুলিকে কর্দমাক্ত করে। এই অস্বাস্থ্যকর অবস্থার প্রতিকারের জন্য এই রাস্তাকে আরও প্রশস্ত করার যে প্রয়োজন তা করা হচ্ছে না। এরূপ একটি হেভি ট্রাফিক-এর রাস্তার প্রয়োজনীয় উন্নয়নে সরকারের গাফিলতি।

Sj. Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about taking proper steps to check the spread of Tuberculosis in West Bengal.

Sj Sitaram Gupta: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(১) **সরকার কলকতা, হবড়া और বিভিন্ন म्यूनिसिपैल्टियों और शिल्पाञ्चलों की बदतर हालतों को दूर करने, पानीय जल की सुव्यवस्था, पुरानी और नई नालियों का संस्कार और निर्माण** (sewerage) **पय प्रणाली का विस्तार और आधुनिक करण और उन्नति करण को सफल करने में सरकार पूर्णतया व्यर्थ हुई है।**

(২) **भाटपाड़ा म्यूनिसिपैलिटी को पानीय जल की सुव्यवस्था करने के लिये विराट योजनाओं को शीघ्रता पूर्वक सफल करने के लिये, पय-प्रणाली** (sewerage) **को उन्नति और विस्तार करने के लिये, पुराने नाले और नालियों को मरम्मत और नये नाले नालियों का निर्माण करने के लिये, समुचित आर्थिक सहायता करने में सरकार सोचनीय तौर से व्यर्थ हुई है।**

(৩) **बारकपुर सबडीवीजन के उत्तरी हिस्सा बारकपुर से लगातार कचरापाड़ा तक विराट जनवस्तीपूर्ण इलाके में अस्पताल की व्यवस्था करने में सरकार पूर्णतया व्यर्थ हुई है।**

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

১। বারাকপুর মহকুমার গ্রামাঞ্চলে বিশেষত শিবদাসপুর ও মাদ্রাল নারায়ণপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামের শোচনীয় জলাভাব দূরীকরণে সরকারের তৎপরতার অভাব।

২। বারাকপুর মহকুমার অন্তর্গত মিউনিসিপ্যাল এলাকায় বিশেষত নৈহাটী ও ভাটপাড়া মিউনিসিপ্যালিটিতে জুট মিল কোম্পানীগুলির উপর নির্ভরশীল জলসরবরাহের ব্যবস্থা থেকে অব্যাহতি দিয়া এই মিউনিসিপ্যালিটিগুলিকে পর্যাপ্ত জলসরবরাহের জন্য স্বয়ংসম্পূর্ণ করিতে ও নিজস্ব ওয়াটার ওয়ার্কস তৈরি করিতে পর্যাপ্ত অর্থসাহায্য না করা।

৩। নৈহাটী মিউনিসিপ্যালিটিকে ময়লা (নাইট সয়েল) ফেলার ট্রেঞ্চিং গ্রাউন্ড সিস্টেম-এর পরিবর্তে সিউয়ারেজ সিস্টেম প্রবর্তন করার জন্য প্রয়োজনীয় অর্থসাহায্য না করা। ট্রেঞ্চিং গ্রাউন্ড-এর আশপাশের গ্রাম ও শহরের বিশেষ অংশকে ময়লার দুর্গন্ধ থেকে রক্ষা করার ব্যবস্থা না করা।

৪। নৈহাটী শহরের কেন্দ্রস্থল মহেন্দ্র হাই স্কুলের সংলগ্ন একই পার্টিশন ওয়ালএ অবস্থিত এবং পোস্ট অফিস, বাজার, স্টেশন, সিনেমার নিকটবর্তী অঞ্চল থেকে গণিকালয় অপসারণ না করা।

৫। গণিকাবৃত্তির অবসান ঘটিয়ে গণিকাদের বৃত্তিমূলক কাজে নিযুক্ত করার ব্যবস্থা করা এবং প্রয়োজনানুরূপ আইন প্রণয়ন না করা।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—failure of the Government to establish Chest Clinic—at least one at Chanchal in Kharba police-station of Malda district in view of the alarming number of Tuberculosis patients whose numbers are increasing in the villages.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to fight the epidemic diseases such as Cholera, Typhoid, Influenza, etc., which invade the city every year.

Sj. Gobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the arrangement of the Government for rural water-supply in the Scheduled Castes and Tribes' "pallies" of the Burdwan Sadar subdivision.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy in relation to Calcutta and Municipal Towns of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) the negligent attitude of the Government towards the deteriorating water-supply position of Calcutta; and

(2) failure of the Government to provide sufficient funds in the Budget for subsidising the Calcutta Corporation.

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take suitable measures for supply of sufficient water for drinking purposes in the Bustees situated within the constituencies of Taltola, Muchipara and Bowbazar.

Sir, I also beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) the failure of the Government to stop adulteration of food; and

(2) the failure of the Government to bring in suitable legislation for punishing the offenders.

Sj. Gangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কলিকাতার পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে ময়লা-জল বন্ধ করিতে সরকারের ব্যর্থতা, ফলে নানারকম সংক্রামক ব্যাধিতে বহু লোক আক্রান্ত হইতেছে।

Sj. Amal Kumar Ganguly: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(i) the failure of the Government of West Bengal to organise health centres with special reference to Bagnan Thana Health Centre, Kalyan Union Health Centre, Bainan Union Health Centre and Bagnan Union Health Centre;

(ii) failure to build Maternity Health Centres with special reference to Bagnan Maternity Ward; and

(iii) failure to supply pure drinking water in scarcity areas with special reference to Bagnan police-station.

Sj. Panchanan Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about danger of diesel-smoke emitting out of State Buses affecting health.

Sj. Turku Hasda: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বীরভূম জিলার পল্লী অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য যথেষ্ট পরিমাণে নলকূপ বসানোর প্রয়োজনীয়তা। এই ব্যাপারে সরকারের ব্যর্থতা।

Dr. Kanailal Bhattacharyee: Sir, I beg to move that the demand of Rs. 1,41,43,000 for expenditure under Grant No. 21, Major Head: "39—Public Health", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the recent policy of the Government in opening new rural health centres.

Dr. Rabindra Nath Roy:

মিঃ স্পীকার, স্যার, আজকে মেডিকেল বাজেটের ব্যয়বরাদ্দের জন্য আমাদের স্বাস্থ্যমন্ত্রী যা বলেছেন সে বিষয় চিন্তা করে আমি মনে করছি যে, এই বিধান সভার মধ্যে গত কয়েকদিন ধরে যা আলোচনা হয়েছে জনসাধারণের জীবনের সাথে বিভিন্ন ব্যাপারে,—শিক্ষা, খাদ্যসমস্যা প্রভৃতির যেমন কোন যোগাযোগ নেই, এই স্বাস্থ্য ব্যাপারেও সরকার ঠিক তেমনি মনোভাব পোষণ করেছেন। ব্যক্তি স্বাধীনতার নাম করে সমাজতান্ত্রিক এবং গণতান্ত্রিক রাষ্ট্রকে এগিয়ে নিয়ে যাওয়ার চিন্তাধারার বিভিন্ন স্থানে তাঁরা যে দুর্নীতির প্রশ্রয় দিয়েছেন, মেডিকেল বাজেটের ব্যয়বরাদ্দের মধ্য দিয়ে যদি আমরা দেখি, তাহলে দেখতে পাবো এখানে তাও রয়েছে।

আমার প্রথম বক্তব্য যেটা সেটা হচ্ছে দুর্নীতি ডিরেকটর অব হেল্থ সার্ভিসএ। আমি জানাতে চাই বাংলাদেশের সাধারণ মানুষ দিন দিন যেভাবে রোগাক্রান্ত হয়ে পড়ছে, তার সঙ্গে যোগাযোগ রক্ষা করে আমাদের স্বাস্থ্যমন্ত্রী বাস্তব অবস্থার সঙ্গে চিন্তা করে তা রোধ করতে পারেন নি, বিশেষ করে ডিরেকটর অব হেল্থ সার্ভিসও। আমার বক্তব্য,—গত বছর ঠিক করা হয়েছিল যে, বাংলাদেশে ডিস্ট্রিক্ট বোর্ডের হাত থেকে হেল্থ ডিপার্টমেন্টকে নিয়ে নেওয়া হবে এবং সেইজন্য

১১ লক্ষ টাকা স্যাংকশন করা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত ডিস্ট্রিক্ট বোর্ডের হাত থেকে হেল্থ ডিপার্টমেন্টকে জাতীয়তাকরণ করা হয় নি। এই জাতীয়তাকরণ বলতে আমি মনে করি সাধারণভাবে, বৈজ্ঞানিক দৃষ্টি নিয়ে যে চিকিৎসার উন্নতি দিনের পর দিন এগিয়ে চলেছে তার স্পর্শ বাংলাদেশের সাধারণ মানুষ কিছুতেই উপলব্ধি করতে পারেন নি। এখানে আমার প্রশ্ন ডিরেকটর অব হেল্থ সার্ভিসএর কাছে, এটা কেন করা হয় নি ; এবং তার আগে আমি স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়ের নিকট এ বিষয় প্রশ্ন করছি যে মেডিসিন কেনার ব্যাপারে টেন্ডার কমিটি থাকে, সেই টেন্ডার কমিটির মাধ্যমে মেডিসিন কেনার ব্যবস্থা করা হয় কি? কিন্তু দেখা যাচ্ছে যে, ডিরেকটর অব হেল্থ সার্ভিস এই টেন্ডার কমিটির সামনে ঔষধপত্র কেনার যে কন্ট্রাক্ট দেওয়ার ব্যবস্থা আছে তা না করে প্রাইভেটলি দে'জ মেডিকেলএর সংগে বৈঠক করে দে'জ মেডিকেলকেই চিপ রেটএ ঔষধের কন্ট্রাক্ট দিয়েছেন এবং নিজেও কিছু লাভ নিয়েছেন। আর একটা ব্যাপার ডিরেকটর অব হেল্থ সার্ভিস কয়েক দিন আগে হসপিটাল রিকয়ারমেন্টসএর জন্য বড়বাজারের এক মাড়োয়ারীর সংগে একটা গোপন বৈঠক করে একটা কন্ট্রাক্ট দিয়েছেন ; এ সম্বন্ধে ভালভাবে তদন্ত করবার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

আমরা দেখছি, মেডিকেল বাজেটএর মধ্যে এক জায়গায় বলা হয়েছে ব্লাড ব্যাঙ্কএর ডোনার্সদের জন্য বেশি টাকা খরচ করতে হয়েছে। এই ডোনার্সদের জন্য যে বেশি টাকা খরচ করা হয়েছে, এটা কাদের ব্লাড নিয়ে করা হয়েছে সে সম্বন্ধে আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে অন্যান্য সভ্যদের জানাতে চাই, বাংলাদেশের অর্থনৈতিক জীবনযাত্রার মান এত নিম্নে নেমে গিয়েছে যে, পূর্ব পাকিস্তান থেকে যেসমস্ত লোক বর্তমানে পশ্চিমবঙ্গে এসে উপস্থিত হয়েছেন, তাঁরা এই রক্ত দিয়ে তাঁদের জীবিকার্জন করবার জন্য, এই রক্ত বিক্রয় করছেন। এই ব্লাড বিক্রয় করে তাঁদের সংসারযাত্রা নির্বাহ করছেন। আমার কথা হচ্ছে যে, সব সময়ই দেখা যায়, জনসাধারণের স্বাস্থ্যই দেশের সমৃদ্ধি এনে দেয়, স্বাস্থ্য না হ'লে মানুষের জীবনে কোন উন্নতিই সম্ভব নয় এবং সমাজজীবনেও নয়।

[3-40—3-50 p.m.]

এক দিক থেকে বড় বড় হাসপাতালের কথা ভাবছি, বড় বড় থানা হেল্থ সেন্টার, ডিস্ট্রিক্ট হেল্থ সেন্টারএর কথা ভাবছি, এপিডেমিক, ইন্‌ফেকসাস হসপিট্যাল তৈরি করছি, পোস্ট-গ্র্যাজুয়েট টিচিংএর ব্যবস্থা করছি। কিন্তু অন্যদিকে দেখছি মানুষের অর্থনৈতিক জীবনযাত্রার মান ক্রমে ক্রমে নেমে যাচ্ছে। একদিকে রক্ত দিয়ে আরেক দিক থেকে রোগের সৃষ্টি করছি। আজকের দিনে আমাদের ভাবতে হবে কত সহজে এবং কত কম ব্যয়ে বাংলাদেশের প্রতিটি মানুষ বৈজ্ঞানিক উপায়ে যে চিকিৎসার ব্যবস্থা আজকে করা হয়েছে তার সুযোগ কতটা বেশী নিতে পারে। সেইজন্যে এই সম্বন্ধে ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বহুবার সরকারকে জানান হয়েছে। তাঁরা বিশেষ ক'রে রুরাল হেল্থ স্কীম সম্বন্ধে কিভাবে ডাক্তারদের সংগে এবং এখানকার সাধারণ মানুষ যেভাবে রোগাক্রান্ত হচ্ছেন তার সংগে যোগাযোগ রক্ষা করে এবং কিভাবে আনএমপ্লয়মেন্ট আজকের দিনে ডাক্তারদের মধ্যে মস্ত বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে সেদিক থেকেও ডাক্তারদের জীবনযাত্রার মানকেও বাড়ান যেতে পারে এবং সাধারণ মানুষ যেভাবে রোগাক্রান্ত হয়ে পড়ছেন, তাঁদের কিভাবে সহজে কিছুটা সুবিধা এনে দেওয়া যায় সেইজন্য ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশনএর পক্ষ থেকে বহু প্রোগ্রাম তাদের জানান হয়েছে কিন্তু তারা সে সম্বন্ধে কোন দৃষ্টিপাত করেন নি। ফার্স্ট গ্রেড, সেকেন্ড গ্রেড, থার্ড গ্রেড হসপিট্যাল আছে। আপনারা জানেন ব্যক্তিস্বাধীনতার নাম ক'রে আমাদের বিরোধী দলের বহু বন্ধু বহু বক্তৃতা দিয়েছেন কিন্তু আজকে ক্লাসলেস-শ্রেণীহীন সমাজব্যবস্থার কথা যখন আমরা চিন্তা করছি গণতান্ত্রিক সমাজব্যবস্থার কথা যখন আমরা চিন্তা করছি তখন চিকিৎসার সুবিধা আজকে সরকার ফার্স্ট গ্রেড, সেকেন্ড গ্রেড, থার্ড গ্রেড হসপিট্যালএর মাধ্যমে জনসাধারণকে নিতে বাধ্য করেন কেন? কলকাতা শহরে যে হাসপাতালগুলি রয়েছে সেই হাসপাতালগুলির আউট-ডোর ডিপার্টমেন্টএর মধ্যে সভ্যরা হয়ত কেহ কেহ গিয়েছেন তারা জানেন কি ধরনের সরকারী চিকিৎসা ব্যবস্থা। সেই তুলনায় চিকিৎসক যারা রয়েছেন তাদের এক-একজনকে অন্ততপক্ষে ১০০ ক'রে রোগীকে দেখতে হয় এবং দেখা মানে শুধু নাড়ী টেপা এবং লিখে দেওয়া মিস্ট এ্যালকালি কি মিস্ট কার্মিনেটিভ শুধু এরই জন্য পেসেন্টদের ঘণ্টার পর ঘণ্টা ডিসপেন্সারিতে গিয়ে

দাঁড়িয়ে থাকতে হয়। হয়ত কেউ আসছে বজবজ থেকে, ক্যানিং থেকে, কেউ ডায়মন্ডহারবার থেকে এবং অন্যান্য বিভিন্ন জায়গা থেকে একটু এ্যালকালি মিকচারএর জন্য তাদের দাঁড়িয়ে থাকতে হয় ঘণ্টার পর ঘণ্টা। আরও কি দেখেছি, সার্জিক্যাল ডিপার্টমেন্টএ দেখেছি যে, একটা গরিব মানুষ তার হয়ত হাত ভেঙ্গে গেছে কি পা ভেঙ্গে গেছে, এলো আউট-ডোর ট্রিটমেন্টের জন্য, লিখে দেওয়া হ'ল ১০ দিন পরে তার একটা এক্স-রে করার জন্য, তার পরে আরও ১০ দিন পরে রিডাকশন করবার টাইম দিয়ে দেওয়া হ'ল ইন দি মিনটাইম দেখা গেল ম্যালইউনিয়ন বা ননইউনিয়ান হয়ে গেছে এবং ভবিষ্যতে এমন একটা অবস্থার সৃষ্টি হ'ল হয়ত যার উপরে সমস্ত সংসারের দায়িত্ব ছিল, সে সমস্ত সংসারের দায়িত্ব তো দূরের কথা নিজের দায়িত্ব নেবার ক্ষমতা হারিয়ে ফেলল। আজকের দিনে যখন বাংলাদেশের একটা মানুষ তার চক্ষের চিকিৎসার জন্য (ব্যক্তিস্বাধীনতার কথা বলে অনেকেই অনেক কথা বলছেন) সুযোগ না পেয়ে অন্ধ হয়ে যায় এবং রাস্তায় ভিক্ষা ক'রে খেতে হয়, তখন ট্রেজারী বেঞ্চএর বহু বন্ধুরাই ভিয়েনায়, কেউ অন্য জয়গায় গিয়ে চক্ষু-চিকিৎসার ব্যবস্থা করেন। এরই নাম যদি আজকে ব্যক্তিস্বাধীনতা হয়, এইভাবেই যদি আমরা মনে করে থাকি যে, সমাজতান্ত্রিক, গণতান্ত্রিক পথে আমরা এগিয়ে যাব সেটা বাতুলতা ছাড়া অন্য কিছু নয়। এটা শুধু ভাওতাবাজী। জনসাধারণের সামনে আজকে স্পষ্ট যে, বিশিষ্ট কোন শ্রেণী অর্থাৎ সেই পুঁজিবাদী শ্রেণীর স্বার্থেই তাদেরই ধারক এবং বাহক হিসেবে কংগ্রেসী সরকার এবং তার আমলাতন্ত্র আজকের দিনে এগিয়ে চলেছেন। ইনডোরএর দিকে যদি গিয়ে দেখেন সেখানেও দেখবেন ইনডোর ট্রিটমেন্টএ একজন পেসেন্ট ভর্তি হবে তার সিভিয়ারিটি অফ দি কেস দেখে নয়, কেউ কংগ্রেস লীডার বা কংগ্রেস মন্ত্রী কিম্বা রাইটার্স বিল্ডিংসএর ডিরেকটর অফ হেল্থ সার্ভিসেস থেকে একটা চিঠি লিখে দেওয়া হ'ল আর অমনি হয়ে গেল য়্যাডমিট। এই হ'ল অবস্থা তার পরে যে ক্যাপাসিটি একটা হসপিট্যালের সেখানে দেখা যায় এক্সট্রা বেড প্রচুরভাবে রান করে, প্রত্যেকটি পেসেন্টএর জন্য ২ টাকা ক'রে ব্যবস্থা থাকে, মেডিসিনএর জন্য যে কত বরাদ্দ তার হয়ত ক্লিয়ার কাট কিছু সরকার আমাদের দিতে পারবেন না। কারণ দেখা গেছে, কংগ্রেসী সরকারের শুধু এই আমলাতন্ত্র অর্থাৎ এই ডিরেকটর অফ হেল্থ সার্ভিসেসকে মেন্টেন করতে, এবং বিভিন্ন জায়গায় সিভিল সার্জনদের গ্রেডকে মেন্টেন করতে যে অর্থ ব্যয় করতে হয়, এ্যাসিস্ট্যান্ট সার্জন এবং সাব-এ্যাসিস্ট্যান্ট সার্জনদের খরচ হিসেব করলে দেখা যাবে যে, ১০ ভাগের ১ ভাগ। সরকার জনসাধারণের চিকিৎসার ব্যবস্থা করতে পারছেন না এবং সেইজন্য এটাকে ধামাচাপা দেবার জন্যেই মেডিকেল কলেজএর একটা ইনসিডেন্ট যেটা রিসেন্টলি ঘটে গেছে—আপনারা বোধহয় সকলেই জানেন সেখানে দেখা গেছে ডাক্তারদের আজকে জনসাধারণের কাছে খেলো করবার চেষ্টা হচ্ছে অথচ হাউস স্টাফরা অর্থাৎ একজন এম বি বি এস ডাক্তার ৭৫ টাকার বদলে তাদের সারাদিন খাটতে হয় এবং যারা সিনিয়র তাদের মাহিনা হচ্ছে ১২৫ টাকা কি ১৩০ টাকা—এইভাবে সাধারণ হাউস স্টাফ থেকে যে পরিমাণ কাজ নেওয়া হয় যেমনভাবে মজুরদের খাটিয়ে নেওয়া হয়, মজুরদের মতই আজকে সাধারণ ডাক্তারদের এই অবস্থা, তারা আজকে দেশের মানুষকে সেবা করেও খেতে পায় না। সুযোগ পেলেই সরকার দেশের মানুষের মধ্যে আর ডাক্তারদের মধ্যে একটা এনিমিটি সৃষ্টি করার চেষ্টা করছেন। মেডিকেল কলেজের ঘটনাকে সরকার এইভাবে জনসাধারণের মধ্যে প্রচার করে সরকারী দায়ীত্ব এড়াবার চেষ্টা করেছেন।

অথচ এই ডাক্তারদের উদাহরণ আছে সাধারণ মানুষের চিকিৎসার জন্য এরা নির্বিবাদে নিজেদের রক্ত দিয়েছে, এমন হয়েছে কারো বাড়িতে গিয়ে চিকিৎসা করে এসেছে বিনা পয়সায়, তাকে গ্লোরিফাই করতে সরকার চান নি। আজকে সাধারণ মানুষের যে প্রচেষ্টা দেশকে এগিয়ে নেবার জন্য—ডাক্তার থেকে আরম্ভ ক'রে, শিক্ষক থেকে আরম্ভ ক'রে সকলের মধ্যে দেখা যাচ্ছে, আমলাতান্ত্রিক পদ্ধতির জন্য তাদের গ্লোরিফাই না ক'রে ধামাচাপা দিয়ে তাদের আরও ডিসক্রেডিট করে, কি করে এই জনবিরোধী সরকার এগিয়ে যাবেন সেই হচ্ছে চেষ্টা। আরও কতকগুলি ঘটনা আছে সেটা হচ্ছে রুরাল হেল্থ স্কীম সম্বন্ধে, সাবডিভিসন, থানা, ডিস্ট্রিক্ট হেল্থ সেন্টারগুলির সম্বন্ধে মন্ত্রী মহাশয় অনেক কিছুই বলে গেছেন কিন্তু আমরা একটা জিনিস দেখেছি যে, অনেক জায়গা আছে যেখানে টাকা দেওয়া হয়েছে, ল্যান্ড দেওয়া হয়েছে অথচ এখন পর্যন্ত কোন কিছুই হয় নি। কালনা তার একটা উদাহরণ। আসল কথা হচ্ছে যে পলিসি, যে নীতি নিয়ে আজকে সরকার চলেছেন সেই নীতির কথাই আমি বলছি। জনসাধারণকে

ভাওতা ছাড়া আর কিছুই দিচ্ছেন না। কেন ভাওতা, তার কারণ আমি বলছি—আমরা আজকে প্রত্যেকেই লক্ষ্য করেছি যে ট্রেন প্যাসেঞ্জারএর মধ্যে যেমন ফার্স্ট ক্লাস, সেকেন্ড ক্লাস, থার্ড ক্লাসএর যাত্রী আছে এবং যার যেমন অর্থ সে সেই ক্লাস এ্যাভেল করবে—কলকাতায় হাসপাতালগুলিও তেমনিভাবে বৃটিশ আমল থেকে ফার্স্ট গ্রেড, সেকেন্ড গ্রেড, থার্ড গ্রেড হয়ে আছে। যার যেমন অর্থ মেডিকেল হেল্‌ফ সেইভাবে পাবে। এর মানে মেডিকেল এবং হেল্থকে আজ জাতীয়তাকরণ করা নয়। ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশন যে প্রোগ্রাম দিয়েছে সেই প্রোগ্রামকে সরকার চিন্তা করে সরকারী রুরাল হেল্থ স্কীমে যাতে জনসাধারণের সস্তায় চিকিৎসার ব্যবস্থা করা যায় তার চেষ্টা করবেন।

[3-50—4 p.m.]

Sj. Ananda Copal Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী এখানে উপস্থাপিত করেছেন তা সম্পূর্ণভাবে সমর্থন করতে উঠে তার পেছনে আমার যে যুক্তি আছে আমি তা আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখতে চাই। এই বছর বাজেটে যে টাকা ধার্য করা হয়েছে তার দিক চাইলে আমরা দেখব যে, মেডিকেল খাতে ৪ কোটি ৮৭ লক্ষ ৭৭ হাজার টাকা, পাবলিক হেলথের জন্য ২ কোটি ৪২ লক্ষ ৪৫ হাজার টাকা ধার্য করা হয়েছে। এ ছাড়াও ৫০ সিভিল ওয়ার্কস, ৮১ ক্যাপিট্যাল য়্যাকাউন্টস এবং ৮২ ক্যাপিট্যাল য়্যাকাউন্টস এতে যে ব্যয়বরাদ্দ এই মেডিকেল এবং পাবলিক হেল্থ খাতে আছে তার দিকে ফিরে দেখলে আমরা দেখব যে, ১৯৫৭ এবং ১৯৫৮ সালের এই বিভাগে ব্যয়বরাদ্দ সর্বসাকুল্যে ৯ কোটি ৫০ লক্ষ ২৫ হাজার টাকা ধরা হয়েছে। গত বারের বাজেটে ৮ কোটি ২১ লক্ষ ৮ হাজার ৩শ টাকা ধরা হয়েছিল। গত বারের থেকে এইবার বাড়তি ধরা হয়েছে ১ কোটি ২৯ লক্ষ ১৬ হাজার ৭শ টাকা। সবচেয়ে যে জিনিস আমি আপনার মাধ্যমে বেশি ক'রে এখানে ধরতে চাই তা হচ্ছে এই যে, ভারতবর্ষের অন্যান্য প্রদেশে স্বাস্থ্য সম্বন্ধে যে টাকা ধরা হয়েছে, বাংলাদেশে তার যত সমস্যাই থাকুক স্বাস্থ্য খাতে পার-ক্যাপিটা এক্সপেন্ডিচার সবচেয়ে বেশি, আপনার মাধ্যমে বিরোধী পক্ষের বন্ধুদের বলি যে কেরালার থেকে ৩ গুণ বেশি। হেল্থ সেন্টার সম্বন্ধে আমাদের এই স্বাস্থ্য বিভাগ যে কাজ করেছে তার ২-১টা নিদর্শন আমি আপনার সামনে ধরতে চাই। বাংলাদেশের গ্রামে হাজার হাজার জনসাধারণ শুধু চিকিৎসার অভাবে উপেক্ষিত হয়েছিল, অনেক গ্রাম এখনও পর্যন্ত সুষ্ঠু চিকিৎসালাভের সুযোগ না পেলেও এই অল্প সময়ের মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে গ্রামাঞ্চলে ২৮৩টা ইউনিয়ন এবং থানা হেল্থ সেন্টার গ'ড়ে উঠেছে (শ্রীযুক্ত মনোরঞ্জন হাজরাঃ কোয়েশ্চেন) কোয়েশ্চেন তাঁরা করতে পারেন কিন্তু আমি বলব যে এই ২৮৩টা ইউনিয়ন এবং থানা হেল্থ সেন্টারে ৩ হাজার ৩শ ৩টা বেড আছে, এ ছাড়া আরো ৪৮টার কাজ সম্পূর্ণ হয়েছে যা নূতন ক'রে খোলা হবে এবং এ বছরে আরো ৫০টা করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এ ছাড়া এফ আর ই, এ জি হাসপাতাল যা আছে তার সংখ্যা প্রায় ৭৮ এবং তাতে বেডের সংখ্যা ১৪শ ৫৫টা। এ ছাড়া যে জায়গায় ইউনিয়ন হেল্থ সেন্টার, এ জি, এফ আর ই হাসপাতালের সুযোগ জনসাধারণ পায় নি, তাদের দিকে চেয়ে সরকার মোবাইল মেডিকেল ইউনিট করেছেন এবং সেখানে জনসাধারণ যাতে কিছু পরিমাণে চিকিৎসিত হয় সেই সুযোগ তাঁরা দিয়েছেন। এই বৎসরে এই খাতে হেল্থ সেন্টারের জন্য টোটাল প্রভিসনের দিকে তাকালে আমরা দেখতে পাবো যে, ১ কোটি ২৭ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। গ্রামাঞ্চলের লোক হিসাবে হেল্থ সেন্টারগুলি কিভাবে জনসাধারণের সেবা করে তা জানবার সুযোগ আমার আছে। কিন্তু হেল্থ সেন্টারগুলি সম্বন্ধে আমি একটা কথা সরকারকে জানাতে চাই যে, এই কাজ আরো ত্বরান্বিত করার প্রয়োজন হয়েছে। যে পরিমাণে আমরা হেল্থ সেন্টারগুলি করে যাচ্ছি ঠিক এই স্পীডে যদি আমরা চলি তাহলে সারা বাংলাদেশে যা গ্রাম আছে তাকে কভার করতে অনেক বেশি সময় লেগে যাবে। আমি জানি যে, সরকারের হাতে এমন টাকা নেই বা কেন্দ্রীয় সরকারের সহানুভূতি এমনভাবে এই বিভাগের মধ্যে আসে নি যাতে করে অত্যন্ত অল্প সময়ের মধ্যে এই কাজগুলি করা সম্ভব হতে পারে কিন্তু এইগুলির একান্ত প্রয়োজন হয়ে পড়েছে একথা আমি জানাতে চাই। আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে লক্ষ্য করেছি যে, কেবলমাত্র কলিকাতার হাসপাতালের দিকে না চেয়ে আজকে জেলা এবং সদর হাসপাতালগুলির দিকে

সরকারের দৃষ্টি পড়েছে, অত্যন্ত আনন্দের সঙ্গে আমরা দেখেছি যে, প্রত্যেকটা জেলা ও সদর হাসপাতালের উন্নতি করবার কাজে সরকার হাত দিয়েছেন। জেলা হাসপাতালগুলিতে ১২৮টা করে সিট এবং মহকুমা হাসপাতালগুলিতে ৫৮টা করে সিট হবে এই পরিকল্পনা গ্রহণ করে সরকার কতকগুলি জায়গায় কাজ আরম্ভ করে দিয়েছেন এবং কতকগুলি জায়গায় আরম্ভ করবেন। যেগুলি আরম্ভ করেছেন সদর হাসপাতাল তার মধ্যে চিনসুরা, মালদহ, সিউড়ী, বালুরঘাট ইত্যাদি, সাবডিভিসন বিষ্ণুপুর, রামপুরহাট, তমলুক, ঝাড়গ্রাম, কাটোয়া, আলিপুর প্রভৃতি আছে, এ বছর যেগুলি হবে সদর হাসপাতাল তার মধ্যে কৃষ্ণনগর, বাঁকুড়া, মেদিনীপুর, সাবডিভিসনের মধ্যে বারাকপুর, আরামবাগ, আসানসোল, কালনা, রানাঘাট, কাঁদি, উলুবেড়িয়া, ঘাঁটাল প্রভৃতি আছে। এ ছাড়া উত্তরপাড়াতে একশোটা নূতন শয্যা যাতে বাড়ানো হয় তার জন্য সরকার থেকে এইবার ৪০·৭০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। এরপর হাসপাতালগুলির উন্নতি ছাড়া আমাদের সরকারের দৃষ্টি পড়েছে ওয়াটার সাপ্লাইএর দিকে। আজ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে, বিভিন্ন জেলায় এমন বহু গ্রাম আছে যেখানে সত্যিকারের পানীয় জলের অভাব বিশেষভাবে এই গ্রীষ্মের সময় দেখা যাচ্ছে। আমি বর্ধমান জেলায় আসানসোল মহকুমার অধিবাসী হিসাবে এইটুকু লক্ষ্য করেছি যে, আসানসোল মহকুমায় পানীয় জলের সমস্যা একটা বিরাট সমস্যা। যদি সামগ্রীকভাবে আসানসোলের সমস্যা সবচেয়ে বড় করে দেখা হয় তাহলে সেখানে পানীয় জলের সমস্যাটা দেখতে হবে। আপনারা অনেকেই জানেন যে, তার নীচে কয়লা আছে, সেই কয়লা কেটে বের করে নেওয়ার দরুণ উপরে পুকুর, কুয়া যা থাকে তাতে জল থাকে না, টিউবওয়েল সেখানে হতে পারে না। এজন্য বছরের বেশ কিছু সময়ে সেখানে জল একেবারে থাকে না। আমরা জানি যে, সরকার এই অঞ্চলে পানীয় জলের সরবরাহ ব্যবস্থা করবার জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাতে একটা নূতন জলসরবরাহ পরিকল্পনা গ্রহণ করেছিলেন এবং সেই সরবরাহের কাজে যে এস্টিমেটের কথা আমি শুনেছিলাম তা প্রায় ৩ কোটি ৩৮ লক্ষ টাকা--এই ৩ কোটি ৩৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরবার জন্য একটা দাবী কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিম বাংলা সরকারের এই পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট থেকে পাঠানো হয়েছিল। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে সানুনয় নিবেদন করব যে, এই কাজকে ত্বরান্বিত করবার জন্য তিনি যেন তাঁর সমস্ত শক্তি নিয়োগ করেন। আমি জানি আসানসোলের এই সমস্যাটা সমাধান করতে হ'লে এ ছাড়া আর কোন উপায় নেই। আমি শুধু বলতে চাই যে, পানীয় জলের আজকে যে ব্যবস্থা সরকার করেছেন তাতে পুরুলিয়া এবং কিষেণগঞ্জ বাদ দিয়ে ৪৫ হাজার ৫শ ৮৪টা গ্রামে যেখানে ১ কোটি ৮৩ লক্ষ লোক বাস করেন তাতে প্রোটেকটেড ওয়াটার সাপ্লাই হয়েছে ২৬ হাজার ৭শ ৯৯টা। যে গ্রামগুলিতে সাপ্লাই হয়েছে তার টোটাল নাম্বার অব সোর্সেস দেখলে দেখব যে, ৪৯ হাজার ১৪৬টা সোর্সে এ জিনিস হয়েছে। এবং এ বছরের পরিকল্পনায় আমরা দেখছি যে, সরকার ৪০ লক্ষ টাকা রুরাল ওয়াটার সাপ্লাইএর জন্য এবং এর সঙ্গে ১২·১৯ লক্ষ টাকা ন্যাশনাল ওয়াটার সাপ্লাইএর জন্য ধার্য করেছেন। এই বছর কতগুলি সোর্স হয়ে উঠবে তার দিকে যদি আমরা তাকাই তাহলে দেখব ৩,৭৪৬টা সোর্স অব ওয়াটার সাপ্লাই এবারে করার কথা হয়েছে এবং তার সঙ্গে ২,১৬১টা সোর্স হবে ঐ ফ্লাড রিলিফে যে কুয়া করার কথা হয়েছিল ৩,২৭৮টা তার মধ্য থেকে। আমি মনে করি, যে গ্রামগুলিতে এখনও পর্যন্ত প্রোটেকটেড সোর্স অব ওয়াটার সাপ্লাই নেই সেই গ্রামগুলি সম্বন্ধে যদি একসঙ্গে একটা কো-অর্ডিনেটেড প্রোগ্রাম করে সেখানে কাজ করা হয় তাহলে হয়ত খুব বেশি টাকা এক বছরে লেগে যাবে, হয়ত নাও লাগতে পারে সেখানে যদি স্থানীয় ওয়াটার সাপ্লাই বোর্ড করা হয়। গ্রামাঞ্চলে এমনও জনসাধারণ আছে যারা গ্রামে গ্রামে জল দান করাটাকে পুণ্যব্রত বলে মনে করেন। তাদের কাছ থেকে যদি টাকা তোলেন আর সরকার থেকে যদি ½ অংশ দেন তাহলে আমি মনে করি এই কাজ অনেকটা এগিয়ে যেতে পারে। এর পর আরো ২-১টা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। বর্তমানে যেভাবে বাংলাদেশে টি বি বেড়েছে তার সম্বন্ধে সরকার কি করছেন সে সম্বন্ধে আমি বলব।

[4—4-10 p.m.]

আমাদের দেশে যেভাবে বর্তমানে টি বি বাড়ছে তাতে সে সম্বন্ধে সরকার কি করছেন অত্যন্ত ক্রিটিকাল আই নিয়ে এই জিনিসটা বিচার করে দেখা প্রয়োজন যে, সত্যই সরকার যতটুকু করা

সম্ভব তা করছেন কিনা। আমরা যা দেখছি তাতে টি বি হাসপাতালে জায়গা পেতে হ'লে একটা ছোট এলাকাতেও যে কত দিন কতভাবে ঘুরতে হয়, চেষ্টা করতে হয় একটা সিট পাওয়ার জন্য। আমরা দেখছি যে, টোটাল বেডস আছে ২,৭৯৬টা, তার মধ্যে গভর্নমেন্ট হাসপাতালগুলোর আছে ১,৭২২, এবং ৩৯০টা রিজার্ভড ফর দি ডিস্প্লেসড পারসন্স। এ ছাড়াও জেলার টি বি চেস্ট ক্লিনিকস আছে, সদর হাসপাতালগুলোয়, এবং মহকুমা হাসপাতালগুলোতেও আছে। তা ছাড়া কলিকাতায় মেডিকেল মোবাইল ইউনিট যা আছে তা ঘুরে ঘুরে যাতে চিকিৎসার সুযোগ দেওয়া হয় তা করছে, এবং রিফিউজী ডিপার্টমেন্ট থেকেও ৬টা—এই সব নিয়ে টি বি-র বিরুদ্ধে সংগ্রাম করতে শুরু করেছেন। তা ছাড়া আরও ৭টা ঐ মোবাইল মেডিকেল ইউনিট নিয়ে ঘুরে চিকিৎসার কথা সরকার ভাবছেন। টি বি-র আসন ধুবুলিয়া অঞ্চলে আরও এক হাজার বাড়াবার কথা হয়েছে। ৪টা গান্ধী মেমোরিয়াল হাসপাতাল এই নূতন পরিকল্পনায় তাঁরা নিতে চান। এই সঙ্গে বলি যে, সমস্ত দরিদ্র গ্রামবাসী বিনা পয়সায় ঔষধ নিয়ে সরকার থেকে সাহায্য পেতে চায়, যাদের চিকিৎসা করবার সুযোগ নাই, তারা সরকারের কাছে আবেদন করার পর তাদের কাছে ঔষধ যায়। অবশ্য এতে দেরী হয়ে যায় এবং সেজন্য রোগীদের একটু অসুবিধাও হয়। সেইজন্য ঐ ঔষধ যদি ডাকে পাঠাবার ব্যবস্থা হয় তাহলে তাদের পক্ষে খুব সুবিধা হয়। কারণ, কলিকাতায় আসতে ও ঔষধ নিয়ে যেতে খরচও বহু হয়ে যায়, অনেকের এখানে জানাশুনা লোক হয়ত নাই, এইসব কথা বিবেচনা করে সরকারের কাছে বিনীতভাবে দাবী করি যে, জনসাধারণের সেই সুবিধাটুকু দেবার ব্যবস্থা করবেন।

দ্বিতীয়ত গ্রামাঞ্চল থেকে যারা শহরে চিকিৎসার জন্য আসে তাদের অনেক দিন আউট ডোরে অপেক্ষা করতে হয় এবং তারজন্য অনেকের অসুবিধা হয়। অনেকের থাকবার জায়গা নাই, খরচ করবার পয়সাও হয়ত নাই, তাদের যদি একটু বিশেষ সুবিধা দেওয়া সম্ভব হয় তাহলে ভাল হয়।

সর্বশেষে আমি এখানে বাজেট আলোচনা করতে উঠে বিরুদ্ধপক্ষীয় বন্ধুদের জিওগ্রাফি সম্বন্ধে যে জ্ঞানের অভাব দেখলাম, বাংলাদেশ সম্বন্ধে যে ধারণা দেখলাম তাতে আশ্চর্যান্বিত হয়ে গেলাম। বাজেট আলোচনায় সরকারের ভুল ত্রুটি দেখাতে গিয়ে তাঁরা নিজেদের জ্ঞানের পরিচয় দিলেন যে, কাটোয়া একটা জেলা না মহকুমা তা তাঁরা জানেন না।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়! আমি কয়েকটা প্রস্তাবের মাধ্যমে এই সভার সামনে আমার বক্তব্যটা রাখব, এবং তার উদ্দেশ্য থাকবে অধিক মাত্রায় মানুষকে অধিকতর সুবিধাদান যাতে করে দেওয়া যায়। যাঁরা চিকিৎসাব্রতী বা আনুসঙ্গিক কাজ করেন তাঁদের বেশি করে চাকরি দেওয়া উচিত এবং ডাক্তারী খাতে ক্যাপিটাল এক্সপেন্ডিচার কিসে কমান যায়, এবং আমাদের এগজিসটিং রিসোর্সেস যেগুলি সেগুলি কেমন করে ব্যবহার করা যায়। প্রথমে হেল্থ সেন্টার সম্বন্ধে আমি একটা নূতন পলিসি নেবার জন্য অনুরোধ করছি। আপনারা বিবেচনা করছেন ঠিক আছে। কিন্তু তার সঙ্গে বলি গ্রামে অজস্র ডাক্তার রয়েছে, অজস্র অবহেলিত ডিসপেন্সারি রয়েছে, চ্যারিটেবল ডিসপেন্সারি রয়েছে, তার পাশে আবার নূতন খোলার চেষ্টা করছেন, অথচ যেটা একজিস্টিং এ্যান্ড ডাইং সেটাকে কিছু সাহায্য দিলে সেটাকে একটা ইউনিট হিসাবে ব্যবহার করা যায়—এই আমার একটা প্রস্তাব ছিল।

স্থান বা এলাকায় ডাক্তারদের মবিলাইজ করা যায় কিনা (যেমন আপনাদের স্টেট ইন্সিওরেন্স স্কীমে আছে), এই একজিস্টিং ডিসপেন্সারীগুলো ক্লিনিকাল হিসাবে কিছু করা যায় কিনা,—অন্তত আনএমপ্লয়মেন্ট দূর হবে রিসোর্সেস বাড়বে। বিশেষ ক'রে প্রাচীন জমিদারদের প্রতিষ্ঠান —ছোট ছোট হাসপাতাল, দাতব্য চিকিৎসালয়, সেগুলি কেন আমাদের হেল্থ সেন্টারের মধ্যে আসতে পারবে না?

আমার দ্বিতীয় প্রস্তাব ছিল, আপনারা তাড়াতাড়ি এমপ্লয়মেন্ট করুন—ডিস্ট্রিক্ট লেভেলএ স্পেসাল সার্ভিসেস চেস্ট, সার্জিক্যাল, মেডিকেল অ্যান্ড মিডওয়াইফারী এগুলিতে যাতে আমরা কলিকাতার কনজেসান কিছু কমাতে পারি। আর একটা বিষয়ও আপনাদের প্রস্তাবে রয়েছে—ডেটার সম্বন্ধে আমার বক্তব্য মোবাইল মেডিকেল ইউনিট অর্থাৎ ডাক্তারকে ভিন্ন ভিন্ন জায়গায়

পৌঁছে দেওয়া যায় না, পেসেন্টকে কলিকাতায় আনার পূর্বে একটা ইউনিয়ন সেন্টারএ পৌঁছে দেবার পর সেখান থেকে রাষ্ট্রীয় দায়িত্ব এল অ্যাম্বুল্যান্সে ডিস্ট্রিক্ট বাই ডিস্ট্রিক্ট থেকে কলিকাতায় আনা। সেটা আপনাদের রয়েছে—কিন্তু আর একটু বাড়ানোর কথা বলছি। আরও কয়েকটা আগে ছিল, সেটা আপনাদের মধ্যে নাই। তাই সেগুলি ভাল ক'রে তুলে ধরবার চেষ্টা করছি। কলিকাতার আউটডোর্স যেগুলি আছে এর কনজেসসান কমান যায়—ডবল ডাক্তার, ডবল নার্স, ডবল মিনিয়ালস—একটা একটা বিল্ডিংএ লোককে ডবল সিফ্‌টএ কাজ করিয়ে, ডবল সার্ভিসেস দিয়ে। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন—হাঁ, আমি এ সম্বন্ধে ভাববো। মায় এক্স-রে ইউনিটএ পর্যন্ত যদি ডবল ডিউটিতে কাজ করান হয়—তাতে জানি কিছু ক্যাপিটাল এক্সপেন্ডিচার বাড়বে, এবং ম্যান-পাওয়ার বাড়ালে লোককে চাকরী দেওয়া যাবে এবং তাতে কাজ হবে। অনেক হাসপাতাল যেগুলোয় সার্জন আছে, রোগী আছে, তুলনায় তাদের অপারেসন থিয়েটার কম। অপারেসন থিয়েটারকে বড় করা চলে, যা আছে তার ডবল, ট্রেবল দরকার হ'লে এমারজেন্সি ছাড়াও। আর যে প্রস্তাবটা বারে বারে তুলেছি, পুরান হয়েছে অথচ পুনরায় বলতে হচ্ছে কেননা সেটা ভয়ংকর এফেকটিভ।

কলকাতা সহরে যদি আপনি মোস্ট এফেকটিভ মেডিকেল অর্গানিজেশন করতে চান, আইন দিয়ে করুন, সাবসিডি দিয়ে করুন, যত রকম বেডস যেখানে যে হাসপাতালে আছে তাদের এক সেন্ট্রাল কন্ট্রোলএ কেন নেবেন না? কেন একটা সেন্ট্রাল কন্ট্রোলিং স্টেশন হবে না? এক হাসপাতালে এসে পড়লে রিগ্রেট, নো বেড ভ্যাকান্ট কথাটা না বলে কেন আপনি কন্ট্রোল রিংএর বন্দোবস্ত করতে পারবেন না? কন্ট্রোল এই পেসেন্টকে তার নিজের ডিসপেন্সারি নিজের ডিসপোজালে যে এম্বুলেন্স থাকবে, তাই দিয়েই তাকে সাহায্য করবে। কলকাতা সহরের মতন এত বড় সহর যেখানে রাস্তায় লোক পড়ে থাকে, তাকে পাড়ার লোক হাসপাতালের দরজায় এনে দিলে সে শোনে—রিগ্রেট, ফাইন্ড সাম আদার হসপিটাল। এটা কি কোন সম্মান-জনক কথা? সেজন্য আপনি সেন্ট্রালিজেসন অব দি রিসোর্সেসটা আইন করে করুন। যদি কোন প্রতিষ্ঠান এই সেন্ট্রালিজেসনএর মধ্যে আসতে চাইবে না, তাহলে তাকে আইনের জোরে সকলের সমর্থনে আনতে পারবেন।

১নং গেল কন্ট্রোল স্টেসনএর কথা, সেখানে আওয়ারলি রেকর্ডিং অব বেডসএর পজিসন সব সময়ই থাকবে। আই থিংক দ্যাট ডাক্তার হয়ে তিনি বুঝতে পারছেন। অনারেবল সদস্যরা বুঝতে না পারলেও আমি বলছি যে বেডসএর পজিসনগুলি রেকর্ডেড থাকবে।

দ্বিতীয়ত, ৪।৫টী হাসপাতালের মধ্যে কনজেসসন বেড়ে গেছে। এ জিনিস কি হ'তে পারেনা যে, যে হাসপাতালগুলিকে নিয়েছেন সেখানে স্ট্যান্ডার্ডিজেসন অব ডায়েট করা যায় এবং ফ্রি ঔষধ দেওয়া যায়। আপনারা ভাবেন যে মানুষের কোন রোগ নেই। কিন্তু তাতো নয়, আসলে তাদের ঔষধ কেনবার পয়সা নাই। ফ্রি ঔষধ দেওয়া সব সোসালিস্ট দেশেই আছে। সেজন্য বলছি যে এটাকে যদি আমাদের দেশে করতে পারেন, তাহলে ভাল হয়। আমি আগেকার বলা প্রস্তাব আবার এখানে বলছি যে গঠনমূলক কাজে কোন অপমান নাই। আমি চেয়েছিলাম যে মেডিকেল মেন, নন-পার্টি ডক্টরস, নন-পার্টি পাবলিক মেন ইত্যাদি নিয়ে আপনারা একটা হেল্থ পলিসি ঠিক করুন। দেশে যে মানুষকে দিয়ে কাজ করাবেন, সেই হসপিটাল ওয়ার্কার্স, ডাক্তার, নার্সেস, মিনিয়ালস অ্যান্ড ক্লিনিক্যাল স্টাফ ইত্যাদির কি অসুবিধা আছে সেসব জানবার জন্য এদের ইউনিয়নের সঙ্গে আপনি যোগাযোগ করুন। হসপিটাল মিনিয়ালস অ্যান্ড হসপিটাল অফিসার্সদের সঙ্গে যোগাযোগ থাকলে কত ভাল কাজ চলতে পারে সেটা আমি অন্য জায়গায় দেখেছি। সেজন্য বলছি যে এটা একটা প্রস্তাব হিসেবে রাখুন এবং আমি আর একটি কমিশন চেয়েছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বোধ হয়, নিশ্চয়ই পেয়েছেন, হসপিটাল ওয়ার্কার্স ফেডারেশনএর দাবীর একটা কাগজ, তাদের একটা মেমোরেন্ডাম আপনার হাতে দেওয়া হয়েছে।

[4-10—4-20 p.m.]

আমার বক্তব্য শেষ করার আগে আমি দুইটি প্রশ্ন রাখছি। স্বাস্থ্যনিবাস সম্বন্ধে শুনেছিলাম, তার জন্য আপনাদের একটা বড় প্রোগ্রাম করা ছিল এবং তার জন্য কিছু কিছু জিনিসপত্র হাইজিন ইনস্টিটিউটএ পড়ে আছে, সে সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে ডেন্টাল কলেজ সম্পর্কে। সেখানে আমার জিজ্ঞাস্য হচ্ছে যে সেখানে কোন কমার্সিয়াল কনসার্নএর সঙ্গে সম্পর্ক রয়েছে কিনা? কারণ ডেন্টাল গুডস ম্যানুফ্যাকচারিং কনসার্ন ডেন্টাল কলেজের সঙ্গে রেখেছেন। তা যদি না হয়, তাহলে এই গ্র্যান্ট দুইটি একসঙ্গে রেখেছেন কেন? এটা এডুকেশন গ্র্যান্টএর সঙ্গে মিশে যাচ্ছে যার ফলে এডুকেশন উইল সাফার—এডুকেশন সাফার করবে।

আমার বক্তব্যের শেষকালে বলবো, এর আগের সেসনএ আমাদের বিরোধী দলের তরফ থেকে যেসব কথা বলা হয়েছে সেগুলির অনেক কথাই আপনাদের বক্তৃতার মধ্যে আছে এবং সেইজন্য নিশ্চয়ই আমি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এই প্রসঙ্গে বলতে চাই যে দেশকে যদি স্বাস্থ্যশালী ক'রে তুলতে চান, তাহলে আপনাদের দুইটি মনোভাব চাই। প্রথম হচ্ছে অন্য লোকের কথা আপনাদের শুনতে হবে, আপনারা ছাড়া আর কেউ কিছু বলতে পারবে না, এই মনোভাব ছাড়তে হবে। এবং দ্বিতীয় হচ্ছে অন্যের কথাগুলি শুনে যদি ভাল করে কাজ করেন তাহলে চিকিৎসা বিভাগে অনেক কিছু নূতন জিনিস করতে পারবেন। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Sj. Pabitra Mohan Roy:

মাননীয় স্পীকার মহাশয়—অতি অল্প সময়ের মধ্যে বলতে হবে। তাই আমি শুধু এই সহরের হাসপাতালগুলি সম্বন্ধে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি। এখানে সভ্য যারা রয়েছেন, তার বেশির ভাগ এবং বাইরের জনগণ আমার সঙ্গে একমত হবেন। হয়ত শুধু ডিরেক্টর অব হেলথ্ সার্ভিস ইত্যাদি ডিপার্টমেন্টের কয়েকজন স্বার্থান্বেষী সভ্য ছাড়া আর সবাই আমাদের সঙ্গে একমত হবেন যে আজ এই হাসপাতালগুলি যে অবস্থায় চলছে—এই অব্যবস্থার পিছনে যে নীতি—সেই নীতির জন্য দায়ী কে? আমরা নিশ্চয়ই একথা স্বীকার করবো—এই অব্যবস্থার জন্য দায়ী এই রোগক্লিষ্ট জনসাধারণ নয়—যারা মরতে চলেছে, যারা হাসপাতালে গিয়েছে, তারা এজন্য দায়ী নয়। আজকে এই হাসপাতালগুলির অব্যবস্থার জন্য সরকারের স্বাস্থ্য বিভাগ সম্পূর্ণভাবে দায়ী। সেই স্বাস্থ্য বিভাগ এই হাসপাতালগুলিকে অবহেলা করছে—তাদের নিজেদের কাজে এবং এই হাসপাতালগুলির দুর্গতি আজ সেইজন্য। আরও দুঃখের কথা—আজকে আমাদের প্রধান মন্ত্রী যিনি সারা বাংলার শুধু নয়, সারা ভারতের একজন বিশিষ্ট চিকিৎসক—তাঁরই চোখের সামনে এ জিনিস ঘটে যাচ্ছে। আমি এই হাসপাতাল সম্বন্ধে কয়েকটি ঘটনা থেকে এই কয়েক বৎসর আগের একটা ঘটনা আপনার সামনে রাখব। এটা কলকাতার একটা হাসপাতাল, সেখানে নানান রকম দুর্ঘটনা ঘটে এবং তার যেসমস্ত তহবিল তছরূপ পর্যন্ত ঘটেছিল তার একটা এনকোয়ারী কমিটি হয়েছিল—তাদের পরিচালন কমিটির কাছে এই ঘটনা এনে দেয় এবং আমাদের সরকারী মনোনীত সে কমিটিতে সভ্য ছিলেন। তারা সরকারের কাছে এই নিয়ে আলোচনা করেছিলেন কিনা। আমি একথা জানি—সেই সরকারী মনোনীত সভ্যদের ভিতরে ডাঃ রায়ের পুরাতন বিশেষ বন্ধু, ডিরেক্টর অব হেল্থ সার্ভিসেস-এর আত্মীয় এইসব কমিটিতে ছিলেন কিন্তু আজকে দুঃখের কথা, এই সমস্ত কমিটিতে যা কিছু হয়েছিল তা নিয়ে নিশ্চয়ই আমাদের স্বাস্থ্য মন্ত্রী বলতে পারবেন—তারপরে কিছু ঘটনা ঘটেছে কিনা। আজকে আমি বলব, এই সমস্ত কমিটিতে যখন সভ্য মনোনীত করা হয়, লোক পাঠান হয়, তখন যদি শুধু নিজেদের দলগত লোককে না পাঠিয়ে, নিজেদের পেটুয়া লোককে না পাঠিয়ে, তারা যদি বিরোধী পক্ষ থেকে লোক নিতে চেষ্টা করেন, অথবা জনসাধারণ থেকে যদি তারা ভাল লোক বেছে নেন তাহলে নিশ্চয়ই এই জিনিস হয় না। শুধু তাই নয়—আমরা এখানে চ্যালেঞ্জ করে বলতে পারি, আমাদের যদি তা দেওয়া হয়, আমরা আমাদের কর্মদক্ষতা দেখাবার চেষ্টা করব,

সরকারের কাছে এই প্রতিশ্রুতি দিতে পারি। এই প্রসঙ্গে হাসপাতালের আরও একটা জিনিস রাখছি, স্যার, সেটা হ'ল এই যে, হাসপাতালে যারা সেবার জন্য যায়, রোগের চিকিৎসার জন্য যায়, যে-কোন হাসপাতালেই তারা যাক না কেন, সেখানে মানুষে মানুষে রোগীতে রোগীতে ডিফারেন্স দেখান হয়। এই যেসমস্ত ডিফারেন্স দেখান হয় সেটা কেন হয়? আজকে এমন অনেক হাসপাতাল রয়েছে যেখানে অর্থের যথেষ্ট প্রাচুর্য্য রয়েছে, এবং অন্যান্য হাসপাতালে সাধারণ রোগীদের জন্য ঔষধ ও পথ্যের অভাবে রোগের চিকিৎসা করা সম্ভব হয় না। আজকে এইগুলি দেখাতে গিয়ে আমি আপনার সামনে কয়েকটা হাসপাতালে যে খরচ হয়, তার একটা মোটামুটি হিসাব রাখছি। তাহলেই বুঝতে পারবেন। এখানে মেডিকেল কলেজ হাসপাতালে ২ টাকা দৈনিক পথ্যে খরচ করা হয়। নীলরতন সরকার হসপিট্যাল—সেখানেও ২ টাকা খরচ করা হয়। সুখলাল কারনানি হসপিট্যাল—পি জি হসপিট্যাল—সেখানেও করা হয় ৩ টাকা। এই সবগুলি আমাদের সরকারী হাসপাতাল। এবং আমাদের সরকারী হাসপাতাল নয় কিন্তু এই হাসপাতাল-গুলি সরকারী সাহায্য পাচ্ছে—এই রকম ন্যাশনাল মেডিকেল কলেজ, মাত্র খরচ করছে ১।০। এবং তার চেয়ে আরও ভীতিজনক অবস্থা দেখি আর জি কর মেডিকেল কলেজএ—সেখানে ৸০।৸/০র বেশি তারা খরচ করতে পারে না। আপনার সামনে যে তথ্যগুলি রাখছি এই রকম আরও বহু তথ্য রাখা যায় কিন্তু সে সময় আমার নাই। কিন্তু এই তথ্যগুলি যা রাখছি, এইগুলি দ্বারা বলতে চাই যে, আমাদের নানান রকম তারতম্য করা হচ্ছে কেন? পি জি হসপিট্যালএ যাবে মন্ত্রী মহাশয়ের বড় বড় লোক, পেটুয়া লোক আর নীলরতন সরকার হসপিট্যাল আর আর জি কর হসপিট্যালএ যাবে আমাদের মত লোক, আমাদের আত্মীয়-স্বজন। এই কি তারতম্যের কারণ? আমরা জানি, এখানে মন্ত্রী মহাশয় বলবেন, সরকার বলবেন যে, অর্থের অভাবের জন্য এই সমস্ত করতে হচ্ছে। এইগুলি ভিত্তিহীন কথা। কারণ আমাদের যখন অর্থ নাই, তখন আমাদের দেশ থেকে যে অর্থ পাবার সম্ভাবনা রয়েছে, সেই অর্থ কেন সমানভাবে বেটে দেব না। আমি আপনার কাছে ভারতবর্ষ যখন স্বাধীন হ'ল, তখনকার একটা ঘটনা আজকে যদি উল্লেখ করি, তাহলেই আপনি বুঝতে পারবেন। ভারতবর্ষ স্বাধীন হয়েছে, বাংলা ভাগ হয়েছে সেই সময় পশ্চিম বাংলার সর্বপ্রথম মুখ্যমন্ত্রী ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ এই রকম একটা ঘটনার উপর তদন্ত কমিটি গঠন করেছিলেন। এই কমিটিতে তিনি একমাত্র সরকারের কতকগুলি লোককে রাখেন নি—তিনি বে-সরকারী ও বাংলাদেশের ও কলকাতা সহরের বিশিষ্ট চিকিৎসককে তার মধ্যে রেখেছিলেন, কিন্তু আজকে জিজ্ঞাসা করি আমাদের সরকারকে, সেই কমিটীর কি গতি হয়েছে; সেই কমিটি আজকে নেই কেন? সেই কমিটি কি আজকে অস্পৃশ্য? কারণ কি যে ডাঃ প্রফুল্ল ঘোষ সেই কমিটী করেছিলেন? আজকে এই যদি অবস্থা হয়, তাহলে আমাদের কাছে সহযোগিতার হাত যা মন্ত্রীমণ্ডলী বাড়াচ্ছেন, তা কি করে তারা পেতে পারেন! সত্যিই যদি তাঁরা সহযোগিতা আমাদের কাছে চান, তাহলে আমরা জানতে চাই, এইসব জিনিসগুলি কেন তাঁরা করেন! আজকে চিকিৎসা জগতে এই সমস্ত দলীয় মনোবৃত্তির বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ করব। বর্তমানে এই অব্যবস্থার অবসান ঘটাবার জন্য বাংলাদেশে যারা পত্রিকা পরিচালনা করছেন, সেই প্রেস থেকে, চিকিৎসক সমাজ থেকে, অল ইন্ডিয়া মেডিক্যেল অ্যাসোসিয়েশন থেকে, জনসাধারণের কাছ থেকে, গত বহুদিন যাবত এই রকমের জিনিষ বারংবার আমাদের কাছে এসে পৌঁছেছে। আমরাও এই নিয়ে যথেষ্ট আন্দোলন করেছি—এই হাসপাতালের অভ্যন্তরে কি হচ্ছে, এইগুলি নিয়ে একটা তদন্ত কমিটী গঠন করা হোক—এ জিনিস বহুবার বলা হয়েছে কিন্তু আমাদের দুর্ভাগ্যের বিষয়, সেই নিয়ে আন্দোলন যতই হোক না কেন, আমাদের ডিরেক্টর অব হেলথ সার্ভিসেস, এই নিয়ে আর কোনরকম মুভ করেন নি। আজকে তারা এই যে কিছু করছেন না, এই যে প্রেস এত করে লিখছে, তাতেও কিছু করছেন না তার কারণ কি? তার কারণ কি কোন দুর্বলতা, বা কোন ব্যক্তিবিশেষের দুর্বলতাকে তাঁরা চাপা দিতে চান? না, এর পিছনে তাদের অন্য কোন স্বার্থ আছে, সেইটাই আমরা জানতে চাই। স্বাস্থ্য বিভাগের বর্তমান অধিকর্তা—ডিরেক্টর অব হেলথ সার্ভিস—তিনি অতি চতুর লোক এবং তিনি খুব সুন্দরভাবে নিজের কাজের জন্য, জনসাধারণ ও সংবাদপত্রের অভিযোগ থাকা সত্ত্বেও তিনি নিজের অপূর্ব দক্ষতায় সব জিনিস চেপে যেতে পারেন সেটা আমরা জানি। কিন্তু গত ২ বৎসর পূর্বে আমার মনে আছে যখন সমস্ত কাগজওয়ালারা বাংলাদেশে এই নিয়ে আন্দোলন করলেন তারপরে তিনি কি করলেন?

[4-20—4-30 p.m.]

গত দু' বৎসর পূর্বে—আমার মনে আছে—যখন সমস্ত কাগজওয়ালারা বাংলাদেশে এই নিয়ে আন্দোলন করেছিল, তখন তাঁরা একটা কমিটী করেছিলেন। মাঝে মাঝে যখন আন্দোলন ওঠে, তখন তাঁরা কমিটী করেন এবং তারপর সেই কমিটীকে চেপে দেবার ব্যবস্থা করেন। কিন্তু তার ফল কি হ'ল? ফলে এর কোন রেজাল্ট হচ্ছে না। আজকে আমরা চাই এ বিষয় নিয়ে এমনভাবে একটা কমিটী গঠন করা হোক, দরকার হ'লে একটা জুডিসিয়াল কমিটি করা হোক, যে কমিটি এই সমস্ত বিষয় নিয়ে আলোচনা করবেন এবং সব কিছু বের করবার চেষ্টা করবেন। এই যে দুর্নীতি চলছে, হাসপাতালে স্বজন-পোষণ নীতি চলছে, এগুলিও তাঁরা বের করবার চেষ্টা করুন। সেজন্য আমরা সরকারের সহযোগিতা করতে প্রস্তুত আছি। আমাদের ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনও তাদের হাত বাড়িয়ে বসে আছেন। আমাদের সবরকম সাহায্য আমাদের হেলথ মিনিস্টার পেতে পারেন। কিন্তু আজকে এখানে কথা হোল এখানে দাঁড়িয়ে আমরা যে গরম গরম বক্তৃতা করছি তার কোন মূল্য সরকার দেবেন কি? তা নাহ'লে আমরা কার কাছে বলবো? আমাদের চিফ মিনিস্টার বিশিষ্ট ডাক্তার, তিনি এখানে নাই। যাহোক, আমাদের হেলথ মিনিস্টার আছেন। এই সমস্ত বিষয় বলা দরকার, আমাদের একথা জানাবার অধিকার নিশ্চয়ই আছে। স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে একথা বলে কোন অর্থ আছে কি? ডিরেক্টর অব হেলথ সার্ভিস স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের অর্ডার মুখ্যমন্ত্রীর কাছে গিয়ে কাটিয়ে নিয়ে আসলেন! এর চেয়ে লজ্জাজনক আর কি থাকতে পারে! তাহলেও বলতে হবেই। বাংলাদেশে একজনমাত্র মন্ত্রী আছেন, তিনি হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বি, সি, রায়। আর তাঁর আন্ডারে সবাই ডিগনিফায়েড ক্লার্কস। তাই যদি হয় তাহলে এর চেয়ে অধঃপতনের আর কিছু হয় না। আমি জানি, কাগজে দেখেছি, কয়েকদিন আগে ডিরেক্টর অব হেলথ সার্ভিসেস স্বাস্থ্যমন্ত্রীর অর্ডার কাটিয়ে নিয়ে এসেছেন মুখ্যমন্ত্রীর কাছ থেকে।

আর একটা কথা ভাবতে হবে যখন সবাই চাই এ্যাডমিনিস্ট্রেটিভ কস্ট কমাবার চেষ্টা করতে হবে। সেখানে ডিরেক্টর অব হেল্থ সার্ভিসেস খরচ বাড়ানোর চেষ্টা করছেন। সেখানে স্পেশাল অফিসার এ্যাপয়েন্ট করে এ্যাডমিনিস্ট্রেটিভ সাইডএর মোট খরচ বাড়াবার চেষ্টা করছেন। ভারতবর্ষের যখন সব ডিপার্টমেন্টএর খরচ কমাবার চেষ্টা করছেন, সেই সময় এখানে কেন এরকম হচ্ছে? বাজেট কেন ব্যালেন্সড হবে না? একমাত্র হ'তে পারে সেইভাবে, যেভাবে রোগীর পথ্য এবং ওষুধ বাবদ টাকা কেটে নিয়ে এসে এঁরা খরচ করছেন এবং তাদের পেটোয়া কতকগুলি লোকের জন্য চাকরির ব্যবস্থা করছেন। এ ছাড়া আর কিছু দেখতে পারছি না। বাংলাদেশের স্বাস্থ্য নিয়ে আমরা অনেক বড় বড় কথা বলতে পারি, কিন্তু আজকে কলকাতার যদি আমরা হিসেব নেই তাহলে আমরা কি দেখতে পাব? ১৯৫২ সালের এপ্রিল মাসের প্রথম সপ্তাহে হাজারকরা মৃত্যুসংখ্যা ছিল ১৩·১৮। আর আজকে পাঁচ বছর পরে সেই এপ্রিল মাসে মৃত্যু সংখ্যা দাঁড়িয়েছে ১৮·৭১। তাহলে বুঝতে পারেন আমরা এই পাঁচ বছরে কতটা স্বাস্থ্যের উন্নতি করেছি, আমাদের উন্নতি কোন্ দিকে যাচ্ছে? তা ছাড়া কলকাতায় বিভিন্ন রোগের মড়ক লেগেই আছে। কলেরা, বসন্ত থেকে আরম্ভ করে ইনফ্লুয়েঞ্জা পর্যন্ত সমস্ত প্রকার রোগের মড়ক চারিদিকে ছড়িয়ে আছে। বেশি দূর যাব না—ইউরোপে যেতে চাই না—এই বোম্বের দিকে যাই। সেখানে কলেরা নাই। অথচ কলকাতায় আমরা কিছু করে উঠতে পারি নাই। কলেরা সারাতে হ'লে এখানকার বস্তিগুলির উন্নতি করতে হবে, সেখানের জলের অভাব দূর করতে হবে। কিন্তু সে উপায় আমাদের নাই। অথচ কয়েক দিন আগে মেট্রোপলিটান ওয়াটার স্কীম নিয়ে একটা আলোচনা হয়ে গেছে। দুঃখের বিষয় আমার আরও অনেক কিছু বলবার থাকা সত্ত্বেও বলার সুযোগ নাই। এই কথাগুলো বলে আমি আমার কাট মোশান রাখছি।

Dr. Jnanendra Nath Majumdar: Mr. Speaker, Sir, this is the first time that I am addressing the House and as such I was not aware that the two subjects, Medical and Public Health, would be taken up together. I shall speak a few words about the budget in general and then I shall confine myself to Public Health.

Coming to the discussion of Public Health, as we go through the Budget, one wonders what a rigmarole this Budget is! One has to go through so many items that they simply puzzle one's mind. These items have been put, in such a way by speakers of the Congress side as to make the people believe as if our State Government, run by the ruling party, which has gone through welfare State and then passed through the socialistic pattern of society and ended in the phase of transition to socialism within the last 10 years has provided more money for public health than other previous years. I find my friend Shri Ananda Gopal Mukherji on the other side is very insistent on this. But a little calculation makes one thing clear, and that is this that the State Budget which is comprised of State revenues and also the developmental schemes which have been put forward to the Government of India through the Planning Commission takes only 25 per cent. of the recurring grant and 50 per cent. of the capital grant. This is what is being paid by the State. If you calculate the figures, you will find that it is not really 2.42 crores that is being taken by the State Government for Public Health. It is only 1.55 crores. I was one of the members of the Planning Commission and I know that as regards development plans only 43 per cent. was spent for the three years of the First Five-Year Plan so that the other portion may be spent or may not be spent and the Budget does not show what are the commitments of the State Government in this regard. Therefore you will come to this that we pay 7.06 crores to the Police and 1.55 crores for Public Health. Similar are the cases for the Education and Medical Budget also. This, in general, is the case with regard to the Budget and that is bound to happen. Because here the people on the opposite side do not know all the facts. They look to the numbers, to the figures as to what actually has been spent and not how much good has been brought to the people. As we find all the schemes are not inter-related with each other. Take for instance, Public Health scheme. One finds that there is no availability of trained personnel. You say there are 400 M.B.s and 7 D.P.H.s available every year. We spend same amount of money in the Public Health Budget as in the Medical Budget. Now what personnel can we get? During the period of the British the Government had made available at least some Sanitary Inspectors. Now this course has been shut down and even Sanitary Inspectors are not available. Insufficient trained personnel is one of the causes of the absence of planned programme in public health. What a travesty of fate for these people of West Bengal I must say that it is not a Government for the people, by the people and of the people. The expenditure in construction exceeds that of personnel. It is Government of the contractors, by the contractors and for the contractors. That is all I have got to say with regard to the general provisions of the Budget.

Now, Sir, we come to the next portion of the Public Health Budget. You will find that there is lack of proper use of the funds. We are spending 2.84 crores of rupees. In Pasteur Institute you will find that we are spending 100 thousands of rupees and in Bacteriological Laboratories we are spending 3.06 lakhs of rupees. How this small amount of money can bring any good I cannot understand, as these are institutions essentially necessary for expansion of preventive medical aspect. My time is short and I should like to draw the attention of the House to what the Chief Minister, the Leader of the House, has said, with regard to the Influenza epidemic. He pointed out the Influenza epidemic will be abating spontaneously. Sir, it is not so. Some measures ought to be taken to bring the epidemic under control. As regards loss of working hours about which he says so much, whenever there are strikes by workers fighting for their very existence, may I ask "Are not many national working hours being lost due to this epidemic?" So I say that something must be done to check

the spread of this disease. Sir, the Chief Minister has suggested that cinemas and other entertainment houses sohuld be closed, but that he does not want to close the cinemas, etc., because in that case there will be panic. The thing is that the people who are making money will in that case make noise not being able to make money and as such he does not want to close the cinemas, etc. You go to Madras, the cinemas are closed there, you go to Bombay, the cinemas are closed there.

[4-30—4-40 p.m.].

Sir, I will request my friends just to calculate as to how much national working hours have been lost during the last 15 days. And the Chief Minister is responsible for it. That is what we are doing if we believe in spontaneity. But, Sir, something must be done—something must be done by Government to justify their existence.

Then, Sir, I come to the question of research. Practically there is no scheme for research. We hear that the Government of West Bengal have appointed a Research Committee to recommend applications for research grants to Government of India. Recently the Committee invited some homeopathic practitioners to discuss certain research schemes (homeopathic) and those organisations had been invited who have already received the grants. There could be no question of recommendation in these cases. The Committee asked them as to in what way they would like to spend the amount and the Government have asked for recommendations from them whether they were eligible for it, but they did not understand anything of the schemes as there were no homeopathists in the Committee. Sir, we do not understand why Government are inviting people who have already received the grants. There is no question of recommendation any more. Sir, that is how committees are formed in our country, by the Government.

Sir, I now come to the question of statistics which has been described by one of the most famous philosophers as untruths, more untruths and qualified untruths, but as a student of science I understand the value of statistics also and therefore have steered a minor case in here. But, Sir, it is a dangerous thing in the hands of persons like Shri Nistaran Chakravarty who first graduated in Physics, then got the Engineering Tripos, then became an Inspector of Factories, then he became a specialist in Coke Ovens and lo and behold! one fine morning we find him as an expert in statistics. Sir, vital statistics, of morbidity and mortality are needed at the time of the outbreak of epidemics, like small-pox, cholera and other diseases. Sir, they are no longer epidemics in our country but they are endemics, they continue throughout the year. We have heard that epidemic vaccination squads are engaged at the time of epidemics but they cannot combat or stop the diseases in this way. In England, or France or in other European countries there are no longer any epidemic—it is not to be seen there. It was in England 250 years ago but by adopting and enforcing notification, isolation, quarantine, disinfection and lastly protection these epidemics have been controlled in these places. These things were enforced, and that is why in thirty years epidemic disappeared from the Soviet Union (in spite of what happened in Hungary, according to the opposite side members, in spite of the Khruschev report). I had been there and I have seen that there is no epidemic. But, Sir, this epidemic can be controlled. We have not done so far anything to control this. Sir, the British Government gave 600 beds and after 10 years of independence this so called socialist Government has been able to give us only 240 beds more. Sir, when epidemic of cholera was raging in Calcutta last year and the Beliaghata hospital was fully ready but it was not opened

for the suffering people, because the A. I. C. C. was holding its session and the A. I. C. C. members were staying there at that time. If that is not using Government money for party purposes I do not know what is. Now, Sir, that is how we are controlling the epidemic. But, Sir, it can be controlled. How can that be done by our Government? There are now only 1,200 beds which work out at one bed for 30,000 persons suffering from epidemic and no isolation is possible to be enforced by them.

Sir, the Epidemic Act was passed in 1897 by the British Government for the convenience of the military. Sir, we are only publishing the Epidemic Acts and we are observing it more by breaking them than by enforcing their provisions. By giving only vaccination or inoculation we cannot stop the epidemic diseases. Money has no doubt been spent for it but without any result.

Sir, we now come to the question of water-supply in the rural areas. I plead guilty to the charge made by Shri Ananda Gopal Mukherjee that we do not know our Bengal—rural Bengal. But, Sir, why we do not know Bengal, it is because most of us have to fight for our existence here—most of us have to fight from morning till night—that is the condition of our present society. That does not allow us to go out of the urban areas. I am ashamed that I do not know my Bengal. Sir, as I have already said I plead guilty to the charge. But, Sir, it is not my fault. It is the fault of the social system that we are in. Sir, I do not know much of rural water-supply and I think others will speak on this. But I may say a few words regarding the water-supply in Asansol, Kharagpur, etc. Sir, the per capita requirement of water in these areas is 10,000 gallons and we have only 1,000 gallons. I hear negotiations are going on with the Government, for years. Sir, mine is not a 'binita abedan', like Ananda Babu's, but we demand that the money spent should be well spent and profitably spent. Why should I say 'binita abedan'—which my friends opposite say. We all have come here as people's representative whose money is being spent. We shall have to put pressure on Government to do something and we demand that the Government will have to do it. We demand therefore that action be taken quickly to solve the water-supply problem. [At this stage Shri Anandagopal Mukherjee was trying to say something]..... Shri Ananda Gopal Mukherjee need not be impatient. I am pleased with his speech as he supports our contentions. Sir, the water-supply position in Kharagpur, Asansol, townships in the whole of Barrackpore subdivision, Kalna, Cooch Behar, everywhere the position is unsatisfactory. We hear that negotiations are going on—it is going on from 1943, 1947. Sir, everything was ready in Chandernagore but nothing happened because the Corporation is a leftist one here. Sir, the development scheme of national urban water-supply only remains in the paper of the Planning Commission. We hear that there is shortage of materials or non-availability of these materials. Sir, I do not know why materials are not available. Now, these materials are being manufactured in India. Therefore I do not understand why the things are not completed in Calcutta or other big cities.

Sir, next comes the question of rural water-supply. The Chief Minister says that 50 p.c. of the villages get water. I do not know whether there is any way of finding whether this is potable water or water which is bacteriologically pure. But, Sir, I am almost definite that there is no arrangement for finding out the potability of the water supplied. There is no proper drinking water. Whatever water there is the village people take and it does not matter whether as a result of this water the people die

or not. I am glad that a new Minister has taken the charge of Public Health and I hope that he would take quick action wherever possible and try to free himself from the clutches of the Directorate. In this connection I cannot but refer to the question of corruption which has permeated every sphere of society—whether in Government department or elsewhere. There is profit-motive everywhere. They work on profit-motive. That is all. Sir, Government has to justify its existence and therefore money has to be spent, projects completed but the test of a progressive Government is how much benefit comes to the majority of people by their action. Take for instance the D. V. C. It is our duty to see how far the people are getting the benefit from the D. V. C. which is an accomplished fact. Whom they are benefiting? They are charging 6 annas per unit from the rural people. The Calcutta Electric Supply Corporation are charging 4 annas and who are getting the benefit? The Tatas and the Calcutta Electric Supply Corporation get supply from D. V. C. at 1 anna per unit. Sir, why the village people will have to pay at such a rate?

Sir, there is corruption everywhere. Take the bore-hole latrines. I am told that the structures are not fabricated and as a result these latrines have become dirty and obnoxious.

Sir, about the drainage, I find that only 1.43 lakhs is to be spent for Calcutta fringe area. Sir, it is a joke. The whole of Calcutta fringe area has to be drained at a cost of Rs. 1.43 lakhs. Sir, it was better not to have spent anything at all. And who are suffering on account of this? The poorer sections of the people are suffering and not the richer sections because they can afford to build septic tanks. Sir, there are many water-logged areas and my electorate in Tiljala and Kasba is one of them. They are a source of great nuisance and trouble. Moreover there are some chemical laboratories which emit obnoxious things but still Government do not interfere in these matters. There is one such factory in Ultadanga Main Road, one in my area in Pump House Road, Tiljala.

With these words, Sir, I beg to move my cut motions.

[4-40—4-50 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: In spite of what we have heard from the friends opposite there cannot be any denial that hospitals have not played their parts for the long 10 years we have our own Government. In spite of the fact that Dr. Roy, the Chief Minister, is the first and foremost physician not only of West Bengal but of the whole of India the conditions in the hospitals are fast deteriorating and corruption is found rampant everywhere. Government themselves admit that the corruption is there. We are told that to check corruption the Enforcement Department has been entrusted with the work of sending people to the hospitals either as employees or as patients to find out who is stealing what, but so far they have not been able to detect any serious crime. A few cases which were put up before the Magistrates on the charge of taking away medicines from the hospitals have not been proved. Government is directing their attention not at the proper place. The corruption rests not at the bottom but at the top. It is at the top that we find what is happening. Whenever a demand was made to remedy a defect only the people at the bottom were either questioned or punished. The men holding higher posts, be he a Minister or an officer, were systematically spared. In the short time at my disposal I will place before you a very serious scandal that has occurred very recently. You all know that medicines and medical stores are purchased every year to the tune of more than 1 crore of rupees. There is a rule issued over the signature of the Governor. Under this rule there is

a Committee, called the Tender Selection Committee, and every purchas is to be made after tender and after approval of the same by Tender Selectio Committee. The Tender Selection Committee consists of the Minister in charge as the Chairman, the Director of Health Services as the Vice Chairman, and other officers, and its functions are opening of tenders examining the broad sheets, allotment of contracts, examination o samples, etc. Dr. Amulya Dhan Mukherji who has just retired, selecte and approved these medicines and medical requisites. There were mor than thousand items of medicines and larger items of medical equipments The tenders were invited in January; in March the sheets were prepared but they were not being placed before him since the Writers' Building were watching whether he would come successful or not. But ultimately it could not be delayed inasmuch as he was to continue in office up to 24t of April, 1957. Three meetings took place, on the 7th, 8th and 10th o April, presided over by Dr. Mukherji, and in the broad sheets he approved of the items that he thought best, with the approval of the Committee itself and put his remarks and initials. Immediately he went off the entire broad sheet or at least one-third of it has been changed. Contracts for medicines worth about 33 lakhs of rupees have been given to persons who could not be found in the approved lists of Dr. Mukherji or the Tender Committee. How was it done? I will ask the Minister to produce the broad sheet and from that broad sheet it would be evident that items have been interpolated. The man who originally put in his rate is there; that rate has been penned through and a reduced rate has been put to entitle him to get the contract. While doing that our Director of Health Services included in the list certain names of persons in whom our Chief Minister was very much interested. These are the firms which have been included subsequetly in the said list to get a formal approval from the Chief Minister himself. My information is that our Chief Minister has not gone through the entire list but after these alterations when the broad sheet was placed before him he only put his signature below the word 'seen'. He was satisfied when he came to know that contracts were given to the concerns in which he was interested. I will cite some of them. One is Chlorempheniçol Tablets—total purchases of this medicine would be a lakh of rupees. The Tender Committee had accepted the rates of a particular concern which was Rs. 4-4 per 12 capsules. The brand quoted by this concern was a German brand and was of a higher quality. This firm has started a factory in India and has been assured by the Government of India of all necessary protection. Dey's Medical had quoted a rate of Rs. 4-14. The Director asked the Dey's Medical to reduce their rate to Rs. 3-14 and has placed orders to them. Dey's Medical had quoted an Italian brand. It may be interesting to note that a similar Italian brand had been quoted by Bhoopee & Co. for Rs. 3 per 12 capsules. Saving of Government money, therefore, was not the consideration which motivated the erstwhile Director.

[4-50—5 p.m.]

Now, Sir, there is another matter to which I shall refer and that is in respect of Iso Nicotinic Acid Hydrazide. Here again, the rate of a particular firm was Rs. 8 which was accepted by the tender committee at Rs. 8 per 1,000 tablets. Dey's rate was Rs. 8-8-0 per 1,000 tablets. The Director got the Deys to reduce the rates to Rs. 7, got the sheet interpolated and placed order on Deys. That sheet contains the initial against every item of Dr. Mukherjee and unless Dr. Mukherjee contradicts me publicly, it has to be taken that what I am saying is true. Here again the purpose could never have been saving of Government money, because Rs. 7 was not the lowest rate and Messrs. Kemp & Co. had quoted a rate of Rs. 6. I can quote hundreds of such instances. Sir, our Chief Minister was

interested in Deys Medical Stores. It would be evident from certain facts. Our Chief Minister went to America. It is a common knowledge. He visited Pfizer Factory and that visit of his was displayed in the Calcutta Cinemas and who was found rubbing shoulders with Dr. Roy, one of the Directors of Deys Medical Stores. This Deys Medical Stores was given a licence for a particular medicine only for Government supply. But the supply was exaggerated—the quantity was exaggerated and he was given a licence with which Deys could sell such medicine not only in this province but also outside, and what did our Government do? Our Government knew that no anti-biotic factory was possible in India or West Bengal as the Government of India had already taken up a factory at Bombay which will ensure supply throughout India. In spite of that to patronise Deys a site was taken by our Government for a Pfizer factory here and ultimately when the Government of India refused permission, our Government had to pay a compensation of Rs. 45,000 to the owner of the land for not complying with the conditions of the agreement. Another fortunate firm is Messrs. Gluconate & Co. Its office is still in the residence of our Chief Minister, 135 Princep Street and the Managing Director is Mr. Halder, the younger brother of the other Mr. Halder of the Transport Department whose appointment had previously been discussed by me in this Assembly. Now a lot of contracts have been given to the Gluconate Company. It was refused by Dr. Mukherjee, as complaints came from eminent surgeons of Medical Colleges and Seth Suklal Karnani and other Hospitals and the tender Committee refused it. The Director has, however, ordered that its product must be purchased and order has already been placed on Gluconate in violation of the decisions of the tender committee. My question is—could the Chief Minister or any Minister go back upon the rule framed for the conduct of their own business? The rules as framed remaining in force—I would ask the present Minister—the State Minister—was he consulted when these changes were effected? When did he come to know of these things? Thereafter what has happened? Contracts for medicine worth about Rs. 33 lakhs have been given to persons whose names could not be found in the approved list of Dr. Mukherjee or the tender committee. This was a grave charge. Either the Government must say that what Dr. Mukherjee had done was wrong or what the Director had subsequently done, was wrong. There has been corruption at the top like this, as I have said. There has been a fight, Sir, all through. The medical men—they are civilians—and in the Secretariat you have put so many ex-military men. In the stores the Assistant Store-keeper is a military man. The gentlman who was in the Medical College as Secretary, is also a military man. He has been given the charge of going through and approving samples in the stores. If things evaporate from stores, it is no use, Sir, following people in the lower rank of the Cadre in the hospitals

[At this stage the red light was lit.]

There is another grave charge about the bed-sheets also but I have no time to say.

Sj. Narayan Chobey:

মাননীয় স্পীকার মহোদয়, আপনাদের সামনে আমার পূর্ববর্তী বক্তা বলে গেলেন কি রকম করে উপরে করাপশন হয়। আমি বলতে চাই হাসপাতালে রোগী নিয়ে কি রকমের রাজনীতি হয়, পলিটিকস হয় তার একটা প্রমাণ আমার কাছে আছে। খড়্গপুরে নির্বাচনের আগে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দু'বার সেখানে গিয়েছিলেন এবং শুধু যান নি, বক্তৃতাও দিয়েছিলেন। কিন্তু হঠাৎ খড়্গপুরের টাউন কংগ্রেস কমিটির সেক্রেটারীর কাছে বিধান বাবুর চিঠি গেল,

D. O. No. 110, dated 27th February, 1957.

তাতে তিনি জানালেন আপনাদের খড়্গপুরে ডিসপেন্সারী হবে, ইলেকশন খড়্গপুরের ৭ তারিখে, জ্ঞান সিং চিঠি দিলেন ২৬এ তারিখে আর বিধান বাবু, যিনি কৃষক মজুরের চিঠির উত্তর দেন না, তার উত্তর দিলেন ২৭এ তারিখে। খড়্গপুরের নির্বাচন সাত তারিখে তাই প্রচার করা হ'ল খড়্গপুরে একটা ডিসপেন্সারী হবে। তিনি লিখলেন জ্ঞান সিংকে এ খবর তুমি নিতে পার এবং লোককে বলতে পার। তারপর নির্বাচন হয়ে গেল। আমি জানি যে, মুখ্যমন্ত্রী মহাশয় বলেন আমি মাদারী নই, যাদুকর নই। কিন্তু স্যার, আমি দেখছি "মাদারীকা খেইল খতম, পয়সা হজম"। তারপর ইলেকশন হয়ে গেল সাত তারিখে তারপর কি হ'ল না হ'ল আর কোন খবরই জানি না। আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দেবেন। তিনি মাদারী নন, যাদুকর নন, তিনি ক্ষেমা দিন। খড়্গপুর হাসপাতালে কি করছেন তিনি খবর দেবেন, আমাদের খড়্গপুর one of the biggest industrial towns of West Bengal,

৮০ হাজার লোক সেই টাউনে বাস করে, আমাদের হাসপাতালে টেস্ট ক্লিনিক, ম্যাটারনিটি ইত্যাদি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল কিছুই করেন নি। একমাত্র তাদের কর্তব্য দেখি মজুররা যখন সেখানে স্ট্রাইক করে তখন কলকাতা থেকে দুর্মুজ পাঠিয়ে দেন তাদের দুর্মুজ করবার জন্য। আমাদের মন্ত্রী মহাশয়রা বলেন—তাদের সমর্থন করতে তাদের সঙ্গে সহযোগিতা করতে। স্যার, আমার কাছে একটা চিঠি আছে—দেড় বছর আগে একজন রিফিউজী, নাম তার হারাণচন্দ্র সেন দরখাস্ত করেছিলেন টি বি বেডের জন্য। আজ দেড় বছর বাদে তার উত্তর এল প্লেট ইত্যাদি নিয়ে নূতন করে দরখাস্ত করতে। কিন্তু স্যার, সেই রোগী ৩ মাস আগে স্বর্গে চলে গেছে, ২২।৩।৫৭ তারিখে মারা গিয়েছে; আর ১২ই জুন তাকে জানান হচ্ছে, এখন তোমার অবস্থা কেমন আছে জানাও। স্যার, আমি প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে জিজ্ঞাসা করি তিনি কি চান তাঁকে টু সেল্ড আওয়ার মেন টু হেভেন সাহায্য করি? তিনি কি চান যে রিফিউজী ভাইবোনদের বলি আপনারা স্বর্গে চলুন এবং তাতে সাহায্য করতে কংগ্রেসী ভাইদের সাথে আমরা কমিউনিস্টরা সাহায্য করি? আমি একথা বলি যে এরকম সহযোগিতা আমরা করতে পারব না, স্যার, তিনি ক্ষেমা দেবেন। স্যার, এরা হয়ত ব্যাপারটা বুঝতে পারেন না, এদের ছেলেপুলে মরলে বুঝতে পারবেন নইলে, বুঝতে পাচ্ছেন না।

[5—5-25 p.m.]

স্যার, আমাদের এখানে মেদিনীপুর থেকে ঝড়ুয়া ১৭ মাইল রাস্তা, যেটা আমাদের শ্রীমতী অঞ্জলি খাঁনের এলাকা, এখানে ৫ ইউনিয়নএ একটা হেল্থ সেন্টার নেই। কেন নেই? এখানকার অধিবাসীরা অত্যন্ত গরীব। এখানে হেল্থ সেন্টার করার জন্য যে টাকার দরকার তা তারা দিতে পারে না। জমি যা দরকার, তা হয়ত দিতে পারে। তাহলে, স্যার, এই কথাই কি হবে আমাদের সোসিয়েলিষ্টিক প্যাটার্নএ সোসিয়েলিজম হবে, যারা টাকা দিতে পারবে, সেখানেই হেল্থ সেন্টার হবে, আর যারা টাকা দিতে পারবে না, সেখানে হবে না? আমি আবেদন করব, আপনার মাধ্যমে এই সম্বন্ধে তারা যেন কিছু বিচার বিবেচনা করেন। আর একটা কথা বলতে চাই, আমাদের এতবড় টাউনএ একটিও হাসপাতাল নেই। হাসপাতালের মধ্যে এ, জি, হাসপাতাল ছিল, এজরাতে সেখান থেকে কেন জানি না এটা প্রেমবাজারে সরে গেল, স্যার, জঙ্গলের মধ্যে। সেখানে না প্রেম না বাজার কিছুই নেই। সেটা একটা জঙ্গল এবং হিজলী কো-অপারেটিভএর আন্ডারএ পড়ে। এই কো-অপারেটিভএর সঙ্গে আমাদের মাননীয় চিত্তবাবুর সঙ্গে যোগাযোগ আছে এবং তার সঙ্গে চুক্তিটুক্তি হয়েছে কিনা জানি না, কিন্তু, স্যার, দেখুন গিয়ে যেখানে হাসপাতালে লোক স্থান পায় না, সেখানে বেড ফাঁকা থাকে। কারণ জঙ্গলের মধ্যে কে যাবে, স্যার? মাত্র ৫০টি করে রোগী রোজ সেখানে যায়। ডাক্তারেরা বলছেন যে জঙ্গলে আমাদের নির্বাসন করা হয়েছে। আমরা জানতে চাই, কেন প্রেমবাজারে সেই হাসপাতাল উঠে গেল। সে সম্বন্ধে এনকোয়ারী করা হোক, কার চক্রান্তে গেল, সে সম্বন্ধে এনকোয়ারী করা হোক এবং আমরা বলতে চাই, দলীয় স্বার্থের উর্ধে থেকে কাজ করবার কথা যা এঁরা বলেন, সেটা অবান্তর। আর একটা কথা বলতে চাই যে, আনলাইসেন্সড ট্রেড ইন স্পেকটাকল্স, যা চারদিকে চলছে, আমাদের দেশে খাদ্যাভাবের জন্য, পুষ্টির অভাবের জন্য, চোখের অসুখ বেড়ে চলেছে, যার জন্য আপনারা জানেন এই আনলাইসেন্সড ট্রেড এই রকম চলছে। আমরা আশা করি, যে সমস্ত লোক এই ব্যবসা চালাচ্ছে, গভর্নমেন্ট তাদের চেক করার

জন্য চেষ্টা করবেন। আমার শেষ কথা, স্যার, আমরা বলতে চাই যে, আপনারা যদি আমাদের সহযোগিতা চান, তাহলে আপনারা আপনাদের নীতির পরিবর্তন করুন। তাহলে আমাদের সহযোগিতা পাবেন, এই কথাই বলব।

[At this stage the House was adjourned for 15 minutes].

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Dr. Pijus Kanti Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিকিৎসা ও জনস্বাস্থ্যের যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত হয়েছে, এই পথ যদি আমরা লক্ষ্য করি তাহলে এই কথা বুঝতে আমরা পারবো এই বাজেট কল্যাণকারী রাষ্ট্রের বাজেটে যে দৃষ্টিভঙ্গী হওয়া দরকার সে দিকে তার লক্ষ্য আছে। চিকিৎসা খাতে ১৯৫৬-৫৭ সালের তুলনায় এই বৎসর ব্যয় বরাদ্দ শতকরা ২২ ভাগ বৃদ্ধি পেয়েছে এবং জনস্বাস্থ্য খাতে বৃদ্ধির পরিমাণ শতকরা ৪০ ভাগ। পূর্বে আমাদের দেশের জনসাধারণ, শহর ছাড়া সুদূর পল্লীঅঞ্চলে যারা থাকতো, তারা চিকিৎসার কোন সুযোগ সুবিধা পেতো না। এবং শুধু চিকিৎসার সুযোগসুবিধা পেতো না, তাই নয়, চিকিৎসার যে প্রয়োজন আছে এ ধারণাও অনেক লোকের ছিল না। কিন্তু স্বাধীনতার পর যখন সে পরিকল্পনা গ্রহণ করা হয় তখন আমাদের সরকার চিকিৎসার সমস্যা সম্পূর্ণভাবে উপলব্ধি করে এবং উপলব্ধি করার পর সমস্ত গ্রামে ও সুদূর পল্লীঅঞ্চলে পর্যন্ত আধুনিক বিজ্ঞানসম্মতভাবে যাতে চিকিৎসার সুযোগসুবিধা পেঁাছে দেওয়া যায়, সেইজন্য সে পরিকল্পনা করে, তার আওতায় এসে সমস্ত গ্রামে না হলেও, বাংলাদেশের অধিক গ্রামে লক্ষ লক্ষ লোক এই সুযোগ পাচ্ছে। এই পরিকল্পনা অনুযায়ী গত প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২৮২টি হাসপাতাল হয়েছে এবং ২৮২টি হাসপাতাল যেমন হয়েছে, তেমনি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৩০টি হবে। তার মধ্যে ৩৭টি মহকুমায়; ৬৩টি থানায় এবং ২৩০টি ইউনিয়নএ হবে। এর দ্বারা আমাদের এলাকার বা আমাদের দেশের কল্যাণ হবে এবং চিকিৎসার সুযোগসুবিধা লোকে অনেক বিষয় পাবে। আমাদের দেশে সবচেয়ে বড় যে অভিশাপ ছিল, ম্যালেরিয়া, সেই ম্যালেরিয়া কন্ট্রোল করবার জন্য আমাদের যে পরিকল্পনা গ্রহণ করা হয় তার ফলে গ্রামে গ্রামে, ঘরে ঘরে ডি ডি টি ছড়ান হয়। এর ফলে ম্যালেরিয়ায় সহস্র সহস্র লোক প্রতি বৎসর প্রাণ দিতো, সেটা বন্ধ হয়েছে। এখন ম্যালেরিয়া প্রায় নেই। এর ফলে লোকের প্রাণ হানি যেমন বন্ধ হয়েছে, তার সঙ্গে সঙ্গে ম্যালেরিয়া রোগের দ্বারা লোকের যে রোগ প্রতিরোধ করার ক্ষমতা ছিল, সেই ক্ষমতা নষ্ট হয়ে গিয়েছিল এবং সেই ক্ষমতা ফিরে আসার ফলে আমাদের মৃত্যুর হার কমেছে। কিন্তু ম্যালেরিয়া যাবার সঙ্গে সঙ্গে যক্ষ্মা ব্যাধি দারুন আকারে আমাদের বাংলাদেশে দেখা দিয়েছে। বিশেষ করে, দেশ বিভাগের ফলে যে উদ্বাস্তু আমাদের এখানে এসেছে, তাদের খাদ্যাভাবের জন্য এই ব্যাধির প্রকোপ দেখতে পারছি। কিন্তু এসত্ত্বেও এত বড় একটা সমস্যার জন্য আমাদের সরকার নিশ্চেষ্ট হয়ে বসে নাই। তাঁরা নানারকমভাবে যক্ষ্মা রোগের প্রসার যাতে বন্ধ করা যায়, যক্ষ্মা রোগের চিকিৎসা যাতে করা যায়, তার জন্য চেষ্টা করছেন। বর্তমানে বাংলায় ২৮ শত বেড আছে, তার মধ্যে ১৮ শত বেড সরকারের পরিচালিত এবং বাকি ১ হাজার বেড সরকারের সাহায্য প্রাপ্ত প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত। এবং শুধু চিকিৎসা নয়, যাতে যক্ষ্মা রোগের প্রসার বাড়তে না পারে, সেজন্য বি সি জি টিকা ৮৪ লক্ষ লোককে পরীক্ষা করে ৩২ লক্ষ লোককে বি সি জি টিকা দেওয়া এবং বি সি জি টিকা ছাড়াও হাসপাতালে যেসমস্ত লোক এই রকম সাহায্য পাচ্ছে না বা পাওয়া সম্ভব নয়, এখন পর্যন্ত, এখন গৃহে গৃহে যাতে ঔষধ পায়, সেই সাহায্যের পরিকল্পনা আছে, কিন্তু এই সাহায্যের পরিকল্পনার সুযোগ প্রধানত কলিকাতাবাসীরাই পেয়ে থাকে। তাই আমার অনুরোধ সরকারের কাছে এই সুযোগ যাতে পল্লী-অঞ্চল পর্যন্ত পেঁাছায়, পল্লী-অঞ্চলের জনসাধারণ যাতে এই সুযোগসুবিধা সহজে পেতে পারে, তার জন্য চেষ্টা করা দরকার। এরপর, টি বি রোগী হাসপাতাল থেকে ছাড়া পাবার পর কিছুদিন পরে আবার নতুন করে রিলাপ্স করে মৃত্যু বরণ করে। এটা যদি বন্ধ করতে হয়, তাহলে পর টি বি রোগের পরে তাদের পুনর্গমনের জন্য তাদের

জন্য বিশেষ ব্যবস্থা করা দরকার। যদিও সরকারের পরিকল্পনা এ বিষয়ে আছে, কিন্তু এই পরিকল্পনা আরও দ্রুততরভাবে তৈরি করা দরকার, যাতে এই ধরণের লোকেরা সুযোগসুবিধা পায় বা আরও বেশি এই রোগ বিস্তার করার সুযোগ না পায়।

আমাদের দেশে মেন্টাল হসপিট্যালএর অভাব, যেজন্য রাঁচির উপর আমাদের নির্ভর করতে হয়। আমাদের শুধু বাইরেই নয়, জেলখানাতেও বহু মানসিক রোগগ্রস্ত লোক রয়ে গিয়েছে, যাদের স্থানাভাবের জন্য পাঠান হয় না। সুতরাং মেন্টাল হসপিট্যাল আমাদের হওয়া দরকার। যদিও ডাক্তারের সংখ্যা আমাদের দেশে কম নেই কিন্তু মিড-ওয়াইফ, ধাত্রী, দাই এবং নার্সদের সুযোগসুবিধা পল্লী-অঞ্চলে পায় না। এই সুযোগসুবিধা পল্লী-অঞ্চলের লোককে যদি দিতে হয়, তাহলে পর অবিলম্বে মোবাইল কোন কিছু করা যায় কিনা, সে বিষয়ে সরকারকে চিন্তা করার জন্য অনুরোধ করব, যাতে পল্লী-অঞ্চলের লোকরা এ সমস্যা সম্পর্কে সুযোগসুবিধা পায়। জনস্বাস্থ্য খাতে জল আমাদের একটা বড় সমস্যা। যদিও ৫ হাজারের উপর টিউব-ওয়েল গত বছর খনন করা হয়েছে, তবুও এই ব্যবস্থা আরও দ্রুততর হওয়া দরকার। অবশ্য এটা ঠিক অর্ধেকের উপর প্রায় শতকরা ৬০ ভাগ গ্রামে সরকার জলসরবরাহের যে ব্যবস্থা করেছেন, তা থেকে তারা উপকৃত হচ্ছে, কিন্তু এ ছাড়াও এটা আরও দ্রুত করা দরকার।

এইভাবে কল্যাণমূলক রাষ্ট্রে সরকারের চেষ্টার দ্বারা আমাদের মৃত্যুর সংখ্যা ১৮ থেকে ৮এ নেমে এসেছে, এবং শিশু মৃত্যুর সংখ্যা ১৩৬ থেকে নেমে এসে এখন দাঁড়িয়েছে ৭৯এ। সুতরাং এই অবস্থা যদি দ্রুততর হয় এবং সরকারকে আমরা আরও সহযোগিতা করতে পারি, তাহলে আমি আশা করি এটাকে আরও সফল করে তুলতে পারবো।

Dr. Brindaban Behari Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মেডিকেল ও পাবলিক হেল্থ খাতে যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন এবং তাঁর বিভাগের বহু পরিসংখ্যান আমাদের সামনে পরিবেশন করেছেন, তা দেখে আমি এই ধারণার বশবর্তী হচ্ছি যে, অতীতের স্বাস্থ্য বিভাগের ভূলত্রুটী সংশোধন করবার কোন প্রচেষ্টা এর মধ্যে নেই; বা পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ও চিকিৎসার যে সমস্ত অসুবিধা আছে, তা দূর করবার বা সেই সমস্ত সমস্যা সমাধান করবার কোন দূর-দৃষ্টি এর মধ্যে দেখতে পাওয়া যায় নি। তিনি অনেক কিছু বললেন, এবং হেল্থ সেন্টার সম্পর্কে একটা বিরাট পরিসংখ্যান দিলেন। দেখলাম তাঁর এই পরিসংখ্যানের মধ্যে ভূতপূর্ব স্বাস্থ্যমন্ত্রীর হাতে যথেষ্ট বাজেটের টাকা থাকা সত্ত্বেও এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনার টাকা থাকা সত্ত্বেও তিনি পশ্চিম বাংলার সমগ্র ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করতে পারেন নি; এবং স্বাস্থ্যকেন্দ্র স্থাপন না করার কারণ হচ্ছে, পশ্চিম বাংলার অধিকাংশই অনগ্রসর দরিদ্র পল্লীবাসীর উপর শর্ত আরোপ করা হয়; সেই শর্ত তারা পালন করতে পারে না। সেই জন্য হেল্থ সেন্টার স্থাপন করা সেখানে সম্ভবপর হয় না। অনগ্রসর এলাকার মানুষের অবস্থার উন্নতি করবার প্রচেষ্টা ব্যর্থ হয় সেই কারণে। আমি আশা করি বর্তমান স্বাস্থ্যমন্ত্রী এ বিষয়ে লক্ষ্য রাখবেন। পশ্চিম বাংলা অনগ্রসর এলাকা, দরিদ্র এলাকা, তাদের কাছে হেল্থ সেন্টার স্থাপন করবার যে যে শর্ত আরোপ করা হয়, সেই সকল শর্ত থেকে তারা যাতে মুক্তি পায়; এবং বিনা শর্তে সেখানে যাতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা যায় তার ব্যবস্থা করবেন। এইরূপ এলাকার মধ্যে, বিশেষ করে বাংলার বাইরে যে সমস্ত জায়গা পশ্চিমবঙ্গের সঙ্গে অন্তর্ভুক্ত হয়েছে, যেমন বর্ধমানের কাছে পুরুলিয়া, কিষাণগঞ্জ এলাকা, সেখানে বিনা শর্তে যাতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা যায়, সেদিকে দৃষ্টি দিন। আমি এখন সামান্য বিচার করে দেখবো পল্লীতে স্বাস্থ্যকেন্দ্র যেগুলি চালু আছে, তাদের অবস্থা কিরূপ। সাধারণত চারটি থেকে ১০টি বেডযুক্ত স্বাস্থ্য কেন্দ্রে যে ষ্টাফ, তার সংখ্যা অত্যন্ত অল্প এবং ঔষধও অতি অল্প। মাথাপিছু দু' আনা ওষুধ দেওয়া হয়, প্রতি প্রেসক্রিপশন অনুযায়ী। অথচ এখানে স্বাস্থ্যমন্ত্রী তাঁর বিভাগের এক লম্বা ফিরিস্তি দিলেন এবং বললেন এখানে বহু টাকা ব্যয় করা হয়। কিন্তু আসলে মাথাপিছু প্রেসক্রিপশন পিছু ওষুধের জন্য মূল্য মাত্র দু আনা দেওয়া হয়। এখানে কোন য়্যান্টি বায়োটিক ইনজেকশন দেওয়া হয় না। ইনজেকশনএর প্রয়োজন হলে, তা রোগীকে কিনে দিতে হয়,

নচেৎ তার চিকিৎসা হয় না। কঠিন রোগীকে থানা হাসপাতালে পাঠান হয়; কিন্তু সেখানকার অবস্থা অবস্থা আরও খারাপ। সেখানে মাত্র ২০ থেকে ২৫টা বেড থাকে, এবং ইনফেকসাস ডিজিজএর জন্য আলাদাভাবে কোন বেড রাখা হয় না। খুব খারাপ সিজনএ, একটা দুটা সেগরিগেট করে রাখা হয় মাত্র। কোন প্যাথলজিক্যাল ডিপার্টমেন্ট থানা হাসপাতালে নেই। যদি কোন ম্যালিগন্যান্ট কেসেস বা মেনিন্‌জাইটিস ব্যাধির জন্য ইমিডিয়েটলি রক্ত পরীক্ষা করা দরকার হয়, তাহলে তাকে তার পরের দিন হাওড়া হাসপাতালে বা সদর হাসপাতালে পাঠান হয়। ইতিমধ্যে রোগীর যা অবস্থা হয় তা, ডাক্তার মাত্রেই উপলব্ধি করতে পারবেন। থানা হাসপাতাল সম্পর্কে আরও কয়েকটি কথা বলার প্রয়োজন আছে। সাধারণত থানা হাসপাতালে মাত্র ২০টা করে বেড থাকে, এবং সেখানকার ষ্টাফএর সংখ্যা অত্যন্ত কম, ও কোন বিশেষজ্ঞ বিভাগ কিছু থাকে না। আই ক্লিনিক বা চেষ্ট ক্লিনিকএর কোন বিভাগ থাকে না। বিশেষ করে য়্যান্টি-নেট্যাল ডিপার্টমেন্ট, যা পল্লীর জন্য বিশেষ প্রয়োজন, তা থাকে না। শহর হাসপাতাল-গুলির আলাদা কথা। সাধারণত, পল্লী রোগীকে থানা হাসপাতাল থেকে শহরের হাসপাতালে পাঠাতে হয়। কিন্তু সেখানের আউট ডোর সিসটেম এত খারাপ, যে আউট ডোর ডিপার্টমেন্টএ সবসময়ই অত্যন্ত রোগীর ভীড় থাকে, ফলে পল্লী রোগীকে ফিরে যেতে হয়, সেখানে চিকিৎসার তারা কোন সুযোগ পায় না। সেইজন্য স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি অনুরোধ করি, আমার ভূতপূর্ব বক্তা ডাঃ নারায়ণ বাবু যেমন বলেছেন, কলকাতার হাসপাতালে রোগীর ভীড় কমাবার জন্য বৈকালেও আউট ডোর সিসটেমএ আউট ডোরএ রোগী দেখার ব্যবস্থা করা উচিত, এবং অতিরিক্ত ডাক্তার নিয়োগ করে আউট ডোরএর দুরবস্থা দূর করা প্রয়োজন। তেমনি আমার কংক্রিট সাজেসশন হচ্ছে, থানা হাসপাতালগুলিতে কয়েকটা বিশেষ বিভাগ খুলে অন্ততঃ সপ্তাহে একদিন কি দুদিন যাতে কাজ হতে পারে তার ব্যবস্থা করুন। আমার মতে সেখানে য়্যান্টি-ন্যাটাল ডিপার্টমেন্ট সপ্তাহে একদিন, কি দুদিন করা যেতে পারে। আই, ইয়ার, নোজ ডিপার্টমেন্ট সপ্তাহে একদিন, কি দুদিন করা, থানা হাসপাতালে সম্ভব হতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন বাংলাদেশে ইদানিং ৩ লক্ষ লেপ্রসী রোগী আছে, তাঁর হিসাব অনুযায়ী। কিন্তু তাদের জন্য ব্যয় বরাদ্দ মাত্র ৫০ হাজার টাকা ধরা হয়েছে। এই লেপ্রসী রোগ ঠেকাবার জন্য এই টাকা অত্যন্ত অল্প। এটা অতি মারাত্মক রোগ, পূর্বে বাংলাদেশে এর প্রাদুর্ভাব ছিল না; এই রোগ বাংলার বাইরে থেকে আমদানি করা। আমাদের অভিজ্ঞতা থেকে জানা আছে কলিকাতার শহরে, শিল্পাঞ্চলে, ধর্ম-স্থানে, গঙ্গা স্নানের ঘাটে, ফুটপাতে, পথে প্রায়ই আমরা দেখতে পাই লেপ্রসী রোগী দলে দলে বসে আছে, ভিক্ষাবৃত্তি অবলম্বন করে। এই রোগীগুলিকে যদি সরকারী টাকায় শহর থেকে দূরে সেগ্রিগেট করে রেখে চিকিৎসার ব্যবস্থা করা যায়, তাহলে আমার মনে হয় এই রোগের বিস্তার লাভে যথেষ্ট প্রিভেনশন নেওয়া হয়। আমাদের বর্তমান সরকারের একটা সমাজ সেবা বিভাগ আছে, তার পিছনে যথেষ্ট টাকা ব্যয় করা হয়। বর্তমানে এই সমাজ সেবা বিভাগকে যদি এই কাজে নিয়োগ করা হয়, তাহলে এ বিষয়ে যথেষ্ট কাজ হতে পারে। এ বিষয়ে ইন্ডিয়ান মেডিক্যাল য়্যাসোসিয়েশন এবং য়্যাডভাইসরি বোর্ড ও এই বিধান সভার অন্যান্য চিকিৎসকরা সরকারকে সাহায্য করতে পারেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইদানিং শহরের যে সমস্ত হাসপাতালে দুর্নীতি দেখা যাচ্ছে, সেই দুর্নীতি দূর করবার জন্য সরকারের তরফ থেকে যদি কোন প্রচেষ্টা দেখা যায়, তাহলে ইন্ডিয়ান মেডিক্যাল য়্যাসোসিয়েসন এ বিষয়ে যথেষ্ট সাহায্য করতে পারেন এবং বিধান সভায় যে সকল চিকিৎসকগণ আছেন তাঁরাও সাহায্য করতে পারেন। অর্থাৎ বিধান সভার মেম্বর, যাঁরা চিকিৎসক, তাঁরা ইন্ডিয়ান মেডিক্যাল য়্যাসোসিয়েসনএর সহযোগিতায় একটা য়্যাডভাইসরি বোর্ড করে, যেমন জেলখানায় নন-অফিসিয়াল ভিজিটররা আছেন, তেমনি এঁরা নন-অফিসিয়ালি ভিজিট করে, এই সমস্ত হাসপাতালের কাজে সাহায্য করতে পারেন।

[At this stage the red light was lit.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি আর দু-মিনিট সময়ের মধ্যে আমার বক্তব্য শেষ করবো।

আমি এখন হাওড়া জেনারেল হসপিটালএর কথা বলবো। যেহেতু আমি ঐ স্থানের প্রতিনিধি হয়ে এখানে এসেছি, কাজেই ঐ হাসপাতাল সম্বন্ধে কিছু বলা প্রয়োজন।

হাওড়া জেনারেল হসপিটাল একটা জনবহুল শহরের মধ্যে অবস্থিত; সেখানে ২ লক্ষ মজুরের বাস। তা ছাড়া সেখানে সমস্ত হাওড়া জেলায় ১৮ লক্ষ লোকের বাস রয়েছে। এই এতগুলি লোকের বাসের জায়গায়, সেখানে এই একটি মাত্র সরকারী হাসপাতাল। এবং এই সরকারী হাসপাতালের বিভিন্ন আউট ডোর ডিপার্টমেন্টে ডাক্তারদের অনরারী ডাক্তার হিসাবে রাখা হয়েছে। যেখানে সার্জিক্যাল ওয়ার্ডএ ১০৩টি বেড আছে, সেখানে হাউস সার্জন মাত্র একজন, অথচ প্রভিসান আছে দু জন হাউস সার্জনএর। অর্থাৎ একজন হাউস সার্জনকে দিয়েই সমস্ত কাজ করান হয়।

তারপর এক্সরে প্ল্যান্ট, বহু পূর্বে সেখানে একটা আনান হয়েছিল, এখনও পর্যন্ত সেই একটাতেই কোন রকমে কাজ চালান হচ্ছে। সেখানে কোন রেডিওলজিষ্ট স্পেশালিষ্ট নেই। এ সম্বন্ধে সামান্য একটু আধটু কাজ সেখানকার যিনি সিনিয়র হাউস সার্জন, তাঁকে দিয়েই করান হয়। হাওড়া জেলায় যে এমপ্লয়িজ এষ্টেট ইনসিউর‍্যান্স করা হয়েছে, তাতে প্রায় লক্ষাধিক লোক অন্তর্ভুক্ত। এই এষ্টেট ইনসিউর‍্যান্সএ, তাদের চিকিৎসার জন্য আছে ঐ একটি মাত্র হাসপাতাল এবং একটি মাত্র সার্জনএর উপর তাদের নির্ভর করতে হয়। তাছাড়া সেখানে কোন রাত্রে কোন প্যাথিওলজিষ্ট, কোন কম্পাউন্ডার, কোন ওষুধ বা বাইরের কোন য়্যানাসথিটিষ্ট পাওয়া যায় না। কলিকাতার নিকটবর্তী এই রকম একটা জনবহুল শহরে একটি মাত্র হাসপাতাল, যা বহু ত্রুটীপূর্ণ, তার দিকে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেওয়া একান্ত প্রয়োজন।

[5-35—5-45 p.m.]

Dr. Radhanath Chattoraj:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর বাজেটে অনেক বড় বড় সাফল্যের কথা আছে কিন্তু আমরা এই গত পাঁচ বৎসরে যা দেখছি তাতে পল্লী-অঞ্চলের যে এই বাজেটে কোন রকম কাজ হবে বলে মনে হয় না। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকারের ৬৫০টা স্বাস্থ্যকেন্দ্র খোলার কথা ছিল কিন্তু আজ পর্যন্ত ২৮২টা স্বাস্থ্যকেন্দ্র খোলা হয়েছে। এবং ৩০০টা মাতৃমঙ্গল খোলার কথা ছিল কিন্তু আজ পর্যন্ত মাত্র ১০০টা মাতৃমঙ্গল খোলা হয়েছে। এই দেখেই বুঝতে পারা যায়, তাদের কাজের গতি কি রকমভাবে চলছে। এখন এমন একটা আইনের প্যাচ রেখে দেওয়া হয়েছে যে, টাকা ও জায়গা না দিলে সেখানে স্বাস্থ্যকেন্দ্র খোলা হবে না। এই রকমভাবে এক হাতে দিয়ে আরেক হাতে কেড়ে নেওয়া হচ্ছে। এই রকমভাবে যদি চলে তাহলে পরে স্বাস্থ্যকেন্দ্র অনেক জায়গাতেই হবে না, যেসব জায়গা গরীব জায়গা সেসব জায়গায় কখনই হবার সম্ভাবনা নাই। সেইজন্য আমি আজকে বলব এই আইনটা তুলে নেওয়া হউক। এটা বাধ্যতামূলক সমস্ত জায়গাতেই প্রতি কেন্দ্রে, প্রতি ইউনিয়নে যদি সরকার এখনও সম্ভব কোরে না তুলতে পারেন, তাহলে অন্ততঃ পক্ষে দুটো কোরে ইউনিয়ন নিয়ে এক একটা কোরে স্বাস্থ্যকেন্দ্র করা খুবই সমীচীন। এবং স্থানীয় ডাক্তারদের সেইসব স্বাস্থ্য-কেন্দ্রের ভার দিয়ে সামান্য সামান্য অ্যালাউএন্স দিয়ে সেইসব কাজগুলি চালান। গ্রামের পর গ্রাম আমরা দেখছি কোন জায়গাতেই পাশ করা ডাক্তার নাই। সাধারণ মানুষের জীবন আজ হাতুড়ে ডাক্তারদের উপর নির্ভর করছে। যদি তাদের পরমায়ু থাকে তাহলে বাঁচে তা না হলে বাঁচে না। এই হল গ্রামাঞ্চলের অবস্থা। তাঁরা বলেছেন যে, আমরা মৃত্যুর হার কমিয়ে দিয়েছি, কিন্তু আমি জিজ্ঞাসা করি যে সেখানে আজকে জীবনমৃত অবস্থায় কত লোক আছে, তার কি কোন হিসেব তাঁরা রাখেন? আজকে সাধারণ মানুষ খেতে পড়তে পায় না, তারা লিভারএর ব্যারামে, পারুস্থলীর ব্যারামে, যক্ষ্মা রোগে বিবিধ প্রকার পুষ্টিহীনতা রোগে আজকে জীবনমৃত অবস্থায় দিন কাটাচ্ছে। এই সমস্ত সমস্যার সমাধান করতে হলে আমাদের খুব দ্রুত গতিতে এবং স্বল্পব্যয়ে যাতে আমাদের এই কাজ হয় তার ব্যবস্থা করতে হবে। প্রত্যেকটা থানা স্বাস্থ্যকেন্দ্রে কি দেখছি—সেখানে উপযুক্ত পরিমাণ ওষুধ পাওয়া যায় না, এমন কি সাপে কাটা

এবং কুকুরে কামড়ান ভ্যাক্সিন সেসব পর্যন্ত পাওয়া যায় না। কুকুরে কামড়ালে কলকাতা থেকে ওষুধ নিয়ে যেতে হয়, সেই ওষুধ যেতে যেতে আমরা দেখেছি অনেক সময় জলাতঙ্ক রোগে রুগী মারা যায়। সেইজন্য প্রত্যেকটা জেলা হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্রে সাপে কাটা এবং কুকুরে কামড়ান ওষুধ রাখা খুবই প্রয়োজন। এবং প্রত্যেকটা থানা স্বাস্যকেন্দ্রে ক্লিনিক্যাল ল্যাবরেটরী থাকা দরকার। রক্ত পরীক্ষা, বাহ্য পরীক্ষার কোন ব্যবস্থা নাই, অন্ধকারে চিকিৎসা করতে হয় পাড়াগাঁয়ে। আজকে যদি প্রত্যেক থানাতে বিশেষজ্ঞ ডাক্তার রাখা সম্ভব না হয়, তাহলে একটা ভ্রাম্যমাণ বিশেষজ্ঞ ডাক্তারের দল জেলায় জেলায় থাকা দরকার। কারণ কলকাতায় এসে বিশেষজ্ঞর কাছে মোটা ফি দিয়ে চিকিৎসা করা পল্লী অঞ্চলের লোকেদের সংখ্যা খুবই কম। সেইজন্য প্রত্যেক জেলায় একটা কোরে বিশেষজ্ঞ ডাক্তারের দল থাকা প্রয়োজন। আর কলকাতায় যদি কাউকে পাঠাতে হয়, তাহলে স্বাস্থ্যকেন্দ্র থেকে সরকারী খরচায় তাদের কলকাতার হাসপাতালে পাঠান উচিত। প্রত্যেকটি জেলায় উপযুক্ত অস্ত্রোপচারের সরঞ্জাম ও বিশেষজ্ঞ ডাক্তার থাকা প্রয়োজন। এবং দুই রকমের ডাক্তার নিয়োগ করা দরকার—প্রিভেন্টিভ এবং কিউরেটিভ—কলেজেও সেই রকম ব্যবস্থা করা দরকার। যখন আমাদের এখানে বেশি ডাক্তার দরকার, যেখানে বর্ধমানের মত জায়গায় একটা মেডিক্যাল কলেজ করা দরকার অথচ সেখানে মেডিক্যাল স্কুলটা তাও তুলে দেওয়া হয়েছে। সেখানকার মফঃস্বলের ছেলে খুব অল্প খরচে ডাক্তারী পড়তে পারত। সেইজন্য আজকে আমি অনুরোধ করছি, বর্ধমানে একটা মেডিক্যাল কলেজ অবিলম্বে করা হউক। আজকে পল্লীঅঞ্চলে ডাক্তাররা যেতে চান না, কারণ তারা সেখানে বিশেষ সুখসুবিধা পান না। গ্রামে রাস্তাঘাট দুর্গম এবং তারা মাহিনা কম পান এবং খাটুনীও বেশী। সেইজন্য পল্লী অঞ্চলের ডাক্তাররা যাতে বিশেষ করে ভাল সুবিধা পেতে পারে, সেই দিকে নজর রাখা সরকারের বিশেষ প্রয়োজন। জনসাধারণকে টিকা দেবার আবশ্যকীয় ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন। হাতুড়ে চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিশ না করতে দিয়ে স্বাস্থ্য-কেন্দ্রে তাদের কাজের ব্যবস্থা করা, সমস্ত রকম খাবারের দোকান জনস্বাস্থ্য বিভাগের বিশেষভাবে দৃষ্টি রাখা ও ভেজাল খাদ্য বন্ধ করা সর্বোপরি যাতে ভালভাবে মানুষ খেতে পায়, বিশুদ্ধ পানীয় পায়, স্বাস্থ্য সম্মতভাবে বাস করতে পারে, তার ব্যবস্থা করা। প্রত্যেক জেলায় অন্ততঃ একটা কোরে ভাল টি বি হসপিট্যাল, আজকাল টি বি রোগের যেরকম প্রাদুর্ভাব দেখা যাচ্ছে যে, প্রত্যেক ফ্যামিলি যদি ভাল করে পরীক্ষা করা যায়, তাহলে টি বি দেখতে পাওয়া যাবে। আজকে টি বি ব্যাপকভাবে বেড়ে যাচ্ছে। বিশেষ করে শিশুদের চিকিৎসা এবং বিশেষজ্ঞ প্রয়োজন। এবং এদের চিকিৎসা পল্লীঅঞ্চলে একদম হয় না বললেই চলে। সেইজন্য মেডিক্যাল কলেজএর ছাত্র যেমন ভর্তি হবে সেই রকম ছাত্রীর সংখ্যাও যাতে বাড়ে, সেইরকম করা দরকার। কারণ, আমাদের দেশে লেডী ডাক্তারএর খুব অভাব আছে। লেডী ডাক্তার থাকলে শিশু চিকিৎসা এবং স্ত্রীরোগে চিকিৎসা বেশ ভালভাবে হতে পরে। সেইজন্য যাতে মেডিক্যাল কলেজএ বেশী সংখ্যক ছাত্রী ভর্তি হতে পারে তার ব্যবস্থা করা দরকার।

Sj. Shyamapada Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি অনেক দিন ধরে দেখছি, পাড়াগাঁয়ের যা অবস্থা ছিল আজকে তার থেকে কতখানি পরিবর্তন হয়েছে। আমরা সেকালে পাড়াগাঁয়ে ডাক্তার বড় একটা দেখতাম না কোয়াক দিয়েই চিকিৎসা হত, এবং যে সমস্ত ডিসপেনসারী ছিল হয় কোন জমিদার তা দিয়েছিলেন, তাই কোনরকম করে চলত, অথবা ইউনিয়ন বোর্ড অথবা ডিস্ট্রিক্ট বোর্ডএর দুই একটা ছোটখাট ডিসপেনসারী ছিল। এখন সেই জায়গায় আমরা ক্রমশ দেখছি, গভর্নমেন্টের ব্যবস্থায় প্রতি ইউনিয়নএ একটা কোরে হেল্থ সেন্টার অরম্ভ হয়েছে এবং সে জায়গায় ডাক্তারও পাওয়া যাচ্ছে, যেটার অভাব পল্লীগ্রামের সবচাইতে বেশী ছিল। এই অবস্থায় আমাদের ২৮৩টি হেল্থ সেন্টার যেমন হয়েছে, তেমনি আরও অনেক কয়টির ব্যবস্থা হয়েছে, যাতে এই বৎসরই হয় তার ব্যবস্থা হচ্ছে। এবং আমার মনে হয় এই বছরই আরও ১০০টা হেল্থ সেন্টার হয়ে যাবে। তাহলেও আমি দেখছি যে, এই রেট হলে অনেক দিন লাগবে সমস্ত ইউনিয়নএ হেল্থ সেন্টার হতে। আমার মনে হয় এই ব্যবস্থা করা উচিত। তাছাড়া দেখা

যাচ্ছে আগে আমরা জানতাম চিকিৎসা ব্যবস্থার জন্য খালি কলকাতা ছুটতে হত, সেখানে যে সমস্ত হাসপাতাল ছিল, তাতেও সব সময় স্থান পাওয়া যেত না এবং এখনও সব সময়েতে পাওয়া যায় না। তার জন্য যে ব্যবস্থা সরকার থেকে করা হচ্ছে যে, সমস্ত জেলা হাসপাতালগুলি উন্নত করা এবং তার সঙ্গে মহকুমা হাসপাতালগুলি উন্নত করা সেটা আমি সর্বতোভাবে সমর্থন করছি। এবং যাতে তাড়াতাড়ি হয় তার জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি। আমি জেনে অত্যন্ত সুখী হলাম যে, এই বৎসরই কতকগুলি জেলা হাসপাতাল উন্নত করা হবে এবং মহকুমা হাসপাতালও সেই সঙ্গে উন্নত হবে। আমার পক্ষে সময় অল্পের জন্য সব কথা বলা সম্ভব হবে না, তবে একথা বুঝতে পারছি যে, হাসপাতালের যে স্থানের অকুলান হচ্ছে, তার কারণ হাসপাতালে লোকে চিকিৎসা পাচ্ছে।

[5-45—5-55 p.m.]

মানুষের মনে হাসপাতাল সম্পর্কে যে অবিশ্বাস আগে ছিল ক্রমে ক্রমে সেটা চলে যাচ্ছে এবং সেজন্যে তারা আরও হাসপাতালের দিকে এগিয়ে যাচ্ছে। আমি বলব প্রত্যেক ডিস্ট্রিক্ট হসপিট্যালএ যেরকম ভীড় হয় তা কমাতে গেলে আরও উন্নত করা দরকার হাসপাতালগুলিকে, আরও বেডের সংখ্যা যাতে বাড়ে সেইরকম দৃষ্টি দেওয়া দরকার। এছাড়া আরও কতকগুলি জিনিস আছে যেমন ম্যালেরিয়া। বাস্তবিকপক্ষে ম্যালেরিয়া যার জন্য অন্ততঃ আমাদের জেলা বিখ্যাত ছিল, তার আক্রমণ প্রশমিত হয়েছে। আমাদের জেলায় দেখেছি, ম্যালেরিয়া প্রায় নেই বললেই চলে। যে সমস্ত কর্মীরা ম্যালেরিয়া বিতাড়ন কাজ করছে তাদের কাজের প্রশংসা না করে পারা যায় না। এই সংগে আরও বলব যে, এই যে সব ছেলেরা কাজ করছে তারা কাজ করছে বটে, কিন্তু ছয় মাস কাজ করে, আর ছয় মাস তাদের বসে থাকতে হয়। তাদের জন্য যদি বিকল্প ব্যবস্থা করে তাদের সারা বৎসর কাজ করান যায়, তাতে তাদেরও সুবিধা হয়, গভর্নমেন্টের পক্ষেও সুবিধা হয়। আমি সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি অন্যান্য দিকের বেশী কথা বলার চাইতে এখন দেখছি, আমার জেলা সম্পর্কে যেগুলি প্রয়োজন আছে, সেগুলি বলা প্রয়োজন। সেদিক থেকে বলব যে, আমাদের ওখানে যে সদর হাসপাতাল আছে, তাতে যে বেডের সংখ্যা আছে তাতে এখনকার কালে কুলায় না, তাতে এমন ভীড় হয়, যাতে একটা রোগীকে ভর্তি করাতে গেলে বহুদিন অপেক্ষা করতে হয়। সেজন্য ওই হাসপাতালে আরও বেশী বেডের সংখ্যা বাড়ান প্রয়োজন। সেই সঙ্গে যে একটা মাতৃসদন আছে, সেখানেও এত লোকের ভীড়ে হচ্ছে যে, সেই জায়গায় সকলে স্থান পাচ্ছে না। সুতরাং সেখানে আরও যাতে বেড বাড়ে সেদিকে দৃষ্টি দেওয়া একান্ত দরকার। তার সংগে চেষ্ট ক্লিনিক একটাও আছে, কিন্তু সেখানে অনেক সময় রোগী থাকে, পরে যাতে কলকাতায় ভাল চিকিৎসার জন্য আসতে পারে, তার জন্য তাদের অপেক্ষা করতে হয়। সেজন্যে সেই জায়গায় আরও বেশী বেড বাড়ান দরকার, যাতে ছয় মাস সেখানে থেকে তারপর আস্তে আস্তে কলকাতায় আসতে পারে। আর এই সংগে আমি এই যে টিউব ওয়েল বসানর ব্যাপারে যে কন্ট্রিবিউশন চাওয়া হয় সে সম্পর্কে কিছু বলব। এই কন্ট্রিবিউশন সব সময় সব জায়গার পক্ষে দেওয়া সম্ভব নয়। অনেক গরীব গ্রাম আছে, যেখান থেকে কোন কন্ট্রিবিউশন পাওয়া যায় না। সেদিকে একটু দৃষ্টি রাখা প্রয়োজন। আমাদের জেলায় অন্ততঃ টিউব ওয়েল যা আছে, তা সব জায়গায়, সব সাবডিভিসনএ ঠিক বসান হয় নি। আর হেল্থ সেন্টার সম্পর্কে একটা কথা বলবার আছে। অনেক জায়গা থেকে ১৯৪৯, '৫০, '৫১ সালে টাকা এবং জমি দেওয়া হয়েছে, কিন্তু এ পর্যন্ত সেইসব জায়গায় হেল্থ সেন্টার গড়ে উঠে নি। আমার মনে হয়, সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। তা না হলে যে উৎসাহ নিয়ে লোক এগিয়ে এসেছিল, সেই উৎসাহ কমে যাবে; ভবিষ্যতে টাকা বা জমি সংগ্রহ করা মুস্কিল হবে। সেদিকে আমাদের গভর্নমেন্টের দৃষ্টি দেওয়া প্রয়োজন মনে করি।

Sj. Jamadar Hasda:

মাননীয় সভাপাল মহাশয়, দেশে খাদ্যের অভাব বটে, তাছাড়া জলের অভাবও বটে। আমাদের সরকার এই দশ বৎসরে গরীবদের জন্য ব্যবস্থা কিছুই করেন নি। ভদ্রলোক পাড়ায়

যদি বা দু একটা কল আছে, তাও সেখানে গিয়ে ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে থাকতে হয়। আদিবাসী ভাইয়েরা সবচেয়ে বেশী ঘা খাচ্ছে। তাইত আমি বলতে চাই, যত শীঘ্র সম্ভব সরকারের তরফ থেকে টিউব ওয়েলএর ব্যবস্থা বা জলের ব্যবস্থা হয়, সেই ব্যবস্থা করতে হবে বিনা খরচে, বিনা পয়সায় গরীবদের পাড়ায় যত শীঘ্র সম্ভব জলের ব্যবস্থা যাতে হয়, এই কথা আমার বলবার কথা।

Sj. Renupada Haldar:

মিষ্টার স্পীকার, স্যার, চিকিৎসা ও জনস্বাস্থ্যের উপর আলোচনায় গ্রামের সাধারণ মানুষেরা যেভাবে এ সম্পর্কে মনে করে এবং তারা যেটা বলে, আমি সেইটুকু তুলে ধরতে চাই। সরকারের পক্ষ থেকে বারবার বলা হয়ে থাকে যে, পশ্চিমবঙ্গে প্রতি ১,১৮৩ জনের জন্য একটি করে বেড, প্রতি ১,৫৩৫ জনের জন্য একজন করে ডাক্তার এবং প্রতি ৩,৫৯৮ জনের জন্য একজন করে নার্স আছে। ভোর কমিটির সুপারিশের কথা বলে সরকার বলতে শুরু করেছেন, পশ্চিমবাংলায় আর ডাক্তারের প্রয়োজন নেই। মাননীয় স্পীকার মহাশয়, জানেন এই হিসাব গড় হিসাব, আর গড় হিসাব কখনও প্রকৃত অবস্থা বর্ণনা করতে পারে না। প্রথমে চিকিৎসার কথা বলি। একথা অনস্বীকার্য যে, ভোর কমিটির সুপারিশ ছাড়িয়ে গিয়াছে, কিন্তু জিজ্ঞাসা করি প্রকৃত গড় কি। আমি যেখান থেকে এসেছি, জয়নগর থানা সেখানে মোট পাশ করা ডাক্তারের সংখ্যা ২০ জন। এরা প্রায় প্রত্যেকেই পাকা রাস্তার অর্থাৎ শহরের নিকটবর্তী জায়গায় থাকেন। দুই লক্ষ লোকের জন্য তিনজন এল এম এফ পাশ করা ডাক্তার আছেন। তাহা হইলে গড়টা কি হয়? পাড়াগাঁয়ে যাতে ডাক্তার গিয়ে চিকিৎসা করেন সরকার তার কি ব্যবস্থা করেছেন। শুধু উপদেশ দিলেত চলবে না। গ্রামীণ জীবনের বসবাসের অসুবিধা দূর করতে হবে, তা না করতে পারলে পাড়াগাঁয়ে চিকিৎসায় সুব্যবস্থা করতে পারবেন না। হাসপাতালের বেডের কথা বলি, জয়নগর থানায় একটা ইউনিয়ন হেল্থ সেন্টার আছে, তাহার বেড সংখ্যা দুইটি। একটা থানা হেল্থ সেন্টার তৈরি হচ্ছে, এখনও পর্যন্ত সেটা চালু করা হয় নি, আড়াই লক্ষ লোকের পক্ষে এই দুটো বেড কি যথেষ্ট? আজ সমস্ত দৃষ্টি মূলত শহরের দিকে দেওয়া হয়েছে। সরকারের হিসাব মতে মোট পশ্চিমবাংলায় লোক সংখ্যার সাতাত্তর ভাগ গ্রামবাসী, অথচ মোট বেডের শতকরা পঁয়ত্রিশ ভাগ পাড়াগাঁয়ের জন্য বরাদ্দ। পাড়াগাঁয় বলতে অবশ্য সাবডিভিসনাল শহরও বুঝায়। কলকাতার হাসপাতালে খুবই ভীড় হয়। যতদিন না পাড়াগাঁয়ে হাসপাতাল করা যায়, ততদিন কলকাতার হাসপাতালের চাপ কমবে না।

[5-55—6-5 p.m.]

সরকারের সেই দৃষ্টি কোথায়? সাবডিভিসনাল হাসপাতালগুলিকে উন্নত করা এবং সেখানে স্পেশালাইজড চিকিৎসার ব্যবস্থা করা নিতান্ত প্রয়োজন। পল্লীবাসীদের স্বাস্থ্য ভেঙ্গে পড়ছে, একথা না বলাই ভাল। সেখানে কোন দিন ক্ষয়কাশ ছিল না, আজকে সেখানে ক্ষয়কাশ ছেয়ে গিয়েছে। জয়নগর থানার একটা গ্রামের কথা বলছি। সেই গ্রামের ৫২ ঘর লোকের মধ্যে ২৫ ঘর লোক ক্ষয়রোগে ভুগছে। ক্ষয়কাশকে একটা সামাজিক ব্যাধি বলে মনে করি। এমন কি তাদের ভাল খাওয়া থাকার ব্যবস্থা যা প্রয়োজন সে সম্বন্ধে সরকার কোন ব্যবস্থা নেন নি। ছেড়ে দিলাম সেসব কথা। বি, সি, জি, টিকার ব্যবস্থা সম্বন্ধে সরকার তরফ থেকে অনেকবার বলা হয়েছে, কিন্তু এই সমস্ত পাড়াগাঁয়ে বি, সি, জি, টিকার কোন ব্যবস্থাই দেখি না আজ পর্যন্ত। সরকার পক্ষকে প্রায়ই বলতে শোনা যায়, কলেরা রোগ দেশ থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে। এ কোথাকার হিসাব আমি বলতে পারি না। তবে আমাদের এলেকার কথা বলতে পারি, প্রায় ১০০ জন করে বছরে ঐ রোগে মারা যায়। কিছু কিছু নলকূপ হয়েছে এটা অস্বীকার করি না। কিন্তু প্রয়োজনের তুলনায় এটা অত্যন্ত নগন্য। তা ছাড়া বিরাট অঞ্চলকে আনসাকসেসফুল এরিয়া বলে ঘোষণা করা হয়েছে। কোন এরিয়াই আনসাকসেসফুল নয়। সেই অঞ্চলে দরকার যা সেটা হচ্ছে নলকূপ গভীরে খুঁড়তে হবে। প্রত্যেক জায়গায় যদি গভীর নলকূপ বসান যায় তাহলে প্রত্যেক জায়গায় নলকূপ হতে পারে।

এটা আমি দেখেছি যে, অন্যান্য জায়গায় যেখানে আনসাকসেসফুল বলে ছেড়ে দেওয়া হয়েছিল সেখানে বেশী যদি পোতা যায়, তাতে ফল ভাল হবে। এরকম বহু নজির আছে। সুতরাং সরকারের কাছে আমার বক্তব্য দুস্থ অনগ্রসর সুন্দরবন অঞ্চলে দ্রুতগতিতে হাসপাতাল, হেল্থ সেন্টার যতদিন না হচ্ছে, ততদিন মোবাইল হেল্থ ইউনিট চালু করা হোক, এবং সাথে সাথে নলকূপের ব্যবস্থা করা হোক। যদি তা করা হয় তাহলে আমাদের সমস্ত এলেকাগুলিতে হেল্থএর দিকে সরকার দৃষ্টি দিয়েছেন, একথা মনে করবো।

Sj. Ras Behari Pal:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আজকে যে বাজেট উপস্থাপিত করেছেন, আমি সেই বাজেট সম্পর্কে কয়েকটি কথা বলবো। এই বাজেটে কতকগুলি নূতন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তার মধ্যে আমাদের দেশে বর্তমানে যে প্রধান সমস্যা—ব্যাপক যক্ষ্মা রোগের প্রসার হচ্ছে, সেটা দূর করবার জন্য তারা যে কতকগুলি পরিকল্পনা করেছেন, সেগুলি যাতে তাড়াতাড়ি হয়, আমি আপনার মাধ্যমে তার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। বি, সি, জি, টিকা কয়েক লক্ষ লোককে দেওয়া হয়েছে। পরীক্ষা করে এটা আরও বেশী পরিমাণ লোককে দেওয়া দরকার। সাথে সাথে বিশেষভাবে জেলা এবং মহকুমা শহরগুলিতে যাতে অবিলম্বে টি, বি, টেষ্ট ক্লিনিক স্থাপিত হয় এবং সেই সব টেষ্ট ক্লিনিকএর মাধ্যমে যাতে সেখানে দরিদ্র যক্ষ্মারোগীদের বিনামূল্যে ওষুধ দেওয়া হয়, সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। এবং এই যে টেষ্ট ক্লিনিকগুলি আছে, তাতে যে এক্সরে থাকে, সেটা যাতে মোবাইল করেন এবং বিভিন্ন স্থানে নিয়ে যাওয়া যায়, তার ব্যবস্থা করে সেখানে যেসব লোক খুব অল্পদিন পূর্বে আক্রান্ত হয়েছে তাদের পরীক্ষা করে চিকিৎসার ব্যবস্থা করা যায়, তাহলে যেখানে টি, বি, চিকিৎসার অভাব হচ্ছে, সে অভাব অনেকটা দূর হতে পারবে।

দ্বিতীয়ত, থানা এবং ইউনিয়নএ বর্তমানে যে পরিমাণ স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে, তাতে আমাদের অভাব দূরীভূত না হলেও পূর্ব পূর্ব বছর যে পরিমাণ স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে, তার চেয়ে অনেক বেশী চিকিৎসা এভাবে হতে পারবে। কিন্তু আমাদের জেলায় বিশেষভাবে কাঁথি মহকুমায় এই কয়েক বছরের মধ্যে যে সমস্ত সাহায্য স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার জন্য স্থানীয় লোকদের কাছ থেকে গ্রহণ করা হয়েছে, তাদের অনেক ক্ষেত্রে অত্যন্ত দুঃখের বিষয় কার্যকরী করা হয় নি। কাজেই আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কোন কোন স্থানে ৫।৭ বছর পূর্বে টাকা জমা দেওয়া হয়েছে স্বাস্থ্যকেন্দ্রের জন্য কিন্তু এখন পর্যন্ত সেখানে কোন স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হয় নি। এই স্বাস্থ্যকেন্দ্র হতে হয়ত সময় লাগবে, তার পূর্বে আমার মনে হয় জেলা বোর্ডের অন্যান্য যে সমস্ত দাতব্য চিকিৎসালয় আছে তাদের ভার দেওয়া উচিত, সেজন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তৃতীয়তঃ, পানীয় জলের সমস্যা বাংলাদেশের একটা বিশেষ সমস্যা, এই সমস্যা সমাধানের জন্য বহু ক্ষেত্রে নলকূপ এবং অন্যান্য ব্যবস্থা হয়েছে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একথা জানতে পেরেছি। কিন্তু এমন অনেক স্থান আছে, যেখানে খুব গভীর টিউব ওয়েল দরকার হয়, অথচ কোন প্রকার নলকূপ কুয়া পাতকুয়া হয় না। সেসব স্থানে অন্য প্রকারে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হয়। অথচ আমি দেখেছি সেইসব জায়গায় সংরক্ষিত পুষ্করিণী, রিজার্ভ ট্যাংকএর ব্যবস্থা করা যায়। সরকারী পরিকল্পনায় ইতিপূর্বে রিজার্ভ ট্যাংকএর কোন ব্যবস্থা হয় নি। যদি এসমস্ত সমস্যা সমাধানের জন্য রিজার্ভ ট্যাংকএর ব্যবস্থা না করা যায়, তাহলে অন্য প্রকারে পানীয় জলের ব্যবস্থা করা হবে। কাঁথি মহকুমায় কতকগুলি অঞ্চলে যেখানে গত কয়েক বছর ধরে চেষ্টা করা হয়েছে সেখানে গভীর এবং অগভীর কোন রকম টিউব ওয়েল করা সম্ভবপর হয় নি। আমি মেটারনিটি এবং চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার সম্বন্ধে বলতে গিয়ে.....

[At this stage the member having reached his time-limit resumed his seat.]

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশে যক্ষ্মারোগের বর্তমানে যে রকম প্রাদুর্ভাব, তাতে আমরা কোথায় আছি, তার একটা হিসাব আমি দিচ্ছি। আমাদের বাংলাদেশে মফঃস্বল অঞ্চলে ১,৮৬,৫৭০ জন, শিল্পাঞ্চলে ১৪৬,১২০ জন এবং কলকাতায় ১২৭,০০০ যক্ষ্মা-রোগী প্রতি বছর হয়। যেখানে মোট জনসংখ্যা আড়াই কোটি সেখানে বর্তমানে প্রায় পাঁচ লক্ষের উপর যক্ষ্মারোগী আছে। বেঙ্গল টিউবারকিউলসিস য়্যাসোসিয়েশন একটা অনুসন্ধান চালিয়েছিল ১৯৫৫ সালে। তাতে ১,৬৭৬টি কেস পরীক্ষা করা হয়েছিল। তাতে যক্ষ্মা-রোগীর বাসস্থান, সামাজিক, অর্থনৈতিক, শিক্ষার মান সম্পর্কে অনুসন্ধান চালান হয়েছিল। তাতে দেখা গিয়েছে শতকরা ৬১·৫ জন বস্তি এলাকায় বাস করে এবং তার মধ্যে আবার শতকরা ৮৪·৭ জন লোক অন্য সুস্থ লোকের সঙ্গে একই ঘরে বাস করে। এবং এর মধ্যে শতকরা ১৮ জনকে অন্য সুস্থ লোকের সঙ্গে একই বিছানায় শুতে হয় (২৯৩ জন)।

[6-5—6-15 p.m.]

আরও দেখা যায়, এর শতকরা ৬২·৫ জন সমাজের নীচের স্তরের, ৩৪·৫ জন নিম্ন মধ্যবিত্ত স্তরের, এবং ৩ জন মাত্র প্রকৃত মধ্যবিত্ত স্তরের। ৩৫৯ জন (অর্থাৎ শতকরা ২০·৪) ডাক্তারের পরামর্শ মত বিশ্রাম নিতে পারে। ১৯৭ জনকে (শতকরা ১১·৭) জীবিকা অর্জনের জন্য পুরা কাজ করতে হয়; ৮১২ জনকে (অর্থাৎ শতকরা ৪৮·৪) জীবিকা অর্জনের জন্য আংশিক কাজ করতে হয়। শতকরা ৭০ জনের বেশী লোকের পয়সা খরচ করে চিকিৎসা করার সামর্থ নেই, তাদের নিজেদের কাজ করতে হয় এবং মেয়েছেলেদেরকেও সংসারের কাজ করতে হয়। সুতরাং দেখা যাচ্ছে যে, যক্ষ্মারোগ গরীব লোকদের মধ্যেই বেশী, বিশেষত যারা বস্তি অঞ্চলে বাস করে। এখন কথা হচ্ছে, বাংলাদেশে যক্ষ্মারোগের সমস্যা সমাধান করতে এবং যক্ষ্মারোগ দূর করতে, আমাদের সরকার যেভাবে চেষ্টা করছেন ও যে পথে চলছেন, সেটা একেবারেই ভুল পথ এবং এর জন্য যে টাকা তারা খরচ করছেন, সেটা অপব্যয় ছাড়া আর কিছুই বলা যায় না, তাতে যক্ষ্মারোগ নিবারণ করা যাবে না। যক্ষ্মারোগ কিছুদিন আগে পর্যন্তও ভয়াবহ মনে হত কিন্তু বিজ্ঞানের উন্নতির সঙ্গে, যক্ষ্মারোগের সঙ্গে যুদ্ধ করার জন্য মারাত্মক অস্ত্র আবিষ্কৃত হয়েছে যেমন, স্ট্রেপটোমাইসিন, পি, এ, এস, আইসোনিয়াজিড। এবং সার্জারির উন্নতির সঙ্গে সঙ্গে ফুসফুসের উপর অস্ত্রোপচার সম্ভব হচ্ছে। সুতরাং ঠিক সময়ে যদি এই রোগ ধরা পড়ে এবং সঙ্গে সঙ্গে বিজ্ঞানসম্মত উপায়ে চিকিৎসা করা যায়, তবে এ রোগ ভাল হয়ে যায় এবং এই রোগীদের আমরা নিজেদের মধ্যে সুস্থ নাগরিক হিসাবে ফিরে পেতে পারি। কিন্তু বিজ্ঞান-সম্মত উপায় যদি অবলম্বিত না হয়, তাহলে এই রোগের দ্বারা আরও ১০ জন লোক সংক্রামিত হবে। অবশ্য, বিজ্ঞান-সম্মত পরিকল্পনা নিয়ে যদি আমরা যক্ষ্মার বিরুদ্ধে অভিযান চালাতে থাকি, তবে হয়ত তাতে ১০।১৫ বৎসর লাগবে, কিন্তু তাতে সত্যিকার ভাবে যক্ষ্মারোগ প্রতিহত হবে এবং তাতে সরকারের কিছু বেশী টাকা খরচ হলেও তা দেশের পক্ষে কল্যাণকর হবে। বাংলার ৫ লক্ষের উপর যক্ষ্মারোগীর জন্য মাত্র ২,৭৯৬টি বেড আছে। তার মধ্যে সরকারের বেড ১,২৭৫। কিন্তু এসব গরীব লোকেরা কদাচিৎ পায়। কেননা বেশীর ভাগ বেডের জন্যই টাকা দিতে হয়। সরকার কতকগুলি বেড বাড়াচ্ছেন বলে আত্মপ্রসাদ অনুভব করেন এবং অবৈজ্ঞানিক পদ্ধতিতে ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট অর্থাৎ গৃহ চিকিৎসার ব্যবস্থা করেছেন। এতে যক্ষ্মা সমস্যার সমাধান হবে না। বরং যেভাবে ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট চালাচ্ছেন, তাতে যক্ষ্মারোগ আরও বেশী বেড়ে যাচ্ছে এবং এই রোগ নিবারণের বদলে প্রসারই তারা বাড়াচ্ছেন। বর্তমানে সরকারের ৩টা ডোমিসিলিয়ারী ইউনিট, মেডিক্যাল কলেজএর সঙ্গে সংযুক্ত আছে, রিফিউজীর জন্য ২টা দিয়েছেন, কিন্তু তাতে উপকার ছাড়া অপকারই হচ্ছে বেশী। দুই বছরে তারা প্রায় ৭৮০।৮০০ জন যক্ষ্মারোগীর বাড়ীতে গিয়ে চিকিৎসা করেছে, কিন্তু এর মধ্যে অন্ততঃ শতকরা ৫০ জনের স্পুটাম পজিটিভ। অর্থাৎ, তাদের থুথুতে যক্ষ্মার বীজাণু। এইসব লোক বেশীর ভাগই বস্তি এলাকায় বাস করে যেখানে আইসোলেশনএর ব্যবস্থা নেই। অন্যান্য সুস্থ লোকের সঙ্গে তারা মিশছে এবং অন্যান্যদের মধ্যে এই ইনফেকশন ছড়াচ্ছে। ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন, যারা দুনিয়াব্যাপী এই

ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট রেকমেন্ড করেছেন। তার প্রথম কথা হচ্ছে—ইনফেকটিভ কেস অর্থাৎ স্পুটাম পজিটিভ কেসগুলোকে সুস্থলোকের কাছ থেকে আলাদা করতে হবে—আইসোলেশন। তারপর বিজ্ঞানসম্মত চিকিৎসা ও উপযুক্ত পথ্য। কিন্তু সরকারের ডোমিসিলিয়ারী ইউনিটগুলি, যাদের কাজে নামান হয়েছে, তারা ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশনএর নীতি, তাদের রেকমেন্ডেশনস অগ্রাহ্য করে চলেছে। তার ফলে তাদের সমস্ত স্কিমটাই ব্যর্থতায় পর্যবসিত হতে চলেছে। সুতরাং আমাদের নিবেদন যে এই ওয়ার্ড হেল্থ অর্গানাইজেশনএর যে রেকমেন্ডেশন, সেইরকমভাবে গভর্নমেন্ট পরিকল্পনা গ্রহণ করুন। ডোমিসিলিয়ারী চিকিৎসা সম্বন্ধে আমাদের সাজেসন এই যে কলিকাতা শহরকে ৯টি জোনে বিভক্ত করে প্রত্যেক এলাকায় একটি করে চেষ্ট ক্লিনিক স্থাপন করতে হবে। এখানে এক্সরে ও ল্যাবরেটারী থাকবে। রোগ ধরা পড়লেই এই ব্যবস্থা করতে হবে—সক্রিয় অবস্থায় স্পুটাম পজিটিভ হয়ে রোগীদের আইসোলেসন করতে হবে। হাসপাতাল না হলেও চলবে, সেই এলাকায় বিশিষ্ট নির্ধারিত জায়গায় তাদের রাখতে হবে। ২।৩ মাস চিকিৎসার পর স্পুটাম নেগেটিভ হয়ে গেলেই তাদের বাড়ী পাঠিয়ে, সেখানে গৃহ চিকিৎসা চালিয়ে যেতে হবে। স্পুটাম নেগেটিভ রোগীদেরকে বাড়ীতে রেখেই চিকিৎসা করতে হবে। কনট্যাক্ট কেসগুলিকে পরীক্ষা করতে হবে। মাস মিনিয়েচার এক্সরে করে যাদের রোগ ধরা পড়বে, তাদের জন্য যেভাবে বলা হল সেইভাবে ব্যবস্থা করতে হবে। (টিউবারকিউলিন) টেষ্ট করার পর যাদের দরকার তাদেরকে বি সি জি টিকা দিতে হবে। এই ব্যবস্থা প্রত্যেক ক্লিনিকেই থাকবে। জটিল রোগীদের যাদের অপারেশন করা দরকার তাদেরকে হাসপাতালে ভর্তি করতে হবে। গরীব রোগীদের খয়রাতি ওষুধ ও পথ্য দিতে হবে। বাড়ি বাড়ি গিয়ে, পরিবারগতভাবে যক্ষ্মা সংক্রমণের পরীক্ষা ও প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করতে হবে। চাকুরীজীবি রোগীদের চিকিৎসা চলাকালীন ছুটীর ব্যবস্থা হওয়া দরকার। ভাল হয়ে গেলে আবার কাজে ফিরে যেতে তাদের যেন কোন বেগ পেতে না হয়, এ বিষয় সরকারী নির্দেশ থাকা উচিত। অন্যান্য গরীব রোগী যারা ভাল হয়ে যাবে তাদের পুনর্বাসনে সরকারকে সাহায্য করতে হবে। পরিশেষে আমার বক্তব্য যক্ষ্মা রোগের চিকিৎসা ব্যাপারে গ্রামগুলি সম্পূর্ণ অবহেলিত। গ্রামাঞ্চলে এই ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট সম্প্রসারণ করতে হবে। মফঃস্বলের জন্য মনোযোগ না দিলে ব্যাপকভাবে সেখানে যক্ষ্মা রোগ ছড়াবে। সেখানে ডবলিউ এইচ ওএর রেকমেন্ডেশন অনুসারে ডোমিসিলিয়ারী ট্রিটমেন্টএর জন্য আইসোলেসনএর কোনই অসুবিধা হবে না, এ আশা অবশ্য করা যায়।

Mr. Speaker: Shri Nepal Ray will kindly speak. I hope you will have a peaceful time in any event.

Sj. Nepal Ray:

মিষ্টার স্পীকার, স্যার, মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আমি কয়েকটা বিষয়ে আকর্ষণ করতে চাই। আমাদের এই সাড়ে তিন ঘণ্টা ডিসকাসনএর মধ্যে কি বিরোধী দলের বন্ধুরা, কি আমাদের তরফের বন্ধুরা, কেউ সেটাকে তুলে ধরেন নি। এটা অত্যন্ত জরুরী ব্যাপার অর্থাৎ যে সমস্ত সেবক যারা হাসপাতালে রোগীদের সেবা শুশ্রূষা করেন, তারা কি বেতন পান, সে সম্বন্ধে কেউ কোন মন্তব্য করেন নি। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করতে চাই। যারা মিনিয়েল ষ্টাফ, সরকারী ডাক্তারখানায় কাজ করে, বে-সরকারী কথা বাদই দেওয়া যাক, সেখানে সর্দাররা, জমাদাররা তারা বেসিক পে পায়, আজকার দিনে মাত্র ২৫ টাকা থেকে ৩৫ টাকা। তারা টোটাল পায় ৬৩ টাকা। এই মাইনেতে আজকালকার দিনে কোনও মানুষের চলতে পারে না। মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আমি সেদিকে আকর্ষণ করছি। তাদের বেসিক পে হওয়া উচিত, ৪০ টাকা থেকে ৭৫ টাকা। তারপর ডিয়ারনেস স্যালাউয়্যান্স, এ ছাড়া মেথর, দাই বা বেয়ারা, ওয়ার্ড বয়, এদের মাইনে ২০ টাকা থেকে ২৫ টাকা। আপনি, স্যার, মাইনের দিকে তাকালে বুঝতে পারবেন যে এই মাইনেতে কোন মানুষ আজকালকার দিনে বাঁচতে পারে কিনা, সেটা আপনারা বিবেচনা করবেন। আমি তাই মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তাদের বেসিক পে ৪০ টাকা থেকে ৮০ টাকা হওয়া দরকার। স্যার, আর একটা কথা হচ্ছে, এদের কোন

ডিউটি আওয়ার্স বলে কোন কিছু নেই। বিরোধী দলের বন্ধুদের কাছ থেকে সব সময় শুনি যে ডিউটি আওয়ার্স তারা বেঁধে দিতে চান। এই নিম্নতম বেতনের কর্মচারীরা ১২ ঘণ্টা থেকে ১৪ ঘণ্টা অনেকে অনেক সময় কাজ করে, কিন্তু তার জন্য কোন এক্সট্রা য়্যালাউয়্যান্স এরা পায় না। মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আমি এদিকে আকর্ষণ করছি যে ৮ ঘণ্টার ওপর কোন কর্মচারী খাটতে না হয়। পৃথিবীর সমস্ত দেশে শনিবার অর্ধেক দিন, এবং রবিবার পুরোদিন ছুটির ব্যবস্থা আছে। কিন্তু এদের সেই রকম কোন ব্যবস্থা নেই। আমি মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি, যাতে শনিবার অর্ধ দিন ও রবিবার পুরো দিন এরা ছুটি পায়, কিন্তু যদি সেদিন কাজ করবার প্রয়োজন হয়, তাহলে ডবল মাইনে যাতে তারা পায়, সেটার ব্যবস্থা যেন হয়। টি বি য়্যালাউয়্যান্স অর্থাৎ যদি কোন মিনিয়্যালস কাজ করে টি বি ওয়ার্ডএ, তার জন্য মিনিয়্যালসরা কিন্তু এক্সট্রা য়্যালাউয়্যান্স পায় না। কিন্তু ডাক্তার বা অন্যান্য যারা বেশী বেতনের কাজ করে তারা সমস্ত য়্যালাউয়্যান্স ভোগ করে। তারা মল-মূত্র ইত্যাদি ঘাঁটে, তারা এক পয়সাও পায় না। তাদের দিকে নজর দেওয়া আপনাদের একান্ত প্রয়োজন। তারপর মেডিক্যাল কলেজএ মিনিয়্যালসদের একটা সুন্দর কোয়ার্টার হয়েছে, সেই কোয়ার্টারগুলিতে আমি নিজে গিয়েছিলাম, সেখানে দেখেছিলাম লাইটএর ব্যবস্থা—তার টানা হয়েছে—কিন্তু বাল্ব দেওয়া হয় নি।

[6-15—6-25 p.m.]

সেটার দিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে করে তাড়াতাড়ি লাইট দেবার ব্যবস্থা হয়। সাপ্লাই অফ ওয়াটার সেখানে অত্যন্ত কম মন্ত্রীমহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি, যাতে তারা মজুত জল সময় মত পেতে পারে এবং চান করে তাড়াতাড়ি সময় মত আসতে পারে, সেদিকে যেন তিনি দৃষ্টি দেন। তাদের চিপ রেটএ র‍্যাশন দেওয়ার ব্যবস্থা করা উচিত, কারণ তারা এত অল্প মাইনে পায়, যে বাজার থেকে র‍্যাশান কিনে খাওয়া তাদের পক্ষে অসম্ভব, এবং আমাদের খাদ্য মন্ত্রী যে এখানে নতুন র‍্যাশানএর ব্যবস্থা করেছেন, সেখানে এই চিপ রেটএ র‍্যাশান যাতে মেডিক্যাল কলেজএর মিনিয়্যালসদের মধ্যে চালু হয়, তার জন্য অবিলম্বে ব্যবস্থা করা উচিত। কারণ এখানে একটা প্রভিসান আছে যে, তিনি বস্তি ছাড়া দেবেন না। যদিও এটা একটা পাকা বাড়ি কিন্তু বস্তির চেয়েও এদের অবস্থা অধম। স্যার, মেডিক্যাল কলেজ এবং অন্যান্য জায়গায় নার্সদের অবস্থাও চরম। নার্সরা কিছু বলতে পারে না। প্রতি দিন ২ টাকা করে তাদের খাবারের জন্য কেটে নেওয়া হয়, কিন্তু তাদের তরফ থেকে কি খাবার দেওয়া হচ্ছে বা না হচ্ছে, সে বিষয় ম্যানেজমেন্টএর কাছে বলবার তাদের তরফ থেকে কেউ নেই। আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাদের তরফ থেকে দু-একজন রিপ্রেজেনটেটিভ ঐ ম্যানেজমেন্টএর মধ্যে থাকতে পারে।

আর একটা কথা, স্যার, আপনি কাগজে দেখেছেন, সবাই দেখেছেন, কেউ অস্বীকার করতে পারবে না, যে বিভিন্ন হাসপাতাল করাপশানএ ভর্তি। এটা অস্বীকার করার কিছু নেই; এটা সর্বজনবিদিত। প্রত্যেকেই জানেন হাসপাতালে কিভাবে ওষুধ চুরি, দুধ চুরি, মাছ, মাংস চুরি থেকে আরম্ভ করে কিনা হয়, কিন্তু সেটা কারা করে, সেটা আমাদের প্রত্যক্ষ করবার বিষয়। পৃথিবীর সব থেকে সম্মানজনক প্রফেসান হচ্ছে, ডাক্তারী এবং ডাক্তাররাই হচ্ছে পৃথিবীর মধ্যে সব থেকে সম্মানিত ব্যক্তি। কিন্তু তারাই আজ এই সমস্ত চুরীর মধ্যে সংশ্লিষ্ট রয়েছে, এটা অত্যন্ত দুঃখের ও লজ্জার কথা এবং আমার বিরোধী দলের বন্ধুরা নিশ্চয়ই অস্বীকার করবেন না, সেই ডাক্তারদের ইউনিয়নের কর্তা হচ্ছেন তাঁরা, তারাই সেই ইউনিয়ন চালাচ্ছেন, তারা কখনও ডাক্তারদের এই কথা বলছেন না, যে তোমরা এইগুলো বন্ধ করো। তাদের উচিত, আজকে এ ইউনিয়নগুলি শুধু দাবী আদায় করবো, শুধু সরকারের কাছ থেকে টাকা ছিনিয়ে নেবো, এই নিয়ে তো শুধু ইউনিয়ন করা চলবে না। যে সমস্ত রোগীদের আজ সেবা করা প্রয়োজন, রোগীরা যারা যাচ্ছে হাসপাতালে স্যার, আমি একটা ইনসট্যান্স দিচ্ছি যে, একটি হাসপাতাল আমার এলাকায় আর' জি 'কর হাসপাতাল, সেখানে বিরোধী দলের একজন সভ্য ভাইস প্রিনসিপ্যাল, তিনি এখন এখানে উপস্থিত নেই, সেই জন্য আমি বিশেষ নাড়াচাড়া দিলাম না, আমি শুধু এইটুকু বলছি যে,

তিনি ভাইস প্রিনসিপ্যাল থাকা সত্ত্বেও কি হচ্ছে দেখুন। এখানে অনেক লম্বাচওড়া কথা আমরা শুনি, সেই হাসপাতালে রোগী গেলে আর ফিরে আসে না, সেটা স্যার, একটা যমদূতের আড্ডাখানা। সেখানে যে কোন রোগী যান, বড় বড় লম্বা চওড়া ২৫ টাকা, ৩০ টাকা দামের প্রেসক্রিপসন ডাক্তাররা নিয়ে আসবেন, আর সেই ওষুধ পাশেই একটি দোকান আছে, সেই দোকানে বিক্রি হয়। কিন্তু সেই ওষুধ, সেই রোগীকে দেওয়া হয় না। এই হচ্ছে আমাদের বিরোধী দলের বন্ধুদের ইউনিয়নের স্বরূপ। যদি কিছু সেখানে বলতে যান, তাহলে সেখানে 'ইনক্লাব জিন্দাবাদ' শুরু হয়ে যাবে।

[At this stage the blue light was lit.]

স্যার, আমাকে আর দু মিনিট সময় দেবেন।

Mr. Speaker: Mr. Ray, you go on till I ask you to stop.

Sj. Nepal Ray: Thank you Sir,

মেডিক্যাল কলেজের ঠিক সেই একই অবস্থা। সেখানে ওষুধ, যন্ত্রপাতি চুরি হয়। আপনি জানেন কিছুদিন আগে মন্ত্রীমহাশয়, তিনি গিয়ে দুধ চুরি ধরেছিলেন। এটা একটা টোকেন, একটা স্যাম্পল দেওয়া হয়েছে। এই রকম সমস্ত হাসপাতালের একই অবস্থা সেখানে দুধ, মাছ, মাংস, ডিম, ওষুধ সমস্ত কিছু চুরি হয়। এই চুরির কোন হদিস হচ্ছে না। অথচ দেখা যাচ্ছে যে, যদি কেউ কিছু বলতে যায়, তখনি ষ্ট্রাইকএর হুমকী দেওয়া হয়। অমনি হাসপাতাল যারা চালাচ্ছেন, তাদের মারতে আসা হয়। এমন কি স্যার, আমি একটা ফটো দেখেছি, কোন একটা মেডিক্যাল কলেজের সেক্রেটারীর সামনে জুতা ধরে রয়েছে। কি লজ্জার কথা বলুন দিকিনি? একজন রেস্পনসিবল অফিসার, তিনি প্রতিবাদ করে ছিলেন এই তাঁর অপরাধ। কারণ ডাক্তারদের এই সমস্ত নষ্টামীর তিনি প্রতিবাদ করেছিলেন। তাই স্যার, আপনার মাধ্যমে বন্ধুদেব বলছি, ডাক্তাররা আজকে হিউম্যানিটারিয়ান সার্ভিস করছেন, আমাদের মত সাধারণ মানুষ নন; তাঁরা সাধারণ মানুষের চেয়েও উচ্চ স্তরের লোক। তাঁদের অন্ততঃ এটা বোঝা উচিত যে, স্বাধীন দেশের ডাক্তার হয়ে মানুষের সেবার জন্য যখন তাঁরা এগিয়ে এসেছে, সেখানে ঐ রকম নোংরামী যেন তাঁরা না করেন।

[At this stage the red light was lit.]

হাফ এ মিনিট স্যার। আমাদেব দেশে কলকাতা শহরে রাস্তায় পড়ে থাকা বহু রোগী আপনারা দেখবেন। তাদের জন্য কোন ব্যবস্থা হয় না। কালীঘাটে একজন মিশনারী মহিলা 'শান্তি নিবাস', না 'মৃত্যু নিবাস' কি একটা করেছেন, সেখানে রোগী নিয়ে যাওয়া হয়; আমিও বহু রোগী মাঝে মাঝে পাঠিয়েছি, কিন্তু সেখান থেকে রোগী আর ফেরৎ আসে না। কিন্তু সেখান থেকে যাতে তারা ফেরৎ আসে, এবং আর সময় মত যদি নিয়ে আসা যায়, তাহলে অনেক রোগীকে বাঁচান যায়।

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা বলতে চাই। অনেক মন্ত্রীদের বাজেট বরাদ্দ পাশ করার সাথে সাথে অনেক ভাই অনেক কথা এখানে বলেছেন। আমি এইটুকু বলতে চাই যে মাননীয় সদস্য যিনি আমার আগে বললেন, সেই মাননীয় সদস্য যেভাবে আক্রমণ করে বললেন তাতে গ্রামের একটা ভাষায় তাকে জবাব দেওয়া যায়। তার মানে —চালুনী বলে সূচকে তোর পেছনে কেন ছাঁদা।

হাসপাতালে ওষুধ পথ্য নষ্ট হচ্ছে, চুরি হচ্ছে, আমরা জানি। আমরা তার সংশোধন করবার চেষ্টা করি, তার বিরুদ্ধে লড়ি। এটা নিশ্চয়ই সকলে জানেন। কিন্তু প্রশ্ন হচ্ছে ডাক্তার ও ঐ সামান্যতম সেই সমস্ত বিষয় বড করে তুলে ধরা হচ্ছে। আসলে প্রশ্ন হচ্ছে সেই ডাক্তারদের, কর্মচারীদের যোগ্য মাইনে, তাদের খাওয়া পরার উপযুক্ত ব্যবস্থা, যেটা করা দরকার, তার কি হলো? সেই সম্পর্কে কি ব্যবস্থা আপনারা নিয়েছেন? সেই রোগীদের যথোপযুক্ত পরিচর্যা

করবার কি ব্যবস্থা হলো? এ শুধু নয়, এ হলো প্রথম প্রশ্ন। দ্বিতীয় কোয়েশ্চেন হলো—এখানে আমার এক কথায় বলতে হয় যে বর্তমান বাংলাদেশের গভর্নমেন্ট, তারা মৃত্যুর ব্যবসায় খুলেছেন, ব্যবসায় গ্রামে, ব্যবসায় সহরে, ব্যবসায় সর্বত্র। এবং তার মূল কথা হচ্ছে আমাদের স্বাস্থ্য বিভাগে যত টাকাই বরাদ্দ হোক না কেন, আসলে ভেজাল খাদ্য, ভেজাল ওষুধ, স্পুরিয়াস ড্রাগস দ্বারা জীবনীশক্তি ও চিকিৎসার সামান্যতম ব্যবস্থার পথ রোধ করে দেওয়া হচ্ছে। যেখানে যে টাকা বরাদ্দ করে দেওয়া হচ্ছে, সেই বরাদ্দ না করে আজকে যদি ভেজাল ধরবার জন্য মন্ত্রীরা চেষ্টা করেন, তাহলে তারা দেশের অনেক উপকার করতে পারবেন। আমরা জানি তাঁরা সে চেষ্টা করবেন না। কারণ ঐ ভেজালকারী যারা, তারা কোটিপতি, ঐ ভেজালকারী যারা, তারা মুনাফাখোর এবং তদের সঙ্গে অনেকের যোগ আছে, বলে সন্দেহ হয়।

[6-25—6-35 p.m.]

সেই জন্য প্রথম কথা হচ্ছে এই যে ভেজাল খাদ্য, ভেজাল ওষুধএর পথ বন্ধ করবার উপযুক্ত ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি? আমি জানি আমাদের মিউনিসিপ্যালিটিতে বা করপোরেশনএ বা স্থানীয় জেলা বোর্ডের হাতে যেটুকু সামান্যতম ভেজাল খাদ্য ধরবার আইন ছিল আজকে সেই আইন হাই কোর্টএর রায়ে বরবাদ হয়ে গেছে—এখন ভেজালের রাজত্ব সারাদেশ ছেয়ে গেছে। স্পুরিয়াস ড্রাগ আজ খোলাখুলি বাজারে চলছে, অনেকেই তা আমরা জানি। বহু রোগী তাদের হয়ত অনেক পয়সা খরচ করে তাদের আত্মীয় বন্ধুবান্ধব জমি জায়গা বিক্রী করে ঔষধ কিনে নিয়ে এল, দেওয়ার সঙ্গে সঙ্গে রোগীর মৃত্যু হল। এই অবস্থা আজকে চলছে। দ্বিতীয় কথা আমি বলতে চাই স্যার আপনার মাধ্যমে আজকে এরা চিকিৎসার ব্যবস্থা বাড়াবেন কি? মেদিনীপুর জেলায় গড়বেতা থানায় একটা চিকিৎসালয় ছিল জেলা বোর্ড কর্তৃক পরিচালিত হ'ত, জেলা বোর্ডের এখন টাকা নেই তারা সেটা তুলে দিলেন, এ সম্পর্কে সরকারের কোন ব্যবস্থা নেই। আমি জানি বাঁকুড়ায় এখনও ব্যাপকভাবে কুষ্ঠ রোগ হয়। এ ছাড়াও মেদিনীপুরে রামগড়, ধরমপুর যেখানে স্বাস্থ্যকেন্দ্র খোলা হয়েছে, দু বছর হয়ে গেল, কিন্তু এখন পর্যন্ত চালু করা হল না। এইরকম যেখানে যেখানে স্বাস্থ্যকেন্দ্র হয়েছে তাতে ঔষধ নেই কিছুই নাই। আমি ডিমাণ্ড করি এই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যাতে ঔষধপত্রের ব্যবস্থা করা হয় এবং যেগুলি তৈরি করা হয়েছে সেগুলি যাতে চালু করা হয়। তৃতীয় কথা হচ্ছে পানীয় জল—এ সম্পর্কে অদ্ভূত অবস্থা। আমাদের নন্দীগ্রাম ও সমগ্র নদী উপকূল অঞ্চল বিরাট এলাকা। প্রতি বছরই কলেরায় অনেক লোক মরছে। এ বছরও বহু লোক মারা গেছে এমন কি কলকাতার নিকটবর্তী বীজপুর থানায় সেখানে পর্যন্ত পানীয় জলের ব্যবস্থা নাই। এবং স্বাস্থ্য রক্ষার কোনরকম ব্যবস্থা নাই, এইরকম চলেছে আমাদের স্বাস্থ্য বিভাগ।

SJ. Biswanath Saha:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী চিকিৎসা এবং জনস্বাস্থ্য খাতে যে বয়বরাদ্দ উপস্থাপিত করেছেন তা আমি অন্তরের সঙ্গে সমর্থন জানাচ্ছি। প্রতিটা ক্ষেত্রে যেভাবে সুচিন্তা এবং সুবিবেচনা প্রয়োগ করা হয়েছে সত্যিই তার জন্য আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে। আজকে স্যার, আপনার মাধ্যমে জানাই যে আমাদের বাংলাদেশে যে "পেটে পেটে আব পিলে ধরে নাকি আর" কথা সে অবস্থার আজ সম্পূর্ণভাবে পরিবর্তন হয়েছে। এবং সে অবস্থা হয়েছে আমাদের কংগ্রেস সরকারের পরিচালনার ক্ষমতাতেই। তারপরে আজকে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে যক্ষ্মা রোগীর —আমি প্রথমে আমাদের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, যে প্রথমে দরকার ডিটেকশান এবং আইসোলেশন অফ দি পেসেন্ট। এটা প্রয়োজন হয়ে পড়েছে আজকের দিনে। এর পরে আসছে সমস্ত ইনফেকসাস ডিজিজ এবং এপিডেমিক ডিজিজ সম্বন্ধে মন্ত্রীমহাশয় যেভাবে পরিচালনা করছেন সেগুলি সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে আমি মনে করি। আজকে যে দিকে দিকে স্বাস্থ্যকেন্দ্রগুলি গড়ে উঠছে সেগুলি আমাদের জনসাধারণের প্রশংসা অর্জন করছে। আগে বাঙ্গালী মেয়েরা নার্সিংএর দিকে একদম অনগ্রসর ছিল আজকের দিনে তারা অগ্রসর হয়ে এসেছে। আজ সমস্তকিছু কংগ্রেস সরকারের পরিচালনায় গড়ে উঠছে। আজকে আমাদের

দেশের মেয়েরা দাইয়ের ট্রেনিং নিয়ে গ্রামে গিয়ে প্রশংসা অর্জন করছে। মেডিক্যাল কলেজ-এবং বহু পুরাতন দাবী ছিল ছাত্রদের যে তাদের একটা হোস্টেল দরকার। এই সরকারের পরিচালনায় সেই হোস্টেল গড়ে উঠেছে। আজকে ব্লাড ব্যাঙ্ক বিভাগটি উন্নততর হয়ে উঠছে। আমার আগে এক বন্ধু বলেছেন যে ব্লাড ব্যাঙ্কএ ব্লাড বিক্রী করা হয়—কথাটা তিনি একটু ভেবে দেখবেন কেন না ব্লাড ব্যাঙ্কএর ব্যাপারে তিনি হয়ত অনভিজ্ঞ—কথাটা হচ্ছে ব্লাড ডোনেশন। যারা রক্ত দেয় তাদের রক্তের দাম দেওয়া হয় না কিন্তু তার যে শারীরিক ক্ষতি হয় সেই ক্ষতির উন্নতির জন্য তার সুখাদ্য খাওয়ার দরকার সেই শরীরে রিকভারি করবার জন্যই টাকা দেওয়া হয়। বর্তমানে আমার মনে হয় খাদ্য মূল্য বাড়ার জন্য সেই মূল্য হয়ত একটু বৃদ্ধি হয়েছে। আজকে হসপিটালএর চতুর্দিকে করাপশন দেখতে পাই। আগে আমরা শুনেছিলাম আগে ছিলেন কর্নেল জে. সি. গুপ্ত, তার পরিচালনা এবং তার শৃঙ্খলার ব্যাপারেতে হাসপাতালগুলি সুষ্ঠুভাবে চলত। আজ আমাদের স্বাস্থ্যমন্ত্রী যেভাবে ছোটখাট জিনিস থেকে নজর দিয়েছেন আমি আশা করি তিনিও নিশ্চয় ভবিষ্যতে সুনাম কিনবেন। এর পরে আমি আমাদের গ্রামের ডাক্তারদের কথা বলছি গ্রামের অসুখবিসুখ কমে যাওয়ার জন্য তাদের আয় কমে গিয়েছে, তারা খানিকটা বেকারত্বর দিকে চলেছে, সেইজন্য আমি বলব আমাদের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যাতে তাদের ভিজিটিং ফিজিসিয়ান হিসেবে নিযুক্ত করার জন্য অনুরোধ করব। এইখানেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Sitaram Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বপ্রথমে কিছু বলার আগে আমি আমাদের স্বাস্থ্যমন্ত্রীর স্বাস্থ্য কামনা করছি। তারপর ব্যারাকপুর সাবডিভিসানএ ভাটপাড়া এলাকা যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি, ভাটপাড়া, নহাটা, গারুলিয়া সেখানে প্রায় ৬ লক্ষ লোকের বাস এবং অনেকগুলি কলকারখানা আছে এবং সেখানে প্রতিদিন এত অ্যাকসিডেন্ট হয় অথচ সেখানে একটা হাসপাতাল নেই। প্রথম ফাইভ-ইয়ার প্ল্যান এবং দ্বিতীয় ফাইভ-ইয়ার প্ল্যানএ আমি দেখলাম সরকার কোন দৃষ্টি দেন নি। সেখানকার ভাটপাড়া মিউনিসিপ্যালিটি গভর্নমেন্টকে লিখে জানিয়েছে যে তারা জমি দিতে রাজী আছে, হাসপাতাল করবার জন্য। কিন্তু তা সত্ত্বেও জানি না কেন আমাদের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি পড়ছে না। হতে পারে এই এলাকা এবারে কংগ্রেস ভোট পায় নি। তাহলে আপনারা যেখানে জিতেছেন সেইখানেই হাসপাতাল করুন, স্বাস্থ্যকেন্দ্র করুন তাতে আমার আপত্তি নেই, কিন্তু যেখানে হেরে গেছেন সেখানেও মানুষ বাস করে, সেখানে রোগীরা আছে, সেদিকেও আপনাদের দৃষ্টি দেওয়া উচিত। আজকে গরীবদের যেভাবে চিকিৎসা এবং শিক্ষা এবং গৃহ দরকার—এই কথাটা আপনারা উপলব্ধি করছেন না কেন? আজকাল গরীবদের পক্ষে চিকিৎসা করা এবং ওষুধ কেনা কত কষ্টকর আমি আশা করি আমাদের মন্ত্রী-মহাশয় সেটা উপলব্ধি করবেন। এবং প্রত্যেকটি এলাকার শিল্পাঞ্চলে যেখানে গরীবরা বাস করে সেখানে সস্তা দরে ওষুধের দোকান খোলার ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হউক।

[6-35—6-45 p.m.]

একটা কথা আমি আপনার মারফত বলতে চাই যে এখানকার সদস্য নেপাল রায় মহাশয় ডাক্তারদের চুরি সম্বন্ধে বলেছেন, হাসপাতালের কোন কোন ডাক্তার যদি ওষুধ ইত্যাদি চুরি করে তা গর্হিত কাজ এ বিষয়ে আমি একমত। কিন্তু উনি যেভাবে বলেছেন তাতে মনে হচ্ছে যে উনি ডাক্তার শ্রেণী হিসাবেই বলেছেন প্রত্যেকটা হাসপাতালের, প্রত্যেকটা ডাক্তারকে উনি অভিযুক্ত করেছেন। আমি এতে তীব্র আপত্তি জানাচ্ছি। কয়েকজন ডাক্তার হয়ত হতে পারেন কিন্তু প্রত্যেকটা ডাক্তার যে তার সঙ্গে জড়িত একথা আমি বিশ্বাস করি না। আমি ডাক্তারদের তরফ থেকে এঁর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

তারপর আমি জলের সমস্যা সম্বন্ধে বলবো। আমাদের শিল্পাঞ্চল এলাকায় জলের ক্রাইসিস বড় বেশী, জল নাই। পানীয় জল না থাকার জন্য এবং সাফিসিয়েন্ট সাপ্লাই না হওয়ার ফলে যেটুকু জল সাপ্লাই হচ্ছে সেটা মিলওয়ালাদের মর্জির উপর নির্ভর করছে। তাদের যখন ইচ্ছা তখন জল সাপ্লাই কমিয়ে দিয়ে মানুষকে বিপদের মধ্যে ফেলে দিচ্ছেন। আমার এলাকায় জলের

একটা বড় স্কীম হয়েছে, ভাটপাড়া মিউনিসিপ্যালিটি ৮ লক্ষ টাকার স্কীম করেছে এবং ৩ বছর ধরে গভর্নমেন্ট সেটা ঝুলিয়ে রেখেছেন, গভর্নমেন্ট এখনও কিছুই করতে পারেন নি এবং সেখানে যে স্যানিটেসনের ব্যবস্থা রয়েছে, সিউয়ারেজ সিস্টেম যা রয়েছে সেটা হচ্ছে ২০ বছরের পুরানো, যখন সেখানকার অধিবাসী সংখ্যা ৬০-৭০ হাজার ছিল। এখন সেখানে অধিবাসী সংখ্যা পৌনে দুই লক্ষের মত দাঁড়িয়েছে—কাজেই সরকারের ব্যবস্থা এখন অচল হয়ে পড়েছে, গভর্নমেন্টের হেলথ ডিপার্টমেন্ট কতকগুলি সার্কুলার পাঠিয়ে দিচ্ছেন যে খাটা পায়খানা বন্ধ করে দাও, সিউয়ারেজ করতে বল, স্যানিটারী ল্যাট্রিন করতে বল। শিল্পাঞ্চলে অনেক লোক একটা বাড়ীতে বাস করে, একটা জায়গায় বাস করে—এই যে শিল্পাঞ্চলগুলি আগাছার মত গজিয়ে উঠেছে, একেবারে পরিকল্পনাহীনভাবে, সেখানকার যেসমস্ত বস্তী আছে সেগুলি উন্নয়নের কোনরকম প্রচেষ্টা সরকার করতে পারেন নি। স্বাস্থ্য নির্ভর করে খাদ্যের উপর—কাজেই আমি মনে করি যে আমাদের স্বাস্থ্যমন্ত্রীর কাজের সফলতা অনেকখানি নির্ভর করছে আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনের উপর, আবার খাদ্য পেতে হলে রোজগারও চাই এবং তার বেশীর ভাগ দায়িত্ব শ্রীআব্দুস সাত্তার সাহেবের উপর নির্ভর করছে। যদি মানুষ চাকরী না পায় তাহলে সে কোন জিনিস কিনতেও পারবে না, খেতেও পারবে না।

[At this stage the hon'ble member having reached time-limit resumed his seat.]

Sj. Sagar Chandra Mahato:

মাননীয় স্পীকার মহোদয়, আমি বাজেটে লেপ্রোসি কন্ট্রোল স্কীম এবং লেপ্রোসী সেন্টার সম্বন্ধে যা সন্নিবেশিত করা হয়েছে সে সম্পর্কে দুই-একটা বিষয় আলোচনা করবো। পাব্লিক হেল্থ সম্বন্ধে কোন কথা বলতে হলে প্রথমেই কুষ্ঠ রোগী সম্বন্ধে চিন্তা করা দরকার। পুরুলিয়া জেলা শিক্ষাদীক্ষা প্রভৃতি সব বিষয়ে অনগ্রসর, কিন্তু একটা বিষয়ে সারা বাংলায় কেন সারা ভারতের মধ্যে শীর্ষস্থান অধিকার করেছে—সেটা হল কুষ্ঠ রোগ। কুষ্ঠ রোগী ২৫ বছর পূর্বে আমাদের ওখানকার গ্রামে দুই-একটা দেখতে পাওয়া যেত, কিন্তু এখন প্রায় অধিকাংশ গ্রামেই কুষ্ঠ রোগী দেখা যায়, আর দিন দিন এত দ্রুতগতিতে এটা বৃদ্ধি পাচ্ছে যে এর প্রতিরোধের যদি কোন ব্যবস্থা অবিলম্বে না করা হয়, তাহলে অদূর ভবিষ্যতে প্রায় সমস্ত জেলাটা কুষ্ঠ রোগীতে ভরে যাবে বলে মনে হয়। এই রোগের যে চিকিৎসা করা যায় না, এমন নয়। যদি চিকিৎসা এবং ঔষধপত্রাদির ঠিকমত ব্যবস্থা করা যায় তাহলে এই রোগের উপশম হয়। এখন আবার দেখা যায় যে, গ্রামে এই রোগীর সংখ্যা তিন-চার গুণ বেড়ে গেছে। এর কারণ হচ্ছে এই যে এইসব রোগীকে সমাজে সকলে ঘৃণা করে বলে প্রথমে যারা এই রোগে আক্রান্ত হয়, তারা জেনেশুনেও রোগ গোপন রাখবার চেষ্টা করে এবং সমাজে তারা সহজভাবে চলাফেরা ও মেলামেশা করে। সেই সময়ের মধ্যে এই রোগটা বিস্তার লাভ করে। লোকে যখন তাকে রোগী বলে বুঝতে পারে তখন রোগটা অনেকখানি ছড়িয়ে পড়ে। এর একমাত্র উপায় হচ্ছে, ভ্রাম্যমাণ হাসপাতাল স্থাপন করা এবং সরকারের দ্বারাই সেটা সম্ভব। একটা অঞ্চলে যদি পরীক্ষামূলকভাবে লেপ্রোসী সেন্টার স্থাপন করা যায় এবং সেখানকার ডাক্তার গ্রামের সকল লোককে যদি পরীক্ষা করে বাছাই করে দেন যে, কারা এই রোগে আক্রান্ত হয়েছে এবং কারা হয় নি এবং সেই রোগী যারা তাদের মধ্যে কোন্‌টা সংক্রামক আর কোনটা সংক্রামক নয় তাহলে তাতে অনেকটা কাজ হয়। ডাক্তার ছাড়া এটা বলা সম্ভব নয় কারণ, আমরা যারা গ্রামে বাস করি কোনটা সংক্রামক আর কোনটা সংক্রামক নয়—সেটা আমাদের পক্ষে বলা বড় মুস্কিল। এই রোগে আক্রান্ত হলে সকলে জানে যে আমরা সমাজে চলাফেরা করতে পারব না, সেজন্য তারা সেটাকে চাপবার চেষ্টা করে। কাজেই ডাক্তারী পরীক্ষা হয়ে গেলে যখন রোগ বাছাই হবে তখন সঙ্গে সঙ্গে তার ঔষধপত্রাদির ব্যবস্থা হবে। এইরকম করলে আমি মনে করি যে এই রোগের প্রসার অনেকটা কমে যাবে এবং রোগও সারবে। এটা বিবেচনা করবার জন্য এবং ঐ অঞ্চলের স্থানে স্থানে ভ্রাম্যমাণ হাসপাতাল স্থাপন করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা পুরুলিয়ায় দুটো কুষ্ঠ হাসপাতাল আছে—তাতে জায়গা কম এবং রোগীর সংখ্যা বেশী বলে সেখানে জায়গা অকুলান হচ্ছে। কাজেই সর্বাগ্রে আমি আরো বেশী রোগী যাতে হাসপাতালে থাকতে পারে তার একটা ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। তা ছাড়া আমাদের ওখানে অন্য সব ভাল মানুষের চিকিৎসার দিক দিয়েও খুব অসুবিধা রয়েছে। প্রত্যেক থানায় মাত্র একটি করে হাসপাতাল

আছে। এবং সেখানে বৎসরে মাত্র পাঁচশো টাকার ঔষধ দেওয়া হয়। এক-একটা থানায় ৭০ হাজার বা ১ লক্ষ লোকের বাস, কাজেই একটা হাসপাতালে পাঁচশো টাকার ঔষধে কিছুই হবে না। তা ছাড়া অনেক হাসপাতালের বর্ষাকালে গ্রামের সঙ্গে কোন যোগাযোগ থাকে না, কাজেই সেগুলি বন্ধ থেকে যায়। সুতরাং যে কয়েকটি হাসপাতাল আছে তাতে যাতে বেশী করে রোগী থাকতে পারে, সেখানে যাতে চিকিৎসার ভাল ব্যবস্থা থাকে এবং উপযুক্ত পরিমাণে বেড থাকে তারজন্য আমি সরকারের কাছে অনুরোধ করবো।

আর একটা কথা হচ্ছে এই যে, হাসপাতালের দূরত্ব এত বেশী যে, দশ-বার মাইল দূর থেকে একটা রোগীর পক্ষে সেইসব হাসপাতালে যাওয়া সম্ভব নয়, কাজেই চিকিৎসা পাওয়া এবং ঔষধ নেওয়া অনেকের পক্ষে সম্ভব হয় না। উদাহরণস্বরূপ আমি কতকগুলি উল্লেখ করে যাচ্ছি এবং সেখানে মধ্যে মধ্যে যাতে স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল স্থাপন করা হয় তারজন্য আমি সরকারকে অনুরোধ করবো। বাঁকুড়ার সন্নিকটে মানবাজার থানা, সেখানে একটা হাসপাতাল আছে এবং তার ২০ মাইল দূরে বড়বাজার সেখানে একটা হাসপাতাল আছে—এই কুড়ি মাইলের মধ্যে আর কোন হাসপাতাল নেই। সরকারকে আমি অনুরোধ করবো প্রতি থানায় আর একটা করে হাসপাতাল স্থাপন করার জন্য। এই দুই থানার মধ্যে সিন্দরী গ্রমে একটা হাসপাতাল হওয়া দরকার। বলরামপুর হচ্ছে পুরুলিয়া থেকে ২০ মাইল। বলরামপুরের মধ্যে আর কোন হাসপাতাল নেই। কাজেই এর সঙ্গে উরমা গ্রামে আর একটা হাসপাতাল যাতে উরমাদানাতে হয় সেজন্য আমি অনুরোধ করবো।

[6-45—6-55 p.m.]

বলরামপুর থেকে বাগমুণ্ডা ১৮ মাইল। যেখানে মাঝে মাঠাগ্রাম সেখানে রেঞ্জার আফস রয়েছে। তা ছাড়া আরও আদিবাসী অধ্যুষিত জায়গা—সেখানেও যাতে হাসপাতাল হয় তার জন্য বলব। আর একটা হচ্ছে পুরুলিয়া থেকে আর্সা—১৪ মাইল, এটা একট গ্রাম, সেখানে পুলিস স্টেশন আছে, সেখানকার অধিবাসীদের কোন ফৌজদারী কেস,—যেমন চুরির কেস ইত্যাদি—তাতে থানায় হাজিরা দিতে হয়। সেখানে যাওয়ার কোন ব্যবস্থা নাই। বার-চৌদ্দ মাইল দূরে পুরুলিয়া হাসপাতালে পাঠাতে হয়। বর্ষাকালে মাঝে নদী থাকে, পাঠান সম্ভব হয় না। সুতরাং যেখানে পুলিস স্টেশন সেখান থেকে না পাঠিয়ে সেখানেই হাসপাতাল হলে জনসাধারণের উপকার হয়। তা ছাড়া ঝানদা থানার পাঁজা (পাঁড়রা) গ্রামে একটা হাসপাতাল হওয়া দরকার। এবং জয়পুর থেকে ইনটিরিয়ারএ বড়গ্রামে একটা হাসপাতাল হওয়া দরকার। আবার মানবাজার থেকে নয়াগড় ১৮ মাইল, সেখানে হাসপাতাল নাই। সেখানে মধ্যখানে মেঠ্যালা গ্রামে একটা হাসপাতাল হলে ভাল হয়।

আর একটা জিনিস—মেয়েদের 'মেটারনিটি সেন্টার' ঐ যা পুরুলিয়ায় আছে, আর কোথাও নাই। নারীদের সেখানে সে সময় আনা বড় কষ্টকর। মাঝে মাঝে নদীনালাও আছে। তাই অনুরোধ করব যাতে হাসপাতালের সঙ্গে সঙ্গে 'মেটারনিটি সেন্টার' খোলা হয় তাহলে বিশেষ উপকার হয়।

আর একটা জিনিস—ধাত্রীর অভাব আমাদের ঐ অঞ্চলে খুব আছে। এক পুরুলিয়ায় ধাত্রীর শিক্ষার ব্যবস্থা আছে। যাতে পাড়াগায়ে মেয়েদের ধাত্রীবিদ্যা শিখাবার ব্যবস্থা হয় তা যদি করেন তাহলে অনেক শিশু অকাল মৃত্যু থেকে বাঁচে।

শেষ কথা হচ্ছে, পুরুলিয়ায় রোগীর থাকবার শয্যাসংখ্যা কমই আছে। সেখানে যাতে রোগীদের ঔষধের ব্যবস্থা হয় এবং বেশী রোগী রাখবার ব্যবস্থা হয় সেজন্য অনুরোধ করব।

Sj. Durgapada Das:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, 'মেডিকেল এ্যান্ড পাবলিক হেল্থ'এর ব্যয়বরাদ্দ বেশী করে হয়ে স্বাস্থ্যের উন্নতির জন্য যোগ্য এবং উন্নততর ব্যবস্থা হয়- এ সকলেই চাইবে। কিন্তু লোক ভেবে দেখতে চাইবে যে এত মোটা একটা অঙ্ক তো খরচ হচ্ছে কিন্তু এই খরচ দিয়ে কতটুকু উপকার পাওয়া গেল, লাভ কি হল। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬০ লক্ষ এবং ১৯ লক্ষ টাকা খরচ বৃদ্ধি ধরা হয়েছে, স্বাস্থ্যকেন্দ্রের জন্য এবং

হাসপাতালের সংখ্যা বৃদ্ধি করবার জন্য। কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা যখন সেটা মিলিয়ে দেখি তখন অন্য চিত্র দেখতে পাই। আমি যে অঞ্চল থেকে এসেছি সেই বীরভূম জেলার রামপুরহাট এবং ময়ূরেশ্বর অঞ্চলে ২৯টা ইউনিয়নের মধ্যে ২১টা ইউনিয়নে এখনও কোনরকম হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্র হয় নি। যে কয়েকটি ইউনিয়নে কিছু হয়েছে তার মধ্যে মাড়গ্রাম ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ শেষ হয়ে কাজ আরম্ভ হওয়ার সামান্য কিছুদিন পরে মেরামতের প্রয়োজন হ'ল এবং মেরামতের সময় সেই যে দরজা বন্ধ হল সে পাঁচ বছর আগের কথা—আজও সে দরজা খোলা হয় নি। সংখ্যাবৃদ্ধির এই যদি নমুনা হয়, তাহলে ভেবে দেখতে হয় যে উন্নততর ব্যবস্থা কিরকমভাবে চালান হচ্ছে। তারপরে তারাপুরে, বিখ্যাত তারাপীঠের নাম সকলে জানেন, সেখানে একটা স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে, কিন্তু সেই হাসপাতালের প্রধান গৃহটিই নাই, সে বছর পাঁচেক আগে ভেঙ্গে পড়েছে। সেখানে যে গুদাম ঘর ছিল সেই গুদামঘরকেই হাসপাতাল হিসাবে ব্যবহার করে নামমাত্র চালু রাখা হয়েছে ঐ হেল্থ সেন্টার। তারপর কাষ্ঠগড়া আর একটা ইউনিয়ন, সেখানেও ইউনিয়ন হেল্থ সেন্টার আছে। সেখানে রোগী ভর্তির ব্যবস্থা ছিল, এখন সে ব্যবস্থা রহিত হয়ে গেছে। এগুলো কি উন্নততর ব্যবস্থা হল বলে মনে করব? আমাদের ঐ অঞ্চলে বর্ধমানের বিজয়চাঁদ হাসপাতাল একটা বিখ্যাত হাসপাতাল। সেখানে উন্নততর ব্যবস্থা এই হয়েছে যে এখন পর্যন্ত যদি কঠিন রোগগ্রস্ত রোগী মফঃস্বল থেকে আসে সে জায়গা পায় না। মালদহ জেলাতে বাঙ্গীতলা ইউনিয়ন হেল্থ সেন্টার আছে, কিন্তু বাঙ্গীতলায় হেল্থ সেন্টারে যেভাবে রোগীর সংখ্যা বৃদ্ধি হচ্ছে তাতে সেখানে পর্যাপ্ত শয্যা নাই, এবং একজন ডাক্তার কাজ করে উঠতে পারছেন না। সেটা উন্নত করার প্রয়োজন আছে। সেখানে আর একটা ইউনিয়নে কাজ আরম্ভ হয় নি, ঘর তৈরী হয়ে পড়ে আছে। দার্জিলিং জেলায় গরুবাথান বলে একটা জায়গা আছে, সেখানে ২০ বেড-এর হাসপাতাল মঞ্জুর করা হয়েছে, কিন্তু এখনও খোলা হয় নি। প্রত্যেক যায়গায় যে রকমভাবে ব্যবস্থা হয়েছে তাতে আমরা বলতে পারছি না যে খুব সুষ্ঠুভাবে কাজ চলছে। দার্জিলিং জেলায় লোধান আর একটা জায়গা, সেখানে স্বাস্থ্যকেন্দ্রের বাড়ী তৈরী হয়েছে বছর পাঁচেক আগে, কিন্তু স্থানীয় এম, এল, এ,র কাছ থেকে জেনেছি যে আজ পর্যন্ত খোলা হয় নি। শুনছি যে সে বাড়ী খোলা হয় নি, কিন্তু এর মধ্যেই রিপেয়ারএর প্রয়োজন হয়েছে। মালদহ জেলার হামিদপুর আর একটা জায়গা যেখানে বাড়ী তৈরী হয়েছে—কিন্তু কাজ আরম্ভ হয় নি, ঘর পরে আছে। বস্তীপুর হেল্থ সেন্টার ঐভাবে পাঁচ বছর ধরে তার গৃহনির্মাণের কাজ শেষ হওয়ার পর পড়ে আছে। এইসব ব্যাপারে দীর্ঘসূত্রতা কিরকমভাবে আমাদের চিকিৎসা ব্যাপারে অসুবিধা ঘটাচ্ছে এইগুলি তারই প্রমাণ দিচ্ছে। রামপুরহাটের বহু বিজ্ঞাপিত হাসপাতালের গৃহনির্মাণ অনেক দিন আগে থেকেই সরকারের তরফ থেকে চলছে, কিন্তু কেহ যদি ট্রেনে যান তাহলে দেখতে পাবেন মাঠের মধ্যে বাড়ী তৈরী হবার জিনিসপত্র চারিদিকে ছড়ান রয়েছে এবং যা শেষ হবার কথা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটা আজ পর্যন্ত শেষ হয় নি এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শেষ হবে কিনা তাও কেউ বলতে পারে না। এইভাবে আমরা দেখতে পাচ্ছি উন্নততর ব্যবস্থা এবং সংখ্যা বৃদ্ধি হচ্ছে। মেটারনিটি খাতে অনেক টাকা ধরা হয়েছে। আমার যে ইউনিয়ন সেই কলেশ্বর ইউনিয়নে কোন মেটারনিটি হাসপাতাল আজ পর্যন্ত নাই। অশিক্ষিত দাইয়ের উপর নির্ভর করতে হয়। এই ইউনিয়নের মত এমন অনেক ইউনিয়ন আছে যেখানে নিম্নতম যোগ্যতা সম্পন্ন ডাক্তার এল, এম, এফ সেই এল, এম, এফ, পাশ করা ডাক্তার পর্যন্ত নাই তাই সেখানে সম্পূর্ণ হাতুড়ে ডাক্তারের উপর নির্ভর করে জীবন চালাতে হয়। এই হচ্ছে উন্নততর ব্যবস্থার নমুনা। পাঁচটা ইউনিয়নে ডিষ্ট্রিক্ট বোর্ড বা ইউনিয়ন বোর্ড পরিচালিত ডাক্তারখানা আছে সেখানে ২৫০ টাকা গভর্নমেন্ট দেন ২৫০ টাকা ইউনিয়ন বোর্ড দেন, তাতে চিকিৎসা কোনরকমে চালু করা যেতে পারে কিনা সেটা বিবেচনা করা উচিত। স্থান না দিলে এবং টাকা না দিলে এই কল্যাণ রাষ্ট্রে উন্নততর চিকিৎসা ব্যবস্থা হওয়া সম্ভবপর নয়। কলেরা চিকিৎসার ব্যবস্থা রামপুরহাট টাউনে পর্যন্ত নাই। সেখানে হাসপাতাল চলছে বটে, কিন্তু রোগী নিয়ে গেলে বলা হয় হাসপাতাল তৈরী হচ্ছে, সেটা তৈরী হলে সেখানে ভর্তি করা হবে। তাহলে মনে করুন যেখানে কলেরার আক্রমণ হয়েছে সেখানে গৃহনির্মাণ সমাপ্ত না হওয়া পর্যন্ত মুলতবী রাখতে হয়। তা ছাড়া অন্যান্য সংক্রামক রোগের চিকিৎসার ব্যবস্থাও নাই। পল্লী অঞ্চলে কুকুর শেয়াল কামড়ালে তার চিকিৎসা ব্যবস্থা পর্যন্ত নাই। ডিষ্ট্রীক্ট বোর্ড বা মিউনিসিপালিটির কাছে এসে গরীব লোকেরা নিজেদের

চিকিৎসার ব্যবস্থা করে, অনেকেই মৃত্যুর হাত থেকে রক্ষা পায়। কিন্তু সকলের পক্ষে সেও সম্ভব নয়। সেজন্য হেলথ সেন্টারে এইসব চিকিৎসার ব্যবস্থা থাকা উচিত। স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীর প্ল্যান যেভাবে করা হয় তা দেখে মনে হয় বাস্তব জগতের সঙ্গে কোন-রকম সম্পর্ক না রেখেই এগুলো করা হয়। নলহাটিতে যে স্বাস্থ্যকেন্দ্র তৈরী হয়েছে সেটা বাইরে দেখতে ভাল হয়েছে বটে, কিন্তু সেটা গ্রীষ্মকালে একবারে ফারনেস সেখানে রোগী রেখে যাবেন কি করে? ডাক্তার ও নার্সদের যে কোয়ার্টার সেও অদ্ভুত। ডাক্তারের কোয়ার্টারে দুটো কুঠুরী সে হাজতের মত। একধারে দেড় হাতি বারান্দা তাতে পা ছড়িয়ে বসা যায় না। আর একদিকে বারান্দা একটু চওড়া তারই এক অংশ ঘিরে শোবার ঘড়ের পাশেই রান্নাঘর। সেই রান্নাঘরে যে রান্না করবে তার দেহ একটু স্থূল হ'লে আর জায়গা পাওয়া যায় না।

"অত্যন্ত চমৎকার কোয়াটারের ব্যবস্থা হয়েছে!" আর নার্সের কোয়াটারের যে ব্যবস্থা হয়েছে সে এমন চমৎকার যে, সেখানে আব্রুর কিছু নাই সেখানে পুরুষ নারীর কোন ভেদাভেদ নাই।

[6-55—7-5 p.m.]

নার্সদের থাকবার জন্য ব্যবস্থা করা হয়েছে এক কামরাযুক্ত ছোট ঘর—এদিকে একটা বারান্দা, ওদিকে একটা বারান্দা—প্রাচীর দেওয়া নেই, আব্রুর কোন ব্যবস্থা নেই। এখানে পুরুষ ও নারীর কোন ভেদাভেদ নেই। ডিস্ট্রিক্ট বোর্ডএর যেসমস্ত হাসপাতাল স্বাস্থ্যকেন্দ্রে পরিণত হয়েছে সেইসব জায়গার কোয়ার্টার, যদি বা তিন কামরার ঘর ছিল, কিন্তু এদের যে প্ল্যান, সে প্ল্যানএর মর্যাদা রাখবার জন্য তার দুটো কামরা একদিকে করে নিয়ে ডাক্তারকে দেওয়া হয়েছে, আর একটা কামরা আর একদিকে করে অন্য একজনের কোয়ার্টার হয়েছে। এইভাবে কাজ সারা হচ্ছে। জেলা বোর্ডের কোয়ার্টারে জানালা দরজা ছিল—এখন তা কেটে ছোট করা হয়েছে। প্ল্যানএর মহিমায়—কারণ প্ল্যান হতে বড় দরজা তো রাখা যায় না কিনা। উপরে য়্যাসবেস্টস্-এর ছাদ এবং সেখানে একদম ছায়া নেই। গ্রীষ্মকালে সেটা অগ্নিকুণ্ড, শীতকালে হিমকুণ্ড, আর বর্ষাকালে সাওয়ার বাথএর যে আনন্দ সেটা ডাক্তার বাবুরা শোবার ঘরে বসেই পেতে পারেন। ডিস্ট্রিক্ট বোর্ডএর কিছু হাসপাতাল নেওয়া হয়েছে, কিন্তু হেল্থ সেন্টার হবার সঙ্গে সঙ্গে সেখানের স্টাফ ও ডাক্তারদের যে য়্যাবজর্ভ করার কথা তা করা হয় নি। আমরা দেখতে পাই যে ডিস্ট্রিক্ট বোর্ডএর ডাক্তারখানা যেমনি হেল্থ সেন্টার হয়ে গেল, সঙ্গে সঙ্গে ডাক্তার বা অন্যান্য স্টাফ যা ছিল তারা না ডিস্ট্রিক্ট বোর্ডএর, না গভর্নমেন্টের হয়ে গেল। তারা তিন-চার মাসের মাইনেই পেল না—তাদের ব্রেক অফ সার্ভিস হয়ে গেল। তারপর অনেক লেখাপড়ার পর যদি বা তাদের চাকরি হল—তাহলে দেখা যায় সেদিন থেকে তাদের নিউ য়্যাপয়েন্টমেন্ট বলে গণ্য হয়। তাদের আগেকার সার্ভিস কাউণ্ট করা হবে না, এটা বড় অন্যায় কথা। পাবলিক হেল্থএ একটা দ্বৈত-নীতি চলছে—ডিস্ট্রিক্ট বোর্ড ও হেল্থ ডিপার্টমেন্টএর মধ্যে। ডিস্ট্রিক্ট বোর্ডএ একজন ডিস্ট্রিক্ট হেল্থ অফিসারএর অধীনে প্রত্যেক থানায় একজন সেনিটারী ইন্সপেক্টর ও তাঁর অধীনে অন্যান্য স্টাফ আছে। দেখা যাচ্ছে যে গভর্নমেন্ট স্বাস্থ্যের অবস্থা উন্নত করবার জন্য প্রতি মহকুমার একজন করে সাবডিভিশনাল হেল্থ অফিসার দিয়েছেন। এই সাবডিভিসনাল হেল্থ অফিসার ও ডিস্ট্রিক্ট হেল্থ অফিসারের মধ্যে কোন যোগাযোগ নেই। সাবডিভিসনাল হেল্থ অফিসারএর অধীনে যেসমস্ত হেল্থ য়্যাসিস্টেন্ট কাজ করছেন—তাদের বেতন, ডিস্ট্রিক্ট বোর্ডএর স্যানিটারী ইন্সপেক্টরেরা যে বেতন পায় তারচেয়ে বেশী। কাজে কাজেই সেখানে একটা রেষারেষির ভাব আছে এবং কাজেরও ডুপ্লিকেশন হচ্ছে ও অর্থের অপচয় হচ্ছে। সুতরাং এগুলিকে এখনই নিয়ে নেওয়া উচিত, সরকারের হাতে। শুনেছি নেওয়া হবে কিন্তু কবে হবে তা আমরা বুঝতে পারছি না। রুরাল ওয়াটার সাপ্লাইএর কথা অনেকেই বলে গিয়েছেন, রামপুরহাট মিউনি-সিপ্যালিটিতে পানীয় জলের সরবরাহের ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। এই রুরাল ওয়াটার-সাপ্লাইএর বিষয়ে একবার আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়—

[At this stage the red light was lit, and the member resumed his seat.]

Sj. Dhirendra Nath Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য বলবার আগে আমাদের এখানের একজন মাননীয় সদস্য নেপাল রায় সোজাসুজি জাত তুলে গাল দিয়েছেন। এই গালের মধ্যে আমাদের প্রধান সচিব, আমাদের স্বাস্থ্যমন্ত্রী এবং আমরা সকলেই জড়িত হচ্ছি। কাজেই আপনার কাছে অনুরোধ জানাব মেডিকেল কলেজএর ব্যাপারে যে চুরি ও বাটপারি ধরা পড়েছে, তাতে আমাদের মেডিকেল এ্যাসোসিয়েশন দাবী করেছে এবং বিশেষ করে আমরা প্রত্যেকেই দাবী করব একটা সুষ্ঠু অনুসন্ধান কমিটি তৈরি হোক এবং যত গলদ আছে, তা সম্পর্কে অনুসন্ধান করবার ব্যবস্থা করা হোক। তাই আপনার কাছে দাবী করছি—জরুরিভাবে এই কমিটি আপনারা গ্রহণ করবেন এবং কার্যে ব্রতী হবেন। এখন আমার বক্তব্য হচ্ছে—এই স্বাস্থ্য ও মেডিকেল বাজেট সম্পর্কে—চিকিৎসক হয়ে এই বাজেট সম্পর্কে কাট মোসন নিয়ে এসে দাঁড়িয়েছি—এটা আশ্চর্য লাগে বিশেষ করে আশ্চর্য লাগে এই কংগ্রেসী সরকারের শাসনের দশ বৎসর পরে কেন দাঁড়িয়েছি। দাঁড়িয়েছি, এইজন্য যে এই বাজেট যে উদ্দেশ্যে করা, জনস্বাস্থ্যকে সামনে রেখে—কিন্তু আমরা বাস্তব অভিজ্ঞতা থেকে দেখতে পারছি যে যত টাকা খরচ হোক না কেন, তার একটা মোটা অংক, কন্ট্রাক্টরএর স্বার্থে তার ব্যাঙ্কে মজুত হয়। জনস্বাস্থ্যের উন্নতিমূলক কাজে তা আমরা পাই না। যেমন স্বাস্থ্য কেন্দ্রগুলি সম্পর্কে আমার পূর্ববর্তী বন্ধু বলে গেলেন—এক-একটি কেন্দ্রের পেছনে ৫০ হাজার টাকা, ৭৫ হাজার টাকা, কি লাখ, দেড় লাখ টাকাও খরচ হয়। বেড আছে, কি বেড নাই—কিন্তু যে জিনিস তৈরি হচ্ছে—যে সময় ও যে অর্থব্যয়ে, তা এই গরীব দেশের পক্ষে, যে প্রতিষ্ঠানগুলি আমরা পাচ্ছি—সেটা আমাদের কাজে উপযুক্ত হয়ে দাঁড়ায় কিনা, সেটা দেখা দরকার। এইসব দেখে আজ আমরা বাধ্য হয়েছি এই প্রস্তাবের বিরোধিতা করতে, এই বাজেটের বরাদ্দ কমাবার প্রস্তাব এনেছি। আজকে পশ্চিম দিনাজপুর, নতুন জেলা। এই জেলার সদর বালুরঘাট। এই দশ বৎসরে জনসাধারণের চিকিৎসা ও তাদের স্বাস্থ্য রক্ষার যে ব্যবস্থা চলেছে, তাতে একটা জগদ্দল অবস্থা হয়ে আছে। সেখানে যে বিশৃংখলা চলেছে, তা দেখলে বুঝা যায় যে এখানে সুপরিকল্পনার অভাব চলছে। পুলিস হাসপাতালকে কয়েকদিন আগে সরকার একটা টিন শেড, থ্যাচড বাড়িতে নিয়ে যেতে পারলেন, কিন্তু জনসাধারণের জন্য সেরূপ একটা ব্যবস্থা এ দশ বছরেও করা গেল না বেড সংখ্যা বাড়াবার জন্য। কিন্তু বালুরঘাটে এই মহকুমা, সেই আগেকার আমলের ১৫-১৬টা বেডযুক্ত সামান্য হাসপাতাল—তাকে ভিত্তি করে এক-দেড় লক্ষ লোকের জন বসতির এলাকায় দৈনিক পাঁচশত রোগীদের জন্য ব্যবস্থা করতে হচ্ছে এইটেই জনসাধারণের দাবী ও অভিযোগ যে এখানে রোগীদের বাঁচাবার জন্য ব্যবস্থা আছে ডাক্তার আছে, ঔষধপত্র আছে কিন্তু স্থানাভাবে সেই ১৫-বেডএর যে হাসপাতাল তাকে টেনে ৩০-বেড করা হয়েছে। এর ফলে সেখানে যে অস্বাস্থ্যকর ব্যবস্থা হয়েছে, তা দেখলে বুঝা যাবে যে সেটা অসম্ভব এবং সেখানে সু-চিকিৎসা হবার সম্ভাবনা খুব কম। বালুরঘাট শহরে কয়েক বছর থেকে নয়-দশ লাখ টাকা খরচে হাসপাতাল গৃহ হচ্ছে তাও সম্পূর্ণ হচ্ছে না। এ বৎসরেই যাতে সম্পূর্ণ হয় তার দাবী রাখছি। স্পীকার মহাশয়—এইভাবে স্বাস্থ্যকেন্দ্রের ব্যাপারে দেখা যাচ্ছে যে রামপারা চোঁচুরা ইউনিয়নএ একটা স্বাস্থ্যকেন্দ্র পাঁচ-ছয় বৎসর ধরে হওয়ার কাজ হচ্ছে। বার বার তার প্ল্যান বদলাচ্ছে, কিন্তু এই পাঁচ-ছয় বৎসরেও সেখানে একটা স্বাস্থ্যকেন্দ্র হতে পারে নি। এই বেডহীন স্বাস্থ্যকেন্দ্র সেখানে একটা ডাক্তার থাকবে, মিডওয়াইফ থাকবে—তারা প্রিভেনটিভ ট্রিটমেন্ট যা তাই করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়—আজকে যে বিচ্ছৃংখলা চলেছে, যা আমার অন্যান্য বন্ধুরা বলেছেন আমি মোদ্দা কথা এই বলতে চাই যে এই বিচ্ছৃংখলা থেকে রক্ষা পেতে হলে, এই যে আমরা অর্থ বরাদ্দ করি, তার সদ্ব্যবহার করতে হলে, আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হওয়া দরকার। আমাদের ইন্ডিয়ান মেডিকেল য়্যাসোসিয়েশনে বার বার এটা জানিয়েছে যে গণতান্ত্রিক রাষ্ট্র যেটা সমাজতান্ত্রিক ধাচে হবে, সেই সমাজতান্ত্রিক ধাচে করতে হলে, যতরকম গণ-প্রতিষ্ঠান, যাদের সঙ্গে সমাজের নাড়ী ও হাঁড়ির যোগ আছে—সমাজের চিকিৎসকমণ্ডলী ও ইন্ডিয়ান মেডিকেল য়্যাসোসিয়েশন বার বার তাদের হাত বাড়িয়েছে—এই মন্ত্রীমণ্ডলের সঙ্গে সহযোগিতা করবার জন্য কিন্তু দেখতে পাচ্ছি এই যে প্রতি মুহূর্তেই সরকার তা প্রত্যাখ্যান করছেন। এই যে বিমাতৃসুলভ ব্যবহার ইন্ডিয়ান মেডিকেল য়্যাসোসিয়েশনএর সঙ্গে করা হচ্ছে—এটা কি ধরণের গণতান্ত্রিক সরকার তা আমরা বুঝতে পারি না।

[7-5—7-15 p.m.]

Sj. Pramatha Nath Dhibar:

মাননীয় স্পীকার মহোদয়, এই বাজেটে যে হাসপাতালের খরচ দেখান হয়েছে, তাতে আমাদের পাবলিক হেল্থ বা মেডিক্যাল খাতে মাথা পিছু—আড়াই টাকাও পড়ে না ; যা অন্যান্য দেশে, বিশেষত গ্রেটব্রিটেনে মাথাপিছু খরচ পড়ে অনেক বেশী আমাদের এখানকার তুলনায়। সেখানে মাথাপিছু পড়ে ১০৯ টাকা আর আমাদের দেশে, এখানে মাথাপিছু পড়ে মাত্র আড়াই টাকা বাৎসরিক। এটা অত্যন্ত নগণ্য। দশ বছর স্বাধীনতা লাভের পর, এই জাতীয় সরকার, আমাদের কংগ্রেস সরকার আজ পর্যন্ত পাবলিক হেল্থকে উন্নত করা যেটুকু প্রয়োজন, তা করতে পারেন নি। আমি বিশেষত বর্ধমান জেলার কথা বলছি। বর্ধমান জেলায় যে একটা হাসপাতাল আছে, সেখানে ২২৫টা বেড আছে। কিন্তু, সেখানে এত রোগীর ভীড় হয়, বিভিন্ন জায়গা থেকে এত চাপ পড়ে, যে তাদের স্থান দিতে পারে না। তারপর সেখানে রোগীদের জন্য যে ডাইটএর বন্দোবস্ত আছে, তা খুব কম। কলকাতায় যেসমস্ত হাসপাতাল রয়েছে, তাদের তুলনায় অত্যন্ত নগণ্য। সেখানের হাসপাতালে মাথাপিছু এক টাকা দুই আনা পড়ে, আর কলকাতার হাসপাতালে আড়াই টাকা করে মাথাপিছু ডাইট দেওয়া হয়। তা ছাড়া, সেখানে হাসপাতালে রোগীদের ঔষধপত্র সব নিজেদের কিনে দিতে হয়, হাসপাতাল থেকে কোন ব্যবস্থা করা হয় না। এই হল সেখানকার হাসপাতালের অবস্থা। চিকিৎসা সম্বন্ধে বলতে গেলে, প্রথমেই বলতে হয়—বর্তমানে এই যে ইনফ্লুয়েঞ্জা রোগ দেখা দিয়েছে, তারজন্য আজ পর্যন্ত কোন প্রিভেন্টিভ স্টেপ সরকারের তরফ থেকে নেওয়া হয় নি। আজ পর্যন্ত সিনেমা বন্ধ করা হয় নি, বা স্কুল কলেজ বন্ধ করবার কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। (এ ভয়েস—স্কুল বন্ধ হয়ে গিয়েছে।) সিনেমাত এখনও বন্ধ করা হয় নি। তারপর আমি মেডিক্যাল শিক্ষা সম্বন্ধে কিছু বলতে চাই। সরকার কলকাতায় মেডিকেল কলেজ রাখতে চান, মফঃস্বলে রাখতে চান না ; এর ফলে মফঃস্বলের ছাত্রদের মেডিক্যাল শিক্ষা লাভে অত্যন্ত অসুবিধা হয়। শুধু তাই নয়, মফঃস্বলের রোগীদেরও এর জন্য বিশেষ অসুবিধা ভোগ করতে হয়। কারণ দেখা যায়, পল্লী অঞ্চল থেকে রোগীরা চিকিৎসার জন্য যখন কলকাতার হাসপাতালে আসে, তখন পথের মধ্যেই অনেকে মারা যায়, এবং শেষ পর্যন্ত যারা কলকাতায় পৌঁছাতে পারে, তারাও এসে দেখেন স্থানাভাব এখানে চিকিৎসা করাতে পারেন না। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবে কলকাতার হাসপতালে রাস কমাবার জন্য মফঃস্বল অঞ্চলে, বিশেষতঃ যেমন বর্ধমান, বাঁকুড়া, জলপাইগুড়ি যে সমস্ত মেডিকেল স্কুল ছিল, সেগুলির পুনঃপ্রতিষ্ঠিত করে, সেখানে যাতে মেডিক্যাল কলেজ স্থাপন করা যায় তার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। মেডিকল শিক্ষার দায়িত্ব সম্পূর্ণভাবে সরকারকে গ্রহণ করতে হবে। আজকের দিনে কোন বে-সরকারী প্রতিষ্ঠানের পক্ষে মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা করা বা তা চালান সম্ভবপর নয়, এবং হাসপাতালও কোন বে-সরকারী প্রতিষ্ঠানের দ্বারা পরিচালিত করা সম্ভব নয়। আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতাল বা মেও হাসপাতালকে কয়েক হাজার টাকা গ্র্যান্ট দিয়ে, কর্তব্য শেষ করলে চলবে না, সরকারকে এর পূর্ণ দায়িত্ব নিতে হবে। মেডিক্যাল কলেজ হাসপাতালে রোগীদের জন্য ডাএটএর যে ব্যবস্থা আছে, সেই তুলনায় এই সমস্ত হাসপাতালে অত্যন্ত কম, মাত্র তার এক-তৃতীয়াংশ ব্যবস্থা করা হয়েছে।

নার্স ও ডাক্তারদের বিরুদ্ধে অনেক অভিযোগ শোনা যায়। ডাক্তাররা রোগী হাসপাতালে আসবামাত্র দেখেন না ও ঠিকমত চিকিৎসা করেন না। নার্সরা রোগীদের ঠিকমত যত্ন নেয় না, ও রোগীদের আত্মীয়-স্বজনের সঙ্গে ভাল ব্যবহার করেন না। এ জন্য আমি সরকারের নীতিকে দায়ী করবো। একজন নার্সকে সকাল সাতটা থেকে রাত্রি আটটা পর্যন্ত কাজ করতে হয়, এবং ৭০ জন রোগীর সেবা-শুশ্রূষা করতে হয়, তাতে মায়ামমতা বলে কিছু থাকতে পারে না। ডাক্তারদের অবস্থাও ঠিক একই রকম। ডাক্তার এবং নার্সদের সংখ্যা বাড়ান একান্ত প্রয়োজন আছে বলে আমি মনে করি।

এখানে গ্রামে গ্রামে হেল্থ সেন্টার খোলার কথা খুব বড় গলায় বলা হয়েছে। কিন্তু সাত-আট বছর পূর্বে গ্রামের লোক জমি ও টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও, আজ পর্যন্ত সেখানে কোন হাসপাতাল প্রতিষ্ঠিত করা হয় নি। আমি জানি, খণ্ডঘোষ থানা এলাকায় জমি

ও টাকা দেবার জন্য প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেখানে কোন হাসপাতাল করা হয় নি। আমি এ কথা বলবো আমাদের সরকারের চিকিৎসা ও জনস্বাস্থ্য বিভাগের দৃষ্টিভঙ্গী পরিবর্তন হওয়ার প্রয়োজন হয়েছে।

পল্লী অঞ্চলে যে সমস্ত ওয়াটার সাপ্লাইএর স্কিম আছে, তাতে, বহু পল্লীতে আজ পর্যন্ত জলের কোন ব্যবস্থা করা হয় নি। বহু সিডিউল কাষ্ট পল্লী ও তপশীল উপজাতী পল্লীতে এখনও পর্যন্ত পানীয় জলের কোন ব্যবস্থা করা হয় নি। তারা কর্দমাক্ত পুষ্করিণী থেকে জল খেয়ে কোনপ্রকারে জীবনধারণ করে থাকে।

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Mr. Speaker, Sir, I have so long carefully followed all the criticisms and comments made by the honourable members of this House. Some of the criticisms are quite healthy and based on experience and wisdom and will be helpful in guiding developments of health problems. Everything that is necessary and that we desire has not been provided for so far. It must, however, be recognised that this Government started its activities in 1947 with very little heritage to count upon and had to build up in all the spheres from mere scratches. The progress achieved so far is by no means inconsiderable and that is being maintained unabated. Health in West Bengal is really on the march. It is under the guidance of no less a personage than Dr. Roy. Any word to qualify him is inadequate. The health of the people of the State is always uppermost in his mind. What he desires—I have had occasions to come in contact with him and I have found that he desires a personnel of a very superior order—is an arrangement befitting and quite abreast with the latest modern developments. Since I took over charge of my office, he has always given me the full scope to work and also the full responsibility and independence in working. In the interim period when the part of the budget was sanctioned in the last session of the Assembly, it was necessary to make some revision in the indents of medicines and hospital requisites. The orders were given for that particular period, namely, for four or five months, to the firms who had the lowest quotations and thereby it was found that about ten lakhs of rupees were saved on that account. The Director of Health Services was given instructions in that respect and that was being done. Since I took over my office again, I repeat that there was, as usual, a Standing Committee with the Deputy Minister as the Chairman and the Deputy Directors and the Assistant Directors had formed a committee for considering the indents, orders and purchases. So after this the second portion of the budget being accepted, the committee will meet to consider the further indent and purchases of the hospital requisites and medicines. I had no experience of the Director of Health Services having had on any occasions to override the Minister of State who has been placed in charge of the Department of Health.

[7-15—7-25 p.m.]

I had to consult as Minister of State the Chief Minister and when a decision was formed that decision was intimated to the Director of Health Services and in fact, he translated that into practice in the administration of the Directorate. So the criticisms, the hot criticisms that have been levelled against all these are quite unfounded.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

আলিপুরের ও পশ্চিমবঙ্গের অন্যান্য আদালতের কর্মচারীরা প্রকাশ্যভাবে ঘুষ লইতেছে। ইহার প্রতিরোধে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Suhrid Mullick Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption, favouritism and nepotism in General Administration.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ভারতীয় সংবিধান ও আইন পুস্তকাদি সবই ইংরাজী ভাষায় রচিত হইতেছে। মাতৃভাষায় অর্থাৎ বাংলা ভাষায় উহা রচনা বা নকল করিয়া জনসাধারণের সুবিধা করিতে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলে ব্যাপকভাবে জুয়া চলিতেছে ইহার প্রতিরোধ করিতে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে ভিক্ষুকের সংখ্যা দিনদিন বৃদ্ধি পাইতেছে। ইহার প্রতিরোধে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে দিনের পর দিন ভিক্ষুকের সংখ্যা বৃদ্ধি হইতেছে। ইহার প্রতিরোধে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে বৈদ্যুতিক শক্তির প্রয়োগ ব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Deben Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the top-heavy administration of the Government.

Janab Elias Razi: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government regarding minorities in the State in the matter of representation in the services as also about their security.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about mal-administration, corruption, nepotism in the General Administration of the State.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the service condition of the lower grade employees under the various departments of the Government.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government (1) to publish the report of the Flood Enquiry Committee appointed in 1956 and (2) to report on the work of the flood control project for the hill rivers, Tista, etc.

Sj. Ledu Majhi: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পুরুলিয়া জেলায় অবস্থিত বেআইনী পঞ্চায়েৎ বিষয়ে সরকারী নীতি।

Sj. Bhim Chandra Mahato: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পুরুলিয়ায় চাকুরিতে বৈষম্যমূলক সরকারী আচরণ।

Sj. Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the imposition of bureaucratic domination over the Burdwan and Asansol Municpalities by curtailing their democratic rights.

Sj. Bhubon Chandra Kar Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কাঁথি মহকুমা শাসকের কংগ্রেসের দলীয় দুর্নীতি সমর্থন।

Sj. Bhadra Bahadur Hamal: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to put a stop to the practice followed by Government officials of engaging subordinates on domestic service. This practice is rampant in the Darjeeling district and immediate steps should be taken to put a stop to it.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to put a stop to the practice followed by the employers in the tea gardens of evicting the entire workers' family if the head of the family is discharged or dismissed from service. This practice has been declared illegal by the Labour Appellate Tribunal as well as by the Labour Ministry of the Government of India. But in spite of the fact the employers are continuing this practice on a large scale.

Sj. Mangru Bhagat: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

চা-বাগানগুলিতে পুলিশের সঙ্গে যোগসাজসে মালিকপক্ষ কর্তৃক ট্রেড ইউনিয়ন আন্দোলন ও ট্রেড ইউনিয়ন কর্মীদের হয়রাণ করিবার জন্য নানা রকম কৌশল বন্ধ করিতে সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

চা-বাগানগুলিতে মালিকপক্ষ কর্তৃক শ্রমিক পরিবারের কর্তাকে বরখাস্ত করার সঙ্গে সঙ্গে গোটা শ্রমিক পরিবারকে বাগান হইতে উচ্ছেদ ও বহিষ্কার করার যে বে-আইনী প্রথা চলিয়া আসিতেছে তাহা বন্ধ করিতে সরকারের ব্যর্থতা। কেন্দ্রীয় শ্রম আদালত এই প্রথার বিরুদ্ধে রায় দেওয়া সত্ত্বেও এবং বিগত কয়েক মাসের মধ্যে কেন্দ্রীয় ও রাজ্যসরকার এই প্রথা বে-আইনী বলিয়া মত প্রকাশ করা সত্ত্বেও মালিকপক্ষ নির্বিবাদে তাহা চালাইয়া যাইতেছে। অবিলম্বে ইহা বন্ধ করা ও বহিষ্কৃত শ্রমিকগণকে পুনরায় বাগানে ফিরিয়া যাইতে দেওয়ার ব্যবস্থার জন্য মালিকপক্ষের প্রতি নির্দেশ দেওয়া প্রয়োজন।

Sj. S. N. Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to put a stop to the practice followed by the employers in the tea gardens of evicting the entire workers' family if the head of the family is dismissed from service. This practice has been declared as illegal by the Labour Appellate Tribunal and the Government of India. Still the employers are with impunity continuing this practice and have in recent months evicted or issued eviction notices on a large number of workers' families.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the appointment of the Chairman of the Burdwan Municipality.

Sj. Bhadra Bahadur Hamal: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to introduce the Nepali language as the official language for the hill subdivisions of the Darjeeling district. The overwhelming majority of the population of this area is Nepali-speaking and adoption of that language as the official language would make it possible for the people most of whom are uneducated to understand how the administration is functioning.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to expedite the work of the Darjeeling Enquiry Committee before which representations were submitted for taking steps towards the establishment of a District Autonomous Council entrusted with the tasks of development of the district. The Committee has not been able to suggest interim measures for the advancement in economic, education, health and other matters of the people of this district who have remained backward due to no fault of their own.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take over the Tea Gardens the closure of which almost every year for a number of months due to the failure of the management has become almost a chronic affair. These closures not only throw large number of workers out of employment but also lead to the ruin of the industry itself as by the very nature of the tea industry the bushes require to be cared for and looked after in order to maintain the capacity of producing leaves.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the supersession of Asansol Municipality.

Sj. Bhadra Bahadur Hamal: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take steps to expedite the work of the First and Second Industrial Tribunals before which disputes of a number of tea garden workers are pending for a long time.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the huge amount of money allotted to the Governor and his office and about other top-heavy provisions of expenditure for administration of Government.

Janab Elias Razi: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to give proper protection to the minority communities residing in this State, particularly in the district of Malda.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government of West Bengal to screen the Indian history period by period with a view to acquaint our people with our history.

Janab Syed Badrudduja: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy as also about the bureaucratic character of the top-heavy administration.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the nature of the Preventive Detention and the Security Acts and their aribitrary use by the Government.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to ameliorate the condition of the Biri Workers of the Jangipur subdivision.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to solve the problem of employment and to provide adequate representation for minorities in the services particularly in the Police, the Executive and the Judiciary.

Dr. Dhirendra Nath Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of abolishing the post of Divisional Commissioners.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about bribery, corruption and nepotism in the Department of Refugee Relief and Rehabilitation.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about inefficiency and corruption in the Department of Food, Relief and Supplies —Relief Branch.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption and nepotism in General Administration.

Sj. Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the following:—

পশ্চিম দিনাজপুর জেলায় বহু বড় হাট জমিদারদের আছে. এই হাটগুলিতে অত্যধিক জমা তোলা ও লেখাই খরচ (গরু, মহিষ, ছাগল, ইত্যাদি বিক্রয়ের সময় রসিদ) আদায় করা হয় এবং হাটের কোন সংস্কার, পানীয় জলের ব্যবস্থা, বসিবার ঘর, বর্ষার সময় কাদা না হওয়ার জন্য হাটে বালী দেওয়া, প্রস্রাবখানা ও পায়খানার ব্যবস্থা কিছুই করা হয় না। বসিবার স্থান এবং যাতায়াতের স্থান অতি সংকীর্ণ হওয়ায় ভীষণ অসুবিধা হয়। হাটের নাম—দুর্গাপুর, পতিরাজ, মধুবন, হরিরামপুর (ইটাহার থানা), বংশীহারী, কুনোর, ধনকোল, কালিয়াগঞ্জ থানা (বাবুরহাট), কালিকাসাড়া (কুশমন্ডি থানা), মাড়াইহাট (বংশীহারী থানা), ইত্যাদি। বিভিন্ন হাটে বিভিন্ন ধরনের তোলা আদায় করা হয় এবং ঝাড়ুদারকে পৃথক বিক্রেতাদের দিতে হয়।

Sj. Monoranjan Misra: Sir, I beg to move that the demand ot Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy regarding General Administration.

Sj. Ramanuj Haldar: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the Government's impractical and undemocratic plan for the partition of the district of 24-Parganas and to locate the Headquarter for southern portion at an undesirable and out of the way place.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the negligence of the Government to the development of the Diamond Harbour town.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about service condition of the West Bengal Government employees and curtailment of Trade Union rights of the employees.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the recent dismissal of three employees working under the Government of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the top-heavy administration, corruption in administration, the low salaries of the subordinate staff and the method of keeping large number of employees as temporary hands for years together.

Sj. Haran Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Relief Branch of the Department of Food, Relief and Supplies to organise adequate and timely relief to the people in the flood affected districts.

Sj. S. N. Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

তরাই অঞ্চলে সর্বাঙ্গীণ উন্নতির জন্য একটি সামগ্রিক পরিকল্পনা গ্রহণে সরকারী অক্ষমতা। এই অঞ্চল শিল্প, কৃষি, শিক্ষা, প্রভৃত বিভিন্ন দিক দিয়া অত্যন্ত পশ্চাৎপদ। রাস্তাঘাট, জলসেচ, পানীয় জল সরবরাহ, চিকিৎসা ইত্যাদির অবস্থা শোচনীয়। বিশেষতঃ এই অঞ্চলের বেশীর ভাগ অধিবাসী পশ্চাৎপদ তপশীলী সম্প্রদায় ও তপশীলী উপজাতির শ্রমজীবি। সুতরাং এই অঞ্চলের উন্নতির জন্য একটি সামগ্রিক পরিকল্পনা অনুসারে অগ্রসর হওয়া প্রয়োজন এবং স্থানীয় জনসাধারণের সঙ্গে পরামর্শ করিয়া পরিকল্পনাটি রচিত হওয়া দরকার।

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to move to the Government of India for the abolition of the post of Divisional Commissioners and Governors on the ground that these two posts have no necessity at all from the administrative point of view.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to fix the salary of the Ministers of West Bengal within the limit of rupees five hundred.

Sir, I also beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to consider the demand raised by the ill-paid Government employees very recently.

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure on the part of the Government to run the administration of Panihati Municipality by one Administrator Shri A. C. Mitter, a retired Sub-Deputy Magistrate. This falls at Panihati within Barrackpore subdivision.

The local citizens urge upon the Government to hold election immediately after the expiry of the term on 23rd September, 1957.

Sj. Canesh Chosh: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the vindictive action of the Government in dismissing some Government employees who demanded an enhancement of 25 per cent. in their Dearness Allowance.

Sj. Cangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

রিফিউজী পুনর্বাসনের নামে গরীব কৃষকের জমি একোয়ার করিয়া হাজার হাজার কৃষককে সরকার নূতন রিফিউজী সৃষ্টি করিতেছেন সোনারপুর, ভাঙ্গর, বারুইপুর থানায়।

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the West Bengal Government to abide by the India Government's conversion rates in the matter of Naya Paisa.

Dr. Kanailal Bhattacharyee: Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of Government to check corruptions which are running rampant within the administration.

Sir, I beg to move that the demand of Rs. 1,83,23,000 for expenditure under Grant No. 13, Major Head: "25—General Administration", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of Government to deny higher wages and dearness allowance to its middle-class staff, when the prices of essential commodities are soaring high in the State.

Sj. Jyoti Basu:

মিঃ স্পীকার মহাশয়, প্রথমে বলার মুস্কিল হচ্ছে, কোথা থেকে এই মাইক্রোফোনগুলি আনা হয়েছে, জানি না। এগুলি জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন-এর মধ্যে পড়ে কিনা তাও জানি না। এগুলি অত্যন্ত খারাপ; এগুলি বদলান প্রয়োজন হয়ে পড়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার এখানে যেটা রয়েছে, এটা খুব ভাল।

Sj. Jyoti Basu:

আমাদের দিকে এখানে যেটা রয়েছে, এটা মোটেই ভাল নয়। শুনেছি এটা নাকি খগেনবাবু দিয়েছেন; এটা বদলে দেবেন।

আমার যে অল্প সময় আছে, তাতে সাধারণ শাসন খাতে ব্যয়-বরাদ্দ বলতে গিয়ে, কয়েকটা নীতিগত প্রশ্ন উত্থাপন করতে চাই, যদি জবাব থাকে ডাঃ বিধান চন্দ্র রায় তার জবাব দেবেন, আর না থাকলে দেবেন না। আমার যা বক্তব্য সেটা রাখবার চেষ্টা করছি। প্রথমে একটা গোড়ায় গলদ, যেটা প্রতিবারই হয়, এবারও তা হয়েছে, সে সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে সাধারণ শাসন খাতে ব্যয়-বরাদ্দ সম্বন্ধে বলতে গিয়ে, এই যে এঁরা মন্ত্রীমণ্ডল তৈরী করেছেন, এটা বাংলাদেশের প্রয়োজনে করেন নি। পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক করবার জন্যও করেন নি; এবং পূর্বে এঁরা ভেবেছিলেন নির্বাচনের পর আমরা কতগুলি এ্যাপ্লিকেশন পাচ্ছি এটা দেখি। অনেক এ্যাপ্লিকেশন এসেছে, আমরা মন্ত্রী হতে চাই বলে।

[9-20—9-30 a.m.]

ডাঃ রায় এভাবে তাদের খুসী করবার চেষ্টা করেছেন। আমরা বুঝি ওঁর পক্ষে ওটা খুব সোজা নয়। কিন্তু এই ব্যাপারে আমি তাঁকে এবং তাঁর মন্ত্রীমণ্ডলীকে অভিযুক্ত করছি। তিনি বল্লেন সেদিন ২।৪ জন মন্ত্রী না করলে কত টাকা বাঁচবে, তাতে এমন কি লাভ হবে। কিন্তু তিনি ভেবে দেখলেন না এরও একটা ডিমর‍্যালাইজিং এফেক্ট আছে। সেদিন আমি প্রশ্ন তুলেছিলাম—অন্য ব্যাপারে—এই যে সব ডেপুটী মিনিষ্টার, ষ্টেট মিনিষ্টার, এদের কি কোন ক্ষমতা আছে? আমাদের কনষ্টিটিউশন-এর ১৬৬ ধারায় এঁদের যে ক্ষমতা দেওয়ার কথা আছে, আমার মনে হয় তিনি তাঁদের সেই ক্ষমতা দেন নি। আমার কথা যদি অসত্য হয় তাহলে তিনি সেটা বলে দিন—তিনি বলুন আমাদের সংবিধানের ১৬৬(৩) ধারা অনুসারে এই ডেপুটী মিনিষ্টার, মিনিষ্টার অফ ষ্টেট, এঁদের তিনি কিসের চার্জ দিয়েছেন, এঁদের তিনি প্রকৃতই কোন চার্জ দিয়েছেন কি না। প্রত্যেক ব্যাপারেই তাঁরা সেক্রেটারীর উপর নির্ভর করেন। এবং বারে বারে তাঁদের মুখামন্ত্রীর কাছে ছুটে যেতে হয়। আমার কথা হচ্ছে, তিনি তাঁদের কোন ক্ষমতা দিতে চান না। আমি এখানে অঙ্ক-টঙ্কর ব্যাপারের মধ্যে যেতে চাই না, কারণ, আমি যদি বলি কেন আপনারা গভর্নর-এর জন্য ১১ লক্ষ ২৩ হাজার টাকা বরাদ্দ করেছেন, তিনি বলবেন, এ আর এমন বেশী কি, এটা বেশী কিছু নয়। আপনারা কোনদিন ভেবে দেখেছেন কি খরচ কমান যায় কি না, মন্ত্রীরা কম বেতন নিতে পারেন কি না। ইকনমিক পয়েন্ট অফ ভিউ থেকে, অর্থনৈতিক বিচারে না হয় নাই হলো, তবু এর একটা ভাল মর‍্যাল এফেক্ট সৃষ্টি হয়, মন্ত্রীরা কম বেতন নিলে—বা ধরুন, যেমন রাজ্যপালিকা, তাঁর জন্য ৫ লক্ষ টাকা খরচ হবে। এই খরচের কোন কারণ আছে কি না বা তিনি এর থেকে ছোট বাড়ীতে থাকতে পারেন কি না, এসব ভেবেছেন কি? তারপর, ডাক্তার দরকার হয় তাঁর জন্য। কলকাতা সহরে তো ডাক্তারের অভাব নাই। অসুখ হ'লে কোন ডাক্তারকে কল দিলে তিনি ফি নিয়ে তাঁকে দেখতে পারেন। তা ছাড়া আরো কত খরচ আছে, যেগুলি সম্পূর্ণ বাজে—যেমন, পর্দা, কার্পেট ইত্যাদি। আপনারা হয় তো বলবেন এতে আর খরচ বেশী কি হবে? আমি বেশীর কথা বলছি না। এর একটা ডিমর‍্যালাইজিং এফেক্ট হয়। যেখানে লোক না খেতে পেয়ে মারা যায়, সেখানে এসব জিনিষ ঠিক হচ্ছে কি না এটা তাঁরা ভেবেছেন কি? এইভাবে কংগ্রেস সরকার চলছে। আপনারা মন্ত্রীদের মাইনে বাড়ানোর জন্য আইন করবার চেষ্টা করলেন—এখন অবশ্য সেটা রেখে দিয়েছেন—একবারও ভেবে দেখলেন না নিজেরা কম বেতন নিয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করা যায় কি না। কর্মচারীদের সম্বন্ধে অনেকে অনেক কথা বলেন। টপ হেভি এ্যাডমিনিষ্ট্রেশন-এর কথা অনেকবার বলা হয়েছে। এ-সম্বন্ধে আর বিশেষ কিছু বলতে চাই না। ১১ লক্ষ ৪৪ হাজার কর্মচারীদের মধ্যে শতকরা ৬০ ভাগ কর্মচারী—সংখ্যা এঁদের ৯৫ হাজারের মত—১০০ টাকার কম বেতন পান। ৬৬ হাজার লোক ৭৫ টাকার কম পায়, ১৬ হাজার ৫০ টাকার কম পায়। এই যদি কর্মচারীদের অবস্থা হয় তাহ'লে সেক্ষেত্রে কর্মচারীদের দিয়ে কোন কাজ হতে পারে, তাদের মধ্যে নিশ্চয়ই অসন্তুষ্টির ভাব জমবে। এই যে মিনিয়্যালস, চাপরাশী, এঁদের কথা যদি বলা হয়, তাহ'লে আপনারা সেই ডিভাইড এ্যান্ড রুল পলিসি অবলম্বন করে বলে দেন, তাদের তো আর জীবনযাত্রার মান বাড়ে নি, মিডল ক্লাশ লোকের তো আর জীবনযাত্রার মান বাড়ে নি। তাদের তো আর ছেলেপেলেদের লেখাপড়া শেখাতে হয় না। স্বাধীনতার পর ১০ বৎসর হয়ে গিয়েছে, তারা নিজেরা লেখাপড়া শিখতে পায় নি ব'লে কি তাদের মনে ছেলেপেলেদের লেখাপড়া শেখাবার ইচ্ছা আসে না? আপনারা বলেন, মিনিয়্যালস, এরা আবার লেখাপড়া শিখবে কি? তারপর ২৩২ জন অফিসার আছেন, যাঁদের বেসিক সেলারী এক হাজার থেকে ৪ হাজার টাকা। অথচ আপনারা বলছেন সমাজতান্ত্রিক রাষ্ট্র গ'ড়ে তুলবেন। বছরের পর বছর আপনারা অনেক কর্মচারীকে পার্মানেন্ট করেন না, অস্থায়ী করে রেখে দেন। সেদিন দেখছিলাম গেজেটেড ষ্টাফ বাহিরে শতকরা ৬৮ জন—এটা ১৯৫৫ সালের হিসাব—পার্মানেন্ট হয় নি। নন-গেজেটেড ষ্টাফ-এ শতকরা ৮১ ভাগের পার্মানেন্ট সার্ভিস হয় নি। অথচ পাবলিক সার্ভিস কমিশন সেদিন আমি পড়ছিলাম—তারা বলেছেন এটা ঠিক নয়। দশ-বছর হয়ে গেল এগুলি এখনো আপনারা ঠিক করতে পারলেন না। আপনারা টাকার অজুহাত দেন। এই করে শতকরা

৯০ ভাগ কর্মচারী রাইটার্স বিল্ডিংস এবং জেলায়—সরকারের বিরুদ্ধে চলে গিয়েছে। আজকে তারা আপনাদের ঘৃণা করেন, আপনাদের নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করেন। আপনারা বলেন কমিউনিষ্ট পার্টি, তাদের ক্ষেপিয়ে দিয়েছে, কিন্তু তাদের তো বুদ্ধি-বিবেচনা আছে। কর্মচারীরা আজকে রাস্তায় বের হতে বাধ্য হয়েছে, তারা ডাঃ রায়ের বিরুদ্ধে ডিমনষ্ট্রেশন করে। তবু আপনারা বলবেন কি, আপানদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক হয়েছে। আপনারা পঞ্চানন মুখার্জী ও জগজ্জ্যোতি ঘোষ, এই দুইজনকে বরখাস্ত করেছেন। তারপর, সেই পুরানো আমলের সার্ভিস কন্ডাক্ট রুলস চালু রেখেছেন। গত ১০ বৎসরের মধ্যে ডাঃ রায় ব্রিটিশ আমলের সেই ঘৃণ্য আইন পরিবর্তন করতে পারলেন না।

[9-30—9-40 a.m.]

এত বড় বড় সব আপনার বন্ধু আছেন, ল'ইয়ার বন্ধু আছেন। এখানে এখানকার ভিতরে আছেন, বাইরেও আছেন। এত ব্যাপারে আপনাকে পরামর্শ দেন, মার্জারের ব্যাপারে—হাইকোর্টের এত বড় ল'ইয়ার পরামর্শ দিলেন—শ্রী সান্যালের কথাই বলছি—তাঁকে বলেছেন কি যে গভর্নমেন্ট সারভেন্টস কন্ডাক্ট রুলস পরিবর্তন করে দিন? একটা পুরানো ব্রিটিশ আমলের জিনিষ—তাই চলছে এতদিন পর্যন্ত! দশ বছর সময়, বড় কম নয়। করবার দরকার বোধ করেন নি, কারণ, যাদের জন্তু-জানোয়ার মনে করেন সেই কর্মচারী যারা তাদের রুলস নিয়ে মাথা ঘামাতে হবে! এত সময় আপনার কোথায়? তাতে কি লেখা আছে? এই নিয়েই তো আপনারা কাজ চালাচ্ছেন, এবং এই নিয়ে দু'জন কর্মচারীকে বরখাস্ত করেছেন। সেখানে বলছে গিফ্‌ট্‌স-এর ব্যাপারে—গিফ্‌ট্‌ কার কাছ থেকে নিতে পারে, কার কাছ থেকে নিতে পারবে না। সেখানে দেখছি—

"Permit any member of his family so to accept any gifts, gratuity or reward or any offer of a gift, gratuity or reward from an Indian."

অর্থাৎ যারা ইউরোপীয়ান অফিসার, তাঁদেরই বলা হচ্ছে যে, ইন্ডিয়ানদের কাছ থেকে কোন গভর্নমেন্ট কর্মচারী বা অফিসার কোন রিওয়ার্ড নিতে পারবেন না। এখানে 'ইন্ডিয়ান প্রিন্স' ব'লে একটা জিনিষ আছে। তারা যে কারা, এ জিনিষটা এখানে বুঝতে পারছি না। এখানে 'হিজ ম্যাজেষ্টিস গভর্নমেন্ট'ও আছে, সেক্রেটারী অফ ষ্টেটও লেখা আছে এখানে দেখছি, এই যা নিয়ে এই দু'জন ভদ্রলোককে তাড়িয়েছেন—

"Criticism of Government and publication of information and opinion upon matters relating to foreign countries. The relations between His Majesty's Government or the Governor General in Council and any foreign country or the ruler of any State in India."

দশ বছর রাজত্ব তো হয়ে গেল; এ-কথা বলতে পারেন না যে, এই কালকে গদীতে বসেছি, কি ক'রব? এ-ক্ষেত্রে আছে যে, আত্মীয়-স্বজনের বিরুদ্ধে যেটা ডাঃ রণেন সেন কিছুদিন আগে বলেছিলেন বা সোমনাথ লাহিড়ী বলেছিলেন যে, আপনাদের দালালী করতে কবে, অর্থাৎ বাড়ীর লোক দিয়ে, সরকারী কর্মচারী দ্বারা বাপ, মা, ভাই, বোন, যে তার টাকা খায়, তার বিরুদ্ধে দালালী করতে হবে, পুলিশের গুপ্তচর বৃত্তি করতে হবে, এবং সরকারকে খবর দিতে হবে যে, অমুক রাজনীতি করছে। এইরকম ক'রে চালাচ্ছেন। এটা করতে লজ্জা হ'ল না? এটার এখনও পরীক্ষা হ'ল না? যদি সরকারী কর্মচারীর চাকরী না যায় তাহলে তার পরীক্ষা হওয়া কঠিন। তারপরে, কোর্টে গেলে কি হবে জানি না। মনে হয় বাতিল হয়ে যাবে। বাতিল হয়ে গেলে নূতন আইন ক'রে দেবেন তা জানি। কিন্তু এই যে এত বড় বড় গণতন্ত্রের কথা বলেন, বন্ধু শ্রীসিদ্ধার্থ রায় একখানা লাল বই এনে ষ্ট্যালিন-এর না কার কথা, মস্কোর ব্যাপার এখানে পড়ে গেলেন। তিনি বললেন—

"As a lawyer I have been taught not to look to laws in other countries but to laws in my country."

আমরা তো মস্কোর কথা বলি নি। মূর্খের কাছে মস্কোর কথা কি বলব? যারা মানুষকে খেতে দিতে পারে না, তাদের কাছে মস্কোর কথা বলতে পারি না। তাই আমি বলছিলাম—আপনারা এদের কিছু দেবেন না, কোন ব্যবস্থা করবেন না, তার জন্য প্রতিবাদ করা কি অন্যায়

করা হচ্ছে? এরা রাস্তায় রাস্তায় ডিমনষ্ট্রেশন ক'রে বেড়াক, আমরা এটা চাই না; আমরা চাই না যে সরকারী কর্মচারীরা ডিমনষ্ট্রেশন করে; কিন্তু উপায় কি আছে? আপনারা কোন উপায় রাখেন নি। জানি না কি হয়েছে। গতকাল আমি ডাঃ রায়ের কাছে গিয়েছিলাম। কিছুদিন আগে তিনি সরকারী কর্মচারীদের সংগে দেখা করেন, এ-কথা সংবাদপত্রে পড়ি, কিন্তু পড়ে বুঝতে পারলাম না যে, কি হয়েছে। কিছু অন্ততঃ উদারতা দেখান। একটা লোক ২ বছর বাদে পেনসেন পাবে, তাকে তাড়িয়ে দিলেন, তাকে সাবমিট করাবেন না খাইয়ে না পরিয়ে; এভাবে তাকে সাবমিট করাতে পারেন; হয় ত না খেতে পেলে হাতে-পায়ে ধরতে পারে; কিন্তু এতে কি তাদের ভালবাসা পাবেন? এতে আপনার কি লাভ হবে? এতে কেবল ঘৃণাই পাবেন। সাপ্রেস করতে পারেন তাদের, কিন্তু সেই সাপ্রেসড হয়ে তারা আপনাকে ঘৃণাই করবে, আপনাকে কোনরকম সম্মান দিতে পারবে না। এটা মনে করে রাখবেন। এদের সম্পর্কে আর বেশী কিছু বলতে চাই না। এদের কি হ'ল তা যদি দয়া কোরে বলে দেন তাহলে জানতে পারি। টি. ইউ. এ্যাক্ট ১৯২৬-এর মত ব্যবস্থা করতে দেবেন না। তারা বাহিরের লোক রাখতে পারবে না, ফেডারেশন করতে পারবে না। এ কোথায় লেখা আছে? ট্রেড ইউনিয়ন এ্যাক্ট, ১৯২৬—ব্রিটিশ আমলে যা হয়েছিল, সেখানে কি এই লেখা আছে? সেখানে তারা দুটো প্রস্তাব পাশ করেছিল—ঐ ওয়েলিংটন স্কোয়ারে, পচা চাল দেখিয়েছে সেখানে, আর ২ টাকা কেন বাড়িয়েছেন এই কথা হয়েছিল। এই কথায় এত শাস্তি! এত দেমাক! আর এদের বিরুদ্ধে এমন একটা চার্জ যে ডাঃ রণেন সেন আর ফরোয়ার্ড ব্লকের চিত্ত বোস—এঁরা মিটিংএ উপস্থিত ছিলেন—এই অপরাধ! ডাঃ রণেন সেন বলছেন যে, তিনি সেখানে ছিলেন না, অথচ পুলিশ এই চার্জ তাদের বিরুদ্ধে দিয়েছে এবং তার জন্য এইভাবে তাদের পানিশ করেছেন। হয়ত আরও প্রমাণ পাবেন তা জানি। কারণ ডাঃ বিধানচন্দ্র রায় সমস্ত অফিসারকে মিথ্যা কথা বলতে শিখিয়েছেন, তা না হলে পরের দিন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করেছেন এবং এই দুই ভদ্রলোকের চাকরী শেষ ক'রে দিয়েছেন এইসব মিথ্যা অজুহাত দিয়ে। মিটিংএ উপস্থিত থাকায় অপরাধ হয় না। কেউত ষড়যন্ত্র করে নি, খোলাখুলি মিটিং করেছে, কাগজে সে খবর বেরিয়েছে। আপনারা বলেন ৫ টাকার বেশী দিতে পারছি না; আগে ত দু'টাকা দিয়েছিলেন—বক্‌শিস দিয়েছিলেন। তাই বলছি, একটু মনোযোগ দিয়ে ব্যবস্থা করুন, না হ'লে দেশেরও উপকার হবে না, আপনাদেরও হবে না। এইভাবে অসংখ্য সরকারী কর্মচারীদের সংগে ব্যবহার করা কারও পক্ষে মঙ্গলজনক নয়।

তারপর শাসনের কথা বলতে গিয়ে আমরা দেখেছি যে, আপনারা সমস্ত সরকারী মেশিনারী ব্যবহার করেছেন, কংগ্রেস পার্টিকে প্রতিষ্ঠা করবার জন্য অন্য পার্টির বিরুদ্ধে। কংগ্রেস পার্টিকে নূতনভাবে প্রতিষ্ঠিত করতে হবে, কিন্তু সেজন্য সরকারী যন্ত্র কেন ব্যবহার করছেন? গত দশ বৎসরে সিনেমা এ্যাডভারটাইজমেন্ট, বাস লাইসেন্স, ট্যাক্সী পারমিট—এগুলো দেওয়া হয়েছে, দেখতে পাই, তার মধ্যে মন্ত্রীরাও আছেন, এম, এল, এ,রাও আছেন। দার্জিলিং-শিলিগুড়ির বিভিন্ন জায়গায় গিয়ে শুনি অমুক কংগ্রেস এম, এল, এ, অমুক কংগ্রেস সেক্রেটারীর লোক, এইভাবে তারা 'পারমিট' পায়। যাদের মন্ত্রী করতে পারছেন না, উপমন্ত্রী করতে পারছেন না, তাদের এইভাবে ব্যবস্থা করছেন। তার কিছু কিছু লিষ্ট আমার কাছে ছিল। এগুলি বলবার সময় নেই। এইভাবে তাঁরা ব্যবহার করছেন। সেইজন্য আমি বলেছি, রিলিফ কমিটি, ডেভেলপমেন্ট কাউন্সিল এবং অন্য সব কমিটি, বাংলা-দেশে যা হয়, যেখানে 'নমিশেন' আছে, সেখানে কোন অপোজিশন পার্টির লোককে 'নমিনেট' করেছেন ব'লে জানি না। এমনিভাবে আমরা দেখতে পাই যে, কংগ্রেস সেক্রেটারীর কাছে পর্যন্ত সার্কুলার যায় এবং তাঁরা রিকমেন্ড করলে কাঁচড়াপাড়ার হাঁসপাতাল যেখানে ৫০০ 'বেড' আছে, সেখানে যেতে পারে। কংগ্রেস সেক্রেটারীকে বিশেষ ক্ষমতা কি ক'রে দেওয়া থাকে সরকার থেকে? তারাও একটা 'পার্ট' সরকারী যন্ত্রের এইভাবে আপনারা ব্যবহার করছেন এবং সেইভাবে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের একটা উদাহরণ দেব। তিনি নির্বাচনের সময় সফরে বেরিয়েছিলেন। মন্ত্রীরা যখন সফরে যান সরকারী টাকায় যান,

সরকারী জীপ, সরকারী গাড়ী ব্যবহার করেন। তাঁর একটা 'টুর প্রোগ্রাম' আমি দেখেছি—এটা এম, এল, এ-দের পাঠাতে হয়, কিন্তু তার সঙ্গে দেখেছি অন্য জায়গায়ও পাঠিয়েছেন, এবং সেটা হচ্ছে শ্রীশান্তিমোহন রায়, কংগ্রেস অফিস, পোষ্ট-অফিস আরামবাগ, ডিষ্ট্রিক্ট হুগলী। আর একজন সেক্রেটারী বর্ধমান ডিষ্ট্রিক্ট সম্মিলনী, ডাক্তার কে, সি, সর্বাধিকারী, আমহার্ষ্ট ষ্ট্রীট। তিনি সরকারী কাজ করেন। তাঁর প্রোগ্রামের ভিতর আছে—

"Foundation stone laying for Khanakul Mandal Congress Committee."

সরকারী টাকা দিয়ে কংগ্রেসের কাজ করছেন, এবং নির্বাচনের প্রচার করছেন।

এটার সম্বন্ধে প্রিন্টেড যেটা, সেটার এক কপি দিতে হবে যে, মন্ত্রীরা সফরে যাবেন—

to all members of Legislative Assembly, West Bengal,

লেজিসলেটিভ কাউন্সিলের মেম্বর ইত্যাদি, ইত্যাদি অনেক আছে, সেক্রেটারী, ডিষ্ট্রিক্ট কংগ্রেস কমিটি ইত্যাদিও আছে এবং সেক্রেটারী, সাবডিভিশন্যাল কংগ্রেস কমিটিও আছেন, অন্য কোন পার্টির নাম নেই। যাদের নাম 'প্রিন্টেড লিষ্ট'এ নেই, এরকম লোককেও পাঠিয়ে দেওয়া হ'ল। এইভাবে প্রত্যেক মন্ত্রী এইরকম ব্যবস্থা করেন, তা আমি জানি।

[9-40—9-50 a.m.]

সরকারী টাকায় তিনি কংগ্রেসের কাজ করছেন এবং তাঁর নির্বাচনী প্রচার তিনি করেছেন। এটা প্রিন্টেড আছে। এখানে—

all members of the Legislative Assembly, West Bengal, in that division

লেখা আছে। অর্থাৎ তাঁদের এই কপি দিতে হবে, যখন মন্ত্রী বাহিরে সফরে যাবেন। এতে Legislative Council, Secretary, District Congress Committee, Secretary, Subdivisional Congress Committee.

ইত্যাদি লেখা আছে। অন্য কোন পার্টির কেন নাম নেই? যার নাম প্রিন্টেড লিষ্ট-এ নেই সেইরকম লোককেও পাঠিয়ে দেওয়া হ'ল। প্রত্যেক মন্ত্রী যে এইরকম ব্যবস্থা করেছেন সেটা আমি জানি। এ-বিষয়ে অনেক উদাহরণ আছে, কিন্তু সমস্তগুলো এখন বলতে পারছি না। অর্থাৎ সরকারী যন্ত্রকে এইভাবে আপনারা পার্টি পারপাস-এ ব্যবহার করছেন—জনগণের সেবায় ব্যবহার করছেন না। ঠিক সেইরকমভাবে পাবলিসিটি ডিপার্টমেন্ট-এর কথা ধরুন। পাবলিসিটি ডিপার্টমেন্ট কি করেন? তাঁরা অনেক জায়গায় এ্যাডভারটাইজমেন্ট দেন, কংগ্রেস কাগজে এ্যাডভারটাইজমেন্ট দেন, কংগ্রেস সমর্থক কাগজে এ্যাডভারটাইজমেন্ট দেন, কিন্তু আমাদের কাগজে দেওয়া হয় না। অর্থাৎ সেই সমস্ত এ্যাডভারটাইজমেন্ট অন্য বিরোধী কাগজে কেন দেওয়া হয় না, স্বাধীনতায় কেন দেওয়া হয় না? এ-বিষয় নিয়ে আমরা কেশকারের সঙ্গে দেখা করেছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম যে, এ-বিষয়ে আপনাদের পলিসিটা কি? তিনি আমাদের বলেছিলেন যে, এটা আমাদের কোন নীতি নয় যে, শুধু কংগ্রেসের কাগজেও দেব, আপনাদের কাগজেও দেব। কিন্তু আজ অবধি বাংলাদেশে এর কোন নিদর্শন আমরা এই এ্যাডভারটাইজমেন্ট-এর ব্যাপারে দেখতে পাই নি এবং যতদূর আমরা জানি যে, যাতে না দেওয়া হয় সেই ব্যবস্থাই ডাঃ বিধানচন্দ্র রায় করেছেন। এইভাবে একটা পার্টিগত নীতি তাঁরা চালাচ্ছেন এবং সেই কারণে এখানে গণতন্ত্রের কোন নাম-গন্ধ নেই। আপনারা ঠিক সেইভাবে দেখুন যে, আমাদের সরকার কিভাবে চলেছে। এ-বিষয়ে আমি ২।১টা উদাহরণ দেব। গভর্নমেন্ট সার্ভিস যাদের করতে হয়, তাদের বেলায় একটা নিয়ম আছে যে, পুলিশ রিপোর্ট যদি খারাপ হয় তাহলে তাদের চাকরী যাবে। কিন্তু আপনারা তো পাবলিকলি বলবেন যে পুলিশ রিপোর্ট খারাপ মানে কি? আপনি যদি পরিষ্কার করে বলে দেন যে, এটার প্রকৃত অর্থ কি, তাহলে যুবকরা সেসব কাজে লিপ্ত হবেন না। কিন্তু আপনারা কিছু করলেন না। পাবলিক সার্ভিস কমিশন-এর একটা কেস আমার কাছে এসেছে এবং আমি তার নামটা এখানে বলব না, কারণ তিনি বোধহয় অন্যভাবে চেষ্টা করছেন। এই কেসটায় কিনা তিনি চাকরী পেলেন এবং ৬ মাস চাকরী করার পর পাবলিক সার্ভিস কমিশন থেকে চিঠি গেল যে, পুলিশ রিপোর্টের জন্য সে আর চাকরী করতে পারবে না। এইভাবে

একটা ইয়ং ম্যান-এর সমস্ত জীবনটাই আপনারা নষ্ট করে দিলেন। পুলিশের কাছে যখন তার ইন্টারভিউ হয়েছিল তখন পুলিশ ওঁকে কি জিজ্ঞাসা করেছিল শুনুন। পুলিশ ওঁকে জিজ্ঞাসা করেন যে, আপনি কি কমিউনিষ্ট পার্টিতে কাজ করেন? এর উত্তরে উনি বলেন যে, না আমি কাজ করি না। তখন তারা বললে যে, না আমরা আপনাকে একটু পরীক্ষা করছিলাম। তারা আবার জিজ্ঞাসা করল যে, যখন আপনি কলেজে পড়তেন তখন আপনি কি ষ্টুডেন্ট ফেডারেশন করতেন? তার উত্তরে তিনি বললেন যে, হ্যাঁ, আমি এটা করতাম, কিন্তু এই ষ্টুডেন্ট ফেডারেশন করাটা কি খারাপ? তখন তারা তাকে বলল যে, আপনি লিখে দিন যে আপনি কোন কমিউনিষ্ট ডোমিনেটেড ইউনিয়ন-এ থাকবেন না। আমার আরও ৫ মিনিট দরকার আছে এবং সেটা আমি অন্যের সঙ্গে এ্যাডজাষ্ট করে নেব। অর্থাৎ যখন তাঁকে লিখতে বলা হ'ল যে, আপনি কোন কমিউনিষ্ট ইউনিয়ন-এ যোগ দিতে পারবেন না, তখন তিনি বলেন যে, এটা আমি লিখতে পারব না। এ-বিষয়ে সাইক্লোষ্টাইল ডকুমেন্ট একটা পুলিশের কাছে আছে। সেই ভদ্রলোক বললেন যে, কোন রাজনৈতিক পরিচালিত দলে আমি যোগ দেব না কথাগুলি লিখতে পারি। তখন পুলিশ অফিসার তাঁকে সেটাই লিখতে বললেন। তাঁর চাকরীর দরকার বলে তাতেই তিনি সই করে দিলেন। কিন্তু তাও তিনি চাকরী রাখতে পারলেন না। এখন এই যদি হয়, তাহলে এটাকে কি এ্যাডমিনিষ্ট্রেশন বলে, না এটাকে স্বৈরাচারী শাসন ব্যবস্থা বলে। আমি পাবলিক্ সার্ভিস কমিশন-এর রিপোর্টে দেখেছি যে, এইরকম কেস সাইটেড হয়েছে যে, পুলিশ রিপোর্টের জন্য চাকরী হয় নি। আমি যখন দার্জিলিং-এ গিয়েছিলাম, তখন ডাঃ আমেদের এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর একটি পিওন আমার সঙ্গে দেখা করেছিল। সেই পিওনের নাম ধনবাহাদুর ছেত্রী। তাকে বলা হয়েছে যে, পুলিশ রিপোর্টের জন্য তার চাকরী গেছে। সে ৫।৬ বছর চাকরী করছিল, কিন্তু সেটা যাওয়াতে সে কি খাবে? তারপর সে পুলিশের কাছে তার রিপোর্ট সম্বন্ধে জানতে গেল। সে ওখানকার লোয়ার গ্রেড এম্প্লয়িজ ইউনিয়ন-এর সেক্রেটারী এটাই তার অপরাধ কি না জিজ্ঞাসা করতে পুলিশ কিছুই বলতে রাজী হ'ল না। অফিসারদের কাছে চিঠির করস্পণ্ডেন্স আমার কাছে আছে। অতএব আমরা জানতে চাই যে, পুলিশ রিপোর্ট মানেটা কি? চোর, ডাকাত, বদমায়েস, বেশ্যা বাড়ী যায় না কি পুলিশ রিপোর্টে থাকে। ঠিক সেইভাবে বদরীনারায়ণ প্রধান, বি,এ, পাশ, আমাদের কমিউনিষ্ট পার্টির লোক। ইনি একজন নেপালী। নেপালীদের মধ্যে খুব কম বি,এ, পাশ আছে। ইনি কালিংপঙে স্কুলের টিচার ছিলেন। এঁর চাকরী যায়। প্রিন্সিপাল ওঁকে ডেকে বললেন যে, কোলকাতা থেকে অর্ডার এসেছে এবং বন্ধুভাবে আপনাকে বলছি যে, কমিউনিষ্ট বলে—

your service is no longer required.

এখন আমরা একটা পার্টি এবং বাংলাদেশে এখন একটা মেজর পার্টি। ভারতবর্ষের মধ্যেও একটা মেজর পার্টি। আমাদেরও কনষ্টিটিউশন-এ ফাংশন করবার অধিকার আছে। কিন্তু কংগেসের লোক হ'লে চাকরী যাবে না, আর কমিউনিষ্ট হ'লে চাকরী যায় কি করে এটা কি ঠিক হ'ল। অতএব আপনি নিয়মকানুনগুলো বলুন, আলোচনা করুন। কিন্তু কিছুই আপনারা না বলে মানুষের অপকার করছেন।

এবার আমি কন্ট্রাক্ট-এর ব্যাপার বলব। সরকারী কর্মচারিদের ব্যাপারে না হয় কিছুটা বোঝা যায়, কিন্তু কন্ট্রাক্ট-এর ব্যাপারে কি হচ্ছে দেখুন। অমিয়রঞ্জন গুহ বলে একটা লোকের কন্ট্রাক্ট চলে গেল। তিনি ডি-ভি-সি'তে কন্ট্রাক্টরী করতেন। তিনি সেখানে একজন সামান্য কন্ট্রাক্টর—২০০।৪০০ টাকা হয়ত রোজগার করতেন। কিন্তু তিনি কমিউনিষ্ট বলে তাঁর কন্ট্রাক্টারী চলে গেল। কারণ, তাঁকে বলা হ'ল যে সে কমিউনিষ্ট। এই চিঠিটা আপনারা দেখুন এবং এটা হচ্ছে—

a copy of a secret letter No. 705 C.S., dated 13th February, 1956,

এটা হচ্ছে পুলিশের রিপোর্ট। এতে লেখা আছে—

"Reliable information indicates that Amiya Ranjan Guha, son of so and so, was a member of the Communist Party of India. He was found contacting the local C.P. members and donating money

towards the party fund. He is at present a contractor of the D.V.C. and timber merchant at Sonamukhi, Bankura. He has since sought for transfer of his party membership from Calcutta to Bankura. He is considered unsuitable for appointment as a contractor under the Government. It is therefore requested that his name be cancelled from the contractors' list under the D.V.C.

S. Dutt Majumdar."

এস, দত্ত মজুমদার আর একটি সিক্রেট লেটার-এ ক্ষেত্র পালকে, আই-এ-এস, সেক্রেটারী, দামোদর-ভ্যালি কর্পোরেশন, লিখছেন—

"I am desired to refer to your demi-official letter No. (so and so), dated (so and so), addressed to the Chief Secretary to this Government and to say that the contractor should be black-listed, but the reasons for black-listing should not be communicated either to the contractor himself or to any member of the public."

এটা কি কংগ্রেস সরকারের বাপের জমিদারী? আমরা তো কিছুই বুঝতে পারছি না। একটা লোক যদি কমিউনিষ্ট পার্টির মেম্বার হয়, তাহলে সে কি কন্ট্রাক্টরী নিতে পারবে না? How was he found unsuitable? How can you black-list him? You cannot do it.

অথচ যখন বিধানবাবু মার্টিনবার্ন-এর দালালী করেন বা প্রফুল্লচন্দ্র সেন মহাশয় চিনির ব্যবসায়ী মাড়োয়ারীদের দালালী করেন এবং কল্যাণী সেসান অফ দি কংগ্রেসের জন্য যখন ২½ লক্ষ টাকা নেন,তখন কিছুই হয়নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I protest against the use of the word "dalali". I would ask the honourable member to withdraw it, as it is not parliamentary.

[Noise and interruptions]

Mr. Speaker: Order, order, Honourable members will kindly stop.

Sj. Jyoti Basu: Sir, is it unparliamentary?

Mr. Speaker: I have to look it up. I think it comes to touting. I translate it as touting.

Sj. Jyoti Basu: No; it is agent.

Mr. Speaker: Please do not question my decision.

Sj. Jyoti Basu: Sir, I would request you to get hold of an Oxford dictionary and look it up.

[Renewed interruptions]

Mr. Speaker: Order, order. The Speaker is on his legs, and he is entitled to have his say. Mr. Basu says that "dalal" means agent. I have construed it in a different way. I have taken it to mean touting; and if that is so, I will request the honourable member not to use it.

Sj. Subodh Banerjee: Sir, I will refer to one case law.

Mr. Speaker: When you will refer to it I will consider that, not now.

[9-50—10 a.m.]

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, নলিনাক্ষ সান্যাল ভার্সাস 'যুগবানী' মানহানি কেস যেটা হয়েছিল, সেখানে হাইকোর্ট রুলিং দিয়েছিলেন—

Dalali means agency and not touting.

Mr. Speaker: In the back ground of that case it is so.

Sj. Jyoti Basu:

তাহ'লে আমি কি ব্যবহার করবো? সেই মত বাংলার প্রতিশব্দ আপনি বলে দিন।

Mr. Speaker: It is not for me to say what expression you are going to use.

Sj. Jyoti Basu:

আমি তো মশাই "দালালী" ছাড়া জানি না।

[Laughter]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Is it so

উনি দালালী ছাড়া আর কিছু জানেন না?

Sj. Jyoti Basu:

ধরুন—যারা ঐ ডালহৌসি স্কোয়ারে বসে দালালী করেন—

[Noise and disturbance]

Mr. Speaker: 'Please do not go on like this', I will request members on both sides of the House. My decision will be, it is unparliamentary in the present context.

Sj. Jyoti Basu: 'Dalali' is unparliamentary? You cannot say so.

Sj. Deben Sen: I think your decision is, as I understand it, that you will look into this matter.

Mr. Speaker: My ruling is that the word is unparliamentary in the present context.

Sj. Jyoti Basu:

আপনি তা করতে পারেন না। আপনার সে ক্ষমতা নাই। আপনি যদি গায়ের জোরে করে দেন, তাহলে আমাদেরও অনেক কাজ গায়ের জোরে করতে হবে। উনি বলেছেন বলেই আপনাকে বলতে হবে, ওঁর মনে লাগলো, তা হতে পারে না। যেখানে জাষ্টিস পি, বি, মুখার্জি এ-কথা সহজ ভাষায় বলেছিলেন, ওয়ার্নড করেছিলেন, গভর্নমেন্ট তা শুনলেন না। ওঁকে যদি এজেন্ট বললে ভাল হয় তো সে আলাদা কথা।

Mr. Speaker: I never question the validity of the judgment of Mr. Justice P. B. Mukharji.

Sj. Jyoti Basu:

আপনার ইংরেজী শব্দ এজেন্ট বললে ভাল লাগে শুনতে? বেশ। যাঁরা এজেন্সি নিয়েছেন বড় বড় লোকদের, ব্ল্যাক-মার্কেটিয়ারদের, আমি তাঁদের বলতে চাই—

Sj. Bijoy Singh Nahar: On a point of order,

উনি, স্যার, আর একটা কথা বলেছেন—দি এক্সপ্রেশন "বাপের জমিদারী"। এটার কি হবে?

Mr. Speaker: Order, order. Hard words like 'Baper zemidari' and so on. I do not think you will find in May's Parliamentary Practice. It is unparliamentary in the sense that it merely means that these words are not consistent with the dignity of the House. At first I thought that I would look up to this matter in the books and give my ruling on the point but it struck me that the expressions like 'Baper zamidari' and 'Dalali' and so on are simply undermining the dignity of the House. Whether they

are used by members on this side of the House or the other side of the House that makes little difference. I would request you all without exception that let us not say things which may be taken to be offensive. That's all.

Sj. Jyoti Basu:

তারা কংগ্রেসকে টাকা দিল কি না দিল, পার্টনার হলো কি হলো না——

Mr. Speaker: You can certainly condemn him in the strongest possible words.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনার কাছে এটা কঠিন শব্দ মনে হচ্ছে। আমি যেগুলি বলছি, ৬। আমি সহজে বলছি না। আপনারা একটা যুবকের চাকরী খেয়ে দেবেন, সে তার বৃদ্ধ বাপ-মাকে খাওয়াতে পারবে না, সেটা বুঝি হার্ড হয় না? এটা কেন কংগ্রেস মন্ত্রীর মনে লাগবে না? তাই বলছি—হার্ড ওয়ার্ডস ব্রেক নো বোনস। হার্ড ওয়াডর্স-এ তাদের কিছু আসে যায় না। আমি একটা পিওনের কথা বলেছি, একটা যুবকের কথা বলেছি, একটা কন্ট্রাক্টর-এর কথা বলেছি। এইরকম ভুরি ভুরি কেস আমার কাছে আছে। আমি কোন ভাষা খুঁজে পাই না—কি দিয়ে সরকারকে গালিগালাজ করবো! অসুবিধা আপনার কিছু ভোগ করতে হবে না, আমাদেরও কোন অসুবিধা ভোগ করতে হবে না, কিন্তু একটা লোক কমিউনিষ্ট পার্টির সমর্থক বলে, চীফ সেক্রেটারী তার চাকরী খেয়ে নেবেন? তাই আবার বলতে হয়, হার্ড হয়। আমার অনেক সময় চলে গেছে। আমি বলছি—ডাঃ বিধানচন্দ্র রায় এমনভাবে সমস্ত কাজ পরিচালনা করছেন, পাবলিক সার্ভিস কমিশন, যেটাকে আমরা জানি সংবিধানে খুব উচ্চ স্থান দেওয়া হয়েছে, যারা মেম্বার, তাদের হাইকোর্ট জজের মতন পজিশন, সেখানে আমরা দেখছি ডাঃ বিধানচন্দ্র রায় এমন সব লোককে এ্যাপয়েন্টমেন্ট-এর জন্য রেকমেন্ড করবেন, এমন লোক চেয়ারম্যান হবেন, যেমন শ্রী এ, টি, সেন, যিনি ঘরে ঘরে ঘুরে বেড়াচ্ছেন, একবার এক মন্ত্রীর ঘর থেকে আর এক মন্ত্রীর ঘরে যাচ্ছেন, বিধানবাবু তাকে কখনো ধমকাচ্ছেন, কখনো বা বলছেন অমুক লোককে চাকরী করে দেবে হে; এই ভদ্রলোক মাছ ধরতে যান বর্ধমানে। তিনি সোনারপুর-আরাপ্যাচে মাছ ধরতে যান, সেখানে অফিসার গিয়ে দাঁড়িয়ে থাকে। এই সমস্ত ফ্যাক্ট আমার জানা আছে। তিনি টুর শেষে বর্ধমান ফার্ম থেকে যখন ফিরে আসছেন, তখন বর্ধমান ফার্মের যিনি বড় কর্তা, তার স্ত্রী এত এত ঝুড়ি ঝুড়ি তরিতরকারী তাঁকে দিয়ে যান। এই হচ্ছে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান, যিনি অতি সহজেই এপ্রোচেবল। সেই ভদ্রলোক কোনদিন ছ'শো টাকা মাইনে পান নাই, কোন দিন পার্মানেন্ট এম্প্লয়ি ছিলেন না। বার্মা দেশ থেকে ফিরে এলেন ইণ্ডিয়া গভর্নমেন্ট-এর চাকরী করবার জন্য। যেহেতু বিধানবাবুর সঙ্গে তার খাতির আছে, এডুকেশন সেক্রেটারীর সঙ্গে তার খাতির আছে, তার জন্যই তাকে এখানে চাকরী দেওয়া হয়েছে।

আর একটু বলেই শেষ করে দিচ্ছি। এত গোলমালে অনেকটা সময় গেছে। যা হোক পাবলিক সার্ভিস কমিশনের তিনিই সর্বনাশ করেছেন।

তারপর দেখতে পাচ্ছি নীতিগত কথা। আজ অবধি দেখলাম, পঞ্চায়েৎ বিল পাশ হয়ে গেল, কতবার বললাম, এখনো বলছি, সিক্রেট ব্যালট-এ সদস্য নির্বাচনের ব্যবস্থা করুন। প্রথম বৎসর আমরা বললাম নমিনেশন করবেন না, নির্বাচন করুন। এটাকে কি করে কংগ্রেসের কুক্ষিগত করা যায়, এই হচ্ছে তাদের একমাত্র চিন্তা, একমাত্র ভাবনা। সেইভাবে দেখছি কলিকাতা কর্পোরেশনে, সমস্ত স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানে, গণতান্ত্রিক প্রতিষ্ঠানে যতদিন পারা যায় তারা এডাল্ট ফ্রান্চাইজ ঠেকিয়ে রাখতে চান। অন্যান্য প্রদেশে এটা হয়ে গেছে। কতদিন এঁরা ঠেকিয়ে রাখবেন? ডাঃ রায়ের স্বৈরাচারী শাসনতন্ত্রে এই হয়েছে যাতে এডাল্ট ফ্রান্চাইজ না হয়। তারা অগণতান্ত্রিক উপায়ে স্বৈরাচারীভাবে সমস্ত কিছু চালিয়ে যাচ্ছে। আমরা শুনেছি এখন নাকি ফাইন্যান্স সেক্রেটারী একটা সার্কুলার জারী

করেছেন, তাতে ঠিক হয়েছে যে হিন্দী-শেখাটা কম্পালসরি, অর্থাৎ হিন্দী পাশ না করলে অফিসাররা পার্মানেন্ট হবে না, তাদের প্রমোশন হবে না। কবে এটা ঠিক হলো? তাতো আমরা জানি না। বাংলাদেশে হিন্দীর কি দরকার? আমরা তো তা বুঝতে পারলাম না! হিন্দী সর্বভারতীয় ভাষা, রাষ্ট্রভাষা। লোককে বুঝিয়ে-সুঝিয়ে বলুন, বাড়ীতে হিন্দী ইচ্ছে হলে শিখতে পারে। হিন্দী শেখাটা কম্পালসরি রুল করেন কি করে? আমি চাই এখনই সেই রুল উঠিয়ে নিন।

আর একটা কথা বলে শেষ করছি। ডাঃ বিধানচন্দ্র রায় এখানে বলেছেন, জাতীয়করণ ব্যাপারে আমাদের কোন হাত নাই, ওটা সেন্টার করতে পারেন। সংবিধানে এমন কোন কথা নাই। তিনি একমাত্র কম্পেনসেশন দিয়ে এই জাতীয়করণ করতে পারেন। এ-কথা কি তিনি সেন্টারকে জানিয়েছেন? তিনি কি বলেছেন আমরা চা-বাগান, ইংরেজের অমুক শিল্প ইত্যাদি জাতীয়করণ করতে চাই? তা তিনি বলেন নাই। কিভাবে রেভিনিউ পাবেন? দেশের গরীব লোকের উপর ট্যাক্সের পর ট্যাক্স হবে, আর কিছু হবে না। জাতীয়করণ প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। বিধানবাবু একবারও সে কথা সেন্টারকে বলেন নাই। ঠিক এইভাবে বর্তমান কলিকাতার বুকে ইংরেজ এবং ভারতীয়—এই দু-রকম পাশ করা ইঞ্জিনিয়ার—একজন ভারতীয় বিলেতে ইঞ্জিনিয়ারিং পাশ করা ছেলে, যেখানে ছ'শো টাকা, কি নয় শো টাকা মাইনে পায়, সেখানে একজন ইংরেজকে বার-শো টাকা থেকে ছ'হাজার টাকা পর্যন্ত মাইনে দেওয়া হয়। এটা কি রেশিয়েল ডিসক্রিমিনেশন নয়? কলকাতার বুকে এই সমস্ত হচ্ছে, আজ পর্যন্ত চলছে। তিনি সমস্ত জেনেও একটু হাত পর্যন্ত দিচ্ছেন না। আমাদের লজ্জা করে যখন বাঙ্গালী ভারতীয় অফিসাররা এসব কথা বলেন, যখন ভারতীয় গভর্নমেন্টের প্রতিনিধি রেসিয়েল ডিসক্রিমিনেশন সম্বন্ধে জাতিসংঘে সাউথ আফ্রিকার কথা বলেন। ডাঃ রায় এর কিছু ব্যবস্থা করতে পারেন না? বিধানবাবু জানেন কি, জানেন না, তাদের নীতি কি! ইংরেজ হলে এত মাইনে পাবেন, এবং একজন ভারতীয় সেই একই রকম কোয়ালিফাইড হয়ে তার এক-তৃতীয়াংশ বা অর্ধেক মাইনে পাবেন কেন?

[10—10-10 a.m.]

আমার-শেষ কথা হচ্ছে, আমি খালি একটা কেস—অনেক কর‍্যাপসন-এর কেস ছিল, সময়ের অভাবে বলতে পারছি না। একটা হচ্ছে সি, কে, রায়, ডাঃ বিধান রায় তাকে চেনেন। তিনি ঐ ট্যাক্সী পারমিট-এর ব্যাপারে ছিলেন, আমরা শুনেছি তাঁর বিরুদ্ধে এই রকম নাকি কিছু অভিযোগ আছে, টাকা নেওয়ার ইত্যাদি, এবং এই রকম নাকি কিছু তদন্তও হয় এবং তারপর তাঁকে প্রমোশন দিয়ে দেওয়া হয়েছে, বোধহয় এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এ তাঁকে পাঠিয়ে দেওয়া হয়েছে। এটা ঠিক কি না? দ্বিতীয়তঃ, আমরা দেখেছি একজন কালী মিত্র, ইনি মেডিক্যাল কলেজ-এ আগে ছিলেন, ডাঃ বিধানচন্দ্র রায় তাকে ভাল কোরে চেনেন। তিনি আগেকার দিনে সেই ১৯৩৪, ১৯৩৫এ তার বিরুদ্ধে গুরুতর অপরাধের কথা সেখানে উঠেছিল—কমিশন বলেছিল, সেই লোককে ডাঃ বিধানচন্দ্র রায় এনে প্রমোশন-এর পর প্রমোশন দিতে দিতে এমন পর্যায়ে এনেছেন যে, তিনি এখন সর্বেসর্বা। ইনি হচ্ছেন সেই কালী মিত্র। এ'র কথাটা একটু ডাঃ বিধানচন্দ্র রায় বলে দেবেন। এবং এইভাবে আমরা দেখেছি শ্রীঅজয় মুখার্জি যেখানে তমলুক থেকে আসছেন, সেইখানে টেস্ট রিলিফ-এর কাজে একটা অফিসার—তার বিরুদ্ধে গুরুতর অভিযোগ হয়, একটা পুলিশ অফিসার তার তদন্ত করেন, এটা ঠিক কি না আপনি বলবেন? পুলিশ অফিসার তদন্ত করেন, কোরে কিছু কংগ্রেসম্যান-এর নামে যারা টাকা তছরুপ করেছে, টাকা মেরেছে, এই চার্জ তিনি করেন; তারপরে সেই অফিসারকে বোধহয় উনি বা আর কেউ গিয়ে সরিয়ে দেন। সেই অর্ডার-এ পুলিশ অফিসারকে সরিয়ে দেওয়া হয়, এর কাগজপত্র সব আমার কাছে আছে, তিনি ইচ্ছে করলে দেখতে পারেন। একে সরিয়ে দেওয়া হয় এবং অন্য পুলিশ অফিসার আসে, তিনি বলেন যে, না, না, এসব সর্বৈব মিথ্যা—এসব কিছু হয় নি। অথচ হাজার হাজার, লক্ষ লক্ষ টাকার এখানে ব্যাপার, সেই ফ্লাড-এর পরে যে রিলিফ দেওয়া হয়েছিল, সেই ১২ নম্বর ইউনিয়নে, তমলুকের খুব কাছে, সেখানে এই ঘটনা ঘটেছিল। এই যদি হয়, সেখানে

ডাক্তার বিধানচন্দ্র রায় বলছেন ১ লক্ষ ৪৪ হাজার কর্মচারীর নেপোটিজম, করাপশন কিছু কিছু তো থাকতে পারে—আমরা তো তাদের কথা বলি নি, আমরা আপনাদের কথা বলতে উঠেছি। আপনাদের যেখানে করাপশন, মন্ত্রীদের এবং উচ্চ-স্থানীয় কংগ্রেসের বড় বড় নেতারা, যারা আছেন, যারা ট্যাক্সী পারমিট এবং অন্যান্য পারমিট নিয়ে কারবার করছেন, আমরা তাদের কথা বলছি। আপনাদের ব্যবস্থা করুন, অন্যান্য ১ লক্ষ ৪৪ হাজার কর্মচারীর কথা বলবেন না। তারা খেতে পায় না, কিন্তু আপনারা খেতে পেয়েও অপরাধী, আপনারা এইরকম একটা শাসনযন্ত্র তৈরী করেছেন, যেখানে করাপশন, নেপোটিজম-এ ভর্তি। এখানে বললে শ্রীমতী পূরবী মুখার্জি বলেন, সংবিধানে অধিকার আছে—কি করতে পারি আমরা। যদি কিছু করতে না পারেন, তাহলে আমি বলি—'ইউ গেট আউট'। আপনার এখানে বসে থাকবার কোন অধিকার নাই, যদি সেই ক্ষমতা আপনার না থাকে, এদের বিরুদ্ধে ব্যবস্থা করবার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Ajoy Kumar Mukherji: On a point of personal explanation, Sir,

উনি এক্ষুনি বললেন, আমার ওখানে কোন পুলিশ অফিসারকে বদলি করা হয়েছে—এ সম্বন্ধে আমি কিছুই জানি না যে কোন পুলিশ অফিসারকে বদলি করা হয়েছে কি না?

Sj. Sunil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সামনে মুখ্যমন্ত্রী জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন-এর ডিম্যান্ড পেশ করতে গিয়ে কয়েকটা পুরানো কথার পুনরাবৃত্তি করেছেন। তিনি বলেছেন তাঁর এই এ্যাডমিনিষ্ট্রেশন টপ হেভী নয়—টপ লাইট। এবং সেই সম্পর্কে তিনি এক বিদেশী ভদ্রলোক—এপেলবী যার নাম—সেই ভদ্রলোক যে তারিফ করে সার্টিফিকেট দিয়ে গেছেন ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টকে, সেই তারিফ করা সার্টিফিকেট-এর প্রসঙ্গ তিনি উত্থাপিত করেছেন। আমরা জানি এই হাউস-এ ইতিপূর্বে যতবার জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন-এর প্রসঙ্গ উঠেছে, সেই এপেলবী এসেছে, এবং টপ লাইট এসেছে। কিন্তু স্পীকার মহাশয়, আমি বলতে চাই সারা দেশে আমাদের সামাজিক এবং অর্থনৈতিক জীবনে যে বৈষম্য রয়েছে, পিরামিড-এর চূড়োতে সামান্য কয়েকজন লোক দেশের সমগ্র সম্পদের অধিকারী হয়ে বসে আছেন এবং পিরামিড-এর তলায় তারা অগনিত জনসাধারণকে পীড়নের ভিতর দিয়ে, লাঞ্ছনার ভিতর দিয়ে ধীরে ধীরে ধ্বংসের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, তারই প্রতিফলন আমরা পাই আমাদের এই জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন-এর ডিম্যান্ড-এ। কয়েকটি মাত্র মুষ্টিমেয় কয়েকজন ভাগ্যবান, আকাশ ছোঁয়া যাদের বেতন, তারা লক্ষ লক্ষ সাধারণ কর্মচারীর উপর খবরদারী করছেন, যাদের দৈনন্দিন জীবনের সংবাদ তারা রাখেন না, যাদের সঙ্গে মানুষের সঙ্গে মানুষের যে সহজ সম্পর্ক, সেই সম্পর্ক তারা রাখেন না। এমনি ধারার অবস্থার ভিতর দিয়ে, আমরা যাকে বলি ডেমোক্রেটিক এ্যাটমোসফিয়ার, গণতান্ত্রিক আবহাওয়া তা কখনও সৃষ্টি হতে পারে না এবং গণতান্ত্রিক আবহাওয়া সৃষ্টি না হলে পরে যে সুস্থ এবং সন্তুষ্টচিত্ত কর্মচারীদের কাছ থেকে আমরা যে কাজ আশা করতে পারি, সেটা কখনও পাওয়া যেতে পারে না। তাই বৃহত্তর সমাজের প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি আজকের জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন-এর ডিম্যান্ড ফর গ্র্যান্ট-এর ভিতর দিয়ে। সিভিল সেক্রেটারিয়েট এবং বিভিন্ন দপ্তরের যে চিত্র তার মধ্যে তারই প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি। স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী পার্সেনটেজ কষে দেখিয়েছেন। আমিও কতগুলি পার্সেনটেজ কষে দেখাতে পারি। মোট যে খরচ সেই খরচের সঙ্গে জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন-এর খরচের শতকরা অংশ দেখিয়ে তিনি আমাদের বোঝাতে চেষ্টা করেছেন যে, প্রতি বছর এই শতকরা অংশ কমে আসছে। কিন্তু যদি ঐরাসিট-এর সঙ্গে সম্পর্কিত করে এই পার্সেনটেজকে কষা যায়, তাহলে আমরা দেখব যে মোটামুটিভাবে আমরা যেখানে আছি সেইখানেই রয়েছি। রিসিটস-এর সঙ্গে এই পার্সেনটেজ কষলে দেখা যাবে ১৯৫৩-৫৪ সালে এই শতকরা অংশ ছিল ৬·৯। ১৯৫৪-৫৫ সালে ৬·৪। ১৯৫৫-৫৬ সালে৫·৮। ১৯৫৬-৫৭ সালে ৬·৪। ১৯৫৭-৫৮ সালে ৫·৫। আর যদি সেন্টার থেকে আমরা যে পরিমাণ অর্থ পেয়ে থাকি, সেটা বাদ দিই, তাহলে শতকরা ভাগ গিয়ে দাঁড়ায় ৭এ। তাই বলছি, স্পীকার মহাশয়,

উনি যে চিত্র আমাদের সামনে উপস্থিত করতে চেষ্টা করেছেন, সেটা ঠিক আসল চিত্র নয়। আরও কথা আছে, এই যে প্রতি বছর সিভিল সেক্রেটারিয়েট স্ফীত হতে চলেছে, এই সিভিল সেক্রেটারিয়েট-এর যে স্টাফ রিকোয়ারমেন্ট, সেই স্টাফ রিকোয়ারমেন্ট-এর পরিমাপ করবার কি ব্যবস্থা সরকার করেছেন তা আমরা জানি না। আমরা জানি সিভিল সেক্রেটারিয়েট হ্যাফাজার্ড ওয়েতে, বিশৃংখলভাবে বেড়ে চলেছে। অতিকায় তার স্ফীতি। কোন নিয়ম-কানুন নেই। আজকে যদি আমরা বুঝতে পারতাম স্টাফ রিকোয়ারমেন্ট এ্যাসেস করবার কোন ব্যবস্থা রয়েছে, আমরা বলতে পারতাম যে, হ্যাঁ, ভালই করেছেন, আমাদের এই সিভিল সেক্রেটারিয়েট-এর ব্যয় বৃদ্ধি করে। কিন্তু সেই ধরণের ব্যবস্থা আজ অবধি কিছুই করা হয় নি। আমাদের এ্যাডমিনিষ্ট্রেশন বলা যেতে পারে এ্যাডমিনিষ্ট্রেশন বাই নোটিং। অর্থাৎ নিম্নতম কর্মচারী যে একটা নোট লিখল, সেই নোট ক্রমাগত উপরে পাঠিয়ে দিল, হয় ত কোথায় বটলনেক হয়ে গেল, আটকে গেল সেই নোট, মন্ত্রীর কাছে চলে গেল, মাসের পর মাস সেখানে ফাইল পড়ে থাকে, সেক্রেটারীর দপ্তরে চলে গেল, মাসের পর মাস সেখানে ফাইল পড়ে থাকল—এইভাবে এ্যাডমিনিষ্ট্রেশন চলে এবং সেই এ্যাডমিনিষ্ট্রেশন-এর জন্য এই ধরণের অতিকায় স্ফীত ব্যয় বছরের পর বছর আমাদের সামনে এসে হাজির করা হয়েছে। স্পীকার মহাশয়, গভর্নরস হাউসহোল্ড-এর কথা বলা চলবে না, কিন্তু না বলে উপায় নেই। আমরা দেখতে পাচ্ছি সেই ব্যয় বেড়ে যাচ্ছে। ১৯৫২-৫৩ সালে ১ লক্ষ ৬৯ হাজার, ১৯৫৭-৫৮ সালে ১ লক্ষ ৮৫ হাজার। আর গভর্নর-এর সেক্রেটারিয়েট স্টাফ-এর ব্যয় ১৯৫২-৫৩ সালে ১ লক্ষ ৫৯ হাজার থেকে ১৯৫৭-৫৮ সালে ১ লক্ষ ৭৩ হাজারে দাঁড়িয়েছে। আর মিনিষ্টার আর ডেপুটী মিনিষ্টার, তাদের ব্যয় ১৯৫২-৫৩ সালে ৮ লক্ষ ৩৭ হাজার থেকে ১৯৫৭-৫৮ সালে বরাদ্দ ১১ লক্ষে দাঁড়িয়েছে। সংশোধিত বাজেটে কি হবে বলা যায় না, কারণ পূর্ববর্তী বছরে সংশোধিত বাজেটে ৪০ হাজার টাকা বৃদ্ধি পায়। আর সিভিল সেক্রেটারিয়েট ১৯৫২-৫৩ সালে ৭৬ লক্ষ ১৬ হাজার, ১৯৫৬-৫৭ সালে ১ কোটি ১০ লক্ষ ১২ হাজার, আর ১৯৫৭-৫৮ সালে বরাদ্দ ১ কোটি ১৭ লক্ষ ২৭ হাজার।

[10-10—10-20 a.m.]

আমি এই প্রসঙ্গে বলব যে, বিহার সরকারের ১৯৫৭-৫৮ সালের বাজেটে দেখছি জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন খাতে ২ কোটি ৮২ লক্ষ ৮১ হাজার টাকা ব্যয় মঞ্জুর করবার জন্য সেখানকার এ্যাসেম্বলীর সামনে হাজির করেছেন। এ-কথা মনে রাখতে হবে যে, তাদের আয় ১০০ কোটি টাকার উপর এবং ইউ, পি, সরকারের ১৯৫৭-৫৮ সালের বাজেট যতটুকু আমি সংগ্রহ করতে পেরেছি, তাতে দেখছি ৩ কোটি ২৬ লক্ষ ৫৭ হাজার ৪০০ শত টাকা এই বাবদ চেয়েছেন এবং সেখানকার আয় ১০০ কোটি টাকার উপর। এইভাবে আমি বলব যে, এই আমাদের এ্যাডমিনিষ্ট্রেশন, টপ লাইট মোটেই নয়, একে টপ হেভী ছাড়া আর কিছুই বলা যায় না। আমাদের দেশের আয়ের তুলনায় আমাদের প্রচুর ব্যয় হচ্ছে। সিভিল সেক্রেটারিয়েট এবং জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন-এর হাতের ভিতর দিয়ে। আমি তাই বলছি, কোন একটা এ্যাপ্রোপ্রিয়েট কমিটি করা হোক, আমাদের যে এক্সপেন্স, যে ব্যয় হচ্ছে, তারা তা হিসাব করবেন, যাচাই করবেন, এবং আমাদের রিকোয়ারমেন্টস এ্যাসেস করবেন। আমাদের এই বাজেটে কয়েকটি ছোট-খাট বিষয় আছে, যেগুলি আরও বুঝিয়ে দেওয়া দরকার, কারণ সেগুলি আমাদের কাছে একটু ধোঁয়াটে ধোঁয়াটে রয়ে গিয়েছে। সিভিল বাজেট এষ্টিমেট-এর ১৯৭ পৃষ্ঠায় মিনিষ্টারদের সংখ্যা দেওয়া হয় নাই, সেক্রেটারীদের সংখ্যা দেওয়া হয় নাই, ৩ জন ষ্টেট মিনিষ্টার এ্যাপয়েন্ট করা হয়েছে এবং তাদের বাবদ ১০ হাজার টাকা ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছে, এটা কি করে হয় বুঝি না। ১৯৮ পৃষ্ঠায় ২২৩ জন এম-এল-এর মাহিনা চাওয়া হয়েছে অথচ মন্ত্রীদের এবং স্পীকার, ডেপুটী স্পীকার বাদ দিলে, এম-এল-এ ২২৬ জন, এটাও ঠিক বুঝা গেল না। তারপর মুভমেন্টস স্পনসোরিং অথরিটি জিনিষটা বুঝতে পারলাম না। প্রতি বছর কেন ৫৭ লক্ষ টাকা এই খাতে ব্যয় হয় জানি না।

সিক্রেট সার্ভিস-এর জন্য প্রতি বছর ৫০০ টাকা বরাদ্দ হয়ে থাকে। সেক্রেটারিয়েট-এ সিক্রেট সার্ভিস-এর কি প্রয়োজন? এখানেও গোয়েন্দা রয়েছে। এ-ছাড়া আরও কিছু কিছু অসঙ্গতি দেখাচ্ছে। । ২০৬ পৃষ্ঠায় দেখছি সিভিল বাজেট এষ্টিমেট-এ হোম

ডিপার্টমেন্ট-এ ২ জন গেজেটেড অফিসার এ বছর কম, তার জন্য ২ হাজার টাকা মাত্র কম ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছে, অথচ ১৬ হাজার টাকা কম চাওয়া উচিত ছিল। ২০৮ পৃষ্ঠায় দেখছি জুডিসিয়াল ডিপার্টমেন্ট-এ ১ জন গেজেটেড অফিসার বেড়েছে, তার জন্য ৫০০ টাকা বাড়ান হয়েছে, লোক্যাল সেল্ফ- গভর্নমেন্ট ডিপার্টমেন্ট-এ ১ জন অফিসার কমেছে এবং তার জন্য ১৪ হাজার টাকা ব্যয়-বরাদ্দ কমান হয়েছে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এ ২১৩ পৃষ্ঠায় দেখছি ১ জন অফিসার অন স্পেশ্যাল ডিউটি বাড়ান হয়েছে। তার জন্য ১২ হাজার টাকা ব্যয়-বরাদ্দ কমেছে। লেবার ডিপার্টমেন্ট-এ দেখছি স্পেশ্যাল অফিসার-এর সংখ্যা ঠিকই আছে, কিন্তু বাজেট এষ্টিমেট ১৯৫৬-৫৭ সালে ২১ হাজার টাকা চাওয়া হয়েছিল, রিভাইজড-এ ১৭॥ হাজার টাকা আয়, এ বছর ২ হাজার টাকা চাওয়া হয়েছে, এই অগ্রগতি বুঝা গেল না। তারপর আমার পূর্ববর্তী বক্তা যে টেম্পোরারী ওয়ার্কারদের সম্বন্ধে বলেছেন, আমিও সেই কথা বলব। স্পীকার মহাশয় হয়ত জানেন লোয়ার গ্রেড স্টাফ শতকরা ৮০ ভাগ এবং নন-গেজেটেড স্টাফ শতকরা ৬৮ ভাগ অস্থায়ী, এবং প্রায় ২০ লক্ষ টাকা এই টেম্পোরারী স্টাফ-এর জন্য প্রতি বছর সিভিল সেক্রেটারিয়েট বাজেটে ব্যয়-বরাদ্দ করা হয়ে থাকে। স্পীকার মহাশয়, আপনি জানেন যে, পি-এস-সির ১৯৫৪-৫৫ সালের রিপোর্ট-এ বলা হয়েছিল যে, এইভাবে প্রতি ৭টি শূন্য পদের মধ্যে ৫টি টেম্পোরারী নেওয়া হয়ে থাকে। তারা বলেছে—

Candidates of inferior calibre respond to temporary vacancies. Dilution of services with so many officers of inferior calibre for long period is not conducive to the maintenance of efficiency.

স্পীকার মহাশয়, এই যে টেম্পোরারী ওয়ার্কারদের সম্বন্ধে পি-এস-সির সতর্ক বাণী, এটা সরকার গ্রহণ করেন নি। আমি জিজ্ঞাসা করতে পারি এই টেম্পোরারী ওয়ার্কারদের ভেতর থেকে, তাদের কর্মসংস্থানের ভেতর দিয়ে স্বজন পোষণ এবং অন্যান্য দুর্নীতি সরকারের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করছে কি না? তারপর বাজেটে দেখতে পাচ্ছি ক্লার্কসদের সংখ্যা বলা হয় নি—এটা বলে দিলে ভাল হ'ত। এইবার সরকারের কাছে আমি একটি অনুরোধ করব, তাঁরা যেন সার্ভেন্টস এই ডেজিগনেশন তুলে দেন এবং সেখানে এ্যাটেন্ডেন্ট এই কথাটা ব্যবহার করেন। রি-এমপ্লয়মেন্ট সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা আলোচনা করে গিয়েছেন এবং কয়েকটি উদাহরণ স্থাপনও করেছেন। রি-এমপ্লয়মেন্ট-এ দেখছি আই-এ-এস এবং ডব্লিউ-বি-জে-সি-এস অফিসারদের, ৯ জন আই-এ-এসকে রি-এমপ্লয় করা হয়েছে, এই ১৯৫৬ সালে। আমি এটা ১৯৫৬-এর ১লা এপ্রিল পর্যন্ত যে কারেক্টেড সিভিল লিষ্ট আছে, তা' থেকে বলছি। ডেপুটী ম্যাজিষ্ট্রেট ১০ জন, সাব-ডেপুটী ৩ জন, এইভাবে রি-এমপ্লয় করা হয়েছে, এবং পি-এস-সি বলেছে—

Sharp increase in the number of re-employments.

এমনি একজন রিএমপ্লয়েড অফিসার-এর কথা এখানে আলোচিত হয়েছে, আমার পূর্ববর্তী বক্তা শ্রী কে. এস, মিত্র-এর কথা বলেছেন। তাকে আমরা জানি। ১৯৩৬-৩৭ সালে যখন মেডিক্যাল কলেজ-এ ডেটেনিউ পেসেন্ট হিসাবে ছিলাম, সেখানে তখন মেডিক্যাল কলেজ-এর সেক্রেটারী হিসাবে তাকে দেখেছি। আজকে দেখছি রাইটার্স বিল্ডিংস-এ তিনি বড় পদ দখল করে আছেন। এবং মাঝখানের ঘটনা যা ঘটেছে, জ্যোতিবাবু তা বলে গিয়েছেন। পাবলিসিটি ডিপার্টমেন্ট-এ ক্রমশঃ ব্যয় বেড়ে চলেছে। ১৯৫৩-৫৪ সালের ব্যয় ২১ লক্ষ ৮১ হাজার থেকে ১৯৫৭-৫৮ সালে ৩৩ লক্ষ ৩ হাজার টাকা করা হয়েছে এবং পাবলিসিটি ডিপার্টমেন্ট-এ ক্লার্কসদের জন্য পে করা হয় সব চেয়ে বেশী—৪ লক্ষ ২১ হাজার টাকা এবং টেম্পোরারী এ্যাপয়েন্টমেন্টও এই ডিপার্টমেন্ট-এ সব চেয়ে বেশী এবং তার জন্য লাগে ২ লক্ষ ৯৫ হাজার টাকা। রুর্যাল ব্রডকাষ্টিং সম্বন্ধে ৫ লক্ষ টাকা চাওয়া হয়েছে। এই সভাতে রুর্যাল ব্রডকাষ্টিং সম্পর্কে আলোচনা হয়েছিল এবং ফ্লাস লাইট কোম্পানী সম্বন্ধে যে আলোচনা হয়েছিল সে সম্বন্ধে জবাব আজও মন্ত্রীমণ্ডলী দেন নি এবং যে-সমস্ত পাবলিকেশনস এই পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে বের হয়, আমি বলব তা শুধু মন্ত্রীদের নানা বিশেষণে ভূষিত করবার জন্য, তা ছাড়া আর কিছুই নয়। এইভাবে

গরীবের অর্থ ব্যয় করা হয়, মন্ত্রীদের গ্ল্যামারাইজ করার জন্য। অন্য দিকে এই সমস্ত কাগজে শুধু গভর্নমেন্ট ভার্সন ছাপা হয়, যার মধ্যে অনেক মিথ্যা থাকে এবং সম্প্রতি যে খাদ্য সংকট যাচ্ছে তার সম্বন্ধে গভর্নমেন্ট যে-সমস্ত বিবৃতি দিয়েছেন তারও অনেকগুলি অসত্য বলে প্রমাণিত হয়েছে। কোন অবজেক্টিভ বিবৃতি গভর্নমেন্ট-এর এই পাবলিকেশনস-এ প্রায়ই স্থান পায় না। তারপর এই পাবলিসিটি ডিপার্টমেন্ট-এর যিনি ডাইরেক্টর, তিনি তার বাংলা-ভাষা সম্বন্ধে অজ্ঞতার জন্য গর্ব বোধ করেন। এমনই একটা অফিসারকে পাবলিসিটি ডাইরেক্টর করে রাখা হয়েছে। আর একটি কথা আমি বলব, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ইনফরমেশন ডিপার্টমেন্ট—তাঁরা বাংলা ভাষায় প্রেস রিলিজ দিতে পারে, আর আমাদের পাবলিসিটি ডিপার্টমেন্ট বাংলায় প্রেস রিলিজ দেওয়ার আজও কোন ব্যবস্থা করতে পারেন না। সম্প্রতি আমরা জানি ইউ-এস-আই-এস, যাকে একটি পাবলিক রিলেশনস অফিস গঠন করবার জন্য ভারত সরকার প্রস্তাব করেছিলেন——

[The member having reached the time limit resumed his seat]

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই শাসন ব্যবস্থার খাতে ব্যয়-বরাদ্দের আলোচনা করতে উঠে প্রথমে আমি বলব যে, কংগ্রেসী দল ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর বিগত নির্বাচনে যেভাবে সরকারী অর্থ এবং সরকারী প্রভাবের সুযোগ নিয়েছেন তা অত্যন্ত নিন্দনীয়। আমি দেখেছি, মন্ত্রী, উপ-মন্ত্রী সকলে সফর করেছেন, সরকারী অর্থে নির্বাচন-কালে এবং সরকারী কাজ এই ছুতো করে নির্বাচনের কাজ তারা চালিয়েছেন। বিভিন্ন জায়গায় সরকারী অফিসারদের আমরা দেখেছি এই নির্বাচনে কংগ্রেসী পার্টীকে সাহায্য করতে। আমার আগে জ্যোতিবাবু প্রফুল্ল সেন মহাশয়ের একটি কথা বলে গিয়েছেন। আমি আপনার কাছে আর একটি উদাহরণ তুলে ধরব। এটা কোন বামপন্থী কাগজে নয়, একটি খাঁটি কংগ্রেসী কাগজে বেরিয়েছে, তার নাম 'বর্দ্ধমান বাণী', যার সম্পাদক হচ্ছেন বর্দ্ধমান জেলা কংগ্রেসের সভাপতি এবং আমাদের বর্তমান শ্রম-মন্ত্রী মহাশয়। সেই কাগজে ২২শে ফেব্রুয়ারী তারিখে একটি খবর বেরিয়েছিল।

[10-20—10-30 a.m.]

রায়না থানা ইউনিয়ন বোর্ড সমিতির সভার সভাপতি, সদর সার্কেল অফিসার শ্রীঅসিত কুমার বসুর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশেষ আমন্ত্রিত হইয়া সদর মহকুমা-শাসক অর্দ্ধেন্দু শেখর নাগও উপস্থিত ছিলেন। এবং সেখানে যে চারটি প্রস্তাব পাশ হয় তার মধ্যে যে চতুর্থ প্রস্তাব তা আপনাদের সামনে পড়ে শোনাচ্ছি—"সমিতির সম্পাদক শ্রীকিষাণ লাল তা এইবারের বিধান-সভায় প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন জানিয়া এই সমিতি আনন্দ প্রকাশ করিতেছে এবং তাহাকে অকুণ্ঠ ও সর্বতোভাবে সমর্থন জানাইতেছে। এই সভার সভাপতিত্ব করেছিলেন সার্কেল অফিসার এবং সেখানে উপস্থিত ছিলেন সদর মহকুমা-শাসক। এবং এখানে বলবার প্রয়োজন নাই যে, এই তা মহাশয়ই কংগ্রেসপ্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। আর একটা কথা এখানে তুলবো—বর্দ্ধমান জেলা সদরের এস-ডি-ও মিঃ নাগ গলসী কেন্দ্রের ভোট গণনার সময় যেরকম পক্ষপাতিত্ব দেখিয়েছিলেন তা দেখে সত্যিই নিন্দা ভিন্ন আর কিছু করা যায় না। তার গলসী কেন্দ্রে ভোট গণনার সময় প্রাথমিক ফলে আমরা জানতে পারি যে, বামপন্থী-প্রার্থী ৪৩ ভোটে জিতছিলেন। তিনি 'ফরোয়ার্ড ব্লক'এর প্রার্থী। কিন্তু সেই এস-ডি-ও সাহেবের কারচুপির ফলে শেষ পর্যন্ত তিনি ৫ ভোটে জিতলেন। আবার গণনা করবার চেষ্টা করা হয় এবং দেখা গেল তার কারচুপির ফলে তিনি এক ভোটে জিতলেন। তার প্রচেষ্টা শেষ পর্যন্ত সফল হয় নি। আমরা সেখানে দুই-একজনকে ভোট গণনার সময় আনফেয়ার মিন্‌স এ্যাডপ্‌ট করার জন্য ধরিয়ে দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন কেস পর্যন্ত করা হয় নি। তারপর আমি কাগজে দেখেছি সেন্ট্রাল গভর্নমেন্ট-এর হোম ডিপার্টমেন্ট-এর আমন্ত্রণে এখানকার পুলিশ ডিপার্টমেন্ট-এর ডি-আই-জি র‍্যাঙ্ক-এর একজন অফিসার সেখানে গিয়ে বলেছেন যে পশ্চিমবঙ্গে, বিশেষতঃ কলকাতায় গভর্নমেন্ট কর্মচারীরা সরকারের বিরুদ্ধে ভোট দিয়েছে

এবং শুধু তাই নয়, এক-একটা ভোটকেন্দ্রের যখন ফলাফল বেরোত, তখন রাইটার্স বিল্ডিংস চা-খাবারের ঘরে যারা সেখানে থাকত, তারা বামপন্থীর জয়ের খবরে উল্লাস প্রকাশ ও আনন্দ করতো। আমি জিজ্ঞাসা করতে চাই, একজন পুলিশ অফিসারের কি অধিকার আছে, কাকে একজন ভোট দেবে না দেবে সে-বিষয়ে আলোচনা করার-? শুধু তাই নয়, সিক্রেট ব্যালট বক্স-এ ভোট দেওয়া হয়, কি করে - তিনি জানলেন একজন আর একজনকে যে ভোট দিয়েছে, সেটা কাকে দিয়েছে? এইভাবে পুলিশ অফিসারের হস্তক্ষেপ অত্যন্ত নিন্দনীয়। আমি আশা করি এ-বিষয়ে সরকার থেকে তদন্ত করা হবে। এবং ভবিষ্যতে সরকারী অফিসার যাতে অযথা হস্তক্ষেপ না করে সে বিষয়ে দৃষ্টি দেওয়া হবে।

আমার তৃতীয় প্রশ্ন যেটা জ্যোতিবাবু বলে গিয়েছেন। সে বিষয়ে আমি আর বিস্তারিত আলোচনা করতে চাই না। আমি শুধু এ-কথা বলবো পে কমিশন-এ সরকারী কর্মচারীদের পে-স্কেল যখন রিভাইজ করা হয়েছিল ১৯৫০ সালে, সেই সময় জিনিষপত্রের যে দাম ছিল সেদিকে নজর দেওয়া হয় নি, শুধু রিভিশন হয়েছে সাধারণভাবে এবং সেই পে-স্কেল রিভাইজ করার জন্য সরকারী কর্মচারীরা দাবী জানিয়ে আসছে কিন্তু সরকার মাত্র ৫ টাকা ডি,এ, বাড়িয়েছেন। এ-কথা সকলেই জানে যে, জিনিষপত্রের দাম তিন-চার গুণ বেড়ে গিয়েছে। এই অবস্থায় তাদের মাইনে যথেষ্ট বাড়ান উচিত। আমি একটা জিনিষ উল্লেখ করতে চাই যে, সরকারী অফিসারদের ইনক্রিমেন্ট উচ্চ-পদে ১০০ টাকা করে, অথচ শতকরা ৭৫ ভাগ কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্ট হয় মাত্র চারি আনা করে। তারপর সরকারী দপ্তরে এখন পর্যন্ত শতকরা ৫০ ভাগ কর্মচারী অস্থায়ী, তাদের স্থায়ী করবার কোন বন্দোবস্ত নাই। এবং পূর্বেকার বৃটিশ আমলের যে সার্ভিস রুলস রয়েছে, সেটা পরিবর্তনের দাবী জানাই। আর একটা কথা এখানে বলতে চাই, সেটা হচ্ছে—

Trade Union rights of Government employees.

আজকে দেশের মধ্যে একক হিসাবে বিচার-বিবেচনা করলে সরকারই সব চাইতে বড় এমপ্লয়ার। মাননীয় মুখ্যমন্ত্রী মাহশয় বলেছেন যে, তাদের প্রায় ৬০ হাজার কর্মচারী আছে সরকারের আণ্ডার-এ। তাদের ট্রেড ইউনিয়ন রাইটস স্বীকার করেন নি। যদি সংস্থার সভাপতি বাইরের হয় কিংবা সম্পাদক বাইরের হয়, তাহলে সেই ট্রেড ইউনিয়ন স্বীকার করে নেবে না। আমি উদাহরণস্বরূপ বলি, আমি পশ্চিমবঙ্গ সরকারের ওয়ার্কস এ্যান্ড বিল্ডিংস ডিপার্টমেন্ট-এর কর্মচারী সমিতির সহ-সভাপতি হিসাবে মাননীয় মন্ত্রী খগেনবাবুর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। তিনি বল্লেন—আমি আপনাকে এম-এল-এ হিসাবে দেখছি, সমিতির সহ-সভাপতি হিসাবে নয়। আমি জিজ্ঞাসা করতে চাই—কেন্দ্রীয় সরকারের আইনবলে প্রত্যেক জনসাধারণকে যে অধিকার দেওয়া হয়েছে, সে অধিকার খর্ব কিভাবে হয়েছে? সেজন্য আমি সরকারের ট্রেড ইউনিয়ন নীতির তীব্র সমালোচনা করি। এবং সরকারকে জানাই, এদের সমস্ত রকম অধিকার দিন এবং সেই অধিকার পাবার পর তারা যদি তাদের দাবী-দাওয়া পূরণ করতে পারে তবে এটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর ফেভারেই যাবে—এতে তাদের কাজ হবে।

The Hon'ble Abdus Sattar: On a point of personal explanation.

আমি 'বর্দ্ধমান বাণীর' কোনকালে সম্পাদক ছিলাম না। যে সংবাদ তাতে প্রকাশিত হয়েছে তার পরবর্তী সংখ্যায় তা সংশোধন করা হয়েছিল এবং জানা গিয়েছিল যে সংবাদদাতা ঠিক সংবাদ পাঠান নি।

Dr. Radhakrishna Pal:

মাননীয় স্পীকার মহাশয়, জেনারেল এডমিনিষ্ট্রেশনের (শাসন-খাতে) ব্যয়-বরাদ্দ সমর্থন করতে যেয়ে আপনার মাধ্যমে দেখাতে চাই, যখনই আমরা একটা ব্যয়-বরাদ্দ সমর্থন করব, তখন তার পক্ষে আমাদের কিছু বলবার আছে। আমি দেখছি যে, অন্যান্য প্রদেশের তুলনায় এই সাধারণ শাসন-খাতে ব্যয় কম, যদিও বাংলা একটা প্রব্লেম প্রভিন্স এবং একে টপ হেভী প্রভিন্স না বলে টপ লাইট বলা যায় কি না তা আমি দেখাতে চাই।

তা ছাড়া অন্যান্য যেসব কথা এঁরা বলেছেন, তারও দুই-একটা জবাব আমি দিতে চাই। প্রথম হ'ল টোট্যাল গ্র্যান্ট ৩ কোটি ৩৭ লক্ষ ৪৩ হাজার টাকা, তন্মধ্যে চার্জড ১০ লক্ষ ৬০ হাজার, বাকী ৩ কোটি ২৬ লক্ষ ৮৬ হাজার টাকা। ইহা পূর্বে এরূপ ছিল—

১৯৫৩-৫৪ সালে	২ কোটি	৫৫ লক্ষ	৮৪ হাজার টাকা
১৯৫৪-৫৫ সালে	২ কোটি	৭৩ লক্ষ	৬২ হাজার টাকা
১৯৫৫-৫৬ সালে	২ কোটি	৯২ লক্ষ	৯৮ হাজার টাকা
১৯৫৬-৫৭ (রিভাইজড) সালে	৩ কোটি	১৭ লক্ষ	৬৯ হাজার টাকা

এর মধ্যে ইলেকশন এবং অন্যান্য কারণে ১৯ লক্ষ ৭৭ হাজার টাকা অধিক ব্যয় হবে। ইহাতে মোট রাজস্বের ৭·৩ টাকা খরচ হবে। গভর্নর ও তাঁর স্টাফ-এর বেতন, রাজ্য ও বিধানসভার সদস্যদের বেতনাদি এবং সিভিল সেক্রেটারিয়েট, পাবলিক সার্ভিস কমিশন প্রভৃতির বেতনও এতে আছে।

আমাদের খরচা টপ-হেভী বলে অনেকে অভিযোগ করেন। কিছুকাল আগে ভারত-সরকার এ-বিষয়ে পরীক্ষা করবার জন্য একজন বিশেষজ্ঞ এনেছিলেন, তিনি হলেন ডাঃ এপল্‌বি। তিনি ভারতের অন্য দেশের সঙ্গে পশ্চিমবঙ্গের জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন খাতে ব্যয় পরীক্ষা করে বলেন, ইহা কিছুতেই টপ-হেভী নয়, অধিকন্তু টপ লাইট বলা চলে। ৩০০ টাকার বেতনভোগী সরকারী কর্মচারীর সংখ্যা কত এবং নিম্নতম কর্মচারীদের সংখ্যা কত সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় বলে গেছেন।

[10-30—10-40 a.m.]

৩০০ টাকার বেতনভোগী কর্মচারীর সংখ্যা ১ লক্ষ ৪৫ হাজার ৮৭৪ জন। তাদের মোট বেতন ১ কোটি ৪৭ লক্ষ ১২ হাজার ৯০৩ টাকা। ৩০০ থেকে ৫০০ টাকা—এর সংখ্যা হচ্ছে ১২ হাজার ৫৪৫ জন। তাদের বেতন হচ্ছে ৭ লক্ষ ৫৫ হাজার ২৫৯ টাকা। ৫০০ থেকে ১,০০০—তার সংখ্যা ক্রমে ক্রমে কমে যাচ্ছে। তার সংখ্যা ৭১৫ জন। তাদের বেতন হচ্ছে ৬ লক্ষ ১৩ হাজার ৬০৭ টাকা। ৩,০০০ বেতন মাত্র ২ জন,আর ১৯ জন হাই কোর্ট-এর জজ আছেন। আপনি জানেন, স্যার, হাই কোর্ট-এর জজরা কনষ্টিটিউসন অনুসারে তাঁদের সিডিউল হচ্ছে ৩,০০০ টাকা, তা আমরা কমাতে পারি না। কিন্তু যে ২ জন আই-সি-এস অফিসার আজকে ৩ হাজার টাকা বেতন পাচ্ছেন—আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, এই আই-সি-এস অফিসাররা চিরস্থায়ী নয়, তারা রিটায়ার করবে। সুতরাং আই-এ-এসদের বেতন অনূর্ধ্বে ২ হাজার টাকার বেশী হবে না। এবং এটা আরও কমে যাবে। এইটেই হচ্ছে আমার বক্তব্য। দ্বিতীয়তঃ, অন্যান্য প্রদেশের তুলনায়, স্যার, আমি একটু দেখাব আমাদের এখানে ১৯৫১-৫২ সালে এই খাতে খরচ হয়েছিল মোট বাজেটের ৬·৬ ভাগ। ১৯৫২-৫৩ সালে ৬·৫ ভাগ; ১৯৫৩-৫৪ সালে ৫·৭ ভাগ; ১৯৫৪-৫৫ সালে ৫·৬ ভাগ; ১৯৫৫-৫৬ সালে ৪·৫ ভাগ। আর বিহারে দেখুন, স্যার, ১৯৫১-৫২ সালে ৭·৮ ভাগ; ১৯৫২-৫৩ সালে ৭·২ ভাগ; ১৯৫৩-৫৪ সালে ৫·৭ ভাগ; ১৯৫৪-৫৫ সালে ৫·৪ ভাগ, ইত্যাদি। উত্তর-প্রদেশে দেখুন, ১৯৫১-৫২ সালে ৯·৪ ভাগ; ১৯৫২-৫৩ সালে ৮·৪ ভাগ; ১৯৫৩-৫৪ সালে ৭·৩ ভাগ; ১৯৫৪-৫৫ সালে ৭·৪১ ভাগ। এদের তুলনায় পশ্চিমবঙ্গের খরচ খুব কম হচ্ছে। এই বৎসর অবশ্য ইলেকসন ব্যাপারটা ছিল বলেই একটু অধিক খরচ হয়েছে। তা না হলে এটা ক্রমে ক্রমে কমে ৪·৫ হয়েছিল।

স্যার, এইত আমরা দেখলাম, কিছুক্ষণ আগে, যারা কেরালা গভর্নমেন্ট সৃষ্টি করেছেন, তারা ত খুব চিৎকার করলেন এবং একটু পরে পুলিশ বাজেটও আরম্ভ হবে। ওঁরা রেভেনিউ এ্যাকাউন্টস বাড়িয়েছেন এবং পুলিশ এ্যালাউয়েন্সও বাড়িয়েছেন এবং সেই পুলিশ কারা? না, আপনারা কিছুদিন আগে দেখেছেন—একটা জুট মিল-এতে তারা পুলিশ ইন্টারভেনশন করে, যাদের ওঁরা মেহানতী মানুষ বলেন, তাদের পিটিয়েছেন, তাদের দাবী

তারা বলতে গিয়েছিল বলে। আর, একটা দেখুন, সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হচ্ছে এই, আমাদের বাংলাদেশে যে ব্যয় দেখান হ'ল এই সঙ্গে যদি আপনি কেরালা গভর্নমেন্ট-এর জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন খাতে ফেলেন, তাহলে দেখবেন ৭·৭-এর জায়গায় ৭·৯ হয়ে গিয়েছে। কিন্তু ওঁদের পয়েন্ট-এর প্রত্যেকটি যদি উত্তর দি, তাহলেই ওঁরা মুখর হয়ে ওঠেন এবং ওঁরা সেগুলি সহ্য করতে পারেন না। আপনারা দেখুন—কিছুক্ষণ আগে যিনি আমাদের পশ্চিমবাংলার বিকল্প সরকারের ভাবী মুখ্যমন্ত্রী, তাঁর উচ্চারিত বাণী আমাদের সত্যই স্তব্ধ করেছে। আপনারা জানেন এদের হাতে যদি রাজত্ব পড়ে তাহলে দেশের অবস্থা কি হবে! আপনারা জানেন—আমাদের——

[Interruptions from Opposite benches]

Mr. Speaker: I will only remind the members that today more than five minutes were lost as I was pointing out to Mr. Ganesh Ghosh. If this sort of row goes on, much against my wishes I will have to restrict the time and the debate will be curtailed. I can assure you that I am going to do it unless honourable members remember that the debate must follow the scheduled time.

Dr. Radhakrishna Pal:

মিঃ স্পীকার, তারপর, আমাদের বাক্য রুদ্ধ হয়ে গিয়েছে। যে বাণী উচ্চারিত হ'ল, একজন আমাদের মহান নেতার কাছ থেকে যে "বাপের জমিদারী নয়" এবং "দালালী করা মন্ত্রীদের" এইগুলি যদি বিশ্লেষণ করা যায়, তাহলে আমরা এঁদের কাছ থেকে কি শিখব? যদি মনে করুন আজকে ওঁরা মন্ত্রিত্ব গ্রহণ করতেন, তাহলে আমরা দেখতাম—এই ত আমাদের মুখ্যমন্ত্রীর বচনভঙ্গিমা। এ থেকে কি মনে হয় না, স্যার "নীচ দিকে গতি যার, নীচ সে দুর্ম্মতি"। বাংলাদেশে ছোট বেলায় আমরা পড়েছিলাম, এবং আমাদের হিন্দু শাস্ত্রও পুরুষকে বলে, হে সৌম্য অর্থাৎ শান্ত, সৌম্যদর্শন; আমরা আমাদের মায়েদের বলি বরবর্ণিনী, মধুরভাষিণী। কিন্তু যে ভাষা আজকে আমরা আমাদের মাননীয় বিরোধী পক্ষের নেতার কাছ থেকে শুনলাম, এই শিক্ষা যদি আমরা পাই, তাহলে তাকে কি স্যার, আপনার সঙ্গে যে কথা কাটাকাটি হ'ল তারপর আমরা কি শিখলাম, তা আমরাই জানি না। আমরা যদি তাদের মহান নেতার কাছে শিক্ষা করতে আসি, এই শিক্ষাই কি আমরা গ্রহণ করব, এই এ্যাসেম্বলীর ফ্লোর-এ যে, এটা কি বাপের জমিদারী, ওরা অমুকের দালাল। আজকে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি একজন বিরাট শিক্ষাবিদ, বাংলাদেশের একজন বিশেষ শিক্ষিত ব্যক্তি। আপনার কাছে আমি এই প্রশ্ন করব, আজ পর্যন্ত আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কি বলেন নি আমাদের মাননীয় বন্ধুদের—

Hon'ble friend Mr. Jyoti Basu—My friend Hon'ble Bankim Mukherjee—

কিন্তু আজকে ওদের কাছ থেকে দেখলাম বিধানচন্দ্র রায়, বিধান রায়, যেন, স্যার, ওঁদের ছেড়ে দেওয়া হয়েছে এই অরাজক মাঠে। স্যার, আজকে যদি ছেড়ে দেওয়া হ'ত এদের হাতে বাংলাদেশকে, তাহলে আমার সেই নজরুলের কবিতা সার্থক করতাম—

"কে বলে মোদের ল্যাড়ে-ল্যাপচা
আমরা দেশের গার্ড।
অরাজক এই বাংলার মাঠে আমরা
উদ্‌মো ষাঁড়॥"

স্যার, কেরালার আদর্শে আমরা মনে করেছিলাম হয়ত কেরালার পর এসে যাবে উড়িষ্যায়, তারপর বাংলায়। কিন্তু, স্যার, ভগবানের কাছে আজ শতকোটি প্রনাম জানিয়ে বলছি, এদের হাতে যদি আসত বাংলাদেশ তাহলে ২ কোটি ৪৮ লক্ষ যা আছে তারাও রসাতলে চলে যেত, কারণ, যে বচনভঙ্গিমা আজ আমাদের মহান নেতার কাছ থেকে শুনলাম—তার জন্য।' ওঁরা হয়ত মনে করেছিলেন যে, খবরের কাগজে যারা শ্রদ্ধাবান, শ্রদ্ধাস্পদ শিক্ষাবিদ, তারা নিশ্চয়ই

ফলাও করে ছাপবেন "ও'র বাবার জমিদারী নয়"। "বারবণিতার বাড়ী যাচ্ছে"—তা সব উচ্চারণ করতে পারছি না, স্যার, খবরের কাগজে ছাপাবে কি? এই সমস্ত শিক্ষাবিদ রিপোর্টাররাও লজ্জায় ম্রিয়মান হয়ে যাচ্ছেন, তাঁদের হাত থেকে কলম পড়ে যাচ্ছে। এই শিক্ষাই আমরা আজ পাচ্ছি। এ শিক্ষা আমরা আজ ওঁদের কাছ থেকে নেব না। সত্যিকারের ভবিষ্যত যাদের উপর, এই বাংলাদেশের, তাদের নেতার মুখ থেকে এই আদর্শ বাণী কি আমরা গ্রহণ করব? আর বেশীক্ষণ বলতে চাই না। যদি ওঁরা এখনও শিক্ষা-লাভ করেন, সেইজন্য, স্যার, আমি মাত্র একটি কথা বলব। এই ত্রিশক্তি আরামবাগে গিয়েছিলেন। এই বিকল্প সরকারের ভাবী মুখ্যমন্ত্রী, এই বিকল্প সরকারের ভাবী স্বরাষ্ট্রমন্ত্রী, এবং মহামান্য বিকল্প রাজ্যপাল, এরা ৩ জনেই গিয়েছিলেন। এদের দু'জনের কথা কিছু বলছি না। কিন্তু এই মাননীয় জ্যোতিবাবু, যিনি আমাদের বিকল্প সরকারের ভাবী মুখ্যমন্ত্রী, তিনি আরামবাগে যাবার সঙ্গে সঙ্গে সেখানে, স্যার, এই চামড়ার, যা পায়ে দিয়ে চলি, সেই বৃষ্টি হয়েছিল। এ-কথা ওঁরা অস্বীকার করুন? সেখানে এই যে পাদুকা-বৃষ্টি আরম্ভ হয়েছিল। আমি জানি, স্যার, ওঁরা তা অস্বীকার করবেন। রণেনবাবু সেখানে ছিলেন—ওঁরা বলবেন রণেনবাবু সেখানে ছিলেন না। আমার একটা কথা মনে পড়ে গেল, স্যার, এই যেমন বলা হয় রঞ্জন, তুমি তোমার গুরুদেবের ঘর পুড়িয়ে দিয়েছ? তার জন্য তোমার বিরুদ্ধে এই অভিযোগ আছে, ওঁরা এসে বললেন। এটা অনেকটা এইরকম, ছেলে বলছে, মাষ্টার মহাশয়, মা আমাকে রাত্রে গরম ভাত খেতে দেয় না, আমার মুখ পুড়ে যাবে বলে। সুতরাং অভিযোগ অস্বীকার করার এতবড় উদাহরণ আর নেই। আমরা যে-কোন কথাই বলি সেটাই অসত্য। যা কিছু বলি সেটাই নোংড়ামি; আর ওঁরা যা কিছু বলেন, তা হয় দেশের ভবিষ্যৎ বাণী দেশবাসীই জানে। আমি আপনার কাছ থেকে এই আশা করি, মিঃ স্পীকার, স্যার, এর পর থেকে যেন তারা নেতৃবৃন্দকে যেন সম্মান দেন। তাদের যদি ক্ষমতা থাকত তাহলে ১৫৬ জন, আর ৪৯ জন মাত্র হ'ল কেন? যাইহোক, ওঁরা স্বপ্নে বিভোর হয়ে থাকুন—তাঁরা স্বপ্ন দেখেন যে, তারা একদিন মুখ্যমন্ত্রী হবেন, দেশ শাসন করবেন, কিন্তু আপনি জানেন, স্যার, এটা হচ্ছে—

Building castle in the air.

[10-40—10-50 a.m.]

Sj. Bhadra Bahadur Hamal:

स्पीकर, सर, मैं अपनी भाषा नेपाली भाषा में बोलता। पर मेरे भाषा में बोलने से यहां एसेम्बली में रिकार्डिङ्ग का कोई बन्दोबस्त नहीं और नेपाली में बोलने से मंत्री महोदय लोग भी जबाब नहीं देंगे। इसीसे वाध्य होकर मैं हिन्दी में बोलूंगा। स्पीकर, सर, मैं आपके मार्फत मंत्री महोदय को बोलना चाहता हूं नेपाली भाषा बोलनेवालों के लिए आइन्दा क्या बन्दोबस्त करना चाहते हैं, मैं यह जानना चाहता हूं। सर, दार्जीलिङ्ग जिल्ला का तीन सबडिभिजन—दार्जीलिङ्ग, कालिम्पोङ्ग और खरसाङ्ग में नेपाली भाषा को सरकारी भाषा मान कर स्वीकार करना होगा। संविधान के ३४७ धारा में है जो कोई एक राज्य में जहां Linguistic Minority भाषाभाषी अञ्चल के आदमी हों उस अञ्चल में उन लोगों के भाषा को सरकारी भाषा करने के लिए राष्ट्रपति के पास अनुरोध करने से, राष्ट्रपति उसमें सम्मति दे सकते हैं। S. R. C. (States Reorganisation Commission) ने Linguistic Minority का अधिकार सुरक्षित के लिए स्पष्ट रूप से सिफारिश किया है। पार्लियामेन्ट में States Reorganisation Bill पास होते वक्त भी इस नीति को मान लिया गया है। लेकिन आज तक इसको काम में नहीं लगाया गया है।

दार्जीलिङ्ग जिला का हिल सबडिभिजन में नेपाली भाषाभाषी की संख्या है सैकड़ा ९५ और जितने अल्प संख्या में हैं वो लोग भी नेपाली भाषा को समझते हैं, बोल भी सकते हैं। उसीसे वहां का जनसाधारण को शिक्षा, संस्कृति और राजनैतिक उन्नति के लिए नेपाली भाषा को सरकारी भाषा कह कर मान लेना उचित है और कोर्ट-कचहरी से लेकर तमाम सरकारी आफिस में नेपाली भाषा व्यवहार होने से वहां की जनता की सुविधा होती है। सरकारी आफिस में जो लोग काम करते हैं उनको बहुत सुविधा होगी।

सर, नेपाली भाषा को शिक्षा में मेजर भर्नाकुलर (major vernacular) मान लिया गया है। लेकिन जितने दरकार और मुनासिब टेक्स्ट बुक (Text Book) नहीं होने की वजह से विशेष कोई उन्नति नहीं हो सकी। गवर्नमेन्ट को उचित है नेपाली भाषाभाषी की तरफ से लेखक, नेपाली शिक्षा में निपुण लोगों को लेकर एक कमिटी करे वही कमिटी जिस जिस Text Book की दरकार है उसकी एक लिस्ट तैयार करे और उस लिस्ट के मुताबिक Text Book की किताब तैयार करे। उनको छपाने के लिए गवर्नमेन्ट की तरफ से ज्यादा मात्रा में रुपया और जिस जिस चीज की दरकार हो उसकी मदद करनी होगी तब नेपाली शिक्षा की उन्नति होगी। इसलिए मैं सरकार से कहूंगा कि इसकी व्यवस्था करे।

माननीय स्पीकर, सर, दार्जीलिङ्ग जिला को ब्रिटिश ने अर्थनैतिक, राजनैतिक, शिक्षा और शिल्प, सबमें पीछे करके रखा था। Partially excluded area बना दे रखा था। बंगाल टेनेन्सी एक्ट जो बंगाल भर में चालू था वह वहां चालू नही था उसीसे वहां किसानो की हालत और खराब थी। "झारलांगें", "बेगार प्रथा" से लेकर और सब किस्मि की मुसिबत किसानों को उठानी पड़ी और आज स्वराज के दश वर्ष के बाद भी कांग्रेस गवर्नमेन्ट की तरफ से उस हालत का कोई मौलिक परिवर्तन नही किया गया और आज भी किसानों की हालत वैसी ही है। बार बार कहने पर भी दार्जीलिङ्ग म्यूनिसिपैलिटी में वही नौमिनेसन प्रथा जारी है, डिपुटी कमिश्नर बराबर चेयरमेन होता है। डिस्ट्रीक्ट बोर्ड की वही हालत है। उसीसे Adult franchise से म्यूनिसिपैलिटी का चुनाव होना होगा। म्यूनिसिपैलिटी में पहले म्यूनिसिपैलिटी का अन्दर जो ६ रुपया खजाना देकर रहता था उनको भोट देने का अधिकार था मगर वह अधिकार छीन लिया गया है। और वह खजाना देनेवाले भी अब भोट नहीं दे सकते हैं।

दार्जीलिङ्ग के तीन सबडिभिजनों की उन्नति में कोई परिवर्तन नहीं हुआ। दार्जीलिङ्ग जिला के नेपाली लोग Linguistic Minority है उसीसे यह जिला के तीन हिल सबडिभिजन के लोग Regional Autonomy (आञ्चलिक स्वायत्त शासन) की मांग करते आ रहे है और मांग कर रहे है क्योंकि लोग अपने सारे ताकत लगा कर जिला की उन्नति करने के लिए गवर्नमेन्ट की तरफ से Regional Autonomy (स्वायत्त शासन) की मांग को टालमटोल करने के लिए दार्जीलिङ्ग इनक्वारी कमिटी बनाया है और भोट से आगे उस इनक्वारी कमिटी नें कुछ चहलपहल दिखाया अभी उस इनक्वारी कमिटी का पता नहीं है। और उस इनक्वारी कमिटी में

कांग्रेस और कांग्रेस के समर्थक को छोड़ कर और किसी को नहीं लिया गया है। मैं साफ कह देना चाहता हूं उस इनक्वारी कमिटी से कुछ नहीं होगा और Regional Autonomy (स्वायत्त शासन) देना ही होगा। इसके लिये संविधान को संशोधन करना होगा। 6th Schedule में आसाम के कितने जिलों को अधिकार दिया गया है उस अधिकार बगैरह को बढ़ा कर संशोधन करके दार्जीलिङ्ग का तीन सबडिभिजन को Regional Autonomy (स्वायत्त शासन) का अधिकार देना होगा।

Speaker, Sir, नेपाली भाषा सिर्फ दार्जीलिङ्ग जिला का ५ लाख नेपाली ही नहीं बोलते सारे हिन्दुस्तान के कोने कोने में जहां नेपाली भाषाभाषी का आदमी रहते हैं वे लोग नेपाली बोलते हैं। नेपाली भाषा एक विकसित भाषा है और वह भाषा आज प्रगति का तरफ जा रहा है उसीसे नेपाली भाषा को 8th Schedule में दर्ज करना होगा। मैं साफ शब्दों में कह देना चाहता हूं मंत्री महोदय लोग चिल्लायेंगे ये बात तो सब सेन्टर की है। स्पीकर, सर, मैं आपके मार्फत मंत्री महोदय को कहना चाहता हूं इस मांग को दिलाने के लिए बंगाल गवर्नमेन्ट को recommendation करना होगा और संविधान में संशोधन करा कर यह मांग को दिलाने की कोशिश करेंगे और मांग दिलाएंगे।

Sj. Jatindra Chandra Chakravorty:

माननीय अध्यक्ष महाशय, साधारण खाते, साधारण व्यवस्था सम्पर्के यि विषयटा, तार प्रति आपनार दृष्टि आकर्षण करते चाई। सेटा ह'ल यि, आजके आमरा देखछि यि एकटा विराट अपचय हच्छे। जेनारेल सेक्रेटारियेट एकटा कलोसियाल ओयेष्टेज हच्छे, आमादेर एই एक-तृतीयांश पश्चिम-बांलाय। यखन पूर्वबंग एवं पश्चिमबंग एकत्रित छिल, तार सङ्गे यदि तुलना करि ताहले सहजेই आमि यि कथाटा बलछि सेटा प्रमाणित हबे।

১৯৪৬ सालে अविभक्त बांलाय फाइन्यान्स डिपार्टमेन्टे ৬৫ हाजार टाका खरच ह'त, आर वर्तमाने ১৯৫৭ सालে देखते पाच्छि एই विभक्त बांला, ई अंश हওয়া सत्त्वেও ৮ लक्ष ৩০ हाजार टाका खरच हच्छे। होम डिपार्टमेन्टे ১·लक्ष ৪৪ हाजार टाका खरच ह'त ১৯৪৬ सालে अविभक्त बांलाय, आर एখन खरच हच्छे ৯ लक्ष ১৬ हाजार टाका। জুডিসিয়াল डिपार्टमेन्टे ৮২ हाजार टाका खरच ह'त, एখन सেখানে खরच हच्छे ১ लक्ष ২০ हाजार टाका। এডুকেশন डिपार्टमेन्टे खরच ह'त ৮৯ हाजार टाका, एখन सেখানে खরच हच्छे ২ लक्ष ৭৯ हाजार टाका। এমন कि, সব শুদ্ধ যোগ দিয়ে দেখলাম মোট খরচ ১৯৪৬ সালের অবিভক্ত বাংলার তুলনায় এখন খরচ হচ্ছে ৪৬ লক্ষ টাকা বেশী, এই জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশনের খাতে।

[10-50—11 a.m.]

দ্বিতীয়তঃ দেখা যায়, আমাদের মন্ত্রীমন্ডলীর দৃষ্টিভঙ্গী শুধু অপচয়ের দিকে। ডিপ সী-ফিশিং-এর জন্য ১৯৫৬-৫৭ সালের রিভাইজড এষ্টিমেট-এ ৮ লক্ষ ১১ হাজার টাকা ডেফিসিট, এবার দেখতে পাচ্ছি ৭ লক্ষ ৭৩ হাজার টাকা ডেফিসিট। কো-অপারেটিভ ডিপার্টমেন্ট, লেবার ডিপার্টমেন্ট-এর মত গুরুত্বপূর্ণ না হওয়া সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি লেবার ডিপার্টমেন্ট-এ যেখানে কোন গাড়ীর বন্দোবস্ত নেই, সে-ক্ষেত্রে কো-অপারেটিভ ডিপার্টমেন্ট-এ এ্যাসিষ্টেন্ট রেজিষ্ট্রারদের জন্য একটা করে স্টেশন ওয়াগন থাকা সত্ত্বেও আমাদের সরকার জীপগাড়ী ক্রয়ের জন্য ৮১ হাজার টাকা মঞ্জুর করেছেন। তারপর, দেখতে পাচ্ছি নিউ সেক্রেটারিয়েট-এ গ্যারেজ তৈরী করবার জন্য ৭ হাজার টাকা খরচ হয়েছে। পুলিশ খাতে বহু টাকা বরাদ্দ হওয়া সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি বাড়ী তৈরী করবার জন্য ১৪ লক্ষ ৭ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। পাবলিসিটির জন্য সেকেণ্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ কেন্দ্রীয় সরকার টাকা খরচ করছেন, অথচ আমাদের এখান থেকে পশ্চিমবঙ্গ সরকার

পাবলিসিটির জন্য মোবাইল ভ্যান, ড্রামা ইউনিট, ফটোগ্রাফী, এসবের জন্য ৭ লক্ষ টাকার উপর বরাদ্দ করেছেন। এ টাকায় আমার নিজের ধারণা মন্ত্রীমণ্ডলীর ব্যক্তিগত প্রপাগেণ্ডা কার্য্যে ব্যয়িত হওয়া ছাড়া আর কিছু হয় না এবং যে দলের রাজত্ব চলছে তাদেরই প্রপাগান্ডা হয় এই টাকায়। আমি জিজ্ঞাসা করি এই প্রপাগান্ডা কার্য্যে তাঁরা কংগ্রেস ফান্ড থেকে টাকা খরচ করেন না কেন? পরের কথা হচ্ছে, যিনি চীফ হুইপ ছিলেন, সেই শ্রীগোপিকাবিলাস সেন নির্বাচনে হেরে যাবার পর আমরা দেখছি আমাদের আশ্রিতবৎসল মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তাঁকে হাজার টাকা বেতনে চাকরী করে দিয়েছেন। আমাদের বর্তমানে যিনি চীফ হুইপ আছেন, তিনিও ভবিষ্যতের জন্য নিশ্চিন্ত হতে পারেন যদি নির্বাচনে হেরে যান। তারপর ফাইন্যান্স সেক্রেটারী শ্রী বি, বি, দাশগুপ্তর কথা আমরা জানি। ম্যাক্সিমাম তাঁর যা পাওয়া উচিত, তা হচ্ছে ১,০০০+৩০০ টাকা। এই সেদিন মুখ্যমন্ত্রী বল্লেন, এখানে ২,০০০ টাকার বেশী বেতন পান এমন কোন কর্মচারী নাই। এই ফাইনান্স সেক্রেটারীর জন্য বৎসরে ৩৩,০০০ টাকা মঞ্জুর হয়েছে, অর্থাৎ মাসে ২,৭৫০ টাকা। এই ভদ্রলোক যে ওভারড্র করেছিলেন, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে এই ব্যাপারে এ, জি, বি, থেকে প্রতিবাদ জানান হয়েছিল কিন্তু মুখ্যমন্ত্রীর যোগসাজসে এই ওভারড্রন টাকা কনডোন করা হয়েছে। দ্বিতীয়তঃ আমরা দেখছি শুধু কর্মীদের মধ্যেই নয় অফিসারদের মধ্যেও যথেষ্ট বিক্ষোভ ও অসন্তোষ রয়েছে। কর্মীদের ব্যাপারে তাঁদের ট্রেড ইউনিয়ন অধিকারের উপর হস্তক্ষেপ করা হচ্ছে। তারপর আত্মীয়-স্বজনের উপর গোয়েন্দাগিরি করার জন্যও অনেক সময় কর্মীদের লাগান হয়। তারপর, সার্ভিস কণ্ডাক্ট রুলস-এর ব্যাপারে আমার পূর্বে বিভিন্ন বক্তা বলেছেন। তারপর, এ্যাসিস্টেন্ট সেক্রেটারী ও রেজিষ্ট্রারদের পোষ্ট ফিল-আপ করার জন্য চীফ সেক্রেটারী একটা প্যানেল অফ অফিসারস করেছেন। পাবলিক সার্ভিস কমিশন-এ মাত্র ১৫ মিনিটের জন্য একটা ইন্টারভিউ নেওয়া হয়, ১৫ মিনিটের মধ্যে একটা লোকের মেরিট বিচার করা যায় না। এবং মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৫ মিনিটের বেশী ভিভা-ভসি হয় না, অথচ আমরা জানি চীফ সেক্রেটারীর প্যানেল অব অফিসারস সিটিং টাইট ওভার ইট। এখনো পর্যন্ত কোন নীতি ঘোষণা করা হয় নি। কর্মীদের মধ্যে যারা চীফ সেক্রেটারীর নিজের লোক, পেটোয়া লোক, তাদেরই পাবলিক সার্ভিস কমিশন-এর মাধ্যমে নেওয়া অন্যান্য কর্মীদের দাবী সুপারসীড ক'রে। এ-সম্পর্কে আমি বলতে চাই, আমি মনে করি যে পণ্ডিতমশাই এই কিছুদিন আগে আই-এ-এস সম্বন্ধে যে-কথা বলেছেন সেটা এখানেও প্রযোজ্য হওয়া উচিত। পণ্ডিত পন্থ আই-এ-এস সম্বন্ধে বলেছিলেন——

> "Principal was the best man to judge a boy's capability, general behaviour, and sense of responsibility and it was proper that his report should carry weight."

আশা করি কর্মীদের মধ্যে যে অসন্তোষ রয়েছে, তা দূর করার জন্য চীফ সেক্রেটারী চেষ্টা করবেন। তারপর, মেডিক্যালমেন নিয়ে গিয়ে, আমরা দেখতে পাচ্ছি, জেলের সুপারিন্টেন্ডেন্ট করে দিচ্ছেন, অথচ তারা ডাক্তারের কাজ করেন না। আবার বাইরে থেকে সিভিল সার্জেন এ্যাপয়েন্ট করা হচ্ছে, যার ফলে উপযুক্ত ব্যক্তির প্রমোশন বন্ধ হচ্ছে। সেজন্য আজকে জেল ডিপার্টমেন্ট-এর কর্মীদের মধ্যেও বিক্ষোভ দেখা দিচ্ছে। আজকে এই সভার হাওয়া গরম, মুখ্যমন্ত্রী সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে কয়েকটা কথা বিনীতভাবে বলতে চাই। মুখ্যমন্ত্রী একেবারে অল পারভেডিং পরমব্রহ্ম বনে গিয়েছেন। একটা সাপ্তাহিক পত্রিকায় একজন মন্ত্রী গতবার এই মন্ত্রীমন্ডলী সম্বন্ধে যে উক্তি করেছিলেন তা প্রকাশিত হয়েছিল। তিনি বলেছিলেন, আমরা সব কচ্ছপের মত। আমরা বেলা দশটায় রাইটার্স বিল্ডিংস আসি, মুখ্যমন্ত্রী আমাদের চিৎ করে দেন, আর আমরা সেইভাবে পড়ে থাকি। বেলা পাঁচটায় তিনি আমাদের উপুর করে দিলে আমরা বাড়ী ফিরে যাই। তারপর, উচ্চপদস্থ অফিসার সম্বন্ধে নানারকম অভিযোগ হ'লেও তার কোন প্রতিকার করা হয় না। সুবোধবাবু এ, ডি, খান-এর উল্লেখ করেছেন। তাঁর বিরুদ্ধে গুরুতর অভিযোগ এনেছেন, কিন্তু এগুলির প্রতিকার হয় না কেন? দুর্নীতি যারা করেন, যারা

দুর্নীতিপরায়ণ, চোরাবাজারে যারা লিপ্ত আছেন, তাঁদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় না কেন? মুখ্যমন্ত্রীর অদ্ভুত মনোবৃত্তি। মনস্তত্ত্ববিদ দিয়ে তাঁকে পরীক্ষা করার দরকার আছে ব'লে আমি মনে করি। তিনি দুর্নীতিপরায়ণদেরই প্রশ্রয় দিয়ে যাচ্ছেন। যাই হোক, আমি সংক্ষেপে আরো কয়েকটা কথা বলব। ষ্টেডিয়াম-এর ব্যাপারে আমরা দেখছি বোম্বেতে দুটো ষ্টেডিয়াম আছে, দিল্লীতেও দুটো আছে, মাদ্রাজে ৩৩ হাজার লোক বসতে পারে এমন একটা ষ্টেডিয়াম আছে। ২রা জুন তারিখে 'স্পোর্টস'-এর এডিটর-এর মন্তব্যের প্রতি আমি এঁদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের আইনমন্ত্রী একজন বিশিষ্ট ক্রীড়াবিদ ছিলেন। ভূপতি মজুমদার মহাশয়ও খেলাধূলার সঙ্গে সংশ্লিষ্ট আছেন। সৌভাগ্যবশতঃ সেখানে আমার নামও করা হয়েছিল, আমিও খেলাধূলার সঙ্গে যুক্ত আছি ব'লে। আইনমন্ত্রী ও ভূপতিবাবুর কাছে আমার বিশেষ অনুরোধ যে, যাতে এখানে একটা যথাশীঘ্রসম্ভব হতে পারে তার ব্যবস্থা তাঁরা যেন করেন।

[11—11-10 a.m.]

Janab Elias Razi:

মাননীয় স্পীকার মহাশয় আমরা শুনে আসছি যে, আমাদের ওয়েলফেয়ার স্টেট করা হচ্ছে। এই ওয়েলফেয়ার স্টেট করতে হ'লে এটা কাদের দ্বারা সত্বর সার্থক হয়ে উঠবে সেটা আমরা বুঝতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি যে, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারস যাঁরা আছেন, যাঁরা অ্যাডমিনিস্ট্রেশন কন্ট্রোল করছেন, তাঁদের দ্বারাই এই ওয়েলফেয়ার স্টেট সত্বর সার্থক হয়ে উঠতে পারে। এটা কতখানি সার্থক হয়েছে যদি আমরা একটু গ্রামের দিকে তাকাই তা হ'লে বুঝতে পারি। গ্রামে যেসমস্ত অফিসারস বা একজিকিউটিভ অফিসারস বা স্থানীয় অফিসারস রয়েছেন, তাঁদের মনোভাবের কতখানি পরিবর্তন হয়েছে সেটা আমি দেখতে চাই। দেখতে পাই যে গ্রামে যখন কোন লোক তার অভাব-অভিযোগ নিয়ে অফিসারদের কাছে যায় তখন সত্যিকার সহানুভূতি, আন্তরিকতা এবং সিনসিয়ারিটির অভাব থাকার জন্য গ্রামে অনেক কাজ সম্ভবপর হয় না। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে, একটা গ্রাম হয়ত পুড়ে গেছে, সে গ্রামের লোকের সত্বর সাহায্য দরকার, হয়ত স্থানীয় অফিসাররা সেটা অতি সত্বর চেষ্টা করলে করতে পারেন, কিন্তু আন্তরিকতা এবং সহযোগিতার অভাবের জন্য বেশির ভাগ ক্ষেত্রে তা সম্ভবপর হয় না। একটা লোক হয়ত মাল খরিদ করবে, তার লাইসেন্স নেওয়ার জন্য তাকে যথেষ্ট বেগ পেতে হয়। থানা থেকে ইনকোয়ারি করতে গেল, দু'-তিন মাস তাতে কেটে গেল, এইভাবে আনডিউ ডিলে হয়। কাজেই সাধারণ লোককে সত্যই খুব কষ্ট পেতে হয়। আমরা দেখতে পাচ্ছি আজ পর্যন্ত অফিসারদের কোন রকম মনোভাবের পরিবর্তন হয় নি এবং সেটা পরিবর্তন করার ক্ষেত্রে আমাদের গভর্নমেন্ট এই দশ বৎসরে সত্যই খুব ব্যর্থতার পরিচয় দিয়েছেন।

আর একটা কথা বলতে চাই যে, স্থানীয় অফিসারদের আমাদের রুলিং পার্টির লোকেরা স্বভাবতই কিছুটা ইনফ্লুয়েন্স ক'রে থাকেন এবং অনেক অন্যায় কাজ করার জন্য তাঁদের উপর প্রেসার দিয়ে থাকেন—এটা অনেক ক্ষেত্রে আমরা দেখেছি এবং এখনও দেখে আসছি। যদি সত্যিকারের আমাদের দেশে গণতন্ত্র এবং সাধারণতন্ত্র তৈরি করতে হয়, তা হ'লে এই সমস্ত মনোবৃত্তিকে আমাদের দূরে রাখতে হবে। যদি গভর্নমেন্টের দিক থেকে গভর্নমেন্টের একজিকিউটিভ অফিসারদের এই মনোবৃত্তি দূর করার জন্য কোন ইনস্ট্রাকসন না দেওয়া হয়, তা হ'লে সেটা কোনদিন সম্ভবপর হতে পারে না।

আমি আর একটা কথা বলতে চাচ্ছি যে, আমাদের কনস্টিটিউশনে ডাইরেক্টিভ প্রিন্সিপলস রয়েছে যে একজিকিউটিভ এবং জুডিসিয়ারিকে সেপারেট করতে হবে। কিন্তু আজ ১০ বৎসরেও তা সম্পূর্ণ হয় নি। ডাইরেক্টিভ প্রিন্সিপল আছে—

"The State shall take step to separate the judiciary from the executive in the public service of the State."

এটার ক্ষেত্রে বলা যেতে পারে যে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা সাব-ডিভিসনাল অফিসার বা ডেপুটি ম্যাজিস্ট্রেট যাঁরা আছেন, তাঁরা একদিকে একজিকিউটিভ পাওয়ার একসারসাইজ করছেন আর

অন্যদিকে জুডিসিয়ারি পাওয়ার একসারসাইজ করছেন। একসঙ্গে দুটো পাওয়ারকে একসারসাইজ করতে গিয়ে অনেক সময় জুডিসিয়ারির সত্যকারের যে ফাংসন—একজন জজের যে অধিকার, সেটা সব সময় পালন করা হচ্ছে না। একজন জজ যদি একজিকিউটিভ অফিসারদের আন্ডারে থাকেন, তার কন্ট্রোলের মধ্যে থাকেন তা হ'লে স্বভাবত তাঁর মনে একটা সঙ্কোচ হবে, ভয় হবে এবং দ্বিধা হবে যে, তিনি যদি একজিকিউটিভ অফিসারদের ইনস্ট্রাকশন বা উপদেশকে অবহেলা করেন, তা হ'লে তাঁর প্রমোশন হবে না বা তাঁকে অন্য জায়গায় ট্রান্সফার ক'রে একটা অসুবিধার মধ্যে ফেলা হবে। এইজন্য অনেক সময় জুডিসিয়াল ফাংসান তাঁরা ঠিকমত করতে পারেন না। উদাহরণস্বরূপ আমি বলছি যে, ডাঃ কাটজু যেটা বলেছেন সেটা আমি বি এন ব্যানার্জি মহাশয়ের বই থেকে পড়ে শোনাচ্ছি—ডাঃ কাটজু এ সম্বন্ধে কি বলেছেন এবং তিনি কি বলতে চান, জুডিসিয়ারি এবং একজিকিউটিভ পাওয়ার যদি একসঙ্গে থাকে, তা হ'লে তাতে কি অসুবিধা হয়। ডাঃ কাটজু বলছেন—

> "There is a story of the Deputy Magistrate, a Bengali gentleman who was very eccentric and did not listen to anybody. The District Magistrate who knew him left him severely alone. Once a new District Magistrate came who was not fully aware of this. The Superintendent of Police went to the District Magistrate and got a slip written by the District Magistrate—I understand that you are trying such and such individual, give him rigorous imprisonment for six months. The same Deputy Magistrate took this paper, brought it and put in on the file himself. Then he wrote out acquitting the man that I was of the opinion that the offence was not established but inasmuch as the learned District Magistrate has directed me to put him in jail I have no option but to convict him."

এ থেকে আমরা বুঝতে পারি এবং অনেক এমন কেস দেখা গেছে যেখানে তাঁদের আনডিউ ইনফ্লুয়েন্স করা হচ্ছে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, সাব-ডিভিসনাল অফিসার বা ডেপুটি ম্যাজিস্ট্রেটকে ইনফ্লুয়েন্স করা হচ্ছে অথবা ডি, এম, নিজেই গভর্নমেন্টের একজিকিউটিভ অর্ডার দ্বারা ইনফ্লুয়েন্সড হচ্ছেন। এর দ্বারা জুডিসিয়াল ফাংসন বা জজেদের ফাংসন সম্পূর্ণরূপে ব্যর্থ হচ্ছে। এইজন্য গভর্নমেন্টের কাছে আমাদের দাবি হচ্ছে যে, জুডিসিয়ারি এবং একজিকিউটিভ যাতে সম্পূর্ণ সেপারেট হতে পারে, জুডিসিয়াল ফাংসন যাদের হাতে আছে তাঁরা যাতে সত্যিকারের জাজমেন্ট করতে পারেন তার ব্যবস্থা করা উচিত এবং তা হ'লে তাঁদের কমপ্লিট ইন্ডিপেন্ডেন্স থাকে। এটা অতি সত্বর আমাদের হওয়া দরকার। আমি এই পর্যন্ত বলেই শেষ করলাম।

Sj. Sisir Kumar Das: Mr. Speaker, Sir, the time at my disposal is very short and therefore I would like to know how many minutes I shall get.

Mr. Speaker: You will get 8 minutes.

Sj. Sisir Kumar Das: Therefore, Sir, I am thinking of delivering a prepared speech.

Sir, there has been a new development in the administrative set up. Only during the last year Dr. Roy hit upon a grand plan of forming committees with Congressmen but not with anybody else, in order to help the Administration. For example, after his crushing defeat on the Bengal-Behar Merger issue, Shri Ashoke Sen—now a Minister of State in the Government of India—was selected as the Chairman of a Committee for giving taxi permits. Two other members of the same Committee were one Shri Prafulla Kanti Ghose, cousin of Shri Tarun Kanti Ghose, and the other Shri Dinabandhu Sen, a defeated Congress candidate in the last Municipal Election of Calcutta in 1952. Shri Ashoke Sen, who has now been elected to the Parliment as a representative of big business with the help of

Marwari funds (Shri Gopaldas Mundra), immediately utilised his position as the Chairman of the said Taxi Permit Committee. He gave a large number of permits to those persons in his constituency where he had polled very little votes in the Election held in March 1956 and with the help of the persons obliged he could turn the minority into majority during the last Election.

[11-10—11-20 a.m.]

Sir, I know of no administration in the world where outsiders are mixed up with the administration on party basis. The Ministers and their officers are responsible to the Legislature. But Shri Ashoke Sen who had nothing to do with the Administration except being in the employment of the State Government as a Junior Standing Counsel, was obliged by Dr. B. C. Roy by giving him that post so that he could utilise that position to his advantage. Shri Ashoke Sen is not there any longer, but certain other old doves are moving in the Secretariat. This is a new development of which we are very much apprehensive in the interest of democracy.

The Hon'ble Siddartha Sankar Roy: Sir, on a point of information—my friend Shri Sisir Kumar Das is a member of the Bar and as such should he set an example by reading out a written speech?

Sj. Sisir Kumar Das: The time at my disposal is short and that is why I am reading a prepared speech, but if I had half an hour I could show whether I could deliver an extempore speech.

Sir, I shall give you another instance of corruption and nepotism of the worst type. Last year two new routes were opened by the Midnapore R.T.A.—one was Contai Road—Digha and another was Khargpur-Digha. The R.T.A. advertised that two permits would be given for each route. Many companies with experience applied for the said routes. One of the applicants was Hijli Co-operative Transport Society which runs a fleet of 36 buses in the district of Midnapore and another applicant was Shri Anil Dey of Tamluk. Though Shri Dey had no claim on the ground of experience or on any other ground whatsoever, his case was taken up by the Deputy Minister Chitta Ranjan Roy for certain consuderations. In spite of the best endeavour of the said Deputy Minister, the R.T.A. would not condescend to grant route permits to the said Shri Anil Dey though they were willing to grant the two permits to Hijli Co-operative Transport Society. When the meeting of the R.T.A. was in progress and the R.T.A. had almost decided to refuse the application of Shri Dey, Shri Chitta Ranjan Roy caused a trunk call to be sent from the Home (Transport) Department to the District Magistrate, Midnapore, the Chairman of the R.T.A., asking the R.T.A. not to decide anything. Thereafter by the manoeuvre of the said Shri Chittaranjan Roy in co-operation with the said Home Department and in collusion with the Chief Minister the two routes were nationalised. But strangely enough no buses belonging to the State are plying on the routes. Permits have been issued in the name of the State and the State has appointed Shri Anil Dey and the Hijli Co-operative Transport Society as agents of the State of West Bengal for running the buses on payment of a sum of Rs. 25 per bus per month. This is how nepotism and corruption are being encouraged by the present Chief Minister.

The last day, while delivering my speech on the general discussion of the Budget, I suggested to the Ministry that there being charges by the public of corruption, nepotism and favouritism, the Ministers should make a declaration of the properties held by them, by their wives and children and in the benami of others. The Hon'ble Chief Minister kept himself mum over

this proposal, but now in the interest of the Administration and in the interest of securing revenues of the State, I want a categorical reply from the Chief Minister 'yes' or 'no' to my proposal.

After the election of 1952 Dr. Roy was holding six or seven portfolios. As a matter of fact, all the important portfolios were in his hands, but for each Department he had a Deputy Minister. When he was criticised why he was having so many important portfolios in his own hands, he gave explanation that he had appointed Deputy Ministers so that they might be trained up and gradually take responsibility of a full-fledged Ministership. Now we may ask him the question, 'of those Deputy Minsters how many has he trained up into full-fledged Minsters'? The only Deputy Minister who has been promoted to the rank of a Minister of State is Sm. Purabi Mookherjee (The Hon'ble SIDDARTHA SANKAR ROY: Also Shri Tarun Kanti Ghosh). But she is not in the same department where she was the Deputy Minister.

In the present Ministry Dr. Roy is holding six important portfolios, viz., Finance, Co-operation, Development, Home, Education, Cottage and Small Industries. He is a great Dictator. He is loath to part with power. Finance he must have, otherwise how can he perform juggleries. Development he must have, otherwise how can he please his contractor-friends? And the Home Department he must have, otherwise how will he control the officers? And Education he must have, otherwise how can he go on with his pet schemes and waste public money. The sooner this dictatorship is ended, the better for all concerned whether the Congress or the Opposition or the country at large.

The other day in reply to my speech on Co-operation, Dr. Roy said that Mr. Das is suffering from Congress allergy. It is no wonder that I should develop allergy if it is really poisonous to the human system. The word Congress now stands for corruption, intrigue, favouritism and nepotism. Most of the Congressmen start with hypocrisy by coming to the Assembly chamber by putting on khaddar but most of them do not believe in khaddar. As a matter of fact, on the last occasion when I discussed the budget I suggested that the production of dhoties and saries by mills should be stopped.

[At this stage the member having reached his time limit resumed his seat].

Mr. Speaker: Having regard to the ruling I have given in this House that I shall not permit any allegation against anybody unless it is backed up by production of particulars of which I take it that you are aware, you have made certain allegations in your speech without furnishing those particulars. Are you prepared to give the particulars?

Sj. Sisir Kumar Das: Yes.

Mr. Speaker: Shall I refer it to the Committee where you will give the particulars?

Sj. Sisir Kumar Das: Yes, I will give the particulars.

Sj. Deben Sen: On a point of order, Sir. Does your ruling apply to whatever we may say against a Department or against the Government or against a Minister?

Mr. Speaker: Against Ministers it is permitted but against particular officers it is not permitted. The Minister in question is answerable.

Sj. Deben Sen: Our impression was that your ruling referred to allegations against non-official persons. If your ruling covers Ministers and Government Departments, then in our opinion the Assembly will be converted into——

Mr. Speaker: Shri Ashoke Sen, when he was associated with that Committee which had something to do with the issue of permits, did not do so in his official capacity as a Government servant. He was included as a member of the public.

Sj. Deben Sen: That department was a Government department.

Mr. Speaker: So far as Mr. Sen is concerned, I am perfectly certain that he was associated as a member of the public. Do you challenge that?

Sj. Deben Sen: That is not challenged.

Mr. Speaker: If that is so, he was an outsider. He was taken in as a member of the public. About the other two names given, I am not concerned as to whether they have Congress leanings or otherwise. They are not Government officials either. Because a permit was given it does not necessarily follow that the permit was given to undeserving persons; it may equally be possible that the permit was given to undeserving persons —that possibility is there. So when you make a sweeping charge it is not right. If any undeserving case was pointed out to me that so and so are the persons to whom permits were given in disregard of the rules, certainly I could have understood it, but it is just a sweeping remark.

Mr. Speaker: If it is a matter wholly unconnected with the matter which is now being tried or which will be tried in the Court you can mention it. I want to make it perfectly clear that if it is a matter which is before the Court or connected with that you cannot bring it up indirectly before this House—the matter which is before the court. But if you mention matters which as I have said are wholly unconnected with the matter pending before the Court, you will be permitted to do so.

Sj. Subodh Banerjee:

বাজেটে কাট মোশন কোন জায়গায় দেওয়া যায় তার একটা নিয়ম আছে। নিয়মটা হচ্ছে এই যে, চার্জড সাবজেক্ট হ'লে আমরা কাট মোশন দিতে পারি না। সি-আই-ডি ডিপার্টমেন্টএর যে অ্যামাউন্ট স্যাংশন আছে

it is not a charged subject, therefore, we are entitled to give cut motions.

সিক্রেট, কি সিক্রেট নয় উই আর নট কনসার্নড উইথ দ্যাট। উনি রিপ্লাই দিতে পারেন, নাও দিতে পারেন। তাঁরা হয়ত বলবেন যেমন চিরকাল বলে এসেছেন পাবলিক ইন্টারেস্টএ আমরা এটা ডাইভালজ করতে পারি না। উই মে নট বি স্যাটিসফায়েড, কিন্তু আমাদের কাট মোশন এ গ্রাউন্ডএ আপনি আউট অফ অর্ডার করতে পারেন না।

Mr. Speaker: I have pointed out to you that generally the activities of the Secret Service Department you cannot refer to. But I do not think you will get an answer from the Minister concerned.

Sj. Subodh Banerjee: They may not.

আমার বক্তব্য আমি বলব—রিপ্লাই দিন ভাল, না দিন না দেবেন, অনেক জিনিসই তো দেন না।

Sj. Deben Sen: Sir, you have been pleased to disallow cut motion No. 43 where I tried to raise a discussion about firing by police. It is not a matter before a court. That is a fact. There was a firing and I want to discuss that. I do not want to discuss whether the persons arrested or against whom a case is pending were guilty or not guilty. That is not my point. My point is about firing by the police and I do not know under what rules it can be disallowed.

Mr. Speaker: It is under that very rule that I have referred to. The firing is openly connected with the proceedings before the Court. It may be that police were amply justified in firing. It may also be that the police were wholly unjustified in firing. The judgment of the court will show whether the steps taken by the police were justified or not. I cannot allow this motion.

Sj. Deben Sen: It is not before the court at all whether the firing was justified or not.

Mr. Speaker: The matter connected with firing is before the court, and you cannot discuss the subject-matter indirectly in this House.

[4—4-10 p.m.]

Janab Syed Badrudduja: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Ramanuj Halder: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Janab Syed Badrudduja: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about police autrocities particularly in the Raninagar constituency in Murshidabad.

Dr. Dhirendra Nath Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about grievances of subordinate police officials both in urban and rural police-stations.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the repression against labour movement by the police.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption, highhandedness and repressive acts against the public, prevalent in the Police Department.

Sj. Rabindra Nath Mukhopadhyaya: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the corrupt practices of the officers of Behala police-station and the failure of the Government to give adequate protection to the bustee people of Saheb Mahal and other residents against the regular threats of gangsters and miscreants.

Sj. Haran Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about top-heavy nature of police administration.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to stop police repression upon the trade union, Kisan and Communist Party-workers in the district of Hooghly which has been committed repeatedly for the last few years with a definite motive of creating opportunity for strengthening the Congress Party organisation.

Sj. Niranjan Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the activities of the C.I.D.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the police interference in favour of the ruling party during the last general election.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the anti-people activities of the Police Department.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the corruption, nepotism and favouritism in the Police Department.

Sir, I also beg to move that the demand of Rs 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the police force to stop theft, robbery, dacoity, murder and other anti-social activities.

Sj. Narayan Chobey: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the cases of theft, robbery and goondaism are daily increasing in the industrial centre of Kharagpur. It is in Kharagpur that broad-day murder took place in the Golebazar, it is in Kharagpur that a patient was killed in the hospital. The police failed to take proper steps to stop recurrence of such events. Cases of thefts in various mahallas of Kharagpur, particularly cycle thefts have gone high in recent past. The police of West Bengal due to negligence and corruption utterly failed to save public property.

Sj. Niranjan Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy.

Sj. Bhakta Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to bring any change in the mind of the police that they can think themselves as honest and docile servants of the people after so many years of Independence.

Sj. Narayan Chobey: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about theft of railway materials from Kharagpur Railway Workshop which is a long and regular business of the anti-social elements of Kharagpur. The saying goes that on average, materials worth a lakh of rupees are daily stolen from the Kharagpur Workshop. These anti-social elements have organised gangs. They have centres in various parts of the town and outside. They have big furnaces in many places of the town. The stolen materials are immediately melted or broken into pieces and again sold. Sometimes these scraps are booked to Calcutta and other places where there are very influential receivers. High officials of the police are in the know of all these matters. But surprisingly no serious steps are taken against these criminals. The police and the Government have thus miserably failed to safeguard our national property from being robbed and looted. Rather it is a fact known to all that some of the high officials of the police are on very nice terms with many influential receivers who do their business of theft and loot under the garb of gentlemen.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about regular theft and robbery and particularly breaking of wagons which are conducted in and around the Kharagpur Railway Yard. These anti-social elements have a nice passage to pass through and that is the underground drain in between the west end of Kharagpur Railway platform and the west cabin of Kharagpur. The Government has so far failed to put a strong iron railing on the mouth of the drain and a sentry on duty at that place. Due to this negligence on the part of the Government, national property and private property worth lakhs of rupees are stolen every month.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about regular gambling which is conducted by anti-social elements some of whom are so-called respectable citizens of Kharagpur town. There are several dens in the town where such gamblings are practised. There are reasons to believe that high officials of the police are in the know of this and some of them earn profits from such gambling den. In certain bustee of Khorida, Ayma, Itoli, etc., such dens are regular feature. The police and the Government have utterly failed to put an end to such illegal gamblings.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about some of the bustees of Kharagpur where jungle law is virtually the only law. Goondas and anti-social elements are the real masters in such bustees as Gatharpara, Teriapara,

Ayma, Itoli, Tengra and such others. Some of these elements are engaged in money-lending business. They demand illegal interest and even treat their clients by binding them with ropes and forcibly bringing the clients to their own quarters. The police have not only failed to take any steps against such elements but are virtually on friendly terms with them.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the peace-loving citizens of Kharagpur who can rarely pass through the various thoroughfares of the city as the police has failed up till now to safeguard the honour and prestige of them, particularly of the womenfolk from the hands of the anti-social elements. Rather there are reasons to believe that some elements in the police keep association with those anti-social elements. Girls going to schools and colleges, females going to cinemas and markets are regularly harassed by these anti-social elements at particular points of the town. The police and the officials have miserably failed to put an end to such crimes.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the police and the Government authority who have no idea regarding the actual number of rickshaws in the town of Kharagpur, railway and no railway, having a population of nearly one and a half lakh. The authority has so far failed to limit the number of rickshaws to a limit keeping in view the density of population, the volume of trade, etc., in the town. More than one rickshaw is usually found on one number. And such practices are done with the aid of the Station Executive Committee. Old and unfit rickshaws are plied in this town causing sometimes serious accidents. The police and the authority have no machinery to check if the rickshaws are fit for carrying passengers or not. The rickshaw-pullers have no specified stand in the municipal town and a very few stands in the railway town. The police is active only when the scope to harass the rickshaw-pullers is in their hands. The police have thus miserably failed to safeguard rickshaw-plying, though it is the only internal conveyance of this big town.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about (1) conduct of the police in gathering and giving information of the conduct of the people in the general election to the Home Minister of India and thereby violating the secrecy in the elections and (2) excessive expenditure in comparison with other important items, i.e., education, medical, famine and community development projects.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy: Corruption prevailing in the Department.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy and practice of the Department.

Sj. Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion

about the police-pickets at Nalgora Camp under Joynagar police-station who without any reason arrested Dhiren Bhandary, a well-known social worker of the locality and assaulted him.

Sj. Saroj Ray: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গরিব চাষীদের উপর যখন জমি উচ্ছেদের ব্যাপারে মালিকেরা জোরজুলুম করিয়া তাহাদের জমি দখল করে তখন গরিব কৃষকেরা গড়বেতা, কেশপুর প্রভৃতি গ্রামাঞ্চলের থানার পুলিসকে এই বেআইনী কাজের খবর দেয় বা তাহাদের নিকট যখন ডাইরি করে পুলিস তখন বেশির ভাগ ক্ষেত্রে ডাইরি গ্রহণ করে না ও বহুক্ষেত্রে চাষীকে ধমক দিয়া তাড়াইয়া দেয়। এক কথায় ঐসব থানার দারোগারা প্রধানত চাষীর ন্যায়সঙ্গত অধিকার না দেখিয়া মালিকদের স্বার্থই দেখে। এইসব ঘটনার পিছনে প্রচুর দুর্নীতি রহিয়াছে। অবিলম্বে এইসব ঘটনার বিষয় খোঁজ লইয়া গ্রাম্য পুলিসদের এই দুর্নীতিকে বন্ধ করা প্রয়োজন।

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about tear-gassing and lathi charge on the inmates of Gopalpur Accommodation Camp on 22nd May, 1957.

Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the police to check the anti-social activities of the criminals.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to stop corruption, highhandedness and unlawful and unreasonable application of brute force upon innocent people.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বর্ধমান জেলার রায়না পুলিস থানার জন্য সরকারী নিজস্ব স্থান ও ইমারত থাকা সত্ত্বেও রায়না হইতে তিন মাইল দূরবর্তী আহারবেলমা গ্রামে মাসিক ২০০ টাকা ভাড়া দিয়া রায়না থানা অপসারণে সরকারী খামখেয়ালী, অপব্যয় ও জনসাধারণের হয়রান সৃষ্টি।

Sj. Suhrid Kumar Mullick chaudhury: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption, favouritism, nepotism and general inefficiency in the Police Department.

Sj. Sudhir Ch. Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে অবাধে পুলিসের দুর্নীতি চলিতেছে। ইহা প্রতিরোধে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Jagadananda Ray: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

জলপাইগুড়ি জেলায় ডুয়ার্স অঞ্চলে ব্যাপকভাবে চুরি-ডাকাতি ও পুলিসের মধ্যে ব্যাপক দুর্নীতি দমন সম্বন্ধে সরকারের অবহেলা ও নিষ্ক্রিয়তা।

Sj. Amarendra Nath Basu: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Government's failure to improve in the general behaviour of the police.

Janab Shaikh Abdullah Farooquie: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the highhandedness of the Police Department in arresting and keeping under preventive detention Deo Narayan Singh, Dhonra Mahto and Md. Shafi alias Kambal since January and afterwards in this year of 1957.

Dr. Jnanendra Nath Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about inability of the police in quickly disposing of cases of such serious types as murder, thefts, etc.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the police of West Bengal Government to maintain normal law and order and to protect the life and property of the people.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption in the department, failure to prevent and detect crimes.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Officer-in-charge, Muchipara Thana, to file charge-sheet against one Asharani Roy arrested with Rs. 20,000 and with a large number of counterfeit coins.

Sj. Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ploicy.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Contai Police to send up the real culprits for trial in the triple murder case of Kharijbar in Contai police-station.

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the grievances of Inspectors, Sub-Inspectors and subordinate police staff about their service conditions.

Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about inefficiency and corruption in the ranks of the higher cadres of police administration.

Sj. Sisir Kumar Das: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the mounting expenditure in the Police Department.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the ill-treatment on Dr. Sailendra Nath Paul, Joint President and Shri Kashi Nath Adak, Member, Barti Bhara Pratirodh Committee, of Route Nos. 76, 76A and 83, during their arrest at Amtollahat, on the 28th May, 1957 by the Officer-in-charge, Bishnupur police-station, 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the ill-treatment on 12 Satyagrahis of "Barti Bhara Pratirodh Committee" of Route Nos. 76, 76A and 83, on the 28th May, 1957 while they were going to take their meal at Behala Thana by Deputy Superintendent of Police (South), in the district of 24-Parganas.

Janab Tahir Hussain: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Criminal Investigation Department and activities of police authorities, Asansol, district Burdwan.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to stop police repression on the Satyagrahis of "Barti Bhara Pratirodh Committee" for requesting the passengers of Bus Route Nos. 76, 76A and 83, at Rajarhat, police-station Mograhat, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the police repression on some Satyagrahis which took place on the 6th May, 1957 at Bishnupur police-station, district 24-Parganas, after their arrest.

Sj. Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure and incompetency of the police to tackle and to take appropriate steps in stopping various anti-social activities in the State.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the incompetency and negligence of the police to find out the murder of Dr. Satya Bhattacharji of the Anglo-India Jute Mill at Jagatdal.

Sj. Bankim Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in the following matters:—

(a) inefficiency and callousness on the part of the police in not arresting the burglers or the gang of burglers who break the railway wagon throughout the whole belt between Shyamnagore and Gorifa and take shelter in the nearby areas with the looted railway properties;

(b) the Chief Medical Officer of Anglo-India Jute Mills, Jagatdal, was murdered at the mills quarters on the night of 29th April, 1956. The police has failed to arrest the culprit and to ascertain the cause of the unnatural haste on the part of the then Mill Manager for leaving India for England;

(c) inefficiency, cowardice and failure on the part of the police of Amdanga Thana to stop the disturbance that took the shape of a riot in the border region of Amdanga and Naihati Thana before the very eyes of the police in the third week of May, 1957;

(d) failure on the part of the police in giving protection to the Muslims of Bora village under Naihati police-station, 24-Parganas, to harvest the rice crop which they cultivated in their own lands;

(e) by the middle of May, 1957, a man was beaten to death in the pug-mill of Kheati Singh in the village Sibdarpore under Naihati police-station. The police has so far been unable to trace out the culprit or the gang or the abettor of the crime.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government to harass the Muslim people particularly those who worked against the Congress during last election.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to protect the properties of the Calcutta Corporation such as (i) street light fittings, stolen from the streets of Calcutta recently, the cost of the same being Rs. 50,000 and (ii) hundreds of cover of drain pits which are stolen recently during night.

Sir, I also beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to stop corruption and bribery in certain police-stations under Calcutta Police Divisions.

Dr. Kanailal Bhattacharyee: Sir, I beg to move that the demand of Rs. 4,24,62,000 for expenditure under Grant No. 16, Major Head: "29—Police" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the corrupt practices of the department with particular references to the district of Howrah.

Mr. Speaker: Shri Niranjan Sen Gupta will now speak. I may tell the honourable members that it would be helpful if the members keep to the time allotted to them. Mr. Sen Gupta, you are allotted 20 minutes.

Sj. Niranjan Sengupta:

মিঃ স্পীকার, স্যার, পুলিশ খাতে বলবার জন্য উঠে দাঁড়িয়ে একটা কথা মনে পড়ছে, সেটা হচ্ছে, যদি এটা হত যে ইংরেজ আমলে পুলিশের ব্যাপারে আমরা যা মনে করেছি আর কংগ্রেসী আমলে পুলিশের বাজেট আলোচনার সময় সেটা যদি মনে না করতে হ'ত তা হ'লে নিশ্চয় খুশি হতাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আমি এবং আমার বন্ধুরা কংগ্রেসী আমলের পুলিশের কীর্তিকলাপ এবং অন্য সব কার্যকলাপ ইংরেজ আমলের পুলিশ থেকে তফাৎ দেখি না। তাই আজকে মাননীয় কালীপদবাবুর সমস্ত দাবির ও যুক্তির বিরুদ্ধে আমার এই বিরুদ্ধ সমালোচনা আনতে হচ্ছে। আমি প্রথমে বলব, কালীপদবাবু বলেছেন যে পুলিসের ব্যয়বরাদ্দ অ্যাভারেজএ কমে গেছে এবং ব্যয়ের পার্সেন্টেজ যে কমে গেছে তাও উনি দেখিয়েছেন। কিন্তু এটা ভুল কারণ স্টেটের খরচ বেড়েছে তাই পার্সেন্টেজে কমে গেছে এটা দেখাতে পারেন। অথচ আসলে কিন্তু তা নয়। আমি বাজেটের যে ফিগার তা একটু বিশ্লেষণ করছি। উনি পুলিসের ব্যয়ের জন্য ৭ কোটি ৩৭ লক্ষ ৮৯ হাজার টাকা ধরেছেন, কিন্তু এটাই সব নয়। কারণ আশপাশ দিয়ে আরও যেসব পুলিসের খরচা আছে সেগুলো আমি দেখাচ্ছি। সেগুলো হচ্ছে recoveries taken as reduction of expenditure—

১৩ লক্ষ ৯৫ হাজার ২০০ টাকা ;

Provision for police under 50—Civil works—

৬১ লক্ষ ৬১ হাজার ;

81—Capital Account of civil works—

৫৪ লক্ষ ৮৬ হাজার এবং আন্ডার দি হেড

Extraordinary charges in India—Extra police force—

৩০ লক্ষ ৮০ হাজার ৭০০ টাকা; লস অন সেল অব সাবসিডাইজড ফুড ৪০ লক্ষ টাকা। অর্থাৎ মোট ৮ কোটি ৬৯ লক্ষ ৮ হাজার ৯০০ টাকা পুলিস খাতে ব্যয় হচ্ছে। অতএব রেভিনিউ বাজেটের ৮ ভাগের ১ ভাগ পুলিস খাতে ব্যয় হচ্ছে। এখন কথা হচ্ছে যে, আমাদের মন্ত্রীমণ্ডলী সর্বদাই এই কথা বলে থাকেন যে, এটা ওয়েলফেয়ার স্টেট, কিন্তু ওয়েলফেয়ার স্টেটএর রাজস্বে ৮ ভাগের ১ ভাগ পুলিস খাতে ব্যয় হয়, এটা অত্যন্ত আশ্চর্যজনক ব্যাপার। আমি ব্যয়ের নমুনা আপনাদের দেখাচ্ছি। এতক্ষণ যা নিয়ে তর্ক-বিতর্ক এসেছিল সেটা হচ্ছে —উনি খরচে রেখেছেন সিক্রেট সার্ভিস এক্সপেন্ডিচার, প্রেসিডেন্সি পুলিসএ ৭৭ হাজার, সি-আই-ডি পুলিসএ ১ লাখ ৯৫ হাজার। অর্থাৎ ২ লাখ ৭২ হাজার সিক্রেট সার্ভিস পুলিস এক্সপেন্ডিচারএ খরচ হচ্ছে। আমি শুধু একটা ঘটনা আপনাদের কাছে বলছি। সেটা হচ্ছে যে, বংলাদেশ যখন বিভক্ত হয় নি, আনডিভাইডেড বেঙ্গলএ তখন সমগ্র বাংলাদেশে পুলিসের খরচ ছিল ৪ কোটি ৭০ লক্ষ টাকা। কিন্তু আজ ট্রাঙ্কেটেড বেঙ্গলএ ৮ কোটি ৬৯ লক্ষ টাকা খরচ হচ্ছে। সুতরাং স্বতঃই জিজ্ঞাসা মনে আসে যে, কংগ্রেসী আমলে পুলিসের খরচ জনকল্যাণমূলক রাষ্ট্রে বেড়ে যাওয়ার কারণ কি? বরং এটাও কমে যাওয়ার কথা। আশা করি তার জবাব মন্ত্রীমহাশয় নিশ্চয় দেবেন।

Sj. Annanda Copal Mukharji:

আজ ওঁদের কেরালায় কি হচ্ছে?

Mr. Speaker: Mr. Mukherji, you will not disturb or interrupt the proceedings of the House.

Sj. Niranjan Sengupta:

তারপরে আর একটি কথা। সেটা হচ্ছে সিক্রেট সার্ভিস পুলিস এক্সপেন্ডিচার সম্বন্ধে। আমি জিগ্‌গেস করব সিক্রেট সার্ভিস পুলিস এক্সপেন্ডিচারএর অর্থ কি? আমরা জানি তার অর্থ কংগ্রেসের দলীয় স্বার্থে এইসব সিক্রেট সার্ভিস ব্যবহৃত হয়—তার উদাহরণ আমি দিতে পারি। আমি কমিউনিস্ট পার্টির একজন সভ্য। আমাদের অফিসের পথে বা আশে-পাশে প্রতিদিন একটা দল নিয়ে আই-বি পুলিস ঘুরে বেড়াচ্ছে, না হয় বসে আছে। আমি জানি আমাদের কমিউনিস্ট পার্টির নেতারা দিল্লীতে আমাদের সেন্ট্রাল কমিটির মিটিং যখন অ্যাটেন্ড করতে যান তখন তাঁদের পেছনে এইসব সিক্রেট সার্ভিস পুলিস যায়। আমি জানি আমাদের মত লোকও যখন আমাদের পার্টির কাজে জেলায় যাই তখন আমরাও যেথাই যাই না —পেছনে পেছনে ওরা আসে। এই সেদিন জ্যোতিবাবু রামপুরহাট গিয়েছিলেন। আমি জ্যোতিবাবুর কাছে শুনেছি এখান থেকে পুলিস জ্যোতিবাবুর সঙ্গে গিয়েছিলেন এবং তিনি যা মিটিংএ বলেছিলেন তার প্রত্যেকটি কথা টুকে এনেছেন। এইসব ইংরাজ আমলে হ'ত তা জানি। আমি নিজে ইংরেজ আমলে বেশ কিছুদিন পুলিশের অত্যাচার সহ্য করেছি। এ জায়গায় অনেকে আছেন তাঁরাও একথা জানেন। আজ তাঁরা অনেকে মন্ত্রী হয়েছেন। সুতরাং প্রশ্ন হচ্ছে যে, আজকে এই মন্ত্রীমণ্ডলীকে জিজ্ঞাসা করতে চাই যে, দলীয় স্বার্থে কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে, বামপন্থীদের বিরুদ্ধে এইভাবে পুলিস নিয়োজিত ক'রে তাঁরা কি মনে করেন যে, বামপন্থী বা কমিউনিস্ট মতবাদের গতিরোধ করতে পারবেন। আপনারা কমিউনিস্ট ব্লকের দিকে তাকিয়ে দেখুন ৩০ জন থেকে ৫১ জন হয়েছে, আর আগামী নির্বাচনে আমি জোর ক'রে বলতে পারি যে, পট পরিবর্তন হবে এবং তার জন্যে তৈরি থাকুন। পুলিসের সাহায্যে যদি মনে করেন যে আপনারা আমাদের নিশ্চিহ্ন করতে পারবেন তা হ'লে সেটা ভুল। আপনারা জানেন দলীয় স্বার্থে আজ যা ইউজ করছেন সেটা কিসের জন? তা আপনাদের রাজত্ব বজায় রাখার জন্য এবং আপনাদের পথ নিরঙ্কুশ করার জন্য। কিন্তু যদি বিধান সভার গণ্ডীর বাহিরে যান তা হ'লে দেখবেন যে, জনসাধারণ আপনাদের ঘৃণা করে, আপনাদের চায় না। একথা কেউ অস্বীকার করতে পারবেন না।

Sj. Jagannath Majumder: On a point of order, Sir. He is instructing us. He should address the Chair and not instruct us.

Sj. Niranjan Sengupta: Yes, I am addressing the Chair, you need not question me. The Chair will ask me.

Mr. Speaker: He is speaking to you through me.

Sj. Niranjan Sengupta:

মাননীয় স্পীকার, আজকে তাই মন্ত্রীমণ্ডলীকে আমি খুব ভালভাবে জিজ্ঞাসা করতে চাই যে, আজকে এই মন্ত্রীরা পুলিশকে দিয়ে বিরোধী পার্টি, যারা বৈধ পার্টি, যেখানে কমিউনিস্ট পার্টি বাংলাদেশে ও ভারতবর্ষের মধ্যে ওয়ান অব দি মেজর পলিটিক্যাল পার্টি এবং বিরোধী দল হিসাবে বিভিন্ন আইনসভায় ও পার্লামেন্টে কাজ করছে সেখানে তাদের পেছনে সিক্রেট সার্ভিস পুলিস লেলিয়ে দিয়ে জনসাধারণের টাকা অযথা কেন খরচ করছেন। এবং জন-সাধারণকে ধোঁকা দিয়ে নিজেদের দলীয় স্বার্থে কেন এই টাকা ব্যয় করছেন?

আমার দ্বিতীয় কথা হচ্ছে যে, আপনারা নিশ্চয়ই আর একটা ঘটনা অস্বীকার করবেন না। কেন্দ্রীয় হোম মিনিস্টার মাননীয় পন্থ সাহেব একটা সভা ডেকেছিলেন। বাংলাদেশের পুলিস থেকে হোমরাচোমরা সি-আই-ডির বড়কর্তারা সেখানে গিয়েছিলেন। কি আলাপ করতে? নির্বাচনে কংগ্রেসীদের ইন্ডাস্ট্রিয়াল এলাকায় পতন হল কেন? এই জিনিস পন্থ সাহেব সেখানে আলোচনা করেছেন। এই ত অবস্থা অর্থাৎ কংগ্রেসী রাজত্বে পুলিসকে নিজেদের সুবিধার্থে ব্যবহার করছেন। পুলিস কংগ্রেসী শাসকদের সঙ্গে হাত মিলিয়ে কাজ করছে কংগ্রেসের দলীয় স্বার্থকে পোক্ত করতে। তাই ওসবের প্রতিবাদ না হ'লে জনসাধারণের পক্ষে ইহা ক্ষতিকর হবে বলে আমি এর প্রতিবাদ জানাচ্ছি।

[4-10—4-20 p.m.]

তারপর কথা হচ্ছে আমি, স্যার, আপনার মাধ্যমে মাননীয় পুলিসমন্ত্রীকে বলছি। তিনি তো খুব রিসেন্টলি এই পোর্টফোলিও পেয়েছেন। আমার ধারণা পোর্টফোলিও পেয়ে আমাদের পুলিসমন্ত্রীরা কখনও তাঁদের কর্তব্য সম্পাদন করেন না। এই হচ্ছে আমার অভিযোগ। কেন কর্তব্য সম্পাদন করেন না? সেকথা বলছি সব এক এক করে। মন্ত্রীমণ্ডলী বিশেষ ক'রে পুলিসমন্ত্রী কি থানার বা অন্যান্য পুলিস এস্টাব্লিশমেন্টএর নিত্যনৈমিত্তিক কাজের কোন খোঁজ নেন বা খবর রাখেন? থানায় জনসাধারণের করা ডাইরীগুলোর কোন তদ্বির হচ্ছে কি না তার কি খোঁজ নেন?

আমি আপনার মাধ্যমে পুলিসমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই—তিনি এই মন্ত্রিপদ পাবার পর কতদিন পুলিসের এইসব কাজকর্মের খোঁজখবর নিয়েছেন? তিনি কি এই দিক দিয়ে তাঁর কর্তব্য সম্পাদন করেছেন? আমি তাঁকে একথা জিজ্ঞাসা করতে চাই তিনি যেন এ বিষয়ের জবাব দেন। এই মন্ত্রিপদ পাবার পর তিনি কি পুলিসের কার্যকলাপ সম্বন্ধে বাংলার বিভিন্ন জেলার বিভিন্ন থানার কোন খোঁজখবর নিয়েছেন? এবং পুলিস তাদের ডিউটি বা কর্তব্য সম্পাদন করে কিনা এ নিয়ে মাথা ঘামিয়েছেন? এটা যেন তিনি বলেন।

আরও দু-একটা কথা মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। তিনি কি খোঁজ রাখেন যে, পুলিসের বড়কর্তারা কি করেন বা করেছেন? সেদিন 'যুগান্তরে' পড়েছিলাম একটা খবর। পুলিসের আই-জি হীরেন সরকারের ছেলের বৌভাত সম্পর্কে অনেক তথ্য তাতে বেরিয়েছিল। এটা অনেকে পড়েছেন ও দেখেছেন। কি বিরাট ব্যবস্থা হয়েছে, পুলিস বিভাগের লোক তাতে নিয়োগ করেছেন তাঁর ব্যক্তিগত কাজে। এ ধরনের ব্যাপার কেন হবে তা যেন কালীপদবাবু জবাব দেন। আমাদের জিজ্ঞাস্য কেন এরকম হয়?

এই প্রসঙ্গে আরও একটি কথা মনে পড়ছে। সেটাও কাগজে দেখেছি—পুলিস কমিশনার হরিসাধন ঘোষচৌধুরীর ছেলের বিয়েতে ৬০।৭০খানা পুলিসের গাড়ি ব্যবহৃত হয়েছিল। সেই বিয়ের জলুসে হোম সেক্রেটারি পর্যন্ত ছিলেন, পুলিসের আই-জিও ছিলেন এবং একটা রাস্তা ওয়ান-ওয়ে ট্র্যাফিক করে দেওয়া হ'ল। এইসব কাজ অর্থাৎ কুকাজ মন্ত্রীমহাশয়ের নাকের ডগায় চলেছে। তার কোন প্রতিকার তিনি কি করেছেন? এসব কাগজে উঠেছে, আপনারা পড়েছেন। কিন্তু আমাদের মন্ত্রীমণ্ডলী একেবারে নির্বিকার। তার কারণ, এদের ছাড়া তাঁরা চলতে পারেন না। সর্বদা এদের সাহায্য দরকার। তাই আপনারা তাদের সমস্ত রকম কুকীর্তি ঢেকে রাখেন বা সহ্য ক'রে যান। এই হচ্ছে আপনাদের কাজ।

(এ ভয়েসঃ ও'রাও নেমন্তন্ন খেতে গিয়েছিলেন।)

এই সাথে সাথে আমি আরও কয়েকটা উদাহরণ রাখব পুলিসের কর্মতৎপরতা সম্বন্ধে। এদিকে তো এই দুর্নীতি। তারপর আমরা কাগজে দেখেছি যে, জগদ্দলের চীফ মেডিক্যাল অফিসার সত্য ভট্টাচার্যের স্ত্রীর আবেদন। তাঁকে (সত্য ভট্টাচার্য মহাশয়কে) হত্যা করা হয়েছে। অ্যাংগলো-ইন্ডিয়ান জুট মিলএর চীফ মেডিক্যাল অফিসারকে নৃশংসভাবে হত্যা করা হ'ল, অথচ আজ পর্যন্ত সেই হত্যাকাণ্ডের কোন কুলকিনারা হয় নাই। তার কারণ, সেখানকার একজন হোমরাচোমরা ইংরেজ সংশ্লিষ্ট এবং তার সঙ্গে পুলিসের যোগ ছিল। তার জন্যই সেই ইংরেজ ম্যানেজার বিলাতে পালিয়ে যেতে পেরেছে। তার জন্যই এই মামলার কোন কুলকিনারা হয় নাই। ইংরেজের সঙ্গে পুলিসের যোগসাজস হয়েছে ব'লেই এই হত্যা-কাণ্ডের কোন কিনারা হ'ল না। আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই—কেন এরকম হয়, তিনি তার জবাব দেবেন কি?

দ্বিতীয় আর একটা ব্যাপার 'আনন্দবাজার পত্রিকাতে' বেরিয়েছিল—করুণ কাহিনী, একটি তরুণীর কাহিনী। মঙ্গলাবালা দাসীর উপর ধর্ষণ হয়েছিল, বিভিন্ন রকম অত্যাচার হয়েছিল। তার ঘটনা সম্পর্কে মন্ত্রীমহাশয় কোন কিছু বলেন নাই তাঁর প্রারম্ভিক বক্তৃতায়।

The Hon'ble Kali Pada Mookerjee: That matter is *sub judice*.

Mr. Speaker: I am informed that the matter is *sub judice*.

Sj. Niranjan Sengupta:

আচ্ছা, ঠিক আছে। তারপর আর একটি ঘটনায় আমি আসি। সেটা হচ্ছে, মানিকতলায় অবনী দত্তের একটি টেলারিং দোকান আছে ২৮৫নং বিবেকানন্দ রোডে। গত ১৮।১৯ জানুয়ারি তার দোকান লুঠ হয়েছিল। সেই দোকান ভেঙ্গে ওপেন রাস্তার উপর থেকেই জিনিস লুট করে নিয়েছিল। সেই গরিব ভদ্রলোক বহুবার পুলিসের কাছে গিয়েও তার কোন কুলকিনারা করতে পারেন নাই। এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জবাব চাই —কেন এই ধরনের সাধারণ কেসের আজ পর্যন্ত তদন্ত হয় নাই?

তারপর আর একটা কথা আমার মনে পড়ছে। আপনারা সবাই জানেন, হাওড়া বার্ন এমপ্লয়িজ ইউনিয়নএর নিমাই মিত্রকে হত্যা করা হয়েছিল। তার প্রধান যে কালপ্রিট পূরণ সিং তাকে আজও পুলিস ধরতে পারে নাই। সে কি ইচ্ছা করেই পুলিস ধরতে পারে নাই, তাকে কি বাইরে কোথাও লুকিয়ে রাখা হয়েছে? সেটা আমি জানতে চাই।

এ ছাড়া অন্য ধরনের একটা ব্যাপার আলোচনায় আনতে চাই। বিভিন্ন জায়গায় চোলাই মদের কারখানা আছে। হাওড়া জেলার বিখ্যাত এক চোলাই মদের কারখানা থেকে বেআইনী-ভাবে প্রকাশ্যে মদ বিক্রয় হচ্ছে, সাপ্লাই হচ্ছে এবং পুলিসের বড়কর্তারা তার ভেতর জড়িত রয়েছে। আমার এলাকায় বালিভারা, নাকদা, হালিসহর, বীজপুর থানায় সেখানে চোলাই মদের বেআইনী কারখানা চলছে।

ব্যারাকপুর-শ্যামনগর থেকে হালিসহর-কাঁচরাপাড়া পর্যন্ত রেলরাস্তার ধারে রেলওয়ে প্রপার্টি লুট হচ্ছে। অথচ পুলিস সেখানে নীরব। পুলিস তৎপর কোথায়? যেখানে কংগ্রেসের পলিটিক্যাল অপোনেন্ট কম্যুনিস্ট পার্টি জনসাধারণের কোন কাজ করে, আন্দোলন করে, সেখানে তখন তাদের উপর ঝাঁপিয়ে পড়তে পুলিস খুব সচল হয়ে পড়ে।

মাননীয় স্পীকার মহাশয়, এর সাথে সাথে আমি আর একটি কথা পুলিসমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের বাড়ি পাহারার জন্য এত ঘটা কেন? সেখানে পুলিসের মোবাইল ভ্যান, পুলিসের ১০।১৫ খানা গাড়ি সর্বদাই ঘোরাফেরা করে এবং একটা বিরাট পুলিস ফোর্স তাঁর বাড়িতে মোতায়েন থাকে। জনকল্যাণ রাষ্ট্রের প্রধানমন্ত্রীর সাধারণ লোকের কাছ থেকে এত ভয় কেন? এত গাড়ি গাড়ি পুলিস সেখানে থাকে কেন? আর পুলিসমন্ত্রী কালীপদবাবুর বাড়িতেই বা ১৫।২০ জন করে পুলিস সব সময় থাকে কেন? তিনিও তো জনকল্যাণ রাষ্ট্রের একজন মন্ত্রী। তাঁরা নিজেদের বাড়ি পুলিস দিয়ে ঘেরাও ক'রে রাখেন কেন? এইভাবে তাঁদের জীবনযাপন করতে হচ্ছে কেন?

(এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চঃ ইনক্লাব জিন্দাবাদের ঠেলায়!)

তারপর পুলিস ফোর্স কিভাবে মিসইউজড হচ্ছে—ভি-আই-পিদের গার্ড দেওয়ার ব্যাপারটা দেখুন। ভি-আই-পিরা যখন এখানে আসেন, তখন সাধারণভাবে চারিদিকে চুরি-ডাকাতি-বাটপাড়ি বেড়ে যায়। কারণ বহু পুলিস তখন ভি-আই-পিদের গার্ড দেবার জন্য সর্বদা ব্যস্ত থাকে। আর জনসাধারণের স্বার্থের দিকে পুলিসের কোন নজরই থাকে না। তাই আমি বলি সেখানে পুলিসের সংখ্যা কমিয়ে খানিকটা এমনভাবে ব্যবস্থা করুন, যাতে এ ব্যাপারে খরচও কমে, আবার অন্য জায়গায় প্রয়োজনমত পুলিসও পাঠাতে পারেন।

Bengal Armed Police Brigade Headquarters, Barrackpore.

সেখানে ৫ জন অফিসারসকে ৫ খানা গাড়ি ২৪ ঘণ্টার জন্য দেওয়া হয়েছে। তাদের ডিউটি শুধু হেড কোয়ার্টার্সএর মধ্যে সীমাবদ্ধ। তার বাইরে আর তাদের যেতে হয় না। এই-রকমভাবে তাঁরা খরচ করছেন। এভাবে পুলিস কারস মিসইউজ তাঁরা কেন করছেন? এর জবাব মন্ত্রীমহাশয়ের কাছ থেকে চাই।

ট্রাফিক পুলিসের জন্য বহু টাকা খরচ হচ্ছে। অথচ আসল সমস্যার বিশেষ কোন সুরাহা হচ্ছে না, ট্রাফিক অ্যাক্সিডেন্ট বেড়ে যাচ্ছে। অ্যাক্সিডেন্টএর পর পুলিসের সহৃদয়তারও কোন পরিচয় পাওয়া যায় না। একজন হয়ত উন্ডেড হলেন, তাঁকে ফার্স্ট-এইড দেওয়ার কোন ব্যবস্থা তাঁদের দ্বারা হয় না। আমি বলছি ট্রাফিক পুলিসএর জন্য এত টাকা খরচ করছেন অথচ জনসাধারণের উপকার হয় এমন সাজসরঞ্জামের দিক থেকে তাদের কাজের কোন উন্নতি হচ্ছে না।

[4-20—4-30 p.m.]

তারপর, আর একটা কথা ব'লেই আমার বক্তব্য শেষ করব। রাজনৈতিক কারণে শ্রমিকদের নির্যাতনের জন্য এই পুলিস ফোর্স ব্যবহার হচ্ছে। মাননীয় কালীপদবাবুর কাছে পুলিস দ্বারা এই শ্রমিক নির্যাতন ব্যাপারের আমি তদন্ত দাবি করি। 'মার্গারেট হোম'এ গুলীচালনার ব্যাপারে ৬ জন শ্রমিক মারা গিয়েছিল। এই কেসে ডিস্ট্রিক্ট জজ তাঁর রায়ে যে মন্তব্য করেছেন তাতে তিনি বলেছেন যে, সেই রাস্তা দিয়ে শোভাযাত্রা নিষিদ্ধ ক'রে পুলিস ইল্লিগ্যাল অর্ডার দিয়েছিল। ডিস্ট্রিক্ট জজএর এই মন্তব্যের কি জবাব দেবেন পুলিসমন্ত্রী? তারপর, দ্বিতীয় কথা হচ্ছে, আপনি শুনে আশ্চর্য হবেন যে, দার্জিলিংএর মধু টি এস্টেটের কর্তার সিংএর মার্ডারএর ব্যাপারে ডিস্ট্রিক্ট জজ তাঁর জাজমেন্টএ বলেছেন যে, পুলিসের সমস্ত তদন্তই ডিফেক্টিভ হয়েছে—এটা খুবই দুঃখের কথা। এমনিভাবে সেখানে পুলিস কর্তৃক শ্রমিকদের নির্যাতন করা হচ্ছে, কৃষকদের উপর অত্যাচার হচ্ছে, নাগরিকদের উপর অত্যাচার হচ্ছে, সেই পুলিসের জন্য যে যে ধরনের ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে আমি তার আপত্তি জানাচ্ছি এবং আমি দাবি করছি, জনকল্যাণমূলক কাজের দিকে লক্ষ্য রেখে পুলিসের ব্যয়বরাদ্দ ঠিক করা হোক।

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই পুলিস ব্যয়বরাদ্দের জন্য মন্ত্রীমহাশয় যে ক্রমবর্ধমান দাবি আমাদের সামনে উপস্থিত করছেন আমি সেই দাবির প্রতিবাদে কয়েকটি তথ্য আপনার সামনে রাখব। আমরা আশা করেছিলাম যে, স্বাধীনতার পর এই পুলিসের ব্যয়বরাদ্দ ক্রমশ কমে যাবে। কেননা একটা দেশ যখন স্বাধীন হয় সে তার দুঃখদৈন্য দূর করে, তার বেকার-সমস্যা দূর করে, তার দারিদ্র্য দূর করে এবং দারিদ্র্য, বেকারসমস্যা এই সমস্ত দূর হয়ে গেলে দেশ শান্তিপূর্ণ হয় আর দেশ শান্তিপূর্ণ হলেই অধিক পুলিসের আবশ্যকতা থাকে না। এবং তখনই সেই রাষ্ট্রকে কল্যাণ রাষ্ট্র আমরা বলি। এবং সেখানে যা কিছু জনহিতকর কার্য তখনি করা সম্ভবপর হয়। মাননীয় স্পীকার মহাশয়, গতকল্য আমরা এই হাউসএ দুটি জনহিতকর দাবি—মেডিক্যাল খাতে, পাবলিক হেল্‌থ খাতে এই দুটি দাবি মিলে মাত্র ৭ কোটি ৩০ লক্ষ ২২ হাজার টাকা মঞ্জুরি করেছি। দেশের লোক জল খেতে পায় না, রোগে ঔষধ পায় না, যক্ষ্মায় দেশ ভরে যাচ্ছে, সেদেশে মেডিক্যাল আর পাবলিক হেল্‌থএ বহু কষ্টে আমরা ৭ কোটি ৩০ লক্ষ ২২ হাজার টাকা মঞ্জুরি করেছি। আর আজকে পুলিস খাতে ঠেঙ্গিয়ে দেশে কবরের শান্তি কি ক'রে রাখা যায়—আজ ১০ বছর দেশ স্বাধীন হওয়ার পর এদেশকে পুলিসের সাহায্যে কি ক'রে দমিয়ে রাখা যায়, সেই পুলিসের ব্যয়বরাদ্দের জন্য আবার সেখানে বলা হয়েছে টোটাল প্রভিসন অ্যাজ এ হোল বলে সেখানে নিচে বলা হচ্ছে ৮ কোটি ২৮ লক্ষ ৮ হাজার ২০০ টাকা। আর মাননীয় বন্ধু আমাদের আগে দেখিয়েছেন এ ছাড়া এক্সট্রা-অর্ডিনারী চার্জেসএর ভিতর দিয়েও প্রায় ৭০ লক্ষ ৮০ হাজার টাকা তার মধ্যে দাবি করা হয়েছে। আমরা এখন যদি দেখি তা হ'লে দেখব ভারতবর্ষের মধ্যে পশ্চিম-বঙ্গই সব বিষয়ে বেশি ব্যয় করেছে পুলিসের খাতে অথচ আমি দেখাব তার এফিসিয়েন্সি সব চেয়ে কম। আমরা যদি দেখি পার ক্যাপিটা এক্সপেন্ডিচার হিসাবে আমরা দেখব যে, বিহারে হচ্ছে ১·০৭, ইউ-পিতে ১·৩, মাদ্রাজে ·৮৭, বোম্বেতে ২·৭১ কিন্তু পশ্চিমবঙ্গে সেখানে ২·৯৬। কাজেই পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা এক্সপেন্ডিচারএ হেড অফ দি লিস্ট। এবং নাম্বার অফ পুলিস সেটাও যদি আমরা দেখি কিরকম ১০০ লোকের উপর দিয়ে কিরকমভাবে শতকরা পুলিস আমরা পুষছি সেই হিসেবে যদি আমরা দেখি তা হ'লে দেখব যে, বিহারে দেখি সেখানে ·০৫২, বোম্বেতে ·৮০, মাদ্রাজে ·০৮, কিন্তু পশ্চিমবঙ্গে ·১৫৩ অর্থাৎ বোম্বে বাদ দিলে মাদ্রাজ, বিহার প্রভৃতি জায়গার চেয়ে আমার বাংলাদেশে পুলিস আমরা বেশি পুষছি

মানুষের অনুপাতে। আমাদের মন্ত্রীমহাশয় বলেছেন যে, এদের একটা বিস্তৃর্ণ সীমা আছে সে সীমা রক্ষা করতে হবে। সে সীমা তো আসামেরও আছে, সে সীমা তো পশ্চিমবাংলার একার সীমা নয় আসামেরও সে সীমার সমস্যা আছে। সেই সীমার সমস্যা দেখিয়ে পুলিসের খাতে অনবরত টাকা বেশি চাওয়া সেটা কি কোন যুক্তির কারণ হতে পারে? তারপর আমরা দেখতে পাই যে, ইন্সপেক্টর-জেনারেল অব পুলিস থেকে আরম্ভ ক'রে থানা পর্যন্ত যে কনস্টেবল তার বাবদ যা কিছু ব্যয়বরাদ্দ এর মধ্যে ধরা আছে। কিন্তু আর একটা জিনিস আছে, মাননীয় স্পীকার মহাশয়, যেটা থানা থেকে নিচের দিকে, প্রতি ইউনিয়ন এবং গ্রাম সেখানে যে ভাস্ট নাম্বার অব দফাদার এবং চৌকিদার আছে তার বেতন তো এর মধ্যে ধরা হয় না। সে বেতন তো আমরা নিজেরা তুলি এবং সেটা ব্যয় করি সেখানে। সেও প্রতি ইউনিয়নে কম সে কম বছরে ২ হাজার ২॥ হাজারের কম সেখানে বেতন দেওয়া হয় না। কাজেই তাকে এর মধ্যে ধরা হয় নি, তা যদি ধরা হ'ত তা হ'লে দেখতেন আজ যে শিক্ষার খাতে সবচেয়ে বেশি ব'লে ধরা হচ্ছে সেটা শিক্ষার চেয়েও বেশি এ খাতে ধরা হচ্ছে সেটা নিশ্চিত প্রমাণ হ'ত। কাজেই থানা পর্যন্ত ব্যয় দেখিয়ে আপনারা যে ব্যয় দেখাচ্ছেন সেটাই হচ্ছে সমস্ত রাজস্বের এক-অষ্টমাংশ আপনারা দাবি করছেন পুলিসের খাতে। তার সঙ্গে ঐ যদি ইউনিয়ন এবং ভিলেজএর যদি পুলিস এক্সপেন্ডিচার ধরতেন তা হ'লে আমি বলব এখনও এটা ওয়েলফেয়ার স্টেট একেবারে বলা যায় না। এটাকে পুলিস রাষ্ট্র বলতেই হবে। কেননা পুলিসের খাতে সবচেয়ে বেশি টাকা আমরা দাবি করে নিচ্ছি। অথচ বড়ই আশ্চর্যের কথা দেশবিভাগের আগে ইংরেজের শাসনের বিরুদ্ধে সবচেয়ে পুলিসের খাতেই বেশি আপত্তি কংগ্রেসীরা আমরা বেশি করতাম। আর আজ খুব শান্তির সহিত বলা হয় নানারকম অজুহাত দেখিয়ে যে এখানে বাউন্ডারি আছে ওখানে আজ বিহারের খানিকটা আসছে, এইজন্যই টাকা দিন দিন বেশি লাগছে। আমি বলব পুলিস প্রকৃতপক্ষে দেশের জনকল্যাণের জন্য কি পুলিস নিয়োজিত হচ্ছে না, পুলিস হচ্ছে রুলিং পার্টির স্বার্থরক্ষার জন্য এখন পুলিস লাগছে সেটাই বিচার ক'রে দেখতে হবে। আমরা সাধারণত দেখতে পাই কি, থানায় যখন কেউ একটা ডায়েরী করতে যায়- গত বছর ফিগার দেখান হয়েছিল, আমার স্মরণ আছে, গতবারের অধিবেশনে বলা হয়েছিল যে, অনেক ক্রাইম কমে গেছে—কেননা ডায়েরী কম হচ্ছে। অথচ সেখানে নীতি নেওয়া হয়েছিল ডায়েরী যাতে না নেওয়া হয়। সেইবার এই বিষয়ে আমরা বেশি আলোচনা করেছিলাম। এখনও কি আছে, কেউ যদি ডায়েরী করতে প্রথমে থানায় যায় প্রথমে গেলে আগে ১৷০ পয়সা দিতে হ'ত। এখন যদি নিতান্ত চক্ষুলজ্জার জন্য না নেয় তা হ'লে বলে এক প্যাকেট সিগারেট এনে দাও। এবং তারপরে জিজ্ঞাসা করে চুরিটা কে করল—কাকে সন্দেহ কর। চুরিই যদি সে দেখতে পায় তা হ'লে সে চোরকে ধরেই আনতে পারে। চোরের নামই যদি সে বলতে পারবে তা হ'লে থানায় আসা কেন? কাজেই তারা ফিরিয়ে দেয় লোককে, ডায়েরী নেয় না নাম করতে না পারলে। প্রথমে যেখানে ডায়েরী নেবার ব্যাপার ফিরিয়ে দিলে অপরাধের মাত্রা কম হ'ল। তখন ঢাক পিটিয়ে বলতে শুরু করা হ'ল যে অপরাধ দেশে ক'মে গেছে। কিন্তু তা নয়, অপরাধ দিন দিন বেড়ে যাচ্ছে। আমি দু' বছর আগে একটি প্রশ্ন দিয়েছিলাম কাঁথি মহকুমায় ১৯৫২-৫৩ সালে কত খুন হয়েছে? ১ বছর পরে অবশ্য তা উত্তর দেওয়া হয়েছিল, বলেছিল ১৮টি খুন হয়েছে। ১৮টি খুনের মধ্যে আমি জিজ্ঞাসা করেছিলাম কতগুলি ধরা পড়েছে তখন বলা হয়েছিল ৭টি কেস ধরা পড়েছে। কয়টি কেস সাজা হ'ল? না, দুটি কেস সাজা হ'ল। ১৮টি খুনের মধ্যে পুলিস ধরতে পারল ৭টি কেস, আর তার মধ্যে দুটি কেস সাজা পেল, আর বাকি সব কেস যদি বেরিয়ে যায় তা হ'লে পুলিসের কৃতিত্ব কি রকম একবার ভেবে দেখুন। আমার মনে হয় অন্য কোন স্বাধীন দেশে এত যে দেশের সিটিজেন খুন হয়ে যায় অথচ তার কোন কিনারা হয় না এ বোধ হয় আর কোন দেশে হয় না। আমার কাছে এই আসানসোলের একটা ব্যাপার আছে, সেখানে গত ১৫ই জুন পর্যন্ত ৭ মাসে ১৪টা খুন হয়েছে। এবং এর মধ্যে তিন জন পুলিস অফিসার খুন হয়েছে, ২টি স্ত্রীলোক খুন হয়েছে, ২ জন শ্রমিক খুন হয়েছে। একটিও কিনারা তার এ পর্যন্ত হয় নি। এই কি পুলিস কৃতিত্ব। আসানসোল একটা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, সেখানে পুলিস অফিসারই খুন হয়ে গেল। নিজের দলের লোক তাকেই খুঁজে বের করতে পারছে না কে তাকে খুন করল। এই কি কৃতিত্ব।

[4-30—4-40 p.m.]

তারপর এরকম ঘটনা আমি আপনার সামনে উপস্থিত করছি। আমার কেস সেসনে মোকর্দমা হয়েছিল। সেসনস জজ, মিদনাপুর, যে রায় দিয়েছিলেন সে রায় আমার কাছে আছে, তাতে দেখাব পুলিস কি ক'রে যাদের টাকাকড়ি আছে তাদের কাছ থেকে টাকাকড়ি খেয়ে প্রকৃত অফেন্ডারকে নির্দোষ বলে খালাস দেয়, মার্ডারারকে নির্দোষ ব'লে ছেড়ে দেয়। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, মিঃ স্পীকার, আমি একটা কেসের কথা বলছি। কাঁথি সহরের উপরে পরিতোষ সিংহ ব'লে একজন অবস্থাপন্ন ধনী আছেন। তাঁর একজন রক্ষিতা ছিল যার গর্ভে তাঁর একটি ছেলে ও একটি মেয়ে হয়েছিল। সেটেলমেন্ট জরিপের সময় সেই ছেলেমেয়ে এবং সেই রক্ষিতা দাবি করে কিছু জমিজমা তাদের নামে লিখে দেবার জন্য। সেই রক্ষিতা তখন আবার অন্তঃসত্ত্বা ছিল। তারপর হঠাৎ একদিন সেই রক্ষিতা এবং তার ছেলেমেয়েদুটিকে খুঁজে পাওয়া গেল না। পরিতোষ সিংহ এসে বলল—আমি কোন কথা বাড়িয়ে বলছি না, এসব রায়ে আছে—সে বলল, ঠাকুরের কাছে মানত করতে গেছে, তা ওঁর জিনিসপত্র সব ঠিক আছে কিনা দেখে নেওয়া হোক। একদিন বাদে দুর্গন্ধ বেরুতে থাকে—তখন মেয়ের মড়া বেরুল, ছেলের মড়া বেরুল, তারপর খোঁজাখুজি করতে সেই রক্ষিতার মড়াও বেরুল। পুলিস তদন্ত চালাতে লাগল। কিন্তু কে খুন করল বুঝতেই পারছেন—রায়ে সেকথা আছে—কে সমস্ত সম্পত্তি রেকর্ড করাতে চেয়েছিল রক্ষিতা ও তার ছেলেমেয়েদের বঞ্চিত করে। পুলিস তার এক নিরীহ ভাইকে—নাম তার মহীতোষ—তাকে চালান দিল। মহীতোষের সঙ্গে পরিতোষের পার্টিশন মোকর্দমা চলছিল—মহীতোষ তার কাছে পার্টিশন এবং ২০।২১ হাজার টাকা চাইছিল। সুতরাং এক ঢিলে দুই পাখি মারার ব্যবস্থা হ'ল। টাকাও ফাঁকি দেওয়া গেল, রক্ষিতার দাবিও শেষ করা গেল। পুলিস অফিসার এ বিষয়ে তার সঙ্গী হলেন, তার টাকা খেয়ে তার সহায়তা করল। সেই কেসএ পরিতোষ সাক্ষ্য দিলেন, তার স্ত্রীকে দিয়ে সাক্ষ্য দেওয়ালেন, কিন্তু তার ধর্মপত্নী—তিনি মিথ্যা কথা বলতে পারলেন না। তিনি বললেন, ঘটনার দিন রাত্রি একটার সময় যখন সিনেমার সেকেন্ড শো শেষ হয়ে গেছে তখন তিনি মহীতোষকে বাড়িতে দেখেছেন। অথচ তার স্বামীকে সে সময় তিন চারদিন ধরে বাড়িতে পাওয়া যায় নি। তাই জজ সাহেব তাঁর রিমার্কএ সেই সব বলেছেন—সময় পাব না অথচ একটু পড়া দরকার। জানা দরকার কি ক'রে টাকা খেয়ে পুলিস দোষীকে চেপে রাখে এবং নির্দোষীকে নিয়ে হাজির করে। জজ বলেছেন—

> "The conduct of Paritosh himself is extremely suspicious and if anybody had any sufficient motive for doing away with Santamoni and her children it was Paritosh. You may have regard to the evidence concerning the conduct of Paritosh in judging the truth and reliability of the prosecution evidence now produced against these accused persons. Paritosh is very anxious to say that when he was informed of the missing of Santamoni on Sunday, he could not go to Kharijbarh because he was to go to Midnapore in connection with the partition suit. You will consider how far this is a sufficient explanation for his not going to Kharijbarh at once even on receipt of information that his mistress who was in his keeping for about 14 years and through him he had begotten children was missing with the children. Then you have the definite evidence now of his wife Haripriya that on the night of Friday Paritosh was not at home and he left home at about 11 p.m. and did not return before 3rd Aswin which was Tuesday and this witness (Haripriya) has further definitely stated that she saw Mahitosh at his house which is adjacent to Paritosh's house on the night of Friday at about 1 a.m."

এই খবর কি পুলিস পেয়েছিল পরিতোষ সেদিন কোথায় ছিল? পুলিস কি জানতে পারে নি—এই যে সবজান্তা পুলিস—পাবলিকএর এত টাকা নেয় অথচ তারা করল কি? নিরীহ ভাইটিকে আসামী ক'রে চালান দিল এবং যে লোকটির চিন্তা ছিল এই মার্ডারএর পিছনে

জজ স্পষ্ট তা বলেছেন। সেই লোকটিকে টাকার জোরে স্ক্রীন অফ ক'রে তার নিরীহ ভাইকে নিয়ে যাওয়া হ'ল। এই নাকি স্বাধীন দেশের পুলিসের কর্তব্যনিষ্ঠা? পুলিস যদি তৈরি করতে হয় তা হ'লে মন্ত্রীমহাশয়কে বলব তাঁর শুধু এখানে ব'সে থাকলে চলবে না। আমি দেখলাম না মফস্বলের কোন থানায় বড় বড় আই-বি অফিসার গিয়ে হাজির হ'ল, বড় জোর জেলার পুলিস সাহেব। আমি কাঁথিতে দেখেছি, দীঘায় হয়ত বেড়াতে যান পথে মোটরগাড়ি থামিয়ে পাঁচ মিনিট দাঁড়িয়ে সই ক'রে দিয়ে যান, তাতেই থানা ইন্সপেকশন হয়ে গেল, থানার ভিতরে কি হয় তা আর তিনি দেখতে পারেন না। আই-বি কি রাইটার্স বিল্ডিংসএ ব'সে পাখার তলায় হাওয়া খেয়ে টাকা নেবেন? স্বাধীন ভারতের পুলিস কি রকম হবে? পুলিস হবে কর্তব্যনিষ্ঠ, ন্যায়নিষ্ঠ, পুলিস হবে ইনকোরাপ্টিবল। বিলাতের পুলিসের লোকে এত প্রশংসা করে কেন? তাদের এত নাম কেন? তার কারণ, তারা একাধারে সৎলোকের বন্ধু, আবার দোষী লোকের কাছে তারা টেরর। আমার দেশের পুলিসকে কেন সেই শিক্ষা দেওয়া হয় না? আমাদের পুলিসকে কি এই শিক্ষা দেওয়া হয়, তাদের কি বলা হয়—তোমার কাছে যে লোকটি অভিযোগ নিয়ে আসে ভুললে চলবে না সে তোমার যে বেতন যে মাইনে তার ভিতর সেই লোকটিরও কনট্রিবিউশন আছে। আশ্চর্যের কথা তারা সেদিকে মোটেই যায় না। থানায় ডায়েরী করতে গেলে লোকে বসতে পায় না—চোরের নাম না বলতে পারলে ডায়েরীই হয় না একথা আগেই বলেছি। কাজেই পুলিসের কাজে লোকে সহায়তা কেন করবে? আপনারা জানেন গতবার এই আইনসভায় সে আলোচনা হয়েছে। হাওড়াতে ভয়ানক চুরি হচ্ছিল, হাওড়ার এস-পি তখন খবরের কাগজে বিজ্ঞাপন দিলেন—'আপনারা জানলা-দরজা শক্ত করুন এবং সারা রাত্রি জেগে পাহারা দেবেন, তা হ'লে চুরি হবে না। ভাগ্যিস তিনি বলেন নি —আমরা একটু ঘুমুব, আপনারা এসে থানায় পাহারা দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, শুনেছি, পুলিস ট্রেনিং কলেজ আছে, স্কুল আছে—সেখানে কি শিক্ষা দেওয়া হয় তা অবশ্য জানি না। কিন্তু সেখানে কি ক'রে পুলিস স্বাধীন ভারতে প্রকৃত নাগরিক হ'তে সাহায্য করতে পারবে, কি ক'রে তারা প্রকৃত দায়িত্বশীল এবং ইনকোরাপ্টিবল হবে, ঘুষ নেবে না, এই-সব কি শিক্ষা দেওয়া হয়ে থাকে? পুলিস সম্বন্ধে লোকের ধারণা—তারা ঘুষখোর। আমি বলছি না সকলেই ঘুষ নেয়, কিন্তু আমার মনে হয় এখন ঘুষ নেওয়াটা বেড়ে গিয়েছে। আগে একটা পুলিস সাহেব জেলার উপর থাকতেন, তাঁকে দারোগা, এ-এস-আই, কনস্টেবল সকলেই ভয় করত। এখন সে ভয় চলে গেছে। এরা বেপরোয়া ঘুষ নিতে থাকে, কারণ উপরওয়ালা কেউ তো দেখতে আর যায় না। এখনকার স্বাস্থ্যমন্ত্রী দেখলাম দুধ চুরি ধরতে হাসাপাতালে গিয়েছিলেন। আমি জানি না আমাদের পুলিসমন্ত্রী কিভাবে পুলিসের ভিতর কোরাপশন ধরবেন। কিন্তু যদি তিনি একটু চেষ্টা করেন, বড় বড় অফিসার রাইটার্স বিল্ডিংসএ যাঁরা ব'সে থাকেন তাঁরা যদি একটা সময় নির্দিষ্ট করেন—থানায় যাবেন এবং জনসাধারণের সঙ্গে দেখা করবেন এবং থানায় গিয়ে থানা অফিসারের বিরুদ্ধে কি অভিযোগ তা শুনবেন, থানার কার্যকলাপের বিরুদ্ধে যদি কোন কমপ্লেন থাকে তা শুনবেন। আমার মনে হয় এইভাবে করলে লোকের উপকার তাঁরা করতে পারবেন। এতে পুলিস অফিসার জানবেন যে, মন্ত্রী ও পদস্থ কর্মচারীদের সঙ্গে জনসাধারণের যোগাযোগ আছে, পুলিসের বিরুদ্ধে কোন কমপ্লেন প্রমাণিত হ'লে তাকে সাসপেন্ড করবেন। পুলিস যদি বুঝতে পারে, দশখানা দরখাস্ত হ'লে তার বিরুদ্ধে অবশ্য ভয়ে লোকে নাম দিয়ে দরখাস্ত করে না, বেনামী দরখাস্ত করে—সেই বেনামী দরখাস্ত পেয়ে যদি কর্তারা ব'সে থাকেন তা হ'লে পুলিসের ভয় কমে যাবে, ঘুষ সে নেবে, কারণ সে জানে উপরওয়ালা তার কিছু করতে পারবে না।

[4-40—4-50 p.m.]

আমি জানি কাঁথিতে এক দারোগা ওখানে দারোগাগিরি ক'রে কলকাতায় একটা প্রকাণ্ড বাড়ি করেছে। এরকম বহু কর্মচারী আছে। যদি খবর নেওয়া যায় প্রত্যেক পুলিশ কর্মচারীর ছেলের নামে হোক, স্ত্রীর নামে হোক, শ্বশুরের নামে হোক, কত কি সম্পত্তি করেছে তার স্টেটমেন্ট দিতে হবে—যদি এরূপ করা যায় এবং সেই স্টেট-মেন্ট চেক করা হয় তা হ'লে ধরা পড়বে সে পুলিস কর্মচারী ঘুষ নিয়েছে কি নেয় নি। আমার সময় হয়ে আসছে, তাই আমি আর দুই একটা কথা বলতে

চাই। মফস্বলের চৌকিদারের জায়গায় সেই পুরানো অশিক্ষিতরা কাজ করছে যাদের ওপর জন্ম মৃত্যু প্রভৃতি গুরুতর বিষয় রেকর্ড করার দায়িত্ব আছে। এনকোয়ারি কমিটি বসেছিল যাতে শিক্ষিত চৌকিদার নেওয়া হয়, ইংরেজী জানা, লেখাপড়া জানা লোক নেওয়ার ব্যবস্থা হয়, তার কথা হয়েছিল। আমাদের মন্ত্রীমহাশয়কে তাই বলি যে, সাবেকী, পুরানো আমলে চৌকিদার যেভাবে নেওয়া হ'ত তা বন্ধ ক'রে দিন এবং শিক্ষিত ভাল লোক যাদের উপর জন্ম-মৃত্যুর রেজিস্ট্রির ভার থাকে সেজন্য অনেক সময় জটিল মামলার সৃষ্টি হয়—সেই জায়গায় ভাল লোক নিন। পুরানো সাবেকী চৌকিদার তুলে দিয়ে ভাল শিক্ষিত উপযুক্ত লোক নিয়ে উপযুক্ত পুলিস ফোর্স তৈরি করুন, তা হ'লে প্রকৃত দেশসেবী ও কর্তব্যপরায়ণ কর্মী গড়ে উঠবে এবং পুলিস খাতে টাকা দেওয়া সার্থক হবে। কিন্তু তার প্রমাণ আমরা পাচ্ছি না এবং এখন মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন আমি সম্পূর্ণভাবে তার প্রতিবাদ জানাচ্ছি।

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, পুলিসমন্ত্রীর কতগুলো বাঁধাধরা বক্তব্য আছে, যেকথাগুলি তিনি প্রত্যেক বছর বলেন এবং পুলিস খাতে ব্যয়বরাদ্দ বৃদ্ধির অজুহাত হিসাবে দেন। তাঁর প্রথম বক্তব্য হ'ল পশ্চিমবঙ্গের ৮শত মাইল সীমান্ত ; সেই সীমান্ত রক্ষার জন্য পুলিস মোতায়েন করতে হয়। অতএব পুলিস খাতে ব্যয়বরাদ্দ বেশি মঞ্জুর করতে হবে। এই সম্পর্কে একটা প্রশ্ন জিজ্ঞাসা করি। ১৯৫২ সাল থেকে আরম্ভ করে ১৯৫৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের সীমান্ত বাড়ে নি কিন্তু তবুও ব্যয়বরাদ্দ এই সময়ের মধ্যে প্রত্যেক বছর বাড়ছে কেন? সীমান্ত বাড়ার জন্য যদি পুলিসের ব্যয় বেশি হ'ত তা হ'লে ১৯৫২ সালের পরে সীমান্ত না বাড়ায় ব্যয় না বাড়াই উচিত। তাঁর দ্বিতীয় যুক্তি হচ্ছে, আমাদের রাজ্যে লোকবসতির ঘনত্ব ডেন-সিটি অব পপুলেশন বেশি। সুতরাং তার জন্য আমাদের বেশি পুলিস রাখতে হচ্ছে এবং খরচও তাই বেশি হচ্ছে। এই যুক্তি ঠিক কিনা তা বিচার ক'রে দেখা যাক। ১৯৫২ সালের তুলনায় ১৯৫৭ সালে লোকবসতির ঘনত্বের বিরাট বৃদ্ধি হয় নি অথচ ১৯৫২ সালের তুলনায় ১৯৫৭ সালে ৬৩ লক্ষ টাকা বেশি খরচ করা হচ্ছে। যে জায়গায় ১৯৫২ সালে পুলিসের জন্য প্রকৃত ব্যয় ছিল ৫ কোটি ৭৫ লক্ষ টাকা সে জায়গায় ১৯৫৭-৫৮ সালের বাজেটে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে ৭ কোটি ৩৮ লক্ষ টাকা। ছেড়ে দিলাম পুলিসের জন্য অন্যান্য ব্যয়ের কথা। যেমন ন্যাশনাল ভলান্টিয়ারএর খরচ, যেমন পুলিসের জন্য সাবসিডাইজড রেশনএর ব্যয় যেগুলি পুলিস বাজেটে দেখানো হয় না। পুলিস খাতে যে টাকা চেয়েছেন সেখানে দেখছি ১৯৫২ সালের তুলনায় এ বছর ৬৩ লক্ষ টাকা বেশি খরচ চাচ্ছেন যদিও ১৯৫২ সালের তুলনায় ১৯৫৭ সালে লোকবসতির ঘনত্ব এমন কিছু বাড়ে নি, এবং সীমান্ত কিছুই বাড়ে নি। বিদেশী শাসনের দিনে পুলিস খাতে বেশি টাকা মঞ্জুর করার উদ্দেশ্য ছিল পরিষ্কার। স্বাধীনতাকামী দেশের লোকদের দাবিয়ে রাখাই ছিল সাম্রাজ্যবাদী রাষ্ট্রেরই উদ্দেশ্য। সুতরাং তখন বহু পুলিস রাখা হ'ত। আপনারা স্বাধীনতার কথা বলেন, কল্যাণ-রাষ্ট্রের কথা বলেন, আপনাদের পেছনে জনসাধারণের সমর্থন আছে এই দাবিও করেন। তা হ'লে এত বেশি পুলিস রাখার দরকার কি এবং তাদের পেছনে কোটি কোটি টাকা খরচ করাই বা হচ্ছে কেন? জনসাধারণের স্বেচ্ছাপ্রণোদিত সমর্থন যদি আপনাদের পেছনে থাকত তা হ'লে এত পুলিসের প্রয়োজন হ'ত না। যেখানে সমর্থন নেই সেখানেই পুলিসের শক্তিবৃদ্ধির প্রয়োজন হয়, যেখানে জোর ক'রে জনসাধারণকে দাবিয়ে রাখতে হয় সেখানেই পুলিসের বেশী প্রয়োজন হয় এবং এখানে তাই হচ্ছে। প্রত্যেক বছর যে পুলিসের খাতে খরচ বেড়ে যাচ্ছে তার কারণ হচ্ছে আপনাদের পেছনে জনসমর্থন নেই। জবরদস্তি ক'রে আপনারা দেশবাসীকে শাসনে রাখতে চান পুঁজিপতিদের স্বার্থরক্ষার উদ্দেশ্যে। বিদেশী শাসক সাম্রাজ্যবাদীদের স্বার্থরক্ষার জন্য পুলিস পুষত ; কংগ্রেসী সরকারের পুঁজিপতি রাষ্ট্রে টাটা-বিড়লা-গোয়েঙ্কা এইসব বড় বড় ধনীদের স্বার্থরক্ষার জন্য পুলিস পোষা হচ্ছে। সুতরাং স্বদেশী সাম্রাজ্য-বাদী রাষ্ট্রের সঙ্গে আপনাদের রাষ্ট্রের জনসাধারণকে শাসন ও শোষণ ব্যাপারে মূলগত কোন প্রভেদ নেই। জনগণের রাষ্ট্র হ'লে পুলিসের পেছনে ব্যয় না বাড়িয়ে অন্য ব্যবস্থা হ'ত।

[Interruption]

সেইসব প্রশ্নের জবাব দেব না, কারণ জবাব দেবার প্রয়োজন বোধ করি না।

পুলিসের সংখ্যাকে বাড়ানো এবং তার পেছনে বেশি টাকা খরচ করার ফলে যদি অপরাধের সংখ্যা, ইন্সিডেন্স অফ ক্রাইমস কমত তা হ'লেও বা একটা কথা ছিল। আপনাকে আমি সরকারী তথ্য থেকে দেখাতে পারি যে প্রত্যেক বছর অপরাধের সংখ্যা বাড়ছে। শুধু যে সংখ্যা বাড়ছে তাই নয়, পুলিস অধিকসংখ্যক অপরাধের কিনারাও করতে পারছে না। পশ্চিমবঙ্গ সরকার থেকে স্ট্যাটিস্টিক্যাল ডাইজেস্ট ব'লে একখানি মাসিক পত্রিকা বেরোয়। সেই পত্রিকার ইনসিডেন্স অব ক্রাইমসএর পরিচ্ছেদ খুললে দেখবেন যে প্রত্যেক বছর অপরাধের সংখ্যা বেড়ে চলেছে। এটা সরকারী সংখ্যাতথ্য মতে স্বীকৃতি। সরকার কর্তৃক প্রকাশিত এই তথ্যকে সরকার অবিশ্বাস করতে পারেন না। বিধানবাবু গতবারেও আমার এই অভিযোগের জবাব দিতে না পেরে বলেছিলেন সংখ্যাগুলি ঠিক নয়। সরকার কর্তৃক প্রকাশিত যে তথ্য তাতেই বলছে যে, ইন্সিডেন্স অফ ক্রাইমস বেড়ে চলেছে; সে তথ্য ঠিক নয় একথা বললে লোকে শুনবে কেন? আমি বিশেষ ক'রে তিনটি জেলার কথা বলব—বর্ধমান, ২৪-পরগনা ও হাওড়া। বর্ধমানে কি হচ্ছে? সেখানে চূড়ান্ত অব্যবস্থা; মোস্ট ইনএফিসিয়েন্ট পুলিস। অন্যান্য অপরাধের কথা ছেড়ে দিলাম। তিন তিনটে পুলিস কর্মচারী সেখানে খুন হ'ল; তার একটিতেও দোষী ধরা পড়ল না। সবশেষে আসানসোল থানার ও-সি খুন হ'ল। কিন্তু কেন? এসব কি সরকার জানেন না? নিশ্চয়ই জানেন; নিশ্চয়ই মন্ত্রীমহাশয়ের তা জানা উচিত। আসানসোল রেলওয়ে স্টেশনে মালগাড়ি ভেঙ্গে নিয়মিতভাবে চুরি চলত। একটি ডাকাতের দল এই কাজ করত এবং আজও করে। এই দলটির সঙ্গে পুলিসের বড়কর্তাদের যোগাযোগ আছে, চোরাই মালের ভাগাভাগি মাসকাবারী বন্দোবস্ত আছে। আসানসোল থানার অফিসার-ইন-চার্জ এই চুরি ধরার জন্য উঠে পড়ে লাগলেন; ওখানকার রেলওয়ে পুলিস স্টেশনএ গেলেন এই সমস্ত অপরাধের একটা কিনারা করার জন্য। তারপর তাঁকে আর পাওয়া গেল না। এখন ধীরে ধীরে সবই প্রকাশ পাচ্ছে। যেসব পুলিস বড়কর্তারা এইসমস্ত নটোরিয়াস ডাকাতের দলের কাছ থেকে চোরাই মালের ভাগ নিতেন তাঁরাই এঁকে খুন করিয়েছেন, চমৎকার পুলিস অ্যাডমিনিস্ট্রেশন! এই না হ'লে দেশের শান্তিশৃঙ্খলা বজায় থাকে? এই না হ'লে অপরাধের কিনারা হয় এবং অপরাধী শাস্তি পায়? জনসাধারণ পুলিস পুষতে কোটি কোটি টাকা খরচ করছে পুলিস তার প্রতিদানে নাকে সরষের তেল দিয়ে ঘুমোচ্ছে, অপরাধের সংখ্যা বেড়ে চলেছে, অপরাধী শাস্তি পাচ্ছে না। আর আমাদের মন্ত্রীমহাশয় বলছেন যে, পুলিস যা করছে এমনটি আর কোথাও হয় না। পুলিস যে চমৎকার কাজ করছে তার জ্বলন্ত প্রমাণ আসানসোলের ঘটনা। বড় বড় পুলিসী হোমরাচোমরাদের ডাকাতের দলের সঙ্গে চোরাই মাল ভাগাভাগির সম্পর্ক। শুনলাম এই সম্পর্কে অনুসন্ধান করাচ্ছেন সরকার। বর্ধমানের পুলিস কর্তৃপক্ষ তাদের সঙ্গে সহযোগিতা করছে না। কারণ ছোট ছোট পুলিস কর্মচারীরা জানে যে অনুসন্ধান দোষীকে ধরার জন্য নয়, সমস্ত ব্যাপারটা ধামাচাপা দেবার জন্য করা হচ্ছে—এ শুধু হোয়াইটওয়াস করার জন্য। আমরা মন্ত্রী নই। আমাদের কানে এসব যদি আসে পুলিসী মন্ত্রীর কানে কেন আসে না? আমি এসব কথা গালাগালি দেবার জন্য বলছি না। দেখুন পুলিসী ব্যবস্থাকে কি অবস্থা দাঁড় করিয়েছেন আপনারা। তারপর ২৪-পরগনার কথা ধরুন। কলকাতার আশপাশের রিফিউজি ক্যাম্প কলোনিগুলিতে কি অবস্থা হচ্ছে তাকিয়ে দেখুন; তাকিয়ে দেখুন সুন্দরবনের দিকে। সুন্দরবনে ভাগ-চাষীদের উপর পুলিস এবং জোতদারদের মিলিত আক্রমণ লেগে রয়েছে। মথুরাপুর, জয়-নগর, ক্যানিং, কুলপী, কাকদ্বীপে কি হচ্ছে তা সকলেই জানেন। ঐসব অঞ্চল থেকে যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা নিশ্চয়ই আমার কথা সমর্থন করবেন। ওখানকার জোতদাররা পুলিসকে টাকা দিয়ে ভাগচাষীদের উপর যে জঘন্য অত্যাচার চালাচ্ছে তা ব'লে শেষ করা যায় না। জোতদারের কাছ থেকে নেওয়া ঘুষের অংশ সরাসরি একেবারে জেলাসদরে চলে আসছে। এসব কথা কি জানেন না? হাওড়ার শিল্পাঞ্চলে শ্রমিকদের উপর মালিক ও পুলিসের মিলিত অত্যাচারের কথা জানেন না? কারা এইসব অত্যাচার করছে? পুঁজিপতিরা করছে, তাদের টাকা খেয়ে পুলিস করছে। এসব জানেন না এমন নয়, কিন্তু জানলে কি হবে? পুলিসের সবচেয়ে বড়কর্তা আই-জি অব পুলিস পুঁজিপতি শিল্পপতিদের ঘরের লোক; তাদের কাছ থেকে টাকা এখন আই-জি সাহেবের সিন্দুকে স্থান লাভ করে। নিমক খেয়ে ত আর বেইমানী করা যায় না। সুতরাং শিল্পপতিদের নিমক যখন তিনি খাচ্ছেন তখন তাদের স্বার্থ তাঁকে

রক্ষা করতে হচ্ছে, তাদের স্বার্থের দিকে পূর্ণ নজর রাখতে হচ্ছে। আই-জি সাহেব বলেন বলে শুনেছি যে, খুনী আসামীদের যে ধরতে পারা যাচ্ছে না তার জন্য তাঁদের দোষ নয়, দোষ হচ্ছে সি-আই-ডি ডিপার্টমেন্টএর। সি-আই-ডি ডিপার্টমেন্ট যদি এতই অক্ষম ও ঘুষখোর হয় তা হ'লে সেখানে যে ভদ্রলোক কার্যতঃ সর্বেসর্বা অর্থাৎ স্পেশাল সুপারিন্টেন্ডেন্ট ছিলেন, তাঁকে কেন বেশি মাইনে দিয়ে টেনে আনা হ'ল ডি-সি, সিকিউরিটি কন্ট্রোল, ক'রে লালবাজারে? অপদার্থ ও অসাধু লোক হ'লে তিনশ' টাকা বেশি মাইনা দিয়ে উঁচু পোস্টএ কি ক'রে তাঁকে আনা হয়? একবার একথার জবাব দিন। আদত ব্যাপার তা নয়।

[4-50—5 p.m.]

আদতে ব্যাপার হচ্ছে এই যে, উপর থেকে কল টিপে দেওয়া হচ্ছে—বড়লোক শিল্পপতি বাছাদের গায়ে হাত দিও না। যেহেতু তাঁরা আই-জি সাহেবের খাতিরের লোক, প্রণয়ের লোক, কর্তাদের মোটা টাকা তারা দিচ্ছে মাসে মাসে, ছেলের বিয়েতে হীরের নেকলেস প্রেজেন্ট করছে। ফলে এইসব পুঁজিপতিরা মজুত ও কর্মচারীকে খুন ক'রেও বেকসুর বেঁচে যাচ্ছে। মিঃ স্পীকার, স্যার, কলকাতার কোন এক সাহেববাড়ীর ম্যানেজার আমাকে বলেছেন—হীরেন সরকার মহাশয়ের ছেলের বিয়েতে ৫ হাজার টাকার একটা প্রেজেন্টেশন দিয়ে এলাম। আমি তাঁর নাম করব না। সুতরাং এরা হাজার অত্যাচার ও বেআইনী কাজ করুক এদের গায়ে হাত পড়তে পারে না—পড়লেই সর্বনাশ! মন্ত্রীমহাশয় এ জিনিস দেখতে চান না, সরকার এই রকম প্রকাশ্য ঘুষখোরি দেখতে চান না। তবুও দেশের স্বার্থের কথা বিবেচনা ক'রে একথা বলতে হবে, না ব'লে উপায় নেই। এসব সত্ত্বেও যদি পুলিসের বিরুদ্ধে বলি, তা হ'লেই আমরা মন্ত্রীদের চোখে দেশের শত্রু হয়ে যাই। পুলিসের নিন্দা না ক'রে কি বলতে হবে? বলতে হবে পুলিস অত্যন্ত ভাল কাজ করছে, পুলিস ঘুষ নেয় না, জনসাধারণের স্বার্থ রক্ষা করছে? যারা ঘুষ এবং চোরাই মালের বখরাদার তারা পুলিসের প্রশংসা করতে পারে, কিন্তু কোন শুভবুদ্ধিসম্পন্ন দেশপ্রেমিক বর্তমান পুলিস ও পুলিস ব্যবস্থার নিন্দা না ক'রে পারে না। শ্রীমতী আশা ভট্টাচার্যের স্বামীকে খুন করার কথা একজন বক্তা ব'লে গিয়েছেন। শ্রীমতী ভট্টাচার্যের স্বামী অ্যাংগলো-ইন্ডিয়ান জুট মিলএর ডাক্তার ছিলেন। তাঁকে খুন করা হ'ল। মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি, এই মিলের ম্যানেজমেন্ট কি আই-জি অফ পুলিসকে অনুরোধ করেছেন এই কেস ড্রপ করার জন্য? ডাক্তারবাবুকে খুন করা হয়েছে, অনুসন্ধান চলছে, তা সত্ত্বেও ম্যানেজমেন্ট পুলিসের সর্বময় কর্তাকে অনুরোধ করছে কেস ড্রপ করার জন্য। আই-জি অফ পুলিসএর এতে কোন সন্দেহ হয় না। খোলাখুলি কেস ড্রপ করতে পারেন না, করলে খুব বিশ্রী দেখায়, তাই কাগজপত্রে সব ঠিক রেখে অনুসন্ধানের নামে প্রহসন হ'ল। প্রথম অনুসন্ধানে কিছুই ধরা গেল না বরং যিনি খুন করেছিলেন ব'লে মনে সন্দেহ হয় সেই বিদেশী লোকটিকে তাঁর দেশে চলে যাওয়ার উপদেশ দেওয়া হ'ল গোপনে। তারপর দ্বিতীয় অনুসন্ধান হ'ল; তাতেও কিছু হ'ল না। এ সম্পর্কে পুলিসের ব্যবহার সম্পর্কে সমালোচনা 'যুগান্তর' পত্রিকায় বেরুল। ডাঃ রায়ের কাছে ব্যক্তিগতভাবে শ্রীমতী ভট্টাচার্য আবেদন করলেন। ফলে তৃতীয় অনুসন্ধান আরম্ভ হ'ল। ততদিনে পুলিসের সহযোগিতায় অপরাধী পলাতক। তিনি এখন ইংলন্ডে গিয়ে দিব্বি বাতাস খাচ্ছেন। আর মন্ত্রীমহাশয় বলছেন—"আমার পুলিস চমৎকার কাজ করছে। আই-জি অফ পুলিস এত এফিসিয়েন্ট যে ব'লে শেষ করা যায় না। সুবোধবাবু যা বলছেন তা সব বাজে কথা। গায়ের জ্বালা মেটাবার জন্য বিরোধীপক্ষ এইসব কথা বলেন।" এই না হ'লে কংগ্রেসী মন্ত্রী! এই না হ'লে রামরাজত্ব! এই না হ'লে সত্যমেব জয়তের ধ্বজা ভাল ক'রে ওড়ান হয়! অ্যাংগলো-ইন্ডিয়ান জুট মিলএর ম্যানেজমেন্টএর খুনের মামলার অনুসন্ধান বন্ধ করার অনুরোধ আই-জি সাহেবের ম্যানেজমেন্টএর সংগে ঘনিষ্ঠ সম্পর্কই প্রমাণ করে। আই-জি সাহেবের পুঁজিপতিদের তোষণের আরও প্রমাণ দিতে পারি। বিড়লার দক্ষিণ হস্ত কে এল রাজগোরিয়া কর্তৃক আই-জি সাহেবকে জুট দেওয়ার কথা জানেন না? আই-জি সাহেব সম্প্রতি সুন্দরবন সফরে বেরিয়েছিলেন। রাজগোরিয়া কি তখন তাঁকে খাদ্য জুগিয়েছিল? টিমস্ কোম্পানি কি ড্রিংক সাপ্লাই করেছিল? এইসব পুঁজিপতিরা আই-জি অফ পুলিসকে কেন এইসব জিনিস ভেট দেয়? এইসব ঘটনা হ'তে পরিষ্কার বুঝা যায় কার সংগে কার সম্পর্ক—পুলিসের নাড়ির টান কোথায়।

এই ত গেল আই-জি সাহেবের পুঁজিপতিদের কাছ থেকে ঘুষ নেওয়ার কথা। আইনে নাকি কথিত আছে এবং মন্ত্রীমহাশয়রাও ব'লে থাকেন যে, ঘুষ নিলে সরকারী চাকরি চলে যায়। জুনিয়র অফিসারদের কাছ থেকে বিনামূল্যে ভেট নেওয়া কি ঘুষের পর্যায়ে পড়ে? আই-জি সাহেব কি তা নেন? হাওড়ার রেলওয়ে পুলিস সুপারিন্টেন্ডেন্ট, এইচ কে রায় আই-জিকে নিয়মিতভাবে বাজার পাঠান। সকলেই জানে এই ঘটনা; মন্ত্রীমহাশয় জানেন না —একথা বিশ্বাস করতে হবে? যদি সত্যই না জানেন তা হ'লে খোঁজ নেবেন কি কোনদিন? এই এইচ কে রায় শুধু যে বাজারই পাঠান তা নয়। আই-জি সাহেবের ছেলের বিয়ে হ'ল, কোন্ পুলিস অফিসার কোন্ কাজের দায়িত্ব নেবেন সে সম্পর্কে নন-অফিসিয়ালি অফিসিয়াল সার্কুলার দেওয়া হ'ল। সেই সার্কুলারে এই এইচ কে রায়এর উপর পরিবেশন ও বাজারের ভার দেওয়া হয়েছিল। নিজের ব্যক্তিগত কাজে কোন সরকারী কর্মচারীকে নিয়োগ করা যায় না—এইরকম একটা আইন আছে ব'লে বলা হয়ে থাকে। কিন্তু আইন তো ছোটখাট লোকেদের জন্য; বড়লোক এবং বড় বড় অফিসারদের জন্য আইন নয়, তাই দেখি আই-জি সাহেব সরকারী কর্মচারীদের নিজের ব্যক্তিগত কাজে খাটিয়ে নিতে লজ্জা-বোধ করেন না। আই-জি সাহেবের কয়েকটা গরু আছে। এই গরু চরাবার ও দেখাশুনার কাজ কনস্টেবলদের দিয়েই এতদিন করানো হ'ত। কনস্টেবলকে দিয়ে গরু দেখাশোনার কাজ করানো হ'ত কিনা সে সম্পর্কে যদি সাক্ষী চান তা হ'লে কর্নেল চক্রবর্তী, ডাইরেক্টর অব হেলথ্ সার্ভিসেস, তাঁকে জিজ্ঞাসা ক'রে দেখবেন। সংবাদপত্রে যখন এই নিয়ে লেখালেখি সুরু হ'ল, তখন তিনি কনস্টেবলটি সরিয়ে নিলেন এবং সম্প্রতি তা বন্ধ হয়েছে। মিঃ স্পীকার, স্যার, কয়েক বছর আগে কনস্টেবলদের যে ধর্মঘট হয়েছিল তার কারণ জানেন কি? অনেকে বলবেন যে বর্ধিত মাগ্‌গী ভাতার দাবিতে তারা ধর্মঘট করেছিল। কিন্তু তা নয়। ধর্মঘট সুরু হয়েছিল বড় বড় অফিসারদের দুর্ব্যবহারের প্রতিবাদে। পরে

D. A. at an enhanced rate became a subsequent issue of dispute.

আজও আই-জি সাহেব কনস্টেবলদের সঙ্গে বাড়ির চাকর, ব্যক্তিগত চাকরের মত ব্যবহার করেন। তাদের দিয়ে কি করান হয় জানেন? ছেলে ধরা, বাড়ির লোকের জামাকাপড় কাচান, বাচ্চাদের পায়খানা পর্যন্ত ওদের দিয়ে ফেলানো হয়। এই অফিসারই আবার বলেন যে সরকারী কর্মচারী কারও পার্সোন্যাল সার্ভেন্ট নয়। এবার ঘুষের কথা আমি বলব। আই-জি সাহেবের ছেলের বিয়ে হ'ল। আমি শুনেছি—ঠিক জানি না—আমাদের হোম সেক্রেটারীও সেই বিয়েতে উপস্থিত ছিলেন। হোম সেক্রেটারী মহাশয় অত্যন্ত ভাল লোক ব'লে জানি। আমার সঙ্গে যতটুকু মেলামেশা আছে তাতে তাঁকে অমায়িক ভদ্রলোক ব'লেই আমার ধারণা হয়েছে। তাঁকেও আমি জিজ্ঞাসা করি পুলিসের আই-জি সাহেবের ছেলের বিয়েতে উপহার কারা দিয়েছিল? এমন কি কোন আইন আছে, যাতে সরকারী কর্মচারীদের কোন গিফ্‌ট বা প্রেজেন্টেসন নেওয়া বারণ? কেন্দ্রীয় সরকারের এই রকম কোন আইন আছে কি? আই-জি সাহেব ছেলের বিয়েতে গিফ্‌ট অ্যান্ড প্রেজেন্টেসন নিয়েছেন কি? হোম সেক্রেটারী যদি চান তাঁর ডিপার্টমেন্টএ এ জিনিস ঘটতে দেবেন না, তা হ'লে তাঁরই চোখের সামনে কি ক'রে আই-জি অফ পুলিস প্রেজেন্টেসন নিলেন বড় বড় পুঁজিপতি, ফলওয়ালা, ব্যবসাদারদের কাছ থেকে? হোম সেক্রেটারী চুপ ক'রে ব'সে রইলেন! মন্ত্রীমহাশয় এই কথা জেনেও কোন অ্যাকশন নেন না। কি ক'রে তবে ডিপার্টমেন্ট পরিশুদ্ধ হবে? এই উপহার ছাড়াও দই, মাছ, তরিতরকারি প্রভৃতি কোথা থেকে এসেছে? বিভিন্ন জেলার সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিসরা পুলিসের গাড়িতে ক'রে এইসব জিনিস পৌঁছে দিয়ে গেল আই-জি সাহেবের বাড়িতে। সেকথা কি জানেন না? এসব কি ঘুষ নয়? আরও শুনেছি যে, আইনে গভর্নমেন্ট প্রপার্টির ব্যক্তিগত কাজে ব্যবহার নিষেধ আছে। আই-জি সাহেবের ছেলের বিয়েতে গভর্নমেন্ট প্রপার্টি কি ব্যবহৃত হয়েছিল? জিজ্ঞাসা করি ব্রাইড্যাল প্রসেসনএর সামনে পাইলট কার কি গিয়েছিল? জিজ্ঞাসা করি ওয়ারলেস ভ্যান একটার পর একটা কি স্থিছিল ক'রে গিয়েছিল? জিজ্ঞাসা করি পার্ক স্ট্রীটএর ট্র্যাফিক সিগন্যাল এই ব্রাইড্যাল প্রসেসন পাস করবার সময় ঐ সময়ের জন্য কি নিভিয়ে দেওয়া হয়েছিল? এই পার্ক স্ট্রীটএর ট্র্যাফিক সিগন্যাল বন্ধ ক'রে দেওয়া হয়েছিল যখন বুলগানিন এবং ক্রুশ্চেভ কলকাতায় এসেছিলেন। এই একটি ক্ষেত্রে বন্ধ হয়েছিল, আর বন্ধ হ'ল সরকার সাহেবের ছেলের বিয়ের ব্রাইড্যাল

প্রসেসন যাত্রার সময়। নিশ্চয়ই বলতে হবে আই-জি সাহেবের ছেলের বিয়ের চেয়ে রাষ্ট্রীয় সম্মানের ঘটনা আর কিছু থাকতে পারে না! চমৎকার আই-জি অফ পুলিসএর শাসন! চমৎকার তাঁর পুলিস বিভাগ! চমৎকার গাঢ় নিদ্রা পুলিসী মন্ত্রী কালীপদ মুখার্জি মহাশয়ের! দেখেও তিনি দেখেন না—এই সদগুণ না থাকলে কংগ্রেসী মন্ত্রী হওয়া যায়? নন-অফিসিয়ালি যে অফিসিয়াল সার্কুলারটি বেরিয়েছিল যে সার্কুলারে বলা ছিল কে কোন্ কাজ করবে সেটি সাইক্লোস্টাইলড হ'ল সরকারী সাইক্লোস্টাইলএ সরকারী কাগজে। আই-জি অফিসএর লোকেরা যেটা বিলুল। হীরেনবাবু অত্যন্ত চালাক লোক; পুলিসের কর্তা তিনি। কাজে ত্রুটি ধরার উপায় নেই; সুতরাং সেই সার্কুলারএ তাঁর সই নেই। কিন্তু তা না থাকলে কি হ'ল, সমস্ত বিভাগ সেই নির্দেশ অনুযায়ী কাজ করছে। কর্তার ইচ্ছায় কর্ম, তাঁর ইচ্ছাই আইন; সইএর দরকার কি? কাগজপত্র দেখলে মনে হবে আই-জি সাহেব একেবারে ধর্মপুত্র যুধিষ্ঠির—

He is as clean and pure as a virgin.

তাঁর পুলিসী প্যাঁচোয়া বুদ্ধির তারিফ না ক'রে পারা যায় না। সেই সার্কুলারএর মধ্যে এক জায়গায় লেখা আছে দেখলাম

R. N. Chatterjee, S. P., 24-Parganas, will instruct fatigue duty.

ফ্যাটিগ ডিউটিটার মানে কি? ফ্যাটিগ ডিউটির অর্থ কি বাসনমাজা, জিনিসপত্র পরিষ্কার করা, ঘর ঝাঁট দিয়ে ময়লা সাফ করা? এইসব কাজ করান হ'ল পুলিস বিভাগের লোক দিয়ে। এর পরও যদি কেউ অভিযোগ করেন যে, হীরেন সরকার মহাশয় সরকারী কর্মচারী দিয়ে নিজের ব্যক্তিগত কাজ করান তা হ'লে ঘোরতর অন্যায় করবেন এবং জলজ্যান্ত মিথ্যা বলা হবে। আরও শুনেছি, ব্যক্তিগত কাজ করতে বাইরে গিয়ে সরকারী খরচের মধ্যে তিনি তা অন্তর্ভুক্ত ক'রে দেন। তাঁকে চন্দননগর যেতে হবে মালদহের এস-পির মেয়ের বিয়ে উপলক্ষে। এভাবে গেলে টি-এ ড্র করা যায় না, ব্যক্তিগত খরচ করতে হয়। সর্বশক্তিমান আই-জি সাহেব নিজের পয়সা খরচ করার অসম্মানজনক পথ গ্রহণ করতে পারেন না।

[5—5-25 p.m.]

সুতরাং মাঝখানে তিনি নেমে গেলেন; একটা থানা ইন্সপেকশন করলেন এবং একজন এস-আইকে সাসপেন্ড করে দিয়ে এলেন। প্রমাণ রইল তিনি চন্দননগরে গিয়েছিলেন সরকারী ব্যাপারে। এইসব দুষ্কর্ম করতে হ'লে একা করা যায় না, দল গড়তে হয়। সুতরাং আই-জির খাতিরের লোক হ'লেই প্রমোশন হয়। নতুন আই-পি-এস অফিসারদের কোন সুযোগই তিনি দেবেন না। দায়িত্বপূর্ণ পদে এইসব অফিসারদের নিয়োগ করতে তাঁর ঘোরতর আপত্তি। এ'দের তিনি সব সময় চেপে রাখবার চেষ্টা করেন। আপনি জানেন, মিঃ স্পীকার, স্যার, এই আই-পি-এস অফিসারদের যে এ্যাসোসিয়েশন আছে, সেখানে আই-জির এই ব্যবহার নিয়ে আলোচনা পর্যন্ত হয়েছে। কোন যোগ্যতা না থাকলেও শুধু তাঁর খাতিরের লোক হ'লেই উন্নতি হয়। উদাহরণ চান? দিচ্ছি। বর্ধমানে একজন এস-পি ছিলেন, তিনি আই-পি-এস নন। ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দু-দু'বার তাঁর এপ্লিকেশন রিজেক্ট করে দিয়েছেন। তাঁর বিরুদ্ধে যখন আই-পি-এস অফিসাররা দরখাস্ত করলেন তখনও হীরেন সরকার মহাশয় তাঁকে বর্ধমান থেকে সরাতে চাইলেন না। তারপর যখন সেইসব অফিসাররা বিধানবাবুর কাছে রিপ্রেজেন্টেশন দিলেন তখন বাধ্য হয়ে আই-জি সাহেব তাঁকে ২৪-পরগনার এডিশন্যাল এস-পি হিসেবে নিয়ে এলেন। জুনিয়ারমোস্ট ডি-আই-জি, পি কে সেনকে অনেক সিনিয়র ডি-আই-জিদের সুপারসীড করে বসিয়ে দেওয়া হ'ল সিনিয়রমোস্ট পোস্ট ডি-আই-জি, আই-বি করে। কারণ শ্রীযুত সেন তাঁর খাতিরের লোক। তিনি বিধানবাবুর প্রিয়পাত্রও। এ ব্যাপারে কালীবাবুকে কিছু বলব না, কারণ, তিনি তো কলের পুতুল। ডাঃ রায় যেমন নাচাবেন তিনি তেমনি নাচবেন।

[At this stage the blue light was lit]

আমাকে আর একটু সময় দিন, স্যার, আমি চার পাঁচ মিনিটের মধ্যে শেষ করে দেব। আর পুলিসের বিরুদ্ধে মন্ত্রী মহাশয়ও বেশি চালাকি করতে গেলে তাঁর চাকরিও শেষ হয়ে যাবে। প্রমাণ চান? প্রমাণ দিতে পারি কিনা শুনুন। নর্থ বেঙ্গল পুলিস অফিসারদের কনফারেন্স

হ'ল। হীরেন সরকার সেখানে উপদেশ দিয়ে এলেন যে যেসমস্ত এম এল এ পুলিস বাজেটের তীব্র সমালোচনা করেন তাঁরা যাতে নির্বাচিত না হতে পারেন সে বিষয়ে পুলিসকে সচেষ্ট হ'তে হবে। কালীবাবু তো ব্যাক-ডোরএর মন্ত্রী, তাঁকে মেরে দিতে পারে এক চোটে। তাঁকে সরাতে পুলিসের থোড়াই লাগে। লাফটার। আপনি পুলিসকে কিছু করতে পারেন না; পারেন একমাত্র ডাঃ রায়। কিন্তু পুলিসের হাতেই তো তিনি তামাক খেয়ে থাকেন, পুলিসই তো তাঁর সামনের স্তম্ভ। পুলিস অফিসারদের কথা তাঁর কাছে বেদবাক্য। সুতরাং তিনি আবার পুলিসকে সারাবেন কি ক'রে? পুলিসের উপর ভিত্তি করে গোটা রাজত্বই চলেছে। এইজন্য বলেছিলাম এটা হচ্ছে পুলিসী রাষ্ট্র, কল্যাণ রাষ্ট্র নয়। এই ধরনের জঘন্য ইতিহাসই হ'ল পুলিস বিভাগের ইতিহাস। এই পুলিস বিভাগকে জনসাধারণ সমর্থন করবে? মন্ত্রীরা লন্ডন মেট্রোপলিটান পুলিসএর কথা তুলে তাদের সঙ্গে এখানকার পুলিসের তুলনা করেন। পুঁজিবাদী দেশের পুলিস সর্বত্রই পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করার জন্য নিয়োজিত হয়। তবুও লন্ডন পুলিস দু-চারটে ব্যাপারে সাধারণ লোককে সাহায্য করে। পশ্চিম বাংলার পুলিসের সে দুর্নাম শত্রুরাও দিতে পারবে না। তাদের অত্যাচার, অনাচার, জুয়াচুরি, ঘুষখুরির কথা সর্বজনবিদিত। জানি না মন্ত্রীমহাশয়কে কিছু কিছু ভাগ দেয় কিনা! ব্যবহার দেখে মনে হয় যে সরকারের সঙ্গে কিছু কিছু হয়তো ব্যবস্থা আছে। তা না হ'লে এই সমস্ত দুর্নীতি দেখা সত্ত্বেও মন্ত্রীরা এর বিরুদ্ধে কোন এ্যাকশন নেন না। তাই পুলিসী বাজেটে একটি টাকা দিতেও আমি ঘৃণা বোধ করি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment*]

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, চতুর্দিকে যে খুন, জখম, ডাকাতি, বার্গলারী, দাঙ্গা পল্লীতে পল্লীতে, পাড়ায় পাড়ায় যেভাবে বেড়ে চলেছে তার সঙ্গে সঙ্গে পুলিস খাতেও টাকা বেড়ে চলেছে; অথচ এই সমস্ত অপরাধের কোন সুরাহা আমরা দেখতে পাচ্ছি না। বিভিন্ন পুলিস স্টেশনে যেসমস্ত কেস ডায়েরী করা হয় বা পুলিস যেসমস্ত কেস তাঁরা গ্রহণ করেন সেই সমস্ত কেসকে কোর্টে যখন পাঠান হয় তখন অধিকাংশ কেসের মামলা টিকে না। পুলিস এই ব্যবস্থা করেন, তার কারণ কতকগুলি লোককে হ্যারাস করবার জন্য, তাঁরা এইভাবে লোকের বিরুদ্ধে মামলা হাজির করেন। যদি মন্ত্রীমহাশয় এখানে উপস্থিত করতেন যে, বিভিন্ন থানায় কত কেস ডায়েরী হয়েছে বা পুলিস কত কেসের মামলা রুজু করেছে তাহলে তা থেকে বুঝতে পারা যেত পুলিসের অযোগ্যতা এবং পুলিস জনসাধারণের সঙ্গে কি রকম ব্যবহার করে। নিরীহ, নিরপরাধ লোককে নাজেহাল করবার জন্য কি রকম ব্যবহার করে তা টের পাওয়া যেত। অনেক সময় নিরীহ লোককে তাদের বিরুদ্ধে তথাকথিত চার্জ দিয়ে থানায় হাজির করেন, কোর্টেও হাজির করেন; এবং কিছু অর্থ পেলে পরে সেই মামলা আর চালান না। আমি জানি যেসমস্ত কেস পুলিসের প্রেরিত, সেই সমস্ত কেস অধিকাংশই কোর্টে টিকে না; এবং ঐরূপ কেস কোর্টে যে পাঠান হয় তার কৈফিয়তও পুলিশের কাছ থেকে নেওয়া হয় না। যদি তাদের উপর নজর থাকত, দৃষ্টি থাকত, তাহলে নিশ্চয়ই আমরা দেখতাম জনসাধারণের পুলিস কর্মচারী যাঁরা এইভাবে লোককে নাজেহাল করে, তার বিরুদ্ধে নিশ্চয়ই মন্ত্রীমহাশয় একটা এ্যাকসান নিতেন।

[5-25—5-35 p.m.]

পুলিসের ক্রিমিন্যাল ইনটেলিজেন্স ডিপার্টমেন্টএ ১৯৫৩-৫৪ সালে ২২ লক্ষ ৮৭ হাজার, ১৯৫৪-৫৫ সালে ২৩ লক্ষ ৮৮ হাজার খরচ হয়েছিল। ১৯৫৬-৫৭ সালে বাজেটে ধরা হয়েছে ২৮ লক্ষ ৫৪ হাজার, রিভাইজড বাজেটে ২৭ লক্ষ এবং ১৯৫৭-৫৮ সালে ২৭ লক্ষ ৩০ হাজার। অথচ এই সমস্ত টাকাটাই ক্রিমিন্যাল ইনটেলিজেন্স ডিপার্টমেন্টএর জন্য খরচ হচ্ছে এবং টাকার পরিমাণও বেড়ে যাচ্ছে। কিন্তু আমরা দেখছি স্কুল ফাইন্যাল এক্সামিনেশনএর প্রশ্নপত্র উধাও হয়ে যাচ্ছে যার জন্য পরীক্ষার তারিখ পেছিয়ে গেল। অতপর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ধারভাঙ্গা বিল্ডিংএর ব্যাপার আপনাদের জানা আছে। সিমেন্ট, লোহা প্রভৃতি চুরির ব্যাপারেও

দেখছি কোন কিনারা হয় না। আসানসোল রেলওয়ে ইয়ার্ড থেকে বহু মালপত্র চুরি গেল, খিদিরপুর থেকেও বহু মাল চুরি গেল, কিন্তু এসব বিষয়ে কোনও ব্যবস্থা দেখতে পেলাম না। তারপর পুলিসের চোখে ধুলো দিয়ে অনবরত গাঁজা, মদ ইত্যাদি আমদানী করা হচ্ছে। তারপর ভেজালের উৎপীড়নে মানুষের জীবন অতিষ্ঠ হয়ে পড়েছে। চোর, পকেটমার ইত্যাদির উপদ্রবে নাগরিকজীবন বিপন্ন হয়ে উঠেছে। চুরি-ডাকাতি তো নিত্যনৈমিত্তিক ব্যাপারে পরিণত হয়েছে। পরলোকগত পূর্ণ দাস মহাশয়কে রাজপথে দিনদুপুরে হত্যা করা হ'ল। একজন নিরপরাধ লোককে ধ'রে কোর্টে হাজির করা হ'ল, কিন্তু পূর্ণ দাসের প্রকৃত হত্যাকারীকে পুলিস ধরতে পারছে না। পুরুলিয়া ইয়ুথ কংগ্রেস নেতাজীর জন্মদিনে একটা উৎসবের আয়োজন করেছিল। তাদের মধ্যে কারো কারো বন্দুকের লাইসেন্স ছিল। বারমুন্ডা পুলিস তাদের অনর্থক ভয় দেখায় যে তাদের পরিণাম শোচনীয় হবে। তারপর পুলিস স্থানীয় জমিদারদের বিরুদ্ধে একটা মামলা দায়ের করে এবং তার বন্দুক সীজ করে, এবং আরো ৫ জনের বিরুদ্ধে ১০ধারা নিয়ে আসে। যেহেতু তারা কোন রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট ছিল এই কারণে তাদের উপর জুলুম চলে। তারপর ৩৮ জনকে ১০৭।১৫৩ প্রভৃতি ধারার ভয় দেখান হয় এবং নানাভাবে হয়রাণী আরম্ভ করল। কলকাতার জোড়াবাগান পুলিস স্টেশনএর কথা বলছি। এ অঞ্চলের স্থানীয় লোক আমাদের কাছে এসে বলেন যে এই থানার অফিসার-ইন-চার্জ অত্যন্ত দুর্ব্যবহার করে। আমি এই বিষয়ে ডেপুটী কমিশনারকে চিঠি লিখেছিলাম এবং তিনি অনুসন্ধানও করেছেন, কিন্তু এ পর্যন্ত আমাকে কোন উত্তর দেন নি। তারপর আমরা শুনেছি উত্তর কলকাতায় যিনি আগে ডেপুটী কমিশনার ছিলেন তাঁকে বর্ধমানের এস,পি, ক'রে ট্রান্সফার করা হয় এই দোষে যে তার এলাকায় একজন বামপন্থী প্রার্থী গত নির্বাচনে জয়ী হয়েছিলেন। পাঁচলা থানার ও-সি, নগেন্দ্রকুমার রায়, সেখানকার অনেকের নামে মিথ্যা মামলা জুড়ে তাদের ব্যতিবস্ত করছেন। ডাঃ সাজাহান, রহমান, সইকুল্লা প্রভৃতির বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের ক'রে সেই মামলা নিষ্পত্তির জন্য ডাঃ সাজাহানের কাছে ১০ হাজার টাকা দাবী করেন এবং শেষ পর্যন্ত ৩ হাজার টাকা পেলে রফা হবে ব'লে জানান। ডাঃ সাজাহান এরা একটা লিখিত দরখাস্ত দ্বারা এস,পি,কে এ বিষয়ে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ করেন। এস,পি, করালী বোস নিজে না গিয়ে ডোমজুর থানার সি,আই, ধীরেন্দ্রনাথ চক্রবর্তীকে এই কেস অনুসন্ধান করার জন্য পাঠান। তিনি প্রায় ১০০ হিন্দু-মুসলমানের সামনে এ বিষয়ে অনুসন্ধান করেন, কিন্তু অনুসন্ধানের ফলাফল চেপে দিয়ে ডাঃ সাজাহানকে বলেন যে দারোগার সঙ্গে বন্দোবস্ত না করতে পারলে বিপদে পড়তে হবে। ডাঃ সাজাহানের বিরুদ্ধে ১৮২ ধারার কেস নিয়ে আসেন। কিন্তু এই কেসে ম্যাজিস্ট্রেট রায় দেন এই ব'লে যে তিনি বুঝতে পেরেছেন দারোগা টাকা চেয়েছিল। এই ব্যাপারে ম্যাজিস্ট্রেট যে রায় দিয়েছিলেন সেটা হচ্ছে—

> "The case for the prosecution is that the three accused persons filed a petition before S.P., Howrah, making the allegation that O. C., Panchla P.S., approached them for illegal gratification in connection with a case No. 5(4)56, under sections 147/447/337/379/304, I.P.C. and other highhandedness on the part of the O/C, as mentioned in that petition."

[5-35—5-45 p.m.]

এই ব্যাপারে ম্যাজিস্ট্রেট, হাওড়া, যে রায় দিয়েছিলেন সেই রায় হচ্ছে—

> "From all these, I am inclined to hold that the prosecution has not been able to prove beyond reasonable doubts that the information contained in the petition of the accused is false and that the accused knew this to be false at the time when they filed the petition. Hence all the three accused persons are found not guilty and acquitted of the charges....."

Mr. Speaker: Let us have the gist of that.

Sj. Hemanta Kumar Basu:

কাজেই সেখানকার যে ও,সি, তিনি পরিষ্কারভাবে লোকদের এইরকম ভাবে নানারকমে জড়াবার চেষ্টা করছেন, ঘুষ খাচ্ছেন তা প্রমাণ হ'য়ে গেছে এবং তাকে কোনরকম শাস্তি না দিয়ে তার পাশের একটা বড় থানায় সাঁকরাইলে ট্রান্সফার ক'রে দেওয়া হয়েছে। এইরকম ভাবে ঘুষের ব্যাপার কোর্টে প্রমাণ হয়ে গেছে কিন্তু সেঁ বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। এর থেকে বুঝা যায় যে সরকার কতখানি করাপসনকে প্রশ্রয় দিচ্ছেন। তারপর কাকদ্বীপে গভর্নমেন্টের পুলিস কি ব্যবস্থা করেছেন সেদিক থেকে আমি ডেপুটী ইনসপেক্টর-জেনারেল অব পুলিস, সেন্ট্রাল রেঞ্জ, অ্যান্ডারসন হাউস, মেমো নম্বর ২৪০২, তা থেকে পড়ে শোনাচ্ছি—

"Office of the Deputy Inspector-General of Police, Central range,

Anderson House, Alipore.

Memo. No. 2402, dated 12-4-1957.

To

The Superintendent of Police, 24-Parganas.

SUBJECT:—*Sanction of house rent for the accommodation of Takerhat Anti-Communist Camp in Kakdwip P.S.*

Reference—Your letter No. 1198/E., dated 24-1-1957.

I sanction the payment of house rent at Rs. 16 per month for the house hired for the accommodation of Takerhat Anti-Communist Camp in Kakdwip P.S. for a further period of one year with effect from 1-3-1957.

The rent should be paid direct to the owner upon duly vouched bills.

The charge should be met from your budget grant under the head 'rent, rates and taxes' for the current financial year.

The Accountant-General, West Bengal, has been informed."

এইভাবে সমস্ত বামপন্থী দলের বিরুদ্ধে তারা কাজ করছেন। এই কথা ব'লে আমি এই বাজেটকে অপোজ করছি।

[5-36—5-45 p.m.]

Sj. Bejoy Singh Nahar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য নিরঞ্জন বাবু বলেছেন যে পুলিস তুলে দেওয়া উচিত। আমরা সকলে জানি যে পুলিস যদি না থাকে তাহলে যারা গুণ্ডা, বদমায়েস, শয়তান তাদের সুবিধা হয়। আর একদল রয়েছে যাদের রাজনৈতিক দল হিসাবে "এলোমেলো করে দে মা লুটেপুটে খাই" এই রকম মনোভাব রয়েছে, তাদেরও সুবিধা হয়। এইজন্য পুলিস তুলে দেবার কথা তাঁরা বলেছেন। [কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।] আমি জানি না এই সভার সদস্যরা কতখানি তাঁর কথা জোরের সঙ্গে মেনে নেবেন। দেশে গণ্ডগোল, চুরি, বদমায়েসী, মারামারি, হত্যাকাণ্ড এগুলি বন্ধ করার জন্য পুলিসের দরকার আছে এবং মানুষকে সভ্য সমাজে থাকতে গেলে সেখানে নিজেদের আইন করে নিজেদের সমাজের বাঁধন করতে গেলে এবং তাকে কার্যকরী করার দরকার হ'লে পুলিসের প্রয়োজন হয়। বহুদিন ধ'রে যখন থেকে সভ্য সমাজের সৃষ্টি হয়েছে, তখন থেকে এই রকম একটা প্রতিষ্ঠান, এই রকম একটা দল রাখা হয়েছে যাতে সমাজবিরোধী দলগুলি কাজ না করতে পারে—এরই জন্য পুলিসের প্রয়োজন আছে, পুলিস তুলে দিলে চলবে না। আমি কলিকাতা পুলিসের কথা বলি—আপনি হয়ত লক্ষ্য করেছেন যে গত কয়েকবছর ধরে কলিকাতার পুলিস কিভাবে কাজ ক'রে আসছে। এই ডিমান্ডের বিরুদ্ধে যে কাট মোশানগুলি দেওয়া হয়েছে, অধ্যক্ষ মহোদয়, তাতে কলিকাতা পুলিস সম্বন্ধে কিছু বলা হয় নি। ধীরে ধীরে পুলিস কিভাবে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ ক'রে আসছে তার দৃষ্টান্ত কলিকাতা পুলিসের মধ্যে পাবেন। বড় বড় সভা-সমিতি ক'রে যখন গোলমাল করার

চেষ্টা চলে তখন পুলিস সেই গোলমাল বন্ধ করে, ট্রাম-বাস পোড়ানোর অভ্যাস যাদের ছিল তাদের সেই অভ্যাস থেকে নিজেদের পিছিয়ে নিয়ে আসতে হয়েছে—এটা পুলিসেরই কৃতিত্ব। [কমিউনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।]

Dr. Hirendra Kumar Chattopadhyay:

২০ হাজার ট্রাফিক পুলিস সম্পর্কে একটু বলুন।

Sj. Bejoy Singh Nahar:

ট্রাফিক পুলিসের কথা আমার বন্ধু তুলেছেন, কলিকাতা শহরে কত গাড়ি চলে, কত লরী চলে, কতরকম যানবাহন চলে এবং য়্যাকসিডেন্ট বন্ধ করবার জন্য কতরকম ব্যবস্থা এখানে করা হয়েছে। ভারতবর্ষের মধ্যে কোলকাতা শহরে বোধ হয় ট্রাফিক পুলিসের ব্যবস্থা সবচেয়ে সুন্দর। ডাঃ চ্যাটার্জি তিনি খেলার মাঠের সাথী, খেলার মাঠে যেসমস্ত গণ্ডগোলের সৃষ্টি হয়েছে বা কোলকাতায় পুলিস কিভাবে ম্যানেজ করেছে তা তিনি জানেন। দুর্ভাগ্যের কথা আমাদের দেশে এখনও স্টেডিয়াম হয় নি, এটা লজ্জার কথা। যেখানে লক্ষ লক্ষ লোক খেলা দেখতে যায় সেখানে এমনভাবে পুলিসের ব্যবস্থা ক'রে রাখা হয়েছে যে সেখানে কেউ কোন গণ্ডগোল করতে পারে না। সম্প্রতি সত্যাগ্রহ হয়েছে, বহু গণ্ডগোল করার চেষ্টা করা হয়েছে, কিন্তু পুলিস কিভাবে তাদের সঙ্গে ব্যবহার করেছে স্বেচ্ছাসেবক হিসাবে, সেটা সকলেই জানেন। পুলিস সেখানে কোনরকম গোলমাল করতে দেয় নি যার ফলে, স্পীকার মহোদয়, আপনি জানেন যে তাদের শেষ পর্যন্ত সত্যাগ্রহ ফিরিয়ে নিতে হয়েছে—এটা পুলিসেরই ক্রেডিট বলতে হবে। সরকার পুলিসের দ্বারা এই কাজ করিয়েছেন।

তারপর শ্রদ্ধেয় হেমন্তবাবু পুলিসের সম্বন্ধে অনেক কথা বলেছেন, বোধ হয় তিনি ভুল করেছেন। কিছুদিন পূর্বেই একটা সভায় তিনি পুলিস সম্বন্ধে একটা মন্তব্য করেছিলেন, আমি তার থেকে একটা লাইন পড়ে শোনাচ্ছি, তাহলে তিনি বুঝতে পারবেন। এটা 'হিন্দুস্থান স্ট্যান্ডার্ড' ২৫শে নভেম্বর, ১৯৫৬ সালের কাগজ—

Shri Hemanta Kumar Basu, M.L.A., says the feeling now existing between the police and the public would do good to the society.

Sj. Hemanta Kumar Basu:

সবটা পড়ুন না।

Sj. Bejoy Singh Nahar:

এইটুকুই আছে, আর নেই। [হাস্য।] এটা ঠিক কথা যে আজকে এমন অবস্থা হয় নি যাতে আমাদের এখানে স্বর্গরাজ্য হয়ে গেছে, পুলিসের আর দরকার নেই। তার ভিতর অনেক গলদ রয়েছে, এটা আমরাও জানি, আপনারাও বলেছেন, কাগজেও তা বেরোয়। তা' দূর করবার জন্য নিশ্চয়ই কংগ্রেস সরকার চেষ্টা করবেন, যেমনভাবে এই কয়েক বৎসরের মধ্যে তাঁরা ধীরে ধীরে এটা ক'রে এসেছেন। আমি কয়েকটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কোলকাতা শহরে পুলিসের হল্লা বলে একটা জিনিষ আছে। এর দ্বারা পথের পথিক বিশেষ ক'রে যারা হকার্স তাদের সম্পর্কে এমন ব্যবস্থা করা হয় যাতে একটা গণ্ডগোলের সৃষ্টি হয়। এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এরকম ভাবে হল্লার ব্যবস্থা না ক'রে অন্য ব্যবস্থা করা হোক। আমাদের অনেক উন্নতি হয়েছে, আরও উন্নতি দরকার। তার মধ্যে একটিমাত্র কথা বললাম। আমরা আমাদের মন্ত্রী মহোদয়ের কাছে মাঝে মাঝে জানাই যে আরো উন্নতি করা দরকার। (ডাঃ হীরেন্দ্র কুমার চট্টোপাধ্যায়ঃ হল্লা না করলে ল্যাংড়া আম যে খেতে পায় না।)

[5-45—5-55 p.m.]

আমার বন্ধুরা পুলিস সম্বন্ধে নোটিশ দিয়েছেন। বলেছেন যে পুলিস নাকি অত্যাচার করে, জুলুম করে, অনেক রকম ব্যবস্থা করে। আমি একথা বলবো—বিশেষ ক'রে যে ট্রেড ইউনিয়ন রয়েছে তাদের সম্বন্ধে একথা বলবো—বেশীর ভাগ জায়গায়ই তাদের, আমাদের বন্ধুদের

জোলিয়ে দেবার জন্য, রিফিউজি ক্যাম্পএ কিংবা ট্রেড ইউনিয়নএ তাদের ঢোকবার জন্য পুলিসের ব্যবস্থা করতে হয়েছে, এবং পুলিস দিয়ে সেই গণ্ডগোল, সমাজবিরোধী কাজ বন্ধ করার জন্য পুলিসের দরকার হয়েছে। তার দু'-একটি দৃষ্টান্ত আমি দিচ্ছি।

[Noise and interruption from Opposition benches.]

Mr. Speaker: There is too much interruption. Please show the same courtesy which was extended to the members of the left side.

Sj. Bejoy Singh Nahar:

সম্প্রতি এ,আই,ডি, ন্যাশনাল ইন্‌সিউলেটেড কেবল্‌ কারখানায় একটা স্ট্রাইক হল, সেখানে দেখা যায় দিনের পর দিন একটা ইউনিয়ন অন্য আর একটা ইউনিয়নের সেক্রেটারীকে ধ'রে মারে, গণ্ডগোলের সৃষ্টি হয় এবং সেই ইউনিয়ন ভাঙ্গবার চেষ্টা করে, সেখানে প্রত্যেক মাসে ২।৩।৪টি ইন্সিডেন্টস হয়—আমি যেটা বলছি সেটা সত্য কথা বলছি এবং সম্প্রতি ১২ তারিখে ওয়ার্কস ম্যানেজারকে ঘিরে রাখা হয় সমস্ত দিন, তারপর সেখানে ঘেরাও করা হয়। সেজন্য পুলিস এসে কিছু লোককে এ্যারেস্ট করে এবং তাদের যখন ধরে নিয়ে যাচ্ছে তখন ওয়ার্কারদের তরফ থেকে গুণ্ডামি সৃষ্টি করে, সেখানে বাধ্য হয়েই পুলিসকে টিয়ার গ্যাস করতে হয়। ভট্টাচার্য রবার ওল্কর্কসএ মারামারি হয়েছে, পুলিস ধরে নিয়ে গেছে। সেখানে যারা জখম হয়েছে তারা হাসপাতালে গেছে কিন্তু তাদের শরীর এমন ড্যামেজ্‌ড হয়েছে যে ভবিষ্যতে কাজ করতে পারবে কি না সন্দেহ —এখন এসব অবস্থায় যদি পুলিস না যায়, যারা আক্রমনকারী তাদের ব্যবস্থা না করে, তাহলে সমাজ-ব্যবস্থা চলে না। আমাদের বন্ধুরা অনেকে চান সমাজ-ব্যবস্থা যাতে না চলে, তাহলে তাদের সুবিধা হয়, তাই পুলিস যাতে সরে যায় তার ব্যবস্থা করতে বলেন। আমি একটা দৃষ্টান্ত দিই—আরও অনেক দৃষ্টান্ত এমন দিতে পারি। দার্জিলিংএ তালিমকোট স্টেটএ স্ট্রাইক হয়েছে—সেখানে টি এস্টেটএর ম্যানেজারকে এ্যাসল্ট করা হয়েছে—

Sj. Pabitra Mohan Roy:

একটু আগে পয়েন্ট অব অর্ডারএর উত্তরে সাবজুডিস কেস সম্বন্ধে যা বল্লেন এই ভট্টাচার্য রবার ওয়ার্কসএর কেস সাবজুডিস।

Mr. Speaker: Mr. Nahar, is this case *sub judice*?

Sj. Bijoy Singh Nahar: No. Sir.

Mr. Speaker: Is this case *sub judice*?

Sj. Bijoy Singh Nahar: I have mentioned one instance of Bhattacharyya Rubber Works.

Mr. Speaker: I am not interested in who has gone to hospital. Is this case pending?

Sj. Bijoy Singh Nahar: So far as is known to me it is not *sub judice*.

Mr. Speaker: [To Shri Pabitra Mohan Roy] Have you personal knowledge of the fact that the case is *sub judice*?

Sj. Sitaram Gupta: Yes.

Mr. Speaker: Before which Court?

Sj. Sitaram Gupta: Barrackpore.

Mr. Speaker: You take the responsibility?

Sj. Sitaram Gupta: Yes.

Sj. Bijoy Singh Nahar: May I inform our friends that there is one case pending—the incident which happened on 5-11-1957—but I have not mentioned that. I have mentioned another incident which is not *sub judice*.

Mr. Speaker: You must tell me which case is *sub judice*.

Sj. Pabitra Mohan Roy: I know only of one case from Bhattacharyya Rubber Works. I do not know anything else.

Mr. Speaker: Mr. Nahar, are you referring to Bhattacharyya Rubber Works?

Sj. Bijoy Singh Nahar: Yes, Sir.

Mr. Speaker: I am told that it is pending before a court of law. Do you challenge that?

Sj. Bijoy Singh Nahar: May I explain?

Mr. Speaker: No. I would only like to know, is it pending before a court?

Sj. Bijoy Singh Nahar: I have made the statement that one case is pending. I have not referred to that case. After that incident another incident happened which I have mentioned here and that case is not pending.

অধ্যক্ষ মহোদয়, যদি কেস না সাবজুডিস থাকে তাহলে আপনি দেখে নেবেন। আমাদের যে ইনফরমেশন তাতে তা নয়। তারপর আমাদের বন্ধুরা যাঁরা বিরোধী পক্ষে বসে আছেন তাঁরা বলে থাকেন যে তাঁরা গরীবদের খুব বন্ধু, বিশেষ ক'রে আমাদের বন্ধু জ্যোতি বোস মহাশয় আজ সকালে একথা বলেছিলেন। আমি একটা দৃষ্টান্ত তার সামনে রাখি। সেটা হচ্ছে কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি, যেটা লেফটিস্টরা অধিকার ক'রে আছে। সেখানে বোনাস উচ্চপদস্থ কর্মচারিদের দেওয়া হল, কিন্তু যারা নিম্নপদস্থ লোক, সমাজে ছোট, হরিজন ক'রে রেখে দিয়েছেন, যাদের সম্বন্ধে তারা অনেক সময় দরদ দেখিয়ে থাকেন, তাদের যখন মাইনে বাড়াবার কথা হ'ল তখন কি হ'ল? তারা যখন প্রসেসন ক'রে ভাইস-প্রেসিডেন্টএর কাছে গেল, যিনি তাঁদেরই দলের লোক, তিনি তাদের সেই কাগজ, পিটিশন ছুড়ে ফেলে দিলেন এবং পুলিস দিয়ে তাদের ব্যবস্থা করতে গেলেন, কেন না সেইসব লোকগুলো হচ্ছে কংগ্রেস ইউনিয়ন—সেই মিউনিসিপ্যালিটি লেফটিস্ট পার্টি অধিকার ক'রে আছে, কাজেই কংগ্রেস ইউনিয়নএর কথা তারা শুনবেন না।

Sj. Jyoti Basu: Sir, in the morning when Shri Asoke Sen's name was mentioned in the House with regard to some matter, you had stated that on that matter you would give your ruling later on and you also stated that it was your duty to protect an outsider also—of course I do not agree with you on that. But just now he mentioned some member not belonging to this House but belonging to our party—the Vice-Chairman of the Krishnagar Municipality.

Mr. Speaker: What is the charge? I have not yet heard it.

Sj. Bejoy Singh Nahar:

সেখানে সেই গরীব ভাইরা যখন ভাইস-প্রেসিডেন্টএর কাছে গেল তখন তিনি তাদের কথা না শুনে তাদের সেই পিটিশন ছুড়ে ফেলে দিলেন এবং পুলিস ডাকা হ'ল এবং অনেক গোলমালের সৃষ্টি হল—আমি বলছি এসবের জন্য পুলিসের দরকার আছে।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, What about this charge?

Mr. Speaker: It is not a charge.

Sj. Jyoti Basu: What is it then?

Mr. Speaker: Am I to answer that?

Sj. Jyoti Basu: If you do not answer, how can we know what your ruling would be on?

Mr. Speaker: All that has been said is that they went to the municipal office and the petition was not taken.

Sj. Jyoti Basu: Not only that, he threw away the papers.

Mr. Speaker: If that is a charge, I can rule it out but every honourable member will remember that if he takes exception.....

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, he says that the police was called. It is a charge, I say it is an unsubstantiated charge. Because in the morning you mentioned it, therefore I am reminding you; otherwise I would not have cared what the Congress Secretary said.

Mr. Speaker: Mr. Basu, that is not a charge.

Sj. Jyoti Basu: I am just reminding you of the fact, I do not care what he says.

[5-55—6-5 p.m.]

Sj. Bejoy Singh Nahar:

আমাদের মাননীয় বন্ধু জ্যোতিবাবু অনেক কথাই বলেন; তবে মাঝে মাঝে তিনি একটু গুলিয়ে ফেলেন। তিনি ব্ল্যাকমার্কেটিয়ার্স, হোর্ডার্সদের নানাভাবে চার্জ করেন। আমি বলব যে এই যে হোর্ডার্স যাদের জন্য আজকে এখানে খাদ্যের অভাব তাদের জন্য পুলিসকে নানা রকম ব্যবস্থা করতে হয়। পুলিসকে গিয়ে ধরতে হয় যারা হোর্ডিং করে। যারা হোর্ডিং করে, যাদের টাকা আছে, তারাই মাল রাখে এবং সেখানে যখন শ্রমিক দিয়ে মালগুলি তুলে নিয়ে যায়—

[Loud noise and interruptions from Opposition benches.]

Mr. Speaker: I have the dissatisfaction that I have not been able to follow a single word. You have disregarded my request. I make an appeal to you not to interrupt a member when he is speaking.

Sj. Bejoy Singh Nahar:

সেইসব জায়গায় ইউনিয়নএর মাধ্যমে কাজ হচ্ছে এবং সেখানে তাদেরই লোক রয়েছে, তারাই জড়িত আছে এর সঙ্গে। তারা যদি সহযোগিতা করতেন এবং তাদের ধরিয়ে দিতেন—মালিক পক্ষের সঙ্গে পরামর্শ না করে কি করে নিজেদের সুখ-সুবিধা আদায় করা যায় সেদিকে কেবল দৃষ্টি না রেখে এগুলি যদি করতেন, তাহলে পুলিসী ব্যবস্থা দরকার হ'ত না। কাজেই আমি বলব এই রকমভাবে পুলিসকে গালাগালি, পুলিসের খরচ বাড়ানর জন্য তারাই দায়ী।

তারপর পুলিসের সম্বন্ধে, সরকারী কর্মচারীদের সম্বন্ধে তিনি নানা রকম গোলমালের কথা বলেছেন,—সরকারী কর্মচারীরা, পুলিস কর্মচারীরা নাকি নির্বাচনে কংগ্রেসের সঙ্গে সহযোগিতা করেছেন। আমি একথা বলব—তিনি হয়ত ভুলে যাচ্ছেন—এইমাত্র আমার বন্ধু বললেন—নর্থ বেঙ্গলএ যে কনফারেন্স হ'ল সেখানে পুলিসের আই-জি নাকি ইনস্ট্রাকশন দিয়েছিলেন যে নির্বাচনে কংগ্রেসের বিরুদ্ধে—

Sj. Subodh Banerjee: I did not say that. I said those who criticise the police.

Sj. Bejoy Singh Nahar:

তারা যাতে নির্বাচনে জয়ী হতে না পারে সেই রকম নাকি পুলিসকে ব্যবস্থা করতে বলা হয়েছিল, আমার বন্ধুরা এই কথা বলেছেন। তিনি পুলিসের অনেক সমালোচনা করেছেন—পুলিস কি করেছে, না করেছে তিনি তা বলেছেন। আমি একথা বলব যে নির্বাচনে যদি পুলিস ও সরকারী কর্মচারীরা আমাদের পক্ষে কাজ করতেন, তাহলে আমাদের ওদিকে যারা বসে আছেন তাদের একজনও নির্বাচিত হয়ে আসতে পারতেন না। [গোলমাল।] পুলিস ও সরকারী কর্মচারীরা—আমরা কংগ্রেস দপ্তরে বহু চিঠি পেয়েছি যে তারা কংগ্রেসের যেসমস্ত মনোনীত প্রার্থী ছিলেন তাদের অনেকের বিরুদ্ধে কাজ করেছেন। আবার এমন চিঠিও অনেক পেয়েছি—পুলিস কোন পক্ষই নেয় নি—নিরপেক্ষ ছিল। সেইজন্য আজ বিপক্ষে যারা বসে আছেন, তারা নির্বাচিত

হয়ে আসতে পেরেছেন। তা নাহলে তাদের ক্ষমতা ছিল না তাদের নির্বাচিত হয়ে আসতে। তারা রিপ্রেজেন্টেশনএর কথা তুলেছেন—মনোনয়নের রীতিনীতি কি হবে সেটা আমি জানি না। তবে জ্যোতিবাবু একথা বলেছেন—তারা যে দেশের কথা বলে থাকেন—সেখানে অন্য কোন রকম ব্যবস্থা নেই। সেখানে পুলিসের ব্যবস্থা এমন রয়েছে যে কোন রকম কথা বলা ত আলাদা কথা, তারা নিজেরা কোন রকম ম্যাজিস্ট্রেট বা কারু কাছে না গিয়ে ধরে আনতে পারে।

[At this stage the member reached the time-limit and wanted more time.]

Mr. Speaker: No, you won't get any more time. Every honourable member of this House will remember that I shall not allow an extra minute to anyone. I have relaxed in the past at the request of honourable members to take into account the time lost in interruptions, and I have acceded to their requests. But I think the way in which the debate is going on today is certainly not acceptable to me and is not to my taste. I must say that. I won't allow an extra second to any member.

Janab Taher Hossain:

مسٹر اسپیکر، سر، ابھی جو بحث (discussion) چل رہا ہے میرے ایک ساتھی نے کہا کہ پولیس power کو misuse کرتی ہے - میں Burnpur کے علاقہ میں جو ہوا ہے وہ آپ کے سامنے رکھونگا تو آپکو رزلائی آ جائیگا - صحیح معنوں میں پولیس کی کیا حالت ہے آپ لوگ سب اچھی طرح سمجھیں - میرے ساتھیوں نے بتلایا کہ پولیس کس لئے رکھا جاتا ہے - پولیس کا کام ہوتا ہے جنتا کو فائدہ پہونچانا، گول مال روکنا، مگر آپ دیکھینگے کہ ہوتا کیا ہے - میں چند باتیں آپکے سامنے رکھنا چاہتا ہوں - جولائی و سنہ ۱۹۵۳ع میں مجھے پولیس کے رپورٹ پر ۶ مزدور لیڈروں کے ساتھ P. D. Act میں گرفتار کیا - گرفتاری کا مقصد صرف یہی تھا کہ Trade Union کی جو تحریک ہے اسکو ختم کر دیا جائے - اسکا نتیجہ یہہ ہوا کہ ۵ جولائی کو بدھان بابو کی سرکار کی طرف سے برنپور کے امن پسند اور نہتے مزدوروں پر گولی چلائی گئی اور ۷ مزدور شہید ہوئے - ہمارلوگوں کو ۲۷ جولائی کو رہا کر دیا گیا - ہمارلوگوں کا case بھی Advisory Board کے سامنے نہیں رکھا گیا چونکہ سرکار کو اچھی طرح معلوم تھا کہ انکا case کمزور ہے - یہہ ہے، مسٹر اسپیکر، سر، پولیس رپورٹ کا حال *

نومبر سنہ ۱۹۵۴ء میں مجھکو ۴۰ والنٹیروں کے ساتھہ کارخانے کے gate پر چندہ جمع کرتے ہوئے West Bengal Security Act کے ماتحت گرفتار کیا گیا - گیارہ سو (۱،۱۰۰) روپیہ بھی لے لیا گیا - کارخانہ کے گیٹ کے باہر چندہ جمع کیا جا رہا تھا اور وہ protected area کے باہر پڑتا تھا مگر سرمایہداروں کے اشاروں پر چلنے والی پولیس نے مجھکو گرفتار کیا - سارا روپیہ ۸ مہینہ تک کورٹ میں جمع رہا - دفعہ ۱۴۳ جس پر کیس چلنے والا تھا اور چارج لگایا جانیوالا تھا مگر اسکے پہلے ہی High Court نے اسکو quash کر دیا - یہہ ہوتی ہے پولیس کی غلط رپورٹ اور Trade Union movement کو دھکا دینے کی کوشش اور سازش *

۱۰ جون سنہ ۱۹۵۵ء کو مجھہ پر اور دس دوسرے office-bearers پر دفعہ ۱۴۴ لاگو کیا گیا کہ ہملوگ کلٹی تھانہ کے کسی علاقہ میں داخل نہ ہو سکیں - مگر اسوقت ہماری یونین یعنی United Iron and Steel Workers' Union کے صدر موجودہ لیبر منسٹر ہمارے جناب عبد الستار صاحب تھے - انہوں نے خود District Magistrate کو letter دیا مگر کچھہ اثر نہیں ہوا اور وہ خود ملے بھی مگر کچھہ action نہیں لیا گیا - آخر ہملوگوں نے High Court میں کیس کیا تب ہملوگوں کے اوپر سے دفعہ ۱۴۴ اٹھایا گیا *

مسٹر اسپیکر، سر، میرے کہنے کا خاص مطلب یہہ ہے کہ کیسے پولیس جان بوجھہ کر مزدور تحریک کو ختم کرنے کے لئے ہر طرح سے کوشش کرتی ہے - ہمارے شہری حقوق پر حملہ کیا گیا - اگر سرکار کی نظر میں ہم غنڈے، بدمعاش تھے تو کیوں نہیں ہملوگوں کو دفعہ ۱۰۷ میں ملزم قرار دیکر سزائیں دیتے مگر ایسا نہیں کیا - اصل مطلب یہہ تھا کہ ہماری یونین کا ہیڈ آفس کلٹی میں تھا اور ہم وہاں جا نہ سکیں

تاکہ ہماری مزدور تحریک کا گلہ بند ہو جائے - آپ نے کہاں سنا ہے کہ یونین کا جنرل سکریٹری یونین آفس میں جا نہ سکے - اور پرسوں ۷ مارچ سنہ ۱۹۵۶ء کو بھی دوبارہ مجھکو ۶ مزدور لیڈروں کے ساتھ P. D. Act کے ماتحت گرفتار کیا گیا اور ایسے موقع پر جب میں ۷۰۰ روپیہ لیکر وکیل کے پاس کلکتہ جا رہا تھا - Appellate Tribunal میں اسی مہینہ کے ۱۶ تاریخ کو ہمارا کیس تھا اور ۸ مارچ کو ہائی کورٹ میں کیس تھا - دوسرے میرے Joint secretary چندرسیکھر مکھرجی کو کلکتہ آفس کے سامنے گرفتار کر لیا اور یہی Tribunal میں ہماری طرف سے پیروی کرتے تھے - اس سے پتہ چلتا ہے کہ گورنمنٹ کا مقصد یہہ تھا کہ Tribunal کی تاریخ بڑھ جائے اور کیس کی پیروی نہ ہو سکے اور کیس pending رہ جائے اور آخر یہی ہوا - ہمارے جیل چلے گئے اور کیس پیچھے پڑ گیا - آج ہم سرکار سے یہہ جاننا چاہتے ہیں کہ ہزاروں ہزار روپیہ جو P. D. Act کے ماتحت ہمارے مزدوروں پر خرچ کیا گیا، کیا وہ جائز خرچ تھا؟ نہیں، بالکل ناجائز تھا، صرف مزدور تحریک کو ختم کرنے اور کچلنے کے لئے تھا اور اگر یہہ بات نہیں تھی تو سرکار نے ہمارے کیس کو Advisory board کے سامنے کیوں نہیں رکھا اور تیس روز کے اندر ہی ہمارے مزدوروں کو رہا کر دیا - P. D. Act میں لینے کے وجوہات اگر آپ سنیں تو تعجب ہوگا - سب چارج فضول تھے - اور یہہ ہے پولیس رپورٹ - اب سنئے کیا کیا چارج تھے :—

(۱) ہمارے Asansol محکمہ میں Leftist Organisation بذکر مزدور تحریک چلا رہے ہیں *

(۲) بنگال - بہار merger کے متعلق ہمارے مزدوروں کی تقریریں ہوئیں *

(۳) کچھ مانگیں Tribunal میں پیش کی گئیں ہیں *

پالیسی خواہ مخواہ P. D. Act کو ابھی تک رکھے ہوئے ہے اور مزدور تحریک کو ختم کرنے کے لئے ہزاروں روپیہ برباد کرتی ہے - اس پالیسی کو بدلنا ہوگا *

مسٹر اسپیکر، سر، ۱۵ مئی سنہ ۱۹۵۳ء سے لگاتار ۳ سال تک برنپور اور کلٹی تھانہ کے سب علاقوں میں دفعہ ۱۴۴ لگا کر شہری حقوق اور مزدور تحریک پر حملہ کیا گیا - دنیا میں کہیں ایسی مثال نہیں ملتی کہ جہاں لگاتار ۶۰ روز کے بعد ۲۴ گھنٹہ کا وقفہ دیکر اسطرح سے تین سال تک دفعہ ۱۴۴ لگایا گیا ہو - اسکے خلاف دوسرے دوسرے Political parties کے لیڈروں، مختلف مرکزی Trade union کے لیڈروں، educationist جیسے Sri K. P. Chatterjee اور Advocate اور journalist جیسے Sri Atul Gupta اور دوسرے دوسرے مشہور شہری باشندوں نے بیان دیا - اسکے بعد ہملوگوں نے ہائی کورٹ میں case دائر کیا اور جب وہاں سے rule issue ہوا اور دفعہ ۱۴۴ کا خاتمہ ہوا - یہہ ہے پولیس رپورٹ اور اسطرح سے پولیس ہمارے جائز حقوق پر حملہ کرتی ہے *

مسٹر اسپیکر، سر، پولیس ہوتی ہے غنڈوں، بدمعاشوں اور anti-social element کو ختم کرنے کے لئے مگر ہمارے علاقے میں پولیس اس انجام دہی میں ناکام ثابت ہوئی - آج پولیس اپنے power کو misuse کرتی ہے - آسنسول subdivision میں پولیس کا من‌مانی راج ہے، جہاں جانا چاہئے وہاں نہیں جاتی ہے اور جہاں جانا نہیں چاہئے وہاں جاتی ہے *

آسنسول محکمہ میں خصوصاً ہیراپور اور کلٹی تھانہ میں پولیس وہی کام کرتی ہے جو Martin and Burns کے سر بیرن مکھرجی کا حکم ہوتا ہے - جیسا کہ دھنواگرام جو ہیراپور تھانہ کے اندر ہے وہاں گاؤں والوں کا ایک چالو راستہ ندی اور اسکول جانے کے لئے تھا اسکو

پولیس لیکو کمپنی والوں نے بند کروا دیا - جب M. L. A. کے
نیتا وہاں موقع پر معائنہ کرنے کے لئے گئے اور وہاں کے باشندوں نے
میرے سامنے گھیرا ہوا راستہ کھول لیا' اس پر Martin and Burns
کے اشارے پر چلنے والی پولیس نے جھپکر اور ۸ دیہاتیوں کو دفعہ ۱۴۷
میں گرفتار کر لیا اور بعد میں در تین گھنٹہ بعد ضمانت پر رہا کر دیا *

Sj. Ananda Copal Mukhopadhyay: Sir, the case is *sub judice*.

Mr. Speaker: On a point of information. Mr. Basu, is the case *sub judice*? Is it a case which is being still tried?

Sj. Jyoti Basu: How do we know?

Mr. Speaker: I want to ascertain from the speaker. Perhaps he does not know the rules. Please do not refer to the case which is being tried.

Sj. Jyoti Basu: He has only mentioned that he was arrested. The rule is that when an M.L.A. is arrested Speaker should be informed immediately. Have you been informed, Sir?

Mr. Speaker: I have just now been informed by the honourable member.

Sj. Bankim Mukherjee: Sir, the officer has got to inform the Speaker that an M.L.A. was arrested.

Mr. Speaker: If the case is still being tried, it is better not to refer to it.

Sj. Jyoti Basu: Sir, I will explain the matter to you. An M.L.A. was arrested. Shri Taher Hossain was arrested. If an M.L.A. is arrested, you should be informed immediately—at the earliest possible opportunity. Have you been informed? It seems in this case you were not informed.

Mr. Speaker: I am told in this House that information was given.

Sj. Jyoti Basu: Were you informed?

Mr. Speaker: Just now I have been informed.

Sj. Jyoti Basu: Sir, this matter should go to the Privilege Committee and the officer who arrested him should be brought before the Privilege Committee.

Dr. Ranendra Nath Sen: It is our privilege to know, Sir, about the arrest of an M.L.A.,

Sj. Bankim Mukherjee: Sir, we will raise this point of privilege after the Speaker finishes his speech.

Janab Taher Hossain:

مسٹر اسپیکر' سر' ابھی ابھی آسنسول کے علاقہ میں murder ۴
ہو گیا مگر پولیس ابھی تک مجرموں کو پکڑنے میں ناکامیاب ہوئی -
ایک مزدور D. V. C. پوسٹ کے سامنے کالی پہاڑی میں murder ہوا -

Sj. Monoranjan Hazra: Sir, one of the members of that side of the House is discussing something over there.

Mr. Speaker: Unless the House is disturbed certainly a member can go to the corridor and ask something to somebody else.

Janab Taher Hossain:

۸ جون کو رنجیت کمار مسرا کو چھت کے اوپر سوتے ہوئے کسی نے مار ڈالا' صبح میں اسکی لاش چھت پر ملی - ۱۰ مئی کو سلطان نامی ایک شخص برنپور bus stand کے پاس راستہ کے کنارے مردہ لاش کے پائے گیا - پولیس ابتک ان تینوں کیسوں میں کسی ملزم کو بھی گرفتار نہیں کر سکی - اس سے معلوم ہوتا ہے کہ غنڈوں کا زور بڑھتا جا رہا ہے اور پولیس ہر جگہہ failure ہو رہی ہے اور اب معمولی آدمیوں کا خون کرتے کرتے پولیس افسروں کا بھی خون ہونے لگا *

۱۹ اپریل کو آسنسول تھانہ کے Officer-in-charge کا خون ہو گیا - اس معاملہ میں پولیس نے ننگا ناچ دکھلایا - مقتول O. C. کچھہ اچھا کام کرتا تھا جو بدمعاش آدمیوں کو پسند نہیں آتا تھا - اس لئے خود O. C. کو جان کھونی پڑی - یہہ ہے پولیس کی کارروائی - میں پولیس مد میں روپیہ دینے کے خلاف ہوں *

Sj. Deven Sen: Sir, I respectfully want to say a few words about the ruling that you have given. Suppose Shri Jyoti Basu is arrested tomorrow. Do you mean that we cannot mention his arrest here.

Mr. Speaker: I say that I was not aware of the fact that this member of the Assembly had been put under arrest, but I am told that he had been released. I will check up, verify and then inform the House. Now our time is short and we cannot lose our time.

Sj. Bankim Mukherjee: Sir, if a member is arrested, that fact should be immediately informed to the Speaker and the House also should be informed of it.

Mr. Speaker: Supposing, Mr. Mukherjee, he has already been released.

Sj. Bankim Mukherjee: Even then.

Mr. Speaker: I will let you know.

Sj. Deven Sen: Mr. Speaker, Sir, my point of privilege was this: If a member of this House is arrested tomorrow, does your ruling mean that we cannot mention his arrest here in the Assembly?

Mr. Speaker: I have not said anything so far. I have said that I will let the honourable members know my decision. You are under a misapprehension. Shri Phakir Chandra Ray will now speak.

[Shri Phakir Chandra Ray rose to speak and there were interruptions.]

Mr. Speaker: I want to tell the members that today I want absolute peace from both sides of the House. Our time is short and yet a number of members are to address the House before the motion is put to vote. I am making a request to the honourable members and I hope that the proceedings of the House will not be disturbed.

[6-15—6-25 p.m.]

Sj. Fakir Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, পুলিস বাজেটে টাকার বরাদ্দ চাইবার সময় মন্ত্রী মহাশয় যদি গত বৎসর কত অপরাধ হয়েছে, কত ক্ষেত্রে ধরা পড়েছে, কত ক্ষেত্রে সাজা হয়েছে তার বিবরণ তাঁর বক্তৃতায় দিতেন তাহলে এই হাউসের পক্ষে সমগ্র পশ্চিমবঙ্গে আইন ও শৃঙ্খলা কিভাবে চলছে তার ছবি থাকত এবং আলোচনা করার সুবিধা হ'ত কিন্তু দুঃখের বিষয় মন্ত্রী মহাশয় তা করেন নি। গভর্নমেন্ট থাকলেই পুলিস থাকা দরকার, বিনা পুলিসে গভর্নমেন্ট চলে না। কিন্তু পুলিসের মধ্যে আমরা যে যোগ্যতা আশা করি সেই যোগ্যতা তাদের কাজের মধ্যে দেখতে পাই না। পশ্চিমবঙ্গ বর্ডার স্টেট, সেখানে ঝামেলা আছে। একথা যদি ঠিক হয় তাহলে পুলিসের যোগ্যতার প্রমাণ হওয়া দরকার। মালদহের কালিয়াচক থানায় ১৮টি ইউনিয়ন। সেখানে দিনে খুন হয় এমন অবস্থা হয়েছে। এখন খবর পেলাম যে কলকাতার জোড়াবাগান এলাকার একজন বিশিষ্ট ভদ্রলোক—তিনি একটা শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট—মুখ্যমন্ত্রী থেকে শুরু করে পুলিস কর্তৃপক্ষের কাছে আবেদন করেছেন। কিন্তু আজ পর্যন্ত তার আবেদনের কোন ব্যবস্থা করা হয় নি। আমরা চাই পুলিসের ভিতর যোগ্যতা, আমরা চাই পুলিসের ভিতর সততা। সৎ পুলিস কর্মচারী অনেক সময় পুলিসের পক্ষে বিপজ্জনক। আসানসোলে একজন পুলিস অফিসারকে খুন করা হ'ল। তিনি যোগ্য পুলিস কর্মচারী ছিলেন। তার হত্যার তদন্তের কি হ'ল জানা যায় নি। তাহলে কি মনে করতে হবে কোন যোগ্য পুলিস কর্মচারীর নিরাপত্তা নেই? আজকে আমাদের কল্যাণরাষ্ট্রে দুর্নীতি বেড়ে চলেছে। গত যুদ্ধের জন্য, দুর্ভিক্ষের জন্য, সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামার জন্য অপরাধ বেড়ে যাচ্ছে একথা হয়ত সত্য। পূর্বেকার সমাজব্যবস্থা ভেঙ্গে পড়ছে, নতুন সমাজব্যবস্থা গ'ড়ে বর্তমান সমাজব্যবস্থায় উঠে নি। এই ব্যবস্থায় অপরাধের মাত্রা বাড়ছে। আজকে এই অপরাধ দমাবার দায়িত্ব মুখ্যতঃ পুলিসের। আজকে দেখতে পাই পুলিসের ভিতর নতুন মন সৃষ্টি করতে হবে। পুলিসকে তাদের কাজের উপযুক্ত হতে হবে, পুলিসকে জনসাধারণের রক্ষক হতে হবে—এটা যদি মন্ত্রী-মহাশয় না করতে পারেন তাহলে পুলিসের পক্ষ থেকে টাকা চাওয়ার তাঁর কোন অধিকার নাই। এটা যদি করতে হয় তাহলে পুলিসকে রিঅর্গানাইজ করতে হবে। আশ্চর্যের কথা, গ্রামাঞ্চলে শান্তিরক্ষার দায়িত্ব চৌকিদারের, কিন্তু সেই চৌকিদারের কথা পুলিস বাজেটে নাই। পুলিসের মধ্যে জাতিভেদ দেখতে পাই, কলকাতার পুলিস আর মফঃস্বলের পুলিস। কলকাতার পুলিস কুলীন পুলিস, তাই মফঃস্বলের পুলিসের সঙ্গে পার্থক্য থেকে গিয়েছে। পুলিসের বিভিন্ন দিক আছে, পুলিসের বিভিন্ন ডিপার্টমেন্টএর মধ্যে কো-অর্ডিনেশন নাই। এ্যান্টি-করাপশন ডিপার্টমেন্টএর কার্যাবলী যদি দেখেন তাহলে দেখা যাবে সেখানেও এ্যান্টি-করাপশন লোকের দরকার আছে। কত কেস এ্যান্টি-করাপশন ডিপার্টমেন্টএ যায়, কিন্তু ক'টা কেসএ ইনভেস্টিগেশন হয়? কত কেস ধরা পড়ে? যত কেস যায় তার অধিকাংশ ক্ষেত্রেই ইনভেস্টিগেশন হয় না। পুলিসকে যদি ওয়েলফেয়ার স্টেটএর উপযোগী করে গ'ড়ে তুলতে হয় তাহলে পুলিসকে সাবেকী মন বদলাতে হবে। পুলিসের মনোবৃত্তি পরিবর্তনের কোন পরিচয় পাই না। সত্যিকারের পুলিসের স্ট্রাকচার দাঁড়িয়ে আছে চৌকিদার, দফাদার, কনস্টেবল প্রভৃতির উপর কিন্তু দুঃখের বিষয়, তাদের অবস্থার আজকে কোন পরিবর্তন হয় নি। চৌকিদার, দফাদার, কনস্টেবল তাদের

কোন প্রকার শিক্ষাব্যবস্থা নাই। তাদের সামাজিক মান বৃদ্ধি করার কোন কথা আমরা এর মধ্যে পাই না। তা যদি না করা হয় তাহলে কোনকালেই যুগোপযোগী করে পুলিস ফোর্স গড়া যাবে না। পুলিস ফোর্স ল' এ্যান্ড অর্ডার রক্ষা করবে কি করে? সমাজের যারা অবস্থাসম্পন্ন ধনিক তাদের জন্যই ল' এ্যান্ড অর্ডার মেনটেন করতে হবে এই যদি পুলিসের মনোবৃত্তি হয় এবং এই মনোবৃত্তির যদি পরিবর্তন না হয় তাহলে ওয়েলফেয়ার স্টেটএর উপযোগী পুলিস ফোর্স গ'ড়ে তোলা যাবে না। এই কথা বলেই আমি এই টাকার বরাদ্দের দাবীর বিরোধিতা করছি।

Sj. Pijus Kanti Mukherji:

মাননীয় স্পীকার মহাশয়, এপর্যন্ত যে কটি বক্তৃতা শুনলাম তাতে প্রধানত পুলিস সম্পর্কে অভিযোগ করা হয়েছে যে পুলিস দুর্নীতিপরায়ণ, পুলিস অযোগ্য এবং পুলিস বিভাগে ব্যয়বরাদ্দ বেশি দাবি করা হচ্ছে। দুর্নীতিপরায়ণ সম্পর্কে আমি একথা বলি না যে পুলিস সম্পূর্ণভাবে দুর্নীতিমুক্ত। পুলিসে দুর্নীতি অবশ্য আছে এবং সেই দুর্নীতিকে দমন করবার জন্য সরকারকে অবশ্য দৃঢ়হস্তে ও সমস্ত শক্তি নিয়ে এগিয়ে যেতে হবে। কিন্তু এই সঙ্গে সঙ্গে পুলিসের কথা যখন আমরা বলি তখন আমাদের দৃষ্টি অন্যদিকে যায়। আমরা দেখতে পাই সমাজের প্রতি ক্ষেত্রে, পরীক্ষার্থী মাত্র থেকে আরম্ভ ক'রে সমাজের সর্বক্ষেত্রে দুর্নীতি ভরে আছে। সুতরাং এই দুর্নীতিপূর্ণ সমাজের কাছ থেকে, এই ত্রুটিপূর্ণ সমাজের কাছ থেকে একটা দুর্নীতিমুক্ত পুলিস বিভাগ আমরা সম্পূর্ণভাবে আশা করতে পারি না। সেজন্য আমাদের পুলিসের দুর্নীতির কারণ যদি খুঁজতে হয় তাহলে কেবলমাত্র সেটা পুলিস বিভাগের মধ্যেই খুঁজলে হবে না। বরং আমাদের নিজেদের দিকে তাকিয়ে এর কারণ তলিয়ে দেখতে হবে এবং সেই তলিয়ে দেখার দায়িত্ব কেবলমাত্র সরকারের নয়, সরকার ছাড়া অন্যদেরও আছে। পুলিস অযোগ্য এই ব'লে প্রায় অভিযোগ করা হয় এবং এই অযোগ্য কিজন্য না পুলিস অনেক ক্ষেত্রে হদিশ করতে পারে না। এটা সত্যি কথা যে, সব ক্ষেত্রে খবর করা যায় না এবং তার কারণ হচ্ছে যে, কেবলমাত্র পুলিসই হদিশ করতে পারে না তার সঙ্গে সংশ্লিষ্ট বা আশেপাশে যারা থাকে তাদের কাছ থেকে যদি না কোন খবর পাওয়া যায়। কারণ বেশির ভাগ লোক ঝামেলা এড়াবার জন্য পুলিসকে সহযোগিতা করতে এগিয়ে আসে না বলেই সমস্ত ঘটনা প্রকাশ পায় না। যেমন পুলিসের অযোগ্যতা সম্পর্কে বলা হয়েছে তেমনি আবার দেখেছি যে কেবলমাত্র অপরাধী খুঁজে বেড়ান ছাড়াও সমাজসেবামূলক অনেক কাজের মধ্যে পুলিসের সাহায্য আমরা পাই। যেমন আমি বলছি যে, গত বন্যার সময় পুলিসের সাহায্য লোকে পেয়েছিল এবং জনসাধারণকে সেই সময় মৃত্যুর মুখ থেকে বাঁচাবার জন্য পুলিস সাহায্য করেছিল। এ ছাড়া কেবলমাত্র অপরাধমূলক কাজ বাদে সমাজের অন্যান্য কাজ, যেমন রাস্তাঘাট, বাজার, সিনেমা, খেলার মাঠ ইত্যাদি সমস্ত ব্যাপারেই আমাদের পুলিসের সাহায্যের প্রয়োজন হয়। এবং এরজন্য পুলিস-শক্তি অবশ্য বৃদ্ধি করা প্রয়োজন। অপর পক্ষ থেকে বিশেষ করে বলা হয়েছে যে পুলিসের খরচ বেশি হচ্ছে। কিন্তু যাদের উদ্দেশ্য হচ্ছে হিংসার দ্বারা দলকে দমন করে রাখা, হিংসার দ্বারা নিজেদের উদ্দেশ্য সফল করা, সেই দলের কাছ থেকে আশা করতে পারি যে এই কথা তাঁরা বলবেন যে পুলিসের জন্য খরচ কমান দরকার। অধ্যক্ষ মহাশয়, আমি একটা এলাকার সামান্য একটা ঘটনার কথা উল্লেখ করব এবং সেটা দেখলেই অনুধাবন করা যাবে যে কেন আমাদের পুলিসের জন্য ব্যয়বরাদ্দ সমর্থন করা উচিত। সাধারণ অপরাধীরা নিজেদের ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য অপরাধ করে থাকে, কিন্তু হিংসার পথে নিজেদের দলগত স্বার্থসিদ্ধির জন্য, রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য যে অপরাধগুলি করে সেই সমস্ত অপরাধে সাহায্য করা উচিত নয়। আমি আলিপুর দুয়ার মহকুমার কালচিনি থানার কয়েকটা ঘটনার কথা বলি। কয়েকদিন পূর্বে আপনারা জানেন যে চা-বাগানে যখন বোনাস দেওয়া হয় সেই সময় কোন কোন রাজনৈতিক দলের থেকে বলা হয়েছিল যে, বোনাস হ্যামলোগ দিলায়া হ্যায়, বোনাস হ্যামলোগ দিলায়া হ্যায়। এই সমস্ত কথা বলে তারা বাধ্যতামূলকভাবে এবং জোর করে বোনাসের টাকা আদায় করবার চেষ্টা করে। কিন্তু যেসব ক্ষেত্রে লোক দেয় না সেইসব ক্ষেত্রে ভয়ানক অত্যাচার এবং উৎপীড়ন করা হয়। এ সম্পর্কে আমি একটা ঘটনার কথা বলি। এক শ্রমিক দলপতি যখন টাকা দিতে অস্বীকার করে তখন তাদের পার্টি অফিসে ধরে নিয়ে গিয়ে সেখানে উলঙ্গ করে সমস্ত দেহে তাদের আলকাতরা

মুখিয়ে ছেড়ে দেওয়া হয়। যারা এটা করে পুলিস তাদের গ্রেপ্তার করে এবং ঘটনাটা এখনও তদন্তাধীন রয়েছে। এই ঘটনা ছাড়া আমি আরও কয়েকটা ঘটনার কথা বলতে চাচ্ছি। যেমন অবদী চক্রবর্তী নামে জনৈক ব্যক্তিকে হত্যার ব্যাপার নিয়ে যারা সেই ব্যাপারে সাক্ষী ছিল তাদের হত্যা করবার জন্য চেষ্টা করা হয়। এই ঘটনাটা হচ্ছে সলবাড়ি চা-বাগান, কালচিনি থানার মধ্যে। কিন্তু ধন্যবাদ জানাব পুলিসকে যে সেখানে তাদের এ্যান্টি-রবারি গ্যাং ছিল ব'লে সেই ক'জনের জীবন রক্ষা হয়েছিল। এ ঘটনার পরে সেই ইউনিয়নের সেক্রেটারী চা-বাগানের মধ্যে দম্ভের সঙ্গে বলেন যে লাস তো গিরযায়া, ঠিক কিয়া, আউর ভি গিরানে হোগা। অর্থাৎ এর কারণ হচ্ছে যে যারা এর প্রতিকার করতে যাবে তাদেরও লাস গিরাতে হবে, ধ্বংস করতে হবে, মৃত্যুমুখে ফেলতে হবে, তা না হলে তাদের দলীয় কাজ সাকসেসফুল হবে না।

মাননীয় স্পীকার মহাশয়, এ ছাড়াও আমি আর একটি ঘটনা বলতে চাই। কালচিনি এলাকার মধ্যে সুভাষিনি চা-বাগানে যে ঘটনা কয়েকদিন পূর্বে ঘটেছে সে সম্বন্ধে বলব। এই সুভাষিনি চা-বাগানকে রেড এরিয়া অব দি রেড পার্টি ব'লে ঘোষণা করা হয়। সেখানে একটা মহিলা তাদের দলে যোগ দিতে অস্বীকার করার জন্য জোর করে ইউনিয়নের কর্মীরা তাকে ধরে নিয়ে গিয়ে প্রস্রাব খাইয়ে দেয়। শুক্লা যা বললেন দরকার হ'লে আমি এসবের প্রমাণ দিতে পারি। এই রকম যে ৯টা কেস আমার জানা আছে, কিন্তু সেগুলো নিতান্ত কুরুচিপূর্ণ ব'লে আমি এই হাউসে উপস্থিত করতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলিপুর দুয়ার থানার মধ্যে খেলাৎপুর চা-বাগান ব'লে একটা চা-বাগান আছে। আপনারা হয়ত জানেন যে গত জানুয়ারি মাসে সেই চা-বাগানে লক-আউট করা হয় এবং ইউনিয়ন থেকে সেখানকার ম্যানেজার এবং শ্রমিকদের উপর ভয়ানক অত্যাচার করা হয়। সেখানে যে লক-আউট হয় সেই লক-আউট হবার কিছুদিন পরে সেখানকার শ্রমিকরা আমার কাছে আসে কারণ তারা অনাহারে পড়ে আছে। আমি তখন নিজে চেষ্টা করে সেই বাগান খুলি এবং তার ফলে সেখানে যা কিছু গোলমাল ছিল শ্রমিকরা চেষ্টা করে সরিয়ে দেয়। এটা ৮ দিন আগেকার ব্যাপার। কিন্তু তবুও তার মধ্যে গোলমাল সৃষ্টি করবার জন্য শ্রমিকদের পাতা তুলবার সময় পাতা ফ্যাক্টরীর মধ্যে যে কাজ করবে তাকে বাধা দেবার চেষ্টা করা হয়েছে। এটা করা হ'ল এই কারণে যে বাহিরের শ্রমিকদের বাধা দেওয়া অসুবিধে এবং তাদের বাধা দিতে হ'লে প্রচণ্ড রকমের বাধা দিতে হবে। কিন্তু তাদের দল ভেঙ্গে যাওয়াতে সেটা যখন সম্ভব হ'ল না তখন তারা চেষ্টা করে কেবলমাত্র ফ্যাক্টরীর মধ্যে শ্রমিকদের বাধা সৃষ্টির দ্বারা মিলের ক্ষতি করে এবং এজন্য সত্যাগ্রহ ও মারামারি হয়। এই ব্যাপারের জন্য তাদের মধ্যে কিছু লোককে গ্রেপ্তার করা হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব কয়েকটা মাত্র ঘটনার পরেও কি বলতে হবে যে পুলিস বাজেট আমরা সমর্থন করব না? অথবা এর পরেও কি বলতে হবে যে আমাদের পুলিস কেবলমাত্র সমাজবিরোধী কাজ করে? অথবা এইসব কথা শোনার পরেও কি আমাদের স্বীকার করতে হবে যে যারা আমাদের বিরোধী পক্ষে বসে পুলিসকে সমালোচনা করছেন তাদের উদ্দেশ্য সৎ ও সাধু? তাঁদের উদ্দেশ্য যদি সৎ বা সাধু হ'ত তাহলে তাঁরা চাইতেন যে সমাজের দুর্নীতি দূর হোক বা পুলিস দুর্নীতিমুক্ত হোক এবং সেটার জন্য অন্য পথ বা পন্থা বা অন্য রকমের চেষ্টা ছিল এবং তার উপায়ও অন্য রকম হ'ত। কিন্তু এইসব না হয়ে দলগত স্বার্থসিদ্ধির জন্য, দলের প্রাধান্য বিস্তার করার জন্য এইসব কথা বলা হচ্ছে। এই প্রসঙ্গে আমি আপনাকে আর একটি ঘটনার কথা বলি। গত নির্বাচনের সময় ৫০-৬০ জন মহিলা নির্বাচনের কাজের জন্য বা অন্য কাজের জন্য সেখানে গিয়েছিলেন, কিন্তু দুঃখের বিষয় যাঁরা গণতন্ত্রবাদী এবং গণতন্ত্র শতমুখে প্রচার করে বেড়ান তাঁদের একটা উপদল আলিপুর দুয়ারে শহরের উপরেই সেই সমস্ত মহিলাদের আক্রমণ করে তাদের মধ্যে ৮ জনকে গুরুতরভাবে জখম করে। এই কাজে কোন কোন রাজনৈতিক দলের পার্টি মেম্বার রয়েছেন তা তাঁরা অস্বীকার করতে পারবেন না—তবে যদি প্রয়োজন হয় আমি তাদের নাম বলতে পারি কিন্তু আমি তা বলতে চাচ্ছি না। এই রকম ঘটনা ঘটেছে। এইসবের পরেও কি আমাদের স্বীকার করতে হবে যে আমাদের পুলিস বিভাগের ব্যয়বরাদ্দ সমর্থন করা উচিত নয়? অথবা এর পরেও কি আমাদের স্বীকার করতে হবে যে যারা এখানে বক্তৃতা দিয়েছেন তাঁরা গণতন্ত্রবাদী? অথবা এর পরেও কি আমাদের স্বীকার করতে হবে যে

তাঁরাই আমাদের গণতন্ত্রের ধারক? সেজন্য বলতে বাধ্য হচ্ছি যে দুর্ভাগা আমাদের দেশ, না হ'লে এই রকম ধরনের গণতন্ত্র আমাদের দেশে থাকবে কেন? এই কথা বলে আমি পুলিস বাজেট সমর্থন করছি।

Sj. Banarshi Prosad Jha :

माननीय स्पिकर महोदय, ट्रेड यूनियन का काम करने में यानी मजदूर आन्दोलन करने में चार तरह से बाधा पड़ता है। मजदूर चार तरह से दबाया जाता है, जैसे (१) मालिकों के जरिये, (२) मालिकों के गुन्डों के जरिये, (३) I. N. T. U. C. के नाते तथा कार्यकर्त्ता के जरिये, (४) पुलिस के जरिये।

स्पिकर महोदय, जहां पर भी मजदूर संगठन का प्रभाव जमा, इकाई जोरदार हुयी, वहां पर मालिक पुलिस के जरिये मजदूर आन्दोलन को कुचल देने के लिए हर तरह की कोशिश करते है और पुलिस मालिकों का साथ देती है।

स्पिकर महोदय, मैं पुलिस विभाग के कई अफसरों से तथा थाना के अधिकारियों से मिला हूं। मैंने उनको कहा कि वह मालिकों के गुन्डों तथा I.N.T.U.C. के लिडरों से मिल कर जो मजदूरों पर अत्याचार करना चाहते है। मैंने उनको इन सब बातों से परिचय कराया, तो वह कहते हैं कि जब वहां शान्ति भंग होगी तब पुलिस जायगी अन्यथा पुलिस को जाने की कोई आवश्यकता नहीं है। लेकिन स्पिकर महोदय, ठीक इसका उल्टा पुलिस आफिसर को करते देखा कि जब मालिकों ने पुलिस को बुलाया तो अविलम्ब चला गया, मालिकों की ताबेदारी करने के लिए, और मजदूर पर १४४ धारा लागू कर दिया, बिना दोष के कोर्ट में केस कर दिया गया यह सब काम पुलिस और उनके आफिसर मालिकों से रुपया लेकर करते हैं और आम जनता को बिना दोष के दोषी करते हैं। क्या यही पुलिस जनता का सेवक कहा जा सकता है? स्पिकर महोदय, बर्नपुर और कुल्टी तथा जमुरिया थाना में बिना वजह लगातार वर्षों तक १४४ धारा लगा कर आम जनता को तंग किया जाता है, मजदूरों में अशान्ति उत्पन्न किया जाता है, इसलिए स्पिकर महोदय, इस सदन के सदस्यों को और मंत्री महोदय को आपके जरिये में जानकार करना चाहता हूं कि पुलिस विभाग के इस हरकत को बन्द कर दिया जाए क्योंकि स्वाधीन भारत में पुलिस का इस तरह जुल्मू होना बहुत ही लज्जा की बात है।

स्पिकर महोदय, जो गुण्डे यूनियन के कार्यकर्त्ता बनते हैं उनके जरिये दो बार हमारे आफिस को बरबाद किया गया। दिन दहाड़े देबेन बाबू को मारा गया, तत्काल पुलिस को सूचना दी गई लेकिन पुलिस ने मुजरिम को पकड़ा और कोर्ट में पेश भी किया, लेकिन रुपया खा कर मुजरिम को कोर्ट केस से बरी करवा दिया। चोरी, डकैती, राहजनी का दिन प्रतिदिन अत्याचार बढ़ता जाता है और इसको रोकने के लिये पुलिस असमर्थ है।

स्पिकर महोदय, श्री विजय नाहार महाशय ने जो अपने भाषण में कहा है कि ट्रेड यूनियन करनेवालों ही के लिए पुलिस की ज्यादा जरूरत पड़ती है। मैं श्री नाहार जी के इस वक्तव्य से कभी भी सहमत नहीं हो सकता हूं। मजदूर अन्दोलन यानी ट्रेड यूनियन का काम हमारे राष्ट्रपिता महात्मा गांधीजी ने तथा नेताजी सुभासचन्द्र बोस ने भी

किया है। उस समय अंग्रेजी सरकार थी। तो क्या महात्मा गांधीजी तथा नेताजी के पीछे कितना पुलिस मजदूर आन्दोलन को कुचलने के लिए दिया गया था? श्री नाहार जी यह कहना बिलकुल गलत है।

माननीय स्पिकर महोदय, १९५६ के सितम्बर के महीने में जो आसनसोल (रानीगंज) कोयला खान के २६ बड़े बड़े कोलियारी में इतिहासिक हड़ताल ४०/५० हजार मजदूरों ने किया था वह हड़ताल हमारे ही यूनियन के जरिये हुआ था जिस यूनियन का नाम है कोलियारी मजदूर कांग्रेस, जिसका General Secretary मैं हूँ हूं और सभापति श्री देबेन सेनजी हैं।

स्पिकर महोदय, २६ दिनों तक लम्बा हड़ताल चला। मजदूरों की तरफ से किसी तरह का शान्ति भंग नहीं किया गया। लेकिन यहां भी जो पुलिस का जुल्म हुआ उसका वर्णन कर देना मैं जरूरी समझता हूं। बाग सिमूलिया ७ और ८ नम्बर कोलियरी, गिरमिट कोलियारी जो बंगाल कोलियारी का है। वहां पुलिस ने जो निर्दयता से औरतों को लाठी से मारा, मालिकों के कहने पर जबरदस्ती औरत और मर्द को काम पर जाने के लिए मजबूर किया तथा मालिकों का साथ देकर हर तहर का जुल्म किया इस घटना को देख कर देबेन बाबू ने प्रधान मंत्री पण्डित जवाहरलालजी को फोन किया और पुलिस के किये जुल्म से जानकार कराया। इसके बाद पुलिस का जुल्म अवश्य कुछ कम हुआ।

स्पिकर महोदय, इतना ही नहीं मुझे और भी आसनसोल सबडीवीजन के पुलिस का जो जुल्म हो रहा है उससे आपके जरिये इस सदन के सदस्यों और मंत्री महोदय को जानकार करा देना नितान्त जरूरी समझता हूं। आसनसोल थाना के पुलिस सबइन्सपेक्टर का जो खून हुआ है वह एक रहस्यमय घटना मालूम पड़ता है। श्री सरकार को जैसा मुझे जानकारी से प्राप्त हुआ है कि २४ घण्टे के बाद उनकी मृत्यु हुई और दो या तीन दिन के बाद आसनसोल रेलवे लोको सेड में उनका लाश मिली, यह बात कहां तक सच है मैं नहीं कह सकता हूं। मुझे पता चला है कि सरकार का एक इमानदार आफिसर था और इसी इमानदारी की वजह से उसका प्राण गया। अन्डाल थाना में कुछ महीने आगे इसी तरह एक सहायक पुलिस आफिसर का प्राण गया है।

स्पिकर महोदय, पुलिस विभाग का आफिसर जब अपनी रक्षा आप नहीं कर सकता है तो आम जनता की रक्षा कहां तक कर सकता है। जमुरिया थाना के ए० बी० पीट कोलियारी में हड़ताल के समय बिना वजह तीन मजदूर साथियों की हत्या किया गया।

इसलिए स्पिकर महोदय, पुलिस विभाग के मंत्री महोदय ने जो बजट सदन के सामने उपस्थित यानी पेश किया है मैं उसका विरोध करता हूं।

[6-35—6-45 p.m.]

Sj. Jagat Bose:

माननीय अध्यक्ष महाशय, पुलिस बाजेटे যে ছাঁটাই প্রস্তাব দেওয়া হয়েছে যে উত্তরোত্তর আমরা দেখছি পুলিস বাজেটের টাকা বরাদ্দ বেড়ে যাচ্ছে; সাথে সাথে এটাও দেখছি যে শুধু টাকা বরাদ্দ বেড়ে যাচ্ছে তা নয়, জনসাধারণের স্বার্থরক্ষার ব্যাপারেও পুলিসের নিষ্ক্রিয়তা বেড়ে যাচ্ছে, আরও বাড়ছে যারা সমাজবিরোধী লোক তাদের কার্যকলাপ। অধ্যক্ষ মহাশয়, তার অপর

দিকে আর একটা চিত্রও আছে; তা এই যে যারা অতি অসাধু লোক তাদের স্বার্থ রক্ষা করার ব্যাপারে পুলিসের সক্রিয়তা বেশ দেখা যায়। অতি অসাধু লোক যারা তাদের পরিচয় আমি দুই-একটা উদাহরণ দিয়ে দেখাতে চাই। অধ্যক্ষ মহাশয়, পুলিসের কৃতিত্বের কথা আমরা অনেক শুনলাম, পুলিস অনেক কাজ করেছে শুনলাম, তাদের জন্যই শ্রমিক আন্দোলন বেঁচে আছে, সাধারণ মানুষ বেঁচে আছে এবং তাদের অনেক অসুবিধা আছে এইসব কথা কংগ্রেস সেক্রেটারীর কাছ থেকে শুনলাম। গণতন্ত্রের মহিমাও শুনেছি। অধ্যক্ষ মহাশয়, আমি যে নির্বাচন কেন্দ্র থেকে এসেছি সেই বেলেঘাটার সমগ্র অঞ্চলে যে মালগাড়ির যে লাইন সেই মালগাড়ির লাইনে ওয়াগন রোজ লুট হয়। ওয়াগন ভাঙ্গে এবং চোর গুণ্ডার দল পাবলিক প্রপার্টি লুট করে নেয়; তার চারিপাশের লোকেরা গুণ্ডার দলের উৎপাতে বিপর্যস্ত হয়। এই জিনিসটা একদিনের ব্যাপার নয়, এবং বছরের পর বছর এই ব্যাপারটা চলে আসছে এবং এরা ধরা পড়ে না। এই তো পুলিসের কৃতিত্ব! সবচেয়ে আশ্চর্যের বিষয় যে চোর গুণ্ডার দল যারা ওয়াগন ভাঙ্গে, লুঠতরাজ করে এবং সাধারণ গৃহস্থ লোক যারা তাদের ভিতরও এসে লুটপাট করে সেই লোকগুলোর গায়ে পুলিস হাত দেয় না কেন? তার কারণ এই যে এই লোকগুলো, এই গুণ্ডার দল যাদের মধ্যে অনেক দল আছে, প্রত্যেকটা দলের লোক যদি ধরা পড়ত তাহলে দেখা যেত অতি বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি, অত্যন্ত উচ্চপদস্থ কর্মচারীর সাথে তাদের সংযোগ আছে এবং সেইজন্য তাদের নামে কোন মামলাও হয় নি। আমি বলতে পারি কোন অঞ্চলের কংগ্রেসের বিশিষ্ট নেতা তিনি এইসব আসামীদের পক্ষে কাজ করেন সুতরাং পুলিস সেখানে এইসব গুণ্ডাদের উপর কোন প্রকার হস্তক্ষেপ করে না।

Mr. Speaker: I will again say that if you have in mind any particular person, you better give the name and also whatever material you have. Vague allegations I cannot allow in this House. Congress *Neta*, P.S.P. *Neta*, Communist *Neta* are vague terms. I have nothing to do with them. If you put allegations, they must be well-founded.

Sj. Jagat Bose:

অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস নয়, কমিউনিস্ট নয়, পি-এস-পি নয়—[নয়েজ] অধ্যক্ষ মহাশয়, ঐ অঞ্চলে সাধারণ লোক ঐ কথাই বলে। শঙ্কুবিহারী বিশ্বাস—তিনি গুণ্ডা বদমায়েস ধরা পড়লে তাদের তদবির তদারক করেন এবং তাঁর সঙ্গে অতি উচ্চপদস্থ অফিসারের সংযোগ থাকার দরুন ঐ জায়গায় গুণ্ডা, বদমায়েস সাজা পায় না। সাধারণ লোকে বলে শঙ্কুবাবু একটা রাজনৈতিক দলের সঙ্গে জড়িত এবং সেটা কংগ্রেস। অধ্যক্ষ মহাশয়, কিছুদিন পূর্বে ১৯৫৬ সালে বেলেঘাটায় রাজেন্দ্রলাল রোডে কৃষ্ণা রায় নামে মেয়ে দুর্বৃত্তদের দ্বারা অপহৃতা হয়; পুলিসের চেষ্টায় সেই কৃষ্ণা রায়কে উদ্ধার করা হয়। পরে সেই কৃষ্ণা রায়ের মামলা পুলিস পরিচালনা করে না। সেই অপহৃতা নারীর মামলা পুলিস কেন পরিচালনা করে না? সেই কৃষ্ণা রায়কে পুলিস উদ্ধার করে, কিন্তু তার মামলার সঙ্গে কালাচাঁদ দে ব'লে একজন জড়িত। এই কালাচাঁদ দে মহাশয়টিকে তা অপরপক্ষে মাননীয় সদস্য হয়ত জানেন, সেখানকার অনেকেই কালাচাঁদ দে মহাশয়কে জানেন। গত সাধারণ নির্বাচনের দিন সেই কালাচাঁদ দে মহাশয়ের নেতৃত্বে বেলেঘাটা অঞ্চলের যারা বামপন্থী কর্মী তাদের "গুণ্ডামি করছে" এই কথা ব'লে পুলিসের হাতে বোমা দিয়ে ধরিয়ে দিয়েছে, তাই পুলিস এই কালাচাঁদকে ধরে না এবং সে কালাচাঁদ বাবু মেয়ে ধরার মামলায় জড়িত ব'লে কালাচাঁদবাবুর বিরুদ্ধে মামলা করার সাধ্য পুলিসের নাই। সেই কালাচাঁদবাবু কংগ্রেসের কর্মীদের সঙ্গে পরিচিত, এবং ইলেকশনএর সময় কংগ্রেসের অনেক কাজ করেছেন। কাজেই তাঁর বিরুদ্ধে পুলিসের মামলা চালান সাধ্য নাই।

[6-45—6-55 p.m.]

Janab Shaikh Abdulla Farooquie:

মিঃ স্পীকার, স্যার, পুলিসের জন্য টাকা এবং সংখ্যা যে বাড়ান হচ্ছে তাতেই প্রমাণ হচ্ছে যে আমাদের দেশের জনসাধারণ গভর্নমেন্টকে কিরকম চোখে দেখে। গভর্নমেন্টকে দেশের লোক দিনের পর দিন ঘৃণার চোখেই দেখছে। কিন্তু এতে কি প্রমাণ হচ্ছে? এতে এই প্রমাণ হচ্ছে না যে দেশের লোক কংগ্রেস গভর্নমেন্টকে ভালবাসছে। আমাদের একজন অনারেবল মেম্বার

নাহার বাবু বললেন যে অপজিশন থেকে নেতা যারা দাঁড়িয়েছেন পুলিস যদি চাইত তাহলে তাঁরা নির্বাচিত হতে পারতেন না। কিন্তু আমি বলছি যে যাঁরা মন্ত্রী হয়েছেন তাঁরা পুলিসের সাহায্য কম পান নি বা নেন নি এবং যেখান থেকে অপজিশন মেম্বাররা দাঁড়িয়েছেন তাঁদের সেখানে পুলিসের বিরুদ্ধেই দাঁড়াতে হয়েছিল। আমি আমার ওখানকার কথা বলি যে এই ইলেকশনের সময় যাঁরা কংগ্রেসকে সাহায্য করেন নি তাদের কেউ কেউ আজকে ডিটেনশনএ আছেন। কারণ তাদের সবাইকে প্রিভেন্টিভ ডিটেনশন এ্যাক্টএ ধরে রাখা হয়েছে। আগে যারা বিড়লার সঙ্গে ছিলেন, বিড়লার হয়ে লাঠি চালাতেন তারাই যখন লাঠি চালান ছেড়ে দিয়ে জনসাধারণের সঙ্গে বা মজুরদের সঙ্গে ট্রেড ইউনিয়ন আন্দোলন করতে এলেন তখন তাঁদের পি, ডি, এ্যাক্টএ আটকে রাখা হ'ল। এই রকমভাবে আর একজন যে আগে কংগ্রেসের পেছনে পেছনে ঘুরত বা কংগ্রেসের হয়ে কাজ করত সে এই ইলেকশনের সময় যখন কংগ্রেসের সঙ্গে রইল না তখন তাকে পি, ডি, এ্যাক্টএ ধরে রাখা হ'ল। নাহার বাবু আর একটা কথা বলেছেন যে ট্রেড ইউনিয়ন আন্দোলনের জন্য পুলিসের দরকার হয়। কিন্তু শুধু ট্রেড ইউনিয়ন আন্দোলন কেন বাংলাদেশে যদি বামপন্থী দল না থাকে, বাংলাদেশের লোক রাজনীতি না করে একেবারে যদি মরা লোকের মত থেকে কোন কিছুর প্রতিবাদ না করে তাহলে পুলিসের আর দরকার হবে না। কিন্তু বাংলাদেশের জনসাধারণ যারা শিক্ষা পেয়েছেন তারা নিশ্চয় অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করবেন এবং মজুরশ্রেণীও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করবেন। সেজন্য বলছি যে এই প্রতিবাদ দমানোর জন্য যদি পুলিস থাকে তাহলে বুঝতে হবে যে এই গভর্নমেন্টের কি অবস্থা। এবং কতদিন যে তাঁরা এইভাবে পুলিসের রাজত্ব চালাতে পারবেন সে বিষয়ে সন্দেহ আছে। এবারে বামপন্থী দলের লোক এখানে অনেকে রয়েছেন তাঁরা পুলিসের দয়া নেন কি কংগ্রেসের দলের লোক নেন একথা না তোলাই ভাল। ওঁরা নিশ্চয় পুলিসকে বলে দেন নি যে অপজিশনএর সংখ্যা বাড়ানোর জন্য তোমরা অপজিশনকে সাহায্য করবে। বরং আমরা উল্টোই দেখেছি যে পুলিসের তরফ থেকেই আমাদের উপর ভীষণভাবে জোর জুলুম চালান হয়। শুধু তাই নয়, আগে বৃটিশ আমলে পুলিসের যে অবস্থা ছিল আজও ঠিক সেরকম চিন্তাধারা জনসাধারণ পুলিস সম্বন্ধে রাখে এবং তারা পুলিসকে সেই রকম ঘৃণার চোখেই দেখছে। জনসাধারণ থানাগুলোর উপর কোন ভরসা পায় না। সেখানে জনসাধারণ যদি একটা ডায়েরী দিয়ে যায় তাহলে তারা ভাবে যে কি জানি থানায় গেলে যদি উল্টো কিছু হয়ে যায়। এবং তাঁরা এও ভাবেন যে কি জানি এরজন্য কিছু খরচ হবে কিনা বা পকেটে করে কিছু টাকা নিয়ে যেতে হবে কিনা। সেজন্য ডায়েরী দিতে সাহস হয় না। আমি আমার [illegible] কথা বলতে পারি যে, সেখানে গার্ডেনরীচ পি-এসএর ও-সি বেশির ভাগ সময় থানার মধ্যে না কাটিয়ে মিলের মধ্যে ম্যানেজারের সঙ্গে দহরম মহরম করে চা-পান করে সেখান থেকে গেঞ্জী, ধুতি, শাড়ী ইত্যাদি নিয়ে বাড়ি ফেরেন। আমরা যদি কোন সময় থানায় যাই তাহলে শুনি যে বড় বাবু নেই এবং তিনি কোথায় যে গেছেন তা কেউ জানে না। আবার কেশোরামে না থাকলে দেখা যাবে যে সেখানে কমলা টকীজ ব'লে যে একটা সিনেমা আছে সেখানে আড্ডা দিচ্ছেন। এতে মনে হয় যে জনসাধারণের জন্য যেন ওনার কিছু করার নেই। কয়েকদিন আগে যেদিন বিধানবাবুর ভোটের কাউন্টিং হয় সেদিন একটা লোককে রাস্তা থেকে ধরে নিয়ে গিয়ে বলা হ'ল যে সে নাকি পাকিস্তানের হয়ে প্রচার করছে। আসল ঘটনাটা হচ্ছে যে সেই লোকটা যেখানে বসেছিল সেখানে আর একজন লোক একখানা উর্দু কাগজ হাতে নিয়ে শুয়েছিল এবং সেই উর্দু কাগজ দেখার জন্য তাকে এ্যারেস্ট করা হ'ল। কিন্তু সেই তারিখ থেকে আজ পর্যন্ত তাকে কোন চার্জ-সীট দেওয়া হয় না এবং সেই মামলা এখনও পড়ে রয়েছে। তার নাম ইব্রাহিম। এ ছাড়া আরও বহু লোককে এইভাবে ভয় দেখান হয়েছে এই ব'লে যে তারা কংগ্রেসকে কেন সাহায্য করে নি। সেখানে ও-সি বলেছিলেন যে কংগ্রেস যে গভর্নমেন্ট রয়েছে তাকেই ভোট দিতে হবে। আর একজন যে কাজকর্ম করে ছেলেপিলে নিয়ে থাকত তাকে ধরা হয়েছে এইজন্য যে সে কেন ইলেকশনের সময় কংগ্রেসের হয়ে কাজ করে নি। আগেকার যারা পুরাণো ক্রিমিনাল, যারা গ্যাম্বলিং ডেনএর মালিক, যারা চোলাই মদ বিক্রি করে ইত্যাদি রকমের লোকেদের সঙ্গে পুলিসের বেশ দহরম মহরম আছে। আজ পর্যন্ত তাদের কাউকেই ডিটেনশনএ রাখা হয় নি বা পি-ডি এ্যাক্টএ ধরা হয় নি। পি-ডি এ্যাক্টএ ধরা হয়েছে কাদের, না যারা ট্রেড ইউনিয়ন করে। পি-ডি এ্যাক্টএ ধরা হয়েছে কাকে, না যারা কংগ্রেসের অত্যাচারের মধ্যে যেতে চায় না। অর্থাৎ যারা

স্বাধীনভাবে শান্তিপূর্ণ উপায়ে লোকের মধ্যে থাকতে চায় তাদেরই পি-ডি এ্যাক্টএ ধরা হয়েছে। এ ছাড়া আমরা দেখতে পেয়েছি যে যখন জনসাধারণের পুলিসের দরকার হয় তখন পুলিস আসে না। পুলিসকে ডাকার জন্য থানায় গেলে বলে যে দেখা যাবে, কিম্বা হয়ত বলে যে নাম বল কোথায় কি হয়েছে তারপর সেসব দেখা যাবে। কিন্তু আবার দেখেছি যে সেই সময় যদি কোন মিলের মালিক টেলিফোন করে তাহলে তখন সে সঙ্গে সঙ্গে ওয়ারলেস ভ্যানএ করে গিয়ে সেখানে হাজির হয়। একবার আমরা এক রাস্তায় প্রোসেশন নিয়ে যাচ্ছিলাম সেই সময় পুলিস ভ্যান একটা আমাদের পেছনে পেছনে যাচ্ছিল। সেইদিন বিড়লার গুণ্ডারা আমাদের যখন পেটাচ্ছিল সেই সময় ওয়ারলেস ভ্যান চুপচাপ দাঁড়িয়ে থাকল, একটা কথা বলল না। তারপর আমাদের পিটিয়ে চলে যাবার পর ওয়ারলেস ভ্যান এসে জিজ্ঞাসা করে যে কি ব্যাপার হয়েছে? কিন্তু আশ্চর্যের বিষয় যে ওয়ারলেস ভ্যান সেখানেই দাঁড়িয়েছিল, কোন ইন্টারফিয়ারেন্স করে নি। এই রকম ধরনের ঘটনা বহুবার হয়েছে। কেশোরাম কটন মিলে যেতে রাস্তা দিয়ে ৪-৫ বছর পর্যন্ত ট্রেড ইউনিয়ন কর্মী হাটতে সাহস পেত না, কারণ সেখানে বিড়লার রাজত্ব, বিড়লার থানা, বিড়লার হাতেই সব থাকত। কিন্তু শ্রমিকরা সংগঠিত হবার পর থেকে সেই রাস্তা দিয়ে হাটতে আর কারুর ভয় হয় না। অথচ পুলিসের সাহায্য নিয়ে সেখানে হাটবার উপায় ছিল না। ওখানকার লেবার অফিসারের এগেইনস্টএ একটা ওয়ারেন্ট ছিল, কিন্তু তাকে পুলিস ধরতে পারে নি। সেখানে যে লোকটা তাকে দেখাবার জন্য গেল তাকেই সার্জেন্টের সামনে মারা হ'ল, কিন্তু যার নামে ওয়ারেন্ট ছিল তাকে আর এ্যারেস্ট করা হ'ল না। এই ধরনের ঘটনা আমরা প্রতিনিয়তই দেখছি। পুলিসের এই ধরনের ব্যবহারের জন্য জনসাধারণ পুলিসের বিরুদ্ধে যায়। সেজন্য বলছি যে, পুলিসের খাতে যদি আরও বেশি টাকা চাওয়া হয় তাহলে কি করে জনসাধারণ তা স্বীকার করবে। পুলিসের আর এক নাম দেওয়া হয়েছে পাবলিক সার্ভেন্ট। এই পাবলিক সার্ভেন্ট হিসাবে যদি পুলিস কাজ করে তাহলে নিশ্চয় বাজেটে তাদের জন্য টাকা দেওয়া যায়। কিন্তু আমরা দেখছি যে পুলিস পাবলিক সার্ভেন্ট নয়, বরং কতকগুলি ক্যাপিটালিস্টকেই তারা সাহায্য করে, তাদেরই সার্ভেন্ট—জনসাধারণের সার্ভেন্ট নয়। এই বলে আমি শেষ করছি।

Sj. Nepal Ray:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের পুলিসমন্ত্রী মহাশয় যে বরাদ্দের কথা এখানে উল্লেখ করেছেন, আমার মনে হয় এই হাউসএ যাঁরা আছেন এবং বাইরে যাঁরা আছেন তাঁরা সকলেই এটাকে এই হিসাবে সমর্থন করবেন যে দেশে আগে যে বিভিন্ন রকম অনাচার হ'ত সেটা আজকে কিছু কিছু বন্ধ হবার দিকে এগিয়ে যাচ্ছে। অবশ্য আমি এটা বলি না যে বাংলা দেশের পুলিস রামকৃষ্ণ মিশনের সাধু হয়ে গিয়েছে। কিন্তু তাদের মধ্যে এটা স্বীকার করতে হবে যে দুর্নীতি এখনও বিদ্যমান। তবে এটা কেউই অস্বীকার করবেন না যে তারা আগের চেয়ে ভাল হয়ে গিয়েছে। কিন্তু শুধু ক্রিটিসাইজ করেই শেষ করলে চলবে না; তারা যেসমস্ত ভাল কাজ করেছে তারজন্য তাদের উৎসাহ দিতে হবে। স্যার, প্রথমেই একটা কথা, আমার ভূতপূর্ব নেতা শ্রীহেমন্তকুমার বসু মহাশয়, তিনি ডি-সি, নর্থ, জে রায় চৌধুরী, যিনি এখন বর্ধমানের এস-পি, তার সম্বন্ধে বলেছেন যে নর্থ ক্যালকাটাতে কংগ্রেস জিততে পারে নি বলে তাকে ট্রান্সফার করা হয়েছে। কিন্তু আমি নর্থ ক্যালকাটা হতে রিটার্ন হয়েছি, আমার সেখানকার অবস্থা জানবার কিছু সুবিধা আছে। সেখানকার ডি-সি, মহাশয় অত্যন্ত ভাল লোক ছিলেন। তার বিরুদ্ধে আমাদের আর কারও অভিযোগ নেই। আমরা দেখেছি এই সময় কলিকাতার পুলিস ও বাংলার পুলিস যেভাবে পাবলিকএর সঙ্গে কো-অপারেট করেছে, তাতে হেমন্তদা—হেমন্ত বসু মহাশয় এবং অন্যান্য নেতা যারা আছেন তারা কেউই স্বীকার করতে পারবেন না যে তিনি কোন রকম অন্যায় কাজ করেছেন বা কোন রকম পার্সিয়ালিটি করেছেন।

[6-55—7-5 p.m.]

যে কো-অর্ডিনেশন কমিটি হয়েছে, যে গণসংযোগের মিটিং হয়েছে, সেখানে কি রাইটিস্ট এম এল এ, কি লেফটিস্ট এম এল এ, তাঁদের সবাইকে সেই মিটিংএ তিনি ডেকেছেন; এজন্য জনসাধারণ তাঁকে প্রশংসা করেছেন। তিনি বর্ধমান জেলায় কেন ট্রান্সফার হয়েছেন? আমি

তাঁকে জিজ্ঞাসা করেছিলাম—হঠাৎ আপনার ট্রান্সফার হ'ল কেন? তার উত্তরে তিনি বললেন—বর্ধমান জেলায় যাওয়াটা খুবই সৌভাগ্যের কথা। একে আমি একটা প্রোমোশন ব'লে মনে করি। অতএব হেমন্তবাবু যে কথা বলেছেন তার মধ্যে কোন ভিত্তি নাই।

আর একটা কথাঃ সুবোধবাবু তাঁর বক্তৃতায় বলেছেন—ডি আই-জি, পি কে সেন অনেককে সুপারসিড ক'রে এসে ডি আই-জি হয়েছেন বা তাঁকে ডি আই-জি করা হয়েছে। উনি তো আর পুলিস সম্বন্ধে এক্সপার্ট নন, পুলিস সম্বন্ধে আমি হচ্ছি এক্সপার্ট। বাংলাদেশের পুলিস সম্বন্ধে যদি কিছু জানতে চান তো তা আমি বলতে পারি। ডি আই-জি, পি কে সেন যেখানে আছেন সেখানে আগে দুর্গাগতি ভট্টাচার্য ডি আই-জি ছিলেন। তিনি ছুটি নিলে পর তাঁর জায়গায় টেম্পোরারিলি শ্রী সেন ডি আই-জি হন। পরে ভট্টাচার্য মশায় নর্থ-ঈস্টার্ন রেলওয়েতে চ'লে যান। কাজেই ঐ পোস্ট ভেক্যান্ট হয় এবং সেন মশায় ডি আই-জি হন। কাউকে সুপারসিড ক'রে তিনি হন নাই।

(এ ভয়েসঃ আপনার রেকমেন্ডেশনএ?)

আমার রেকমেন্ডেশনএ নয়, গভর্নমেন্টএর রেকমেন্ডেশনএ।

স্যার, আমাদের বিরোধীদল কম্যুনিস্ট পার্টির নেতা শ্রীজ্যোতি বসু মহাশয় আজ সকাল বেলাকার অধিবেশনে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন খাতে আলোচনার সময় বলেছেন যে শতকরা ৯০ জন গভর্নমেন্ট অফিসার সরকার বিরোধী। যদি তাঁর কথা সত্য হয় তা হ'লে ধ'রে নিতে হবে পুলিসের শতকরা ৯০ জন তাঁদের সমর্থন করেছেন গত নির্বাচনে। এটাও মেনে নিতে হবে যে তাঁরা আমাদেরও বিরোধিতা করেছেন। যদি তাই হয়, আমরা যারা এখানে এদিকে আছি, আমরা বলব—ও'রাও অস্বীকার করবেন না যে নির্বাচনের সময় চেষ্টার তাঁরা ত্রুটি করেন নাই, সব জায়গায় তাঁরা আপ্রাণ চেষ্টা করেছেন। পুলিসের বিরুদ্ধে এত এত অভিযোগ করেছেন আমরা বহু জায়গায় দেখেছি। তাঁদের সঙ্গে হাত মিলিয়ে কাজ করেন, এই অভিযোগ তাঁরা করছেন। আমরাও তা করতে পারি। কারণ ওদিকে থাকলে আরও ভাল ক'রে বলতে পারতাম। আমরা জানি আমাদের চেয়ে পুলিস বিরোধীদলকে বেশি সমর্থন করেছেন। তা না হ'লে কি আমাদের বিরোধী দলপতি নিজের মুখে সোজাসুজি অ্যাসেম্বলি ফ্লোরএ দাঁড়িয়ে বলতে পারেন যে শতকরা ৯০ জন কর্মচারী এই সরকারের বিরুদ্ধে ভোট দিয়েছেন বা সরকারের বিরুদ্ধে মত পোষণ করেন? এটা স্পষ্ট হয়ে আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। আমাদের যাঁরা সরকার চালাচ্ছেন নিশ্চয়ই তাঁদের মধ্যে ভাল লোক আছেন এবং দেশের লোকও তাঁদের উপর আস্থা রাখেন। এতগুলি সরকারী কর্মচারী বিরোধিতা করা সত্ত্বেও তাঁরাই দেশে লোকায়ত্ত সরকার প্রতিষ্ঠা করেছেন, আপনারা করেন নাই।

[Laughter]

আমি আর একটা কথা এইসঙ্গে বলতে চাইঃ এই যে দুর্নীতির অভিযোগ হচ্ছে, এই যে পুলিস কর্মচারী আমাদের দেশে রয়েছে, এ'রা কি আমাদের দেশের বাইরের লোক? এ'দের মধ্যে কি আমাদের আত্মীয়স্বজন, ভাই-ভাইপো, খুড়ো-জ্যাঠা নাই, বা আপনাদের কেহ নাই? এটা অস্বীকার করবেন? আমরা কি, স্যার, মস্কো থেকে ইম্পোর্ট করব? আমাদের মানুষ যেরকম হবে সেইভাবে আমাদের এগুতে হবে। আমরা আপনাদের স্বর্গরাজ্য থেকে পুলিস অফিসার ইম্পোর্ট করতে চাই না। আমাদের দেশের মানুষকে আস্তে আস্তে গ'ড়ে তুলতে হবে, তাদের ভালোর দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। মস্কোতে ক্রুশ্চেভের একটা স্টেটমেন্ট দেখলে বুঝতে পারবেন—নির্বাচনের আগে পার্টি মিটিংএ তিনি বলেছিলেন, খবরের কাগজে তা বেরিয়েছিল—ত্রিশ বছর আয়রন রুল করা সত্ত্বেও সরকারী কর্মচারীদের মধ্য থেকে দুর্নীতি যায় নি। এই যদি সেখানকার অবস্থা তা হ'লে কি ক'রে আমাদের বিরোধী দলপতি এখানে সবকিছু ভাল দেখতে চান এত শীগ্‌গির? দশ বছর হ'ল আমাদের দেশে ডিমোক্রেসি রয়েছে, ব্যক্তিস্বাধীনতা রয়েছে। আজকে জওহরলাল নেহরুকে মাঠে-ঘাটে যেখানে খুশি মা-বাপ তুলে গালাগালি করবার অধিকার দেওয়া হয়েছে। কিন্তু ওখানে বুলগানিন বা ক্রুশ্চেভের বিরুদ্ধে যদি কোন লোক কোন কথা বলেন তা হ'লে তাঁকে গিলোটিন বক্সএ চড়তে হবে। তাঁদের

দেশের কোন সাধারণ মানুষকে ভোটাধিকার দেওয়া হয়েছে কি? সেকথা তাদের কাছ থেকে জানতে চাই। আমাদের দেশে ভোটাধিকার দেওয়া হয়েছে একুশ বছরের উর্ধ্ববয়স্ক মানুষকে। যে দল আবশ্যক সেই দল প্রার্থী দাঁড় করাতে পারবে। ভোট হবে গোপন ব্যালটএ। যাকে খুসী লোকে ভোট দিতে পারবে। ওখানে কিন্তু যে দল পাওয়ারএ থাকবে সে সহজে সরবে না। তাকে সরাতে গেলে বড় বড় নেতাদের তারা গিলোটিনএ চড়িয়ে ছাড়বে। সেখানকার বেরিয়া সাহেব বিশ বৎসর যাবৎ পুলিসের দণ্ডমুণ্ডের কর্তা ছিলেন। সেই বেরিয়া সাহেবকে তাঁরা কোর্টে না পাঠিয়ে ফাঁসিমঞ্চে লটকেছেন। অবশ্য কথা হ'ল——

Mr. Speaker: The head of a foreign State must not be mentioned in the debate.

Sj. Nepal Ray:

থ্যাঙ্ক ইউ, স্যার, তাঁদের নাম মেনশন করব না।

[Laughter]

আর একটা কথা এইসঙ্গে বলবঃ আমাদের দেশের পুলিসের কেন অবনতি হচ্ছে সেদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এ বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয় খুব সন্তর্পণ দৃষ্টি দিন, না হ'লে ভবিষ্যতে পুলিসের মধ্যে একটা অসন্তোষের সৃষ্টি হবে একথা আমি নিশ্চয় ক'রে ব'লে দিচ্ছি। পুলিস কর্মচারীদের মধ্যে অত্যন্ত অসন্তোষ আছে। সেই অসন্তোষ কিসের জন্য তা জানেন? সেই অসন্তোষটার অন্তর্নিহিত কারণ হচ্ছে উপযুক্ত লোককে উপযুক্ত সময়ে প্রোমোশন দেওয়া হয় না। পুলিসের একটা গ্রেডেশন লিস্ট আছে। চাকরি যিনি করেন তাঁর চাকরির বয়স কতদিন হ'ল, কেমন এফিসিয়েন্সি, এই সমস্ত গ্রেডেশন লিস্ট ক'রে দেখা গেল, একজন সাব-ইন্সপেক্টর এক নম্বর হয়েছে প্রোমোশন পাবার ব্যাপারে। এখন এই এক নম্বর সাব-ইন্সপেক্টরকে আগে প্রোমোশন দেওয়া হবে। এই হচ্ছে নিয়ম। কিন্তু আসলে দেখা যায় কলকাতা ও অন্যান্য জায়গায় এই গ্রেডেশন লিস্ট মানে না। নিচে থেকে কর্মচারীদের তুলে দেওয়া হয় সুপারসেশন ক'রে। এইজন্য পুলিসদের মধ্যে বিরাট একটা বিক্ষোভ রয়েছে। এই নিয়ে মন্ত্রীমহাশয়ের সঙ্গে আলোচনা করেছিলাম। মন্ত্রীমহাশয়ের জ্ঞাতব্যের জন্য বলছি, বেঙ্গল সিভিল সার্ভিস রুলসএর প্রোমোশন চ্যাপ্টার যদি প'ড়ে দেখেন তা হ'লে দেখবেন তার মধ্যে রয়েছে দু'জন অফিসার হয়তো একসঙ্গে এলেন এক্সামিনেশন দেবার জন্য। তখন দু'জন অফিসারের মধ্যে পেছনের জন একটু বেশি এফিশিয়েন্ট হলেন এবং সামনের জন একটু কম এফিশিয়েন্ট হলেন। তা সত্ত্বেও সার্ভিস রুলসএ প্রোমোশন চ্যাপ্টারএ স্পষ্ট লিখেছে যে যে সিনিয়র তাকে প্রোমোশন দিতে হবে, জুনিয়ারএর প্রোমোশন হওয়া উচিত নয়। কিন্তু এখানে ক্যালকাটা পুলিস ও বেঙ্গল পুলিসএর মধ্যে এর উলটো ঘটনা ভূরি ভূরি পাওয়া যায়। আমাদের ডেপুটি কমিশনারকে তাঁরা একটু তোষামোদ ক'রে থাকেন। অবশ্য আমি সরকারের উন্নতির জন্য এই ক্রিটিসিজম করছি। এই হেলদি ক্রিটিসিজম করা প্রয়োজন। ভবিষ্যতে যাতে এই রকম আর না হয় তার জন্য সরকার ব্যবস্থা করবেন। সময় নাই তাই সব কথা বলতে পারব না।

[7-5—7-15 p.m.]

স্যার, আরেকটা জিনিস সব থেকে অদ্ভুত হচ্ছে এ-এস-আই। অনেক এ-এস-আই আছে কলকাতা শহরে, ২৬টা থানায় চাকরি করে, বেঙ্গল পুলিসএও বহু আছে যারা চাকরি করে। স্যার, আপনি আশ্চর্য হয়ে যাবেন ২৫ বছর চুল পেকে গেছে, তবুও প্রোবেশনার, তবুও তিনি পার্মানেন্ট হলেন না, তিনি এ-এস-আই থেকে সাব-ইন্সপেক্টরএ পার্মানেন্ট হলেন না, তিনি টেম্পোরারি সাব-ইন্সপেক্টর হিসেবে কাজ ক'রে যাচ্ছেন। বুড়ো হয়ে যখন তিনি রিটায়ার করবেন তখন তিনি এ-এস-আইএর পেনশন পাবেন। অর্থাৎ ৩০ টাকা থেকে ৩৫ টাকা পেনশন পাবে যাতে তার সংসার চলবে না, তাকে রাস্তায় রাস্তায় আবার ভিক্ষা করতে হবে। সেইজন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি যাতে ক'রে যদি সে এফিশিয়েন্ট হয় তা হ'লে তাকে চাকরিতে রাখুন, তাকে পার্মানেন্ট করুন; আর যদি সে ইনএফিশিয়েন্ট হয় তা হ'লে তাড়িয়ে দিন, তাকে ডিগ্রেড ক'রে দিন, তাকে জানতে দিন তার ভবিষ্যত কি, সে

তাঁকে জিজ্ঞাসা করেছিলাম—হঠাৎ আপনার ট্রান্সফার হ'ল কেন? তার উত্তরে তিনি বললেন—বর্ধমান জেলায় যাওয়াটা খুবই সৌভাগ্যের কথা। একে আমি একটা প্রোমোশন ব'লে মনে করি। অতএব হেমন্তবাবু যে কথা বলেছেন তার মধ্যে কোন ভিত্তি নাই।

আর একটা কথাঃ সুবোধবাবু তাঁর বক্তৃতায় বলেছেন—ডি আই-জি, পি কে সেন অনেককে সুপারসিড ক'রে এসে ডি আই-জি হয়েছেন বা তাঁকে ডি আই-জি করা হয়েছে। উনি তো আর পুলিস সম্বন্ধে এক্সপার্ট নন, পুলিস সম্বন্ধে আমি হচ্ছি এক্সপার্ট। বাংলাদেশের পুলিস সম্বন্ধে যদি কিছু জানতে চান তো তা আমি বলতে পারি। ডি আই-জি, পি কে সেন যেখানে আছেন সেখানে আগে দুর্গাগতি ভট্টাচার্য ডি আই-জি ছিলেন। তিনি ছুটি নিলে পর তাঁর জায়গায় টেম্পোরারিলি শ্রী সেন ডি আই-জি হন। পরে ভট্টাচার্য মশায় নর্থ-ঈস্টার্ন রেলওয়েতে চ'লে যান। কাজেই ঐ পোস্ট ভেক্যান্ট হয় এবং সেন মশায় ডি আই-জি হন। কাউকে সুপারসিড ক'রে তিনি হন নাই।

(এ ভয়েসঃ আপনার রেকমেন্ডেশনএ?)

আমার রেকমেন্ডেশনএ নয়, গভর্নমেন্টএর রেকমেন্ডেশনএ।

স্যার, আমাদের বিরোধীদল কম্যুনিস্ট পার্টির নেতা শ্রীজ্যোতি বসু মহাশয় আজ সকাল বেলাকার অধিবেশনে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন খাতে আলোচনার সময় বলেছেন যে শতকরা ৯০ জন গভর্নমেন্ট অফিসার সরকার বিরোধী। যদি তাঁর কথা সত্য হয় তা হ'লে ধ'রে নিতে হবে পুলিসের শতকরা ৯০ জন তাঁদের সমর্থন করেছেন গত নির্বাচনে। এটাও মেনে নিতে হবে যে তাঁরা আমাদেরও বিরোধিতা করেছেন। যদি তাই হয়, আমরা যারা এখানে এদিকে আছি, আমরা বলব—ও'রাও অস্বীকার করবেন না যে নির্বাচনের সময় চেষ্টার তাঁরা ত্রুটি করেন নাই, সব জায়গায় তাঁরা আপ্রাণ চেষ্টা করেছেন। পুলিসের বিরুদ্ধে এত এত অভিযোগ করেছেন আমরা বহু জায়গায় দেখেছি। তাঁদের সঙ্গে হাত মিলিয়ে কাজ করেন, এই অভিযোগ তাঁরা করছেন। আমরাও তা করতে পারি। কারণ ওদিকে থাকলে আরও ভাল ক'রে বলতে পারতাম। আমরা জানি আমাদের চেয়ে পুলিস বিরোধীদলকে বেশি সমর্থন করেছেন। তা না হ'লে কি আমাদের বিরোধী দলপতি নিজের মুখে সোজাসুজি অ্যাসেম্বলি ফ্লোরএ দাঁড়িয়ে বলতে পারেন যে শতকরা ৯০ জন কর্মচারী এই সরকারের বিরুদ্ধে ভোট দিয়েছেন বা সরকারের বিরুদ্ধে মত পোষণ করেন? এটা স্পষ্ট হয়ে আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। আমাদের যাঁরা সরকার চালাচ্ছেন নিশ্চয়ই তাঁদের মধ্যে ভাল লোক আছেন এবং দেশের লোকও তাঁদের উপর আস্থা রাখেন। এতগুলি সরকারী কর্মচারী বিরোধিতা করা সত্ত্বেও তাঁরাই দেশে লোকায়ত্ত সরকার প্রতিষ্ঠা করেছেন, আপনারা করেন নাই।

[Laughter]

আমি আর একটা কথা এইসঙ্গে বলতে চাইঃ এই যে দুর্নীতির অভিযোগ হচ্ছে, এই যে পুলিস কর্মচারী আমাদের দেশে রয়েছে, এ'রা কি আমাদের দেশের বাইরের লোক? এ'দের মধ্যে কি আমাদের আত্মীয়স্বজন, ভাই-ভাইপো, খুড়ো-জ্যাঠা নাই, বা আপনাদের কেহ নাই? এটা অস্বীকার করবেন? আমরা কি, স্যার, মস্কো থেকে ইম্পোর্ট করব? আমাদের মানুষ যেরকম হবে সেইভাবে আমাদের এগুতে হবে। আমরা আপনাদের স্বর্গরাজ্য থেকে পুলিস অফিসার ইম্পোর্ট করতে চাই না। আমাদের দেশের মানুষকে আস্তে আস্তে গ'ড়ে তুলতে হবে, তাদের ভালোর দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। মস্কোতে ক্রুশ্চেভের একটা স্টেটমেন্ট দেখলে বুঝতে পারবেন—নির্বাচনের আগে পার্টি মিটিংএ তিনি বলেছিলেন, খবরের কাগজে তা বেরিয়েছিল—ত্রিশ বছর আয়রন রুল করা সত্ত্বেও সরকারী কর্মচারীদের মধ্য থেকে দুর্নীতি যায় নি। এই যদি সেখানকার অবস্থা তা হ'লে কি ক'রে আমাদের বিরোধী দলপতি এখানে সবকিছু ভাল দেখতে চান এত শীগ্‌গির? দশ বছর হ'ল আমাদের দেশে ডিমোক্রেসি রয়েছে, ব্যক্তিস্বাধীনতা রয়েছে। আজকে জওহরলাল নেহরুকে মাঠে-ঘাটে যেখানে খুশি মা-বাপ তুলে গালাগালি করবার অধিকার দেওয়া হয়েছে। কিন্তু ওখানে বুলগানিন বা ক্রুশ্চেভের বিরুদ্ধে যদি কোন লোক কোন কথা বলেন তা হ'লে তাঁকে গিলোটিন বক্সএ চড়তে হবে। তাঁদের

Sj. Narayan Chobey:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে আমরা পুলিস সম্বন্ধে যে অভিজ্ঞতা লাভ করেছি তা আমাদের কংগ্রেসী ভাইদের পক্ষে খুব শোভনীয় নয় এবং খুব ভালও লাগবে না তা আপনারা জানেন। পুলিস কাকে সমর্থন করে, পুলিস কাকে বাঁচায়, পুলিস কাকে চার্জ করে তা আমরা দেখেছি। বিধানবাবুর নির্বাচনের রেজাল্ট যেদিন বেরোয়—৫৪০ ভোটে, পুলিস ভোট ৪২০ +১২০, তিনি জিতেছিলেন—সেদিন আমরা দেখেছি এই পুলিসের সাহায্যে কলকাতার গুণ্ডারা আমাদের উপর ঝাঁপ দিয়ে পড়েছিল এবং সেদিনও আপনারা দেখেছিলেন যে এই পুলিস যদি না দাঁড়াত তা হ'লে, গোট-ই হোক অর বুল-ই হোক, গুণ্ডারা টিকতে পারত না। অতএব আপনারা দেখতে পারছেন যে পুলিস গুণ্ডাকে রক্ষা করে, পুলিস গুণ্ডাকে সমর্থন করে, পুলিস গুণ্ডাকে বাঁচায়।

মাননীয় স্পীকার, স্যার, আর একটা উদাহরণ দিচ্ছি এবং আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি যে, তিনি যেন এটার একটা এনকোয়ারি করেন। গত বৎসরে জুন কিংবা জুলাই মাসে খড়গপুরে স্ট্রাইকএর উপর এই হাউসএ একটা ডিবেট হয়েছিল। খড়গপুরে নাকি বিনা ড্রাইভারে ইঞ্জিন চ'লে গিয়েছিল ব'লে এখানে হাহাকার হয়েছিল এবং এই হাউসএ আমরা যে প্রস্তাব নিয়ে এসেছিলাম তাকে আপনারা হারিয়ে দিয়েছিলেন। মাননীয় স্পীকার, স্যার, আমি বলতে চাই যে গত বৎসরে খড়গপুরে যে স্ট্রাইক হয়েছিল, সেই স্ট্রাইককে ভাংগবার জন্য চক্রান্ত রেলওয়ে অফিশিয়াল, পুলিস অফিশিয়াল এবং গুণ্ডারা করেছিল।

[7-15—7-25 p.m.]

আমি নাম ক'রে বলছি বিমল বিসুয়া ব'লে এক গুণ্ডা—তার সংগে পুলিসের দহরম-মহরম ছিল—সে ধরা পড়ল বার দিন পরে। তাকে ধ'রে মেদিনীপুরে নিয়ে আসা হ'ল, কিন্তু ওয়ান ফাইন মর্নিং উইদাউট ট্রায়াল তাকে ছেড়ে দেওয়া হ'ল এবং এখন দেখছি সে খড়গপুরে নেই। আমি চার্জ করছি এবং বলছি হোয়াই রিলিজ দ্যাট ক্রিমিন্যাল?, তাকে কেন ধরছেন না এবং কি জন্যে তাকে আপনারা খড়গপুর থেকে বিদায় ক'রে দিলেন। আমি আর একটা কথা বলি। ঐ স্ট্রাইকএর সময় আমরা দেখেছি বুদ্ধিমানে করে চুরি আর বোকায় পড়ে ধরা। সেজন্য মন্ত্রী-মহাশয় শুনুন। মিস্ত্রী আফজল নার্শিয়া ব'লে একজন মিস্ত্রী স্ট্রাইকএর সময় কিছু করে নি, ব্ল্যাক লিস্টএ তার নাম ছিল না। সেখানে অন্য একজন আফজল নার্শিয়া স্ট্রাইক করেছিল, কিন্তু মিস্ত্রী আফজল নার্শিয়াকে ধ'রে নিয়ে গিয়ে দু'মাস জেলে রাখা হ'ল এবং তারপর যখন তাকে ছাড়া হ'ল তখন তার নামে একটি ডিপার্টমেন্টাল এনকোয়ারি হচ্ছে। আজকাল বেংগল গভর্নমেন্টএর পুলিস রেলওয়ে ডিপার্টমেন্টাল এনকোয়ারিতে নাক গলাচ্ছেন এবং যেখানে রেলওয়েমেন সাক্ষী দিচ্ছে না সেখানে এই পুলিস গিয়ে যে সাক্ষী দিচ্ছে, তার একটা প্রমাণ আমি দিচ্ছি। এন ভেংকটরাও-এর ব্যাপারে, তার টিকেট নং ৪৪৩০৭, তার ইন্স ডিপার্ট-মেন্টাল এনকোয়ারির ডেট ২০-২-৫৭এ যেটা হয় সেটাতে শ্রী কে কে মুখার্জি, সাব-ইন্সপেক্টর, খড়গপুর পুলিস স্টেশন, ছিলেন তার সাক্ষী। তেমনি মিস্ত্রী আফজল নার্শিয়া, যাকে দু' মাস হাজতে রেখে কোন প্রমাণ করতে না পারাতে পুলিস ছেড়ে দিল। তার বিরুদ্ধে আর এল মুখার্জি এবং শ্রী ডি এন চ্যাটার্জি, বোথ সাব-ইন্সপেক্টরস অব খড়গপুর পুলিস স্টেশন, হলেন সাক্ষী। এই রকম ক'রে আজ আমরা দেখতে পাচ্ছি ট্রেড ইউনিয়নকে দমাবার জন্য, গুণ্ডাদের সাহায্য করার জন্য সর্বত্রই পুলিস খালি অভিযোগ নিয়ে আসে না, জেলে পোরে না, ডিপার্ট-মেন্টাল এনকোয়ারিতেও পুলিস নাক গলাচ্ছে। কিন্তু পুলিস নিজে কি করছে সে সম্বন্ধে একটা পিকিউলার কেস আপনার সামনে রাখছি। গত এপ্রিল মাসে খড়গপুর ওয়ার্কশপএর একজন ওয়ার্কার ইলেকট্রিক শকএ মারা যায়, তার স্ত্রী আগে মারা গিয়েছিল। তার একটি ছোট মেয়ে ছিল, তার জন্য আমরা আশা করি যে কিছু কম্পেনসেশন পাওয়া যাবে। কিন্তু কিছু গুণ্ডালোক সেই মেয়েটিকে দিনের বেলায় কিডন্যাপ ক'রে নিয়ে চলে গেল তার গ্র্যান্ড-মাদারএর কাছ থেকে—তার নাম লোহিয়া। সে ডায়েরী করতে গেল, কিন্তু ডায়েরী নেওয়া হ'ল না। সে এস-পি, ডি-এমকে রিপোর্ট করল অথচ এ পর্যন্ত কোন কিছু অ্যাকশন নেওয়া

হয় নি। এই রকমভাবে সেখানে দিনেরাতে গুণ্ডামী চলছে এবং পুলিস এ সম্বন্ধে নীরব। এই পুলিস শুধু শহরেই এই রকম ভাব করে না, অন্য সব জায়গায়ও করে। আমি আপনাকে বলছি যে মে ডে-র দিনে খড়গপুরে একটা হোল এরিয়াতে রেলওয়ে প্রটেকশন ফোর্স, যাদের কোন কিছু সার্চ করবার এক্তিয়ার নেই।

They cannot search any place without police's advice and help, without D.M.'s warrant,

কি করল শুনুন। সেখানে ২০০ আর-পি-এফ খড়গপুরে হোল এরিয়া জুড়ে প্রত্যেক ঘর সার্চ করল। কেন না, থেমিমুল সাহেব ব'লে একজন সিকিউরিটি অফিসারএর বাড়িতে চুরি হয়েছিল। এই রকম বেআইনী কাজ উইদাউট এনি ওয়ারেন্ট তারা করেছে এবং এ সম্বন্ধে আমার রিপোর্ট করা সত্ত্বেও কিছু হয় নি। আমরা যখন পুলিসকে বললাম, তখন তারা বলল—চেপে যান, যা হবার তা হয়েছে। কিন্তু রিগার্ডিং থীভস অ্যান্ড ডেকইটস এই পুলিস কি রকম মহানুভব তার উদাহরণ দিচ্ছি। আপনারা জানেন যে খড়গপুর হচ্ছে ওয়ান অব দি ওয়ার্স্ট প্লেস ফর ওয়াগন ব্রেকিং। খড়গপুরের লোকে বলে যে প্রতিদিন সেখান থেকে এক লক্ষ টাকার মাল চুরি হয়। সেখানে মস্ত বড় দেওয়াল দেওয়া সত্ত্বেও তবু চুরি হয় এবং দোস্ হু রিসিভ মেটিরিয়ালস তাদের পুলিস জানে, বাট দে টেক নো স্টেপস এগেনস্ট দেম! তার ফলে সেখানে ওয়াগন ব্রেকিং, লুটিং গ্র্যাজুয়ালি গোইং অন এবং এইভাবে সেন্ট্রাল গভর্নমেন্টএরই নয়, ন্যাশন্যাল গভর্নমেন্ট প্রপার্টি বিয়িং লুটেড। কিন্তু পুলিস অনলি সি দি ফান। এখানে মেদিনীপুরের যাঁরা আছেন তাঁরাও জানেন যে কি ক'রে চুরি-চামারি হয়, বাট পুলিস টুক নো স্টেপ এগেনস্ট দেম। এ সম্বন্ধে আমি একটা পিকিউলার ঘটনা বলছি। খড়গপুরের ওয়েস্ট কেবিনএর কাছে মাটির তলায় যে ড্রেন আছে সেই ড্রেন সম্বন্ধে আমরা দু' বছর ধ'রে বলছি যে ড্রেনের মুখে একটা ফেন্সিং দিলে চুরি চেক হ'তে পারে। সেই ড্রেন দিয়ে প্রতিদিন হাজার হাজার টাকার মাল চুরি হয়ে যায়। আমরা এই নিয়ে দেড় বছর ধ'রে আন্দোলন করছি এবং এস-পি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ইত্যাদি সমস্ত লোককে বলা হয়েছে সেখানে একটা বার বা ফেন্সিং দেওয়া হোক। কিন্তু এই ব্যাপারে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এস-পি কিছুই করেন নি, বরং লিখে দিয়েছিলেন যে—উই সাসপেক্ট অল দি অফিসার্স আর লিঙ্কড্ এই চুরির সঙ্গে। অথচ সেখানে একটা বার বা ফেন্সিং দিলে যে এই চুরিটা বন্ধ হয় তা তাঁরা করেন না। স্যার, আর একটা কথা বলতে চাই গ্রাম সম্বন্ধে। আজকের কাগজে দেখবেন যে তিন্দা থানায় কি ঘটনা ঘটেছে। আপনারা বলেন যে ক্রাইম ক'মে আসছে, কিন্তু মানুষ দুঃখে, ভয়ে, ক্ষোভে চুরি হয়ে গেলেও থানায় যায় না। কারণ থানায় গেলেই চোর কে বলতে বলবে। কিন্তু চোর যদি বলাই যায় তা হ'লে ওরা কি করতে আছে? থানায় গেলে এই রকম ব্যবহার করা হয় ব'লে ঐ লাল বিল্ডিংএ মানুষ যেতে ভয় পায়। আপনাদের চার্টএ দেখা যায় যে ক্রাইম ক'মে গেছে; কিন্তু গ্রাম থেকে বা নগণ্য শহর থেকে যারা এসেছেন তাঁরা বলুন যে চুরি-চামারি কমেছে কিনা। সেটা অভিজ্ঞতা থেকে বলুন। স্যার, পুলিস ডিপার্টমেন্ট সম্বন্ধে আমি একটা প্রবলেম রেইজ করছি যেটা সবার পক্ষে প্রযোজ্য হবে। পুলিস ভেরিফিকেশন একটা ডেঞ্জারাস ব্যাপার। আপনারা দেখেছেন যে বোধ হয় গত বছর জুন মাসে 'যুগান্তরে' বেরিয়েছিল যে পশ্চিমবাংলার কয়েক হাজার ছেলের চাকরি হয় নি, যেহেতু পুলিস টাইমলি ভেরিফিকেশন ক'রে দেয় নি। অতএব পুলিস ভেরিফিকেশনএর জন্য যে দেরি হয় তার ব্যবস্থা আপনারা করুন। মাসের পর মাস নয়, বছরের পর বছর এরা টাইম নিচ্ছে, কিন্তু কি যে ভেরিফাই করছে তা আমরা জানি না। সেজন্য আমরা চাই যে ভেরিফিকেশনটা উঠে যাক। কিন্তু যদি এই ভেরিফিকেশনটা করতেই হয় তা হ'লে উইদিন এ টাইম-লিমিট সেটা তাঁরা করুন। অন্ধ্র প্রদেশ, বিহার, ইউ-পি, পাঞ্জাব থেকে ভেরিফিকেশন তাড়াতাড়ি হয়ে আসছে, কিন্তু পশ্চিম-বাঙ্গলার যুবকরা ভেরিফিকেশনএর জন্য চাকরি রাখতে পারছে না।

লাস্টলি, আমি আমার বন্ধুদের আপনার মাধ্যমে বলতে চাই যে এ'রা আবার কেরালা, কেরালা করছেন এবং সেটা তাঁরা করছেন, বেশ করছেন, কারণ ভূতের মুখে রামনাম করলে পুণ্যি হবে। কিন্তু কেরালার মুখ্যমন্ত্রী বিধানসভায় ঘোষণা করেছেন যে ট্রেড ইউনিয়ন আন্দোলন, কৃষক আন্দোলন, গণতান্ত্রিক আন্দোলন দমন করার জন্য আমরা পুলিস ফোর্স

নিয়োগ করব না। অতএব বাংলার মুখ্যমন্ত্রী ঘোষণা করুন, "আমি বাংলা সরকারের পক্ষ থেকে বলছি যে শ্রমিক আন্দোলন, কৃষক আন্দোলন দমন করার জন্য আমরা বাংলাদেশের পুলিস নিয়োগ করব না"। আমাদের নেপালবাবু বললেন যে কেরালাতে একটা হাঙ্গার স্ট্রাইক করেছিল। কোথায় একটা স্ট্রাইক হয়েছিল, কিন্তু স্ট্রাইক হয়েছিল তবুও পুলিস সেখানে যায় নি। কিন্তু আপনারা করেন কি? না চোর, গুণ্ডা, ডাকাতকে বাঁচান এবং পুলিস দিয়ে আমাদের মারবার চেষ্টা করেন। সেজন্য আমরা বলছি যে কেরালার মত সাহস থাকে তো আপনারা সেইরকম ঘোষণা করুন। লাস্টলি, আমি আমাদের মাননীয় সদস্য বিজয় সিং বাবুকে ব'লে যাচ্ছি যে আপনি এত যেখানে বললেন সেখানে হেস্টিংস থানার প্রশংসা করা আপনার উচিত ছিল, কেন না সে সম্বন্ধে আপনার অভিজ্ঞতা আছে।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে পুলিস বাজেট আলোচনা করতে গিয়ে আমার মনে পড়ছে সর্বপ্রথম এই কথা যে যিনি আজ পুলিসমন্ত্রী তিনি গত বছর শ্রমিকহত্যায় তাঁর হাত রঞ্জিত করেছেন এবং সেই হাতে আজ পুলিস দপ্তরের ভার নিয়েছেন। দার্জিলিংএর চা-বাগানের শ্রমিক কিশোরী মেয়েকে গুলি ক'রে মেরেছিল যে দপ্তর সেই দপ্তর আজকের পুলিস-মন্ত্রীর হাতে তখন ছিল; বেলঘরিয়ার শ্রমিকদের গুলী ক'রে মারা হয়েছিল যখন তখন সেই দপ্তর এই পুলিসমন্ত্রীর হাতে ছিল; জামুরিয়া খনির শ্রমিকদের হত্যা করা হয়েছিল যখন তখন এই পুলিসমন্ত্রীর হাতেই শ্রম দপ্তর ছিল; খড়গপুরে যখন শ্রমিকদের গুলী ক'রে মেরে তাদের রক্তে খড়গপুরের মাটি রাঙ্গা করা হয়েছিল তখন তিনিই ছিলেন শ্রম দপ্তরে আজ যিনি পুলিস দপ্তরের ভার নিয়েছেন! গোড়াতেই তাই আমি আপনার মাধ্যমে জানতে চাই যে কোথায় কত চুরি কমেছে, কম ডাকাতি হয়েছে, কত ক্ষেত্রে ধরা পড়েছে তা আজকের আলোচনার বিষয় হ'লেও হ'তে পারে, কিন্তু তার চেয়ে বড় কথা এই পুলিস ডিপার্টমেন্টএর পিছনে কি নীতি রয়েছে। সরকারের কি নীতি এর পিছনে কাজ করছে সেইটে বুঝে আজ আমরা এই বাজেট পাস করব কি করব না স্থির করা দরকার। ১৯৫১ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত আমরা দেখেছি, ৪৫০ জন রাজনৈতিক বিরোধীকে বিনা প্রমাণে জেলে রাখা হয়েছিল এই পুলিস দপ্তর থেকে।

[7-25—7-35 p.m.]

আমি দেখেছি নিরাপত্তা আইনের বলে পুলিস ৫,৭৭৬ জনকে জেলে আটক করেছে, আমি দেখেছি ১৯৫৩ সালে বোনাস আন্দোলনে ৩৬১ জনকে বিনাবিচারে গ্রেপ্তার ক'রে পুলিস জেলে পুরে রেখেছিল; শিক্ষক আন্দোলনের সময় শিক্ষকদের হত্যা করেছিল; পুলিস বিলাতী পুঁজিপতিদের, ট্রাম কোম্পানির মুনাফা বাড়াবার জন্য ৪,০৯০ জনকে গ্রেপ্তার করেছিল; বাংলা-বিহার সংযুক্ত করার আন্দোলনের সময় বাংলার অবলুপ্তি ঘটাবার সময় পুলিস দপ্তর বাংলার বার হাজার নরনারীকে গ্রেপ্তার ক'রে জেলে পুরেছিল। এই ঘটনাগুলি আমরা দেখেছি; সঙ্গে সঙ্গে দেখেছি যে লক্ষাধিক ভাগচাষীকে জমি থেকে উচ্ছেদ ক'রে এই পুলিস দপ্তর ধানচুরির অপরাধে এবং ১০৭ ধারার বলে জেল দিয়েছে। এসব দেখলে বুঝতে পারব, এসব হয়েছে কাদের স্বার্থে। পুঁজিপতিদের স্বার্থে, জমিদারদের স্বার্থে এবং বড় বড় পুঁজিপতিদের স্বার্থে এই সরকার বাংলার কৃষককে, বাংলার শিক্ষককে, বাংলার মধ্যবিত্তকে পথে বসিয়েছেন। তাদের উপর অত্যাচারের রথচক্র চালিয়ে দিয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কংগ্রেসী বন্ধুদের বলতে চাই যে, মাননীয় বিজয় সিং নাহার মহাশয় যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতায় একটা জায়গায় সবচেয়ে বড় একটা কথা বলেছেন যে রিফিউজি-দের জন্য ও ট্রেড ইউনিয়নএর জন্য পুলিসের প্রয়োজন হয়েছে। পুলিস না থাকলে শয়তানেরা ভয়ানক জো পেয়ে যাবে। শয়তানেরা জো না পায়, সমাজবিরোধীরা যাতে জো না পায় সেটা দেখতে হবে, কিন্তু মাননীয় বিজয় সিং নাহার বোধ হয় জানেন না বা ভুলে গেছেন যে সংবাদ-পত্রের যে ক্যামেরা সেই ক্যামেরা মানুষকে কোন দিন বিভ্রান্ত করে না এবং সেই ক্যামেরায় যেসব ছবি দেখিয়েছে 'যুগান্তর', যে নাখোদা মসজিদে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর যে ছবি বেরিয়েছে তাতে সেন্ট্রাল কলিকাতার যেসব নামজাদা ব্যক্তি সেই ছবিতে তারাও ঐ সঙ্গে যুক্ত রয়েছে তা দেখতে পারি। মাননীয় স্পীকার মহাশয়, এই জিনিস নিয়ে অনেক গোলমাল

হয়েছিল এবং বিরোধীদলের উপরও কটাক্ষপাত করা হয়েছে। আমি 'স্টেটসম্যানে'র ছবিতে দেখেছি, পুলিস কিরকমভাবে গিয়ে লোকদের নির্মমভাবে মেরেছে। তা হ'লেই বুঝতে পারছেন সত্য এবং ন্যায় কোন্ পক্ষে আছে? আর গুণ্ডা নিয়ে মাননীয় প্রফুল্ল সেন ঘুরছেন—এ ছবি 'স্টেটসম্যানে'র ক্যামেরায়——[Noise]

Sj. Bijoy Singh Nahar: On a point of order, Sir, He is mentioning a certain gentleman as *goonda*. Can he do it?

Mr. Speaker: He made a general observation.

গুণ্ডার সঙ্গে ঘুরে বেড়াচ্ছে।

Sj. Bijoy Singh Nahar:

উনি গুণ্ডা বলে অভিহিত করেছেন।

It is very objectionable—it is unparliamentary.

Mr. Speaker: I do not think he called any particular member as *goonda*.

Sj. Jyoti Basu: He only named Bishu Goonda. Bishu Goonda's photograph appeared with the Food Minister. And Bishu is a *goonda* because he was externed from Calcutta by the Police. You will get it from the Police record. He is a gentleman in his eyes.

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, তারপর আমি বলতে চাই, নির্বাচনের সময় যে ঘটনা হয়েছিল সে সম্বন্ধে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসএ বিবৃতি দিয়েছিলেন যে "পাকিস্তান হো গয়া", "কাশ্মীর পাকিস্তানকো হোগা" বা "পাকিস্তান জিন্দাবাদ" এইসব ধ্বনি দেওয়া হয়েছিল এবং সেজন্য সেইসব লোকের নামে কেস হয়েছিল—গনি মিয়া, আমাদের ভূতপূর্ব মাননীয় সদস্য সামসুল হক সাহেবের পুত্র ফজলুল হক—এই রকম লোকের বিরুদ্ধে চার্জ দেওয়া হয়েছিল এবং চীফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটএর কোর্টে তাঁরা ছাড়ান পেয়েছেন। এইভাবে মাইনরিটি কম্যুনিটিকে ভয় দেখিয়ে এই নির্বাচনে তাঁরা জয়লাভ করবার চেষ্টা করেছেন। তারপর আমার যে কাট মোশন তাতে ট্রেড ইউনিয়ন ওয়ার্কার, মহিলা ওয়ার্কারদের উপর অত্যাচার করা হয়। আমি মহিলা সমিতির কয়েকজনের নাম পর্যন্ত দিতে পারিঃ (১) মঞ্জুলিকা ব্রহ্ম, (২) শিশু দত্ত, (৩) সুনীতি দত্ত, (৪) সুরবালা ভট্টাচার্য, (৫) কিরণ সাহা, (৬) গৌরীদাসী মালো, (৭) শ্রীমতী দেবী নাথ, (৮) মানদা হালদার, (৯) তুলসী কর্মকার, (১০) মঞ্জু দাস, (১১) লক্ষ্মী সাহা, (১২) বেলা ব্যানার্জি, (১৩) লাবণ্য সাহা—এইসব মহিলা কর্মীদের ২৮এ এপ্রিল উত্তরপাড়া জি টি রোডের উপর প্রকাশ্য রাস্তায় ঠেঙ্গিয়েছিল যার ফলে শ্রীরামপুর হাসপাতালে রেকর্ড করতে হয়েছে। এজন্য পুলিসই দায়ী। যদি সমাজের কল্যাণ করতে হয় তা হ'লে এই সমস্ত খুনেদের অবিলম্বে শাস্তি দান করা উচিত।

আর একটা ঘটনার কথা বলিঃ সেটা হচ্ছে আমাদের হুগলি জেলার শ্রীরামপুর মহকুমায় অত্যন্ত জলকষ্ট। বারবার ক'রে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। কোন্নগর মিউনিসিপ্যালিটিতে ওয়াটার ওয়ার্কস হওয়ার পর পুরানো টিউবওয়েল আছে। সেজন্য চিঠি লেখা হ'ল যে পুরানো টিউবওয়েল বিক্রি করলে ইউনিয়ন বোর্ড কিনে নেবে। তার ফলে জল-কষ্ট কমতে পারবে। সেই চিঠি পাওয়ার পর কোন্নগর মিউনিসিপ্যালিটির অফিস সার্চ করা হ'ল এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এমন কাজ করেছে যে, যেখানে একজন এম-এল-এ চিঠি লিখেছে সেখানে পুলিস নিয়ে মানুষকে টেররাইজ করেছে। সেইজন্য আমি যে কাট মোশন দিয়েছিলাম সেটা আপনি আউট অব অর্ডার করেছেন। আমি আপনার রুলিং মেনে নেব, কিন্তু সেই সঙ্গে সঙ্গে বলব—যে কেস সেখানে স্টার্টেড হয়েছে সেটা পুলিস করেছে। সে সম্বন্ধে কিছু বলতে চাই না, তবে ৩রা জুন তারিখে এবলপাড়া গ্রামে যেখানে দেড় হাজার মেয়ে সেখানে ২০-২৫ জন পুলিস গিয়ে এমন অত্যাচার করেছে যে গ্রামের পুরুষ মানুষ পর্যন্ত থাকতে পারে নি। একথা আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট রাখতে চাই; তিনি এর প্রতিকার করুন।

আমার নিজের কথাও আমি বলি; এখনও আমার বিরুদ্ধে তিনটা কেস পেন্ডিং—
(Noise)
এই কথা ব'লে আমি বাজেটের বিরোধিতা করি।

Sj. Satyendra Narayan Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, পুলিস বাজেটের এই তর্কবিতর্কের শেষভাগে বিরোধীপক্ষের শেষ বক্তা হিসাবে আমাকে আহ্বান করেছেন, তবে আবহাওয়া তিক্ত না ক'রে আমি কতকগুলি সত্য এবং অত্যন্ত বাস্তব জিনিস আপনার মাধ্যমে হাউসএর সামনে তুলে ধরব। প্রথমে একটা জিনিস আমি বলতে চাইঃ সমগ্র বিতর্কের মধ্যে দেখা গেছে সরকারপক্ষের বক্তাগণ যাঁরা পুলিস বাজেট সমর্থন ক'রে বক্তৃতা দিতে উঠেছিলেন, তাঁদের বক্তৃতার ভিতর দুর্বলতাবোধ এত স্পষ্ট যে তাঁরা পুলিসের সমর্থনে বিশেষ কিছুই বলতে পারেন নি। বিরোধীপক্ষের অভিযোগগুলি এত সুস্পষ্ট যে সেগুলি পরিবর্তনে তাঁদের সাহায্য করা উচিত।

জলের ধারা যখন বাইরে বন্ধ হয়ে যায় তখন বাসের ছাদ ফুটো হয়ে জল পড়ে বলে বাসের দাঁড়িয়ে সমানে ভিজতে হয়। বর্ষাকালে জানলার ধারে ছাতা খুলে বসতে অনেকেই দেখেছেন। শুধু তাই নয় বৃষ্টির হাত থেকে যদিও রক্ষা পাওয়া যায় তবুও এ্যাক্সিডেন্টালী পুরানো গাড়ীর মধ্যে কোনটাতে যদি জল না পড়ে তাহলে তার কাঁচের জানলা বন্ধ না হওয়াতে বৃষ্টির ছাটে মানুষ ভিজে ঐ অবস্থায় আফিস করে, এবং তারপরে ফ্লু রোগে ভুগতে হয়। মিঃ স্পীকার স্যার, আপনার কাছে হয়ত একটা ঘটনার খবর নিশ্চয় এসেছে। এই কদিন আগে সংবাদপত্রে বেরিয়েছিল যে, শ্যামবাজারের মোড়ে অনেকক্ষণ ধরে বাস বন্ধ হয়েছিল। কারণ ৩২বি-তে একটা গোলমাল হয়েছিল। সেখানে বাসের সংখ্যা আগে যা ছিল তারচেয়ে বর্তমানে সংখ্যা কম, অথচ যাত্রীর সংখ্যা সেখানে অত্যন্ত বেশী। বৃহত্তর কোলকাতা যেখানে সৃষ্টি হচ্ছে সেখান থেকে বহু নিম্নমধ্যবিত্তের আফিস আদালতে আসতে হয়। কিন্তু এই রুটের এই অবস্থা। আমি যেখান থেকে এসেছি সেই টালিগঞ্জের চেহারা প্রতিদিন আমি দেখি। গড়িয়াহাটার মোড়ে এবং গড়ে বাজারে কাছে ছাড়িয়ে ৮বি, ৫, ৬, ৪নং রুটের অবস্থা দেখেছি যে সেখানে টারমিনাস থেকে বাস ভর্তি হয়ে যায় এবং তাতে লোক এত পরিমাণে দাঁড়িয়ে থাকে যে পরের স্টপেজএ বাস এলে তাতে আর কেউ উঠতে পারে না।

এরপর আর একটা কথা বলব। আমার পূর্ববর্তী বক্তা রণেন সেন মহাশয় লেবারারদের সম্বন্ধে অনেক কথাই বলে গেছেন। আমিও এ সম্বন্ধে শুধু দুই-একটা কথা বলব। এই লেবারদের, এমপ্লইজ স্টেট ইন্সুরেন্স যদিও কোলকাতায় ও হাওড়ায় এটা চালু হয়েছে—কিন্তু এদের সে সুযোগসুবিধা দেওয়া হয় না। অর্থাৎ এখানে ৬ হাজার লেবার আছে এদের মধ্যে এমপ্লয়িজ স্টেট ইন্সুরেন্স আজ পর্যন্ত চালু করা হয় নি। এটা এখনও কেন হয় নি? এদের কারুর না কারুর প্রতিনিয়ত তো এক্সিডেন্ট হতে পারে। স্টেট ট্রান্সপোর্টএর চালু রাস্তায় ভীড় নিশ্চয় আছে এবং এজন্য এক্সিডেন্ট হতে পারে। ১৯৫৫-৫৬ সালে কোলকাতায় যে এক্সিডেন্ট হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে স্টেট বাসগুলোর শতকরা ৭২ ভাগ বেশী এক্সিডেন্ট, ১৯৫৫ সালের চেয়ে ১৯৫৬ সালে হয়েছে। এই এক্সিডেন্ট হওয়ার কারণ কি?

[3-50—4 p.m.]

আমাদের সরকার ইনটারনেসনাল লেবার অরগ্যানিজেসনএর এক সভ্য। তার যে আইন হলো, তাতে পরিষ্কার লেখা আছে—ছয় ঘণ্টার বেশী কোন লোককে স্টিয়ারিংএ রাখা চলবে না। এঁরা তার উপর আরও দেড় দুই ঘণ্টা বেশী রাখেন। ট্রামে সাইনিং-ইন এবং সাইনিং-আউট প্রথা রয়েছে সে সম্বন্ধে ডাঃ রনেন সেন বলেছেন, কাজে এসে সই করবার সিস্টেম এখানেও আছে যখন কাজ থেকে চলে যায় তখন সই করান হয় না। কারণ পাছে কাজের সময় ধরা পড়ে। ডাঃ রায় বলেছেন ওরা ফ্যাক্টরী এ্যাক্ট দ্বারা গাইডেড হয়। বর্তমানে ৮ ঘণ্টার বেশী কাজ হলেও ওভারটাইম কেউ পাবে না। কলিকাতা সহরে পাশাপাশি যে ট্রাম কোম্পানি আছে, সেখানে ছয় ঘণ্টা করে এক একজনকে কাজ করতে হয়। মেডিকেল ইউনিট সম্বন্ধে ডাঃ রায় গত বছর বাজেট বক্তৃতায় যা বলেছিলেন, আজও তাই বললেন। গত বছর তিনি বলেছিলেন—আমরা মেডিকেল ইউনিট করবো, মোবাইল এ্যামবুলেন্স সার্ভিস করবো, তাতে ৬ হাজার লোকের সেবার ব্যবস্থা হবে, ডাক্তারের ব্যবস্থা হবে, ওষুধের ব্যবস্থা হবে ইত্যাদি।

ডিপো আছে তিনটা। কিন্তু তার ডাক্তার আছে একজন। সেই ডাক্তার হচ্ছেন এল, এম, এফ, বিভা মিত্রের স্বামী ডাঃ এস, কে, মিত্র, লেবার ডিপার্টমেন্টএ অল্প টাকা বেতন পেতেন। তাকে সেখান থেকে এনে বেশী মাইনেতে বসিয়ে দেওয়া হয়েছে। এই বিভা মিত্র মনিকুন্তলা সেনের বিরুদ্ধে গত নির্বাচনে দাঁড়িয়েছিলেন। সেই ডাঃ এস, কে, মিত্র—তিনি সেখানে আছেন; তার কাছে জ্বর দেখাতে গেলে বুকে একটা স্টেথেসকোপ লাগিয়ে বলেন—বুক খারাপ; তোমাকে উজ্জ্বলা সিনেমার উপর যে এক্স-রে ক্লিনিক আছে, সেখানে যেতে হবে ও বুকের ফটো নিতে হবে। এই এক্স-রে কথা শুনলে সাধারণ মধ্যবিত্ত লোক চমকে ওঠে। ডাঃ মিত্রের সেখানে এক্স-রে ক্লিনিক, ৩২ টাকা ফি আদায় করা হয়। এইরকমে দুর্নীতি চতুর্দিকে কেমন যেন ছেঁকে

ধরেছে। সৌমেন মিত্র বলে একজন লোক স্টেট ট্রান্সপোর্টএর ভূতপূর্ব রায় বাহাদুর এন, সি, ঘোষ, যিনি আগে ডিরেক্টার-জেনারেল ছিলেন, তাঁর ভাগ্নে, টিকিট এক্সজামিনার ছিলেন, তিনি ধাপে ধাপে না উঠে একেবারে লাফিয়ে হয়ে পড়েছেন এ্যাসিস্টেন্ট ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট। এ পোস্ট তার জন্য নতুন করে এখানে সৃষ্টি করা হয়েছে। তিনি দু-তিনবার ম্যাট্রিক ফেল করে পাস করেছেন। শুধু কি তাই? সুধা মজুমদার তিনি ডাঃ রায়ের পরলোকগত বন্ধু, বিজয় রত্ন মজুমদারের পুত্র। তাঁর বিরুদ্ধে প্রকাশ্যে বহুবার অভিযোগ করা হয়েছে। তিনি নন-মেট্রিক কিন্তু গেজেটেড অফিসার। তিনিই ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট, প্রায় সাতশো টাকা মাইনে পান। প্রায় ডাইরেক্টরএর সমান। আর একজন ম্যাট্রিক পাস শৈলেন ঘোষ, এ্যাসিস্টেন্ট ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট, আর একজন আছেন রায় চৌধুরী, ম্যাট্রিকুলেশন পাস, এ্যাসিস্টেন্ট ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট এরা সবাই ডাঃ রায়ের প্রিয় পাত্র। তার জন্য সুযোগসুবিধা নানারকম, ছলেবলে কৌশলে বন্দোবস্ত হয়। তারপর শ্যামল রায়, তিনি হচ্ছেন পাবলিক রিলেসানস অফিসার। অথচ পাবলিকএর সঙ্গে তাঁর কোন সম্পর্ক নাই। তিনি হচ্ছেন সেক্রেটারী, এ্যাপয়েন্টমেন্ট বোর্ড. এই এ্যাপয়েন্টমেন্ট বোর্ডে চার আনা দিয়ে ফরম কিনে চাকরীর দরখাস্ত করতে হয়, এইসব ফরম সেখানে কাগজের এক গাদা হয়ে পড়ে থাকে এবং পুরান কাগজের গাদা হিসেবে এরা বিক্রী করেন। আমাদের দরিদ্র মানুষের কাছ থেকে চার আনা করে পয়সা নেওয়া হয় এবং ফর্ম সই করে চাকরীর দরখাস্ত করতে হয়। এগুলো কোনদিন আর গাদা থেকে তোলা হয় না—যতদিন না মন্ত্রীদের রিকমেন্ডেসন দেওয়া হয়। ডাঃ জীবনরতন ধর যখন মন্ত্রী ছিলেন, আমরা দেখেছি, তিনি একটা ফর্মে সই করে দিলে তবে তার চাকরী হয়েছে। আগের বহু ছেলের দরখাস্ত দেওয়া আছে, তাদের চাকরী হয় নাই। ফর্মগুলি বস্তাবন্দী হয়ে থাকে। চার আনা পয়সা দিয়ে নতমস্তকে সেলাম ঠুকলে পরও তাঁরা সেগুলি বের করেন না। এ হেন শ্যামল রায় স্টেট ট্রান্সপোর্টএর এ্যাপয়েন্টমেন্ট বোর্ডের সেক্রেটারী। তার খবর স্টেটসম্যান কাগজে বেরিয়েছে। তিনি থাকেন গ্রে ষ্ট্রীটে। তাঁর বাপ কবিরাজ। কাজেই সেই সঙ্গে সেখানে গিয়ে কাউকে হয়ত কিছু কিছু অনুপানও দিয়ে আসতে হয়—যাকে বাংলা কথায় বলে ঘুষ। এই ঘুষ দিলে চাকরী পাবার বন্দোবস্ত আছে।

আর একজন গাঙ্গুলী, আমার চেনা কোনও এক ড্রাইভারকে তার কাছে যেতে হয়, তার নাম ট্রেনিং মাষ্টার গাঙ্গুলী সাহেব, লাইসেন্স দেওয়ার আগে আর, টি, এ, তার কাছে পাঠান; তিনি পাস করে দিলে, তবে পাস হয়। গাঙ্গুলী সাহেব অতি চমৎকার লোক। কাউকে ট্রেনিং তিনদিনে পাস করিয়ে দেন। আবার কাউকে ছয় মাসেও পাস করান না। আসল কারণ বন্দোবস্ত। টাকা হাতে না আসলে কেউই পাস হবে না—সে দশ বছরের পুরান ড্রাইভারই হোক আর যে-ই হোক। সবেমাত্র হয়ত কেউ স্টিয়ারিং ধরতে শিখেছে, সে গাঙ্গুলী সাহেবের কাছে গেলে কোন্ এক যাদুমন্ত্রে পাস হয়ে আসছে—তা কেউ জানে না।

আর একজন বিজয় সেন, এই কয়েকদিন আগে ২২এ মে তারিখে ধরা পড়েছেন, শ্যামবাজারের মোড়ে, হাতে-নাতে ঘুষ নিতে গিয়ে, এ্যান্টি করাপসান ডিপার্টমেন্টএর হাতে। এক কন্ডাক্টারের হাত থেকে ঘুষ নিচ্ছিলেন। এই জোনাল ইন্সপেক্টার বিজয় সেন এর কেসের হল কি? ডাঃ রায় কি বলবেন? বহু লক্ষ ট্যাক্সের টাকা উধাও হয়ে গেল, তার জন্য এস দত্তের বিরুদ্ধে কেস হয়েছিল। সে কেসেরই বা কি হলো? সে সম্বন্ধে তো কিছু বললেন না?

তারপর, লেকএ একটা ক্যানটিন আছে। সেখানে ভূতের লড়াই হয়। সেটা বলি। ২২ দিন কাজ করলে ১০ টাকা জমা দিলে ১৫ টাকার খাবার দেওয়া হয়, সেখানে কুচবিহার থেকে ললিত বক্সী এলেন মেনেজার হয়ে। তাঁর ভগ্নীপতি মিঃ মুখার্জী ক্যান্টিনের ম্যানেজার হলেন। এঁরা যে কার্ড ইস্যু করেন, কোনদিন তার কোন হদিস মেলে না। বহু ঘোষ্ট কার্ড সেখানে জমা হয়েছে। তার প্রমাণ হচ্ছে ললিত-বক্সী জুলাই মাসে গ্যারেজ থেকে বদলী হয়ে গেছেন কুচবিহার। তারপর থেকে ক্যান্টিনএ যেখানে চার হাজার টাক বিক্রি হচ্ছিল, সেখনে তার যাবার পর আড়াই হাজার টাকা বিক্রিতে নেমেছে। কেন এমনি বিক্রি কমে যাচ্ছে? খবর নিলেই জানবেন। এই হচ্ছে আজকে স্টেট ট্রান্সপোর্টএর অবস্থা।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৪৮ সালে যখন প্রথম স্টেট বাস প্রবর্তন করলেন এবং সেই স্টেট বাসে প্রথম তিনি চড়লেন, তখন সংবাদপত্রে তাঁর ছবি বেরুল। আমরা তো মনে করেছিলাম যে কলকাতায় প্রাইভেট বাসের জায়গায় যে স্টেট বাস প্রবর্তন হলো তাতে কলকাতার যারা প্যাসেঞ্জার যারা যাত্রী, তদের অনেক সুবিধ হবে। প্রাইভেট বাস যতদিন চলছে, তাতে প্যাসেঞ্জারদের যে খুব অসুবিধা হয়েছিল, তা নয়। কিন্তু তবুও তার চেয়েও যাতে সুবিধা এবং সুযোগ হয়, যাতে লোকে স্বচ্ছন্দে যাতায়াত করতে পারে, সেজন্য এই স্টেট বাস প্রবর্তন করা হয়েছিল, এই বাস সার্ভিস ন্যাসনালাইজ করা হয়েছিল। কিন্তু আজকে যে অবস্থা এসে দাঁড়িয়েছে, তাতে সরকারকে প্রশংসা করা যায় না। ডাঃ রায়কে গত সেসনে যাতায়াতের অসুবিধার কথা জানিয়েছিলাম। অন্যান্য বক্তারাও এই অত্যধিক অসুবিধার কথা বলেছেন। আমি ৯ নম্বর ও ৩২ নম্বর রুটের কথা বলতে চাচ্ছি। এই উভয় রুটেই গড়ে আট থেকে দশ মিনিট পর পর বাস আসে। আর প্রাইভেট বাস যখন ছিল তখন তিনটা রুটে ২, ২এ এবং ৩২ নম্বর বাস চলাচল করতো, এই তিনটা রুটে তখন গড়ে তিন চার মিনিট অন্তর বাস আসতো। কাজেই লোকের যাতায়াতের তখন কোন অসুবিধা ছিল না। কিন্তু বাস চড়লেও লোকে অত্যধিক বিরক্ত হয় ও নানারকমে সরকারের নিন্দাবাদ করে। গাড়ীতে ওঠা কোনমতেই যায় না, ভয়ানক ওভারক্রাউডেড। ডাঃ রায় ১৯৫৪ সালে বলেছিলেন এই ওভারক্রাউডিং বন্ধ করবার জন্যই আমরা এই স্টেট বাসের প্রবর্তন করছি।

[4—4-10 p.m.]

কিন্তু ওভারক্রাউডিং বন্ধ হয় নি, বরঞ্চ বেড়েই গিয়েছে। আজকে যদি তিনি বেলা ৮ থেকে বেলা ১১টা পর্যন্ত কোন রুটের বাসে উঠেন তাহলে বুঝতে পারবেন বাস্তবিক যাত্রীদের এই ভীড়ের মধ্যে কি কষ্ট হয়। কি অমানুষিক যন্ত্রণা তাদের ভোগ করতে হয়। এইসব বাসের কণ্ডাক্টারদের এই ভীড়ের মধ্যে কাজ করতে হয়, কিন্তু তারা সামান্য মাইনে পান, তাদের চাকরীর কোন নিরাপত্তা নাই। ৮ ঘণ্টা ধরে এইরকম ভীড়ের মধ্যে যেভাবে পরিশ্রম করতে হয় তাতে তারা যে সামান্য পান কি করে তার দ্বারা তাদের স্বাস্থ্য রক্ষা হতে পারে? সর্বদিক থেকে এটা বিবেচনা করতে হবে। যাত্রীদের যেমন সুখসুবিধা দেখতে হবে, সেইরকম কন্ডাক্টরদের যে কষ্টের মধ্যে কর্তব্যপালন করতে হয় সেদিকেও আমাদের লক্ষ্য রাখতে হবে। আমি সেজন্য বলছিলাম যে ৬ ঘণ্টার বেশী তাদের ডিউটি দেওয়া উচিত নয়। আপনি একজন বড় ডাক্তার, আপনি আমাদের চেয়ে ভাল জানবেন যে, এই অত্যধিক পরিশ্রমে তাদের শরীর কি রকম ক্লান্ত হয়ে পড়ে, তার উপর যদি আবার তাদের রাত্রেও কাজ করতে হয় তাহলে সেটা একেবারে অসম্ভব হয়ে পড়ে। এগুলি আপনি নিশ্চয়ই বিবেচনা করবেন। তাদের একটা পে-স্কেল করবার জন্য, কনডাক্টর, ড্রাইভারদের চাকরীর নিরাপত্তা যাতে পাকাপাকিভাবে করা হয়, পূর্বের অধিবেশন থেকেই একথা আমরা বলে আসছি। আমি শুনেছিলাম ডাঃ রায় বলেছিলেন এঁদের পে-স্কেলএর ব্যাপারটা আন্ডার কন্সিডারেশান। কিন্তু কতদিনে হবে? ৯ বছর তো হয়ে গেল, এই ৯ বছরের মধ্যে চাকরীর স্থায়িত্ব এবং স্কেল অব পে হল না। কাজেই কতদিনে হবে তা সর্বাগ্রে স্থির করতে হবে। উপরে যারা আছেন, যারা মোটামোটা মাইনে পান তাঁদের অনেকেরই চাকরীর স্থায়িত্ব আছে, কিন্তু যারা নীচে আছে, কন্ডাক্টর, ড্রাইভার, যারা এই গভর্নমেন্টকে রাজস্ব-আদায় করে দেন—প্রথমে অর্থাৎ গভর্নমেন্টএর স্টেট বাস প্রবর্তিত হবার পর বহু বৎসর ধরে লক্ষ লক্ষ টাকা লোকসান দিয়েছেন, কিন্তু আজকে আপনাদের ৩৫ লক্ষই হোক বা ২৫ লক্ষই হোক একটা লাভ হচ্ছে—যারা এই লাভের যন্ত্র তাদের দিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়ার জন্য আমি আপনাকে আহ্বান করছি। তাদের অনেক সময় এই ভীড়ের মধ্যে টিকিট বিক্রি করতে গিয়ে দুই-চার আনা সর্ট হয়। অনেক সময় আট-দশ আনাও শর্ট হয়ে যায়। এত ভীড়ের মধ্যে এইরকম হওয়া অস্বাভাবিক নয়। আমি দেখেছি ১ আনার জন্য পর্যন্ত চার্জ সীট নিয়ে আসেন। কাজেই এটা যাঁরা উপরে আছে, যারা স্টেট বাস সার্ভিসএর উচ্চপদস্থ কর্মচারী তাঁরা যদি একদিনও কন্ডাক্টর-এর কাজ করেন তাহলে বুঝতে পারবেন এই কন্ডাক্টরএর কাজ অত্যন্ত শক্ত ব্যাপার। সেজন্য আমি বিশেষভাবে ডাঃ রায়কে অনুরোধ করছি যে, অন্ততঃ ১ টাকা না হলেও ৮ আনা পর্যন্ত সর্ট হলেও যেন কেটে না নেওয়া হয়, যেন এরকম চার্জ সীট এনে যেন তদের ব্যতিব্যস্ত করা

না হয়। নয়া পয়সা নিয়ে অসন্তোষ সৃষ্টি হয়েছে। ট্রামে বাসেও নয়া পয়সা নিয়েও বিরোধিতার ভাব ও ঝগড়ার সৃষ্টি হয়। যদি সরকারের যে টেবল আছে সেই টেবল অনুসারে ভাড়ার ব্যবস্থা করা হয় তাহলে একটা কথা হতে পারে। অনেকে বলছেন তাহলে বাসে লাভ হবে না। কিন্তু ডাক্তার রনেন সেন বলেছেন পাবলিক ইউটিলিটি সার্ভিস লাভের জন্য নয়, লেকাসান না হলেই হল। ট্রাম কম্পানী আপনাদের আদর্শ অনুসারে ভাড়া বাড়িয়েছে। কাজেই আমি মনে করি এটা বিবেচনা করতে হবে।

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমি প্রথমে ৭৬ এবং ৭৬এ বাস রুট সম্বন্ধে বলছি। এই বাস রুট দুইটির পাশাপাশি কালীঘাট ফলতা রেলওয়ে লাইন ভারত সরকার বর্তমানে তুলে নিয়েছেন। ১৯৫০ সালে এই লাইন রক্ষা করবার জন্য সরকার এই দুটি লাইনের ভাড়া বাড়ান। ১৯৫০ সালের সেপ্টেম্বরে এই রুটে ভাড়া ৪ পাই থেকে বাড়ান হয় ৭ পাইয়ে মাইলপ্রতি। তখন সরকার থেকে একথা বলা হয়েছিল যে, বাসের ভাড়া না বাড়ালে রেলের প্যাসেঞ্জার কমে যাবে। কিন্তু এত করেও সরকার এই লাইন রক্ষা করতে পারেন নি। কিন্তু দুঃখের বিষয়, এখন পর্যন্ত এই বাড়তি ভাড়া জনসাধারণের ঘাড়ে চাপান আছে। গত ১লা এপ্রিল থেকে এই ভাড়া কমানোর জন্য এই অঞ্চলের জনসাধারণ আন্দোলন করে আসছে, সরকারের কাছে দাবী জানাচ্ছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: 76, 76A and 83 are not Government Transport Bus Service at all. Kalighat-Falta Railway Line has nothing to do with this Government. We are discussing the Transport Service of West Bengal.

Sj. Provash Chandra Roy:

১লা এপ্রিল থেকে সেই অঞ্চলের জনসাধারণ যাতে পূর্বেকার ভাড়া চালু করা হয় এই দাবি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে বারে বারে করে আসছে, কিন্তু সরকার পূর্বেকার ভাড়া প্রবর্তন না করে বাড়তি ভাড়াই চালু রেখেছেন যার ফলে এই অঞ্চলের ভীষণ ক্ষতি হচ্ছে। আমরা জানি ২৪-পরগনার বিভিন্ন অঞ্চলে ৫ পাই চালু আছে, যেমন মোমিনপুর, আলীপুর, লাইন, শ্যামবাজার-বনগাঁও লাইন, শ্যামবাজার-বসিরহাট লাইনে ৫ পাই হারে ভাড়া আজ পর্যন্ত চালু রয়েছে। কালীঘাট-ফলতা রেল লাইন রক্ষা করার জন্য কেবলমাত্র ঐরুটের ভাড়া বাড়ান হল, কিন্তু ঐ লাইন সরকার রক্ষা করতে পারেন নি। সরকার যাতে এই রুটে পূর্বেকার ৫ পাই করে ভাড়া প্রবর্তন করেন এই দাবিতে সেখানে আন্দোলন চলছে। এই আন্দোলনের ফলে সেখানে গত কয়েক মাস ধরে ৪২ জন গ্রেপ্তার হয়েছে এবং এখন পর্যন্ত ২০০-২৫০ পুলিস দিয়ে জনসাধারণের উপর দমননীতি চালান হচ্ছে।

সেই সমস্ত বিষয় আপনার মাধ্যমে আমি জানাতে চাই এবং এ বিষয়ে যাতে অবিলম্বে সুব্যবস্থা হয় এবং অন্যান্য অঞ্চলে যেমন পাঁচ পাই হিসাবে ভাড়া আছে সেই হিসাবে অবিলম্বে যদি সেই তিনটি রুটে ভাড়া পরিবর্তন করা হয় সেই দাবী করছি এবং যে বিশেষ অবস্থার মধ্যে সেখানে মানথলী চালু ছিল সেই মানথলী রেট যাতে চালু হয় সেজন্যও আমি দাবী করছি। এই সঙ্গে সঙ্গে যে সমস্ত সত্যাগ্রহীদের গ্রেপ্তার করে রাখা হয়েছে, অবিলম্বে তাদের বিরুদ্ধে কেস তুলে নেবার জন্য বলছি। এই ব্যাপারে কয়েকজনকে আজ পর্যন্ত হাজতে রাখা হয়েছে, বেইল পর্যন্ত দেওয়া হয় নি। যাতে তাদের বেইল দেওয়া হয় সেজন্যে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

[4-10—4-20 p.m.]

Dr. A. M. O. Ghani: Mr. Speaker, Sir, I will concentrate on a few bus routes, but before that I would like to refer to one point which has just been raised. When my friend Shri Haridas Mitra was giving figures the Hon'ble Chief Minister refuted him and said that the figure was 412. I would respectfully refer him to the August 1956 issue of Paribahan, the official journal of the State Transport Directorate, where the figure is given as 360.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is 1956; one year has gone. Another 80 has been added.

Dr. A. M. O. Ghani: Thank you for the correction. But Route No. 33 remains as before. As regards overcrowding generally overall, and all along, the routes, particularly the State Bus routes, everybody has mentioned it, and it does not need any further comments. Anybody who comes to Calcutta or who lives in Calcutta must have experienced the very inhuman condition in which the passengers have to travel over all these routes which are terribly crowded, particularly ladies, old people and children—during office hours, I do not exactly mean office hours, I mean, at the time when people come to office and when they return home, for that is a time that often coincides with many other engagements. People go out shopping and for other purposes at that time. These things come out very sharply in another light, particularly as recently many of these routes have been nationalised. Many people say and doubt whether nationalisation of these routes is any good. I wonder if it is a subtle way of discrediting the very principles of nationalisation.

Sir, I would like to bring to the notice of honourable members the particularly heavy rush on the routes 6, 8A, 8B, 9, 10, 10A, 30, 30A, 30B, 33, 35 and 35A. There has been a very marked increase in the population in these areas due to various reasons. I will put before the House as a typical case those areas with which I am more or less familiar. Of course, the causes are different in different places. Somewhere the heavy influx of refugees and the refugee colonies have brought about the rush; in other places the growth of tenement blocks, such as C.I.T. and Government blocks, private buildings, new factories and new public institutions. So far as the area from which I was returned and the neighbouring area are concerned, I would just give you a list of certain public institutions which have brought about a very great increase in the local population and in the transport population. In that area apart from C. I. T. and Government blocks of buildings, there is Lumbini Mental Hospital at Tiljala; then there is the Child Health Institute, the headquarters for All-India Science Congress, T. B. Clinic, Calcutta National Medical College and Hospital, Lady Brabourne College, Forensic Institute of the Government of India. One of the most important items which has brought about the increase is the Pakistan Deputy High Commissioner's Visa office, where thousand of people come and go every day. Then there are industrial concerns, namely, Bharatia Electric and Steel Company, Hindusthan Development Corporation, Engineering Factory—I and II, Calcutta Chemical, Annapurna Metal Works, Bharat Battery, Shaw Wallace & Co., Standard Vacuum Company, Tiljala Tannery Area, Birsul Bazar, Walford Transport, Gestenaur, India Cycle Manufacturing Company and Grasham & Craven Co. All these new things are developing every day, increasing the population, not only the local population but the population of people coming to the area and going from it. There is only one bus route plying through it, that is route No. 33. The Tramway rail-bed has been completed between Middle Road, Entally and Park Circus Depot *via* C.I.T. Road, but without any reason the Calcutta Tramway Co. has cancelled this part of their project of extension.

[Time over.]

Sj. Ananga Mohon Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে আলোচনা হচ্ছে। আমার বিরোধী পক্ষের বন্ধুরা স্টেট বাসএর যে আবশ্যক নেই একথা বলেন নি—তাঁরা একথা বলেন নি যে স্টেট বাস পরিচালনা ব্যবস্থার মধ্যে কিছু কিছু ত্রুটি থাকলেও তাকে তারা চান না। তাঁরা কেবল বলেছেন যে সমস্ত রুটএ স্টেট বাস চলছে সেখানকার ব্যবস্থা আরও ভাল হওয়া দরকার।

তাঁরা বলেছেন যেসকল রুটএ প্রাইভেট বাস চলত তথায় চার পাঁচ মিনিট অন্তর বাস পাওয়া যেত, এখন আট দশ মিনিটেও পাওয়া মুস্কিল হয়েছে। আমরা দেখছি বর্তমানে ২২টি রুটএ ৪১২ খানা স্টেট বাস চলে, তার মধ্যে ৬০ খানা ডাবল ডেকার। দেখা যাচ্ছে গাড়ীর সংখ্যা বাস্তবিক কম তাই পাঁচ-সাত মিনিট অন্তর ছাড়া বাস পাওয়া যায় না, কোন কোন ক্ষেত্রে হয়ত দশ মিনিট দেরী হতে পারে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে যে দেরীতে গাড়ী আসে একথা ঠিক নয়। অনেক সময় দেখেছি তিন-চার মিনিট অন্তর স্টেট বাস আসছে, কোন কোন ক্ষেত্রে দুই মিনিট অন্তরও আসতে দেখেছি। এরাও কোন কোন ক্ষেত্রে কোন কোন জায়গায় হয়ত এর চেয়ে দেরী হতে পারে, কিন্তু এজন্যে বলা যায় না যে, স্টেট বাস ইন্ট্রোডিউস হওয়ার ফলে লোকের অসুবিধা বেড়েছে। [ইন্টারাপসান ফ্রম অপজিসান বেঞ্চেজ।]

Mr. Speaker: The last speaker was not interrupted. The same courtesy must be shown.

Sj. Ananga Mohon Das:

তারপর আর একজন সমালোচক বলেছেন যে কোন কোন কর্মচারী মেট্রিক পাশও নয়। পাশ নয় তাতে কি আসে যায়? একজন ম্যাট্রিক পাশ করেছে, কি আই এ পাশ করেছে, কি বি এ পাশ করেছে তা না দেখে স্টেট বাসএ কাজ চালাবার যোগ্যতা আছে কি না তাই দেখতে হবে, কর্তব্যে অবহেলা হয়েছে কিনা সেটা দেখতে হবে। এদিক থেকে যদি কাজ ভাল থাকে তাহলে পাশের দিক দিয়ে কিছু যায় আসে না। তারপর বলা হয়েছে কয়েকজন কর্মচারীর দুর্নীতির কথা। দুর্নীতি মানুষের মধ্যে আছে, সেই দুর্নীতির কথা সরকারের কাছে আনতে পারতেন, সরকার যদি কিছু না করতেন সেটা আদালতে আনতে পারতেন। আদালত তো অন্যায়ের প্রশ্রয় দিতেন না, ন্যায় বিচার করে দিতেন। আর একজন বলেছেন যেসকল কর্মচারীদের কনট্রাক্ট সিস্টেমএ চাকুরী দেওয়া হয়েছে, তাদের চাকুরীর স্থায়িত্ব দেওয়া হচ্ছে না। কিন্তু কথা হচ্ছে এই ডিপার্টমেন্ট নতুন হয়েছে; এই ডিপার্টমেন্টকে স্থায়ীভাবে চালু করা যাবে কিনা সেটা গোড়ার দিকে ঠিক ছিল না। যখন স্টেট বাস সিস্টেম ইন্ট্রোডিউসড হয় তখন আমাদের এই সমালোচক বন্ধুরা বলতেন স্টেট বাস অত্যন্ত খারাপ জিনিস, এতে দেশের ক্ষতি হবে, অর্থের অপচয় হবে, স্টেটএর পয়সার অপচয় হবে। আজ অবশ্য সে কথা এঁরা বললেন না, আজ বলছেন স্টেট বাস-এর কর্মচারীদের সুখস্বাচ্ছন্দ্য ঠিকমত দেখা হচ্ছে না।

[4-20—4-30 p.m.]

এই ডিপার্টমেন্ট নতুন খোলা হয়েছে এবং ধীরে ধীরে দেখা যাচ্ছে যে গভর্নমেন্ট এদের জন্য একটা পরিকল্পনা স্থির করছেন। গভর্নমেন্ট সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ ঠিক করেছেন যে ৫ বৎসরের মধ্যে কোলকাতা শহরের সমস্ত রাস্তাকে স্টেট বাসের আওতার মধ্যে আনবেন। অর্থাৎ যখন সমস্ত ট্রান্সপোর্ট সিস্টেমকে সরকার পরিচালনা করবেন তখন তাদের চাকরীর একটা সুব্যবস্থা হবে। সে কথা আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সুস্পষ্টভাবেই বলেছেন আমরা তাদের বিষয় বিবেচনা করছি এবং ধীরে ধীরে আমরা সে বিষয়ে চেষ্টা করছি। আমরা আশা করি যে আগামী বাজেট অধিবেশনে তাঁর মুখ থেকে আমরা শুনতে পাব এবং দেখতে পাব যে তাদের চাকরীর একটা সুব্যবস্থা হয়েছে।

তারপর ট্রেনিং ক্লাস সম্বন্ধে বলা হচ্ছে। ট্রেনিংএর সময় তাদের এক টাকা করে যে দেওয়া হয় তার মধ্যে আমি কিছু অন্যায় দেখছি না। কারণ একজন লোক তাকে কোয়ালিফাই করার জন্য নিজের পয়সায় তার কাজ শেখা উচিত। এখানে মনে করুন একজন লোক বি.এ, এম.এ, যখন পড়তে যায় তখন সে তার নিজের পয়সায় পড়ে সে নিজের কোয়ালিফিকেশন বাড়াতে যায় এবং তারজন্য তাকে পয়সা দিতে হয়। দেশের মধ্যে বহু বেকার কাজের জন্য ঘুরে বেড়াচ্ছে, কিন্তু তার মধ্যে কয়েকটি লোকের জন্য কি গভর্নমেন্ট থেকে তাদের সংসার চালাতে হবে, চাকরীর ব্যবস্থা করে দিতে হবে? এই যদি হয় তাহলে সেটা বড় মুস্কিলের ব্যবস্থা হবে। কাজেই ট্রেনিং অবস্থায় তাদের যে এক টাকা করে দেওয়া হচ্ছে সেটা কিছু বেশী করা যেতে পারে, কিন্তু এই ব্যবস্থায় রেলওয়েতেও রয়েছে। রেলওয়েতে আমরা

দেখেছি যে, যারা ট্রেনিংএ আছে তাদের এক টাকা আট আনা করে ডেলি দেওয়া হয় এবং যতদিন তারা ট্রেনিং অবস্থায় থাকে ততদিন এটা দেওয়া হয়। তারপর ট্রেনিং পাশ করার পর যে যেরকম কাজের উপযুক্ত হয় তাকে সেই রকম কাজে রাখা হয়। ট্রেনিংএ একটা বেতন না দিয়ে তাদের যে একটা ট্রেনিং এ্যালাউএ্যান্স দেওয়া হচ্ছে সেটাতো খুব অন্যায় হচ্ছে না। এই প্রসঙ্গে বলা যায় যে স্টেট বাস যেভাবে পরিচালিত হচ্ছে তার মধ্যে কিছু ত্রুটি থাকতে পারে, নাও থাকতে পারে, কিন্তু তার জন্য আমরা সকলেই দায়ী। আজকে ভাড়া আদায় কম হয় কি বেশী হয় তার জন্য কন্ডাক্টার, ড্রাইভার যেমন দায়ী তেমনি যারা গাড়ীতে চাপেন তাঁরাও খানিকটা দায়ী। কারণ আমাদের মধ্যে কিছু লোক থাকতে পরেন, অধিকাংশ লোক না থাকতে পারেন—যাদের পয়সা না দিয়ে গাড়ী চাপার অভ্যাস আছে। সেই অভ্যাসের জন্য ড্রাইভার কি কন্ডাক্টর দায়ী বা গভর্নমেন্ট দায়ী এ কথাও বলা যেতে পারে না।

তারপর এখানে নয়া পয়সা সম্বন্ধে বলা হয়েছে। এখনও পর্যন্ত বাসে পুরাতন পয়সা চলছে—নয়া পয়সাও চলছে। সেই পুরাতন পয়সা যা চালু ছিল তাতে আমরা অভ্যস্ত ছিলাম। কিন্তু এই নয়া পয়সা এবং সেই পুরাতন পয়সার মধ্যে একটা রিলেসান ঠিক করার জন্য একটা কমিটি বসেছে। তাঁরা শীঘ্র একটা কিছু স্থির সিদ্ধান্তে এসে যাবেন এবং তারপর নয়া পয়সার সঙ্গে পুরাতন পয়সার সম্পর্কটা কি হবে সেটাও স্থির হয়ে যাবে। এটা শুধু ট্রাম-বাসের ব্যাপারে নয়, সমস্ত বাজারের ব্যাপারেও এতে আছে। সমস্ত বাজারে কাজকর্ম কিছুদিন পরে যখন নয়া পয়সা চলবে তখন নয়া পয়সার সঙ্গে পুরাতন পয়সার কি রিলেসান হবে সেটাও ঠিক হয়ে যাবে। কাজেই নয়া পয়সার প্রচলন করায় আরও বেশী লাভ হচ্ছে বলাটা ঠিক নয় এবং এই অবস্থাতে যেসমস্ত কাটমোশান আনা হয়েছে সেটা আনা ঠিক হয় নি বলে আমি মনে করি। আপনারা যদি কর্মচারীদের বেতন বৃদ্ধির কথা বলতেন তাহলে তার জন্য কাটমোশান না করে এ্যাডিশন্যাল টাকা বাড়ানোর জন্য মোশান অনতে পারতেন। (ইন্টারাপসান্স।) কিন্তু আপনারা তা না করে কেবল কাটমোশান-ই চাপাচ্ছেন। এই কদিন থেকে দেখা যাচ্ছে যে প্রত্যেকটি ক্ষেত্রে তাঁরা বলেন যে, এখানে টাকা বাড়ান হোক, এখানে বাড়ান হল না কেন, কিন্তু সেই টাকা কোথায় পাওয়া যাবে তা তাঁরা বলেন না। বাজেটে যে টাকা নির্দিষ্ট আছে তারচেয়ে যদি বেশী দিতে হয় তাহলে তার জন্য যা হয় বলুন। কিন্তু সেখানে কাটমোশান না দিয়ে যদি তাঁরা এ্যাডিসন করার জন্য মোশান দিতেন তাহলে খানিকটা উপকার হত। অথচ সেসব কিছুই তাঁরা বলছেন না।

এই কথাগুলি বলে আমি স্টেট বাসের গ্রান্ট মঞ্জুর প্রস্তাব সমর্থন করি।

Mr. Speaker: It is because of Mr. Chobey that the debate was being interrupted.

Sj. Hemanta Kumar Chosal:

ও ধারতো দেখচেন না।

Mr. Speaker: You have no right to say that. Will you withdraw that? I have got to maintain order in this House. I have repeatedly requested Mr. Chobey not to interrupt when the other side is speaking. I have appealed to your whip, I have appealed to your party leader—if you do not follow it, it means absolute absence of discipline.

Sj. Bhupal Chandra Panda:

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি কয়েকটা কথা বলতে চাই। অবশ্য স্টেট বাস সংক্রান্ত বিষয় যখন আলোচনা হচ্ছে তখন শহরের ব্যক্তিদের মধ্যেই সেটা সীমাবদ্ধ থাকা দরকার। আমরা মফঃস্বলের লোক হলেও মাঝে মাঝে শহরে আসি কিন্তু শহরে এসে যে দুর্ভোগের অবস্থার মধ্যে পড়তে হয় তা যাদের প্র্যাকটিস নেই তাদের কিছুই এ সম্বন্ধে জানা নেই। অর্থাৎ লাফালাফি, ঠেলাঠেলি করে ওঠা তাদের পক্ষে যে কি দুর্ভোগের ব্যাপার সেটা সহজেই অনুমেয়।

প্রথম কথা, আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্য অনঙ্গবাবু বললেন যে, আমরা এসে দেখি যে দু মিনিট অন্তর অন্তর বাস পাওয়া যায়। কিন্তু কদিন তিনি শহরে আছেন তা আমি জানি না। উনি এমন জায়গায় থাকেন যে, গোটা থানাতে ১০ বছর পর্যন্ত এই স্বরাজ সরকার হওয়া সত্ত্বেও রাস্তায় একটি ইটও পড়ে নি। অথচ সেখানে তার একটা পরিকল্পনা দীর্ঘদিন হল হয়ে গেছে, কিন্তু কবে যে সেটা কার্যকরী হবে তা জানি না।

দ্বিতীয় কথা, ভাড়া সম্পর্কে। ভাড়া সম্পর্কে সত্যিই অত্যন্ত অন্যায় আচরণ হচ্ছে। আমরা সাধারণ মানুষের কাছ থেকে যতটুকুন পাচ্ছি এবং নিজেরা যা বুঝছি যে এই নয়া পয়সার মাধ্যমে ভাড়া বাড়ানোটা কোন ক্রমেই সমর্থন করা যায় না। এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা সমালোচনা নয়, বরং বাস্তব যা হচ্ছে সেই ফ্যাক্ট সবার সামনে আমি তুলে ধরছি। যদিও আজকে স্টেট বাস সম্পর্কিত আলোচ্য বিষয়, কিন্তু ভাড়া বাড়ানোটাই হচ্ছে প্রধান প্রশ্ন। মফঃস্বলে বিভিন্ন জায়গায় ট্যাক্স বৃদ্ধির সঙ্গে সঙ্গে একটা ব্রাইব সুরু হয়েছে। এই ব্রাইবটা সাধারণতঃ উত্তরবঙ্গে বেশী এবং দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাতেও এটা যথেষ্ট পরিমাণে আছে।

তৃতীয়তঃ মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে এই সূত্রে একটা কথা বলতে চাই। গ্রামাঞ্চলে যে অবস্থা তা এখনও পর্যন্ত এদের নজরে আসে নি। আমাদের জেলায় প্রধানতঃ একটা রেল রাস্তা মোটামুটি জেলার মধ্য দিয়ে গেলেও চারিদিকে যে বিস্তৃর্ণ গ্রামাঞ্চল সেই গ্রামাঞ্চলের এক অংশে প্রচুর কাদা এবং বর্ষার সময় আর এক অংশ একেবারে দুর্গম হয়ে যায়। এক অংশে যেমন মোটামুটি পাথুরে জায়গা—সেখানে রাস্তা তৈরি করতে খরচ কম লাগা সত্ত্বেও আজ অবধি তাও হল না। সেইসব রাস্তা এমন অবস্থায় রয়েছে যে, সেখানে শহরের সঙ্গে যোগাযোগ রাখা অসম্ভব হয়ে গেছে। সেখানকার ডি বি মারফত যেসমস্ত রাস্তা রয়েছে সেগুলোরও অবস্থা সুবিধের নয়। মাননীয় প্রধানমন্ত্রী যিনি এই বিভাগের কর্তা তিনি হয়ত মনে করতে পারেন যে, এগুলো আউট অফ পয়েন্ট হচ্ছে, কিন্তু আমি জানাতে চাই যে, ঐ সমস্ত রাস্তার এমন অবস্থা হয়েছে যে, সেখান দিয়ে রোগী নিয়ে যাওয়া যায় না। সেখানকার নির্বাচিত অঞ্জলী খাঁ মহাশয়ও জানেন যে ভাবীতলা থেকে মেদিনীপুর, বালাগড় থেকে মেদিনীপুর, ভাবতলা থেকে রামগড় এবং ঘেরাঘাট টু মেদিনীপুর পর্যন্ত যে রাস্তাগুলি আছে সেই রাস্তা দিয়ে বাসে যদি কোন রোগী যায় তাহলে সে হার্ট-ফেল করবে বা যদি কোন প্রসূতি যায় তাহলে তার যে কি অবস্থা হবে সেটা সহজেই অনুমেয়।

[4-30—4-40 p.m.]

Sj. Ganesh Ghosh:

মিঃ স্পীকার স্যার, এই ট্রান্সপোর্ট সম্পর্কে আমি প্রতি বছরেই আলোচনা করেছি, প্রতি বছরই মুখ্যমন্ত্রী, অর্থাৎ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু প্রতি বছরই এর কোন উপযুক্ত জবাব দেওয়া হয় না। এমন কি আমরা যে অভিযোগ আনি সেই অভিযোগ সম্বন্ধে অনুসন্ধান করা হয় না এবং যেগুলি অত্যন্ত অসুবিধাজনক সেগুলিকে ডাক্তার রায় এড়িয়ে চলে যান, জবাব দেন না। আজকে আপনার মাধ্যমে আমি ডাঃ রায়কে আবার বলতে চাই যে আমাদের কতকগুলো বিশেষ বিশেষ কথা আছে যেগুলি আমরা আগে বলেছি বা নতুন করে আমি কতকগুলি বক্তব্য যা বলছি সেগুলির জবাব ডাক্তার রায়ের কাছ থেকে আমরা শুনতে চাই। কোন কোন কংগ্রেসী বন্ধু এখানে বলেছেন যে অভিযোগ থাকলে অভিযোগ করুন না কেন। কিন্তু আমরা অভিযোগ যা করি কংগ্রেসী বন্ধুরা তার অনুসন্ধানের কি চেষ্টা করেন? আমরা দুর্নীতির কথা বলেছি, কিন্তু তাঁরা কি গিয়ে যাতে দুর্নীতি সম্বন্ধে অনুসন্ধান হয়ে দুর্নীতি বন্ধ হয় তার ব্যবস্থা কি করেছেন? মিঃ স্পীকার, আমি বিশেষ করে আজকে স্টেট ট্রান্সপোর্টএ যে দুর্নীতি আছে তা তাঁরা জেনেশুনেই সুপরিকল্পিতভাবে সেই দুর্নীতির পৃষ্ঠপোষকতা করেন। ঐ দুর্নীতি দূর করতে হলে বা সত্য যদি তাঁরা দুর্নীতি দূর করবার চেষ্টা করেন তাহলে জনসাধারণের সহযোগিতা নিন, তাহলে দুর্নীতি দূর হবে। কিন্তু আমি জানি যে তা তাঁরা চান না।

আমি জানি যে যাদের সম্বন্ধে অভিযোগ করা হবে তাদের সম্বন্ধে বলতে গিয়ে ডাক্তার রায় বলবেন যে এরা অতি ভাল লোক, এদের উপযুক্ততা আছে। মিঃ স্পীকার স্যার, আমি আপনার নজরে আনব যে আপনি দেখবেন যে যেগুলো অসুবিধাজনক সেগুলো সম্বন্ধে ডাক্তার রায়ের বলার কিছু থাকে না এবং তিনি পাশ কাটিয়ে নীরব থেকে যান এবং যেগুলি বলার আমরা সুযোগ পাব না সেগুলি তিনি খুব জোর দিয়ে বলে যাবেন। এই পরিবহণ বিভাগ হচ্ছে মাথাভারী বিভাগ, টপ হেভী এবং ইনএফিসিয়েন্ট। কিন্তু চেষ্টা করলে এই বিভাগকে আরও ভাল করা যায় বা আরও লাভজনক করা যায়। অথচ ওঁরা এ সম্পর্কে কোন নজর দেন না। ডাঃ রায় তো শুনছেন না বলে কি লাভ হবে! মিঃ স্পীকার স্যার, আমি যা বলতে চাই উনি তা শুনছেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ঐ একই কথা তো বারবার শুনি।

Sj. Ganesh Ghosh:

আমিও সেই কথাই বলছি যে, ঐ একই কথা বারবার বলতে হয় কারণ আপনারা কিছুই করেন না। বম্বের সঙ্গে যদি ছোট একটা তুলনামূলক আলোচনা করি তাহলে দেখব যে, বম্বের সঙ্গে আমাদের এই স্টেট ট্রান্সপোর্টএ যাঁরা দায়িত্বে আছেন তাঁরা কত অপদার্থ। ১৯৫৪ সালের বম্বের সঙ্গে ১৯৫৬ সালের কোলকাতার আমি তুলনা করব। বাংলায় স্টেট ট্রান্সপোর্টএর চেয়ে বম্বে ক্যাপিটেল ইনভেস্ট করেছিল আড়াই গুণ বেশী, কিন্তু তার যানবাহণের সংখ্যা বাংলার চেয়ে সাড়ে চার গুণ বেশী। এর রুট মাইলস কভার বাংলার চেয়ে পাঁচ গুণ বেশী করেছে। এইরকম কি আমাদের হতে পারে না—নিশ্চয় হতে পারে। অথচ ডাঃ রায় অনুসন্ধান না করে যত অপদার্থ ব্যক্তিকে যারা ওনার প্রিয় পাত্রের প্রিয়পাত্র ওদের বসিয়ে দেবেন। সেজন্য বলছি যে আপনি ভাল ভাল অফিসার নিয়ে, আমাদের দুই-এক জনকে নিয়ে বাহিরের লোকদের নিয়ে অনুসন্ধান করুন এবং এতে যারা অভিযুক্ত হবে কিম্বা যারা অপদার্থ বলে মনে হবে তাদের আপনি বিদায় করে দিন। এতে আপনার কি স্বার্থ আছে? আপনার কোন স্বার্থ থাকা তো উচিত নয়। কিন্তু আমরা যেন বিশ্বাস করতে বাধ্য হচ্ছি যে এতে আপনার কোন স্বার্থ রয়েছে।

এখন এমপ্লয়মেন্টের কথা আমি বলব। ১৯৫৬ সালে এই পরিবহণ বিভাগে ৪২৮ জন গেজেটেড এ্যান্ড সুপারভাইজরি অফিসার ছিলেন, সাধারণ এমপ্লয়ই ছিলেন ২ হাজার ১০০ জন। এটা হতে পারে যে প্রথম দিকে পরিকল্পনা করবার জন্য অনেক বেশী অফিসারের প্রয়োজন হয়, তবে আশা করেছিলাম যে, পরে এটা কমবে। কিন্তু সেটা কি কমছে? এখনও পর্যন্ত ১৯৫৬ সালে দেখতে পাচ্ছি যে ৬৩৪ জন গেজেটেড এ্যান্ড সুপারভাইজরি অফিসার এবং তিন হাজার ৬০০ জন এমপ্লয়ই। অর্থাৎ এক আর পাঁচ। এই রেসিও কি চিরকাল চলতে থাকবে? এই রেসিও কি বদলান যায় না? গেজেটেড র‍্যাঙ্কএ এই সমস্ত অফিসার কারা? এই সমস্ত বিষয়ে ডাঃ রায়ের বিশেষ করে নজর আকর্ষণ করছি। এ কথা কি ডাঃ রায় জানেন না যে ডিরেক্টর-জেনারেল অব ট্রান্সপোর্টেসনএ একটা কোটারী আছে এবং সেই কোটারীর মধ্যে যাঁরা না আসেন তাঁরা কিছুদিন পরে বিতাড়িত হন? এখানে শ্রীযুক্ত এস মজুমদারের সম্বন্ধে বলা হয়েছে। আমি একটা কথা ডাঃ রায়ের নজরে আনব যে আপনি কি খোঁজ নেবেন যে যখন চীনের প্রধানমন্ত্রী চৌ-এন লাই এসেছিলেন তখন অনেকগুলো গাড়ী স্টেট ট্রান্সপোর্টএর থ্রু দিয়ে ভাড়া করা হয়েছিল? শ্রী এস, মজুমদারের নিজের একখানা সরকারী গাড়ী আছে সরকারী কাজে ব্যবহার করার জন্য। সেই গাড়ীখানার নম্বর হচ্ছে ডবলিউ,বি,সি ৬৫৯। আপনি কি খবর নিবেন ডাক্তার রায় যে শ্রীযুক্ত মজুমদার সেই গাড়ীখানাকে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টকে ভাড়া দিয়ে ১০ টাকা করে ঘণ্টায় আদায় করেছিলেন কিনা? আমি জানি যে খবর উনি নেবেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

যখন আশা করছেন যে আমি করব না, তখন আর বলছেন কেন।

Sj. Ganesh Ghosh:

আর একটা জিনিস খোঁজ নেবেন কি যে সরকারী কাজে ব্যবহার করার জন্য যে গাড়ী দেওয়া হয়েছে সেই গাড়ী শ্রীযুক্ত মজুমদারের ছেলেপিলেকে নিয়ে প্রত্যেকদিন বিকেল বেলা হাওয়া খেতে বেরোয় কিনা? আমার নাম না বললেই ভাল হত, কিন্তু এ গুলোকে আমি ডাক্তার রায়ের কানের ভেতরে দিয়ে দেখতে চাই যে, তিনি কি করেন না করেন। শ্রীযুক্ত মজুমদারের মায়ের ব্যাঙ্কিংএ একটা বিভ্রাট হয়েছিল বলে অনেকবার অনেক ব্যাঙ্কে তাঁকে ছোটাছুটি করতে হয়েছিল। কিন্তু তাতে সরকারী গাড়ী ব্যবহৃত হয়েছিল কিনা খবর নিন। আমরা জানি তা হয়েছিল। সেজন্য বলছি এর অনুসন্ধান করে একটা ব্যবস্থা করুন এবং এতে আমরা থেকে সাহায্য করব। এতে ভাল এই হবে যে যদি তিনি সত্যি তা না করে থাকেন তাহলে আমরা ভবিষ্যতে আরও কেয়ারফুল হব যাতে আমরা এইরকম ফ্রিভলাস চার্জেস না আনি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কি নাম বললেন?

Sj. Ganesh Ghosh:

শ্রী এস, মজুমদার, স্বর্গীয় বিজয়রত্ন মজুমদারের ছেলে। তারপর শ্রীযুক্ত সৌমেন মিত্র, লেট এন, সি, ঘোষের ভাগ্নে। হি স্টার্টেড এ্যাজ এ ক্যাশিয়ার এবং সেই সামান্য ক্যাশিয়ার থেকে তিনি বড় হয়ে দুই-তিন বছরের মধ্যে প্রোমোশান পেয়ে ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট হলেন। অর্থাৎ কিনা গেজেটেড পোস্টএ গেলেন। আমি জানতে চাই যে এর জন্য তাঁর কি কি কোয়ালিফিকেশান আছে? একজন ক্যাশিয়ার, লেক ডিপোতে টাকা পয়সা গুণতেন, হঠাৎ তিনি একদিন ডিরেক্টর-জেনারেল অব ট্রান্সপোর্টএর নজরে পড়েই টায়ার সুপারভাইজর হয়ে গেলেন। টায়ার সুপারভাইজর করতে করতে তিনি কি করেছেন শুনুন। একটা গাড়ী ৫৫ হাজার মাইল যাবার পর সেই গাড়ীর টায়ারকে কনডেম করার পরে আবার দুবার লাগানোর পরেও এক্সপার্টরা কনডেম করেছিলেন। কিন্তু আমাদের টায়ার সুপারভাইজর, যিনি আগে পয়সা গুনতে অভ্যস্ত ছিলেন তিনি সেই টায়ার লাগিয়ে দিতেন, তা বার্স্ট করল এবং তাতে ডবল-ডেকার উল্টে গিয়ে অনেক লোক মারাও গেল। আমরা যখন এই কথা ডাঃ রায়কে বলেছিলাম তিনি তখন হিসাব নিকাশ দিয়ে যে আলোচনা করেছিলেন তা জানি না। তবে আমাদের বললেন যে

He was promoted after giving due training.

সেদিন বলার সুযোগ পাই নি বলে আজকে বলছি যে ডাক্তার রায় খবর নেবেন তো যে কি ডিউ ট্রেইনিং দিয়ে সেই ক্যাশিয়ারকে টায়ার ইন্সপেক্টার করা হয়েছিল এবং সেই ডিউ ট্রেইনিংএর সার্ভিস রেকর্ডটা কি? কিন্তু

How many times has he been suspended and how many times he has been chargesheeted.

আপনি খবর নেবেন তো যে কি ডিউ ট্রেইনিং তাকে দেওয়া হয়েছিল? আপনি যাকে খবর নিতে বলবেন তাঁর তিনি প্রিয়পাত্র। আপনি পরের কাছ থেকে যা শোনেন তাই আমাদের এখানে এসে বলেন।

ডাক্তার রায়কে আর একটা খবর নিতে বলছি। তিনি হচ্ছেন রায় চৌধুরী, ডাইরেক্টর-জেনারেল অব ট্রান্সপোর্টএর একজন ফেভারিট। ডাক্তার রায় শুনুন সমস্ত ব্যাপার। তিন-চার বছর আগে সাড়ে চার লাখ টাকার স্টোন কেনা হল—অবসলিট স্টোন, ইউজলেস স্টোন, সেই সাড়ে চার লাখ টাকার স্টোন ইউজড হল না, অবসলিট হয়ে গেল। আমি শুনেছি যে বিদেশ থেকে একজন এসে আশ্চর্য হয়ে বলেছেন যে এই ৬০-৭০ হাজার টাকার জিনিস পৃথিবীতে সব দেশে এক আধটা নেয়; কিন্তু এখানে যে কেন ১২টা না ১৬টা নেওয়া হয়েছে তা জানি না। হাউএভার, সেই সাড়ে চার লাখ টাকার স্টোন অবসলিট হয়ে গেছে। স্টোন পারচেজার প্রমোশান পেয়ে ডাইরেক্টর হয়ে গেছেন। সেই স্টোনকে রাইট-অফ করে পারচেজার ভাগলেন। ডাক্তার রায় কি এটা অনুসন্ধান করবেন? যদি তিনি এটা করেন তাহলে আমরা তাঁকে সাহায্য করতে প্রস্তুত আছি। সেই স্টোন যাতে রাইট-অফ করা হয় এবং যিনি পারচেজার তাকে যাতে ধরা না হয়

আমি জানি যে যাদের সম্বন্ধে অভিযোগ করা হবে তাদের সম্বন্ধে বলতে গিয়ে ডাক্তার রায় বলবেন যে এরা অতি ভাল লোক, এদের উপযুক্ততা আছে। মিঃ স্পীকার স্যার, আমি আপনার নজরে আনব যে আপনি দেখবেন যে যেগুলো অসুবিধাজনক সেগুলো সম্বন্ধে ডাক্তার রায়ের বলার কিছু থাকে না এবং তিনি পাশ কাটিয়ে নীরব থেকে যান এবং যেগুলি বলার আমরা সুযোগ পাব না সেগুলি তিনি খুব জোর দিয়ে বলে যাবেন। এই পরিবহণ বিভাগ হচ্ছে মাথাভারী বিভাগ, টপ হেভী এবং ইনএফিসিয়েন্ট। কিন্তু চেষ্টা করলে এই বিভাগকে আরও ভাল করা যায় বা আরও লাভজনক করা যায়। অথচ ওঁরা এ সম্পর্কে কোন নজর দেন না। ডাঃ রায় তো শুনছেন না বলে কি লাভ হবে! মিঃ স্পীকার স্যার, আমি যা বলতে চাই উনি তা শুনছেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ঐ একই কথা তো বারবার শুনি।

Sj. Ganesh Ghosh:

আমিও সেই কথাই বলছি যে, ঐ একই কথা বারবার বলতে হয় কারণ আপনারা কিছুই করেন না। বম্বের সঙ্গে যদি ছোট একটা তুলনামূলক আলোচনা করি তাহলে দেখব যে, বম্বের সঙ্গে আমাদের এই স্টেট ট্রান্সপোর্টএ যাঁরা দায়িত্বে আছেন তাঁরা কত অপদার্থ। ১৯৫৪ সালের বম্বের সঙ্গে ১৯৫৬ সালের কোলকাতার আমি তুলনা করব। বাংলায় স্টেট ট্রান্সপোর্টএর চেয়ে বম্বে ক্যাপিটেল ইনভেস্ট করেছিল আড়াই গুণ বেশী, কিন্তু তার যানবাহণের সংখ্যা বাংলার চেয়ে সাড়ে চার গুণ বেশী। এর রুট মাইলস কভার বাংলার চেয়ে পাঁচ গুণ বেশী করেছে। এইরকম কি আমাদের হতে পারে না—নিশ্চয় হতে পারে। অথচ ডাঃ রায় অনুসন্ধান না করে যত অপদার্থ ব্যক্তিকে যারা ওনার প্রিয় পাত্রের প্রিয়পাত্র ওদের বসিয়ে দেবেন। সেজন্য বলছি যে আপনি ভাল ভাল অফিসার নিয়ে, আমাদের দুই-এক জনকে নিয়ে বাহিরের লোকদের নিয়ে অনুসন্ধান করুন এবং এতে যারা অভিযুক্ত হবে কিম্বা যারা অপদার্থ বলে মনে হবে তাদের আপনি বিদায় করে দিন। এতে আপনার কি স্বার্থ আছে? আপনার কোন স্বার্থ থাকা তো উচিত নয়। কিন্তু আমরা যেন বিশ্বাস করতে বাধ্য হচ্ছি যে এতে আপনার কোন স্বার্থ রয়েছে।

এখন এমপ্লয়মেন্টের কথা আমি বলব। ১৯৫৬ সালে এই পরিবহণ বিভাগে ৪২৮ জন গেজেটেড এ্যান্ড সুপারভাইজরি অফিসার ছিলেন, সাধারণ এমপ্লয়ই ছিলেন ২ হাজার ১০০ জন। এটা হতে পারে যে প্রথম দিকে পরিকল্পনা করবার জন্য অনেক বেশী অফিসারের প্রয়োজন হয়, তবে আশা করেছিলাম যে, পরে এটা কমবে। কিন্তু সেটা কি কমছে? এখনও পর্যন্ত ১৯৫৬ সালে দেখতে পাচ্ছি যে ৬৩৪ জন গেজেটেড এ্যান্ড সুপারভাইজরি অফিসার এবং তিন হাজার ৬০০ জন এমপ্লয়ই। অর্থাৎ এক আর পাঁচ। এই রেসিও কি চিরকাল চলতে থাকবে? এই রেসিও কি বদলান যায় না? গেজেটেড র‍্যাঙ্কএ এই সমস্ত অফিসার কারা? এই সমস্ত বিষয়ে ডাঃ রায়ের বিশেষ করে নজর আকর্ষণ করছি। এ কথা কি ডাঃ রায় জানেন না যে ডিরেক্টর-জেনারেল অব ট্রান্সপোর্টেসনএ একটা কোটারী আছে এবং সেই কোটারীর মধ্যে যাঁরা না আসেন তাঁরা কিছুদিন পরে বিতাড়িত হন? এখানে শ্রীযুক্ত এস মজুমদারের সম্বন্ধে বলা হয়েছে। আমি একটা কথা ডাঃ রায়ের নজরে আনব যে আপনি কি খোঁজ নেবেন যে যখন চীনের প্রধানমন্ত্রী চৌ-এন লাই এসেছিলেন তখন অনেকগুলো গাড়ী স্টেট ট্রান্সপোর্টএর থেকে দিয়ে ভাড়া করা হয়েছিল? শ্রী এস, মজুমদারের নিজের একখানা সরকারী গাড়ী আছে সরকারী কাজে ব্যবহার করার জন্য। সেই গাড়ীখানার নম্বর হচ্ছে ডবলিউ,বি,সি ৬৫৯। আপনি কি খবর নিবেন ডাক্তার রায় যে শ্রীযুক্ত মজুমদার সেই গাড়ীখানাকে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টকে ভাড়া দিয়ে ১০ টাকা করে ঘণ্টায় আদায় করেছিলেন কিনা? আমি জানি যে খবর উনি নেবেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

যখন আশা করছেন যে আমি করব না, তখন আর বলছেন কেন।

নেগলিজেন্স কিসে?

He was very much intelligent enough to take bribe so that nobody else could know.

আপনি কি খবর নেবেন এ সম্বন্ধে? মিঃ স্পীকার স্যার, আর একটা চার্জসীটএর কথা আপনাকে বলে, আমি এ সম্বন্ধে আমার বক্তব্য শেষ করবো। অন্যায়ভাবে কি করে চার্জসীট দিতে হবে তার জন্য ওঁরা ইন্সপেক্টরদের ওসকান; বলেন যে তোমরা চার্জসীট দাও এমপ্লয়িদের বিরুদ্ধে। এমপ্লয়িদের নামে তোমরা এ্যাকিউজেসান আনো। বলা হয়েছে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল ট্রান্সপোর্ট ডিরেক্টরেট থেকে, ফ্রম এস, ঘোষ, এ, টি, এস, টু সামবডি যে,

it appears from the report against you that you submitted only three reports from 1st January, 1957 in respect of gate checking duty.

নিয়ম হল বাস আসলে পর গেটে দাঁড়ায় এবং উইদাউট টিকেটএ কেউ আছে কিনা, তাকে ধরে কন্ডাক্টরএর বিরুদ্ধে চার্জসীট দেওয়া হয়।

He submitted three charge-sheets.

ডাক্তার রায় শুনুন। তাকে বলা হচ্ছে—

this is highly irregular. However, you are warned and asked to be very particular in this matter. In future submit more and more charge-sheets so that we can dismiss more and more persons.

আমি তাই দাবী করি—

[At this stage the red light was lit and the member took his seat.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it is said in the English language that imitation is the sincerest form of flattery. Sir, if I have repeated what I said last time then I may say that my honourable friends opposite have also repeated the same type of charges and the same arguments which they used last time. But I am at a discount in this sense that they referred to various case saying "this has happened", "this has happened", etc. As I have just said they have thrown the mud but they do not give me an opportunity of cleaning the mud. If they were really sincere about the development of the Transport Department it was their duty to send these cases to me in time so that I could give a proper answer in the proper place. It is all very well to charge a very large number of people with nepotism and partiality and corruption, etc. But are they so clean? (A voice: Of course.) I repeat what was said of Henry the Eighth: "Tell me my Muse what monstrous dire offence could a Christian King incensed to such a rage; was it luxury or lust, was Henry the Eighth so temperate or so just."

Was Henry the Eighth so temperate and so just. That is the reply I give to them. If they are really sincere they would send me the charges. Sir, I confess that I am not supposed to know who is Majumdar, who is Das and who is Ghose. Sir, whenever any case is brought before me I do my level best to find it out. I have no interest in the matter and I have no favour to distribute. I only want this thing to develop in the proper way. Therefore the honest and the clearest course for them would be to let us know what their difficulties are in respect of the Transport Department. Mr. Ghose said just now that there are 600 or 700 gazetted officers and 3000 non-gazetted staff, if I have heard him correctly. I find there are 13 gazetted officers and 670 non-gazetted and 3,468 technical and skilled staff. Sir, a very pertinent question has arisen and it is that have we been able to supply enough vehicles for transporting a large number of people. I categorically say "No" until I can reach the target of 700 operating buses it is not possible for me to give that proper transport facilities to our people. But why have we not been able to do so? I said in my opening

speech that we have imported or indented chassis from abroad. We have given up the idea of bringing any bodies from abroad. We manufacture our own bodies but the chassis have to come from abroad. The type of chassis that we can get in India are not big enough or strong enough to hold 50 to 60 people that crowd inside the bus. Therefore we have got to bring that particular type of chassis—Leyland chassis. As I said before that although we have a programme to have 110 buses during the year 1957-58, I do not know whether we would be able to get all the buses. Until then I perfectly realise and I share the regret of my friends opposite that the number of buses that are available are not enough. Sir, mention has been made of route No. 32 by Shri Hemanta Kumar Basu. This route goes from Dhakineswar via Esplanade to Baranagore. This route has been taken over by the Transport Department on the 1st April, 1957, from private operators. There were about 33 buses in this route, each bus capable of holding 28 to 30 passengers. It may be that some of the buses might have been overcrowded. The Transport Department has placed 18 big buses and new buses with a carrying capacity of 35 to 36 passengers and 5 old buses having 28 seats. Similarly with regard to route No. 33, 24 buses with an average capacity of 29 seats used to ply before it was taken over by the Transport Department. Now we have 32 buses in this route. In the case of 35 and 35A, 17 private buses and 10 State buses with carrying capacity of 28 passengers used to ply in these routes. On replacement of private buses instead of 17 private buses 18 big buses have been put in with a larger capacity. I am also prepared to concede that these large buses, although they have a larger capacity, does not necessarily mean that they can run as quickly as the small buses and it is not possible for us to fill the gap until we have got more bus chassis imported from abroad.

Sir, I now come to the question of rates. It has been suggested that we charge high rates. I have got here rates of all the different States in India and that of Calcutta and I repeat what I said last year, namely, ours is the lowest. The B.E.S.T., Bombay, charge 7 pice per mile, Delhi 12 pies for the first mile and Madras 12 pies for the first mile, Uttar Pradesh 6 pice or 1½ annas and Calcutta charges 5.5 pies, or ½ anna for the first mile. I assert with all the strength at my command that ours is the lowest rate.

[4-50—5 p.m.]

But, Sir, that is not the point. The question has been raised as to whether we are not by utilising the naye paise charging more fare. As one of my friends has already said, the passengers are entitled to pay either in the old currency or in the naye paise until we have got a report from the expert body—a Commission—whom we have appointed Before that we consulted the tramways people and the private bus-owners. We decided that we shall follow whatever direction this particular Commission gives us with regard to our charging the various rates according to the naye paise.

As I said in my opening speech, we have got to realise on the one hand that we should have a pay scale for our staff; we should not keep them temporary for any length of time; but at the same time we must realise—as every industrialist or commercial man who wants to put his industry or commercial organisation on a firm footing realises—we must be able to feel that we are not becoming bankrupt. As I said repeatedly in this case it is not the intention of the Government to make profit but we want to keep up a little reserve. Already I find that due to no fault of ours, the Central Government has increased import duty on diesel engine from 17½ per cent. to 42½ per cent. from the beginning of 1956, and imposed an excise duty of

four annas per gallon of diesel oil from 1956-57 which has been increased in the last Central Budget to 6½ annas, while a further increase of 4½ annas per gallon has been made in the excise duty on petrol. There are two alternatives—either you give the people more salary—give them better pay-scale or you wait a little and see how this new duty and the new taxes would affect our future budget.

With regard to the staff, the Government of India has, as you know, enunciated a labour policy for the country as a whole. Employees in the Central Workshop and the Engineering Section of the depot to whom the Factories Act applies are given overtime whenever the period of work exceeds the legal time limit. Drivers and conductors who work with frequent periods of rest are governed by the Motor Vehicles Act which lays down nine hours' work exclusive of the period of rest. Our schedules of time are framed on this normal pattern and the drivers work for six or seven hours on the vehicle. Whenever it exceeds this period of time extra remuneration is given whether such remuneration is admissible under the Act or not. Under the International Labour Convention the spread-over, that is the period of work plus rest shall not exceed twelve hours. The Government of India have under consideration legislation to give effect to this convention. We try to release drivers and conductors within nine hours. Some change in the procedure is being adopted on the basis of the practices prevailing in London Transport after which conductors will be able to go back home in less time than now.

With regard to the question of *badli*, if a man is on the register he gets Rs. 1-8 whether he is employed or not; if he comes and gives his name and is shown as present in the morning he gets Re. 1-8 per day and he gets an extra Rs. 1-8 per day if he is taken for work. With regard to the drivers it is Rs. 2-8 for *badli* and Rs. 2-8 extra if they work. Both these people get rewards according to the collection which is made from day to day.

I said it before and I repeat that I have often seen the buses overcrowded particularly during office hours. It is true, as my friend Sj. Mitra has said, that sometime or often times women get very little opportunity of getting into the buses. I have wondered whether it would be possible for us to have a few more buses—to label a particular bus only for women passengers—because I know that a very large number of women now move about for doing their daily work—they are employed in different vocations in the different places. But I feel that apart from the number of buses that I might put in we might not be able to provide suitable number and suitable space unless the slow-moving traffic at least in the crowded areas of the town is eliminated because one *thela ghary* or one rickshaw or a *garur ghary* coming in between the vehicles stops the whole traffic behind. Therefore, we have got to think about it in a more comprehensive manner.

The pay-scale, as I said before, should be recast as soon as possible; we were not able to do it although we thought of doing so last year because we were not quite sure of our income being steady. If you take in a man on a fixed pay-scale we have got to keep him until he retires. That is a responsibility which we may not be able to take up light-heartedly.

My friend Sj. Provash Roy has talked about 76 and 76A and about Kalighat-Falta Railway. He might as well talk about the bus services in New York. I cannot control them. They are private owners and they have got their own charges. But I have been trying to negotiate with them only as a negotiator—not as a Government—to see if they cannot introduce at least a monthly rate system as used to happen when the trains were running. They have not yet given me their final answer.

There are many charges levelled in respect of various persons. Personally I do not know them but if my friend Sj. Ganesh Ghosh or Sj. Mitra were to give me the names I prominse that I will enquire about them.

About the obsolete store, I may not be quite sure but I am almost sure that some time ago we bought just in the beginning of the establishment of the garrage in Belghoria, a very large quantity of stores from the Disposals. Those who have purchased stores from the Disposals might well know that often along with the stores which might be usefully utilised there are many items which are not ultimately useful for us—they did not fit in and so on. It is possible that some stores may have been sold out by orders of the Cabinet. I am not quite sure. I cannot give more definite answer just now.

[5—5-10 p.m.]

With regard to the trainees there are three types of trainees—one that is sent by the Government of India to hold higher posts and they get during the training period Rs. 150 per month. The second type of trainees get Rs. 2-8 or Rs. 75 per month and the third one gets Re. 1-4, i.e., Rs. 37-8 per month. These trainees after their training are to be utilised for the purpose of driving the motor vehicles under the transport system. It is desirable, as I have indicated in my opening speech, that those drivers who are not used to driving diesel buses, particularly heavy diesel buses with high horse power, should be given a proper training for driving in a crowded place like Calcutta. It is no use our taking any example either from Bombay or from any other towns, because I believe Calcutta is peculiar in this respect, because here all the big offices are crowded round one place, namely round Dalhousie Square. That is not so, as far as I have seen elsewhere and naturally crowding takes place here.

With regard to the other schemes, as you are aware some years before—4, 5 or 6 years before—I had an estimate made and an assessment made of the probabilities of having an underground railway, because I felt that the time was coming when it would not be possible that our huge crowded streets should satisfactorily solve the problem of service transport. But things came in the way and we could not proceed although the plans are there.

With these words, Sir, I oppose all the cut motions and support the motion that stands in my name.

Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহোদয়, মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করি আর-টি-এর কি কোন আইন নেই—যে-কোন রেট তারা ফিক্স করতে পারে কি? সেটা মুখ্যমন্ত্রী জানালে সুখী হব। প্রাইভেট বাস হলে রাস্তায় কি যে-কোন রেট ফিক্স করবার অধিকার আছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আইন আছে।

Sj. Jatindra Chandra Chakravorty:

মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী তাঁর জবাবে বলেছেন যে ট্রাম ও স্টেট বাসএ পুরান পয়সায় ভাড়া দেওয়া চলে। তাঁর সঙ্গে আমরা যখন এ সম্পর্কে দেখা করেছিলাম তখন তিনি কমিশনের কথা বলেছিলেন—বলেছিলেন যে কমিশন যতদিন না হচ্ছে পুরান পয়সায় ততদিন ভাড়া নেওয়া হবে। কিন্তু পুরান পয়সায় ভাড়া দিলে এখন ট্রাম ও বাস কোম্পানী কন্ডাক্টরদের পুরান রেজগী দিচ্ছে না, নয়া পয়সাতে আমরা তাই নিতে বাধ্য হচ্ছি। যেখানে কমিশন টেবল গভর্নমেন্টের আছে তার থেকে অতিরিক্ত হারে ট্রাম কোম্পানী এবং স্টেট বাস ভাড়া নির্ধারিত করেছে, তার ফলে আমাদের কমিশন চালু—(নয়েজেস্ এ্যান্ড ডিস্টারবেন্সেস।)

Mr. Speaker: Mr. Chakravorty, I tried to point out to you that this was irregular and you continued. There cannot be any discussion of it at this stage.

I shall put all the cut motions except Nos. 4, 9 and 11 to vote.

(All the cut motions except motions Nos. 4, 9 and 11 were put and lost.)

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সি, ডি, ব্লক ও এন, ই, এস, ব্লক এলাকায় যে পরিমাণ সরকারী ঋণ দেওয়া হয় তাহা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। সাধারণভাবে সরকারী লোন দেওয়ার যে ব্যবস্থা আছে তার তুলনায় এই ব্লকগুলিতে বেশি পরিমাণ লোন দেওয়া হয় না। এ বিষয়ে সরকারী নীতি পরিবর্তনে ব্যর্থতা।

Sir, I beg also to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলায় মাত্র কয়েকটি থানায় এন, ই, এস, ব্লক স্থাপন করা হইয়াছে এবং একমাত্র ঝাড়গ্রামে একটি সি, ডি, ব্লক স্থাপন করা হইয়াছে। অথচ অধিকাংশ থানাগুলিতে এখনও এন, ই, এস, ব্লক চালু করা হয় নি। এই এন, ই, এস, ব্লক স্থাপন করা সম্পর্কে পক্ষপাতিত্ব বিদ্যমান এবং প্রতি থানাতে এন, ই, এস, ব্লক স্থাপন করা সম্পর্কে সরকার গড়িমসি করিতেছেন। অনুন্নত ও যোগাযোগবিহীন এলাকাগুলিতে এন, ই, এস, ব্লক স্থাপনের প্রায়োরিটি না দিয়া সরকার খেয়ালখুসীমত পক্ষপাতিত্বমূলকভাবে এই ব্লক স্থাপন করিতেছেন। এ বিষয়ে সরকারী নীতি অবিলম্বে পরিবর্তন প্রয়োজন।

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the disappointing result of the Community Development Project and National Extension Service.

Sj. Deben Sen: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of Com. projects and N.E.S. Blocks to meet the actual development problems of West Bengal. It is also moved to discuss the incapacity of Domjur N.E.S. Block in Howrah to solve the most acute problems of the area.

Sj. Deo Prakash Rai: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about road communications and other schemes under C.D. Projects and N.E.S. in Darjeeling.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Amal Kumar Ganguli: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to run the N.E.S. Block at Bagnan just to the needs of the local people.

Sj. Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Community Development Projects and N.E.S. Blocks and huge wastage of public money under those projects with little benefit to the people.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to sanction more money for development works with special reference to Local Development Works.

Sir, I beg also to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Community Development Projects in the district of Birbhum.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, মন্ত্রী তরুণ কান্তি ঘোষ, যেভাবে বক্তৃতা করলেন তাতে আমি ভাবছিলাম তিনি এই বক্তৃতা দেবার আগে এই বিষয়ে যে একটা সার্ভে হয়েছিল সেই ইভ্যালুয়েশন রিপোর্টটা পড়েছেন কিনা জানি না বা পেয়েছেন কিনা। আমার মনে হয় তিনি পান নি। তিনি একটা ডিপার্টমেন্টের ভার নিয়ে আছেন, তিনি একজন মন্ত্রী, আমি আশা করব তিনি এই রিপোর্টটা পড়বেন। এটা সেমি-গভর্নমেন্ট রিপোর্ট, যিনি চেয়ারম্যান ছিলেন তিনি একজন নন-অফিসিয়াল এটা হচ্ছে প্রোগ্রাম অব ইভ্যালুয়েশন, অর্গানিজেশন অব প্ল্যানিং কমিশন। আমি এখানে বলব আমি গভর্নমেন্টএর কাছে এজন্য কৃতজ্ঞ যে তারা অন্ততঃ এইরকম একটা সার্ভে করেছেন।

তারপর অনেক দিন হয়ে গেল। এন, ই, এস ব্লক, কমিউনিটি ডেভেলপমেন্ট সম্বন্ধে ফিরিস্তিপত্র ছড়িয়ে দিচ্ছেন এবং এ'রা বলছেন যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এটাই হচ্ছে কংগ্রেস সরকারের উদ্দেশ্য যে এইভাবে নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করে কয়েক বৎসরের মধ্যে ভারতে একটা নীরব বিপ্লব সাইলেন্ট রিভলিউশন আনবেন। এটাই এ'রা আমাদের বারে বারে শোনাচ্ছেন। সেজন্য আমি বলেছিলাম এটা খুবই ভাল হয়েছে, কিন্তু ইভ্যালুয়েশন রিপোর্ট বের করে এই সাইলেন্ট রিভলিউশন হচ্ছে কিনা লোকের মানসিক পরিবর্তন হচ্ছে কিনা এটা বোঝার প্রয়োজন আছে। শুধু জোর গলায় বক্তৃতা দিলে হবে না। মন্ত্রী তরুণ কান্তি ঘোষ যেভাবে উৎসাহের সংগে বলে গেলেন তা আমার শুনতে খুবই ভাল লেগেছে। কিন্তু যেটা হচ্ছে এই ব্যাপারে কী ফ্যাক্টর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সম্বন্ধে তিনি বল্লেন আমরা গ্রামে গ্রামে এই জিনিস করেছি, এই রাস্তাঘাট করেছি, বাড়ী করেছি এতে আমরা ইম্প্রেসড হয় নি। আমি বুঝতে পারলাম না তিনি কি করে বুঝতে পারলেন যে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএ কিম্বা এন, ই, এস, ব্লকএ লোকে উৎসাহ দেখিয়েছে। তাদের তো উৎসাহিত হবার কথা নয়। রিপোর্টএ আছে যেখানে যা যা করা হয়েছে বলছেন, সেই প্ল্যান তো সেই সময় হয় নি। আপনারা কিছু খরচ করেছেন, দুই-চারটা টিউব-ওয়েল বা ইরিগেশন ফেসিলিটিজ কিছু করেছেন, সীড ম্যানিওর প্রভৃতি কিছু কিছু আপনারা করেছেন। কিন্তু এতে তাদের লাভ কি হয়েছে। কিছু টাকা ধার দিলেন। কিন্তু এ টাকা কোথায় কিভাবে খরচ হল সে সম্বন্ধে আপনারা কোনদিন খোঁজখবর নিয়েছেন কি? প্রথম যখন আমাদের দেশে এই জিনিস ইন্ট্রোডিউসড হয় তখনই আমরা বলেছিলাম এবং লোকেও সন্দেহ প্রকাশ করেছিল এইভাবে কোন কাজ হবে না। সমস্ত দিক থেকে যদি তাদের মেটিরিয়্যাল কন্ডিসন বদলাতে হয় যদি তাদের মন পরিবর্তন করতে হয় তাহলে প্রথমে যেটা করতে হবে সেটা হচ্ছে তাদের জমির মালিক করা এবং শুধু জমির মালিক করেও হবে না, তাদের পর্যাপ্ত পরিমাণ টাকা ধার দিয়ে সাহায্য করারও প্রয়োজন আছে। শুধু সম্পন্ন কৃষকদেরই নয় যারা ল্যান্ডলেস, যারা জমিদার নয়, তাদের বিনা সিকিউরিটিতে দেবার ব্যবস্থা করতে হবে, তাদের বাদ দিলে চলবে না। এই সমস্ত লোককে টাকা সাহায্য দিয়ে, সেচের ব্যবস্থা করে দিয়ে এমন ব্যবস্থা করুন যাতে তাদের ক্রয়ক্ষমতা বাড়তে পারে। তারপর, আজকের দিনে যদি তাদের কো-অপারেটিভ স্পিরিটএ উদ্বুদ্ধ করে কো-অপারেটিভ ফার্মিং সায়েন্টিফিক মেথডএ ডেভেলপ করতে পারেন, কো-অপারেটিভস-এর ভিতর দিয়ে জিনিসপত্র বিক্রী করবার লার্জ-স্কেল ফার্মিং গড়ে তুলতে পারেন তাহলেই একমাত্র হতে পারে, উপর থেকে ভয় দেখিয়ে ভাঁওতা দিয়ে কিছু হবে না, রাইটার্স বিল্ডিংসএ বসে হবে না। এইসব জিনিস করতে গেলে উপযুক্ত লীডার খুঁজে বার করতে হবে, গ্রামবাসীদের সংগে মিশে গিয়ে কাজ করতে হবে। এসব না করে শুধু শুধু টাকা ঢাললেই কাজ হবে না। সমস্ত কিছু সার্ভে করে টাকা লোন দেবার প্রয়োজন হবে। এবং আরেকটা ব্যবস্থা করতে হবে যাতে যে টাকা দিলেন সেটা মেরে দিতে না পারে। যাতে একটা লাস্টিং এফেক্ট হতে পারে সেই ব্যবস্থা করতে হবে এবং এটাই হবে প্রধান লক্ষ্য। আপনারা নিজেরাই বলেছেন এই জিনিস কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট আপনারা আমেরিকা থেকে এনেছেন। এতে আমাদের আপত্তি নাই। আমেরিকায়ও ভাল জিনিস হতে পারে। কিন্তু মুস্কিল হচ্ছে তারা যা করেছে আমাদের এখানে ঠিক সেই কন্ডিসন নাও থাকতে পারে, তাদের নিয়মকানুনে করতে গেলেই মুস্কিল হয়। আমেরিকার আমাদের মত অবস্থা নয়। তাদের দেশে একজন ফার্মার-এর ১০০ একর জমি আছে। বড় বড় কোম্পানি ও ফার্মের ১০০-১৫০ একর জমি আছে, তারা ট্রাক্টর দিয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করে।

[6-5—6-15 p.m.]

এই যে এক্সটেনশন স্কীম এটা আমেরিকাতে আছে। সেখানে কি করা হয়? সেখানে তাদের রীতিমত শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। আমি এসব খুব ভাল করে জানিনে, কিন্তু কিছুটা পড়বার চেষ্টা করেছি, কিছুটা বুঝবার চেষ্টা করেছি। আমেরিকাতে কি করা হয়ে থাকে? আপনারা এটা সেখান থেকে নিয়েছেন এবং আপনাদের অনেক অফিসার সেখান থেকে শিক্ষা গ্রহণ করে এসেছেন শুনেছি। সেখানে বহু লোককে সায়েন্টিফিক প্রভৃতি শিক্ষা দেওয়া হয় —কি করে ম্যানিওর করতে হবে, কি করে সীড করতে হবে, কি করে চাষ ভাল করা যায়, উৎপাদনকে

মাল্টিপ্লাই করা যায়, মুরগীর ডিম কি করে ভাল হবে এর থেকে আরম্ভ করে সব কিছু জ্ঞান দেওয়া হয়, শেখান হয় এবং তারা শিখে নিয়ে সেই জ্ঞানের সদ্ব্যবহার করেন। সেখানে ক্যাপিটালিস্ট সমাজ, কিন্তু সেখানে তারা একথা বলেন যে গ্রামে গ্রামে গিয়ে যদি এইভাবে লোক তৈরী করতে না পারি তাহলে এগুলি সমস্ত ব্যর্থ হবে। ওদের ওখানে অবশ্য অন্য অবস্থা, অন্য সিস্টেম, সেটা আমাদের দেশে হতে পারে না, সেখানে প্রাইভেট কোম্পানীজ আছে, তারা হয়তো লাভের জন্য সীড টিড ইত্যাদি নিয়ে ব্যবসা করে, তাদের কন্ডিশনসএ তারা সেটা করছেন। আমি অবশ্য তা এখানে করতে বলছি না। আমি মূল কথা বলতে চাইছি, এই যে গ্রামের লোকদের তৈরি করুন যাতে তারা ইনিশিয়েটিভ নিয়ে এগিয়ে আসে সেইভাবে তাদের তৈরি করতে পারেন। যাতে তাদের উদ্যম বাড়াতে পারেন তাই করুন। এই সমস্ত জিনিসই করবার কথা ছিল। আমি বলতে চাই এগুলি যদি ভাল করে দেখতেন, ইন্ডিয়া গভর্নমেন্টএর এই যে সার্ভে হয়েছে এটা বাদ দিয়েও যদি আপনারা সিরিয়াস হতেন তাহলে আপনারা নিজেরাই সার্ভে করতেন, ন' মাস বা ছ' মাস সময় নিয়ে একটা সত্যিই ভাল সার্ভে করে দেখতেন। সেখানে দেখতে পারতেন কি হচ্ছে, আর কি হচ্ছে না। শুধু যদি সব সময় পার্টি পারপাজএ কাজ করতে যান তাহলে ভাল জিনিস কোনদিনই হবে না। সব সময় যদি এরকম ভাবেন, যদি খারাপ কিছু বলি তাহলে ভোট তো গেল, আর রিটার্নড হতে পারব না—সেইভাবে চিন্তা করলে আপনারা কোনদিনই ভাল জিনিস যেগুলি তার কিছুই করতে পারবেন না। খারাপ জিনিসগুলি দেখাবেন না, চেপে রেখে দেবেন, আর ভাল যতটুকু শুধু তাই দেখাবেন, সামনে বড় করে তুলে ধরবেন তাতে লাভ কি হবে? তাই, আপনারা যতই উৎসাহ, উদ্দীপনার ভাল ভাল কথা বলুন, গ্রামে গ্রামে গেলে কি ছবি দেখা যায়? এ'দের ইভ্যালুয়েশন রিপোর্টএ সেই কথা বলেছেন—এ'রা ভারতবর্ষের অনেক জায়গায় ঘুরেছেন, এ'দের উপর আমি কথা বলতে চাই নে। তাঁরা যা বলেছেন, তাঁদের যা অভিজ্ঞতা সেটা যদি মেনে নিই তাহলে অবস্থা তো সাংঘাতিক। এইসব যদি কন্টিনিউ করে তাহলে সিরিয়াস ডিফিকাল্টিতে গিয়ে পড়বেন। আমাদের বাংলাদেশে এই জিনসটা করা উচিত ছিল, কিন্তু আপনারা এটা করেন নি এখানে আপনাদের সিরিয়াসনেসএর অভাব দেখছি। আমার সময় কম, আমি শুধু ডাঃ বিধান চন্দ্র রায়—অবশ্য তিনি এখন এখানে নেই—১৯৫৬ সালে তিনি যে কতকগুলি কথা বলেছিলেন সেইগুলি থেকে দু-একটা আপনাকে বলছি। প্রথম ছিল গ্রাম ট্রাম ইত্যাদির কথা—নানারকম কথা তিনি বলেছিলেন—গ্রামে এই হবে, তাই হবে, সীড হবে, ফার্টিলাইজার হবে এইসব অনেক কথা বলেছিলেন, তারপর বলেছেন টাউনশিপও নিতে কি হবে—

"It was, therefore, envisaged that in these townships arrangements will be made, first of all, to provide training in technical subjects and secondly to give them help so that they might produce things which will be utilised by the villagers. These townships, therefore, could be regarded as producing centres and there would be a flow of goods and materials as between the villages on the one hand and the township on the other. We, therefore, consider the requirements of the villagers. According to the present scheme which has been accepted by the Government of India....."

এবং সেখানে কি হবে, না—

".....coarse textiles which are in common use by the villagers, footwear, leather goods, simple household furniture, door frames, windows, stools, tables, benches, taktaposh, kerosene lamps, earthen and metal utensils, agricultural implements, building materials of earth, stone, wood and metal, bamboo work, sheet metal products; there will be works for maintenance and repairs of articles in common use; workshops for repairs of articles in common use, etc. It is obvious, therefore, that if the township is to produce these it must be provided with cheap electricity."

এবং তিনি বলেন যে, এমনভাবে আমরা এইসব ব্যবস্থা করেছি, যাতে করে চীপ ইলেকট্রিসিটি যেসমস্ত জায়গায় পাওয়া যায় এবং পাওয়া যাবে সেখানে সেখানে এই সমস্ত ব্লক তৈরি করছি। এগুলি বলার পর বলেন, সেই ১০০টি ভিলেজ নিয়ে কি হবে। সে সম্পর্কে অনেক কথা বলেছেন। এখানে আর এক জায়গায় আছে—উত্তরে দিতে গিয়ে সেখানে এই সমস্ত কথা বলেছেন

তারপর অনেক দিন হয়ে গেল। এন, ই, এস ব্লক, কমিউনিটি ডেভেলপমেন্ট সম্বন্ধে ফিরিস্তিপত্র ছড়িয়ে দিচ্ছেন এবং এ'রা বলছেন যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এটাই হচ্ছে কংগ্রেস সরকারের উদ্দেশ্য যে এইভাবে নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করে কয়েক বৎসরের মধ্যে ভারতে একটা নীরব বিপ্লব সাইলেন্ট রিভলিউশন আনবেন। এটাই এ'রা আমাদের বারে বারে শোনাচ্ছেন। সেজন্য আমি বলেছিলাম এটা খুবই ভাল হয়েছে, কিন্তু ইভ্যালুয়েশন রিপোর্ট বের করে এই সাইলেন্ট রিভলিউশন হচ্ছে কিনা লোকের মানসিক পরিবর্তন হচ্ছে কিনা এটা বোঝার প্রয়োজন আছে। শুধু জোর গলায় বক্তৃতা দিলে হবে না। মন্ত্রী তরুণ কান্তি ঘোষ যেভাবে উৎসাহের সংগে বলে গেলেন তা আমার শুনতে খুবই ভাল লেগেছে। কিন্তু যেটা হচ্ছে এই ব্যাপারে কী ফ্যাক্টর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সম্বন্ধে তিনি বল্লেন আমরা গ্রামে গ্রামে এই জিনিস করেছি, এই রাস্তাঘাট করেছি, বাড়ী করেছি এতে আমরা ইম্প্রেসড হয় নি। আমি বুঝতে পারলাম না তিনি কি করে বুঝতে পারলেন যে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএ কিম্বা এন, ই, এস, ব্লকএ লোকে উৎসাহ দেখিয়েছে। তাদের তো উৎসাহিত হবার কথা নয়। রিপোর্টএ আছে যেখানে যা যা করা হয়েছে বলছেন, সেই প্ল্যান তো সেই সময় হয় নি। আপনারা কিছু খরচ করেছেন, দুই-চারটা টিউব-ওয়েল বা ইরিগেশন ফেসিলিটিজ কিছু করেছেন, সীড ম্যানিওর প্রভৃতি কিছু কিছু আপনারা করেছেন। কিন্তু এতে তাদের লাভ কি হয়েছে। কিছু টাকা ধার দিলেন। কিন্তু এ টাকা কোথায় কিভাবে খরচ হল সে সম্বন্ধে আপনারা কোনদিন খোঁজখবর নিয়েছেন কি? প্রথম যখন আমাদের দেশে এই জিনিস ইন্ট্রোডিউসড হয় তখনই আমরা বলেছিলাম এবং লোকেও সন্দেহ প্রকাশ করেছিল এইভাবে কোন কাজ হবে না। সমস্ত দিক থেকে যদি তাদের মেটিরিয়্যাল কন্ডিসন বদলাতে হয় যদি তাদের মন পরিবর্তন করতে হয় তাহলে প্রথমে যেটা করতে হবে সেটা হচ্ছে তাদের জমির মালিক করা এবং শুধু জমির মালিক করেও হবে না, তাদের পর্যাপ্ত পরিমাণ টাকা ধার দিয়ে সাহায্য করারও প্রয়োজন আছে। শুধু সম্পন্ন কৃষকদেরই নয় যারা ল্যান্ডলেস, যারা জমিদার নয়, তাদের বিনা সিকিউরিটিতে দেবার ব্যবস্থা করতে হবে, তাদের বাদ দিলে চলবে না। এই সমস্ত লোককে টাকা সাহায্য দিয়ে, সেচের ব্যবস্থা করে দিয়ে এমন ব্যবস্থা করুন যাতে তাদের ক্রয়ক্ষমতা বাড়তে পারে। তারপর, আজকের দিনে যদি তাদের কো-অপারেটিভ স্পিরিটএ উদ্বুদ্ধ করে কো-অপারেটিভ ফার্মিং সায়েন্টিফিক মেথডএ ডেভেলপ করতে পারেন, কো-অপারেটিভস-এর ভিতর দিয়ে জিনিসপত্র বিক্রী করবার লার্জ-স্কেল ফার্মিং গড়ে তুলতে পারেন তাহলেই একমাত্র হতে পারে, উপর থেকে ভয় দেখিয়ে ভাঁওতা দিয়ে কিছু হবে না, রাইটার্স বিল্ডিংসএ বসে হবে না। এইসব জিনিস করতে গেলে উপযুক্ত লীডার খুঁজে বার করতে হবে, গ্রামবাসীদের সংগে মিশে গিয়ে কাজ করতে হবে। এসব না করে শুধু শুধু টাকা ঢাললেই কাজ হবে না। সমস্ত কিছু সার্ভে করে টাকা লোন দেবার প্রয়োজন হবে। এবং আরেকটা ব্যবস্থা করতে হবে যাতে যে টাকা দিলেন সেটা মেরে দিতে না পারে। যাতে একটা লাস্টিং এফেক্ট হতে পারে সেই ব্যবস্থা করতে হবে এবং এটাই হবে প্রধান লক্ষ্য। আপনারা নিজেরাই বলেছেন এই জিনিস কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট আপনারা আমেরিকা থেকে এনেছেন। এতে আমাদের আপত্তি নাই। আমেরিকায়ও ভাল জিনিস হতে পারে। কিন্তু মুস্কিল হচ্ছে তারা যা করেছে আমাদের এখানে ঠিক সেই কন্ডিসন নাও থাকতে পারে, তাদের নিয়মকানুনে করতে গেলেই মুস্কিল হয়। আমেরিকার আমাদের মত অবস্থা নয়। তাদের দেশে একজন ফার্মার-এর ১০০ একর জমি আছে। বড় বড় কোম্পানি ও ফার্মের ১০০-১৫০ একর জমি আছে, তারা ট্রাক্টর দিয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করে।

[6-5—6-15 p.m.]

এই যে এক্সটেনশন স্কীম এটা আমেরিকাতে আছে। সেখানে কি করা হয়? সেখানে তাদের রীতিমত শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। আমি এসব খুব ভাল করে জানিনে, কিন্তু কিছুটা পড়বার চেষ্টা করেছি, কিছুটা বুঝবার চেষ্টা করেছি। আমেরিকাতে কি করা হয়ে থাকে? আপনারা এটা সেখান থেকে নিয়েছেন এবং আপনাদের অনেক অফিসার সেখান থেকে শিক্ষা গ্রহণ করে এসেছেন শুনেছি। সেখানে বহু লোককে সায়েন্টিফিক প্রভৃতি শিক্ষা দেওয়া হয় —কি করে ম্যানিওর করতে হবে, কি করে সীড করতে হবে, কি করে চাষ ভাল করা যায়, উৎপাদনকে

কেন কমিয়ে দিলেন, কিন্তু তাতে যে কি হবে তা আমরা বুঝতে পারছি না। সেজন্য আমি এখানে বলছি যে যদি এই স্কীমে সামান্য কিছু উপকার করতে হয় তাহলে গ্রামে যেতে হবে। আপনারা যে পঞ্চায়েত বিল পাশ করেছেন তা দিয়ে কিছু হবে না। সেজন্য বলছি যে সত্যিকারের একটা পঞ্চায়েত করুণ যেটা একটা এ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট হবে। আপনাদের ঐ ব্লক সর্দার এবং ব্লক অফিসার দিয়ে গ্রামে এ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট করলে হবে না। বরং আপনারা সর্বনাশ করে দেবেন যদি ঐরকম একটা রাইটার্স বিল্ডিং গ্রামের মধ্যে আপনারা বসিয়ে দেন। সেখানে সত্যিকারের নির্বাচন করে গ্রামের লোককে পঞ্চায়েতের মধ্যে এনে তার মাধ্যমে এইসব কাজ করুন যাতে কিছুটা উপকার হবার সম্ভাবনা আছে বলে আমি মনে করি। কিন্তু আজ অবধি আপনারা সেদিকে যান নি। আপনি এই বইটা পড়ে দেখবেন যে এখানে স্পষ্টভাবে এই ইভ্যালুয়েশন রিপোর্ট-এ লিখেছে যে বেশীর ভাগ জায়গায় এইসব জিনিস ফেল করেছে। কিছু কিছু জায়গায় হয়ত সাকসিড করেছে, কিন্তু বেশীর ভাগ জায়গায় ফেল করেছে। তারপর আমি একটা কোটেশন দিয়েছিলাম, তা দিয়ে কোন লাভ নেই, কিন্তু এ সম্বন্ধে আপনি কি মনে করেন সেটা খালি আমাকে বলে দেবেন। আপনাদের বিড়লাজীর কাগজ ইস্টার্ণ ইকনমিস্টএ লিখেছে—

The Eastern economist dated 3rd May 1957 comments—"This fourth report of the Programme Evaluation Board should be an eye-opener..... If only those in authority would think less in terms of publicity and collecting laurels from foreign visitors and more in terms of giving silent service to the community, the next Evaluation Report may tell a happier and less disquieting story."....

বিড়লাজী আপনাদের লোক, তার কাগজেই তাঁরা যা লিখেছেন সেটা একটু নজর দিয়ে দেখবেন। আমরা কম্যুনিস্ট, বিরোধী দলের লোক বলে আমাদের কোন কথাই তো আপনাদের পছন্দ হয় না। আপনাদের নিজেদের বন্ধু যা বলেছেন সেটা আপনাদের বাঁচবার জন্যেই বলেছেন। কারণ আরও ডিসকোয়াইটিজ গ্রামে হয় বলেই উনি এইসব বলেছেন এ ছাড়া আর কোন কারণ নেই। সেজন্য বলছি যে এটা আপনারা একটু ভেবে দেখবেন।

Sj. Mihirlal Chatterjee:

অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী তরুণবাবু কম্যুনিটি প্রজেক্ট এবং এন, ই, এস, ব্লক সম্বন্ধে ব্যয়বরাদ্দের মুখবন্ধে যে কথা বলেছেন, কোন কার্পণ্যসুলভ মন নিয়ে তার প্রতিবাদ কিম্বা কোন ছাটাই প্রস্তাব উত্থাপন করতে আমি চাই না। কারণ, যে সকল কাজের কথা তিনি বলেছেন, সেই সকল কাজ তিনি এবং সরকার পক্ষের সদস্যরা দেশের পক্ষে যেমন কল্যাণজনক বলে মনে করেন, সেইরকম কাজের জন্য উৎসাহ অন্যান্য দলের লোকেরও কোন অংশে কম নেই। তিনি এই কথা বলেছেন যে, কম্যুনিটি প্রজেক্ট এবং এন, ই, এস, ব্লকের কাজ এতদিন বাংলাদেশে মাত্র ৬৫টি জায়গায় ছড়ান ছিল, বৎসর মধ্যে ১০২ জায়গায় কি ১০৩ জায়গায় কম্যুনিটি প্রজেক্ট এবং এন, ই, এস ব্লক চালু হবে ; এবং গভর্নমেন্ট আগামী দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে বাংলাদেশের সমস্ত থানাকে এন, ই, এস, এবং কম্যুনিটি প্রজেক্টের অন্তর্ভুক্ত করতে চান। কিন্তু কম্যুনিটি প্রজেক্ট এবং এন, ই, এস, ব্লক-এর কার্য সম্বন্ধে যতখানি উচ্চ ধারণা তাঁরা পোষণ করেন, ব্লক এলাকার লোক কিম্বা বাহিরের লোকে সেই ধারণা পোষণ করে না। সরকার যথেষ্ট পরিমাণে যে টাকা খরচ করেন এ কথা সত্যি এবং সেই টাকাতে কিছু যে উপকার হয় না একথা কোন লোকই বলে না। এবং এই কথা বললে সেই কথা শোনবার যোগ্য নয়। পুকুর কাটলে, সেচের ব্যবস্থা করলে, বিভিন্ন কাজের জন্য ঋণ দিলে, রাস্তাঘাট করলে মানুষের যে উপকার হয় সে বিষয়ে সন্দেহ নেই, কিন্তু সরকার টাকা খরচ করতে গিয়ে যে পরিমাণ টাকা অপব্যয় করেন তার খবর সাধারণ লোকে বাহিরে থেকে পায় না। কম্যুনিটি প্রজেক্ট এলাকার কাজ যদি লক্ষ্য করা যায় তাহলে সে দেখা যাবে যে সেই সকল এলেকার লোকে বোঝে যে সরকার কম্যুনিটি প্রজেক্টের নামে, ডিপার্টমেন্টাল অফিসএর নামে যে টাকা খরচ করে তার কত পরিমাণ সম্পূর্ণ পন্ড হয় এবং কি পরিমাণ অর্থ অকারণে অপব্যয় হয়। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে একটা কথা বলতে চাই। প্যাটেলনগর বলে একটা শহর সরকার পত্তন করছেন। সেই এলাকায় তিনি নিজেও গিয়েছেন। সেই প্যাটেলনগরে কাজের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে, কারণ নতুন একটা শহর তাঁরা পত্তন করতে চাইছেন। মামুদবাজারে প্রজেক্টের কথা এখানে

শ্রীজ্যোতি বসু মহাশয় বলেছেন। বীরভূম জেলার সেই মামুদবাজারের জন্য যে বিরাট অর্থ ব্যয় হচ্ছে তাতে প্রধানতঃ বহু কন্ট্রাক্টার যথেষ্ট পরিমাণে পয়সা রোজগার করছে। সরকার বলেছিলেন যে এই শহরে যারা বসবাস করবেন তারা নাগরিক সমস্ত সুখসুবিধা ভোগ করবে। কিন্তু সেই নাগরিকের সুখসুবিধা ভোগ করবার জন্য আজ পর্যন্তও সেই সরকারী শহরে একজনও সাধারণ লোক বসবাস করতে আসে নি। সমস্ত শহর যে উদ্দেশ্যের জন্য নির্মিত হয়েছিল, সে উদ্দেশ্য সকল দিক দিয়ে ব্যর্থ হয়েছে। নগর পত্তন করবার জন্য সরকার সেখানে টাকা খরচ করছেন সত্যি, কিন্তু সেখানে আসলে কোন নগর পত্তন হয় নি। সেখানে জল সরবরাহ করবার জন্য সরকার টাকা খরচ করেছেন এবং প্রত্যেক ঘরে ঘরে জলের কলের ব্যবস্থা সরকার করেছেন, কিন্তু সেই কল দিয়ে জল একদিনও পড়ে না। সেখানে জল সরবরাহ একদিনের জন্য হয় না, কেবল-মাত্র মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীরা যেদিন যায়, সেদিন মাত্র সেখানে জল সরবরাহ হয়, তাঁদের দেখানর জন্য। সেই শহরে লক্ষ টাকা খরচ করে সরকার ইলিকট্রিকের বন্দোবস্ত করেছেন এবং ঘরে ঘরে ইলেকট্রিক ব্যবস্থা হয়েছে, দু বছর আগেই, শহরের কাজ শেষ হয়ে গেছে, শহর তৈরী করতে কোন কাজ আর বাকী নেই। কিন্তু সেই শহরে একদিনের জন্যও ইলেকট্রিক সাধারণ লোক পায় না। সেই শহরে ইলেকট্রিক লাইট সরবরাহ হয়, যেহেতু সেখানে কিছু কিছু গভর্নমেন্টের ডিপার্টমেন্টাল অফিস আছে। প্যাটেলনগর সহরটি একেবারে খালি পড়ে থাকায় গভর্নমেন্টের কয়েকটা ডিপার্টমেন্টাল আফিস সেখানে নিয়ে গিয়ে সরকার বসিয়েছেন। সেই শহরে জল সরবরাহ করবার জন্য বিরাট, কৃত্রিম একটা ট্যাঙ্ক সরকার করেছেন। কিন্তু সেই পুকুরে জল আদৌও থাকে না। পুকুর কাটানোর পরে যখন জল ভর্তি করা হল তখন দেখা গেল যে ট্যাঙ্কের নল দিয়ে সমস্ত জল বেরিয়ে যায়, পুকুরে জল থাকে না। আমি জানি না সেটার নাম বিধান ট্যাঙ্কও হতে পারে, কিম্বা তরুণ ট্যাঙ্কও হতে পারে। সেই ট্যাঙ্কের যাতে জল থাকতে পারে তারজন্য সরকার কন্ট্রাক্টারদের কিছু পয়সা পাইয়ে দেবার ব্যবস্থা করে আবার নতুন করে সমস্ত ট্যাঙ্কের তলাটা এবং পাশটা সিমেন্ট দিয়ে বাঁধিয়ে দিয়েছেন। কিন্তু সিমেন্ট দিয়ে সমস্তটা বাঁধানোর পরেও সেই ট্যাঙ্কে জল একদিনের জন্য ভরাট করা হয় নি। সহরের বাসিন্দারা জল পাবে কোথা থেকে? জল পাবার কোন উপায় নেই। সরকার ভেবেছিলেন ট্যাঙ্ক থেকে শহরে জল সরবরাহ করবেন, কিন্তু পাহাড়ী অঞ্চলে সেই পুকুরের জল গরমে একেবারে শুকিয়ে যায়। তাঁরা ভাবেন যে ময়ূরাক্ষী ইরিগেশনের জল ক্যানেল দিয়ে যখন প্রবাহিত হবে তখন সেখান থেকে পাম্প করে জল নিয়ে সখের ট্যাঙ্কটি ভর্তি করা হবে। ময়ূরাক্ষী ইরিগেশানের জল বর্ষাকালে পাওয়া যেতে পারে।

[6-25—6-35 p.m.]

কিন্তু বর্ষার পর অন্য সময় ময়ূরাক্ষীর জল সরবরাহ হয় না। ক্যানেলে জল থাকে না, কাজেই ঐ পুকুরেও কোন জল থাকে না। সেজন্য শহরের লোক ট্যাঙ্কের জল বা কলের জল একদিনের জন্য ব্যবহার করবার সুযোগ এ পর্যন্ত পায় নি। সেখানকার লোকে বলে যে, এটা মহম্মদ তোগলকের রাজত্ব। কারণ মহম্মদ তোগলক দিল্লীর কাছে একটা বিরাট শহর পত্তন করবার চেষ্টা করেছিলেন—এখনও তার ধ্বংসাবশেষ পড়ে আছে—কিন্তু সেখানে গিয়ে কোন মানুষ বসবাস করে নি। প্যাটেলনগরের কাছাকাছি অধিবাসীদের সঙ্গে সহযোগিতা করে সরকার শহর পত্তন করতে চান, এমন কথা তাঁরা বলেন। কিন্তু শহর পত্তন করতে গিয়ে যে সকল মালিকের জমি দখল করা হয়েছে, সেই জমি সম্পর্কে এখনও কোন কম্পেনসেশন তারা পায় নি। শহর পত্তন করবার জন্য পাঁচ বছর আগে এইসব জমি দখল নেওয়া হয়েছে—সেই জমির মালিকরা এখনও পর্যন্ত কম্পেনসেশন পেল না। সরকারী কাজের এই হচ্ছে নমুনা যা কম্যুনিটি প্রজেক্টের এই হচ্ছে নমুনা। আমাদের বাংলাদেশের কম্যুনিটি প্রজেক্টের যিনি কমিশনার ছিলেন, তিনি নানা জায়গায় লম্বা চওড়া বক্তৃতা করে, দিল্লী প্রভৃতি অন্যান্য জায়গা থেকে লোক আকর্ষণ করে নিয়ে এসে প্যাটেলনগর দেখিয়েছিলেন এবং তারজন্য বহু হাততালি ও প্রশংসাপত্র পেয়েছিলেন। এর ফলে তিনি বাংলাদেশের ডেভেলপমেন্ট কমিশনারএর পদ ছেড়ে দিয়ে ইউনাইটেড নেশানসএ মোটা মাইনের চাকুরি নিয়ে চলে গেছেন। অর্থাৎ তাঁর কাছে কম্যুনিটি প্রজেক্ট চুলায় গেল, চাকরি হল সর্বস্ব। গণসংযোগের কথা যদি বলেন তাহলে তারও একটা নমুনা দিচ্ছি। কম্যুনিটি প্রজেক্ট এলাকার মধ্যে কুলকুড়ি বলে একটা জায়গাতে সরকার এক নতুন আজগুবি পরিকল্পনা করলেন

যে, মানুষ সেখানে পরস্পর পরস্পরের শিল্পজাত দ্রব্য বার্টার সিস্টেমএ দেওয়া নেওয়া বা কেনাবেচা করবে। এ জিনিস সম্বন্ধে আমাদের যিনি ডেভেলপমেন্ট কমিশনার তিনি স্টেটসম্যান কাগজে একটা চিত্তাকর্ষক প্রবন্ধ লিখেছিলেন। সেটে পড়ে লোকে অবাক হয়ে গেল যে সত্যিসত্যি বুঝি সেখানে একটা নতুন অর্থনৈতিক পরিকল্পনা হয়ত গড়ে উঠছে এবং এটা একটা দেখবার জিনিস বলে বহু লোক উৎসাহিত হয়ে উৎসুকভাবে সেখানে সেসব দেখতে গেলেন। সেখানে গিয়ে তাঁরা দেখলেন যে একটা মানুষ ঝুড়ি বুনছে, আর একজন লোক হয়ত লাইটস্ট্যান্ড (পিলসুজ) তৈরী করছে ; এবং তারপর পরস্পর পরস্পরের সঙ্গে সেই জিনিস আদানপ্রদান চালাচ্ছে। এইরকম ধরনের জিনিস দুই-এক বার চলার পরে সেই কাজ সেখানে সম্পূর্ণরূপে বন্ধ এবং সেখানে কোন এক্সচেঞ্জ আর হচ্ছে না। অথচ এই প্রহসন খবরের কাগজের মারফৎ, সরকারী প্রচার দপ্তরের মারফৎ, ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টএর মারফৎ যে কত প্রচার হয়েছে তার ঠিক ঠিকানা নেই। এই এক্সচেঞ্জ সম্বন্ধে প্রচার করবার জন্য ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে যে বই ছাপান হয়েছিল সেই বই আমি দেখেছি এবং সেই বই ছাপাতে যে পরিমাণ দাম লেগেছে তাতে আমার মনে হয় যে, সর্বসমেত সেই পরিমাণ টাকার জিনিস সেখানে এক্সচেঞ্জ হয় নি। আমি একথা বলি না যে ডেভেলপমেন্ট প্রোগ্রাম, কম্যুনিটি প্রজেক্ট কিম্বা ন্যাশনাল এক্সটেনশন স্কীমএর কাজ বন্ধ রাখা হোক। উন্নয়ন পরিকল্পনা খুব ভাল যদি তাহা যথাযথভাবে কাজে পরিণত করা যায়। কিন্তু কাজের জন্যে প্রচুর পরিমাণে যে টাকা ইন্ডিয়া গভর্নমেন্ট দেবে, সেই টাকা কি আমরা এমনভাবে খরচ করব যাতে সাধারণ মানুষের কোন প্রত্যক্ষ উপকার হবে না বা সাধারণ মনুষের সঙ্গে সেই কাজের কোন যোগাযোগ থাকবে না? সাধারণ মানুষের সমর্থন থাকবে না, বা তাদের কোন মঞ্জুরী থাকবে না? সরকার যে এলাকায় এইরকম ধরনের শহর পত্তন করতে যাচ্ছেন, যে এলাকায় ইলেকট্রিক ও জলের কলের ব্যবস্থা করতে যাচ্ছেন সেই এলাকার লোকের যদি বিন্দুমাত্র সমর্থন এতে থাকত তাহলে এই পরিকল্পনা কি কখনও ফেল করে বা ফেল করতে পারে? এই সমস্ত পরিকল্পনার গলদ হচ্ছে যে একে উপর থেকে চাপিয়ে দেওয়া হচ্ছে, তলা থেকে ইভলভ করে নি। সেজন্য বলছি যে তলায় লোকের সমর্থন পাবার চেষ্টা না করে, তাড়াতাড়ি লোক দেখান একটা কিছু গড়ে মন্ত্রীরা নিজেদের কাজের বাহাদুরী জাহির করতে চান এবং সেখানে সরকারী কর্মচারী যাদের ডেভেলপমেন্টএর জন্য নিযুক্ত করা হয়েছে তাঁরাও লোক ঠকান একটা জিনিস গড়ে তুলে সেটা রিপোর্ট করে সকলকে ভেল্কী লাগিয়ে দিতে চান। কাজেই ডেপেলপমেন্ট এলাকায় কাজ যদি ব্যাহত হয়ে থাকে তাহলে সেটা সুষ্ঠু পরিকল্পনার অভাবেই হয়েছে এবং যে ধরনের কাজ ডেভেলপমেন্ট এলাকায় করা উচিত ছিল সেই ধরনের ডেভেলপমেন্টএর কাজ হয় নি। এজন্য ইন্ডিয়া গভর্নমেন্ট থেকে টাকা দেয়, আমরা শুনতে পাই যে, আমেরিকান গভর্নমেন্টেরও কিছু হারাহারি অংশ এতে আছে এবং আমাদের বাংলা গভর্নমেন্ট থেকেও যথেষ্ট পরিমাণে টাকা খরচা করা হয়। কিন্তু যে এলাকায় এই সমস্ত কাজ হয় সেখানে কোন রকম কো-অপারেটিভ প্রচেষ্টা ডেভেলপ করে নি। যে শহরগুলো পত্তন করা হয়েছে সেসব স্থানে হাউসিং কো-অপারেটিভ কিছু নেই। কাজকর্ম সবই সরকারী কর্মচারীরা করান, কোন কো-অপারেটিভ অর্গ্যানিজেশন কিম্বা সংঘবদ্ধভাবে লোকাল চেষ্টার দ্বারা সেসব কাজ করা হয় না। সেখানে কন্ট্রাক্টর, ঠিকাদারদের রামরাজত্ব। কন্ট্রাক্টররা জানেন যেমন তেমন করে কাজ তাড়াতাড়ি শেষ করতে হবে। কন্ট্রাক্টররা যেন তেন প্রকারেণ কাজ শেষ করে পয়সা লুটছেন, সরকারের টাকা জলের মত খরচা হচ্ছে। কাজ যা হচ্ছে তা অতি নিম্নপর্যায়ের—সরকার পরে টের পাবেন। অথচ কাজের কাজ কিছুই হচ্ছে না। গঠনমূলক কাজ যে একেবারে হয় নি তা আমি বলব না। কিন্তু জ্যোতি বসু মহাশয় যে কথা বলেছেন সেটা ঠিক যে লোক দেখান কতকগুলি গ্রাম্য সমিতি বা মহিলা সমিতি বা ঐরকম কোন একটা ফাঁকিবাজি সৃষ্টি করাই হয়েছে। আসলে কোন জায়গায় কোন স্থায়ী কাজ হয় নি। অবশ্য স্থায়ী কাজ হয় নি বলে একথা বলবার নয় যে কোন কাজ হয় নি। তবে, যে উদ্দেশ্যের জন্য কম্যুনিটি প্রজেক্ট এবং এন. ই, এস, ব্লকের সৃষ্টি হয়েছিল সেই উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। অর্থাৎ এর মধ্যে দিয়ে জনগণের চেতনা জাগবে, স্বাবলম্বনবৃত্তি জাগ্রত হবে, নিজেদের পক্ষ থেকে যেটুকু দেবার সেটুকু দেবে, সরকার পক্ষ থেকে যেটুকু দেবার সেটুকু গ্রহণ করবে—এমন কোন পরিবেশ সৃষ্টি করা হয় নি। সরকার এবং জনসাধারণের যৌথ চেষ্টায় উন্নয়ন এলেকাসমূহে অর্থনৈতিক, সামাজিক ও ত্রৈবর্ষিক উন্নতি সাধনের উদ্দেশ্য থেকেই এই কম্যুনিটি প্রজেক্ট এবং ডেভেলপমেন্ট স্কীমএর সৃষ্টি

হয়েছে। কিন্তু সে উদ্দেশ্য সম্পূর্ণ রকমে ব্যর্থ হয়েছে। আমি দেখেছি যে, যেমনভাবে সরকারী অন্যান্য ডিপার্টমেন্টের কাজ চলে—ডেভেলপমেন্টএর কাজ সেই রীতিতেই চলছে। কোন নূতনত্ব নেই, সাধারণকে অনুপ্রাণিত করবার কোন বিশেষত্ব নেই। টাকার শ্রাদ্ধ হচ্ছে; কিন্তু জনসাধারণকে গড়ে তুলবার, জনসাধারণকে উৎসাহিত করবার মতন কোন কাজ আজ পর্যন্ত হয়েছে বলে আমার মনে হয় না।

Sj. Chitto Basu:

মাননীয় স্পীকার মহাশয়, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ও ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে মাননীয় মন্ত্রীমহাশয় যে একটা সুন্দর ছবি এখানে তুলে ধরেছেন, যারা সেইসব এলাকায় কাজ করে, সেসব এলাকায় থাকে, তাদের কথা যদি বিশ্বাস করতে হয়, তাদের অভিজ্ঞতা যদি সত্য হয়, তাহলে বলতে হয় যে মাননীয় মন্ত্রীমহাশয় ঠিক কথা বলেন নি বা বলতে চেষ্টা করেন নি। যাই হোক, এ ছাড়াও কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এবং ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস সম্বন্ধে এবং ডেভেলপমেন্ট কমিশনারএর অনেক বক্তৃতা ছাপিয়ে বের করেছিলেন, অনেক তথ্য বের করেছেন, সেই সমস্ত দেখে মনে হয় এত হাই-সাউণ্ডিং প্ল্যাটিচিউডস—সেইগুলি তুলে ধরেন যার সাধারণ মানুষের জীবনের সঙ্গে কোন সম্পর্ক নেই। তিনি হয়ত বা কোন গ্রাম পরিদর্শন করতে গিয়েছিলেন এবং সেখানে দুই-একটা জনকল্যাণমূলক জিনিস দেখেছেন সেই অভিজ্ঞতা বর্ণনা করে তিনি এই কথাই প্রচার করতে চেষ্টা করেছেন যে, ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস ও কম্যুনিটি ডেভেলপমেন্ট ওয়ার্কাসএর ভিতর দিয়ে গ্রাম্য জীবনের অর্থনীতি এবং সমাজ জীবনে একটা বিরাট বিপ্লব হবে এবং এই বিপ্লবের মধ্যে দিয়ে সমাজকে পুনর্গঠন করা সম্ভব হবে, তখন আর একজন সরকারী কর্মচারী বলছেন—

C. D. P. blocks are like paper flowers stuck up in the soil.

তাহলে বুঝুন একজন সরকারী কর্মচারী বলছেন এই কথা, আর একজন সরকারী কর্মচারী বলছেন আর এক কথা। জানি না কি কারণে তিনি এই সত্য কথা হঠাৎ বলে ফেলেছেন। প্রকৃত পক্ষে সেখানে যে কাজ হচ্ছে তার একটা ছবি আমাদের সামনে দিলে আমরা বুঝতে পারতাম। যাই হোক বিভিন্ন এলাকার উদাহরণ দিয়ে প্রকৃতপক্ষে গভর্নমেন্ট এই ব্যাপারে কতটা সিরিয়াস সে কথাই আপনার সামনে প্রমাণ করতে চেষ্টা করবো।

[6-35—6-45 p.m.]

যাহোক এখন আমাদের সামনে অনেকে বিভিন্ন এলাকার উদাহরণ দিয়ে বলেছেন। একটা উদাহরণ দিয়ে প্রকৃতপক্ষে গভর্নমেন্ট যে অতখানি সিরিয়াস নন—এ কথা আপনাদের সামনে প্রমাণ করবার চেষ্টা করবো। গত বছর অক্টোবর মাসেতে বারাসাত এলাকা ঐ এন, ই, এস, ব্লকের জন্য নাকি নির্ধারিত হল। অক্টোবর থেকে আজকে যে পর্যন্ত এই কয়েক মাস ধরে আমি হিসেব করে দেখেছি এক একটি অফিসে গড়ে মাসিক ৩ হাজার টাকা খরচ হয়। সংবাদ নিয়ে জানা গেছে ছয় সাত মাস ধরে এস্ট্যাব্লিশমেন্ট বাবদ হাজার হাজার টাকা খরচ হয়েছে, অথচ এখন পর্যন্ত কোন পরিকল্পনা তাঁরা করতে পারলেন না; এমন কি আজ পর্যন্ত কোন এ্যাডভাইসরি বোর্ড পর্যন্ত তাঁরা গঠন করতে পারলেন না। তাই বলছি—গ্রামসেবক ও সেবিকারা যখন চান—এই কাজ হবে, তখন সেই কাজ হবে। সেখানে টিউবওয়েল করার কোন পরিকল্পনা প্রকৃতপক্ষে তাঁরা গ্রহণ করেন নাই, যে পরিকল্পনার মধ্য দিয়ে বলা যেতে পারে যে এর দ্বারা সেই এলাকার জনসাধারণের উপকার হবে, জনসাধারণের উন্নতি হবে।

সম্প্রতি শুনতে পেলাম সেখানকার ইউনিয়নের জনসাধারণ সহযোগিতা করবেন—তারা আর্থ ওয়ার্ক করবেন এবং সেই আর্থ ওয়ার্ক করবার জন্য সরকার কিছু টাকা দেবেন। কিভাবে এটা তারা গ্রহণ করবেন ইত্যাদি এখন পর্যন্ত কোন জিনিস সরকার পক্ষ থেকে পরিকল্পনা করা হয় নাই। অথচ তারা অত্যন্ত গর্বের সঙ্গে বলছেন জনসাধারণের সহযোগিতায় বর্তমান গ্রাম্যজীবনের পুনর্গঠন করতে হবে। সেই সহযোগিতা যদি জনসাধারণের কাছ থেকে আদায় করতে হয় তাহলে নতুন পদ্ধতি অবলম্বন করে অগ্রসর হতে হবে। তাঁরা এই সমস্ত কাজের জন্য যে এ্যাডভাইসরি কমিটি গঠন করেন, তাতে কোন স্থানীয় প্রতিনিধি থাকে না। স্থানীয় উদ্বাস্তুদের কোন প্রতিনিধি থাকে না,

স্থানীয় যুবকদেরও কোন প্রতিনিধি সেখানে থাকে না। সরকার যদি মনে করেন গ্রামের যারা প্রতিভূ, যারা কমিউনিটি স্পিরিট ডিসরাপ্ট করে ইনস্টেড অব বিল্ডিং আপ, যারা গ্রামের শান্তিকে নষ্ট করে, যারা দলাদলি করে, তাদের দ্বারা এই ধরনের এ্যাডভাইসরি বোর্ড করবেন এবং তারপরে বলবেন জনসাধারণের সহযোগিতা চাই, তাহলে সরকার তা পেতে পারেন না। সরকার যদি প্রকৃতই জনসাধারণের সহযোগিতা আদায় করতে চান, তাহলে এমন ধরনের পরিকল্পনা করা দরকার যাতে সমাজের সকল স্তরের মানুষের—কৃষক, উদ্বাস্তু, যুবক, সকলের সহযোগিতার ভিত্তিতে সম্মেলন ইত্যাদি করে তার ভেতর দিয়ে স্থানীয় প্রতিনিধি নিয়ে পরিকল্পনা গ্রহণ করা দরকার। আমরা দেখলাম ব্লক ডেভেলপমেন্ট অফিসার যিনি, তিনি রিলিফএর কাজ করবেন। আরো আমরা দেখছি—কার রিলিফ পাওয়া উচিত, কার উচিত নয়—এইসব কাজও করবেন। গ্র্যাটুইটাস রিলিফ কে পাবে বা কে পাবে না, এও তাকে ঠিক করতে হবে—এস, ডি, ও-এর নির্দেশ। পরিকল্পনাগুলি কার্যকরী করার জন্য তার লিস্ট করতে হবে, লোক্যাল ডেভেলপমেন্ট কোথায় কি দরকার। এস, ডি, ও, সার্কল অফিসার সে সম্বন্ধে পরামর্শ দেবেন। জলের কল আমরা ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে শতকরা ৫০ ভাগ টাকা দিয়ে পেলে পর সেটাকে মেইনটেন করার দায়িত্ব এখনো সরকারের নাই। অর্থাৎ যদি জলের কল খারাপ হয়ে যায়, তাহলে তা সারিয়ে ঠিক করবার জন্য এ ডিপার্টমেন্ট থেকে ও ডিপার্টমেন্ট ঘোরা এবং এস, ডি, ওর সঙ্গে পরামর্শ করা ছাড়া কিছু করার থাকে না।

সম্প্রতি আমসী একটা ব্লক হয়েছে। সেখানে অফিস এখনো করা হয় নাই। সেখানকার অফিসার বলেন তাদের কোন অফিস দেওয়া হয় নাই। তিনি সার্কেল অফিসারের অফিসে বসে কাজ করেন। তাহলে দেখুন গ্রাম্যজীবনের উন্নতির জন্য যে ধরনের বাস্তব পরিকল্পনা গ্রহণ করা দরকার, তা তাঁরা করছেন না। গ্রামে যেখানে সাধারণ মানুষের দারিদ্র্য দিনের পর দিন বেড়ে যাচ্ছে, যেখানে বেকার দিন দিন বেড়ে যাচ্ছে, সেখানে পরিকল্পনাহীনভাবে কোন কাজ হতে পারে না। এই যেখানে গ্রামের অবস্থা সেখানে অর্থনৈতিক পুনর্গঠন না করে সামান্য দিয়ে দারিদ্র্যের দাসত্বে আবদ্ধ রেখে কেবল দিনের পর দিন অত্যাচার ও নির্যাতনের বোঝা বাড়িয়ে তোলা হচ্ছে। এমতাবস্থায় গ্রামের সংস্কার করা যায় না, উন্নতি করা যায় না। অথচ একথা আমরা সকলে মনে করি যদি প্রকৃতপক্ষে গ্রামের উন্নয়ন করা দরকার হয়, তাহলে জলের কল হওয়া দরকার, স্কুল হওয়া দরকার, হাসপাতাল হওয়া দরকার। এই সঙ্গে একটি কথা বোঝা দরকার যে সেই গ্রামের স্কুলে পড়বে কে? যারা খেতে পায় না তাদের সন্তান, না যারা সুখেস্বাচ্ছন্দ্যে থাকবে তাদের সন্তান? গ্রামের পাকা রাস্তায় হাঁটবে কে? ক্ষুধার্ত, ভিখারী কৃষক, না, যে কৃষক ধানের বোঝা নিয়ে যায় ঘাড়ে করে বাজারে বিক্রী করতে এবং বিক্রী করে হাসিমুখে ঘরে ফিরবে, সেই কৃষক? কিন্তু আমরা কি দেখি।

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, কমুনিটি প্রজেক্ট সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় যা বলেছেন, তাতে মনে হয়—তিনিও এ সম্বন্ধে কিছু জানেন না। মন্ত্রীমহাশয়রা চোখে কিছুই দেখেন না, তাঁরা কানেই সব দেখেন। সেখানে পুরাদস্তুর ১২টি অফিসার আছে। তাঁরা হরদম জীপ নিয়ে ঘুরছেন এবং তদন্ত করছেন। তাঁদের তদন্ত আর শেষ হয় না—তদন্ত তাঁরা করেই যাচ্ছেন। এইভাবে আজকে যেসব জায়গায় এন, ই, এস, বা কম্যুনিটি প্রোজেক্ট হয়েছে, সেইসব জায়গার মানুষ অতিষ্ঠ হয়ে পড়েছে। প্যাটেলনগরে ৯৫ খানা বাড়ি হয়েছে। সেই বাড়িগুলোকে এক বৎসর পরে দেখা গেল যে, মেরামত করতে হচ্ছে। বৃষ্টির সময় সেই বাড়ীতে দাঁড়াবার উপায় থাকে না। সেখানে বিজলী বাতি থাকা সত্ত্বেও মানুষ বাস করে না। বীরভূমে মামুদবাজারে জলের যে ট্যাঙ্ক তৈরী হয়েছে তার নাম আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নাম অনুসারে হয়েছে বিধান সরোবর। সেই বিধান সরোবর যখন খোঁড়া আরম্ভ হয় তখন সেখানকার চাষীরা বলেছিল যে, এখানে পুকুর যেন কাটা না হয়। কারণ এই পুকুরের তলাতে খড়িমাটির খনি আছে এবং এখানে পুকুর কাটলে জল থাকবে না। তারা এও বলেছিল যে, এখানে না কেটে বরঞ্চ গ্রামের কাছ দিয়ে কাটলে ভাল হবে এবং যদি পুরানো পুকুর সংস্কার করেন তাহলে তাতে

নাগরিকদের উপকার হবে এবং আমরা জল খেয়ে বাঁচব। তখন বড় বড় সব ইঞ্জিনিয়াররা বললেন যে, তোমরা কি জান, আমরা সব পাশ করা বড় বড় ইঞ্জিনিয়ার এবং আমরা যা বলছি এটাই ঠিক। সেখানে তাঁরা পুকুর কাটলেন, কিন্তু পুকুর কাটার পর সেখানে জল নেই। এদিকে প্রধানমন্ত্রী মহাশয় পরিদর্শন করতে যাবেন বলে খুব তাড়াহুড়া লেগে গেল। এ সম্পর্কে নীরোদবাবু কিছু বলেছেন। তখন প্রধানমন্ত্রীকে দেখাবার জন্য তারা পাম্প করে জল ট্যাঙ্কে ভরে দিল। সেখানে তদন্ত হয়ে গেল এবং দেখা গেল যে তাতে বেশ জল আছে। কিন্তু এখন সেখানে যান দেখবেন জল সেখানে নেই এবং সেটা একেবারে শুকিয়ে কাঠ হয়ে গেছে। এই হল সেখানকার জলের অবস্থা। এখন সেইসব জায়গায় জোর করে অফিসারদের গভর্নমেন্ট থেকে বাস করাবার চেষ্টা চলছে। তারপর সেখানে বহু টাকা অপচয় হয়েছে। সেখানে যে টাকা বরাদ্দ হয়েছে তার অর্ধেক টাকাটা যদি খরচ করা হত তাহলে মনে হয় জায়গাটা খুব ভাল হত। সেখানে চাষীদের দেবার জন্য প্রচুর যন্ত্রপাতি পড়ে আছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই যে সেগুলির মধ্যে কতগুলি চাষীদের দেওয়া হয়েছে এবং কতগুলি দেওয়া হয় নি। সেগুলোতে মরচে ধরে নষ্ট হয়ে যাচ্ছে। এই হল সেখানকার চাষীদের যন্ত্রপাতির অবস্থা।

এরপর সেখানে প্রচুর হাঁসের এবং মুরগির ডিম আনা হয়েছিল। সেইসব যে কত হাজার টাকার তা আমি বলতে পারি না এবং আমাদের ছোট মাথায় তা বলা সম্ভবপর নয়। সেখানে যে প্রচুর হাঁস এবং মুরগির ডিম আনা হয়েছে তার সঙ্গে নানান ধরনের মুরগি ও হাঁসও আনা হয়েছে। এইসব আনা হয়েছে হাঁস মুরগির চাষকে উন্নত করবার জন্য। কিন্তু সেগুলির মধ্যে যে কতগুলি বিলি করা হয়েছে এবং বাকিগুলি কি হয়েছে তার খবর আমি মন্ত্রীমহাশয়ের নিকট থেকে জানতে চাই। হাঁস বা মুরগির কত উন্নতি হল সেটা আমি জানতে চাই। আবার ওখানকার চাষীরা কাজের জন্য গেলে তাদের দরখাস্ত করতে তাঁরা বলেন এবং তার পরেই নাকি সমস্ত ব্যবস্থা করা হবে। দরখাস্ত করলে অফিসাররা তদন্ত করতে যান এবং তাঁদের এই তদন্তেরও সীমা থাকে না। একজন অফিসার গেলে আর একজন এসে আবার তদন্ত করতে যান। এই ভাবেই সমস্ত কাজ হচ্ছে।

[6-45—6-55 p.m.]

তারপর সোস্যাল এডুকেশন, এ্যাডাল্ট এডুকেশন সেন্টারএ যদি বাহিরের কেউ যান তখন সেখানকার কতকগুলি সাঁওতালকে ধরে নিয়ে এসে নাচ-গান ফূর্তি ইত্যাদি দেখান হয় আর মুখে বলেন যে, হ্যাঁ, সুন্দর নগর তৈরী হয়েছে। এইরকমভাবে নগর পরিকল্পনা চলছে। আবার মডেল ভিলেজ স্কীম ও এন. ই. এস. ব্লকএ আরম্ভ হয়েছে তার নমুনা আমরা বেশ দেখতে পেয়েছি। ইটগুলি সব পোড়ে নাই। তাতে যে কিরকম মডেল ভিলেজ হবে তা আমি বলতে পারি না। সেই হিসেবে আমি এখানে বলতে চাই ঐ জায়গাতে কোন ইন্ডাস্ট্রি ডেভেলপ করান উচিত ছিল। তলাতে খড়িমাটি আছে সেই খড়িমাটি থেকে কোন কেমিক্যাল জিনিস থেকে কোন ইন্ডাস্ট্রী তৈরী হয় কিনা সেটা বিষেশজ্ঞ দ্বারা তদন্ত কোরে দেখান উচিত। এবং সেখানে একটা বিরাট ইন্ডাস্ট্রী ডেভেলপ করান চলে এবং সেখানে উদ্বাস্তু বসান সম্ভব। সেইজন্য আমি অনুরোধ করছি সেই জায়গাগুলি মরুভূমির মত ফেলে না রেখে সেখানে ইন্ডাস্ট্রী ডেভেলপ করান উচিত। আমার মনে হয় সেখানে নিশ্চয়ই কোন খনিজ পদার্থ আছে। এখন আমরা দেখতে পাই খড়িমাটি উঠে খড়িমাটি থেকে কোন ভাল জিনিস হয় কিনা সেটা আমি দেখবার জন্য অনুরোধ করছি।

Sjkta. Tusar Tudu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে নতুন সদস্য হিসেবে এসে অপরপক্ষ থেকে হঠাৎ কম্যুনিটি ডেভেলপমেন্টএর কথা যখন আলোচনা হচ্ছিল তখন শুনলাম কে বললেন যে তরুনবাবু থ হয়ে গেছেন। বাস্তবিক এখানে যে আলোচনা হয় তাতে স্তম্ভিত না হয়ে পারা যায় না। কারণ একদিক দিয়ে যখন দেখি আমরা আমাদের দেশের ভবিষ্যৎ তৈরী করছি, দেশের জন্য চিন্তা করছি তখন দেখি—একদিকে যখন বলি এত ব্যয় কেন বরাদ্দ করা হয়েছে তারপরে আবার

বলি এত কম টাকা কেন দেওয়া হয়েছে—বুঝতে পারি না কোন দিক দিয়ে আমরা জিনিসটাকে বিচার করব। তারপরে আমরা বিবেচনাটাকে হয়ত গ্রহণ করতে পারতাম যদি একটা কিছু ভাল হচ্ছে—আমরা প্রত্যেকেই জনপ্রতিনিধি, আমরা এসেছি জনসাধারণের কাছ থেকে, আমরা এসেছি সেই সমস্ত এরিয়া থেকে যেগুলিতে আছে এই কম্যুনিটি প্রজেক্টএর শুরু হচ্ছে। যেগুলিতে এন, ই, এস, ব্লক কাজ করছে। আমরা শুধু মিথ্যা কথা বলি। আর তাদের সমস্ত কথা সত্যি, এইদিক দিয়ে বিচার কখনও হয় না। সমস্যার সমাধান কখনও হয় না। তাই আমার মনে হয় আমাদের দক্ষিণ দিকে যারা বসেছেন তারা শুধু বলেন আমরা বিচার করছি আমাদের নিজের পক্ষ নিয়ে। আমার মনে হয় আমরা বাস্তব থেকে সকলেই বহু দূরে। কারণ আমরা বাস্তব দেখে যদি বিচার করি তাহলে আমরা অন্ততঃ একটা জিনিস ভাল দেখতে পাই। কিন্তু আজ পর্যন্ত কোন সমালোচনার মধ্যে আমরা পাই নি, যে সরকার কিছু ভাল করছেন। যাক তবুও কেউ কেউ স্বীকার করেছেন এই কমিউনিটি ডেভেলপমেন্টের মধ্যে দিয়ে সমাজ তৈরী হবে। আমাদের দেশে আমরা বাস করি, সে হচ্ছে গ্রাম প্রধান দেশ, আর এই গ্রামীন সমাজকে যদি আমরা তুলে ধরতে না পারি কোন একটা পরিকল্পনার মাধ্যমে তাহলে আমাদের দেশের উন্নতি কোন দিন হতে পারে না। আমাদের দেশের প্রয়োজন আজ জাতীয় আন্দোলনের, যে সমগ্র সম্প্রদায়ের যেখানে প্রতিটি সম্প্রদায়ের, সেখানে প্রত্যেকটি লোকের জীবন জড়িত থাকবে—এইভাবে যেদিন আমরা একটা পরিকল্পনা নিয়ে দেশকে অগ্রগতির দিকে তুলে ধরতে পারব সেদিনে আমাদের দেশে সত্যিকারের উন্নতি আসবে। বড় বড় কথা সম্বন্ধে আমি আলোচনা করতে চাই না কিন্তু আমার জেলার মধ্যে আমি যা দেখতে পেয়েছি এই এগ্রিকালচার প্রোগ্রামএ যা কম্যুনিটি ডেভেলপমেন্টএর মধ্যে যা রয়েছে যে কৃষি ব্যবস্থার ভাল সার, ভাল বীজ এবং ডিমনস্ট্রেশন দিয়ে যে কাজগুলি করা হয়েছে তাতে বহু সংখ্যক কাজ হয়েছে আমি তার সংখ্যা দিতে চাই না, কারণ আপনারা প্রায়ই বলেন যে, আপনারা সংখ্যায় ইন্টারেস্টেড নন। কিন্তু উত্তর যখন আমরা বিরোধীপক্ষ থেকে পাই তখন দেখি যে সংখ্যার মাধ্যমে আমরা উত্তর পাই। কিন্তু আমরা যখন সংখ্যার মাধ্যমে উত্তর দিতে যাই তখন সেগুলিতে তাঁরা ইন্টারেস্টেড নন। কাজেই আমি আর সংখ্যা বলব না, আমি বলব আমাদের এই এগ্রিকালচারএর দিক দিয়ে যে সমস্ত কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট নেওয়া হয়েছে, মেদিনীপুর জেলার মধ্যে ১২টা রয়েছে এবং এগুলি বেশ সুষ্ঠুভাবে কাজ করছে। তারপরে আমাদের শিক্ষাব্যবস্থা পরিবর্তন এনে দিচ্ছে। আমাদের শিক্ষালয়গুলিকে যে সমস্ত বেসিক শিক্ষালয়ে পরিণত করা হচ্ছে এর মাধ্যমে শিক্ষাকে উন্নতির দিকে অগ্রসর কোরে সর্বাঙ্গীন উন্নতি নিয়ে আসতে হবে। আমার মনে হয় এই কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এবং এন, ই, এস, ব্লকএর মধ্য দিয়ে আমাদের একটা সর্বাঙ্গীন উন্নতি হতে পারে। শুধু শিক্ষার দিক দেখলেও চলে না একটা সমাজকে গড়ে তুলতে হলে সামাজিক ব্যবস্থাকে, সমস্ত দিক দিয়ে কৃষি, শিক্ষার এবং সেখানকার স্বাস্থ্য এই সমস্ত দিক দিয়ে তাকে তুলে ধরতে হয়। আর এই কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর মধ্য দিয়ে আমরা দেখতে পাই এই সমস্ত পরিকল্পনাগুলি সরকারের আছে। আমি একবারে বলব না, সবকিছু সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে হয়ত কোন কোন জায়গায় ত্রুটি রয়ে গেছে কিন্তু এটা স্বীকার করতে হবে, যে এই একটা পরিকল্পনা যার মাধ্যমে সত্যিকারের সমাজকে আমরা জাগিয়ে তুলতে পারি। নীতিগতভাবে হয়ত আমরা কোন দিনই এক হতে পারব না। দক্ষিণপন্থী বামপন্থী, আমাদের মতের মধ্যে একটা বিরোধীতা রয়েছে যারজন্যে আমরা দক্ষিণ দিকে, বামদিকে বসেছি তা না হলে সবাই একদিকে বসতাম। কাজেই একমত দিয়ে কোন কিছুই হবে না। তবে যদি সমাজকে আমাদের বাঁচিয়ে তুলতে হয়, তাহলে এই পরিকল্পনার মধ্যেই কিছু আছে সেটা আমাদের স্বীকার করতেই হবে। আর এর মধ্যে যে ভুল ত্রুটি রয়েছে সেগুলিকে আমাদের সরকারের তরফ থেকে আমাদের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করি—যেন এইগুলি আরও সুষ্ঠুভাবে পরিচালিত হয়। যে সমস্ত এরিয়াতে এখন পর্যন্ত এগুলি স্থাপিত হয় নি সেই সমস্ত এরিয়াতে যেন এন, ই, এস, ব্লক কিংবা কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট যেন নেওয়া হয়। এই অনুরোধ জানাব। কারণ আমরা জানি আমাদের সমাজের মধ্য দিয়ে বিশেষত আমরা যারা গ্রাম থেকে এসেছি এবং আমাদের এই বিষয়ে যথেষ্ট অভিজ্ঞতা আছে—মানুষ যে এগিয়ে আসতে চায় না একথা অনেকবার বলা হয়েছে, যে সাধারণ মানুষের কোন ইন্টারেস্ট নেই, কিন্তু তাহলে এই যে মেদিনীপুর জেলাতেই আমরা দেখেছি ল্যাবর বা অন্য জিনিসের মধ্য দিয়ে প্রায় ৭ লক্ষ

টাকা বা ল্যাবর এসেছে তাতে মানুষের ইন্টারেস্ট নেই, যারা বলেন আমার মনে হয় সেটা সম্পূর্ণ ভুল। কারণ আমি ব্যক্তিগতভাবে মানুষের সঙ্গে মিশতে চেষ্টা করেছি, শ্রমিক শ্রেণীর মধ্যেও আমি গিয়েছি তারা চায় যে সরকার এগিয়ে আসুক এবং তার সঙ্গে সঙ্গে তারাও এগিয়ে আসবে। যদি সরকারের তরফ থেকে যদি আমরা চেষ্টা না করি, কারণ সরকারের তরফ থেকে তাদের সাহায্য প্রয়োজন, এখন শুধু তাদেরকে এগিয়ে আসতে বল্লে কাজ করতে পারব না সেইজন্য সরকারের সাহায্যের মাধ্যমে আস্তে আস্তে সে সাহায্যকে কমিয়ে দিয়ে তারপরে আমরা কিভাবে সমাজের মানুষকে তারা নিজেরা কিভাবে কাজ করতে পারে সেটা আমরা দেখব। যদি আমরা প্রথমে সরকারী সাহায্য বন্ধ করে দিই তাতে গ্রামবাসীর উন্নতি হতে পারে না। তারা চায় এখন সরকারের সাহায্য আর সেইজন্য এখন যে-কোন জায়গায় যাওয়া যায় সেখানেই আমি দেখেছি যে মানুষের মধ্যে প্রচুর উৎসাহ রয়েছে। তারা এগিয়ে আসতে চায়—মাননীয় সদস্যরা বলেছেন কোন কোন জায়গায় উৎসাহ পাওয়া যায় না, কিন্তু আমি জানি ন্য আমি যে সমস্ত মানুষের সঙ্গে মিশেছি তাদের কাছে আমি যথেষ্ট উৎসাহ পেয়েছি। তাই আমি কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর যে ব্যয়বরাদ্দ করা, হয়েছে তা সম্পূর্ণ সমর্থন করি। এই একটা পরিকল্পনার মাধ্যমে আমরা সমাজকে বাঁচিয়ে রাখতে পারব। এবং সমাজতান্ত্রিক যে বড় বড় কথা এখানে যে বলি তা বাস্তব থেকে অনেক দূরে আর শুধু তন্ত্রবাদ নিয়ে আলোচনা করলে চলবে না সত্যিকারের কাজ যেন আমরা করতে পারি সে বিষয়ে সরকারের যেমন দৃষ্টি আকর্ষণ করি তেমনি অন্য সকলের সহযোগিতা কামনা করি।

Mr. Speaker: Shri Deo Prakash Rai will kindly speak. It is for your information that today the services of a Nepali Reporter has been requisitioned. If you like you can speak in Nepali.

[6-55—7-5 p.m.]

Sj. Deo Prakash Rai: Sir, I was going to thank you and the Government for that and I hope the Nepali speaking members will not be deprived of this facility in future. The conception is ideal and very lofty but the way, the haphazard way, in which they are implementing these development projects are making the conception abortive. As for example, recently after my election when I was taking part in the community development advisory board meeting, what I found was that members and village headmen were invited to attend the meeting and the meeting was presided over by the S.D.O., Sadar, Darjeeling and the Development Officer of that area was acting as Secretray. The way in which the programme was being implemented was absurd and ridiculous. When the President of the Advisory Board asked the members as to what they wanted, the people who came from the interior wanted naturally better roads, somebody wanted better water-supply, somebody wanted construction of school building. The Development Officer took note of these suggestions placed by the members attending the meeting but there was no plan or programme at all. The suggestions that were given by the members who shouted the loudest than the rest were accepted by the Board. I found that the programme was implemented without any proper method. If one wanted to execute any plan he has to see the map of the place and find out where there should be water-supply, or where other things would be needed. They have also to see how many villages would be covered by one scheme. But this was not done. Instead there was a random survey and the suggestions of the members who shouted most were accepted and suggestions from others were neglected.

Actually, Sir, these Community Development Projects and the N.E.S. have got to play a great role to bring a psychological change on people's mind. We have to take that into consideration. If one goes to Darjeeling and sees the projects he will find that the Department is manned by personnel who have no kowledge of the local conditions and

local language. In the interior the rustic people cannot place their reliance or confidence on the people who seem foreign to them. The people in charge of social welfare do not know the dialects of the different areas I mean the language and therefore the very object for which this social welfare scheme has been framed is defeated. The officer should have been a hillman who knew the mental and psychological set up of the local people there. I can give you an example where a social welfare officer happened to visit an interior part of the Darjeeling district and in the course of his lecture he advised the people there to drink cow's milk—"Goruko dud khao". But, Sir, in Nepali "Gai" is the synonym of cow and bull is the synonym of "Goru". You can well imagine what effect it had on the rustice people there when the officer advised them to take Goru's milk. Therefore, the personnel of the department must be picked up and chosen from among the local people if they want to make this plan really effective.

Many of the projects are not of a lasting character. For instance, roads and small bridges were constructed with the public contributing one-third of the total cost. But these projects could not stand in rains and they were damaged and washed away. Same thing has happened in the case of irrigation schemes. These roads and other projects now lie damaged and abandoned. Sir, I ask, who is responsible for the one-third of money contributed by the local people and the other two-third spent by the Government from the public exchange? What steps do the Government propose to take for undertaking thorough repairs of these damaged projects?

[7-5—7-15 p.m.]

Sj. Cobardhan Pakray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অনেকের মত আমি আপনার মাধ্যমে এই মন্ত্রীমণ্ডলীকে অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে গত ১০ বছরে তাঁরা দেশে দুর্ভিক্ষ আনয়ন করেছেন, দেশের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গেছেন, বহু লোককে ভিক্ষাপাত্র নিয়ে পথে বের করেছেন কেবল এইজনাই আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি।

আজ ক'দিন গভর্নরের স্পীচের উপর বিতর্ক এবং মুখ্যমন্ত্রীর বাজেট ভাষণের উপর যে বিতর্ক হয়ে গেছে তাতে নিজের যে অভিজ্ঞতা তাতে বোঝায় যে, আমরা বিরোধীপক্ষের তরফ থেকে যেসমস্ত সংস্কারমূলক এবং গঠনমূলক পরামর্শ দিচ্ছি বা যে আলোচনা ও সমালোচনা করছি সে সম্বন্ধে তাঁরা যদি একটুও সচেতন না হন তাহলে নিজেদের ক্ষতি করবেন না, দেশের জনসাধারণেরও তাতে ক্ষতি হবে। এই যে অর্থ ব্যয়বরাদ্দ হচ্ছে এবং যে টাকা খরচ করা হচ্ছে তাতে দেখা যায় যে সরকারের কোন ব্যবসায়ী বুদ্ধি নেই। আপনারা যে টাকা খরচ করবেন তার ফল কি পাবেন সে বিষয়ে আমাদের জানতে দিলেন না। আজকে কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট সম্বন্ধে কথা উঠছে এবং সেখানে যে খরচ করা হচ্ছে তাতে বাড়ী, রাস্তা ইত্যাদি অনেক কিছু হবে, কিন্তু এর ফল ভোগ করছে কতিপয় অফিসার। এই অফিসাররা গ্রাম্য লোকের সম্বন্ধে কিছুই জানে না—সুট পরেই খালি থাকেন। এইরকমভাবে বহু পরিকল্পনার জাল বোনা হচ্ছে। অফিসারদের দরজায় গেলে পরিকল্পনা মাফিক কথা তাঁরা বলে দেন যার সঙ্গে গ্রামের লোকের কোন সামঞ্জস্য থাকে না। ঘর করার জন্য লোন দেবার খবর হঠাৎ কাগজে বেরোয়। কিন্তু যাঁরা ঋণ গ্রহণের উদ্দেশ্যে যান তাঁরা দেখেন যে এমন একটা এগ্রিমেন্ট ফরম আছে যেটা কোনরকমেই সম্পাদিত করা যেতে পারে না। আবার হঠাৎ দেখছি যে একটা লো-ইনকাম গ্রুফএর কথা উঠেছে, কিন্তু কত কম আয় লোকের হলে তাকে লো-ইনকাম গ্রুফ বলা হবে তার কোন ডেফিনিসান পাওয়া যায় না। সেখানে হাউস বিল্ডিংএর জন্য তাদের নিয়ে টাকা দিতে হবে, জমিজায়গা সিকিউরিটি থাকবে, নিজের পার্সোনাল বন্ড থাকবে। এ ছাড়া আবার

দুজন গেজেটেড অফিসারকে তাদের জন্য সিকিউরিটি হতে হবে। এই যে অবস্থা তাতে দুজন গেজেটেড অফিসারের সম্পত্তি বাঁধা থাকবে। কিন্তু পাড়াগাঁয়ের লোকের পক্ষে এটা যে কত বড় অসম্ভব কথা সেটা একবার চিন্তা করে দেখা দরকার। অধ্যক্ষ মহাশয়, এই সি, ডি, পি-র কাজ আরম্ভ করার কথা ছিল ১৯৫২ সালে এবং এও কথা ছিল যে ১৯৫৫ সালের সেপ্টেম্বরে এর সমস্ত কাজ শেষ করা হবে। কিন্তু সরকারের প্রত্যেকটি বিভাগে যেমন একটা গড়িমসি আছে এখানেও তার ব্যতিক্রম হয় নি। তারা সকলে একস্টেনসান নিয়ে চলেছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কয়েকটা এন, ই, এস, ব্লককে সি, ডি, পি ব্লকে পরিণত করা হচ্ছে। বর্ধমান জেলায় শক্তিগড় এবং পুষ্করায় বলে দুটি জায়গায় সি, ডি, পি ব্লক করা হয়েছিল। কিন্তু কিছুটা কাজ হতে না হতে সেগুলিকে আবার এন, ই, এস ব্লকে পরিণত করা হয়েছে, অথচ কাজের মতন কাজ করা হয় নি। শক্তিগড় ব্লকে যে কাজ করা হচ্ছে তাতে সেখানে মাত্র কতকগুলি বাড়ী করা হয়েছে এবং একটা ইলেকট্রিক পাওয়ার হাউস করা হয়েছে। অথচ যদিও জানা ছিল যে ডি, ভি, সি খুব শীঘ্র ইলেকট্রিক সাপ্লাই করবে তবুও তাঁরা এটা করে কতকগুলি অনর্থক অর্থব্যয় করেছেন।

Sj. Amal Kumar Ganguli:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেক ঢাকঢোল পিটিয়ে, শাঁখ ঘণ্টা বাজিয়ে এই জিনিস আমাদের সামনে পরিবেশন করা হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় আগামী তিন-চার বছরে ভবিষ্যতের যে ছবি আমাদের কাছে হাজির করলেন তা সত্ত্বেও আমার দৃঢ় ধারণা কিছুদিন বাদে দেখা যাবে যে, পর্বত মুসিক প্রসব করেছে। আমি তিনটি জিনিসের উপর ভিত্তি করে এই কথা বলছি। প্রথমত এই সমাজ উন্নয়ন ও জাতীয় সম্প্রসারণ পরিকল্পনার রচয়িতাগণ, তাদের উদ্দেশ্য যা এখানে ঘোষণা করেছেন তাকে কার্যকরী করতে গেলে তিনটি মূল জিনিস দরকার। এক নম্বর হচ্ছে সাধারণ লোকের এ বিষয়ে শিক্ষা দরকার। দ্বিতীয় নম্বর হচ্ছে যে এই পরিকল্পনাকে কার্যকরী করার জন্য উপযোগী সংগঠনের দরকার। আর তৃতীয় নম্বর বাস্তব পরিবেশের দরকার। কিন্তু আমাদের সরকার যে পদ্ধতিতে চলছেন তাতে আমার সন্দেহ হয় যে এঁরা এই তিনটি জিনিসকেই অস্বীকার করে চলেছেন। আমি একটা ব্লক এলাকা থেকেই নির্বাচিত হয়ে এসেছি এবং আমার বাস্তব অভিজ্ঞতা দিয়ে আমি একথা প্রমাণ করতে চাই। আমি বাগনান এলাকার লোক। বাগনানে যখন গ্রাম ব্লক হয় সে প্রায় আড়াই বছর আগে তখন সেই ব্লকের উদ্বোধনীতে আমাদের তদানীন্তন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলেছিলেন যে আজ আমরা ৯ লক্ষ টাকা দিয়ে বাগনানে একটা ব্লক তৈরী করছি এবং এই ব্লকের মাধ্যমে হরেক রকমের যে কাজ হবে তার একখানা রঙিন চিত্র তুলে ধরলেন। আমার কংগ্রেসী ভাইরা এই কথা না শুনে ৯ লক্ষ টাকার হিসাব মাথায় নিয়ে গ্রামে গ্রামে ছুটলেন এবং প্রচার করে চললেন যে আর আমাদের অভাব থাকবে না—এই পরিকল্পনার ফলে আমাদের বাগনান থানায় যে সেচ, রাস্তা, হাসপাতাল, স্কুল, লাইব্রেরী সব কিছু হয়ে যাবে। কিন্তু এতে গ্রামের চাষীদের কি করতে হবে বা চাষীদের কোন জায়গায় সহযোগিতা প্রয়োজন বা গ্রাম্য কৃষকদের ভবিষ্যৎ এই পরিকল্পনার ফলে কিভাবে পরিবর্তন হবে ইত্যাদি সম্পর্কে কোন কিছুই প্রচার এ পর্যন্ত তাঁরা করেন নি। সংগঠনের ক্ষেত্রে আমার বক্তব্য যে যদি বর্তমান সংগঠনকেই আকড়ে থাকার চেষ্টা হয় তাহলে পরিকল্পনার উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য। আমি বাগনান ব্লকের একটা মিটিংএ গিয়েছিলাম। সেটি এ্যাডভাইসরী কমিটির প্রথম মিটিং। এই মিটিংএর চরিত্র থেকেই বুঝতে পারলাম যে সেই সংগঠনের কি শোচনীয় চেহারা। সেই মিটিংএ দেখলাম যে সরকারী দপ্তরের যত স্থানীয় অফিসার তাঁরা সবাই আছেন, স্থানীয় কংগ্রেসের ২৫ থেকে ৩০ জন ছোট বড় নেতা আছেন এবং সেখানে একমাত্র আমিই বিরোধীপক্ষের একজন কর্মী হাজির হয়েছি। সেখানে গিয়ে দেখলাম যে বড় বড় রাজভোগ আরও কত খাবার ডিসে করে সাজিয়ে অথিতিদের সামনে পরিবেশন করা হচ্ছে এবং ডাগ-ওয়েল ল্যাট্রিন সম্বন্ধে সেখানে আলোচনা চলছে। সেই ডাগ-ওয়েল ল্যাট্রিনএর উপর আলোচনাতেই প্রথম ওপেনিং মিটিংএর প্রায় এক ঘণ্টা সময় চলে গেল আর রাস্তার কিছু তালিকা পেশ হবার পরই তারা বললেন যে আজ এই মিটিং মুলতুবী রইল। আমি তখন প্রশ্ন করলাম যে এই ন্যাসানাল একস্টেনসান সার্ভিস ব্লক যে তৈরী হল এর প্রথম মিটিংএর আলোচ্য বিষয় ডাগ-ওয়েল ল্যাট্রিন ছাড়া আর কি কোন আলোচনার বিষয় নেই? আমি তখন বলেছিলাম

যে, মূল পরিকল্পনার মধ্যে উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে এই কথা বলা হয়েছে যে আমরা সমাজতান্ত্রিক রাষ্ট্রের ভিত্তিতে গ্রামীণ সমাজ ব্যবস্থাকে ভেঙ্গে নতুন অর্থনৈতিক ব্যবস্থার পুনর্গঠন করতে চাই, কিন্তু তার কি আলোচনার প্রথম বিষয় বস্তু এই হওয়া উচিত। আবার চার মাস বাদে যে মিটিং হল তাতে দেখা গেল যে, কোন অজ্ঞাত কারণে আমাকে আর সেই মিটিংএ ডাকা হল না। আমাকে মিটিংএ না ডাকা সত্ত্বেও আমি যখন গেলাম তখন আমাকে বলা হল যে আমার মেম্বার হওয়ার একটা টেকনিক্যাল ফ্লও দেখা যাচ্ছে বলে আমি যেন মিটিং থেকে বেরিয়ে যাই। কাজেই আমি সেই মিটিং থেকে বেরিয়ে আসতে বাধ্য হলাম। বাস্তব পরিবেশের কথা বলতে গিয়ে আমি একটা গুরুত্বপূর্ণ কথা বলছি এবং আমাদের জ্যোতিবাবুও সে কথাই বলেছেন। সেটা হচ্ছে এই যে যতদিন পর্যন্ত গ্রামাঞ্চলে কৃষকদের হাতে জমি না আসবে এবং তাদের স্বাবলম্বী করা না যাবে ততদিন পর্যন্ত এই পরিকল্পনা ব্যর্থ হতে বাধ্য।

দ্বিতীয়ত আমার অভিজ্ঞতা হচ্ছে এই যে এখন বাগনানে অন্ততঃ যে ব্লকটি হয়েছে সেটাকে সম্প্রসারণ ব্লক না বলে যদি সংকোচন ব্লক বলা হয় তাহলেই সে সম্পর্কে একটা পরিষ্কার সত্য কথা বলা হয়। সেখানে লোক রসিকতা করে বলে যে এটা ব্লক নয়, এটা আমাদের উন্নতির জন্য তৈরী হয় নি, বরং আমাদের সমস্ত উন্নতির পথকে ব্লক অর্থাৎ রুদ্ধ করার জন্য এই ব্লক তৈরী হয়েছে। সেখানে যেসব অফিসার ও কর্মচারী আছেন তাঁদের উন্নয়নের কাজে কোন গভীর দরদ নেই—সেরকম কোন দৃষ্টিভঙ্গি আছে বলেও মনে হয় না। তাঁদের প্রশ্রয়ে যতপ্রকার দুর্নীতিমূলক কাজ ঘুষ, উৎকোচ ব্যাপক আকারে অনুষ্ঠিত হয়ে চলেছে—সাধারণের অর্থের বিপুল অপচয় হচ্ছে। এ বিষয়ে আমার কাছে বহু তথ্য আছে এবং আমার অভিযোগগুলি তথ্য দিয়েই প্রমাণ করতে পারি। কিন্তু আমার আর বলার সময় নেই বলেই আমি এইখানেই আমার বক্তব্য শেষ করতে বাধ্য হচ্ছি।

(At this stage the honourable member having reached time-limit resumed his sit).

[7-15—7-25 p.m.]

Sj. Sudhir Kumar Pandey:

মাননীয় স্পীকার মহোদয়, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ও তার ব্লকএর কাজ সম্পূর্ণ আমলাতান্ত্রিক উপায়ে পরিচালিত হয়ে চলেছে এবং এই আমলাতান্ত্রিক পদ্ধতিটাই এর সাফল্যের পথে প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। অনেকে বলেছেন যে গ্রামের লোকদের সঙ্গে যোগাযোগ স্থাপন করে এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর কাজ হয়। সেখানে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর যে সমস্ত কমিটি আছে সেই কমিটির কি কাজ? সেই কমিটির কি ক্ষমতা আছে যে সরকার যে নির্দেশ দেন তার কোন পরিবর্তন করতে পারেন? সে ক্ষমতা তাদের নেই। গ্রামের লোকের কাছ থেকে তাদের শিক্ষা অর্জন করা দরকার ও অভিজ্ঞতা সঞ্চার করা দরকার। কিন্তু উপর তলার কর্মচারী দিয়ে জনসাধারণকে চাপ দেওয়া হয়। কারণ তাদের বলা হয় যে ওয়ান-থার্ড টাকা না দিলে সেখানে কাজ হতে পারবে না। এই এক্সটেনসান সার্ভিস ব্লক যেখানে হচ্ছে—একটা বড় গ্রামে সেখানে হয়ত ওয়ান-থার্ড টাকা লোকেরা দিতে পারবে। কিন্তু যেখানে গরীব লোকেরা বাস করে সেইরকম অনুন্নত এলাকায় এই ওয়ান-থার্ড অংশ কি করে দিতে পারবে। সুতরাং প্রকৃতপক্ষে যে সমস্ত গ্রাম দরিদ্র সেখানে কোন কাজই হচ্ছে না। কিন্তু একটা বড় লোক ওয়ান-থার্ড দিল আর তার বাড়ীর সামনে ট্যাঙ্ক ভাল করে দিলেন। অথচ গরীব এলাকায় যেখানে বিশেষ কাজের দরকার সেখানে বারবার বলা হলেও আপনারা আমাদের কথা শুনেন নি। আমি দুই-একটি কথা বলতে চাই। ডেভেলপমেন্ট প্রজেক্টএ অনেক সময় জনসাধারণকে পরামর্শ না করেই তাঁদের নিজেদের খেয়াল খুসীমত কাজ করেন। ঝাড়গ্রামে জল সরবরাহের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে, রাস্তাঘাট তৈরী করা হচ্ছে কিন্তু যা কিছু করা হচ্ছে তা শহরেই। এ ছাড়া আমরা দেখেছি যে পল্লী অঞ্চলে দেড় বৎসর আগে একটা স্কীম নেওয়া হয়েছিল এবং তারজন্য ঘরবাড়ী তৈরী করা হয়েছিল, কিন্তু সরকারের সেদিকে দৃষ্টি না থাকায় সেখানে এখন কোন মানুষ নেই, শেয়াল কুকুরের আবাসস্থান হয়ে পড়েছে। আর যেসব সরকারী কর্মচারী সেখানে আছে তারা এই সম্বন্ধে কিছুই করছেন না। লোকে বলছে যে এই সমস্ত ঘর ভাড়া দেওয়া হক কিন্তু তারা তা দিতে চান না। প্রকৃতপক্ষে সেখানে কোন কাজই হচ্ছে না। সেখানে আমরা দেখছি যে সমস্ত রাস্তা হচ্ছে তা তাদের খেলায়খুসীমত পরিচালিত

হচ্ছে। সেখানে ডেভেলপমেন্ট বিভাগের কোন নীতি যার কোন নির্দিষ্ট উদ্দেশ্য নেই। গ্রাম এলাকাকে উন্নত করতে হলে এই রাস্তাঘাটের উন্নতির একান্ত দরকার ; গ্রামের সঙ্গে সহরের যোগাযোগের উন্নতি করে যাতে গ্রামের কৃষকেরা তাদের তরিতরকারি ভালভাবে সহরে নিয়ে আসতে পারে সেই ব্যবস্থার উন্নতি ও চলাচলের উন্নতির জন্য রাস্তার উন্নতি করা একান্ত প্রয়োজন। কিন্তু এরা যা করেন তা উদ্দেশ্যহীনভাবে করেন। এবং এইসব ব্যাপারে জনসাধারণের সঙ্গে তাদের কোন সহযোগিতা নেই। গ্রামের কোন লোকের সঙ্গে যোগাযোগ রাখছেন না। এই কমিউনিটি ডেভেলপমেন্টএর কাজে দেখতে পাই যে, ডেভেলপমেন্টএর জন্য অনেক সময় তাদের অর্ধেক টাকা দিতে হয় নতুবা ডেভেলপমেন্টএর কাজ হবে না। ইরিগেশনএর জন্য টাকা খরচ হচ্ছে—

[At this stage the red light was lit.]

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় মন্ত্রীমহোদয়, এটা প্রমাণ করবার চেষ্টা করেছেন যে, যেহেতু গ্রামের লোককে স্থানীয় বিভিন্ন কাজের জন্য এক কোটি ২০ লক্ষ টাকা কন্ট্রিবিউট করেছেন সেহেতু এতে তাদের সমর্থন এবং সহযোগিতা তাঁরা পাচ্ছেন। কিন্তু গ্রামের সঙ্গে যারা বাস্তব যোগাযোগ আছে বা গ্রামের অবস্থা যাঁরা জানেন তারা জানেন যে এতে গ্রামের লোকের স্বেচ্ছাপ্রণোদিত কন্ট্রিবিউশন বলে প্রমাণ হয় না। বরং এটাই প্রমাণ হয়েছে সেখানে রাস্তাঘাট, টিউবওয়েল এবং অন্যান্য ব্যবস্থার একান্ত অভাবের জন্য যদিও তাঁরা যেসমস্ত কর দেয় তাই থেকেই তাদের পাওয়া উচিত—তাঁরা বাধ্য হন কন্ট্রিবিউশন দিয়ে জিনিসটা আদায় করে নিতে। সেজন্য বলছি যে এর দ্বারা তাদের স্বেচ্ছাপ্রণোদিত সহযোগিতার কথা প্রমাণ হয় না বরং তাদের একান্ত অভাবের কথাই প্রমাণ হয়। অর্থাৎ যে জন্য মানুষ ৫০ টাকা করে চাল কেনে সেই কারণেই যখন জলের ব্যবস্থার জন্য টাকা সরকারের সাধারণ রাজস্ব থেকে আসছে না তখন স্থানীয়ভাবে একান্ত অসম্ভব হলেও সেই টাকা তাঁরা কন্ট্রিবিউট করেন। এখানে প্রধানতঃ আমি একটা কথা বলতে চাই যে এখানে দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না করলে কিছুতেই যে উদ্দেশ্যে এই কম্যুনিটি ডেভালাপমেন্ট প্রোজেক্ট হয়েছে তা সিদ্ধ হতে পারে না। এই কম্যুনিটি ডেভালাপমেন্ট প্রোজেক্টের মাধ্যমে যে কয়টি রাস্তা বা স্কুল বা অন্যান্য যে সমস্ত কাজ আছে তার তালিকা দিলে সেই তালিকা এমন কিছু বড় হবে না। বরং সাধারণভাবে গভর্নমেন্টের অন্যান্য বিভিন্ন ডিপার্টমেন্টের জন্য যে এ্যালটমেন্ট হচ্ছে সেই তালিকা যদি দেওয়া হয় তাহলে দেখা যাবে যে সেই তালিকা বড় হয়। অতএব এজন্য খরচের বরাদ্দ অন্যান্য থেকে কম। কিন্তু কেন যে এই জিনিস করা হচ্ছে জানি না? গ্রামের লোককে উদ্বুদ্ধ করে গঠনের কাজে লাগানই যদি মুখ্য উদ্দেশ্য হয় তাহলে সেই উদ্দেশ্যের দিক থেকে অন্য দৃষ্টিভঙ্গী থাকা দরকার। এখানে মনে রাখা দরকার যে এ সম্বন্ধে যে একটা রিপোর্টের কথা জ্যোতিবাবু বলেছেন তাতে একজন বিশিষ্ট অর্থনীতিবিদ ডাঃ কে, ভি, রাও ছিলেন। এই প্রথম একজন ইন্ডিপেনডেন্টলি ঠিক ডিপার্টমেন্ট রিভিয়ু নয়—একজন ভাল অর্থনীতিবিদ রিভিয়ু করেছেন এবং এখানে 'টু মাচ রেজিমেন্টেশন' বলে একটা কথা আছে। এটাই একটা কারণ যে জন্য এখানে উন্নতি হতে পারে না। এখানে মনে রাখা দরকার যে গ্রামাঞ্চলে যদি সত্যি কাজ করা হয় তাহলে মন্ত্রীমহোদয় যে দুটি উদ্দেশ্যের কথা বলেছেন—একটি একদিকে গ্রামের সর্বাঙ্গীন উন্নতি এবং অপর দিকে তার সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলে একটা এ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ তৈরী করা হবে—তাতে সেই দুটো উদ্দেশ্যই পরস্পর বিরোধী হতে পারে। এই দুটো উদ্দেশ্য যদি পরস্পর বিরোধী নাও হয় তাহলে একটা গৌণ এবং আর একটা মুখ্য হতে বাধ্য। সেজন্য বলছি যে যদি সত্যি সত্যি সেখানে গ্রামের লোককে উদ্বুদ্ধ করে তাদের জাতি গঠনের কাজে লাগাতে হয় তাহলে প্রথমে গ্রামের লোককে বিশ্বাস করে তাদের হাতে ক্ষমতা অর্পণ করা এবং সেখানে লোক্যাল ইউনিট অব দি গভর্নমেন্ট গঠন করা দরকার। আমাদের এখানে প্রথম যখন পঞ্চায়েত বিল আলোচনা হয়েছিল তখন আমরা বিশেষ করে বলেছিলাম যে এখনকার দিনে লোকাল সেলফ গভর্নমেন্টটা একটা মিসনোমার হয়ে গেছে। আজ স্বরাজের পর লোক্যাল ইউনিট অব দি গভর্নমেন্টটা গ্রামের লোককে অনুভব করান উচিত। কারণ এই শাসনের তারাই হচ্ছে স্থানীয় ভিত্তি এবং সেখানকার স্থানীয় যা কিছু লোক্যাল ডেভালাপমেন্টের কাজ তা তারাই করবে। আমরা গ্রামাঞ্চলে দেখছি যে দুটি জিনিস নেই—একটা

গ্রামে কোন ভাল রাস্তা নেই এবং আর একটা যে সেখানে মানুষের কাজ নেই। এই দুটি জিনিসকে যদি একত্রিত করা হয় তাহলে সেখানে সত্যিকারের একটা পরিকল্পনা নেওয়া যেতে পারে। আমি এখানে একটা কথা বলতে চাই যে গ্রামের লোকে যাঁরা টুপি পরে জীপে চড়ে যান তাঁদের কি দৃষ্টিভঙ্গিতে নেয় সেটা বোঝা দরকার। সেখানকার ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল-এর এম, এল, এ, এবং কয়েকজন ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট ইত্যাদি বা সেই ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলকে তারা কি দৃষ্টিতে দেখবে সেটাও ভাবা দরকার আছে। বর্ধমান ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলএর দু ঘণ্টা ধরে অধিবেশনে আলোচনা করে স্থির করা হয় যে কোন কোন জায়গায় এন, ই, এস, ব্লক তৈরা করা হবে এবং তাতে রায়না, পূর্বস্থলী ও কাঁকসা থানার নাম থাকে। কিন্তু তারপর সেই ডেভেলপমেন্ট কাউন্সিলএ আলোচনা না করে তাদের কোন রেফারেন্স পর্যন্ত না নিয়ে সেটাকে পরিবর্তন করে কেতুগ্রাম এবং অন্য আর জায়গার নাম ঢুকিয়ে দেওয়া হয়। এই প্রশ্ন মিটিংএ তোলা হলে বলা হল যে এই ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলটা শুধু একটা এ্যাডভাইসরি বডি এবং এদের ডিভিশন করবার বা জায়গা সিলেকশন করবার কোন ক্ষমতা নেই। যদি এইরকম একটা দৃষ্টি নিয়ে একে দেখা হয় তাহলে কোন আত্মমর্যাদাসম্পন্ন ব্যক্তি এই কাউন্সিলএর মধ্যে যাবেন সেটা চিন্তা করার দরকার আছে।

এই যে ডিস্ট্রিক্ট ডেভেলাপমেন্ট কাউন্সিলএর যে দৃষ্টি, সে গ্রামের মানুষকে কি দৃষ্টিতে দেখবে? সেইজন্য আমার মনে হয় এই দৃষ্টি থাকা দরকার যাতে করে সত্যিকারের গ্রামের মানুষের উপকার হতে পারে। আপনারা জাপানী প্রথায় ধান চাষের কথা বলেছেন। কিন্তু প্ল্যানিংএর মূল জিনিসগুলি হল কাঁচাশিল্প, সেই কাঁচা শিল্পকে মূল শিল্প হিসাবে গুরুত্ব দিতে হবে। কিন্তু যখন এ্যানুয়াল প্রোগ্রাম আসে তখন গ্রামকে বেসিক ইউনিট করবার দিকে জোর দিন এবং সেইদিক দিয়ে গ্রামকে স্ট্যাটিউটরি বডি হিসাবে গণ্য করার প্রয়োজন আছে বলে আমি মনে করি।

[7-25—7-35 p.m.]

The Hon'ble Tarun Kanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব মনোযোগ সহকারে বাজেটের উপর যে বিতর্ক হয়েছে, তা শুনেছি। আমি এইটুকু বলতে চাই আপনার মাধ্যমে যে এখানে যেসমস্ত কনস্ট্রাকটিভ সাজেসশন দেওয়া হয়েছে, আমি নিশ্চয়ই সেগুলি বিবেচনা করে দেখবো সেগুলো সি, ডি, পি এবং এন, ই, এস-এ কিভাবে কার্যকরী করা যেতে পারে।

একটা দুঃখের কথা—যেটা আগেই উল্লেখ করেছি—আজও আমি সেটা উল্লেখ করতে বাধ্য হচ্ছি যে যখন বিরোধীপক্ষের সদস্যরা এইসমস্ত ক্রিটিসিজম করেন সেগুলো আমি ওয়েলকাম নিশ্চয়ই করি। কিন্তু আজ পর্যন্ত এই ক্রিটিসিজমএর মাধ্যমে যেখানে ভাল কাজ কোন জায়গায় হয়েছে তার কোন উল্লেখ তারা কখনো করেন না, বন্ধুরা শুধু আমাদের দোষগুলিই তুলে ধরতে পারেন। আপনার মাধ্যমে এটুকু শুধু তাঁদের সামনে রাখতে চাই যে ক্রিটিসিজম যখন তারা করতে চান, তখন এই ক্রিটিসিজম ফেয়ার হওয়া উচিত, কনস্ট্রাকটিভ হওয়া উচিত। যেটা দোষ সেটা দেখিয়ে দেওয়া উচিত। আর কোন ক্ষেত্রে কোন কিছু ভাল হয়ে থাকলে, সেগুলোও তাঁদের উল্লেখ করা উচিত। তা না হলে এটাই মনে হয়—সমস্ত কিছু ব্যাপারে যত বক্তৃতা বাজেট অধিবেশনে হয়ে আসছে, তার প্রত্যেকটা ব্যাপারে তাঁদের বিরোধিতা এবং সরকারপক্ষের ব্যর্থতা এঁরা উল্লেখ করেন। নিশ্চয়ই এই সরকার গত পাঁচ বছর ধরে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মারফত জনসাধারণকে সেবা করতে পেরেছে। তা না হলে এই কংগ্রেস সরকার আবার নূতন করে সরকার গঠন করতে পারতো না। এতেই প্রমাণ হয় নিশ্চয়ই কংগ্রেস দেশের লোককে ভালভাবে সেবা করতে পেরেছে। তা নাহলে আর শতকরা ৫৮ ভাগ ভোট তারা দেশের জনসাধারণের কাছ থেকে পেত না। অতএব যতই তারা তথ্য এবং বক্তৃতার মাধ্যমে প্রমাণ করবার চেষ্টা করুন যে সরকারে সব কিছু ব্যর্থতার পর্যবসিত হয়েছে, তারা সবই ভুল করেছে, এ কথা আমি মেনে নিতে রাজী নই। তার কারণ তাঁদের এবং আমাদের সত্যিকারের যে মালিক যে

জনসাধারণ, তাঁরা তাঁদের রায় দিয়ে বলেছিলেন যে এই কংগ্রেস সরকার নিশ্চয়ই দেশের জন্য এবং জাতির জন্য কাজ করেছেন। অতএব আমি একথা বলেই আমার বিরোধীপক্ষ যে প্রশ্ন তুলেছেন তার ছোট্ট করে জবাব দেবার চেষ্টা করবো। কারণ বেশী সময় আমার নাই।

জ্যোতিবাবু এখানে যে সমস্ত প্রশ্ন তুলেছেন, তার মধ্যে ইভ্যালুয়েশন বই এর কথা উল্লেখ করে বলেছেন। আমি তাঁকে জানাতে চাই সেই বইখানি আমি দেখেছি। সেই ইভ্যালুয়েশন বই এই প্রমাণ করে যে আমরা উন্নয়নমূলক কার্য নিয়ে যখন এগোবার চেষ্টা করি, তখন সেখানে যেটা আমাদের ভুল আছে, ত্রুটি আছে, দোষ আছে, সেইসব কথা সকলের সামনে প্রচার করতে আমরা ভয় পাই না। ইভ্যালুয়েশএ আমাদের যে ত্রুটিগুলো আছে, সেগুলি মেনে নিয়ে আমরা শোধরাবার চেষ্টা করবো। নতুন করে সেটা দেখিয়ে তাঁরা আমাদের খুব একটা লজ্জাকর অবস্থায় ফেলতে পারবেন, তাহলে আর এটা আমরা প্রচার করতাম। তাঁদের জানা উচিত ইট ইজ এ ডেমোক্রেটিক স্টেট এবং এটা কোন টোটালিটেরিয়ান স্টেট নয়। আমরা যে কাজই করতে যাই না কেন, তা সমগ্র জনগণের সামনে তুলে ধরে সে কাজ করতে চাই।

তিনি আরো বলেছেন যে এখানে উপর থেকে ফতোয়া দিয়ে কাজ হবে না। আমি জ্যোতি-বাবুকে জানাতে চাই যে আমাদের সি, ডি, পি, ও এন, ই, এসএর আসল উদ্দেশ্য হচ্ছে এই যে রাইটার্স বিল্ডিংসএ থেকে কাজ না করে সেই গ্রামের মধ্যে গিয়ে জনগণের মধ্যে মিশে তাদের মতামত নিয়ে কাজ করা। তাই জন্য আমরা সি, ডি, পি, ইউনিয়ন করেছি। এবং তাই জন্য আজকে আপনারা দেখবেন প্রত্যেকটা সি, ডি, পি, ও এন, ই, এস, ইউনিয়নএ একটা করে এ্যাডভাইসরি কমিটি করে দিয়েছি। সেখানকার লোক্যাল এম, এল, এ, তার মধ্যে থাকেন, স্থানীয় ডিস্ট্রিক্ট বোর্ডএর মেম্বার থাকেন এবং ইউনিয়ন বোর্ডের মেম্বারও থাকেন। তাঁরা সকলে সরকারী কর্মচারীবৃন্দের সঙ্গে বসে সেখানে ঠিক করেন কোন্ কাজ গ্রহণ করা হবে, কোন্ কাজ গ্রহণ করা হবে না।

Sj. Saroj Roy:

আমাদের ওখানে নেওয়া হয় নাই কেন?

Mr. Speaker: What is the meaning of this interruption?

Sj. Saroj Roy:

আমি এ বিষয়ে একটি ক্ল্যারিফিকেশন চাচ্ছি।

Mr. Speaker: That is not the way to seek for clarification. Please don't interrupt.

The Hon'ble Tarun Kanti Ghosh:

যে ব্লকে কাজ আরম্ভ হয়েছে, সেই এলাকার কোন এম, এল, একে যদি না নেওয়া হয়ে থাকে আমি এখানে ঘোষণা করতে পারি, সেখানে স্থানীয় মেম্বারকে নেওয়া হবে, তিনি কম্যুনিস্ট হন, আর যাই হোন—সে বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই।

জ্যোতিবাবু এখানে আমাদের আমেরিকা থেকে ধার করা সম্বন্ধে অনেক কথা বলেছেন। দুঃখের কথা এই যাঁরা রঙ্গীন চশমা দিয়ে দেখেন, তাঁরা সবকিছুই রঙ্গীন দেখবেন। আমার বামদিকের কম্যুনিস্ট পার্টির সদস্যদের আমেরিকা সম্বন্ধে একটা ভীতি আছে। আমার কথা হচ্ছে এই কংগ্রেসী আমি বিশ্বাস করি, কংগ্রেসী সদস্য হিসেবে, ভারতের নাগরিক হিসেবে আমি বিশ্বাস করি আমেরিকা যেমন আমাদের বন্ধু, রাশিয়াও তেমনি আমাদের বন্ধু। যেখানে যেটা ন্যায্য জিনিস আছে, তার মধ্যে নিশ্চয় যদি আমি মনে করি—তা গ্রহণ করবার যোগ্য, সেটা আমেরিকানই হোক বা রাশিয়ানই হোক তা গ্রহণ করতে আমি লজ্জাবোধ করি না। আমেরিকায় এক্সটেনশন সার্ভিস বলে যেটা আছে, আমরা যদি মনে করে থাকি, তার থেকে কিছু গ্রহণযোগ্য আছে, তাহলে আমরা নিশ্চয়ই সেটা গ্রহণ করবো। তাতে লজ্জা বা কেন গ্রহণ করেছি সে কথা উঠতে পারে বলে আমি মনে করি না।

এখানে টাউনশিপ সম্বন্ধে ডাঃ রায় ১৯৫৩ সালে যে বক্তৃতা দিয়েছেন, সে সম্বন্ধে তাঁরা উল্লেখ করে বোঝাবার চেষ্টা করেছেন যে সেটা সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আমি আপনার কাছে সবিনয়ে জানাতে চাই যে এটা তাঁদের ভুল ধারণা। নিশ্চয়ই যে আশা আকাঙ্খা নিয়ে এই টাউনশিপ হবে এবং

around which hundred villages will have a cluster.

সেই আশা আকাঙ্খা নিয়ে করা হয়েছিল এটা। অবশ্য সেই আদর্শে আমরা পৌঁছিতে পারি নি। একথা স্বীকার করতে আমি এতটুকু দ্বিধাবোধ করবো না। কিন্তু সেই সঙ্গে সঙ্গে একথা বলবো আমরা যে টাউনশিপ করেছি, এই টাউনশিপএ যেখানে ইন্ডাস্ট্রি করবার কথা ছিল, তার খানেকটা আমরা নিশ্চয়ই করতে পেরেছি। ফুলিয়াতে পাওয়ারলুম করেছি, মিল চিলিং প্ল্যান্ট করেছি, হ্যান্ডলুম উইভিং সেন্টার করেছি। আর বারুইপুরে স্ট্র উড ফ্যাক্টরী করেছি, আরো একটি ছোট ইন্ডাস্ট্রি করবার আমাদের সেখানে পরিকল্পনা রয়েছে। আলিপুরে (?) সোপ ফ্যাক্টরী করেছি

and 8-ton daily capacity crushing sugar factory under construction.

আর মামুদ বাজারে

3-ton daily capacity China clay washery plant installed, personnel employed 150.

তারপর শান্তিগড়ে স্ট্র-পাল্প মেকিং প্ল্যান্ট আছে।

A plant for manufacture of straw paper board.

আর ঝাড়গ্রামের

Industrial factory for production of utility goods and other fabrications is under construction by Messrs. B. Chakravarty & Co.

অতএব আমি একথা বলতে চাই জ্যোতিবাবুর কাছে ১৯৫৩ সালে ডাঃ রায় যে কথা বলেছিলেন আজও যে কথা আমি বলতে পারি যে আমরা যে টাউনশিপ করেছি, অন্যান্য জায়গায় যে সি, ডি, পি করেছি, যে কম্পোজিট প্ল্যান্ট করেছি, তা ব্যর্থ হয় নাই। আমরা যে সমস্ত বাড়ী করেছিলাম, নিশ্চয়ই আমাদের দেশেতে হয়ত খুব বেশী করেছি বলে এখনো কোন মধ্যবিত্ত সমাজের লোক যেখানে গিয়ে বসবাস করে নাই। একটা স্কীম দু বছর তিন বছর চার বছর দেখে সেটা সফল হয়েছে, কি ব্যর্থ হয়েছে তা প্রমাণ হয় না। অতএব আজকের দিনে বলতে চাই আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৫৩ সালে যে কথা বলেছিলেন, তাঁর সঙ্গে প্রত্যেকটি কথায় আমি একমত।

এখানে মিহিরলালবাবু বক্তৃতা দিতে উঠে তিনি প্যাটেলনগর সম্বন্ধে অনেক কথা উল্লেখ করেছেন এবং ওয়াটার-সাপ্লাই সম্বন্ধেও অনেক কথা বলেছেন। সেখানে নাকি ডাঃ রায়ের নামে একটা সরোবর তৈরি হয়েছে। সেখানে বছরে নাকি দু মাস মাত্র জল থাকে। আমি তাঁকে সবিনয়ে নিবেদন করতে চাই তিনি হচ্ছেন বীরভূমের লোক, তিনি সব জানেন না, তাঁকে জানাতে চাই যে বছরে সেখানে দু মাস মাত্র জল থাকে—এটা ভুল কথা। বছরে সেখানে দু মাসও জল থাকে না এটা হচ্ছে ঠিক কথা। সেই ক্যানালের উপর দিয়ে তাই জন্য সেকেন্ড পল্ড খুড়ছি যাতে করে আমরা সেখানে সারা বছর জল দিতে পারি।

তারপর তিনি কো-অপারেটিভএর কথা উল্লেখ করে বলেছেন যে এখানে আমাদের সি, ডি, পি ও এন, ই, এসএ কোন কো-অপারেটিভ হয় নাই। আমি এখানে স্পীকার মহোদয়ের মাধ্যমে জানাতে চাই যে, আমাদের যে সমস্ত সি, ডি, পি ব্লক আছে, তাতে আমরা যে নতুন কো-অপারেটিভ স্টার্ট করেছি, তার সংখ্যা হচ্ছে ১,২৯৬টি এবং যে সমস্ত নতুন লোককে এই কো-অপারেটিভএর সভ্য করা হয়েছে তার সংখ্যা হচ্ছে ৪৫,০৪৬। অতএব আমাদের মত একটা ব্যাকওয়ার্ড যে দেশ, সেই দেশের মধ্যে যদি কো-অপারেটিভ মুভমেন্ট সুরু করতে হয়, যদি সেখানে ১,২০০টি কো-অপারেটিভ সুরু করে থাকতে পারি, তবে সেটা আমরা লজ্জাকর কিছু করেছি বলে আমি মনে করি না।

এখানে চিত্তবাবু বক্তৃতা দিতে উঠে এ্যাডভাইসরি বোর্ডের কথা বলেছেন, আমি তাঁর উত্তর আগেই দিয়ে দিয়েছি। তিনি একটা কথা জিজ্ঞাসা করেছেন—এই যে ৫০ : ৫০ স্কীমএ যে টিউব-ওয়েল হচ্ছে, তা মেইনটেন কে করবে? আমি তাঁকে জানাতে চাই যে ৫০ : ৫০ স্কীমের এটা বড় সর্ত হচ্ছে এই যে স্পনসরিং এজেন্সী, যারা ৫০ ভাগ টাকা দিচ্ছে, তাদের সেগুলো মেইনটেন করতে হবে। সি, ডি, পি বা এন, ই, এস-এ যেগুলো হবে তার জন্য অন্য বন্দোবস্ত রয়েছে। কিন্তু যে সমস্ত স্পনসরিং অথরিটি যেমন একটা টিউব-ওয়েলের, যদি ৫০ লক্ষ টাকার স্কীম নিয়ে এগিয়ে আসে, তখন এটা তাদের স্বীকার করে নিতে হবে যে তাদের সেটা মেইনটেন করতে হবে।

এখানে আমাদের দেবপ্রসাদ রায় মহাশয়, আমাদের দার্জিলিংএর বন্ধু বক্তৃতা দিতে উঠে তিনি যে কথা পার্সোনেল নিয়ে বলেছেন দার্জিলিংএ যদি আমরা শুধু বাঙ্গালী রাখি, নেপালী-ভুটিয়া যদি সেখানে না রাখি, তাহলে সেখানে কাজের অসুবিধা হতে পারে। এ বিষয়ে আমি তাঁর সঙ্গে একেবারে একমত এবং আমি তাঁকে জানাতে চাই যে আমাদের যে তিনজন বি, ডি, ও, আছেন, তার দুজন হচ্ছেন নেপালী ও আর একজন হচ্ছেন বাঙ্গালী। তবে তিনি নেপালী খুব ভালভাবে জানেন। যেসমস্ত গ্রামসেবক ও গ্রামসেবিকা এবং তাদের তলায় যে স্টাফ আছে, তার মধ্যে অনেক নেপালী এবং ঐ অঞ্চলের অধিবাসী। আমরা কম দিয়েছি এবং ভবিষ্যতে যাতে বেশী করে দিতে পারি সেটা সব সময় মনে আছে এবং সেগুলি পরে বলবার চেষ্টা করবো।

[7-35—7-48 p.m.]

এখানে আমাদের শ্রীগোবর্ধন পাকড়ে মহাশয় বক্তৃতা দিতে উঠে তিনি বললেন যে, কংগ্রেস সরকারকে তিনি ধন্যবাদ দেন তার কারণ এখানে এত লোক বেকার লোক আছে। আমি তাঁকে এই কথাই মনে করিয়ে দিতে চাই ১০ বছরের মধ্যে কি ৯ বছর পরে তার মনে হল কংগ্রেস সরকারের ব্যর্থতা। আমি তো জানি ১৯৫৬ সাল পর্যন্ত তিনি কংগ্রেসের সদস্য ছিলেন এবং গত নির্বাচনে তিনি কংগ্রেসের টিকিট পেয়েছিলেন এবারে যেহেতু তিনি কংগ্রেসের টিকিট পান নি, কংগ্রেসের বিরুদ্ধে দাড়িয়েছিলেন, অতএব আজকে এসে তিনি দশ বছরের কংগ্রেসের কথা উল্লেখ কোরে তিনি কংগ্রেসকে গালাগাল দিতে চান। আমি বুঝতাম ১৯৫৪ সালে কিম্বা ১৯৫৫ সালেও তিনি যদি কংগ্রেস ছেড়ে দিতেন তাহলে বুঝতে পারতাম যে কংগ্রেসের ব্যর্থতার জন্যই তিনি কংগ্রেস ছেড়ে গেছেন কিন্তু ১৯৫৬ সালের শেষ পর্যন্ত কংগ্রেসের মেম্বার থেকে বি, পি, সি, সি, মেম্বার থেকে যেহেতু তিনি নমিনেশন পেলেন না সেইহেতু দশ বছরের কংগ্রেসের ব্যর্থতার কথা উল্লেখ কোরে তিনি যদি হাততালি পেতে চান, পেতে পারেন কিন্তু এটা নীতিগত কথা হবে না, অন্ততঃ আমি আশা করব না যে এই ধরনের কথা বলে তিনি খুব একটা আমাদের সাহায্য করলেন। এখানে অমল গাঙ্গুলী মহাশয় ও মিঃ পান্ডে তিনি বলেছেন সি, ডি, পিতে এক-তৃতীয়াংশ কন্ট্রিবিউশন দিতে হয়। আমি তাঁকে জানাতে চাই সি, ডি, পি, বা এন, ই, এসকে কোনটাতেই এক-তৃতীয়াংশ কন্ট্রিবিউশন দিতে হয় না। ২৫ পার্সেন্টএর বেশী দেওয়ার কোন জায়গায় কোন বন্দোবস্ত নাই। সে জলের কলই হউক, স্কুলই হউক আর যেকোন জিনিসই হউক সেখানে মাত্র ২৫ পার্সেন্ট তাদের কন্ট্রিবিউট করতে হয়। এবং তিনি যে কথা বলেছেন যে ২৫ ভাগ যদি গরীব জায়গা থেকে না আসে, আমি তার কাছে সেটা উল্লেখ করতে চাই দার্জিলিং ডিস্ট্রিক্ট ; সেখানকার দেবার ক্ষমতা নেই আমরা সেখানে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টএর ক্যাবিনেটএ সেটা কমিয়ে দিয়ে সেটা ১০ পার্সেন্ট করে দিয়েছি। এবং প্রত্যেক সি, ডি, পি, এবং এন, ই, এসএ যে সমস্ত কর্মীরা রয়েছে তাদের উপর আমাদের এ দায়িত্ব দেওয়া রয়েছে যদি কোন জায়গায় এমন দেখা যায় যে সেখানকার মানুষ সত্যিকারের দরিদ্র, সত্যিকারের কাঙ্গাল, সত্যিকারের দীন যাদের পক্ষে ২৫ পার্সেন্ট দেওয়া সম্ভব নয়, টাকার দিক দিয়ে, লেবারএর দিক দিয়ে যদি দিতে পারে তাহলে দেবে, টাকায় সেটা সম্ভব নয় তাহলে নিশ্চয় সেটা যদি তারা আমাদের কাছে রেফার করে আমরা নিশ্চয়ই কন্সিডার করে দেখি যে সেখানে কি করা সম্ভব কি সম্ভব নয়। এখানে শ্রীবিনয় চৌধুরী মহাশয় বলেছিলেন যে, আমি যা বলেছিলাম ৯২ লক্ষ টার্গেট একটা বড় প্রমাণ আমাদের দেশেতে সি, ডি, পি এবং এন, ই, এস, ব্লক সাফল্যলাভ করেছে,

তিনি বলছেন সেটা প্রমাণ নয় এই কারণে কন্ট্রিবিউশনটা বাধ্য হয়ে দিতে হচ্ছে। আমি তাকে বলব তিনি শুধু বর্ধমানের তার নিজের এলাকা যদি দেখেন তাহলে তার কথা সত্যি হবে কি মিথ্যা হবে জানি না। তাঁকে আমি আহ্বান করব আমার সাথে আসতে বেশী দূরে যেতে হবে না রাজভবনে আমার অফিসে আমি তাঁকে দেখাব এই সি, ডি, পি, আর এন, ই, এস এবং এই লোক্যাল স্কীমের জন্য কিভাবে সমস্ত জায়গা থেকে মানুষের চাহিদা আসছে, তারা টাকা নিয়ে ৫০ ভাগ দেব, ৬০ ভাগ দেব—দিয়েও তারা নতুন করে কাজ করবার চেষ্টা করছে। আমি তাদের কাছে এই কথা বলতে চাই তিনি বাঙ্গালী হয়েও তিনি বাংলাদেশের মানুষকে ঠিক চিনতে পারেন নি। বাংলাদেশ গরীব দরিদ্র, দীন, কাঙ্গাল হলেও দেশ এবং জাতির উন্নতির জন্য তারা সবসময় স্বার্থত্যাগ করে এসেছে, আজকেও তারা করতে প্রস্তুত। এবং তার সবচেয়ে বড় প্রমাণ হচ্ছে এইভাবে তারা সি, ডি, পি, এন, ই, এস, ব্লকএর মধ্যে দিয়ে তারা কাজ করে যাচ্ছে। এটা কম্পালসারি কন্ট্রিবিউশনএর প্রশ্ন নয়, এটা প্রশ্ন হচ্ছে আমাদের এই গরীব দেশকে যদি বড় কোরে তুলতে হয় পাঁচ বছরের, ১০ বছরের মধ্যে তাহলে সরকারের যা কিছু আছে তার সঙ্গে সকলের শ্রম এবং যার সঙ্গে খুদকুড়ি যা পাই তা সংযোগ করতে হবে। যদি শুধু সরকারী টাকা দিয়ে সব কাজ করতে হয় তাহলে ১০০ বছর লাগবে দেশকে বড় করতে। কিন্তু সরকারের ১০ কোটি টাকার সঙ্গে যদি আজকে জনসাধারণের সংযোগ করতে পারা যায় আমাদের যে জনবল আছে, তার সঙ্গে এক করতে পারি তাহলে আমরা সে কাজ ১০ বছরে সমাধান করতে পারব। অতএব আজকের দিনে আমি শুধু এই কথাই বলব এখানে সি, ডি, পি, এবং এন, ই, এস সম্বন্ধে আজকে যে বক্তৃতা সদস্যরা দিয়েছেন তার কনস্ট্রাকটিভ সাইড যেটা দিয়েছেন সেটা আমি নিশ্চয়ই গ্রহণ করবার চেষ্টা করব। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানাব যে এত বড় একটা স্কীম, যে স্কীমেতে এই দেশের প্রত্যেকের প্রত্যেকটি মানুষের একটা স্বার্থ রয়েছে তাকে তাঁরা সমান মর্যাদাসহকারে তারা এটাকে বিচার করবার চেষ্টা করেন নি। স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি অনুরোধ জানাব এখানকার প্রত্যেকটি সদস্য বন্ধুদের প্রত্যেকটি ভাইকে এই ব্যাপারে তারা সহযোগিতা করুক। যেমন ফুডএর ব্যাপারে, যেমন রিফিউজী রিহ্যাবিলিটেশনএর ব্যাপারে তেমনি ডেভেলপমেন্টএর ব্যাপারে বলতে পারি এই সরকার কখনও রাজনীতি করেন নি এবং ভবিষ্যতে করবে না। আমি চাই আমাদের দিনে এই দেশকে বড় কোরে তুলবার ব্যাপারে, জাতিকে বড় কোরে তুলবার ব্যাপারে তাঁরা এসে আমাদের পাশে দাঁড়ান। যদি ভুল থাকে ত্রুটি থাকে এই এ্যাসেম্বলীতে এসে একদিন আধঘণ্টা বক্তৃতার মাধ্যমে শুধু সেটা বলে দিয়ে কার্য সমাপন না করে আমাকে তারা জানান। আমি তাহলে নিশ্চয়ই তাঁদের বলতে পারি আমাদের যদি ভুলত্রুটি থাকে তাহলে সেটা মেনে নিয়ে, তাদের মত মেনে নিয়ে আমি সেটা দূর করবার চেষ্টা করব। আমি এখানে যেসমস্ত কাট মোশন আছে, তার বিরোধিতা করি এবং আমি আমার যে মোশন রেখেছিলাম তা সমর্থন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Sj. Gobardhan Pakray: On a point of personal explanation, Sir.

মাননীয় স্পীকার মহাশয়, আমার সম্বন্ধে মন্ত্রীমহাশয় যে কথা বললেন তা অসত্য। কারণ, আমি এবার কংগ্রেস টিকিট দিতে একবারও মন্ত্রীমহাশয়কে অনুরোধ বা জিলা কংগ্রেস সভাপতিকে অনুরোধ করি নি। আমি স্বেচ্ছায় কংগ্রেস ছেড়ে দিয়েছি।

Mr. Speaker: I am now putting all the cut motions except motion No. 5 standing in the name of Shri Mihir Lal Chatterji to vote.

(All the cut motions except No. 5 put *en bloc* to vote and lost.)

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerji that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Lal Chatterji that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works

outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Deben Sen that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Dey that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Deo Prakash Rai that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Amal Kumar Ganguli that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Somnath Lahiri that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mihir Lal Chatterji that the demand of Rs. 1,32,50,000 for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Community Development Projects", be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—74.

Abdulla Farooque, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Jyoti
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj Dr. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Gobardhan
Das, Sj. Sisir Kumar

Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ellas Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Golam Yazdani, Sj.
Halder, Sj. Ramanuj
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumdar, Sj. Satyendra Narayan
Misra, Sj. Monoranjan
Mitra, Sj. Haridas
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Roy, Choudhury, Sj. Khagendra Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—133.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Doloi, Sj. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbanadur
Hafiur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakal
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar

Mukhopadhyay, Sj. Ananda Gopal
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Muzaffar Hossain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Patel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Huque, Janab Md.

The Ayes being 74 and the Noes 133 the motion was lost.

The motion of the Hon'ble Tarun Kanti Ghosh that a sum of Rs. 1,32,50,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 41, Major Heads: "63B—Community Development Projects, National Extension Service and Local Development Works", "82—Capital Account of other State works outside the Revenue Account—Community Development Projects" and "Loans and Advances under Commuity Development Projects" was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 7-48 p.m. till 3 p.m. on Friday, the 21st June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 21st June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 213 Members.

[3—3-10 p.m.]

Ruling on the allegations made by Shri Sisir Kumar Das on June 19, 1957.

Mr. Speaker: Before the day's work begins, I wish to give a ruling regarding the speech of Shri Sisir Das, an honourable member of this House, made on the 19th instant. After Shri Sisir Das made his speech on the 19th instant I asked him whether he was in a position to furnish particulars regarding certain allegations made by him against Shri A. K. Sen, now a Minister of State of the Central Government. His answer was in the affirmative. Nevertheless, no particulars were given then though he gave a personal explanation. While the matter was being considered Shri Deven Sen and Shri Jyoti Basu raised points of order and contended that the standard of proof required in a court of law should not be required in this House as that would be an encroachment on the rights and privileges of the members of this House, and I agree with both the honourable members to that extent. The reason why I objected to the speech was based on two grounds. The text of the speech was as follows: "Shri Ashoke Sen, now a Minister of State of the Government of India, was selected as the Chairman of the Committee for giving taxi permits". I am leaving out some portions after this. "Shri Ashoke Sen who has now been elected to the Parliament as a representative of big business with the help of Marwari funds (Shri Gopaldas Mundra), immediately utilised his position as the Chairman of the said Taxi Permit Committee. He gave a large number of permits to those persons in his constituency where he had polled very little votes in the election held in March, 1956 and with the help of the persons obliged he could turn the minority into majority during the last Election."

If Mr. Das had mentioned the names of persons who received such favour I would not have objected but not a single name was mentioned and a sweeping and vague attack was made against Mr. Ashoke Sen. I have ruled in the past that such charges and allegations should not be made. It may also be borne in mind that Mr. A. K. Sen not being a member of this House had no opportunity of refuting the charge. Unless particulars are given, it is not possible even for any Minister to answer the charge. Secondly, the statement of Mr. Das to the effect that Mr. Ashoke Sen got himself elected during the last general election with the help of Marwari funds, and in this connection the name of Shri Gopal Das Mundra was mentioned, is entirely irrelevant. How Mr. Sen got himself elected is a personal matter of his. No election petition has been filed for setting aside his election and as such it must be taken for granted that his election is in order. Wherefrom Mr. Sen received his funds has nothing whatever to do with the West Bengal administration and as such the West Bengal administration is not answerable for it. On this material I hold that these remarks of Mr. Sisir Das were not justified or were not desirable.

We now begin our day's work.

Sj. Deben Sen: Mr. Speaker, Sir, I would like respectfully to submit some words in this connection. There were two charges against Mr. Das brought forward in the ruling which you have been pleased just now to give. Certainly whatever ruling you give we bow to it. There is no doubt about that. But my submission is that so far as one point is concerned, i.e., Mr. Das accusing Mr. Sen that he had taken money from the Marwaris for the purpose of his election, you have thought that this was irrelevant. So I am not concerned with that point also. The other point was that Mr. Das had said that Mr. Sen was appointed the Chairman of the Committee and in that capacity he distributed taxi to those who helped him in getting him elected. My humble submission is that this is an aspect of criticism which a member of this House, in my opinion, should be allowed to make. Otherwise it becomes difficult for us to criticise any Government Department. You have been also pleased to remark that no Minister would be able to defend Shri Ashoke Sen. In our opinion the Chief Minister or the Minister-in-charge of the State Transport Department can defend Mr. Sen. Mr. Ashoke Sen has been criticised not in his personal capacity there, but as a member of a committee which has been appointed by the Government and the Government really is answerable for whatever he might have done.....

Mr. Speaker: Are you criticising the ruling? It does not matter how you put it. You are criticising the ruling. That is the long and short of it. I will not allow it. I have told you I will not allow it.

Sj. Jyoti Basu: I think Mr. Deven Sen was asking you to consider over the matter.....

Mr. Speaker: You know the exact background. I have not tried to curb any rights or privileges or freedom of the House. It is only a request to honourable members of this House not to make a charge without being specific about it. I have given this matter full consideration and after being convinced that the procedure stated above is correct, I have given the ruling.

DEMANDS FOR GRANTS

Major Heads: XVII—Irrigation, etc.

[3-10—3-20 p.m.]

The Hon'ble Ajoy Kumar Mukherji: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,56,21,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account".

মাননীয় স্পীকার মহোদয়, ভারতের রাজ্যগুলির মধ্যে ঘন বসতি হিসাবে পশ্চিমবঙ্গের দ্বিতীয় স্থান। ১৯৫১ সালে যখন গড়ে প্রতি বর্গমাইলে মানুষের বাস ছিল কম্যুনিষ্ট রাশিয়ায় ২৩ জনের, কম্যুনিষ্ট চীনে ১২৩ জনের, পাকিস্তানে ২১০ জনের এবং সারা ভারতে ২৮৬ জনের তখন পশ্চিমবঙ্গে ছিল ৭৯৯ জনের। আজ সেই সংখ্যা দাঁড়িয়েছে ৮৩০, সারা পৃথিবীর মধ্যে সবচেয়ে ঘন বসতিপূর্ণ শহর হল কলিকাতা। এখানে প্রতি বর্গমাইলে ৮৮,৯৫৩ জন লোকের বাস, শুধু উত্তর কলিকাতা ধরলে এই সংখ্যা ৯০ হাজারের বেশী হবে, অথচ দিল্লী শহরের এই সংখ্যা হল ৩০ হাজার, এবং বোম্বাইএর মাত্র ৯৩,৫০০। তার ওপর, পূর্ববঙ্গ থেকে

বাস্তুহারার আমদানির বিরাম নেই। আজ পর্যন্ত ৩৫ লক্ষেরও বেশী এসেছেন এদিকে জন-স্বাস্থ্য বিভাগের চেষ্টায় এই রাজ্যে মানুষের গড় পরমায়ু আগের চেয়ে বেড়ে গেছে এবং মৃত্যুর হার পৃথিবীর সকল দেশের তুলনায় সর্বনিম্নে চলে গেছে, অথচ জন্মের হার বেড়েই চলেছে। এই সব কারণে এই রাজ্যের খাদ্যসমস্যা ক্রমশঃ কঠিনতর হয়ে উঠেছে। দেশ বিভাগের আগেও অখণ্ড বঙ্গে দারুন খাদ্যাভাব ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ঠিক পূর্বে, ১৯৩৯ সালে কলিকাতার বন্দরে ৪৪ লক্ষ মণ ব্রহ্মদেশের চাল এসেছিল। তা ছাড়া, ভারতের অন্যান্য রাজ্য থেকে আরও প্রায় ৫৬ লক্ষ মণ খাদ্যশস্য এসেছিল। দেশ বিভাগের ফলে অখণ্ড ভারতের শতকরা ৭৮ জন আমাদের এই খণ্ডিত ভারতে থেকে গেছেন, কিন্তু আবাদী জমির শতকরা মাত্র ৬৫ বিঘা আমরা ভাগে পেয়েছি। দেশ বিভাগের আগে খাদ্যভাবগ্রস্ত অখণ্ড বঙ্গে সৈন্যদের জন্য রসদ মজুত করতে গিয়ে বিদেশী শাসন যে দুর্ভিক্ষের সৃষ্টি করেছিল তাতে এই রাজ্যে প্রায় ৩০ লক্ষ লোক অনাহারে মারা যায়। সারা ভারতে, বিশেষ করে পশ্চিমবঙ্গে প্রায় প্রতি বছর কোথাও না কোথাও অনাবৃষ্টি, অতিবৃষ্টি, অনিয়মিত বৃষ্টি, ঝড়-ঝঞ্ঝা ও প্লাবন এবং কীট পতঙ্গের উৎপাত লেগেই আছে। ১৯৫২ ও ১৯৫৪ সালে উত্তর বঙ্গে যেরকম ভীষণ ও ব্যাপক বন্যা হয়েছিল, তার পূর্বে ৫০ বছরেও ওরকমটা দেখা যায় নি। ১৯৫৬ সালে সুন্দরবনে জোয়ারের জল যত উঁচুতে উঠেছিল, তার পূর্বে ১৫ বছরের মধ্যে কখনও তা ওঠে নি। ঐ বছর পশ্চিমবঙ্গের মাছের জেলাগুলিতে যেরকম ভীষণ ও ব্যাপক প্লাবন হয়েছিল, কোন জীবিত মানুষের স্মরণকালে তা ঘটে নি। আবার ঐ বছরই সুন্দরবনে ও মেদিনীপুরে অতি ভীষণ ঝড় দেশের দারুন ক্ষতিসাধন করে যায়। এইসব কারণেই এ বছরে জনগণের আর্থিক অবস্থা ও খাদ্য সমস্যা চরমে উঠেছে। স্বাধীনতা লাভের পর থেকে সরকারের ও জনগণের চেষ্টায় খাদ্যশস্যের উৎপাদন প্রচুর পরিমাণে বাড়লেও প্রকৃতির তাণ্ডব এই শস্যকে মানুষের ভোগে আসতে দিচ্ছে না। কয়েক বছরের চেষ্টায় এবং বহু কোটি টাকা ব্যয়ে যে উন্নতি হয়, কয়েক ঘন্টার প্রাকৃতিক বিপর্যয় তাকে নষ্ট করে দেয়। শস্যোৎপাদন যদি খুব বেশী না বাড়ত তাহলে বহু পূর্বেই ব্যাপক দুর্ভিক্ষে বিরাট অঙ্কের প্রাণহানি ঘটত।

উপরের কারণগুলির জন্য স্বাধীনতা লাভের পর থেকেই ভারত-সরকার বিশেষ করে পশ্চিম-বঙ্গ সরকার সকল উন্নয়নমূলক কাজগুলির মধ্যে অধিকতর শস্যোৎপাদনকেই প্রথম স্থান দিয়েছেন। এই কাজে প্রধান সহায়ক হল চাষের জন্য জমিতে নিয়মিত জল সেচের ও জল-বদ্ধ এলাকার জল নিকাশের ব্যবস্থা এবং আবাদী জমিকে লোনা জলের আক্রমণ থেকে বাঁচান। তাই, এই রাজ্যের গত কয়েক বছরের ব্যয় বরাদ্দে দেখা যায় যে ১৯৪৭-৪৮ সাল থেকে সেচ বিভাগের টাকার পরিমাণ ক্রমশঃ বাড়িয়ে আনা হয়েছে। প্রাক-স্বাধীনতার বছরে ১৯৪৬-৪৭ সালে পশ্চিমবঙ্গের ভাগে যত টাকার সেচ বরাদ্দ ছিল ১৯৫৫-৫৬ সালে তার প্রায় ২১ গুণ হয়েছিল। দামোদর ভ্যালি কর্পোরেশনকে পশ্চিমবঙ্গের দেয় অংশ ধরে প্রাক-স্বাধীনতার বছরে পশ্চিমবঙ্গের অংশগত সেচ বরাদ্দ ছিল ঐ বছরের মোট বরাদ্দের শতকরা মাত্র ৪·৯৭ ভাগ। স্বাধীনতার প্রথম বছরে, ডাক্তার প্রফুল্লচন্দ্র ঘোষের প্রধান মন্ত্রীত্বের আমলে, ১৯৪৭-৪৮ সালে সেচ বরাদ্দকে বাড়িয়ে করা হয় মোট বরাদ্দের শতকরা ৬·৩৬ ভাগ। বিধান রায় মন্ত্রীমণ্ডলী এই হারকে দ্রুত বাড়িয়ে তোলেন। ১৯৫২-৫৩ সালে ঐ হার দাঁড়ায় ২৩·১১, এর মধ্যে ডি ভি সির হিসাব আছে। টাকার অঙ্ক ধরলে এটি ঘোষ মন্ত্রীমণ্ডলীর সেচ বরাদ্দের আট গুণেরও বেশী হবে। গত কয়েক বছরে এটাও দেখা গেছে যে এই রাজ্যে ডি ভি সি সহ সেচ বরাদ্দ অপর যে কোন বরাদ্দের চেয়ে অনেক বেশী। ১৯৫২-৫৩ সালে সেচ বরাদ্দ ছিল ঐ বছরের পুলিস বরাদ্দের আড়াই গুণ, পর বৎসর সেটা দাঁড়ায় তিন গুণ। হিন্দু, মুসলমান ও ইংরাজ শাসনের আমলে, স্বাধীনতা লাভের ঠিক পূর্ব পর্যন্ত কয়েক শত বছরে পশ্চিম-বঙ্গের আবাদী জমির শতকরা মাত্র ১৪·৮ ভাগ সর্বপ্রকার সেচের অধীন ছিল। স্বাধীনতার পর মাত্র প্রথম চার বছরে ঐ হার দাঁড়ায় ২১·১ ভাগে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে ১৯৫৬-৫৭ সালে ঐ অঙ্ক দাঁড়িয়েছে ৩১·৭ ভাগে। দ্বিতীয় পঞ্চবার্ষিকীর শেষে ঐ অঙ্ক শতকরা ৪৬·৬ ভাগে দাঁড়াবে বলে আশা করা যায়, যদি না টাকা ও মালমসলার অনটনে কাজের অগ্রগতি ব্যাহত হয়। আলোচ্য বর্ষে ১৯৫৭-৫৮ সালের বাজেটে ও সেচ বিভাগের কাজকে

উপযুক্ত গুরুত্ব দেওয়া হয়েছে, যদিও ৪৯টি দফার বরাদ্দের মধ্যে টাকার হিসাবে ন্যায্যত শিক্ষা বরাদ্দকে প্রথম স্থান দেওয়া হয়েছে, যেটা মোট বরাদ্দের টাকার শতকরা ১০·৮ ভাগ। ডি ভি সি সহ ৯,১০, ও ৪৪নং গ্রান্টে সেচ সম্পর্কিত বরাদ্দ এই রাজ্যে দ্বিতীয় স্থান অধিকার করেছে। এই তিন দফার মোট পরিমাণ হল ১০ কোটি ১৪ লক্ষ ৩২ হাজার টাকা, যেটা সর্বপ্রকার মোট বরাদ্দের শতকরা ৯·৯ ভাগ। এই টাকা ১৯৪৬-৪৭ সালের সেচ বরাদ্দের ১১ গুণ হবে। পশ্চিমবঙ্গের চেয়ে ঘন বসতি আছে কেরালা রাজ্যে, সেখানের খাদ্যসমস্যাও এই রাজ্যের চেয়ে অনেক বেশী কঠিন। তবুও এ বছরের ব্যয় বরাদ্দে কেরালায় সেচের খাতে ধরা হয়েছে মাত্র ১ কোটি ৯৬ লক্ষ টাকা যেখানে পশ্চিমবঙ্গে ১০ কোটি ১৪ লক্ষ টাকা, অর্থাৎ কেরালার ১০ গুণেরও বেশী বরাদ্দ হয়েছে। অথচ কেরালায় ২ কোটি ৩২ লক্ষ ৫৭ হাজার টাকার নতুন ট্যাক্স ধার্যের প্রস্তাব এসেছে। সেক্ষেত্রে এই রাজ্যে নতুন ট্যাক্স ধার্যের কোন প্রস্তাবই নেই। এইসব হিসাব দেখে বোঝা যাবে এই রাজ্যে সেচ-বিভাগের কাজকে কতখানি গুরুত্ব দেওয়া হয়।

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই রাজ্যের সেচ বিভাগের জন্য ৪৪ কোটি টাকার গঙ্গা বারাজ, ১৯·২৫ কোটি টাকার দুটি সল্ট লেক এবং ১·২৫ কোটি টাকার ক্যালকাটা কর্পোরেশন ষ্টর্ম ওয়াটার ক্যানেল সহ অন্যান্য কাজের জন্য ৮৪ কোটি টাকা চাওয়া হয়েছিল, কিন্তু প্ল্যানিং কমিশন নানা কারণে তাকে কমিয়ে ১৭ কোটি ৭১ লক্ষ ৫৫ হাজার টাকায় দাঁড় করিয়েছেন। গঙ্গা বারাজের হিসাব এর মধ্যে নেই। কারণ এই সম্পর্কিত দায়িত্ব আপাততঃ কেন্দ্রীয় সরকার নিয়েছেন, কেবল তার সার্ভে ইত্যাদির আংশিক খরচ হিসাবে এই রাজ্য সরকার কিছু কিছু দিয়ে থাকেন। এই সেচ বিভাগের ৭৬ লক্ষ টাকার প্রায় ৫০টি ছোট ছোট কাজ প্ল্যানিং কমিশনের নির্দেশ অনুসারে কৃষি বিভাগের বরাদ্দের মধ্যে ধরা হয়েছে, আসলে সেগুলি এই বিভাগই করবে। নর্থ সল্ট লেক, সাউথ সল্ট লেক এবং ষ্টর্ম ওয়াটার ক্যানেলের বরাদ্দ সেচ বিভাগের হিসাবের মধ্যে ধরা হয় নি, যদিও এইসব কাজের প্রাথমিক দায়িত্ব আজ পর্যন্ত এই বিভাগের ওপরই। ভবিষ্যতে এই কাজ এই রাজ্যের ডেভলপমেন্ট কর্পোরেশনের হাতে যেতেও পারে, হয়তো তখনও এদের রূপায়ণের ভার এই সেচ বিভাগেরই ওপরে পড়বে।

[3-20—3-30 p.m.]

স্বাধীনতা লাভের পর থেকে ১৯৫৭-৫৮ সালের শেষ পর্যন্ত বড়, মাঝারি ও ছোট ২০৬টি কাজে সেচ বিভাগ মোট ২২ কোটি ৪ লক্ষ টাকা খরচ করেছেন ও করবেন যার দ্বারা প্রায় ১,২৩৫,৩০০ একর জমির উপকার হবে।

আলোচ্য বর্ষে যেসব কাজের জন্য টাকার বরাদ্দ করা হয়েছে সেগুলির মধ্যে সবচেয়ে বড় হল কংসাবতী পরিকল্পনা। পুরুলিয়া ও বাঁকুড়া জেলার সীমানায় কংসাবতী ও কুমারী নদীকে বেঁধে প্রায় ৪০ বর্গমাইলের যে জলাধার তৈরী হবে তা থেকে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও হুগলী জেলার প্রায় ৮ লক্ষ একর খরিফ চাষের জমিতে জল দেওয়া যাবে এবং প্রায় দেড় লক্ষ একর রবিশস্যের জমিতেও সেচ দেওয়া যাবে। এই পরিকল্পনায় আপাততঃ জল বিদ্যুত উৎপাদনের ব্যবস্থা নেই। এই পরিকল্পনায় মোট ২৫ কোটি ৩৫ লক্ষ টাকা ব্যয় হবার কথা। ছয় বছরে কাজটি শেষ হবার কথা ছিল। সেই হিসাবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৫ বছরে ২০ কোটি টাকা চাওয়া হয়েছিল, কিন্তু প্ল্যানিং কমিশন মাত্র ৫ কোটি টাকা মঞ্জুর করেছেন। ফলে, এই পরিকল্পনাকে পূর্ণ রূপ দিয়ে জনকল্যাণে লাগাতে আরও বেশী বছর লাগবে যদি না ইতিমধ্যে আরও বেশী টাকা পাওয়া যায়।

আশা করা গিয়েছিল যে, ময়ূরাক্ষীর স্থায়ী ও অস্থায়ী কর্মচারিগণকে সহজেই কংসাবতীর কাজে লাগান যাবে, কিন্তু অর্থাভাবে কংসাবতীর কাজের গতিকে মন্থর করতে হয়েছে বলে ঐ কাজে ময়ূরাক্ষীর সকল বাড়তি কর্মীকে স্থান দেওয়া যাচ্ছে না। এইসব বাড়তি কর্মীর উপর আইনের প্রয়োজনে ছাঁটাইয়ের নোটিস দেওয়া হলেও তাঁদের পদচ্যুত না করে কয়েক মাস বস্তুতঃ বিনা কাজেই বা নামমাত্র কাজে বহাল রাখা হয়েছে এবং কোথাও না কোথাও কাজ দেবার চেষ্টা চলছে।

আলোচ্য বর্ষের আরও কয়েকটি বড় কাজের বরাদ্দের উল্লেখ করা যেতে পারে, যেমন ময়ূরাক্ষী—৭৫ লক্ষ টাকা, বাগজোলা—৩২ লক্ষ টাকা, সোনারপুর দ্বিতীয় পর্যায়—১১ লক্ষ ২৭ হাজার টাকা, আমতা বেসিন—৯॥ লক্ষ টাকা, করতোয়া - তালমা—৮ লক্ষ টাকা এবং ইটাবেড়িয়া কলা বেড়িয়া খাল—৪ লক্ষ ৬০ হাজার টাকা। ১০নং গ্রান্টের ব্যয় বরাদ্দের মোট যে ৫ কোটি ৯২ হাজার টাকা ধরা হয়েছে তার মধ্যে সেচ ও নিকাশের ৩৯টি কাজে ২ কোটি ৩০ লক্ষ টাকা খরচ হবে। এই বরাদ্দে সুন্দরবনের জন্য ৩০ লক্ষ টাকা আছে। রাজস্ব বিভাগও সুন্দরবনের জন্য ১৫ লক্ষ টাকার বরাদ্দ করেছেন, এই টাকারও একটা বড় অংশ সেচ বিভাগের মারফতে খরচ হবে। ভবিষ্যতে প্রয়োজন হলে দুই বিভাগেরই এই বরাদ্দ আরও বাড়িয়ে দেওয়া যাবে। অন্যত্র বন্যা নিয়ন্ত্রণ কল্পে ৫০ লক্ষ টাকা ধরা হয়েছে, আরও কয়েক লক্ষ টাকা লাগতে পারে। কেন্দ্রীয় বন্যা নিয়ন্ত্রণ তহবিল থেকে এই টাকা পাওয়া যাবে বলে আশা করা যায়। সুন্দরবনের কন্টুর সার্ভের জন্য ১ লক্ষ ২০ হাজার টাকা, পশ্চিমবঙ্গে হাইড্রলজিক্যাল অবজারভেশনের জন্য ১ লক্ষ ২ হাজার টাকা এবং নদী বিজ্ঞানাগারের উন্নতির জন্য ২ লক্ষ ৩৮ হাজার টাকা ধরা হয়েছে। নদী বাঁধা, বন্যা নিরোধ, ভাঙ্গন বন্ধ, গোল নির্মাণ প্রভৃতি মোটা মোটা খরচের বড় বড় ও কঠিন কাজ শুরু করার আগে এই বিজ্ঞানাগারে সমীক্ষা ও পরীক্ষা করে দেখা হয়। যার ফলে ভবিষ্যতের ভুল ভ্রান্তির হাত থেকে উদ্ধার পাওয়া যায়, বহু জটিল সমস্যার সঠিক সমাধান খুঁজে বার করা যায় এবং লক্ষ লক্ষ টাকার ব্যয় বাঁচান যায়।

সেচ বিভাগের বিভিন্ন প্রকারের কাজের মধ্যে প্রধান তিনটি এই প্রথম সেচ ও নিকাশ দ্বিতীয় সুন্দরবন সমস্যা এবং তৃতীয় বন্যা নিয়ন্ত্রণ। সেচ ও নিকাশের কথা উপরে বলা হয়েছে। এবার সুন্দরবনের কথায় আসা যাক। এক সময়ে গঙ্গা নদী ভাগীরথীর খাতে পশ্চিমবঙ্গ দিয়ে প্রবাহিত হত। এখন সে নদী তার গতিপথ পরিবর্তন করে পূর্ববঙ্গের পদ্মা নদীর খাতে বয়ে যাচ্ছে। হাজার হাজার বছর ধরে গঙ্গা ও অন্যান্য নদী পাহাড় পর্বত থেকে পলি মাটি বয়ে এনে দক্ষিণবঙ্গের ভূমি সৃজন করেছে। সর্বদক্ষিণের দ্বীপ বহুল ও জঙ্গলময় জলাভূমিকে সুন্দরবন বলা হয়। ঘন বসতিপূর্ণ পশ্চিমবঙ্গে চাষ ও বাসের তাগিদে এই সুন্দরবনের অমূল্য বন সম্পদ ধ্বংস করে নদী ও তার শাখাগুলির স্বাভাবিক গতি ও প্রকৃতিতে বাধা সৃষ্টি করে সম্পূর্ণ অবৈজ্ঞানিকভাবে এই দ্বীপগুলিকে আবাদী করতে গিয়ে আমাদের পূর্বগতরা যে ভুল করেছিলেন, আজ তার মাশুল কড়ায় গণ্ডায় বুঝিয়ে দিতে হচ্ছে। বছরের পর বছর সুন্দরবনের সমস্যা জটিলতর হয়ে উঠেছে। সুন্দরবনের জঙ্গল সহ মোট এলাকা হল ৩,০৮৯ বর্গমাইল। আর তার মধ্যে ১,৪৬০ বর্গমাইলে মানুষের বসতি হয়েছে, প্রায় ১,০০০ বর্গমাইলে আবাদ হচ্ছে এবং ১৯০ বর্গমাইলে মাছের চাষ হচ্ছে। স্বল্প ও দীর্ঘ মেয়াদে সুন্দরবনের এই প্রায় দেড় হাজার বর্গমাইল এলাকা লাটদারগণকে বিলি করা হয়েছিল। তাঁরা বন কেটে ও বাঁধ বেঁধে এই অঞ্চলকে চকদার, রায়ত ও ভাগচাষীদের সাহায্যে আবাদযোগ্য করেছেন। সুন্দরবনের ৮টি থানায় ২,১৯৪ মাইল বাঁধ আছে, তাতে ৪৮২টি স্লুইস আছে, জমিদারী প্রথা উচ্ছেদ হওয়ার সম্ভাবনা জানতে পেরে কয়েক বছর ধরে অধিকাংশ লাটদার সুন্দরবনের বাঁধ রক্ষায় যথেষ্ট যত্ন নেন নি, যার ফলে ঐগুলির শোচনীয় অবস্থা হয়েছিল। তাই লাটদারী থাকতে থাকতেই এইসব বাঁধের খুব খারাপ অংশগুলির মেরামতের দায়িত্ব সরকারকে নিতে হয়েছিল। স্বাধীনতা লাভের দিন থেকে জমিদারী উচ্ছেদের দিন পর্যন্ত বাঁধ মেরামতের জন্য এই রাজ্য সরকার এক কোটিরও বেশী টাকা খরচ করেছেন। এ ছাড়া টেস্ট রিলিফের মারফতে বহু লক্ষ টাকা ব্যয়ে বাঁধ মেরামত করা হয়েছে। চলতি বছরে সেচ বিভাগ ৩০ লক্ষ ও ভূমিরাজস্ব বিভাগ ১৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। সুন্দরবন আছে বলেই ২৪-পরগনার জেলা শাসককে সেচ বিভাগের একজন একজিকিউটিভ ইঞ্জীনিয়ারের পদ ও ক্ষমতা দেওয়া আছে। তাঁর সাথে দুই জন এ্যাডিসানাল একজিকিউটিভ ইঞ্জীনিয়ার, এই বিভাগের ৯ জন সাবডিভিসনাল অফিসার, ৩৪ জন সেকশনাল অফিসার, ৬৮ জন ওয়ার্ক এ্যাসিস্টেন্ট, ৮০০ জনেরও বেশী বেলদার ও ৬০ জন পাহারাদার দেওয়া হয়েছে। বাঁধগুলির অবস্থা এমনই খারাপ হয়েছিল যে এই সব ব্যবস্থা এবং এত টাকা খরচ করেও এখনও সমস্যাটিকে সম্পূর্ণ আয়ত্বে আনা সম্ভব হয় নি। যাতায়াতের দারুন অসুবিধা ও সুষ্ঠুভাবে কাজ করার পক্ষে মস্ত বড় একটা বাধা হয়ে দাঁড়িয়েছে। ঝড় ঝাপটার দিনে পাওয়ার বোটগুলিও কাজে

লাগে না। অথচ সুন্দরবনের বেশী বিপদ আসে এই রকম দিনেই। গত বছর বর্ষা নামতে না নামতে সুন্দরবনের একটা অংশের উপর দিয়ে ভীষণ ঝড় বয়ে গিয়েছিল ও বহু স্থানে বাঁধ ভেঙ্গে গিয়ে লোনা জলের বন্যা হয়েছিল। অতি কষ্টে ও বহু টাকা ব্যয়ে বাঁধগুলি মেরামত করা হয়। তার স্বল্পকাল পরেই একটা বড় কোটালে এত উঁচু জোয়ারের জল উঠেছিল যা তার পূর্বে ১৫ বছরের মধ্যে উঠে নি। ২ দিনে ২৯৬ স্থানে বাঁধ ভেঙ্গে যায়। এই দুর্গম এলাকা থেকে এইসব খবর আসতে ৪।৫ দিন সময় লাগে। ১০ দিন পরে যে কোটাল হয়েছিল তার আগে এতগুলি ভাঙ্গন বেঁধে ফেলতে না পারলে দ্বিতীয় বার বন্যা এসে আরও বেশী ক্ষতি করত। সুখের বিষয় ঐ দুর্গম অঞ্চলে এই দুষ্কর কাজ এত অল্প সময়ের মধ্যে সরকারের ও জনগণের চেষ্টায় সম্পূর্ণ করা সম্ভব হয়েছিল। সুন্দরবনের সমস্যাকে আরও সুষ্ঠুভাবে আয়ত্বে আনার জন্য অবিলম্বে সেচ ও ভূমিরাজস্ব বিভাগের সম্মিলিত নতুন ব্যবস্থা চালু করা হবে।

সুন্দরবনে জোয়ারের জলে বন্যা হয়। বর্ষার জলেও নদীর জলে যে বন্যা হয় গত কয়েক বছর প্রধানতঃ উত্তরবঙ্গে তার প্রকোপ প্রচণ্ডভাবে দেখা দিয়েছিল। ভারতের মধ্যে এবং বাইরে নেপাল, সিকিম, ভুটান, তিব্বত প্রভৃতি দেশ থেকে নেমে এসে হিমালয়ের ছোট বড় নদী উত্তরবঙ্গে যে বন্যা সৃষ্টি করে তার সমাধান করা খুবই কঠিন। দীর্ঘ মিয়াদী ব্যবস্থা করার আগে কয়েক বছর ধরে ব্যাপকভাবে নানা প্রকারের বহু তথ্য সংগ্রহ করা দরকার। তার জন্য সরকার বিশেষ ব্যবস্থা করেছেন। ১৯৫৪-৫৫ সালে অন্যতম প্রধান নদী তিস্তার উৎপত্তি স্থান পর্যন্ত একদল বিশেষজ্ঞ সরকারী কর্মচারী পর্যবেক্ষন করে এসেছেন ও বহু নতুন তথ্য সংগ্রহ করে এনেছেন। বিশেষ করে তিস্তা এবং তার অববাহিকা লীস, গীশ, নেওড়া প্রভৃতির জন্য একটি সুচিন্তিত পরিকল্পনা তৈরী করবার উদ্দেশ্যে অভিজ্ঞ কর্মচারী নিযুক্ত করা হয়েছে এবং বর্তমান বৎসরে এজন্য ৬ লক্ষ টাকা ধরা হয়েছে। স্বল্প মিয়াদী পরিকল্পনা হিসাবে উত্তরবঙ্গের কতকগুলি শহর ও পল্লী অঞ্চলকে রক্ষা করা হয়েছে এবং গত বৎসর পর্যন্ত এইসব কাজে ২ কোটি ২২ লক্ষ টাকা খরচ হয়েছে। চলতি বছরেও এই রকম ৭টি নতুন কাজের খরচ সহ ৫০ লক্ষ টাকা ধরা হয়েছে।

গত বছর সুন্দরবনের বন্যা নিয়ে সেচবিভাগ যখন খুবই ব্যস্ত ছিলেন এবং উত্তরবঙ্গে বড় গোছের ও ক্ষতিকারক কোন বন্যা হয় নি বলে খানিকটা নিশ্চিন্ত ছিলেন, তখন বর্ষাকালের প্রায় শেষ দিনগুলিতে হঠাৎ সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমান জেলায় অভূতপূর্ব বন্যা হল। এরকম বন্যা ঐ অঞ্চলের কোন জীবিত মানুষের স্মৃতিকালে ঘটে নি। এই বন্যায় হুগলী, হাওড়া, ২৪-পরগনা, মেদিনীপুর, বাঁকুড়া ও মালদহ জেলার কতকাংশও বিশেষ ক্ষতিগ্রস্ত হয়েছে। কেন এই বন্যা হল, ভবিষ্যতে এর জন্য কি ব্যবস্থা করা দরকার ইত্যাদি বিষয়ে অনুসন্ধান করে অভিমত প্রকাশ করার জন্য প্রবীন ও অভিজ্ঞ বৈজ্ঞানিক ও বিশেষজ্ঞ দিয়ে একটি অনুসন্ধান সমিতি গঠন করা হয়েছিল। তাঁরা সবেমাত্র সরকারের কাছে রিপোর্ট পেশ করেছেন। ঐ রিপোর্ট সম্বন্ধে বিভাগের মতামত নেওয়া হচ্ছে, তারপর সরকার এই বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করবেন। তবে কিছু কিছু তথ্য পরিবেশন করা যেতে পারে। এই অভূতপূর্ব বন্যার কারণ সম্বন্ধে ঐ রিপোর্টে বলা হয়েছে পশ্চিমবঙ্গের পূর্বের, মধ্যের ও দক্ষিণের জেলাগুলিতে যেসব নদী প্রবাহিত হচ্ছে তাদের অববাহিকার নিম্ন সমতল এলাকায়, যেখানে বন্যা-নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা নেই, সেখানে অস্বাভাবিক অতি বর্ষণের ফলে এই বন্যা হয়েছিল। গঙ্গানদীর বানের জলে ভাগীরথী তখন ফুলেছিল অপর নদীগুলিও বর্ষাকালের সাধারণ বন্যায় উঁচু হয়েছিল। বর্ষাকালে পূর্ব থেকে মাটি ভিজে থাকায় ২৬শে থেকে ২৮শে সেপ্টেম্বর পর্যন্ত যে বৃষ্টি হয় তার কোন জল জমিতে শুষে যায় নি, সবই নদীতে গড়িয়ে গিয়েছিল। ভাগীরথী, হুগলী সহ অপর জলনিকাশী পথগুলির অবস্থা

[3-30—3-40 p.m.]

ক্রমশঃ খারাপ হয়ে আসছে, তাই তারা এত বেশী পরিমাণ জলকে সামলাতে পারে নি। সমুদ্র থেকে হুগলী নদীতে জোয়ারের জলের সর্বোচ্চ যে সব বানের খবর আছে সেই রকম একটা বড় বান উঠে এসে উপরের জল নেমে যাওয়ায় প্রবল বাধা সৃষ্টি করেছিল এবং তাকে ফুলিয়ে তুলে

বন্যার স্থিতিকে বাড়িয়ে দিয়েছিল। এতগুলি বিরুদ্ধ অবস্থার একত্র এভাবের সমাবেশ প্রকৃতির রাজ্যেও দুর্লভ। ঐ রিপোর্টে বারিপাতের হিসাবে দেখান হয়েছে যে ১৯৫৬ সালের ২৬শে সেপ্টেম্বর একদিনে মুর্শিদাবাদের কান্দিতে ৫·৭৮ ইঞ্চি, নদীয়ার কৃষ্ণনগরে ৯·০৬ ইঞ্চি, হাওড়ার উলুবেড়িয়ায় ৮·৮ ইঞ্চি, ২৪-পরগনার দমদমে ৮·৪৪ ইঞ্চি এবং পূর্ব দিন হুগলীর বাঁইচিতে ১১·৫৫ ইঞ্চি বারিপাত হয়েছিল। ঐ বছর বর্ষাকালে সর্বাধিক বারিপাতের যে কোন তিন দিনে যত ইঞ্চি বৃষ্টি এই সব অঞ্চলে হয়েছিল তার প্রায় ৯ গুণ বৃষ্টি হয়েছিল সেপ্টেম্বরের ঐ তিন দিনে কাটোয়ায় ভাগীরথীতে প্রতি সেকেন্ড ১২৭,০০০ ঘন ফুট জল নামলৈ বিপদের আশংকা আসে, সেখানে ৩০০,০০০ ঘন ফুট জল নেমেছিল।

বন্যার দায়িত্ব দামোদর ও ময়ূরাক্ষী পরিকল্পনার ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা হয়েছে। এই অপবাদ কতটা অসত্য এই রিপোর্ট থেকে তার প্রমাণ পাওয়া যায়। দামোদর পরিকল্পনার বন্যা-নিয়ন্ত্রণের প্রধান দুটি বাঁধ হল পঞ্চেট ও মাইথন। পঞ্চেট বাঁধ তৈরির কাজ এখনও চলছে সেখানে দামোদরের জল আটকাবার কথা ওঠে না। মাইথনের উপরে বরাকর নদীর অববাহিকায় ২৪, ২৫ ও ২৬শে সেপ্টেম্বর এই তিন দিনে মাত্র ২·৩৭ ইঞ্চি বারিপাত হয়েছিল, অথচ তার কয়েক মাইল নীচে রন্ডিয়ায় হয়েছিল ১৫ ইঞ্চি। বন্যা আসার আগে মাইথনে জল ছিল ৪৪৭·৬ লেভেলে। ২৫শে বিকাল ৬টায় মাইথনে বান আসে। ২৬শে বেলা ১১টায় সর্বোচ্চ লেভেল ৪৫৮·৯ ওঠে, আর ১·১ ফুট উঠলে মাইথন বাঁধের ওপর দিয়ে জল উপচে যেত, সেটা বাঁধের পক্ষে বিপদের কথা ছিল। এই ১৭ ঘন্টায় মাইথন বাঁধ ১১·৩ ইঞ্চি জল ধরে ফেলেছিল, সেই জলের পরিমাণ হল ১০৮,৮০০ একর ফুট। মাইথন জলাধার এই জল না আটকালে নীচের প্রায় ৩৪ বর্গমাইল এলাকায় বন্যার জল আরও ৫ ফুট বেশী উঁচু হত। কাজেই মাইথন উপকারই করেছে, অপকার কিছু করে নি। পঞ্চেট ও মাইথন বাঁধ দুটি শেষ হলে, দামোদর ও বরাকর নদী দিয়ে যদি প্রতি সেকেন্ডে ৬ লক্ষ ঘন ফুট জল নামে ঐ বাঁধগুলি সে বন্যার প্রকোপকে আড়াই লক্ষে কমিয়ে দিতে পারবে। তখন এই বাঁধের নীচে দামোদরের বুক ছাপিয়ে কোন কুলে বানের জল ঢুকবে না। ঐ ২৬শে সেপ্টেম্বর রন্ডিয়ায় প্রতি সেকেন্ডে ৩০৭,০০০ ঘন ফুট জল নেমেছিল পর দিন আরও নীচে জামালপুরে সেই জলের প্রবাহ ছিল প্রতি সেকেন্ডে ১০৬,০০০ ঘন ফুট, অর্থাৎ দামোদরের দক্ষিণ কুলের খোলা নালাগুলি দিয়ে প্রতি সেকেন্ডে প্রায় ২ লক্ষ ঘন ফুট জল মাঠে ও নদী নালায় ঢুকেছিল। রূপনারায়ণের বানের জলের এবং প্রবল জোয়ারের জলের চাপে শীলাবতী, দারকেশ্বর, মুন্ডেশ্বরীর ও অন্যান্য নদী-গুলির জল নীচে নামতে পারে নি বরং উপর দিকেই ফুলে উঠেছিল, এইসব কারণে দক্ষিণ বর্ধমানে, আরামবাগে ও ঘাটালে এত প্রবল বন্যা হয়েছিল। জলের এমন ভীষণ চাপেও দামোদরের সরকারী বাঁধ কোথাও ভাঙ্গে নি। হাওড়া জেলায় দুটির খাল পূর্বে জমিদারদের ছিল। ঐ খালের পাড়ের বাঁধ তাঁরা ঠিকমত মেরামত করতেন না, সেই বাঁধ ভেঙ্গে হাওড়ায় বন্যা হয়েছিল, সেখানেও দামোদরের বাঁধ কোথাও ভাঙ্গে নি। চাঁপাডাঙ্গায় দামোদরের সর্বোচ্চ প্রবাহ ছিল ২৭শে সেপ্টেম্বর, প্রতি সেকেন্ডে ২৫,০০০ ঘন ফুট মাত্র।

এ কথাটি ভাল করে মনে রাখা দরকার যে, ময়ূরাক্ষী জলাধারে বন্যা-নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা রাখা সম্ভব হয় নি, শুধু সেচের ও কিছু জল বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা আছে। গত সেপ্টেম্বরে বন্যা আসার পূর্বে ময়ূরাক্ষী জলাধারের লেভেল ছিল ৩৯৪। বন্যার জলে এই লেভেল উঠে হয় ৩৯৮·৫। জলাধারে এই জল না আটকালে নীচের প্রায় ৩০ বর্গমাইলের বন্যা আরও প্রায় সাড়ে ৪ ফুট বেশী উঁচু হতে পারত। জলের যে সর্বোচ্চ প্রবাহ প্রতি সেকেন্ডে ১৪৪,০০০ ঘন ফুট হয়েছিল তাকে মসাঞ্জোর জলাধার করিয়ে ১০৭,০০০ ফুট করেছিল এবং এই সর্বোচ্চে আসাতে ২ ঘন্টা দেরী করিয়ে দিতে পেরেছিল, জলাধার থেকে প্রতি সেকেন্ডে এক লক্ষ ঘন ফুটের বেশী প্রবাহ ছিল ৬ ঘন্টা, জলাধার না থাকলে ওখানে ঐ প্রবাহ থাকত ১০ ঘন্টা। ময়ূরাক্ষীর অববাহিকা ৭১৮ বর্গমাইল মাত্র। আর কোপাই, বক্রেশ্বর, দ্বারকা ও ব্রাহ্মণীর অববাহিকা হল ৩,৭৮২ বর্গমাইল। এই নদীগুলিতে কোন ড্যাম নেই, আছে বারাজ। দুনিয়ার কোথাও বারাজ দিয়ে বন্যা নিয়ন্ত্রণ করা হয় না। পূর্বে বলেছি ঐ সময় বিহারে বারিপাত সামান্যই ছিল, কিন্তু পশ্চিম বাংলায় বারিপাত ছিল অত্যধিক। এই সব কারণেই

বীরভূমে ও মুর্শিদাবাদের অংশ বিশেষে এত প্রবল বন্যা হয়েছিল। ঐ বন্যায় ময়ূরাক্ষীর ক্যানালগুলিরও প্রভূত ক্ষতি করেছিল। তাই বলে ঐ পরিকল্পনাকে বন্যার জন্য দায়ী করা ন্যায় ও যুক্তিসংগত হতে পারে না।

প্রকৃতির প্রচণ্ড তাণ্ডবের অভূতপূর্ব ধ্বংসলীলাকেও সরকারের অক্ষমতা ও অনুপযুক্ততা বলে ঢাকপেটা বিরোধীপক্ষীয় সদস্যদের, বিশেষ করে কম্যুনিষ্ট বন্ধুদের একটা বিলাসে পরিণত হয়েছে।

Sj. Monoranjan Hazra: On a point of order, Sir.

Mr. Speaker: What is your point of order?

Sj. Monoranjan Hazra: My point of order is—
এ বিষয় এখনো আলোচনা হয় নি, সুতরাং কম্যুনিস্টদের সম্বন্ধে কোন কথা বলা সংগত হয় না।

The Hon'ble Ajoy Kumar Mukherji:
তাঁদের অবগতির জন্য দু একটি সংবাদ পরিবেশন করা বোধ হয় অপ্রাসঙ্গিক হবে না। সংবাদপত্রে দেখা যায়, কোন প্রচণ্ড ঝড় ঝঞ্ঝা বা ঘূর্ণীবাত্যায় নয়, শুধু মরসুমী মেঘের প্রথম আগমণের প্রচণ্ড বর্ষণে কেরালা রাজ্যে ৩৪০ বর্গমাইলে প্রবল বন্যা হয়েছে। চাষের গুরুতর ক্ষতি হয়েছে, ধানের চারাগুলি ভেসে চলে গেছে, লোকের দুঃখ দুর্দশার অন্ত নেই। পশ্চিমবঙ্গের মতই কেরালাতেও সমুদ্র থেকে জোয়ারের জল ঢুকে বন্যা ও ক্ষতিকে বাড়িয়ে তুলেছিল, এ ছাড়া আরও বিস্তীর্ন এলাকায় শস্য হানি হয়েছে। মহাচীনের কম্যুনিষ্ট সরকার বন্যা নিয়ন্ত্রণকে আরও একটি কাজের সঙ্গে অগ্রাধিকার দিয়েছেন। সেখানেও গত বর্ষায় বিরাট এলাকায় প্রবল বন্যা হয়ে ভীষণ ক্ষতি সাধন করেছে। আরও কয়েকটি স্বাধীন ও উন্নত দেশের বন্যার খবর কাগজে দেখা যায়।

হিমালয় থেকে বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত নদীবহুল এই পশ্চিমবঙ্গে সেচ সম্পর্কিত সমস্যাগুলির গুরুত্ব ও ব্যাপকতা, তার সমাধানে সরকারের অর্থ ব্যয় ও প্রচেষ্টা এবং তার সাফল্য ও অসাফল্য সম্বন্ধে একটা ছবি মাননীয় সদস্যদের সামনে আঁকবার চেষ্টা করা হল। আশা করি, তাঁরা সবকিছু বিবেচনা করে এই সেচ বরাদ্দ মঞ্জুর করবেন।

[*Mr. Speaker: The cut motions are deemed to have been moved.*]

Sj. Mihir Lal Chattarji: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Revenue establishment of Multipurpose River Schemes.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the lack of any scheme or policy of the Government for the silted up Lower Damodar.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of Government to utilise the waters of river Kaliaghai to irrigate the lands of Bhagwanpur P.S. in Midnapore district by construction of suitable dams and canals.

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I

move this in order to raise a discussion about the failure of the Government to construct a sluice gate on the mouth of Duniakhal at Terapekhia, P.S. Nandigram, district Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to clear the drainage khal from Terapekhia to Ranichak of P.S. Nandigram, Midnapore.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) Failure of Government to make a suitable project about Kaliaghai river in Midnapore district.

(2) Realisation of Talari Embankment taxes from the Raiyats illegally after the passing of West Bengal Estates Acquisition Act.

(3) Failure of Government to clear the silts of drainage khals of Bhagwanpur and Khejuri in Midnapore district.

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure to clear the drainage khal named Belandoy (from Garchakraberia to Saifullachak) P.S. Nandigram, Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to build up a sluice gate on the mouth of Tonga Khal (where it falls on the river Haldi) P.S. Nandigram, Midnapore.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

বর্ধমান জেলার দামোদরের দক্ষিণতীরস্থ অরক্ষিত অঞ্চলের গত বন্যায় সৃষ্ট বারাসতী এবং জাকতা প্রভৃতির হানামুখ বন্ধ করিতে সরকারী অবহেলা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

দামোদর বন্যা নিয়ন্ত্রণের পর দামোদরের দক্ষিণতীরবর্তী বাঁধহীন অরক্ষিত অঞ্চলের খণ্ডঘোষ, রায়না ও জামালপুর থানার দামোদর ও দেবখালের মধ্যবর্তী বালুপূর্ণ অঞ্চলে সেচের ব্যবস্থার জন্য দামোদরের ঠিক দক্ষিণ কিনারা দিয়া ক্যানেল কাটিতে অথবা জামালপুরের নিকট দামোদর-বক্ষে আর একটি ব্যারেজ নির্মাণ করিতে সরকারের অক্ষমতা।

Sj. Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) Nemani river, Bagar Khal in Joynagar police-station, 24-Parganas.

(2) Proper drainage system in the Sundarban area.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the drainage of Isufabad Beel.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the flood control measures.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure to provide sufficient drainage channel in the Damodar Valley Corporation and Mayurakshi command area.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the extension of 6j branch cannal of the existing Damodar Canal system.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about excavating an irrigation channel to provide irrigation water to Mauzas Becharhat, Palla, Srirampore, Kanthalgachi, Hat Simulia, etc., in the Sadar police-station of the district of Burdwan.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the excavation of the Khari river in the district of Burdwan in the light of the experience gained in the recent flood havoc.

Sj. Durgapada Das: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the works of the Irrigation Department in the subdivision of Rampurhat, Birbhum.

Sj. Bhakta Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the inconvenience and difficulty created by the Irrigation Canal in disturbing the village thoroughfares across the canal and not by reconstructing them to the convenience of the villagers and especially the agriculturists concerned.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Shyampur Khal in police-station Shyampur, district Howrah, which requires re-excavation.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Narikeldanga Khal, in Sasati Union, police-station Shyampur, district Howrah, which requires strengthening of embankments for protection of adjoining fields from flood.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about a sluice gate at the mouth of Deoli Khal in Kamalpur Union, police-station Shyampur, district Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Nakole-Kantagachi Khal, Nakole-Kuntaldaha Khal and Champabarh Khal in Nakole Union, police-station Shympur, district Howrah, which require re-excavation and strengthening of embankments for agricultural needs as well as for protection of adjoining fields from the recurring evils of flood of both saline and sweet water.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to provide adequate drainage system for the southern villages of Amardah Union in police-station Shyampur, district Howrah, as a result of which an area of about 4 sq. miles remained under severe flood even till March this year causing almost a total failure of crops in that large area.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Jallabaj Khal in Baneswarpur Union, police-station Shyampur, district Howrah, which together with its branches having a total length of about 15 miles is the principal means of irrigation and drainage of about three-fourths of the total agricultural lands of the Union, but which being silted up is causing serious losses to agriculture and as such requires to be taken up for re-excavation immediately.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy and practice of the department.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Radhapur Khal in Kamalpur Union, police-station Shyampur, district Howrah, which requires immediate re-excavation.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Mohanpur-Dongaghata Khal in Sasati Union, police-station Shyampur, district Howrah.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

২৪-পরগনা জেলার অন্তর্গত কড়িয়াল নামক খালটি মজিয়া হাজার হাজার বিঘা জমির ধান চাষ হইতেছে না। ইহা সংস্কারে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলের সেচব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

মহেশতলা থানার অন্তর্গত মনিখালী খালটি সংস্কার করিবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের সেচবিভাগ পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিন্তু কার্যকরী না করায় ঐ অঞ্চলে কৃষিকার্যের অপূরণীয় ক্ষতি হইতেছে। এ সম্পর্কে আমার বক্তব্য আছে।

Sj. Saroj Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

গড়বেতা থানার ৯নং ইউনিয়নের অন্তর্গত আউলিয়া বাঁধ নির্মাণ করায় সরকারের প্রভূত অর্থ ব্যয় করা হইয়াছে। কিন্তু এই সেচব্যবস্থা হইতে কেহই জল লইতেছে না। কারণ প্রতি ফসলে যে পরিমাণ ট্যাক্স ধার্য করা হইয়াছে, তাহা দিবার মত ক্ষমতা চাষীদের নাই। ফলে ওই সেচ সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে। অর্থ অপচয় হইয়াছে। এই বাঁধ নির্মাণের পূর্বে, ওই স্থানে যে পুরাতন বাঁধ ছিল তাহা হইতে চাষীরা বিনামূল্যে যেভাবে জল পাইত তাহাতে প্রচুর আউস ও ঝাঁঝি ধান্য উৎপন্ন হইত। বর্তমানে সরকারী বাঁধ হওয়ায় ও অত্যন্ত ট্যাক্সের পরিমাণ বাড়ানোর ফলে চাষীরা ওই জল লইতে পারিতেছে না, কিন্তু সেচবিভাগ হইতে ওই জল চাষীদের না দিয়া একটি খালে ফেলিয়া জল বিনা কাজে নষ্ট করা হইতেছে। ইহা সেচবিভাগের চরম ব্যর্থতা। ওই বাঁধ হইবার পর হইতে প্রায় ২০০ বিঘা জমি জল না পাইয়া পতিত পড়িয়া রহিয়াছে।

অবিলম্বে স্থানীয় চাষীদের সহিত আলোচনা করিয়া তাহাদের সাধ্যমত কি পরিমাণ কর বসানো চলে তাহারই ব্যবস্থা করা উচিত এবং সেচের জলের সদ্ব্যবহার করা উচিত।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

গড়বেতা, কেশপুর থানার যেসব অঞ্চলে বৃষ্টির জল ছাড়া আর কোন সেচের ব্যবস্থা নাই, সেইসব অঞ্চলে বড় বড় ঢল বাঁধ করার প্রয়োজনীয়তা আছে, ইহা না করার ফলে প্রায় প্রতি বৎসরই ওইসব অঞ্চলে ফসল নষ্ট হয়। এইভাবে সেচের ব্যবস্থা না করিলে ওইসব অঞ্চলে কোন কালেই নিয়মিতভাবে ফসল রক্ষা করা যাইবে না বা ফসল বৃদ্ধিও করা যাইবে না। ইহা না করা সরকারী সেচব্যবস্থার ব্যর্থতাই প্রকাশ করে।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

গড়বেতা, কেশপুর থানায় কোন ভাল সেচব্যবস্থা নাই বলিলেও অত্যুক্তি হয় না। ওই থানা দুটিতে প্রায় প্রতি বৎসরই বৃষ্টির অভাবে ফসল নষ্ট হয়। ওই অঞ্চলে ছোট নদী ও অনেকগুলি ছোট খাল আছে; সেচবিভাগ হইতে ওইসব খাল ও নদী হইতে ছোট ছোট নালা কাটিয়া বহু অঞ্চলের জমিতে জল সরবরাহ করা যায়। ইহাতে খরচও কম হইবে কিন্তু

ইহার ফলে বহু হাজার বিঘা জমিতে জলসেচের ব্যবস্থা করা যায়—এই ব্যবস্থায় বৃষ্টির অভাবে যে ফসল নষ্ট হয় তাহা রক্ষা করা যায়। এই ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা উচিত। ইহা না করায় ছোট সেচ-পরিকল্পনার নীতি ব্যর্থ হইয়াছে।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

মেদিনীপুর জেলার গড়বেতা থানার ৫নং ইউনিয়নের খড়িকাশুলি গ্রাম ও বাঁকুড়া জেলার সীমানায় চাঁপা খালের যে বাঁধ নির্মাণ করা হইয়াছে এবং বাঁকুড়া জেলার অন্তর্গত এলাকার যে সামান্য খাল খনন করা হইয়াছে তাহাতে সেচ কার্যের কোন বিশেষ উপকার হয় নাই, বর্তমানে ওই কাটা খালকে খড়িকাশুলি গ্রামের নিকট হইতে গড়বেতা থানার ৫নং ইউনিয়নের কুইলীবাদ, ধাদিকা, প্রভৃতি মৌজার মধ্য দিয়া একটি খাল খনন করিতে হইবে এবং ওই খাল খনন করিলে প্রায় ৬,০০০ বিঘা জমিতে জল সেচ হইবে, তন্মধ্যে প্রায় ৫০০ বিঘা পতিত জমি আবাদযোগ্য হইবে এবং ৩০০ বিঘা জমি দো-ফসলী হইবে। ৪ ও ৫নং ইউনিয়নের নিম্নোক্ত মৌজায় জল পাইবে, যথা—ভাটমারা, গোপালশোল, সাতশগেড়্যা, বিরসিংপুর, বনকাটি, রঘুনাথপুর, সানকিবাঁধ, বেড়াচাপা এবং ওই খালের জল আর এম, রোডের ৬৪নং পুল দিয়া চালিত করিবার পর, কাকার বাঁধ, ধাদিকা, রঘুনাথপুর, বড় ডুমুরিয়া, ছোট ধাদিকা, লধাশুলি, লালপুর কোঙরপুর মৌজায় জল পাইবে।

ইহা জরুরী সেচব্যবস্থা হিসাবে সরকারকে গ্রহণ করিতে হইবে, নচেৎ তাহার ছোট সেচ পরিকল্পনার নীতি ব্যর্থ বলিয়া গণ্য হইবে।

Sj. Phakir Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of irrigation.

Sj. Haridas Mitra: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Sonarpur-Arapanch-Matla Scheme.

Janab Elias Razi: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the immediate need for providing irrigation facilities in the Harishchandrapur police-station of the district of Malda.

Sj. Sagar Chandra Mahato: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

অনুর্বর জমির দৃষ্টিতে পুরুলিয়া জেলার কৃষিজীবনে সেচ-সমস্যার গুরুত্ব ও বিশেষত্ব।

Sj. Panchanan Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this inorder to raise a discussion about the policy fixed for the Ganges.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the absence of any scheme for draining out excess water of Contai, Magra and Amrai basin areas.

Sj. Gangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

উত্তরভাগে পাম্প মেশিন অতি বৃষ্টি, বা বন্যার সময় চালু না করায় সরকারের ব্যর্থতা, ফলে বহু ঘরবাড়ী পড়িয়া গিয়াছে। প্রায় ৷৷৵ আনা ফসল নষ্ট হইয়া গিয়াছে বারুইপুর ও সোনারপুর থানায়।

Sj. Bhubon Chandra Kar Mohapatra: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

এগরা থানার দুবদা বেসিনের জল-নিকাশের ব্যবস্থা না থাকায় পুনঃ পুনঃ ফসলহানি ও জনসাধারণের দুর্গতি এবং এই অবস্থা জানা সত্ত্বেও সরকারের চরম ঔদাসীন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

এগরা থানার ঘাঁটুয়া খাল ও দাউদপুর খাল সংস্কার না করায় বিরাট অঞ্চলের ফসল হানি।

Sj. Gangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

স্লুইস গেটগুলি মেরামত না করা পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা, ফলে বহু ঘরবাড়ি পড়িয়া গিয়াছে, এবং চাষের জমির ধান্য নষ্ট হইয়া গিয়াছে বারুইপুর, সোনারপুর, টালিগঞ্জ এবং ভাঙ্গড় থানায়।

Sj. Amal Kumar Ganguly: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) failure of the Government of West Bengal to execute the Amta Drainage Basin Scheme;

(2) failure to take up any scheme for lower Damodar Drainage;

(3) failure to take up silt clearance of—

(i) Koria-Birampur khal,

(ii) Tentuar khal,

(iii) Kalapara khal,

(iv) Mallook khal and some sluices here.

Sj. Rabindra Nath Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Kawrapukur and Charial khal within P.Ss. Bishnupur, Budge Budge and Moheshtolla in the district of 24-Parganas.

Sj. Gobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to redress the grievances of the Mahorurs and other lower grade staff in Canal Revenue Department.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the dilatory policy of the Government which is endangering the health of the citizens of Calcutta, in settling matters in connection with the outfall drainage system from Bantola to Kulti.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the callous attitude of Government towards the deteriorating condition of the Ganges though the Government is fully aware of the fact that the arrangements for water supply to Calcutta and adjacent Municipalities and cantonments have been put to a difficult position for the present state of the river.

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Mayurakshi Reservoir Project with special reference to Mayurakshi Project Administration.

Sj. Sisir Kumar Das: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make any scheme for drainage from the low-lying areas on both sides of the river Kalighai in Midnapore, the river bed having become of a higher level than the adjoining lands in the unions numbering 6, 7 and 8 of Patashpur thana as also of unions numbering 1, 3 and 5 of the Bhagwanpur police-station on the other side.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to undertake any drainage scheme for the low lands of Barachowka and Tapinda in the thana of Patashpore whereby several thousand acres of land generally remain uncultivatetd due to heavy accummulation of rain water.

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about neglected repairs of Cherriail Canal Sluice Gate and erosion of canal banks.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate Godakhali Khal, Raipur Khal, Birlapur Khal, Bahirkunja Khal and Burul Khal, within police-station Budge Budge, in the district of 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate Baghi Khal, Pailan-Amgachia Khal, Mesthakhali Khal, Akulsa Khal, within police-station Bishnupur and Thakurpukur-Gangarampur Khal along western side of Diamond Harbour Road within police-station Behala and Bishnupur, in the district of 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Rania-Mallickpur Khal, and Goabaria-Santoshpur Khal within police-stations Budge Budge and Falta, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Kawrapukur Khal and Charial Khal to drain out the water of the water-logged area of the eastern part of Bishnupur and Behala thanas covering more than 1 lakh bighas of paddy land and a large part of Behala, Mohestolla and Budge Budge thanas covering about 50 thousand bighas of paddy land, in the district of 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make proper arrangements to repair the embankments and sluice gates of Sunderbans in proper time in the district of 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the causes of the great flood that took place in the month of October 1956 and as a result of which greater parts of the districts of Nadia, Murshidabad, Birbhum, Burdwan, and Hooghly washed away and people suffered untold misery including heavy loss of life, property and hearth and home which ultimately has resulted to the present famine condition in the said areas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to excavate a canal to drain out the water of the water-logged areas of Boral, Langalbaria and Bansdrani Unions, police-station Sonarpur, district 24-Parganas.

Sj. Harakrishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take any measure for protecting Kalna town from further erosion by the Ganges.

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(ক) ২৪-পরগনা জেলার বারাকপুর ও বারাসত মহকুমার মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত 'বরতির বিল' নামক যে বিলটী রহিয়াছে তাহাতে কয়েক লক্ষ একর জমি জড়িত। এই বিলের সংস্কার না হওয়ার ফলে এতদঞ্চলের এক বিরাট আবাদী ও আবাদযোগ্য জমির ফসল প্রতি বৎসর জলে নষ্ট হইয়া যায়। এই বিলের সংস্কার হইলে যে বিরাট ভূমিখণ্ড উদ্ধার হইবে এবং সেই ভূমিখণ্ডে যে বিপুল পরিমাণ ফসল উৎপাদন হইবে তাহাতে বারাকপুর ও বারাসাত দুইটি মহকুমার প্রয়োজনীয় খাদ্যের সংকুলান হইয়াও উদ্বৃত্ত হইবে অনুমান করা যায়। এইরূপে একটি বিলের পূর্ণ সংস্কার করার দ্রুত ব্যবস্থা না করা।

(খ) ২৪-পরগনা জেলার জগদ্দল থানার অন্তর্গত পাথীমারা, গড়ুইকুড়ি ও কালকুড়ের বিল এবং মুকুন্দপুরের বিল সংস্কারের অভাবে প্রতি বৎসর বৃষ্টির জল জমিয়া, সারা বৎসর ব্যাপী ভাটপাড়া স্যুয়ারেজের নোংরা জল জমিয়া এবং ভাটপাড়া, শ্যামনগর ও অন্যান্য নিকটবর্তী অঞ্চলের জল এই বিলগুলিতে জমিয়া ভাটপাড়া আউটফল ড্রেন উপছাইয়া বহু জমির ফসল নষ্ট হইয়া যায়। এই সমস্ত বিলের জমিয়া থাকা জল বরতির বিলে নিকাশ করিয়া দেওয়ার মত একটি সরু ড্রেনেজ খাল কাটিয়া দিলে (যাহা গত যুদ্ধের সময় মিলিটারী হইতে কাটিয়া দেওয়া হইয়াছিল) এই অঞ্চলের ফসল ও স্বাস্থ্য উভয়ই রক্ষা পাইতে পারে। এই সংস্কার কাজ না করার জন্য।

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government of West Bengal to protect the Dankuni area from flood as well as drought.

Sj. Ramanuj Haldar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the negligence of the Government to the re-excavation of the "Balarampur" Canal in police-stations Diamond Harbour-Falta, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the general policy of the Government, relating to the repair works of the embankment, particularly in Sundarban areas under Diamond Harbour subdivision, district 24-Parganas.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about immediate excavation of Rajapur Drainage System at Howrah.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government—

(1) to construct a sluice gate at Lahiri's channel at nearest place of Mahanda for the purpose of regulating flood and to help irrigation (in Kharba police-station of Malda district); and

(2) to undertake major irrigation schemes for storage of water for irrigation purposes in different suitable places in Kharba police-station of Malda district.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct sluice gates at—

(i) Madna in Ratua police-station;

(ii) Kharra in Ratua police-station; and

(iii) Baramasia in Harischandrapur police-station for which flood water flows from these places into the Khempur Union of Kharba police-station (Malda) and destroys crops in Kharba police-station.

Sj. Gobinda Charan Maji: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy of the Government in respect of irrigation in Amta police-station, Howrah, regarding "Kedual".

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government relating to irrigational construction of the lower portion of the river "Damodar" from Durgapur in Burdwan onwards up to the point where Damodar meets with river "Hooghly".

Sj. Haridas Mitra: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgency of taking up a scheme of re-excavation of Panchannagram Canal in 24-Parganas for proper drainage arrangement of Dhakuria-Tollygunge area.

Sj. Mihirlal Chatterji: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about water rate for irrigation.

Sj. Rabindra Nath Mukhopadhyaya: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate Monikhali Khal and Begar Khal lying on the borders of South Suburban Municipality and of Garden Reach Municipality and of Maheshtala Union for the purpose of outletting drain water of the South Suburban Municipality and for agricultural needs.

Dr. Dhirendra Nath Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgent necessity of re-excavating the Kashiarkhari Canal connecting the Atreyi and the Punarbhaba rivers in West Dinajpur district for irrigation purposes.

Sj. Rama Shankar Prasad: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take measures for the prevention of inundation in Corporation Ward (Calcutta) Nos. 33, 35, 49 and 56 by rain water.

Sj. Haran Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about unsatisfactory nature of maintenance and repair of Irrigation Canals and Embankments.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy with regard to maintenance and repair of embankments in Sundarban area for the protection of paddy lands formerly maintained by private landlords and intermediaries.

Sj. Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to supply canal waters from Damodar and Mayurakshi Canals in time.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the imposition of heavy canal rates which are beyond the capacity of the peasants.

Sj. Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশ্চিম দিনাজপুর জেলার ইটাহার থানার ফসল রক্ষার ও সেচের জন্য বাংগার (১০নং মারনাই ইউ, বি,), রাজগ্রাম (২নং দুর্গাপুর), বোষ্টমতলা (২নং দুর্গাপুর), বুড়িবান্দনা (৫নং ইটাহার) স্লুইস গেট করা হয় নাই। উক্ত থানায় সেচ সম্পর্কে সরকারের তাচ্ছিল্য। উক্ত গেটের সহিত আরো কয়েকটি—

১। রাণীপুর বোকার বিলের গেট,

২। পতিরাজ মহিষ বিলের গেট,

৩। গোকর্ণ বিলের গেট,

৪। চুড়ামনের নিকট মাইনগর দাঁড়ে গেট (ইটাহার থানা),

৫। গোদল বিলের গেট, বংশীহারী থানা,

৬। বড়বিলের গেট, থানা কালিয়াগঞ্জ,

৭। পতিরাজের নিকট পূর্বদিকে দাঁড়ে গেট, কুশমন্ডী থানা।

স্লুইস গেট স্থাপন দ্বারা বন্যার হাত হতে এবং সেচের সুবিধার্থে (স্লুইস গেট) কয়টি করা উচিত। এই বিষয় সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

পশ্চিম দিনাজপুর জেলায় বন্যা নিয়ন্ত্রণের জন্য ইটাহার থানার সীমানায় অবস্থিত মহানন্দা নদী ও কুলীক বা নাগর (শুই নদী) নদী সংস্কার সরকার করেন নাই। বন্যা নিয়ন্ত্রণে সরকারের অক্ষমতা।

বন্যা নিয়ন্ত্রণের জন্য (১) শ্রীমতী নদী, (২) টাঙ্গন, (৩) পূর্ণভরা, (৪) আত্রাই নদী সংস্কার করা সরকারের উচিত। (পশ্চিম দিনাজপুর জেলা)।

প্রতি বৎসর ইটাহার থানায় ১০০ বর্গমাইল প্লাবিত, ১১৩টি গ্রাম বিধ্বস্ত, ৪৫ হাজার লোক ক্ষতিগ্রস্ত এবং রবিশস্য ব্যতীত ৪০ লক্ষ টাকার শস্যহানি হয়। সারা জেলায় ৬টি থানায় মোট (গঙ্গারামপুর, তপন, বালুরঘাট, ইটাহার, রায়গঞ্জ, বংশীহারী), ১৯৫ বর্গমাইল প্লাবিত, ২০৬ খানা গ্রাম বিধ্বস্ত ১ লক্ষ ১০ হাজার জন ক্ষতিগ্রস্ত এবং ৭৫ লক্ষ ৪০ হাজার টাকা (সরকারী হিসাব), (রবিশস্য বাদে), ৩।৪ বৎসর যাবৎ বন্যায় শস্য হানি হইতেছে। বন্যা নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থতা। (বেসরকারী হিসাবে ক্ষতির পরিমাণ অত্যধিক)।

Sj. S. N. Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনায় এপর্যন্ত কয়েকটি শহর রক্ষার ব্যবস্থা ছাড়া সামগ্রিক-ভাবে বন্যা নিয়ন্ত্রণের কাজে সরকারের অসন্তোষজনক অগ্রগতি। শিলিগুড়ী মিউনিসিপ্যাল এলাকায় গুরুং বস্তিকে মহানন্দার বন্যা হইতে, শিলিগুড়ী মহকুমার জালাস অঞ্চলকে মহানন্দার বন্যা হইতে, উক্ত মহকুমার নাকসালবাড়ীর অন্তর্গত মেচী নদীর দক্ষিণপার্শ্বস্থ অংশকে মেচীর বন্যা হইতে রক্ষার জন্য ছোট ছোট বাঁধ নির্মাণের ব্যাপারে জনসাধারণের পুনঃ পুনঃ আবেদন সত্ত্বেও সরকার হইতে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about.

উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনায় এপর্যন্ত কয়েকটি শহর রক্ষার ব্যবস্থা ছাড়া সামগ্রিক-ভাবে বন্যা নিয়ন্ত্রণ ও বিশেষভাবে বন্যাবিধ্বস্ত গ্রাম অঞ্চলকে রক্ষার কাজে অসন্তোষজনক অগ্রগতি। শিলিগুড়ী পৌরসভার অধীন গুরুং বস্তিকে মহানন্দা, উক্ত মহকুমার জালাস অঞ্চলকে মহানন্দা, ঝনকলাল, জোর্তকে বালাসন এবং উক্ত মহকুমার নকসালবাড়ীর নিকটে মেচী নদীর দক্ষিণপার্শ্বস্থ অংশকে মেচীর বন্যা হইতে রক্ষার জন্য ছোট ছোট বাঁধ নির্মানের ব্যাপারে স্থানীয় জনসাধারণের পুনঃ পুনঃ আবেদন সত্ত্বেও গভর্নমেন্ট হইতে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

সরকার কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন না করার ফলে ২৪-পরগনা জেলার টাকী মিউনিসিপ্যালিটী ও বসিরহাট শহর নদীর ভাঙ্গনের ফলে আজ ধ্বংসপ্রাপ্ত হইতে চলিয়াছে।

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to erect a lock-gate at the junction of the Panchghara and Dankuni Drainage Canal.

Sj. Sudhir Kumar Pandey: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

মেদিনীপুর জেলার অন্তর্গত বিনপুর থানার খালগুলি বাঁধানর ব্যবস্থা করিয়া এবং শালবনী থানার বিভিন্ন জায়গায় ইরিগেশন ডিউবওয়েলের মারফৎ জল-সেচের ব্যবস্থা করিয়া দো-ফসলী জমির পরিমাণ বৃদ্ধি করিতে এবং চাষোপযোগী বৃষ্টি অভাবজনিত ক্রমাগত ফসলহানি প্রতিরোধ করিতে সরকারের ব্যর্থতা।

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of Government to establish wide Irrigation system in West Bengal to stop great losses to crops each year due to drought and flood. This is also moved to discuss the inability of Government to deal with sullage water from Howrah municipality into Howrah Drainage and to clear off water-hyacinths from the drainage as well as to open a discussion about the failure of Government to bring irrigable lands of Howrah under proper irrigation.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government of West Bengal to re-excavate the Saraswati, Behula, Kunti, Ghia, Konsika, Kana and other dead rivers in the district of Hooghly.

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government of West Bengal to re-excavate the Dankuni drainage canal and Makhla khal in the Serampore subdivision.

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc.", be reduced by Rs. 100. I move this inorder to raise a discussion about the failure of the Government to take up any scheeme for draining out the logged rain water of Nos. 1, 2 and 10 Unions of P.S. Nandigram, Midnapore.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII Irrigation—Working Expenses, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government of West Bengal to re-excavate the Kue River (Langal Hata Bil Drainage Scheme).

Sir, I also beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of management and administration of Mayurakshi Project.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII Irrigation—Working Expenses, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the immediate necessity of the re-excavation of the Howrah Drainage Canal, which runs through the villages of Bally police-station and Jagacha police-station of Howrah district.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 2,56,21,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII Irrigation—Working Expenses, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) Failure to clear the silt of small irrigation khals and Hijli Tidal canal in Midnapore district.

(2) Failure to make sluices of Palaboni in Union No. 11, police-station Bhrgwanpur in Midnapore district and to clear the silt of Daradighi and Putimari khals of the said thana.

[3-40—3-50 p.m.]

Sj. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের কংগ্রেস সরকারের কর্মকুশলতার কল্যাণে গত ৪।৫ বছর ধরে বাংলাদেশে ক্রমবর্ধমান হারে যে ভয়ংকর বন্যা দেখা দিচ্ছে, প্রতি বছর যখন লক্ষ লক্ষ মানুষ বন্যার কবলে বিধ্বস্ত হচ্ছে, ঠিক সে সময় মাননীয় সেচমন্ত্রী যেভাবে সামান্যতম বিনয় ও নম্রতা বাতিল করে নিজেদের দোষত্রুটি অনুসন্ধান করায় কোন রকম প্রচেষ্টা না দেখিয়ে নিজেদের যেভাবে ঢাক পেটাবার চেষ্টা করলেন, তাতে আমার অন্ততঃ মনে হয় তা নির্লজ্জতার চরম দৃষ্টান্ত, এটা ধৃষ্টতাও বটে। যেখানে দেখা যায়, শুধু এক দিন দুই দিন নয়, ১৯৫৩-৫৪ সালে ক্রমাগত যেভাবে বন্যা হয়েছে, যেভাবে কুচবিহার, জলপাইগুড়ী, দার্জিলিং, মালদহের উপর আঘাত এসেছে, গত বছর পশ্চিমবঙ্গে যে বন্যা হয়েছে, তিনি নিজেই স্বীকার করেছেন, তার জীবদ্দশায় দেখেন নি এবং গত ১০০।২০০ বছরের মধ্যে সেই ধরণের বন্যা দেখা যায় নি। এটা যদি সত্য হয়ে থাকে যে, কংগ্রেস সরকার বন্যা নিয়ন্ত্রণ করেছেন, তাহলে কেমন করে সম্ভব হল ময়ূরাক্ষী পরিকল্পনা, দামোদর পরিকল্পনা হবার পর এত ভয়ংকর বিপর্যয় কেন ঘটল, তা চিন্তা করার প্রয়োজন আছে। নিশ্চয়ই কংগ্রেস সরকারের পরিকল্পনায় এবং কাজের মধ্যে কোন জায়গায় গভীর ত্রুটি আছে।

কোন একটা দেশে বন্যা হতে পারে, আমরা এটা মনে করি না যে, বন্যা দু দিনে নিয়ন্ত্রণ করা যায়। বন্যা হবার পর সেটা খুব সাংঘাতিক হবার পর, তার তীব্রতা বাড়ার পর গভর্নমেন্টের জনসাধারণের প্রতি যদি এতটুকু দরদ থাকে, এতটুকু মমতা যদি থাকে, তাহলে তাদের সেখানে বিচার করা উচিত ছিল, একটা প্ল্যান প্রোগ্রাম করে দেখা উচিত ছিল এবং ভবিষ্যতের কর্মপন্থা নেওয়া উচিত ছিল। কিন্তু আমরা এখানে ঠিক উল্টো জিনিস দেখতে পাচ্ছি, এত বড় পরিকল্পনা করা হয়েছে, তাদের এটা অনুসন্ধানের কোন প্রচেষ্টা নেই বরং সাফাই গাওয়ার প্রচেষ্টা দেখা যাচ্ছে। প্রথমে এখানে আমি দুটি কথা বলতে চাই, যখন বন্যা হল, বন্যার পরে তার কারণ অনুসন্ধান না করে আমাদের মন্ত্রীমহোদয়রা কাগজে বিবৃতি দিতে আরম্ভ করলেন যে ময়ূরাক্ষী এবং ডি ভি সি না থাকলে বন্যা আরো সাংঘাতিক হত। তাঁরা প্রথমে ঠিক করে নিলেন এবং তদন্ত কমিটি গঠন করে গোপনে তদন্ত করে সেটাকে জাহির করবার চেষ্টা করেছেন। আমি জিজ্ঞাসা করি যে, এত বড় বন্যা যাতে ৫২ লক্ষ মানুষ বিধ্বস্ত হল, কেন সেই ইনকোয়ারী কমিটির মেম্বারদের নাম প্রকাশ্যে ঘোষণা করা হয় নি, কেন তার টার্মস অব রেফারেন্স তার বিষয়বস্তু জনসাধারণকে জানানো হয় নি এবং কেন জনসাধারণের সাক্ষ্য নেওয়া হয় নি? কেবল নিজেদের সাফাই গেয়ে রিপোর্ট তৈরী হয়েছে অথচ আমরা জানি যে আড়াই হাজার টাকার মাইনায় একজন অফিসারের নেতৃত্বে এই কমিটি গঠন করা হয়েছিল। উত্তরবঙ্গের বন্যার কথা বলা হয়েছে, সেটার সম্বন্ধে আমি একটু দেখতে চাই। তিস্তা ক্যাচমেন্ট সার্কেল বলে ১৯৫৫ সালে গভর্নমেন্ট একটা তদন্ত কমিটি করেছিলেন এবং তাদের কাজ ছিল উত্তরবঙ্গের বন্যা এলাকা সার্ভে করা, অন্ততঃ একশ মাইল সার্ভে করার পরিকল্পনা ছিল। ২ হাজার টাকা মাহিনার একজন আই এ এস অফিসার এ সি গুপ্ত তার চার্জে আছেন। দেড় বছর কেটে গেল, পরিকল্পনা দূরের কথা টাকা খরচ হল, একশ মাইল দূরের কথা দুই মাইলের বেশী সার্ভে হয়েছে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। মন্ত্রীমহাশয় আমাদের জানাবেন যে কত মাইল সার্ভে করা হয়েছে এবং কি পরিকল্পনার ব্যবস্থা করা হয়েছে। শুধু টাকা বরাদ্দ করা হয়েছে বল্লেই মানুষের মনে স্বস্তি আসে না, মানুষ বাঁচতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি এটুকু বলতে চাই, এখানে দেখাবার চেষ্টা হয়েছে যে, গতবারে পশ্চিমবঙ্গে যে সাংঘাতিক বন্যা হল শুধু প্রাকৃতিক কারণই চার দিনের অতি বর্ষনই তার জন্য দায়ী। আমি নিজে বিশেষজ্ঞ নই, অন্ততঃ অজয়বাবুর মত ঐভাবে বলবার স্পর্দ্ধা আমার নাই, কিন্তু আমি বলতে পারি যে, যারা বন্যায় ভুগেছে, তাদের যা বাস্তব অভিজ্ঞতা তার সঙ্গে এটা মেলে না। শুধুমাত্র চার দিনের বৃষ্টিতে এত বড় বিপর্যয় হত না, যদি সরকারের একটা পরিকল্পনা থাকতো এবং যদি না সরকার এই রকম চরম অবহেলা দেখাতেন। আমি ১।২।৩ কোরে বলতে চাই, আমার বেশী সময় নেই, যে এটা বোঝা উচিত ছিল যে বাংলাদেশে গড়ে প্রতি বছর প্রায় ৫৫ ইঞ্চি করে বৃষ্টি হয়। এখানে সেচের যেমন সমস্যা আছে, তেমন তার চেয়ে কম নয় বরং বড় সমস্যা হচ্ছে, জলনিকাশের সমস্যা। গত দুশো বছর ধরে ইংরাজ

জল নিকাশের সমস্যাকে নেগলেকট করে এসেছে, আজ কংগ্রেস সরকার এক বছরে এর পরিবর্তন ত দূরের কথা একে অবহেলার চরমে নিয়ে গেছেন। যেসব জায়গায় বন্যা হয়েছে, বীরভূম, বর্ধমান ইত্যাদি জায়গার নদীগুলি পশ্চিম দিক থেকে এসে গঙ্গায় পড়েছে এবং সেখানে জল বেড়েছে। এর জন্য অজয়, কুনুর প্রভৃতি অন্যান্য নদীতে প্রবল বন্যা হয়, জল বাড়ে। দশ বছরে এর কোন কিছুই করা হয় নি, বরং উল্টো জিনিস দেখা যাচ্ছে। আমি একটা কথা এখানে বলতে চাই, ১৯৪৫ সালে যখন আমরা অজয় বাঁধ কমিটির পক্ষ থেকে একটা ডেপুটেশনে এসেছিলাম, তখন তদানীন্তন চীফ ইঞ্জিনীয়ার ওয়ার্টসন সাহেব বলেছিলেন যে, অজয় আর কুনুর জল টানতে পারছে না, অতএব প্রয়োজন হচ্ছে যে কুনুয়ের জলটাকে আরো নীচে কেটে নিয়ে এসে আরো ডিপ করে আরো দক্ষিণে নামানো দরকার, জল নিচে যাওয়া দরকার। তখন থেকেই সমস্যা প্রবল ছিল অথচ গত ১০ বছরে তার সংস্কারের কোন ব্যবস্থা করা হয় নি, বরং উল্টো জিনিসই করা হয়েছে। ঐরকম অবস্থায় আরো বেশী করে দামোদরের জল যখন উত্তরে নিয়ে যাওয়া হয়, তখন ড্রেনেজ সমস্যাটা আরো বড় হয়ে পড়ে। বরং বেহুলা পাণ্ডু প্রভৃতি নদীগুলি বর্ষার সময় জল উপছে দিত, আবার মাঠের জলকে টেনেও নিত, সেগুলিকে বড় বড় বাঁধ দিয়ে ক্যানেলে পরিণত করা হয়েছে। সরকারের প্রচার অধিকর্তা অমল হোম আমার প্রবন্ধের জবাবে বলেছেন যে, ওটা ঠিক নয়। আমি যে কোন মাননীয় সদস্যকে বলব চলুন কেউ দেখে আসবেন বর্ধমান জেলায় গঙ্গুর এবং বেহুলার দুই ধারে উঁচু করা হয়েছে কিনা, মাঠের জল নিকাশের পথ রুদ্ধ করা হয়েছে কিনা। একদিকে সরকার জলনিকাশের পথ রুদ্ধ করলেন, তাদের পরিকল্পনাতে, অপর দিকে দামোদরের জলকে যেটা গিয়ে পড়ত রূপনারায়ণ নদী এবং দক্ষিণে আমতা দিয়ে আরো নিচে, সেটাকে অজস্র ক্যানেল দিয়ে নিয়ে ফেলা হোল কোথায়, না কুনুরে এবং অজয়ের বরাবর। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে শুধু একটা অনুরোধ করবো যে বীরভূম এবং বর্ধমানের একটা গোটা ম্যাপ, যাতে খাল এবং নদীগুলি দেওয়া থাকবে এবং ক্যানেলগুলি ঠিক কোন্‌খানে শেষ হয়েছে এবং কোন্‌খানে গিয়েছে তা থাকবে, তিনি যেন দয়া করে সদস্যদের দেন। তাতে দেখবেন যে ডি ভি সির দুটি বড় ক্যানেল দুর্গাপুর ক্যানেল এবং পানাগড় ক্যানেল, এই দুটো ঠিক অজয়ের এক মাইল দূরে যেখান দিয়ে বরাবর কয়েক মাইল ধরে গেছে এবং পানাগড় ক্যানেল মঙ্গলকোট থেকে আরম্ভ করে কাটোয়া পর্যন্ত একেবারে অজয়ের ধার দিয়ে গেছে, ঠিক কুনুর আর অজয়ের মাঝখান দিয়ে। এইভাবে ক্যানেলের জলটাকে উপরে দেওয়া হয়, যেখানে দামোদরের জল নিচে গিয়ে পড়তো, সেই জলটাকে নিয়ে গিয়ে ফেলা হচ্ছে অজয়ে, যেখানে ইতিমধ্যে বন্যায় জল নিকাশের সমস্যা দেখা দিয়েছে। কোথায় ফেলা হোল? যেখানে গঙ্গা জল টানতে পারে না, বুজে গেছে, গঙ্গা স্ফীত হয়ে যায় সেখানে ঐ জলকে নিয়ে গিয়ে ফেলা হল। তা যদি হয়, তাহলে বন্যা না হয়ে যায় কোথায়? এখনও যদি সরকার এবিষয়ে চিন্তা না করেন, তাহলে আমি অন্ততঃ মনে করি শুধু একটা বন্যা নয়, এই ধরনের বন্যা ছোট বড় আরো বহু বছর ধরে বাংলার ভাগ্যে আছে, অনেক দুর্ভোগ বাংলাকে ভুগতে হবে। আর আমরা দেখছি ডি ভি সি এবং মাসাঞ্জোর কত নাকি ভাল কাজ করেছে। জল নিকাশের ব্যবস্থাকে সরকার নষ্ট করেছেন, তার উপর কি চরম অবস্থা করলেন? মাসাঞ্জোর বাঁধ করলেন, ওঁরা বলছেন ১৫টা গেট, আমরা বলছি আরো বেশী ১৫।২০টা গেট করে দেওয়া হল। ৪ দিনের বৃষ্টিতে বিপুল জলরাশি এগিয়ে এলো, তাতে কাঁদি মরবে না ত কি কাঁদি বাঁচবে? তাতে নদীয়া বিধ্বস্ত হতে বাধ্য। দামোদরের জল ছাড়া হল, ওঁরা বলছেন ৩½ লক্ষ কুসেকস জল ছেড়েছি, তবে জলটা গেল কোথায়? আমরা জানি যে, দুর্গাপুর ব্যারাজে জল ছাড়া হয়েছে এবং সেই জল এই জলে এসে পড়েছে। এত জল যদি হয়, তবে ধ্বংস হবে না ত কি হবে? তাই আজকে প্রকৃতির দোহাই দিয়ে, ভগবানের দোষ দিয়ে নিজেদের কৃতিত্ব নেওয়া এটা অত্যন্ত নির্লজ্জতার পরিচয়। আমি একথা বলবো যে বাংলাদেশের কোটি কোটি মানুষের ভাগ্যকে নিয়ে ছিনিমিনি খেলবেন না। কথায় কথায় কেরালার কথা বলবেন না, কেরালায় যদি কিছু খারাপ হয়ে থাকে, তাহলে আপনাদের গভর্নমেন্টই তা করেছে। কমিউনিস্ট পার্টির গভর্নমেন্ট সেখানে মাত্র কয়েক মাস হল হাতে ক্ষমতা নিয়েছে। আমি আজকে অপরাধী সাব্যস্ত করছি কংগ্রেস সরকারকে, তাঁরাই এদেশে বন্যার সৃষ্টি করেছেন।

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, সেচমন্ত্রী আমাদের কাছে খুব একটা সুন্দর চিত্র উপস্থাপিত করেছেন কিন্তু দুঃখের বিষয় তার সঙ্গে বাস্তবের সম্পর্ক বড়ই কম। তাঁর থেকে অভিজ্ঞতা বেশী রাখেন কি না জানি না, তবে পণ্ডিত জওহরলাল নেহেরু ১৯৫৬ সালের অক্টোবর মাসে একটা প্রেস কনফারেন্স করেছিলেন কলিকাতায় তাতে তিনি আমাদের অজয়বাবুর কাছ থেকে কোন পরামর্শ নিয়েছিলেন কি না তাও বলতে পারি না, জওহরলাল তাতে বলেছিলেন যে বৃষ্টির পরিমাণ বাড়ে নি কিন্তু বন্যার পরিমাণ অভূতপূর্বভাবে বেড়ে গেছে। কেন বেড়েছে সেটা আমাদের জানা নেই এবং জানা না থাকার কারণ হচ্ছে এই যে ভারতের অন্যান্য জায়গার কথা ছেড়ে দিলাম, উত্তরবঙ্গে ন্যাশানাল হাইওয়ে এবং আসাম লিঙ্ক এই দুটোর দৌলতে জলের যা ন্যাচারেল আউটলেটস সেইগুলি বিভিন্ন বিষয়ে বন্ধ হয়ে গেছে, আর বন্যার পরে পদ্মার ওপাশে ভাগীরথী, হুগলী যে নদী সেটাই হচ্ছে একমাত্র জলের নির্গমনের পথ, সেটা বুজে গেছে। নেহেরুজী আরো বেশী করে বলতে পারতেন কিন্তু সেই ভুল স্বীকার করবার এখন উপায় নেই কেন না ভারতবর্ষের নদীগুলির সমস্যা হচ্ছে পলিমাটির সমস্যা। বিভিন্ন অথোরিটির যা বই সেগুলি যদি দেখা যায়, তাহলে দেখা যাবে যে, তাঁরা বলছেন অনেক দিন আগে থেকে, ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর আমল থেকে এ নিয়ে তাঁরা কিছু খোঁজ খবর করেছিলেন। তাতে তাঁরা বলেছিলেন যে ভারতবর্ষের, বিশেষ করে বাংলাদেশের নদীর সমস্যা হচ্ছে পলিমাটির সমস্যা, যদি এই পলিমাটিকে নিয়ন্ত্রণ না করা যায়, তাহলে একের পর এক নদীগুলি তাদের গতিপথ পাল্টাবে এবং তার ফলে নানা রকমের ধ্বংস দেখা দেবে। সেই পলিমাটির সমস্যাকে উপেক্ষা করে বড় বড় বাঁধের দিকে আমরা নজর দিয়েছি। সর্বশেষে অবশ্য সেটা প্রকৃতির পরিহাস হীরাকুঁদ বাধ যেদিন খোলা হয়েছে সেদিন বাংলাদেশের ময়ূরাক্ষী প্রচণ্ড বন্যায় বহু শস্য নষ্ট করেছে।

[3-50—4 p.m.]

যাই হোক, বৈদেশিক বিশেষজ্ঞ যাঁদের নিমন্ত্রণ করে আনা হয়েছে, তাঁরা বলে যাচ্ছেন দেখে এক একটা নদীর বাঁধ রিজার্ভয়ার ১৫-২০ বছরের বেশী টিকবে না, বালু মাটিতে ভরে যাবে। এই সমস্যার দিকে নজর দেবার কোন অবসর কি কেন্দ্রীয় সরকার কি রাজ্য সরকারের পক্ষে এখন পর্যন্ত দেখছি না। এই কলকাতা শহরে সায়েন্স ক্লাব বলে একটা প্রতিষ্ঠান আছে, বাংলাদেশে যত বিখ্যাত গবেষক ও বৈজ্ঞানিক আছেন, তাঁরা প্রায় সকলেই তার সভ্য। তাদের একটা সিমপোজিয়াম হয়ে গেছে ১৯৫৬ সালে তাতে ডাঃ বিধানচন্দ্র রায় উপস্থিত ছিলেন, বাংলাদেশের নদী সংক্রান্ত গবেষণায় যিনি মূল কর্তা তার থেকে আরম্ভ করে ডাঃ সুন্দরলাল হোরা ও বিভিন্ন পণ্ডিত উপস্থিত ছিলেন ও প্রবন্ধ পাঠ করেছিলেন। যখন জানা গেল ফারাক্কা বাঁধ হচ্ছে না, তখন সায়েন্স ক্লাব সে প্রবন্ধগুলি পুস্তকাকারে প্রকাশিত করলেন। সেই বই থেকে আমি কয়েকটি রেলিভ্যান্ট একষ্ট্রাকট পড়ে শোনাব। তাতে বোঝা যাবে আমাদের এই যে সুখের সংসার গড়ে তোলা চলছে এর পরমায়ু খুব বেশী দিন নাই।

নবদ্বীপে যদি আমরা যাই তাহলে দেখব যে নৈহাটির দিকে গঙ্গার বুকে চাষ হচ্ছে এবং সেখানকার জমিতে লোকজনও বাস করে। আমরা আর একটু এগিয়ে ধুলিয়ানে যদি যাই তাহলে সেখানে দেখব যে নদীর বুকেতে চাষ করা হচ্ছে। নবদ্বীপের ওপাশে কালনা থেকে মুর্শিদাবাদের শেষ সীমান্ত পর্যন্ত হেঁটে পার হওয়া যায়। এই পরিস্থিতিতে বাংলাদেশ চলছে, কিন্তু এ সম্বন্ধে বাংলা সরকার উদাসীন। গঙ্গার এক দিকে বাঁধ বাধার পরিকল্পনা হচ্ছে ঠিক, কিন্তু আর দিক সম্বন্ধে কোন বিবেচনা করা হয় নি। কিন্তু সব থেকে বড় প্রবলেম যেটা সেটা হচ্ছে প্রবলেম অফ ড্রেজিং। তার কারণ হচ্ছে এই যে সমস্ত সিল্টিং হচ্ছে, তাতে পলিমাটি জমে গঙ্গা শেষ হয়ে যাচ্ছে। ড্রেজিং বলে যে জিনিসটা কোলকাতা বন্দরকে ঠিক রাখবার জন্য ক্যালকাটা পোর্ট কমিশনার প্রয়োগ করে থাকেন, সেটার সম্বন্ধে কোন কথা আমাদের মন্ত্রীমহাশয়ের বাজেটে নেই। এই ড্রেজিং দুইভাবে হতে পারে। ফরাক্কা বাঁধ সম্বন্ধে তিনি বলেছিলেন ওটা এখন ড্রপ হয়েছে। এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় স্থান পায় নি। আমি তাঁকে সূত্র বলে দিচ্ছি, এতে তাঁদের যদি ইচ্ছা থাকে, সংবুদ্ধি থাকে, তাহলে চেষ্টা করুন টাকা পাওয়া যাবে। সম্প্রতি ভারত সরকারের মাননীয় মন্ত্রী

গুলজারীলাল নন্দের একটা রিপোর্ট আমার হাতে এসে পড়েছে, তাতে দেখলাম যে তিনি বলছেন যে বন্যা নিয়ন্ত্রণের একমাত্র পথ হল চ্যানেল বা খাল কেটে জল বার করে দেওয়া। খাল কেটে কুমীর আনতে এঁরা শিখেছেন, কিন্তু জল বার করে দেবার পদ্ধতি এঁরা জানেন না। খাল কাটতে খুব বেশী পয়সা খরচ হয় না। বাংলাদেশে বেকার সমস্যা খুব বেশী, এদের দিয়ে কাজ করান যেতে পারে। চীনে খুব বড় বড় বাঁধ এবং অন্যান্য কাজ সেখানে ম্যানুয়ালি করা হচ্ছে। হাজার হাজার শ্রমিক ডেকে তাদের সামান্য পারিশ্রমিক দিলেই এই কাজ হতে পারে। অনেক ক্ষেত্রে হয়ত ভলান্টারী লেবার পাওয়া সম্ভব। সেজন্য বলছি যে এই পথে চললে হয়ত বাংলাদেশের বন্যা নিয়ন্ত্রণ সম্ভবপর হত। আমি পুনরায় জওহরলাল নেহেরু যা বলেছেন তাই বলে যাচ্ছি। তিনি বলেছেন যে, আগামী ৫।৭।১০ বছর বৃষ্টিপাতের পরিমাণ সামান্য থাকবে। কিন্তু অভূতপূর্ব বন্যা দেখা দেবে। আমাদের সেচ-মন্ত্রী সর্ববিধ সদইচ্ছা থাকলেও সেই বন্যা নিয়ন্ত্রণ করা যাবে না, আর প্রত্যেক বৎসর আমাদের তাঁর বাজেট বক্তৃতায় সুন্দর সুন্দর মিষ্টি মিষ্টি কথা শুনে পেট ভরে যাবে। এবং জনসাধারণকে তাঁকে গিয়ে বলতে হয় যে, আর ভয় নেই এযাত্রা যদি কোন রকমে বেঁচে যাই। এবিষয়ে গোপাল ভাঁড়ের একটা গল্প আছে। সেটা হচ্ছে এই যে বড় ছেলেকে যখন সাপে কামড়ায় তখন কর্তা বসে দাবা খেলছিলেন। সেই সময় গিন্নি তাঁকে ডেকে পাঠালে পরে যখন তিনি এলেন তখন ছেলে শেষ হয়ে গেছে। তারপর তিনি বললেন যে, ঠিক আছে বড় রেমো মারা গেছে, কিন্তু শেমো যখন সাপে কেটে মরবে তখন গিন্নি তুমি আমাকে পাবে। এই রকম অবস্থা আমাদের এখানে হয়েছে। অর্থাৎ এ যাত্রা বন্যার হাত থেকে কোন রকমে বেঁচে যান, আসছে যাত্রা আপনাদের বাঁচিয়ে দেওয়া হবে। ডাঃ রায় একটা সিমপোজিয়ামএ এই সমস্যার গভীরতা সম্বন্ধে আলোচনা করেছিলেন। তিনি তাতে উদ্বোধক হিসাবে ছিলেন এবং অনেক কথাই বলেছিলেন। তিনি তাতে সুন্দরবনের ড্রেনেজের কথা বলেছিলেন। তিনি সেখানে যেমন বলেছিলেন—

added to these difficulties there has been a great deal of carelessness on the part of those who got lease of land from Government in the past.

তিনি ১৯৫৪ সালে এই কথা বলেছিলেন, কিন্তু ১৯৫৫-৫৬ সাল কেটে গেছে আজ পর্যন্ত সেই কেয়ারলেসনেস। তাঁদের অসাবধানতা বশতঃ আজ পর্যন্ত তার প্রতিকারের কোন ব্যবস্থা হয় নি। এ বিষয়ে মাননীয় সেচমন্ত্রী যে কথা বলেছেন সেটা একেবারে ভিত্তিহীন। সুন্দরবন অঞ্চলে যদি কারুর যাবার প্রবৃত্তি থাকে, তাহলে সেখানে গেলে দেখবেন যে, প্রত্যেক বছর সেখানে একই অবস্থার দরুন একইভাবে বন্যা হচ্ছে। পশ্চিমবাংলা সরকারের অন্যতম একজন সেচ বিশেষজ্ঞ, জি, বি, মণ্ডল, সেই সিমপোজিয়াম যে প্রবন্ধ পড়েছিলেন তার নাম,

River Hooghly and the drainage problems of West Bengal.

তাতে আগাগোড়া তিনি অনেক কথাই আলোচনা করেছেন, কিন্তু সময় সংক্ষেপ বলে আমি মাত্র একটা রিমার্ক উদ্ধৃত করছি। তিনি তাতে বলেছেন—

In fact all the rivers of West Bengal on the south of the Ganges are either tributaries or spill channels of the Bhagirathi (Hooghly)

আমি যেটা আগে বলেছিলাম যে স্পিল চ্যানেল এবং ট্রিবিউটারী অফ দি গ্যাঞ্জেস মজে গেছে। যেমন যমুনা নদী মজে গেছে। যমুনার যেসব শাখা উপশাখা ছিল সেসব মজে গেছে এবং একটার থেকে যত খাল ছিল সেসব বুজে গেছে। কিন্তু এ সম্বন্ধে সামান্য ড্রেজিংএর ব্যবস্থা করার কথা সেটা শুনলাম না। এ সম্বন্ধে মণ্ডলমহাশয় বলেছেন

after the death of Jamuna these spill channels.....

[The honourable member having reached his time-limit resumed his seat.]

[4—4-10 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, সরকারের সেচ বিভাগের নীতি এবং কার্যকলাপ সম্বন্ধে সরকার পক্ষ থেকে যে প্রচার কার্য্য চালানো হয়, সে প্রচার কার্য্যের বাস্তব জগতের সঙ্গে সম্পর্ক কম আছে বলেই মনে হয়। তাঁদের প্রচার শুনতে যদিও ভাগ লাগে, কিন্তু তাদের যে কার্যনীতি

সে নীতির দ্বারা বিশেষ কিছু ফল দেখতে পাই না। বিশেষ করে সরকারের সেচনীতির প্রতি দৃষ্টিপাত করলে দেখা যায়, যখন তারা একটা বিষয়ের প্রতি ঝোঁক দেন, তখন অন্যান্য বিষয়ের দিকে কতকটা অবহেলার ভাব এসে পড়ে। ফলে এক দিক থেকে যে উপকার পাওয়া যায়, তার চেয়ে অন্য দিক থেকে অপকারের মাত্রা আমরা বেশী পেয়ে থাকি। তাঁরা যখন বড় বড় পরিকল্পনা নিয়ে ব্যস্ত থাকেন, তার চেয়ে ক্ষুদ্র যেগুলি অথচ যা ক্ষুদ্র কোন ক্রমেই নয়, সে সমস্ত সমস্যার প্রতি একটু দৃষ্টি দেন না। দামোদরের পরিকল্পনায় দামোদরের উপর বিরাট বাঁধ করে সেখানে যে বন্যা নিয়ন্ত্রণ বা সেচের বন্দোবস্ত করছেন, এদিকে নিম্ন দামোদর যে মজে যাচ্ছে এবং তার দরুন যে ক্ষতি হচ্ছে, সে ক্ষতির হাত থেকে দেশকে, দেশের জনসাধারণকে বাঁচাবার কোন বন্দোবস্ত তাঁরা করছেন না। আজকে নিম্ন দামোদরের সমস্যা একটা জোরালো সমস্যা বলে আমরা মনে করি। নিম্ন দামোদর বিশেষ করে হাওড়া জেলায় চিরকাল ধরে বন্যায় যেটুকু ক্ষতি করেছে, সেচ ও জলনিকাশের দিক দিয়ে তার ঢের বেশী গুণ উপকারই করে এসেছে। আজ সেই দামোদর মজে গিয়েছে বলেই বিগত সেপ্টেম্বর মাসে যে হাওড়া জেলায় বন্যা হয়ে গেল, সেটা অস্বীকার করা যায় না। নিম্ন দামোদর যদি ভালভাবে সংস্কৃত থাকত, তাহলে সেই বন্যার জল অনেক পরিমাণে নিষ্কাশিত হতে পারত।

মাননীয় স্পীকার মহাশয়, সরকারের সেচবিভাগের নীতি এবং কার্যকলাপ সম্বন্ধে সরকার পক্ষ থেকে যে প্রচার কার্য চালান হয়, সেই প্রচারের সঙ্গে বাস্তব জগতের সম্পর্ক খুব কম আছে বলে মনে হয়। তাঁদের প্রচারগুলো যদিও শুনতে খুব ভাল লাগে, কিন্তু বাস্তবক্ষেত্রে দেখি যে, তাঁদের যে কার্য বা নীতি সেই নীতির দ্বারা আমাদের আসল সমস্যা সমাধানের পথ খুঁজে পাওয়া যায় না। বিশেষ করে সরকারের সেচনীতি সম্পর্কে লক্ষ্য করার বিষয় হল এই যে যখন তাঁরা একটি বিশেষ দিকে ঝোঁক দেন তখন অন্যদিকগুলি এমনভাবে অবহেলিত হয় যে, একদিক থেকে যে উপকার পাওয়া যায় তার চেয়ে অন্যদিক থেকে অপকারের মাত্রা আমরা বেশী পেয়ে থাকি। তাঁরা যখন বড় বড় পরিকল্পনা নিয়ে ব্যস্ত থাকেন, তখন তার চেয়ে অপেক্ষাকৃত যেগুলি ক্ষুদ্র তার দিকে দৃষ্টিপাত করেন না। দামোদর পরিকল্পনার ক্ষেত্রে উপরের দামোদরের সংস্কারের জন্য সেখানে ব্যারাজ তৈরী ইত্যাদি করে সেখানে যখন বন্যা নিয়ন্ত্রণ বা সেচের বন্দোবস্ত করছেন, তখন নিম্ন দামোদর মজে যাচ্ছে এবং তার দ্বারা যে ক্ষতি হচ্ছে তা থেকে জনসাধারণ বা দেশকে রক্ষা করবার কোন ব্যবস্থাই তাঁরা করছেন না। আজিকে নিম্ন দামোদরের সমস্যা হাওড়া ও হুগলী জেলার বিশেষ একটি জোরালো সমস্যা বলে মনে করি। এই নিম্ন দামোদরের দ্বারা বিশেষ করে হাওড়ার বন্যার দ্বারা যে অপকার হত, সেচ ও জলনিকাশের উপকার তার ঢের বেশীগুণ হত। আজকে সেই দামোদর মজে গিয়েছে। এবং বিগত সেপ্টেম্বর মাসে হাওড়া জেলায় যে বন্যা হয়ে গেল নিম্ন দামোদর মজে যাওয়াই তার প্রধান কারণ। অন্ততঃ এটা অনস্বীকার্য যে নিম্ন দামোদরে যদি ভালভাবে খনন করা থাকত, তাহলে বন্যার জল অনেক পরিমাণে নিষ্কাশিত হতে পারত এবং সমস্যা এত জটিল হতে পারত না। এই প্রসঙ্গে বলব যে সরকার অনেক বড় বড় পরিকল্পনা নিয়ে মাথা ঘামাচ্ছেন, কিন্তু যেগুলো সেচ কার্যের জন্য বিশেষ প্রয়োজন সেগুলোর দিকে দৃষ্টি দিচ্ছেন না এবং এইগুলির প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

প্রথমে আমি হাওড়া জেলার বহু অবহেলিত কেঁদুয়া খাল সম্বন্ধে অল্প কয়েকটি কথা বলতে চাই। এখানকার জন্য বহু আবেদন নিবেদন করার ফলে এ বৎসর সাড়ে নয় লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এই কেঁদুয়া খাল আড়াই লক্ষ বিঘা জমির জন্য প্রয়োজন। কিন্তু এরজন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে তার ফলাফল শেষ পর্যন্ত যে কি হবে, সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। আমরা মনে করি যে এই আড়াই লক্ষ বিঘা জমিতে যাতে বন্যার জল প্রবেশ করতে না পারে, তার জন্য উলুবেড়িয়া এবং মহিষরেখায় লক গেটের প্রয়োজন। কিন্তু মন্ত্রী-মহাশয় বলেছেন যে লক-গেটের কোন ব্যবস্থাই যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে নেই। শুধু তাই নয় কেঁদুয়ার সংস্কার সংক্রান্ত ব্যাপার নিয়ে বহুদিন আগে সরকার তরফ থেকে আলোচনা চলছিল এবং ইংরেজ সরকারের আমলে ১৯২০ সালেও উলুবেড়িয়ার পাশে একটি বিস্তৃর্ণ ভূমিখণ্ডকে সরকার দখল করে নিয়েছিলেন। সেই জায়গাটা একজন স্থানীয় কোন ভদ্রলোকের হাতে গিয়েছে এবং তাঁরা কংগ্রেসের মধ্যে খুব প্রভাবশালী। আমরা শুনছি যে,

যদিও ১৯২০ সালে কেঁদুয়া পরিকল্পনা প্রস্তাব করা হয়েছিল তবুও সেই জায়গা তখন নেওয়ার প্রয়োজন হয় নি এবং সেই জায়গা উক্ত ভদ্রলোককে লিজ দেওয়া হয়েছিল। এখন তাঁরা সেই লীজ ছাড়াচ্ছেন না এবং ওপরওয়ালাকে প্রভাবান্বিত করে যে পথে এই কেঁদুয়ার জল গেলে চাষের সুবিধা হয়, সেই পথকে ঘুরিয়ে তাঁরা অন্য পথে নিয়ে যাবার চেষ্টা করছেন। এজন্য আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করি যে, যাতে ন্যায়সঙ্গতভাবে এ বিষয়ে সমস্যার সমাধান হয়, সেজন্য যেন তাঁরা তৎপর হন। হাওড়া জেলার শ্যামপুর থানার অতি প্রয়োজনীয় ২।১টি খাল সম্বন্ধে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বানেশ্বরপুর ইউনিয়নে জাল্লাবাদ খাল নামে প্রায় ১৫ মাইল দীর্ঘ শাখাপ্রশাখা সমন্বিত একটি খাল আছে। এই খালটি এই ইউনিয়নের প্রায় ⅔ অংশে জল সরবরাহ ও জল নিকাশ করে। সরকার থেকে ৩।৪ বছর পূর্বে এরজন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, কিন্তু সেটা হঠাৎ বাতিল করা হয়। মন্ত্রীমহাশয় সেখানে কিছুদিন পূর্বে গিয়ে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন যে, এই খালটি সংস্কার করা হবে, কিন্তু এখনও পর্যন্ত কোন ব্যবস্থা করা হয় নি। শ্যামপুর থানার আমড়দহ ইউনিয়নে প্রায় ৪ বর্গমাইল পরিমাণ জমিতে উপযুক্ত জলনিকাশের অভাবের ফলে বৈশাখ-জ্যৈষ্ঠ মাস পর্যন্ত জলে ডুবে থাকায় সেখানে চাষবাসের কোন ব্যবস্থাই হয় না। সেখানে ন্যাশানাল এক্সটেনশান ব্লক হয়েছে, কৃষি বিভাগের অফিসার রয়েছেন। কিন্তু তাঁদের থেকে কি সরকার এমন কোন সংবাদ পান নি যে, সেখানে জলনিকাশের সুব্যবস্থা করা প্রয়োজন যাতে করে সেখানে উর্বর জমিগুলিকে আবাদে আনতে পারা যায়। আমার মনে হয় যে, ঐ আমড়দহ ইউনিয়নে মাঝখানের ভূমিটি এমনভাবে নীচু হয়ে গেছে যে তাতে আমড়দহ ইউনিয়নের পশ্চিম দিকে নাকোল খালের মধ্য দিয়ে ঐ মাঠের জলনিকাশের ব্যবস্থা করা প্রয়োজন। এ প্রসঙ্গে শ্যামপুর থানার আরও কয়েকটি খাল যেমন মোহনপুর-ডোঙ্গাঘাট খাল এর নাকোল গ্রুপ অফ খালসএর দিকে, আমি সেচ মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নাকোল গ্রুপ অফ খালসকে সরকারী কর্মচারীরা একটি প্রবলেম বলে মনে করেন। সেজন্য বলি যে এইগুলির সংস্কারের কাজ যাতে তৎপর হয়, তার সঙ্গে তার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাই।

এরপর আমি হাওড়া জেলার আরও কয়েকটি বিষয় নিয়ে আলোচনা করতে চাই। হাওড়ার ড্রেনেজ স্কীম আছে, হাওড়ার মিউনিসিপ্যাল এলাকায় মল জলনিকাশের জন্য। বালি থানার কোনা, চামরাইল ইত্যাদির গ্রাম ও জগাছা থানার বিভিন্ন গ্রামের উপর দিয়ে যে বিরাট ড্রেন গেছে, সেটির সংস্কার অভাবে জনসাধারণ এবং চাষআবাদের এবং স্বাস্থ্যের বিশেষ ক্ষতি হচ্ছে। বর্ষাকালের ময়লা জল এই ড্রেনেজের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে বাইরে বেরিয়ে যায়, কিন্তু সংস্কারের অভাবে এর পাড় উপচে গিয়ে চাষ এবং জনস্বাস্থ্যের বিশেষ ক্ষতি করে। এ বিষয়ে বহুবার আবেদন নিবেদন করবার ফলে এ বৎসর সরকার থেকে যদিও ১৫,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে, কিন্তু এটা যথেষ্ট নয়। এই যে খাল ওটার গুরুত্ব বিবেচনা করে এটাকে ভালভাবে সংস্কার করা উচিত, কারণ এর সঙ্গে জনস্বাস্থ্য ও দেশের খাদ্যশস্য উৎপাদনের প্রশ্ন জড়িত। হাওড়া জেলার আর একটি খালের দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। সেটা হচ্ছে রাজাপুর ড্রেনেজ ক্যানেল। ডোমজুর, জগতবল্লভপুর, পাঁচলা ও উলুবেড়ের উপর দিয়ে এই খালটি প্রবাহিত হয়েছে। এবং এই খালের মধ্য দিয়ে বর্ধমান, হুগলী এবং হাবড়ার বিভিন্ন এলাকায় জল নিষ্কাষিত হয়ে থাকে। গত ১৬।১৮ বৎসর যাবত এই খালটির কোনরূপ সংস্কার কার্য হয় নি বলে জল-নিকাশের অত্যন্ত অসুবিধে হচ্ছে। এছাড়া এ খালটি সংস্কৃত না থাকার ফলে বিগত সেপ্টেম্বর মাসে যে বন্যা হয়ে গেল তাতে সেই বন্যার জল নিষ্কাশনের অত্যন্ত অসুবিধা হয়েছে এবং বিরাট এলাকা জলের নীচে থেকে গেছে। আমি মন্ত্রীমহাশয়কে বলি যে, এই খালগুলির সত্বর সংস্কার করবার যেন তিনি ব্যবস্থা করেন।

আমি এবার ২৪-পরগণার ২।১টি খালের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। খড়দহ থানার খড়দহ খাল সম্বন্ধে বার বার আবেদন নিবেদন করা সত্ত্বেও এই খালটিকে সংস্কার করা হচ্ছে না। সেখানকার প্রায় পাঁচ হাজার বিঘা জমির জন্য এই খালটিকে সত্বর সংস্কার করা প্রয়োজন। বড়তি খাল যেটা নপাড়া, জগদ্দল, আমডাঙ্গা থানার মধ্যবর্তী এলাকার পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় খাল, সেই খালটিও বহুদিন থেকে অসংস্কৃত অবস্থায় পড়ে রয়েছে। সেজন্য বলছি যে বিরাট এলাকার চাষবাসের জন্য এই খালটিকে সত্বর সংস্কার করা দরকার।

বজবজ থানার শ্যামপুরের নিকট বজবজ ট্রাঙ্ক রোডের উপর একটি স্লুইস ব্রিজ করার জন্য বহুকাল থেকে জনসাধারণ আবেদন নিবেদন করে আসছে, কিন্তু আজও অবধি কিছু করা হচ্ছে না। এখানে প্রায় সাড়ে তিন হাজার বিঘা জমির জল নিকাশ ও জল সরবরাহের জন্য এই স্লুইস গেটটির প্রয়োজন। সেখানে সরকার জমি দখল করে খাল কেটে স্লুইস গেট করে দেবার প্রতিশ্রুতি চার বৎসর আগে দিয়েছিলেন, কিন্তু সেই প্রতিশ্রুতি পালনের কোন চেষ্টাই নেই। অতএব সেচবিভাগের এই যে সমস্ত অবশ্য করণীয় কার্য্য এগুলি অপেক্ষাকৃত ছোট হলেও এইগুলির সমন্বয়ে দেশের যে সমস্যা সেই সেচ সমস্যাগুলির দিকে দৃষ্টিপাত করা উচিত। সেজন্য বলছি যে, একদিকে দৃষ্টি দিতে গিয়ে অন্য দিকে বানচাল হয়ে যাওয়াটা আদৌ বাঞ্ছনীয় নয়।

Sj. Rajkrishna Mondal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুন্দরবন যে নয়টি থানা নিয়ে গঠিত তার আবাদী অঞ্চল হচ্ছে ১,৪৬৬ বর্গমাইল আর চাষের যোগ্য জমি হচ্ছে ৬০ হাজার বর্গমাইল আর মাছের চাষ হচ্ছে ১৯০ বর্গমাইল। স্বাধীনতা লাভের পর জমিদারী উচ্ছেদ হওয়া পর্যন্ত যে সময়, এই সময়ে পশ্চিমবঙ্গ সরকার প্রায় ২২ শত বর্গমাইল বৃদ্ধি করবার জন্য এক কোটি টাকার অধিক ব্যয় করেছেন। তারপর ১৯৫৫-৫৬ সালে ৩৮ লক্ষ ব্যয় করেছেন, ১৯৫৬-৫৭ সালে ৫৩ লক্ষ টাকা ব্যয় করেছেন। আর বর্তমান ১৯৫৭-৫৮ সালে সেচ বিভাগের ব্যয় বরাদ্দ হচ্ছে ৩০ লক্ষ, ল্যান্ড রেভেনিউ বিভাগে ১৫ লক্ষ টাকা, এই হল ৪৫ লক্ষ টাকা, তার উপরে আছে টেস্ট রিলিফ যেটা সুন্দরবনের বড় কাজ।

এই সুন্দরবনকে ডিভিসানএ ভাগ করা হয়েছে এবং দুজন ইঞ্জিনীয়ারএর উপর বাঁধ রক্ষণা-বেক্ষণের ভার দেওয়া হয়েছে। তার অধীনে আছে ৯ জন সুন্দরবনের এস ডি ও, তাদের মধ্যে ভাগ করে দেওয়া হয়েছে প্রত্যেকটি অঞ্চল। ৩৪ জন সেকসানাল অফিসার এবং ৩৮ জন ওয়ার্কস য়্যাসিসট্যান্ট; সব লোকাল মেনদের বেলদার নিযুক্ত করেছেন। এই সুন্দরবনের বাঁধ রক্ষা করবার জন্য এর আগে আমি জানি যে কলকাতার বড় বড় ধনীদের উপর ভার দেওয়া হত, যাদের সুন্দরবনের বাঁধ সম্বন্ধে কোন আইডিয়া বা অভিজ্ঞতা ছিল না। তাই সুন্দরবন বাঁধ রক্ষা করবার জন্য আজ পর্যন্ত ক্লাস ফোর কনট্রাকটর ৫০+৫০=১০০ কনট্রাকটরদের উপর, সুন্দরবনবাসীদের উপর ভার দেওয়া হয়েছে, এই কনট্রাকটরদের মধ্যে ৫০ জন ক্লাস ফোর লোকাল মেন হবে।

[4-10—4-20 p.m.]

নোনাজল ঢোকে এবং আরো ঢোকবার সম্ভাবনা আছে, যা আমরা বিশ্বাস করি না। এই সুন্দরবনে ৪৮২টি স্লুইস গেট আছে, আমরা স্বীকার করি। কিন্তু ৪৮২টি স্লুইস গেটের অর্ধেকের বেশী অকেজো হয়ে গেছে। জমিদারদের স্লুইস গেটও অকেজো হয়ে গেছে এবং তার নীচের মুখে বাঁধ দিয়ে কোন রকমে নোনাজল ঠেকিয়ে রাখা হয়েছে। এই সমস্ত কলিকাতার ধনী কনট্রাকটারদের স্লুইস বন্ধ করে দেবার জন্য গত কয়েক বছর ধরে কনট্রাকট দেওয়া হয়েছে। এগুলো দু-এক বছরের বেশী টেকে না। আমরা জমিদারদের স্লুইস গেট দিয়ে জল নিকাশ করেছি। এগুলো দশ বছরের বেশী টিকে গিয়েছিল। আর ধনী কনট্রাকটর দিয়ে তৈরী স্লুইস বন্ধ এক বছরের বেশী টেকে নাই। তার কারণ হচ্ছে সুন্দরবনের প্রতি তাদের দরদ নাই। সুন্দরবনের বাঁধ যদি রক্ষা করতে হয়, তাহলে অন্য দৃষ্টিভঙ্গী দিয়ে করতে হবে। সরকারের নীতির পরিবর্তন করতে হবে। সুন্দরবনের মানুষ দিয়ে সুন্দরবনের বাঁধ তৈরী করতে হবে; তাদের এ সম্বন্ধে বেশী অভিজ্ঞতা আছে। তাদের নিজেদের যে জমি আছে, আত্মীয় স্বজনের যে জমি আছে, সেগুলো তারা বুকের রক্ত দিয়ে বাঁধ প্রস্তুত করে রক্ষা করছে ও করে থাকে। এই যে প্রায় বছরে ৫০।৬০ লক্ষ টাকা ইরিগেশান থেকে ব্যয় করা হচ্ছে, তারপর আবার রিলিফের কাজে ব্যয় হচ্ছে, এই টাকা এভাবে অপব্যয় হত না, যদি সরকার তাদের নীতিটা বদলান। সুন্দরবনে রেভেনিউ আদায় হচ্ছে ৬১ লক্ষ ৪৮ হাজার ৫৪৮ টাকা। জমিদারী প্রথা উচ্ছেদের পূর্বে জমিদারগণ যে খাজনা পেতেন, তার পরিমাণ হচ্ছে ২০ লক্ষ ১৬ হাজার টাকা। সরকারকে এই জমিদাররা খাজনা দেন ৯ লক্ষ ৩৩ হাজার

টাকা এবং খাস মহলে যে খাজনা আদায় হতো, তার পরিমাণ হচ্ছে এক লক্ষ টাকা। এই যে জমিদাররা ১০ লক্ষ টাকা খাজনা পেত, তা থেকে সমস্ত সুন্দরবনের বাঁধ রক্ষা করতো এবং তার পেছনে তাদের কর্মচারীরা সব সময় সুন্দরবনের বাঁধ রক্ষা করবার জন্য মোতায়েন থাকতো। আমাদের অবস্থা আজ এই হয়েছে যে যখনই সুন্দরবনের কোন বাঁধ ভাঙ্গে, এই খবর সরকারের ইঞ্জিনীয়ারিং দপ্তরের হাতে পেঁছতে এক সপ্তাহ কেটে যায়। তারপর টেন্ডার কল করতে আরো দু সপ্তাহ কেটে যায়। যদি বাঁধ ভাঙ্গার সঙ্গে সঙ্গে বাঁধ মেরামত করা হয়, তাহলে যা ৫০ টাকায় হয়, সেটা দেরীতে করতে গেলে হয়ত দু-তিন হাজার লেগে যায়। সুন্দরবনের মানুষ লোকাল কনট্রাকটর নিযুক্ত করে এই বাঁধগুলির তদারকের ব্যবস্থা যাতে করা হয়, তার জন্য আমি সরকারকে অনুরোধ করবো।

আর একটা গতবারও দেখেছি, এবারও দেখছি, স্লুইস গেট বসান হয়েছে, সেগুলো স্থানীয় লোকের দ্বারা নয়, কলকাতার কনট্রাকটররা তা বসিয়েছে। যেগুলোর মুখ মাটীর দু-তিন ফুট নীচে ছিল বলে জল সেই স্লুইস গেট দিয়ে নিকাশ হয় নাই। মুখে জল ভর্তি থাকে। এই সব কাজে যদি লোকাল কনট্র কটর দেওয়া যায়, তাহলে যেহেতু তাদের নিজেদের জায়গা জমি আছে, তাদের আত্মীয় স্বজনের জায়গা জমি আছে, তাদের সুবিধার দিক চিন্তা করে, তারা জলনিকাশের ব্যবস্থা করতে পারে। এই অঞ্চলে ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে যে কাজ হয়েছে, সে কাজ অস্থায়ী।

Sj. Sudhir Chandra Pandey:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সেচমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি। কারণ সেচ বিভাগের জন্য আজ ১০ বছর ধরে কোটি কোটি টাকা ব্যয় করা হচ্ছে এবং হয়েছে। কিন্তু যেভাবে মন্থর গতিতে এর কাজকর্ম চলছে, তার ফলে দেখা যাচ্ছে যে, এ পর্যন্ত যে পরিমাণ টাকা খরচ হয়েছে এবং যে পরিমাণ খরচ করবার জন্য চেয়েছেন, তার তুলনায় কাজ হয়েছে অত্যন্ত কম। যেভাবে পরিকল্পনা কার্যকরী করলে কম টাকায় কম সময়ের মধ্যে যে পরিমাণ জমিতে জল সেচ হতে পারতো ও চাষ হতে পারতো, সেই ধরণের কোন পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজনীয়তা সরকার বিবেচনা করেন নাই। তাঁরা একদিকে বড় বড় পরিকল্পনার দিকে নজর দিয়েছেন, অন্যদিকে ছোট ছোট সেচ পরিকল্পনার উপর যে গুরুত্ব দেওয়া প্রয়োজন ছিল, তা দেওয়া হয় নাই। ফলে এই সেচ ব্যবস্থার অগ্রগতি সম্পূর্ণরূপে ব্যাহত হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি, সারা বাংলাদেশব্যাপী অসংখ্য খাল আছে, যে খালের জল বারমাস বয়ে চলেছে, সেগুলি যদি বাঁধান হয়, উর্দ্ধে বাঁধতে এক বছরও লাগে না, তাহলে অপেক্ষাকৃত কম পয়সায় কম সময়ে যথেষ্ট পরিমাণ জমিতে জল সেচের ব্যবস্থা হবে। এরূপ প্রয়োজনীয় প্রচুর খাল রয়েছে। সরকার সেদিকে কোন নজর দেন নাই। আবার এমনও জায়গা আছে, সেখানে যদি ইরিগেশান এর ব্যবস্থা টিউবওয়েল মারফত হয়, তাহলে বারমাসই সেখানকার কৃষকেরা চাষ আবাদ করতে পারে। সরকার যদি এরূপ ছোটখাট সেচ পরিকল্পনার উপর গুরুত্ব দিতেন, তাহলে জমি চাষের পরিমাণ অনেক বেশী বাড়ান যেত এবং খাদ্য-সমস্যারও সমাধান হতে পারতো। আজকে সরকারের সেদিকে ঔদাসীন্য দেখা দিয়েছে। এ বিষয়ে সরকারের গাফিলতিই বাংলাদেশের বেকার সমস্যার ও খাদ্য সমস্যার প্রধান কারণ হয়ে দাঁড়িয়েছে। সরকারের অনুসৃত এই জলসেচের নীতির অবিলম্বে পরিবর্তন আবশ্যক।

যখন বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে প্রবল বন্যা দেখা দিয়েছে, অতি বৃষ্টি হয়েছে, তখন বাংলার বিভিন্ন জায়গায় অনাবৃষ্টিতে হাজার হাজার বিঘা জমি পতিত পড়ে আছে, কৃষকেরা চাষ করতে পারে নি। ১৯৫৪ সালে বীনপুর থানার ৩, ৪, ৫, ৬, ১১, ১২ নম্বর ইউনিয়নে তারাফেনী, তেলঝুরিয়া, ধানখেবরী এবং ঝাড়গ্রাম থানার নছড় প্রভৃতি খালগুলি বাঁধান হলে প্রায় ৫০ হাজার বিঘা জমি জল সেচ হতে পারে। গত ১৯৫৫ সালে পর পর দু-বছর লক্ষ লক্ষ মানুষ দারুন দুর্দশা ভোগ করলো, তাদের জায়গা জমি, লাঙ্গল গরু সব বিক্রী করতে বাধ্য হলো। সরকার বললেন, কংসাবতীর জল আসবে, কংসাবতী প্রোজেক্ট কার্যকরী হলে সেচের জল পাবে। অতএব কোন খাল বাঁধান হবে না, এ কথা এস, ডি, ও, সাহেব বলে দিলেন।

আমরা স্বীকার করি, কংসাবতী বাঁধান হোক, আপত্তি নাই। কিন্তু কংসাবতী কয় বছরে বাঁধান হবে? আজও ভাল বৃষ্টি হয় নাই, এ বছর কি হয় বলা যায় না। তাহলে যখন কংসাবতীর জল আসবে, তখন আর কৃষকের হাতে জমি থাকবে না। তাদের জায়গা জমি সব অভাবের তাড়নায় বিক্রী হয়ে যাবে। তাদের বিপদের সুযোগ নিয়ে মহাজনের হাতে তাদের জমি চলে যাবে; মহাজনদের সম্পদ বৃদ্ধি পাবে, গরীবের কিছু হবে না। মন্ত্রীমহাশয় মাইনর ইরিগেশান স্কীমএ যে টাকা মঞ্জুর করেন, তার অধিকাংশ টাকা তাঁদের নির্বাচনী এলাকার মধ্যে খরচ করেন। গত ১৯৫৬-৫৭ সালে মেদিনীপুরের জন্য যে ১১ লক্ষ ৩৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল, তার মধ্যে ৯ লক্ষ ৭৭ হাজার টাকা তমলুকের পাঁশকুড়ায় ও ময়নাতে অজয়বাবু ও রজনীবাবুর এলাকায় খরচ করেছেন। এইভাবে যদি পক্ষপাতিত্বমূলকভাবে কাজ চলে এবং কৃষকদের উপর অবহেলা চলতে থাকে, তাহলে নিশ্চয়ই আমাদের দেশের ভেতর বিপদ দেখা দেবে। তারপর জল সেচের জন্য বছরে ১২ টাকা করে জলকর দিতে হবে। বহু জায়গায় চাষীরা জলসেচের জন্য জমিতে জল পায় নাই, তথাপি তাদের উপর সার্টিফিকেট জারী হয়ে যাচ্ছে, তোমাদের এত টাকা জলকর বাবদ দিতে হবে। অথচ চাষীরা জল পেল না। তাছাড়া জলকরের হারও অত্যন্ত চড়া। এই অতিরিক্ত হারে জলকর দেবার শক্তি কৃষকের নাই। জলসেচের দরুন অতিরিক্ত যে ফসল হয়, তা ঐ উচ্চ হারে জলকর দিতেই বেরিয়ে যায়। তাই আমরা দাবী করছি, ছোট খাট যে সমস্ত সেচ পরিকল্পনা ইরিগেশন টিউবওয়েল ইত্যাদি মারফত যেখানে জলসেচ করা সম্ভব, সেখানে সেই ব্যবস্থা অবলম্বন করুন। এদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তাই আমরা দাবি করছি যে, যেখানে ছোটখাট সেচ ব্যবস্থা করা সম্ভব, সেই সমস্ত এলাকায় যেন সেচব্যবস্থা করা হয় এবং জলকর সম্বন্ধে এটুকু দাবি রাখব যে, যেন অতিরিক্ত জলকর ধার্য না করা হয়।

[4-20—4-30 p.m.]

SJ. Bhakta Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের মধ্যে সব থেকে ঘন বসতিপূর্ণ বাংলাদেশ এবং যে দেশের অর্থনীতি সাধারণতঃ স্বল্প আয়বিশিষ্ট ভূমির উৎপাদনের উপর নির্ভর করে, সেই দেশে সেই স্টেটএ ইরিগেশান একটা অপরিহার্য বিষয় এবং তার ব্যাপকতাও খুব বেশী দিনের পর দিন হওয়া উচিত। যাতে করে যতদিন এই স্টেট শিল্প সম্পদে সমৃদ্ধি অর্জন না করতে পারে এবং অন্যান্য ডেভেলাপমেন্টএ উন্নত না হতে পারে, ততদিন পর্যন্ত এর কৃষিজ উৎপাদন সর্বতোমুখী করার দিকে ইরিগেশান অর ইরিগেশান ডিপার্টমেন্টএর যে কর্তব্য, যে দায়িত্ব আছে, সেটা এরা কতখানি পালন করেছেন, আমি আজকে এখানে তাই আলোচনা করে দেখাব। আমাদের যেটা সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান তার রিভাইজড ড্রাফটএ বলা হয়েছে,

By the end of the First Five-Year Plan period the area of West Bengal was likely to be about 40 lakh acres. The additional irrigated area at the end of the Second Five-Year Plan would be 22 lakh acres excluding, of course, the project of Kangsabati.

এখন এই যদি ধরা হয়, আমাদের ১২৩ লক্ষ একর জমির দ্বারা আমরা দেখতে পাই, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যেও আমাদের বাংলাদেশে ৫০ পারসেন্টএর বেশী ক্রপ এরিয়া ইরিগেট করতে পারছি না, অবশ্য সেচ মন্ত্রীমহাশয় একটু আগেই বলে গেলেন—অবশ্য তিনি সঙ্কোচের সঙ্গেই বলেছেন যে, ৬৩ পারসেন্ট ক্রপ এরিয়া ইরিগেট করতে পারব। কিন্তু তিনি সাহসের সঙ্গে বলতে পারেন নি ৬৩ পারসেন্ট ইরিগেট করতে পারবেন। আমি বলব যেভাবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আমরা ক্রপ এরিয়া ইরিগেট করতে বলেছি, তাতে বাংলাদেশের যে অর্থনীতির উপর এগ্রিকালচারাল প্রডাক্টস নির্ভর করে, এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট নির্ভর করে, তাতে বাংলাদেশের অর্থনীতির কাঠামো দাঁড়াতে পারে না। আমি বলব সেজন্য সেচ মন্ত্রীকে যে, কেবল ডি ভি সি এবং ময়ূরাক্ষী না করে তাদের সঙ্গে যদি আমাদের দেশের যে সমস্ত হাজামজা নদী বা বড় বড় খাল বিল মজে গিয়েছে, সেগুলির সংস্কার করতে পারি এবং সংস্কার করার পর সেগুলি জলের স্টোরেজ হিসাবে ব্যবহার করতে

পারি, তাহলে আমাদের ফসল উৎপাদন বাড়তে পারে। সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে সেদিকে লক্ষ্য দেবার জন্য অনুরোধ করি। কাটোয়া-কালনা এই দুটো সাবডিভিশনে এভাবে খরো নদীর জলের দ্বারা ইরিগেটেড হতে পারে। আগেকার দিনে জমিদাররা অনেক জনহিতকর কাজ করতেন। তাঁরা বাঁধ বাঁধতেন, যার ফলে চাষীরা চাষের সময় জল পেতে পারত। কিন্তু আজকের দিনের নতুন ব্যবস্থায় এই সরকারের দ্বারা এসব কিছু হবে বলে মনে করতে পারছি না। এসব দিকে এঁদের কোন নজর নাই যে, এই সমস্ত সম্পদ দ্বারা সরকারের অনেক আয় হতে পারে। এবারের বন্যায় এই অঞ্চল ধ্বংস হয়েছিল। সকলের উদ্যোগে এই অঞ্চলে বাঁধ বাঁধা হল এবং বরো ধান উৎপন্ন হল। কিন্তু দুঃখের বিষয়, যারা এই ধান উৎপন্ন করল, তারা কিছুই বেনিফিট পেল না, কিন্তু যারা জমির মালিক যারা কোনদিন এই অঞ্চলের ডেভেলপমেন্টএর জন্য এক পয়সাও ব্যয় করে নি, তাদেরই উপকার এবং চাষীদের কাছ থেকে ১২।১৬ টাকা পর্যন্ত ট্যাকস আদায় করা হল। কিন্তু তাদের ইরিগেশান কণ্টএর কথা একবারও ভেবে দেখা হল না। এসব চাষীর কাছে দামোদর ও ময়ূরাক্ষীর জল পেঁছায় না, অথচ তাদের কাছ থেকে ট্যাকস আদায় করা হচ্ছে। সেজন্য এখানে আমার বক্তব্য হচ্ছে গভর্নমেন্টএর কোন দিকে লক্ষ্য নাই, বাস্তবের সঙ্গে সম্পর্ক নাই, যেসব কাজ করলে পর সত্যিকারের জনসাধারণের উপকার হতে পারে এবং সরকারেরও আয় ও ইনকাম বাড়তে পারে, সেসব দিকে এঁদের দৃষ্টি নাই। স্বাধীনতা প্রাপ্তির পূর্বে যেভাবে অ্যাডমিনিসট্রেশান চলত এখনো সেইভাবেই চলছে। আমার বলবার কথা হচ্ছে, বাস্তবের সঙ্গে সংগতি রেখে জনসাধারণের কন্ফিডেন্স নিয়ে যাতে ওয়েলফেয়ার ষ্টেটএর দিকে এগিয়ে যাওয়া যেতে পারে, সেদিকে লক্ষ্য রাখা উচিত। যাই হোক, আমি যেকথা বলছিলাম, আমাদের দেশের হেজেমজে যাওয়া নদী খালবিলগুলির সংস্কার সাধনের প্রয়োজন আছে, এতে জলাভাব দূরীভূত হবে, আরেকটা জিনিস হবে সেটা হচ্ছে বন্যার প্রকোপ প্রতিহত হবে। এবং এইসব সংস্কার কার্যের দ্বারা বছর বছর টেম্পোরারী ইরিগেশান প্রজেক্টএর জন্য যে টাকা খরচ হচ্ছে, ওয়েলফেয়ার স্টেট তৈরী করার জন্য সেটা মন্ত্রীমহাশয়কে ভেবে দেখতে বলি, সেটাও হবে না, উপরন্তু তাতে স্থায়ীভাবে চাষের উন্নতি হবে। এবং অনেক জমিতে একটার জায়গায় দুটো ফসল হতে পারে এবং হবার সম্ভাবনাও রয়েছে এবং আমাদের দেশের সেসব সম্ভাবনা রয়েছে, সেগুলি কার্যে রূপায়িত করার জন্য অনুরোধ করি।

[4-30—4-40 p.m.]

Sj. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, ময়ূরাক্ষীর ন্যায় এতবড় একটা জনকল্যাণমূলক প্রতিষ্ঠান যে আমাদের জেলায় হচ্ছে, তাতে সরকারের অব্যবস্থা। সাধারণ চাষীদের অতিষ্ঠ করে তুলেছে। সরকার বলেন যে তাঁরা গণসংযোগ করেন, কিন্তু ক্যানেল কাটা শুরু থেকে তাঁরা সাধারণ মানুষের কথা একেবারেই শোনেন নি। চাষীরা সেখানে বলেছিল যে, আপনাদের প্ল্যান মতন ঠিক কাজ করবেন না, একটু এদিক ওদিক করে দিন; তাহলে এই সমস্ত জমিগুলোতে সেচ হবে। কিন্তু তা না করার ফলে দেখা যাচ্ছে যে ৫।৭।৮০০ বিঘে জায়গায় সেচ হয় নি বা আবার কোথাও ৫।৭।৮০০ বিঘে জায়গায় সেচ নষ্ট হয়ে যাচ্ছে। অথচ এর উপর তাদের উপরে সার্টিফিকেট জারী হচ্ছে। আজ পর্যন্ত যে সমস্ত জমি গেছে সেই সমস্ত জমির জন্য তাদের এখনও রাজস্ব দিতে হচ্ছে। তারা এখনও রাজস্ব বাদ পায় নি। তারপর ভুল করে ১।১½ মাইল ক্যানেল কেটে চলে যাওয়ার পর যখন খেয়াল হয়েছে যে এটা ভাল হবে না, তখন সেই জায়গায় কাটা বন্ধ রেখে নূতন করে ক্যানেল কাটতে লেগেছে। কিন্তু সেইসব জায়গার জন্য কোন ক্ষতিপূরণ দেওয়া হয় নি বা চাষের উপযোগী করে দেওয়া হয় নি। এইরকম ধরনের সমস্ত অব্যবস্থা চলছে। জলকর সম্পর্কে কিছু বলি। তাঁরা ঠিক সময় মত জল কোথাও দেবেন না। জল দেবার ব্যাপারে ঘুষের কারবার আছে। অনেক সময় চাষীদের মধ্যে এই নিয়ে মারপিট খুনোখুনি হয়। এইরকম দারুণ অব্যবস্থাগুলো কাটানো দরকার। আইন হল যে এক মাইল অন্তর অন্তর ক্যানেলে সাঁকো করা হবে এবং সেটা জনসাধারণের সুবিধা অনুযায়ী হবে। কিন্তু তা তাঁরা করেন নি। এই রকমভাবে ২।৩ মাইল ঘুরে গরু-বলদ নিয়ে চাষীকে যদি চাষ করতে যেতে হয়, তাহলে সেই সাঁকো দিয়ে ঘুরে আসতে যেতেই তার সময় চলে যায়। এরজন্য আমরা বহুবার মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন নিবেদন করেছি, এবং ডেপুটেশানও

দিয়েছি, কিন্তু কোন কাজ হয় নি। লাভপুর থানার কেশপুর বলে একটা জায়গার কথা আমরা উল্লেখ করেছি, কিন্তু এমনি বহু জায়গা আছে, যেখানে জনসাধারণের সুবিধা অনুযায়ী সাঁকো তৈরী হয় নি। অথচ তাদের কাছে জলকরের নোটিস যাচ্ছে। সেই জলকর তারা দিতে রাজী আছে, কিন্তু একটা নিয়মমাফিক কাজ করা প্রয়োজন। বক্রেশ্বর ক্যানেল ৩৭ বছর আগে হয়েছিল। বর্তমানে এই ক্যানেলটিকে এই ক্যানেলের সঙ্গে যোগ করে দেওয়া হয়েছে। তার ট্যাকস ছিল আড়াই টাকা এবং তাতে যে খরচ হয়েছিল, তাও উঠে গিয়েছিল। কিন্তু এখন নিউ পরিকল্পনার সঙ্গে ঢুকিয়ে দেওয়া হয়েছে। প্রধান ক্যানেল থেকে জলসেচের জন্য যে ছোট ছোট নালার দরকার, তরজন্য চাষীরা বহুদিন থেকে আবেদন নিবেদন করেছেন, একটা নালা কেটে জলের ব্যবস্থা করে দাও, কিন্তু তা আজ পর্যন্ত হয় নি। ক্যানেল যখন শেষ হয়েছে তখন সেই জলটা যে কোন ধারে যাবে, তার জন্য কোন একটা গতিপথ নির্ধারণ করে দেওয়া হয় নি। এর ফলে সে হয়ত গাঁয়ে গিয়ে ঢুকেছে, কি রাস্তায় গিয়ে পড়েছে, কি কারুর বাড়ী ভাঙ্গছে এবং এই রকমভাবে একটা নদী হয়ে গেছে। এসব নিয়ে আমরা সরকারী কর্তৃপক্ষকে বহুবার জানিয়েছি, কিন্তু তাঁরা কিছুই করলেন না। সেজন্য সেখানে একটা মস্ত অরাজকতা চলছে। বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমান জেলার মিলন স্থানে কুয়ী নদীর মোহানা মজে যাওয়ার ফলে ঐ অঞ্চলের ৪০ হাজার একর জমি অনাবাদী হয়ে গেছে। গত ২৫।৩০ বৎসর যাবত ধরে আন্দোলনের ফলে গত ১৯৫৫ সালে সেই মোহনার সংস্কার কার্য আরম্ভ হয়। সেখানে কাজ আরম্ভ হলে মাননীয় সেচমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী গিয়েছিলেন। সেখানে কাজ কিছুটা হল, কিন্তু পরে সে সমস্ত কাজ বন্ধ হয়ে গেছে। এবারের এই বিধ্বংসী বন্যায় আমাদের অঞ্চলে ধান হয় নি। সেই গাইহাটার বিলে এবারে স্থানীয় চাষীরা কুয়ী নদীতে বাঁধ দিয়ে ১২।১৪ হাজার বিঘে জমিতে বোরো ধানের চাষ করেছিল। কুয়ী নদীতে যে জল ছিল, সেই জলে ৫।৭ হাজার বিঘে জমিতে সেচ হয়েছিল, বাকী জমিতে সেচ হয় নি। ক্যানেল কর্তৃপক্ষকে তারা আবেদন করেছিল, জল দেবার জন্য যাতে তাদের বোরো ধান কটা বাঁচে এবং এজন্য তাঁরা তদন্ত করে সমস্ত দেখে গিয়েছিল, তা সত্ত্বেও তারা জল দেয় নি। অথচ ময়ূরাক্ষী ব্যারেজের জল গত এপ্রিল মাস থেকে হু হু করে ভাগীরথীতে নাবিয়ে তারা দিয়েছেন। সেখানে একটু যদি জল ঐ কুয়ী নদীর ক্যানেল দিয়ে দেওয়া হত, তাহলে ভাল কাজ হত। বীরভূমে একে শুকনো মাটি তাতে জলের বিশেষ প্রয়োজন থাকা সত্ত্বেও সেই জল নদী দিয়ে নাবিয়ে দিয়েছেন। অথচ সেই ক্যানেল দিয়ে জল দিলেই তরিতরকারী প্রচুর উৎপাদন হত। সুতরাং এই সরকারী অব্যবস্থার আমি তীব্র প্রতিবাদ করি। আজকে মন্ত্রীমহাশয় বলেছেন যে, অতি বৃষ্টির জন্য এই ব্যাপক বিধ্বংসী বন্যা হয়েছে, এটা হয়ত একটুখানি সত্য, কিন্তু আমাদের চোখের সামনে ঘটনা যে এক জায়গায় ক্যানাডা ড্যামের জল ও তিলপাড়া ব্যারেজের জল কমে যাবার ফলে বীরভূম এবং কাঁথি মহকুমায় একটা বিশিষ্ট অংশ ধ্বংস হয়ে গেছে। সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে একটা অনুরোধ করছি যে, এই ক্যানেলের অব্যবস্থা দেখবার জন্য, কৃষকদের সুবিধার জন্য একটা তদন্ত কমিটি বসান হোক এবং সেই তদন্ত কমিটি বসিয়ে সমস্ত জায়গায় খুঁটিনাটি তদন্ত করে, কোথায় কার কি সুবিধা হবে না হবে, সেগুলো দেখে তারপর কর আদায় করার ব্যবস্থা করা হোক।

আর একটা কথা এই সঙ্গে বলছি। অন্যান্য দেশে দেখেছি যে, ক্যানেলের ধারে ফুল ফলের গাছ লাগান হয়। কিন্তু আমাদের দেশে সরকার কি করছেন না এক রকমের কাঁটা গাছ, ৫।৬ ইঞ্চি করে লম্বা কাঁটা লাগিয়ে দিয়েছেন। সেই কাঁটা যখন শুকিয়ে যায়, তখন তা পড়ে গিয়ে মাঠময় হয় এবং তা কৃষকদের পায়ে ফোঁটে। ফলের গাছ যেমন আম, জাম ইত্যাদি গাছ যদি লাগান হত, তাহলে ভাল হত, কিন্তু ব্যাপকভাবে কাঁটার গাছ সেখানে লাগান হয়েছে।

Sj. Bhubon Chandra Karmahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সেচমন্ত্রী মহাশয় বৃহৎ নদী পরিকল্পনাগুলির পক্ষে যতই সাফাই দিন না কেন এই নদী পরিকল্পনাগুলির যে প্রধান উদ্দেশ্য বন্যা নিবারণ—তা যে ব্যর্থ হয়েছে ইহা অবিসংবাদিত সত্য।

আমরা দেখেছি যে, এই দামোদর আর ময়ূরাক্ষী ইত্যাদি সব পরিকল্পনায় বন্যা নিরোধ হয় নি, বন্যা এসেছে এবং ভারতবর্ষের খাদ্য ব্যবস্থাকে খুব সঙ্কটময় করে তুলেছে।

এখানে পশ্চিমবাংলায় আমরা দেখেছি যে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়ের বড় বড় নদী পরিকল্পনার দিকে ঝোঁক বেশী আছে।

আমরা বার বার বলেছি যে, তিনি এইসব বড় বড় নদী পরিকল্পনার দিকে না ঝুঁকে ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনার দিকে নজর দিন।

আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই, আমাদের পশ্চিমবাংলায় অনেক জমি প্রয়োজনীয় সেচ পরিকল্পনার ব্যবস্থা না থাকায় অনাবাদী থেকে যাচ্ছে, অনেক জমিতে কম ফসল হচ্ছে।

আমি দৃষ্টান্তস্বরূপ আমার এগরা এলাকার কিছু জমির কথা বলছি। এগরা থানার দুই নম্বর ও তিন নম্বর ইউনিয়নে যে ঘাঁটুয়া খাল এবং পাঁচ নম্বর ও চার নম্বর ইউনিয়নের যে দায়ুদপুর খাল ভরাট হয়ে বেশী জল টানতে পারছে না। ঘাঁটুয়া খাল এলাকার পটাশপুরের বৃহৎ অংশে এবং এগরা থানার দুই নম্বর ও ছয় নম্বর ইউনিয়নএর কিছু অংশে এবং তিন নম্বর ইউনিয়নএর প্রায় সম্পূর্ণ অংশে বন্যার ফলে প্রায় প্রত্যেক বছর প্রায় পঁচিশ হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়। একরপ্রতি চার পাঁচ মণের বেশী ফসল পাওয়া যাচ্ছে না। এই প্রসঙ্গে আমি একটা বাঁধের উল্লেখ করছি। ম্যানাজার বাঁধ—বাঁধটি তিন নম্বর ইউনিয়নে। এই বাঁধ প্রায় তিন মাইল সেখানকার জনসাধারণের শ্রমে নির্মিত হয়েছিল। গত বছরের বন্যায় এই বাঁধটি খুব ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তিন নম্বর ইউনিয়নের জমিগুলি এবারও যদি বেশী বন্যা হয়, তাহলে খুব বিপন্ন হবে। দায়ুদপুর খালের কথা আমি বলেছি, ঐ খাল ভরাট হয়ে চার ও পাঁচ নম্বর ইউনিয়নের কৃষিক্ষেত্রগুলিকে বিপন্ন করে তুলেছে।

[4-40—4-50 p.m.]

ঘাঁটুয়া ও দায়ুদপুর খাল ভরাট হওয়ায় বন্যার সময় কি বিপদ সৃষ্টি করে এগরা থানার কৃষি অফিসার এবং কাঁথি মহকুমার এস, ডি, ও ঐ সব অঞ্চলে গিয়ে দেখে এসেছেন এবং মনে হয় এর গুরুত্বও উপলব্ধি করেছেন। তাঁরা কি রিপোর্ট দিয়েছেন জানি না। মাননীয় মন্ত্রীমহাশয় খাল দুইটির বিষয়ে খোঁজ করে দেখবেন অনুরোধ করছি।

আর একটা এগরা থানার পুরাতন ক্ষত, দুবদা বেসিনের ৯০ বর্গমাইল জায়গা প্রায় ২০ হাজার একর জমি জলনিকাশের অভাবে প্রায় প্রতি বছর অনাবাদী থাকছে। এটা মাননীয় সেচ মন্ত্রীমহাশয়কে আগেই অনেকবার জানানো হয়েছিল এবং এই দুবদা বেসিন সম্বন্ধে তিনি কি ব্যবস্থা করেছেন, জানতে চাই।

এ বাদে কাঁথি মহকুমার আরো কতকগুলি বেসিন আছে, যেমন মগরা বেসিন, কন্টাই বেসিন। কন্টাই বেসিন বারচৌকা, এগরা থানার ১০নং ইউনিয়নে রাণীসাহী অঞ্চল, বাধিয়া বেসিন এই রকম ছোট আরও বেসিন অঞ্চল আছে। আমাদের সরকারের উদাসীন্যতার ফলে হাজার হাজার বিঘা জমিতে কম ফসল হচ্ছে বা আদৌ হচ্ছে না। যেসব জায়গা পরিকল্পনার অভাবে প্রায়ই অনাবাদী রয়ে যাচ্ছে, ঐ দিকে আমি মাননীয় সেচ মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা খাদ্যশস্য বাড়াবার জন্য আমার নিবেদন করবার আছে।

প্রত্যেক ইউনিয়নে মাননীয় সেচ মন্ত্রীমহাশয় একটি করে শক্তিশালী সেচ কমিটি গঠন করুন এবং কোন ইউনিয়নে কি সেচের কাজ করতে হবে কমিটির মাধ্যমে তিনি জানুন, জেনে সত্বর সেচের ব্যবস্থা করুন।

Sj. Amarendra Nath Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সেচ মন্ত্রীমহাশয়ের সেচবিভাগের জন্য উত্থাপিত ব্যয়-বরাদ্দের প্রতি আমি সমর্থন জানাচ্ছি।

আমি বীরভূম জেলার অধিবাসী, ভারতবর্ষের স্বাধীনতা লাভের পর যদি বাংলাদেশের কোন জেলা সেচবিভাগের তরফ থেকে কোন প্রত্যক্ষ সুবিধা পেয়ে থাকে, তাহলে বীরভূম জেলা সর্বাগ্রে তা পেয়েছে। সেজন্য বীরভূমের অধিবাসী হিসেবে আমি পশ্চিমবঙ্গ সরকারকে অভিনন্দন জানাচ্ছি। ময়ূরাক্ষী পরিকল্পনার যে সুবিধা সুযোগ আমার জেলার চাষীরা পেয়েছে, সত্যই তা অভাবণীয়, এ কোন দিন তারা কল্পনাও করতে পারে নি।

মাননীয় স্পীকার মহাশয়, বীরভূম জেলার প্রতি তিন বৎসর অন্তর অজন্মা হতো, এবং সেই অবস্থার ফলে চাষীদের দুর্গতির সীমা থাকত না। ময়ূরাক্ষী পরিকল্পনা হবার পর সে অজন্মা আজ আর হয় না এবং শুধু তাই নয়। ফসলেরও হার বেড়ে গেছে। জেলার পাঁচ লক্ষ একর জমিতে এবার সেচের জল পাওয়া যাবে। এখন বাংলাদেশে বৃষ্টি বিশেষ আরম্ভ হয় নি, কিন্তু বীরভূমের চাষীরা বুকে বল নি বসে আছে, ১৫ই জুলাই বীরভূমের মাঠ ময়ূরাক্ষীর জলে ভাসবে এবং তার জন্য বীজ তৈরী হচ্ছে যদিও আকাশে বৃষ্টির কোন লক্ষনই নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলা সম্পর্কে আর একটা আলোচনা মাননীয় সভ্য রাধানাথ চট্টরাজ মহাশয় তুলেছেন; লাঙ্গল হাটা বিলের সম্পর্কে তিনি বলেছেন যে, লাঙ্গল হাটা বিলের যে ড্রেনেজ স্কীম হইয়াছে, তার ফলে সেখনকার জলাভূমির জল বের হয়ে যাবে না এবং ফসল হবে না। কিন্তু সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার বিশেষজ্ঞের কাছ থেকে একথা জানা গেছে যে, যেখানে ময়ূরাক্ষী নদীর শেষ হয়েছে, তার সেই টেল এন্ডএ যদি ক্রস ড্যাম দিয়ে জল রাখা হয় এবং ক্যানেল কেটে আনা হয়, তাহলে ড্রেনেজ সিস্টেমএ অনেক উপকার পাওয়া যাবে। কারণ সেখানে ৪০ হাজার বিঘা জমিতে বোরো ফসল হতে পারবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের বন্যা সম্পর্কে আলোচনা উঠেছে। পশ্চিমবঙ্গ সরকার ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের পর বাংলাদেশে বন্যা নিয়ন্ত্রণ কমিটি গঠন করেছেন এবং বিশেষজ্ঞদের বিদেশ থেকে শিক্ষালাভ করিয়ে এনে সরকার থেকে বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা হচ্ছে। আমাদের মাননীয় সদস্য হরেকৃষ্ণ কোনার মহাশয় তিস্তা ভ্যালি প্রজেক্টের কথা তুলেছেন। সে সম্বন্ধে আমার একটু ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, তিস্তা ভ্যালি প্রজেক্ট যদি কার্যকরী করতে হয়, তাতে প্রায় ২০০ কোটি টাকা খরচ হবে। এত টাকা খরচ করে বাংলাদেশ কতটুকু উপকৃত হবে সেইটে সর্বাগ্রে বিবেচ্য। আমার মনে হয় তিস্তা পরিকল্পনায় বাংলাদেশে পাওয়ারএর কিছুটা বেনিফিট পেতে পারে, কিন্তু পরিপূর্ণ ইরিগেশান এর যে সুযোগ (ফেসিলিটি) যে সেটা পাবে অন্য রাষ্ট্র। এবং এর সঙ্গে ইন্টার ন্যাসানাল অ্যাসপেক্টও যে জড়িত সেটাও ভেবে দেখতে হবে, আমাদের রাষ্ট্রের টাকা খরচ করে অপর রাষ্ট্রকে সেই সুযোগ আপনারা দেবেন কি না? তার থেকে ট্যানগন ভ্যালি স্কীম চালু করলে আমরা অনেক বেশী উপকৃত হব। তারপর বন্যা নিয়ন্ত্রণের বদপারে উত্তরবঙ্গের কোন কোন সদস্য আমাদের সরকারের ব্যর্থতার উল্লেখ করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে তাঁদের জানাই যে, সরকারের বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা ব্যর্থ হয় নাই। বন্যা প্রতিরোধ করবার ব্যবস্থা হচ্ছে, বন্যা নিয়ন্ত্রণ করা যায় খাল কেটে এবং ড্যাম বানিয়ে। সরকারের পক্ষে সে চেষ্টা চলছে, কিন্তু প্রাকৃতিক বিপর্যয় পর্যন্ত সরকারের উপর চাপিয়ে দিয়ে অযথা দোষারোপ করা হচ্ছে। মাননীয় কোন এক সদস্য বলেছেন, এই কলকাতা শহর ৫০ বছর পর জলে নিমগ্ন হয়ে যাবে, আমি জানি না কোথায় তিনি এই স্পেশগলারিয়ান থিওরী পেয়েছেন যে, থিওরী অনুসারে তিনি বলে বসলেন যে কলকাতা শহর ৫০ বছর পর জলমগ্ন হয়ে যাবে। এ থিওরী আজ অচল। সূর্য তেজও হীন হবে না, কলকাতা শহরও জলমগ্ন হবে না। তাহা প্রতিরোধ করার ক্ষমতা আমাদের আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে ধন্যবাদ।

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, সেচ খাতে মন্ত্রীমহাশয় বিরাট বিরাট টাকার অঙ্ক দেখিয়ে চমৎকার চমৎকার কথা বলেছেন, কিন্তু যখন দেখা যায় যে, কায়েমী স্বার্থের সঙ্গে জনসাধারণের স্বার্থের সংঘাত বাধে, তখন তাঁরা কায়েমী স্বার্থের পক্ষই অবলম্বন করে থাকেন। এ সম্বন্ধে আমি হাওড়া ড্রেনেজের উদাহরণ দিতে চাই। হাওড়া ড্রেনেজ বেসিন ৫২ বর্গমাইল। এই বেসিন যখন তৈরী হয়, তখন জনসাধারণের কাছ থেকে 'এ' ক্লাস 'বি' ক্লাস এবং 'সি' ক্লাস জমি

১৪ টাকার জিনিস ৭ টাকা দিয়ে 'একুইজিশন' করেন। এই ড্রেনেজের মধ্যে গত ১৯৫৩ সালে হাওড়া মিউনিসিপ্যালিটির যে বিরাট ময়লা জল সেটা প্রবেশ করাবার ব্যবস্থা করেন, আমাদের মন্ত্রীমহাশয়। ইংরাজ আমলে নাজিরগঞ্জের পাশ দিয়ে এই জল গঙ্গায় ফেলবার চেষ্টা হয়েছিল; কিন্তু সেখানে কয়েকজন ইংরাজ মিল মালিকের আপত্তি হেতু সেটা বন্ধ হয়। সম্প্রতি ১৯৫৩ সালে খাল কেটে হাওড়া ড্রেনেজ হয়েছে এবং হাওড়া মিউনিসিপ্যালিটি পচা জল ফেলে দেবার ব্যবস্থা করেছেন। ফলে হচ্ছে যে, ৫২ বর্গমাইল যে সমস্ত জমিতে চাষআবাদ হত, তা আজ ধ্বংস হবার উপক্রম হয়েছে। যেখানে বিঘা প্রতি ৮ মণ ফসল হত, সেখানে বিঘা প্রতি আড়াই মণ ফসল হচ্ছে এবং সেখানে যে মাছের চাষ হত, সেই মাছের চাষও নষ্ট হচ্ছে। সেখানে বালি, জগদীশপুর, বাঁধা জগৎপুর ইউনিয়নের ক্ষতি হয়েছে। তাছাড়া ঐ নোংরা জলে ৫০ হাজার লোক ক্ষতিগ্রস্ত হচ্ছে।

[4-50—5 p.m.]

এই জল হচ্ছে পচা ময়লা জল, দুর্গন্ধযুক্ত বিবর্ণ ময়লা জল, তার জন্য এই জায়গাটা সমস্ত স্থানীয় অধিবাসীদের বাসের অনুপযুক্ত হয়েছে। এ নিয়ে আন্দোলন হয়েছে অনেক সকল পক্ষ থেকে, কংগ্রেস পক্ষ থেকে এর আগে যিনি মাননীয় সদস্য ছিলেন ঐ এলাকায় তিনিও এ সমস্ত জানেন। তাছাড়া বামপন্থী দলের পক্ষ থেকে সাধারণ মানুষের পক্ষ থেকে জোর প্রতিবাদ হয়েছিল এবং আন্দোলন হয়েছিল। এ নিয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে, ডেপুটেশান যাওয়া হয়েছিল কিন্তু তিনি সেই ময়লা জল বন্ধ করতে পারেন না বলে জানিয়েছেন। এই ময়লা জল যেখান থেকে যাচ্ছে সেখানে মিউনিসিপ্যালিটি একটা বিরাট ময়লা থাকে ঐ জল এবং ময়লা জল মিলে অত্যন্ত দুর্গন্ধ হয় এবং যার ফলে সেই জায়গাটা মানুষের বসবাসের অযোগ্য হয়ে উঠেছে। সেচ মন্ত্রীমহাশয় জোর করে জনসাধারণের উপর ময়লা জল ফেলবার ব্যবস্থা যদি করেন, তাহলে স্বাস্থ্যবিভাগ বৈজ্ঞানিক উপায়ে পরিকল্পনা করে তা পরিষ্কারের ব্যবস্থা করতে পারে না। যদি এই সমস্ত পরিষ্কার না করা হয়, সেখানকার মানুষ কি করে বাঁচবে? তা যদি না করেন তাহলে ৫০ হাজার লোককে উদ্বাস্তু করবার ব্যবস্থা করবেন। বালী, জগদীশপুর সমগ্রভাবে, এবং সাঁতরাগাছি জগাছা প্রভৃতি অংশিকভাবে ক্ষতিগ্রস্ত হবে। তাছাড়া রাজাপুর ড্রেনেজএর কথা বলতে গেলে বলা যায়, প্রায় ১৬।১৭ বৎসর যাবৎ সেখানে কোন সংস্কার হয় নি। উপরন্তু রাজাপুর এলেকায় যে ড্রেনেজ আছে তার জল নিকাশের কোন ব্যবস্থাই নাই এবং হয় নি। এখন শোনা যাচ্ছে যে, ডি ভি সির একটা খাল, এই রাজাপুর ড্রেনেজএর ভিতর দিয়ে অনুপ্রবেশ করার ব্যবস্থা হচ্ছে। হাওড়া হুগলী বর্ডারে যে রেগুলেটর স্থাপন করা হয়েছে, সেই রেগুলেটর বন্ধ নিয়ে সেখানে বারবার ঝগড়া হয়। স্থানীয় হেড মাষ্টার ঈশ্বরচন্দ্র ঘোষ মহাশয় একথা বলেছিলেন যে, এই ড্রেনেজ যদি না হয় তাহলে সরস্বতী স্কীম সরাসরি কার্যকরী করতে হবে। তা না করলে কিছুই হতে পারে না।

তারপর এ সম্বন্ধে আমরা বারবার মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, অত্যন্ত দুঃখের বিষয় রাজাপুর ড্রেনেজ এখন পর্যন্ত সংস্কার করা হয় নি। উপরন্তু ডি ভি সি খালের জল নিকাশের ব্যবস্থা সেখান দিয়ে করেছেন। বৈজ্ঞানিকরা বলেছেন এরকম করলে নাকি ক্ষতি হবে না। কিন্তু আমার নিজের অভিজ্ঞতায় যা দেখছি ২।৪ বছর ধরে, জল কমে না বরং ডুবে যায় এবং সরকার থেকে তার কোন ব্যবস্থা করতে পারে নি। এরকম যদি অবস্থা চলতে থাকে তাহলে লোক কখনও ক্ষমা করবে না। পরিশেষে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—হাওড়া জেলার অধিবাসীর সেখানে ৫০ হাজার লোকের জীবন বিপন্ন হচ্ছে এবং ডি ভি সির ক্যানেল চালিয়ে সেখানকার যে হাজার হাজার লোককে বিপন্ন করবার ব্যবস্থা করেছেন তা বৈজ্ঞানিকভাবে অনুসন্ধান যদি না করেন, সাধারণ লোককে বাঁচাবার চেষ্টা যদি না করেন এবং সরস্বতী স্কীম করে, হাওড়ার ময়লা জল পরিষ্কার করবার ব্যবস্থা না করেন, তাহলে সাধারণ মানুষ তা কখনও ক্ষমা করবে না।

Sj. Nakul Chandra Sahis:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ। এই দেশকে যদি সমৃদ্ধিশালী করতে হয়, তাহলে আমাদের কৃষির দিকে (সর্বপ্রধান ঝোঁক) সর্বপ্রথমে ঝোঁক দিতে হবে। কিন্তু আমরা যা দেখছি, তাতে বলতে বাধ্য হচ্ছি যে, কংগ্রেসী সরকার সেই দায়িত্ব উপলব্ধি করতে পারছেন না। শুধু তাই নয়, কৃষির উন্নতির বিশেষ কোন ব্যবস্থা করতে পারছেন না।

বর্তমানে দেশব্যাপী যে বেকার সমস্যা রয়েছে, তা কংগ্রেস সরকার দূর করতে পারছেন না, কারণ এই সমস্যা সমাধানকল্পে যা প্রধান সহায়ক—কুটীরশিল্প বিকেন্দ্রীকরণ, তা তারা করছেন না। তারপর আমাদের দেশের কৃষি উন্নতির প্রধান সহায়ক হচ্ছে, সেচ ব্যবস্থা কিন্তু সরকারী সেচ পরিকল্পনার রূপ ও ধরণ দেখে মনে হয়, কংগ্রেস সরকার সেচের উপযোগী উপলব্ধি করতে পারছেন না এবং উহার জন্য শুধু অর্থ ব্যয়ই হচ্ছে, তাতে শুধু অর্থের অপচয়ই হচ্ছে, কাজ কিছু হচ্ছে না। কিরূপ ভয়াবহ অপচয় হচ্ছে তার বিবরণ ও বর্ণনাও আমি দিতে পারি। বিহারের কংগ্রেসী সরকারের আমলে মানভূম তথা পুরুলিয়ার সেচ ব্যবস্থার জন্য যেসকল অর্থ ব্যয় হয়েছিল, আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি, তার শতকরা ৮০ ভাগ অর্থ সেচের নামে অপব্যয় হয়েছে, জলে গেছে। পশ্চিমবঙ্গ সরকার পুরুলিয়ার শাসন ভার হাতে নেওয়ার পর সেই সেচ ব্যবস্থাকে কার্যকরী পথে ও নতুন ধারায় গঠিত করার কোন চেষ্টা করেন নাই। সেচের নামে অনাচারের কোন তদন্ত করেন নাই বা কোনরূপ বিচার বিবেচনাও করেন নাই। পুরুলিয়া জেলায় আমাদের সরকার যদি সুষ্ঠু সেচ পরিকল্পনা স্কীম করতে চান ও যাতে করতে পা'রেন, তার জন্য আমি কয়েকট রূপ আমাদের সরকারের সামনে রাখতে চাই। পুরুলিয়া জেলায় খুব ছোট ছোট নদী আছে, যাকে আমরা জোড় বলি। সেগুলি বাঁধতে সুবিধাও আছে। সেগুলি ভাল করে বাঁধালে জেলায় অসংখ্য স্থায়ী জলাধার হবে। সেই জলাধারে পাম্প লাগিয়ে উপরে জল তুলে বিরাট বিরাট ক্ষেত্রে শস্য উৎপাদন হতে পারে। সেখানের জমি কঙ্করময়, এইরূপ জলাধারের জলের সাহায্যে সেই জমিকে চাষযোগ্য করা যেতে পারে। তাছাড়া মানভূমে অপেক্ষাকৃত যেসব বড় নদী আছে, সেগুলিতে সেচ পরিকল্পনার উপযোগী বাঁধ দিলে খরচও কম হবে এবং ভাঙ্গবার ভয়ও থাকবে না এবং বহু স্থানে বিরাট জলাধার হবে। পুরুলিয়ার পুরান পুষ্করিণীগুলির সংস্কারের বিশেষ প্রয়োজন কারণ ঐগুলিতে প্রায়শই একদিকে বা দুদিকে বাঁধ দেওয়া হয়েছে। বর্ষায় অন্য দিক থেকে জল এসে ও জলের সঙ্গে মাটি এসে ৩।৪ বৎসরের মধ্যেই নদী ভরাট হয়ে যায়। সেইগুলি পঙ্কোদ্ধার করলে চাষের উন্নতি হয় কিন্তু সেই আশু প্রয়োজনীয় সংস্কার সরকার বহু বৎসর পর্যন্ত কিছুই করেন নাই। আশা করি, সরকার এই পঙ্কোদ্ধার কার্যে তৎপর হবেন। তার সঙ্গে সঙ্গে, কূপ খনন, নতুন বাঁধ কাটান প্রভৃতি সেচ পরিকল্পনার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

Sj. Renupada Haldar:

মিঃ স্পীকার, স্যার, ২৪-পরগনা জেলার দক্ষিণ অঞ্চলে এবং বিশেষ করে সুন্দরবন এলাকায় সরকার সেচ পরিকল্পনা যেভাবে গ্রহণ করেছেন, তাতে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে, সে সম্পর্কে আমি দু-একটা কথা বলবো। আপনি জানেন, মিঃ স্পীকার, স্যার, এই সুন্দরবন অঞ্চলে বাংলাদেশের খাদ্য ভাণ্ডারে পরিণত হতে পারত যদি সেখানে সেচ ব্যবস্থা সরকার ভাল ভাবে গ্রহণ করতেন। এই সুন্দরবন এলাকায় প্রতি বছর দুর্ভিক্ষ লেগেই আছে। সেখানে দুর্ভিক্ষ প্রতি বছরে একটা ব্যাপার হয়ে দাঁড়িয়েছে, অথচ সরকার সেখানকার সমস্ত বাঁধ বেঁধে সেচ ব্যবস্থার কোন সুষ্ঠু নীতি এখনও পর্যন্ত গ্রহণ করেন নি। চাষীরা রাজস্ব দিয়ে যায় এবং সরকার সেই রাজস্ব নিয়েই খালাস। আজ পর্যন্ত সরকার সেখানে বাঁধ বেঁধে ঠিকমত সেচের কোন ব্যবস্থাই করেন নি। তার ফলে সুন্দরবনে যে অবস্থা ঘটেছে, সে সম্পর্কে আমি দু-চারটে কথা বলবো। সেখানে সেচ ব্যবস্থা গ্রহণ না করার ফলে হাজার, হাজার, লাখ, লাখ

বিঘা জমি নোনাজলে ভাসছে ও পতিত অবস্থায় পড়ে আছে। উল্লেখযোগ্য জয়নগর থানার মধ্যে নিমানী ও বগার খাল, সেখানে প্রায় আড়াই হাজার বিঘা জমি বাঁধ ভেঙ্গে নোনা জল ঢুকে চাষের প্রভূত ক্ষতি করেছে। মনি নদীর দুই পাশে যে সমস্ত অঞ্চল আছে, বিশেষ করে বাইসহাটা ও কিল্লেতে প্রায় ১১ হাজার বিঘা জমি প্রতি বছর অনাবাদি অবস্থায় পড়ে থাকে। মাতলা নদীর দু পাশের বাঁধের অবস্থা অত্যন্ত ভয়াবহ। মথুরাপুর থানা অঞ্চলে গত বছর ভীষণ বৃষ্টির ফলে কুমড়াপাড়ায় প্রায় পাঁচ হাজার বিঘা জমির চাষ ও ফসল নষ্ট হয়েছে। রাধাবল্লভপুর মৌজার একটা অঞ্চলে প্রতি বছরই সেখানকার চাষ নষ্ট হয়ে যায় অত্যাধিক জলের চাপে। নলগড়া ইউনিয়নে একটা স্লুইস গেট ছিল, গত বছর বেশী বৃষ্টির ফলে সেটা ভেঙ্গে যায়। পূর্ব হতে সরকারকে বারবার জানান হয়েছিল যে, সেখানকার অবস্থা অত্যন্ত ভয়াবহ, কিন্তু, সরকার সে কথায় কর্ণপাত করেন নি। পরে দেখা গেল, সেই স্লুইস গেট এবং বাঁধ ভেঙ্গে নোনা জলের চাপে, সেখানে বহু জমি, প্রায় তিন হাজার বিঘা জমির ক্ষতি হয়েছে। মিটানী খালের দুপাশে বাঁধ না দেওয়ার ফলে, প্রতি বছর প্রায় পাঁচ হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে যায়। আমি দেখেছি বারাসাত অঞ্চলে বহু জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে প্রায় প্রতি বছর আড়াই হাজার বিঘা জমি নোনাজলে ডুবে, পতিত অবস্থায় পড়ে থাকে। ২৪-পরগনা জেলার, ক্যানিং প্রভৃতি অঞ্চলের অবস্থা ঠিক একই রকম আমরা দেখেছি। মাতলা নদীর দুই পাশের অবস্থা অত্যন্ত ভয়াবহ, এ বছর যদি আগে হতে এর ব্যবস্থা করা না যায়, তাহলে আগামী বছরের চাষ নষ্ট হয়ে যাবে, সে বিষয় কোন সন্দেহ নাই। তাই আমরা চাই, এ সম্পর্কে সমস্ত কিছু অনুসন্ধান করে সরকার সুন্দরবন এলাকায় যেন একটা সুষ্ঠু, সর্বাঙ্গীণ সেচ পরিকল্পনা গ্রহণ করেন। এবং বাঁধ ভাঙ্গার সাথে সাথে, বাঁধগুলি মেরামত করা এবং বর্ষার সাথে সাথে যাতে জল নিকাশ ও সেচের ব্যবস্থা হয়, তার জন্য আমি সরকারের কাছে দাবী করি। আমার মনে হয়, সুন্দরবন এলাকায় জল নিকাশের ভাল ব্যবস্থা করতে পারলে, সেখানে চাষও ভাল হবে, এবং তার ফলে এখানকার প্রচুর লোক, যারা আজকে অন্নাভাবে কষ্ট পাচ্ছে, দুর্ভিক্ষের সম্মুখীন হতে হচ্ছে, তার হাত থেকে রক্ষা পাবে, এবং তার সঙ্গে সঙ্গে দেশের অনেক আয়, সমৃদ্ধি বাড়বে, দেশের অবস্থা অনেকখানি ভাল হবে।

Sj. Mihir Lal Chatterjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মান্যবর মন্ত্রীমহোদয় তাঁর বক্তৃতা প্রসঙ্গে বলেছেন বাংলাদেশে সেচ পরিকল্পনার জন্য যে পরিমাণ কাজ করা হচ্ছে, সেটা বাংলাদেশের পক্ষে গৌরবজনক ও অন্যান্য দেশের পক্ষে যথেষ্ট পরিমাণে ঈর্ষার বিষয়। একথা ঠিক ময়ূরাক্ষী পরিকল্পনা, দামোদর পরিকল্পনা প্রভৃতি সেচ পরিকল্পনার দ্বারা বাংলাদেশ প্রভূত পরিমাণে উপকার পেয়েছে এবং ভবিষ্যতে আরও পাবে। ভারত গভর্নমেন্ট এই দুটি পরিকল্পনার জন্য টাকা স্যাংকশান করতে বিন্দুমাত্র কার্পণ্য করেন নি। এই কাজের রূপায়ণের দায়িত্ব বাংলা গভর্নমেন্ট গ্রহণ করেছেন, আর টাকা জোগাচ্ছেন ভারত গভর্নমেন্ট।

এই দুটি পরিকল্পনা যে এলাকার জন্য, সেই এলাকার লোকেরা এর দ্বারা যতই উপকৃত হোন না কেন, অপকারও যদি কিছু হয়, তাহলে সে সম্বন্ধে সরকারের উপর দোষারূপ করা স্বাভাবিক। এই দুই পরিকল্পনা রূপায়ণে ভারত গভর্নমেন্ট ও বাংলা গভর্নমেন্টের পারদর্শী ইঞ্জিনীয়ারদের পরামর্শ পাওয়ার কোন অসুবিধা হয় নাই। বড় বড় ইঞ্জিনীয়াররা এই দুটো পরিকল্পনার সঙ্গে জড়িত ছিলেন, অথচ এই দুটো নদীর পরিকল্পনার এলাকার মধ্যে বন্যার প্রকোপ এত অত্যাধিক পরিমাণে হল কেন? সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় বলতে গিয়ে ভগবানের উপর দোষ চাপিয়েছেন, বৃষ্টি দেবতার উপর দোষ চাপিয়েছেন। দুঃখের বিষয় অসহায় বৃষ্টি দেবতা তাঁর বিরুদ্ধে এত বড় অভিযোগ খণ্ডন করবার জন্য এখানে উপস্থিত হতে পারবেন না। মন্ত্রীমহাশয় একথা বলেছেন যে, ফ্লাড কন্ট্রোল সংক্রান্ত যে কমিটি বসান হয়েছিল, সেই কমিটি মোটামুটিভাবে অস্বাভাবিক বৃষ্টিপাতকে এই বন্যার জন্য দায়ী করেছেন। কিন্তু আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি, কমিটি কি কেবলমাত্র অস্বাভাবিক বৃষ্টিপাতকেই দায়ী করেছেন; না সেচ পরিকল্পনার সাথে রাষ্ট্রের অন্যান্য পরিকল্পনার কোন কোঅর্ডিনেশান না থাকায়, বন্যার ইনটেনসিটী অত্যন্ত বেশী হয়েছে, এবং বিভিন্ন এলাকায়, যেখানে বন্যা হওয়া

উচিত ছিল না, সেই সমস্ত এলাকায় বন্যা দেখা দিয়েছে? আমার নিজের ধারণা বাংলা গভর্নমেন্টের সেচ বিভাগের সাথে রাস্তা বিভাগের সাথে কোন কোঅর্ডিনেশান নেই। ইহার ফলে যে সমস্ত এলাকায় বন্যা হওয়া উচিত ছিল না, সেই সমস্ত এলাকায় বন্যা হয়েছে। বাংলা গভর্নমেন্টের বিভিন্ন সেচ পরিকল্পনাসমূহ চলে নানা বিভাগের মাধ্যমে, সেচ বিভাগের মাধ্যমে, এগ্রিকালচার ডিপার্টমেন্টের মাধ্যমে, ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট বিভাগের মাধ্যমে ও ডেভেলাপমেন্ট বিভাগের মাধ্যমে। বিভিন্ন বিভাগের মধ্যে দিয়ে যখন সেচ পরিকল্পনাগুলি কার্যকরী করা হয়, তখন রোডস ডিপার্টমেন্টএর সঙ্গে সম্ভবতঃ কোন রকম পরামর্শ ও যোগাযোগ রক্ষা করা হয় না। কাজেই রাস্তাসমূহ অধিকাংশ জায়গায় স্বাভাবিক জল নিকাশের পথে বাধা সৃষ্টি করে। রোডস অ্যান্ড ইরিগেশান, এই দুই বিভাগের মধ্যে পরামর্শ এবং ঘনিষ্ঠ যোগাযোগ রেখে যদি পরিকল্পনাসমূহ কার্যকরী করা হত, তাহলে আমার মনে হয় গত বৎসর অস্বাভাবিক বৃষ্টি হওয়া সত্ত্বেও পশ্চিমবাংলায় বন্যার তীব্রতা ও ব্যাপকতা কখনও এত বেশী ভয়ারহ হতে পারত না। মন্ত্রীমহাশয় ময়ূরাক্ষী পরিকল্পনা প্রসঙ্গে বলেছেন যে, এই পরিকল্পনার মাধ্যমে বহু পরিমাণ জমির সেচ হবে এ কথা স্বীকার্য; সে কথা অস্বীকার করবার কোন উপায় নেই। ছয় লক্ষ একর জমিতে ধানের চাষ হওয়ার কথা এই পরিকল্পনা অনুযায়ী। কিন্তু ছয় লক্ষ একর জমিতে চাষ হয় নি। এক লক্ষ একর রবি শস্যের জন্য এই পরিকল্পনা অনুযায়ী সেচ হওয়ার কথা—এক একরও হয় নি। মিঃ স্পীকার, স্যার, এই পরিকল্পনার কাজ রবিশস্যের জন্য সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। এই বৎসর ছয় লক্ষ একর জমিতে সেচ দেওয়া সম্ভব হয় নি কেন? আর মাত্র এক লক্ষ একর জমিতে রবিশস্যের জন্য সেচ না দিয়ে, নদীর জল বরবাদ করা হল কেন?

অধিক ফসল উৎপন্ন করবার জন্যই যদি এই পরিকল্পনা কার্যকরী করা হয়, তাহলে মানুষ এই সেচ পরিকল্পনার সুযোগ কেন সম্পূর্ণভাবে গ্রহণ করতে পারছে না, সে কথা ভালভাবে বিচার করা দরকার।

[5-25—5-35 p.m.]

আমার মনে হয় বাংলা গভর্নমেন্টের বড্ড বেশী ব্যবসাদারী বুদ্ধি, সেচের জল চাষীরা না লওয়ার জন্য দায়ী। বাংলা গভর্নমেন্ট অতি অল্প সময়ের মধ্যে ময়ূরাক্ষী পরিকল্পনার জন্য ব্যয়িত টাকা সাধারণ লোকের কাছ থেকে উসুল করতে চান। যার ফলে বাংলা গভর্নমেন্ট অত্যন্ত বেশী হারে জলের ট্যাক্স ধার্য্য করেছেন। প্রথমেই সরকার ঠিক করেছিলেন, ধানের জন্য একর প্রতি ১০ টাকা কোরে ট্যাক্স ধার্য্য করা হবে। সরকারী নোটিসেও সেই মর্মে ইসু করেছিলেন। জনসাধারণ ১০ টাকা হারে জলকর দিতে রাজী নয়। তারা কোন এগ্রিমেন্ট সহি করতে রাজী হয় নি। কাজেই গভর্নমেন্ট ১০ টাকা হিসেবে ট্যাক্স ধার্য্য করার পরে সেই ট্যাক্স ৬৷৷ টাকাতে নামিয়ে আনেন। লোকে ৬৷৷ টাকা কোরে ট্যাক্স দিতে, ইচ্ছাতে হউক অনিচ্ছাতে হউক, তাদের চাষের উপকারের জন্য রাজী হয়। কিন্তু পাছে চাষীরা এই ময়ূরাক্ষীর পরিকল্পনার জল চাষের জন্য ব্যবহার না করে এবং জল নিতে চুক্তিবদ্ধ না হয়, যেখানে জলের প্রয়োজন নাই, সেখানে হয়ত মানুষ জল নিতে চাইবে না, এই ভয়ে গভর্নমেন্ট ইরিগেশান এ্যাক্টএর পরিবর্তে ডেভেলাপমেন্ট এ্যাক্ট অনুযায়ী জলকর সম্প্রতি ধার্য্য করেছেন। অর্থাৎ চাষীর জলের প্রয়োজন থাকুক বা নাই থাকুক, মানুষ জল চাক বা না চাক জলের ট্যাকস দিতেই হবে। সরকার একর প্রতি জলকর আগে ধার্য্য করেছিলেন ৬৷৷ টাকা, পরে করা হয় ৭৷৷ টাকা আর এই বৎসর ৯ টাকা ধার্য্য করেছেন। সেচের জলের প্রয়োজন না থাকলেও যদি মানুষকে জল নিতে হয়—চাষের কল্যাণের জন্য, অধিক ফসল উৎপাদনের জন্য যদি সেচের জল লওয়া বাধ্যতামূলক হয়, তাহলে গভর্নমেন্টের দেখা উচিত যে মানুষ যে পরিমাণ ট্যাকস দিয়ে জল নিতে আগ্রহশীল হয়, ট্যাকস তেমন হওয়া উচিত। ব্যয়িত মূলধনের যে টাকা গভর্নমেন্ট উসুল করতে চান, ১০ বছর কি ১৫ বছর কি ২০ বছরের মধ্যে সেই টাকা আদায় না করে, ৩০ বৎসর কি ৪০ বছরের মধ্যে আদায়ের পরিকল্পনা সরকার করুন। তাহলে এই পরিকল্পনার জল লোকে অত্যন্ত আনন্দের সঙ্গে গ্রহণ করতে পারবে। ওয়াটার রেট কম হবে, এবং গভর্নমেন্ট এই পরিকল্পনার মাধ্যমে অধিক ফসল ফলানোর যে চেষ্টা করছেন, সে কাজ সার্থক হবে। আমার মনে হয় গভর্নমেন্টের অবিবেচনপ্রসূত কার্যের জন্যই এবং অতি অল্প সময়ের মধ্যে পরিকল্পনার টাকা

জনসাধারণের কাছ থেকে উসুল করবার নিবুদ্ধিতার জন্য, এই পরিকল্পনায় ফলে যে কল্যাণ এতদিন হতে পারত, তা ব্যর্থ হয়েছে। এই পরিকল্পনার ১৬ আনা সুফল জনসাধারণ পেতে পারছে না। গভর্নমেন্টের যে পরিমাণ জলকর আদায় হওয়া উচিত ছিল, রাজস্ব তহবিলে ততটুকুও জমা হচ্ছে না। এবং যত জমি সেচ হওয়া উচিত ছিল, এ পর্যন্ত গভর্নমেন্ট তত জমিতে সেচের জল দিতে পারে নি। এই পরিকল্পনা সংক্রান্ত দখলীকৃত জমির কম্পেনসেশান বহুক্ষেত্রে তাড়াতাড়ি মিটিয়ে না দেওয়ার জন্য জনসাধারণের মধ্যে বিক্ষোভ অত্যন্ত প্রবল।

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সেচমন্ত্রী অজয়বাবু তার বক্তব্যের মধ্যে খুব গুণগান করেছেন সেচ বিভাগের। এবং বিশেষ করে ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত তার সেচের অবস্থা সম্পর্কে খুব গুণগান করেছেন এবং উৎপাদন সম্পর্কে। তা ছাড়াও ১৯৩৮-৩৯ সালের কথাও বলেছেন। আমি শুধু একটা অঞ্চলের কথা বলব যে মহেশতলা থেকে আরম্ভ কোরে ডায়মন্ড-হারবার পর্যন্ত প্রায় দুই শত বর্গমাইল ১৯৩৮-৩৯ সালে কি অবস্থা ছিল আর এখন কি অবস্থা হয়েছে। তাতে কোরে আমরা দেখতে পাই ১৯৩৮-৩৯ সালে এই শত বর্গমাইলের মধ্যে প্রায় ৫টা বড় বড় খাল ছিল এবং তখন সেচের ব্যবস্থাও ভাল ছিল। সেই ১৯৩৮-৩৯ সালের কথা যদি আমরা চিন্তা করি এবং হিসেব কোরে যদি আমরা দেখি, সেই সেচ ব্যবস্থার ফলে প্রায় প্রতি বিঘা ধানী জমিতে ১০ মণ থেকে ১২ মণ ফলন ছিল, আমরা সেই অঞ্চলের চাষী, চাষ সম্পর্কে আমাদের অভিজ্ঞতা আছে, এবং আমি ব্যক্তিগত অভিজ্ঞতায় বলছি এই রকম ফলন ছিল। কিন্তু তারপরে এখন অবস্থা কি? এই যে ৫টা বড় বড় খাল ছিল, আজ কংগ্রেসী সরকার ১০ বছরের মধ্যে কোন খালের একটুকু সংস্কার করলেন না, ফলে সেচ অবস্থার বিপর্যয় ঘটেছে। এখন এই দুই শত বর্গমাইলের যা ফলন হচ্ছে ৪ মণ, ৫ মণ পর্যন্ত ফলন হচ্ছে। এই অবস্থায় তারা যদি মনে করেন এবং তার বিভাগের যদি গুণগান করেন তাহলে বড় মুস্কিলের কথা। এই যে ৫টা খাল যেমন মহেশতলা অঞ্চলের মনিখালি খাল, পেরিয়াল খাল, কাঁটাখালি খাল, বলরামপুর খাল, এবং ডায়মন্ডহারবারের খাল, প্রতি খালে ৫০ বর্গমাইলের উপর জল নিকাশ হয়; বিশেষ করে মহেশতলা অঞ্চলের যে মনিখালটা আছে। আমি এই ছয় বছরই অ্যাসেমব্লির মধ্যে এসে আমি অজয়বাবুকে নানারকমের প্রশ্ন করেছি, কাট মোশান দিয়েছে ভদ্রলোক প্রতিবারই একই কথা বলেন, বলছেন যে হ্যাঁ, ব্যবস্থা হচ্ছে মনিখালের সংস্কার হবে। কিন্তু আজ পর্যন্ত কিছুই হয় নি। তাছাড়া পেরিয়াল খালটাও ৫০ বর্গমাইল চাষ নির্ভর করছে, কাঁটাখালি খালটাও ঐরকম এবং বলরামপুর এবং ডায়মন্ডহারবার খালটাও ঐ রকমই। কোন একটাও সংস্কারের ব্যবস্থা নাই। অথচ বলছেন কৃষি উৎপাদন খুব হয়েছে ১৯৩৮-৩৯ সালে যা অবস্থা ছিল, তার চেয়ে আমরা অনেক উন্নতি করেছি। তাছাড়াও এই অঞ্চলে কৃষির উপর শতকরা ৭০।৮০ জন লোক নির্ভর করে। তাদের অর্থনৈতিক অবস্থা খুব সংগীণ হয়ে গিয়েছে। বিশেষ করে গরীব কৃষকরা, খেত মজুররা এবং কুটিরশিল্পীরা। ১৯৩৮-৩৯ সালের সঙ্গে যদি তুলনা করে দেখা যায়, তাহলে আমরা দেখতে পাব, তখন তিন টাকা চালের মণ ছিল এবং ঐসব অঞ্চলে গরীব লোকদের মাসে অন্ততপক্ষে ১৫ টাকা আয় ছিল, তখন ১৫ টাকায় তাদের ৫ মণ চাল হত। এখন তাদের আয় হয়ত ৩০ টাকা হয়েছে, এখন ৩০ টাকায় ১ মণ ১০ সের চাল হচ্ছে। তখন ১৫ টাকায় ২০ খানা কাপড় হত, এখন ৩০ টাকায় ৫ খানা কাপড় হচ্ছে। তাহলে এই সরকার কি মানুষের জীবনের মান উন্নয়ণ করেছে? ঐ অঞ্চলের শতকরা ৭০।৮০ জন লোকের। অথচ গর্ব করে বলছেন যে, আমরা খুব করেছি। আর এখানে তো আমরা দেখতে পাচ্ছি, শতকরা ৭৫ জন মানুষের জীবনের মান কমিয়ে দিয়েছেন, এই তো অবস্থা। সেই জন্য আমি বলছি আপনারা একটা পরিকল্পনা গ্রহণ করুন, যাতে করে সত্যিকারের উপকার হয়। বড় বড় টাকার ফিরিস্তি দিয়ে ১০ কোটি ১৪ লক্ষ টাকা খরচ করছি, এসব বলে কোন কাজ হবে না। সেচের উন্নতি না করে, কৃষির উন্নতি না করে দুর্ভিক্ষ অঞ্চল সৃষ্টি করে, আর মানুষকে রিলিফ দিয়ে টাকা দিয়ে আর ভোট গ্রহণ করে গভর্নমেন্ট দখল কোরে থাকা আর বেশী দিন চলবে না। দুই একটা নির্বাচন চলতে পারে, তারপরে মানুষ বুঝতে পারবে। সেই জন্য এইসব নীতি আপনারা পরিবর্তন করুন, যাতে মানুষের অর্থনৈতিক মান উন্নয়ন করুন, কুটীর শিল্পের উন্নয়ন করুন, সেচের উন্নতি করুন, তা না কোরে লম্বা চওড়া কথা বলে লাভ হবে না।

সেইজন্য যে পাঁচটা খালের কথা আমি উল্লেখ করলাম, তার বাস্তব পরিকল্পনা গ্রহণ করুন, দামোদর, সেচের উন্নতি করুন, তা না করে লম্বা চওড়া কথা বলে কোন লাভ হবে না। সেইজন্য যে পাঁচটা খালের কথা আমি উল্লেখ করলাম, তার বাস্তব পরিকল্পনা গ্রহণ করুন, দামোদর, ময়ূরাক্ষী পরিকল্পনার কথা বলে বন্যার সৃষ্টি করে রিলিফ দিয়ে বেশী দিন চলবে না। এটাই আমার বক্তব্য হিসেবে আমি বলছি। আর শেষে মনিখালি খাল সম্বন্ধে আপনি বারবার প্রতিশ্রুতি দিয়ে করেন নি, সেই জন্য আবার স্মরণ করিয়ে দিচ্ছি।

Sj. Amal Kumar Ganguli:

মাননীয় স্পীকার, স্যার, সেচ খাতে ব্যয়বরাদ্দের যে প্রস্তাব এবং তার উপরে সেচমন্ত্রীর যে আলোচনা তা শুনে আমরা খুবই হতাশ হয়েছি। প্রথমতঃ আমি হতাশ হয়েছি, এইজন্য যে, তাঁর প্রস্তাবের মধ্যে নীচু দামোদরকে সংস্কার করার কথা কোথাও উল্লেখ নেই। আমরা শুনেছিলাম যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এই নীচু দামোদরকে সংস্কারের পরিকল্পনা গ্রহণ করা হবে। এবং মাননীয় সভ্যগণ আপনারা সকলেই জানেন এই নীচু দামোদরকে সংস্কারের উপরে যে শুধু হাওড়া জেলার সমস্ত সেচ ব্যবস্থা পুনর্গঠনের ব্যবস্থা নির্ভর করছে, তাই নয়, বাংলাদেশের অন্যতম প্রধান সমস্যা বন্যার যে সমস্যা আছে, তার নিরোধ ও সমাধান হচ্ছে, নীচু দামোদরকে সংস্কার করা। আমরা একথা শুনেছিলাম যে, দামোদর ভ্যালি কর্পোরেশন এই পরিকল্পনাকে গ্রহণ করবেন, কিন্তু আমরা তাদের কাছ থেকে জানলাম যে, না এখন পশ্চিমবঙ্গ সরকার এবং দামোদর ভ্যালি কর্পোরেশন এই দুইটি সংগঠন মিলে যৌথভাবে তারা এই পরিকল্পনা গ্রহণ করবেন। কিন্তু দামোদর ভ্যালি কর্পোরেশনএর যে বাজেট যা আমরা দেখলাম এবং আমাদের সেচমন্ত্রীর যা বাজেট আমরা দেখলাম, তার মধ্যে কোথাও এই নীচু দামোদরকে সংস্কার করার কথা উল্লেখ পর্যন্ত নেই। এটা যেমন একদিক অত্যন্ত বেদনাদায়ক, অন্যদিক গভীর চিন্তার বিষয়।

[5-35—5-45 p.m.]

এই বাজেট বরাদ্দ সম্পর্কে হতাশ হবার দ্বিতীয় কারণ হচ্ছে এই যে, আমরা দেখছি এই খাতে কেঁদুয়া খাল সংস্কারের জন্য মাত্র ৯॥ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমরা জানতাম যে, কেঁদুয়া খাল সংস্কারের জন্য প্রায় ৪৫ লক্ষ টাকা খরচ হবে এবং মাননীয় সভ্যগণ আপনারা সকলেই জানেন যে, হাওড়া জেলায় আমতা বেসিন ড্রেনেজ পরিকল্পনা গ্রহণ করার জন্য গত ৭০ বছর ধরে একটা বিরাট আন্দোলন হচ্ছে, অনেক কমিশন বসেছে, অনেক কমিটি রেকমেন্ডেশন করেছেন, অনেক সাহেব ইঞ্জিনীয়ার এলাকা সরজমীনে তদারক করে এসে তাঁদের রিপোর্ট দাখিল করেছেন এবং তাঁরা সকলেই এই কথা বলেছেন যে, কেঁদুয়া খাল সংস্কারের জন্য একটা টোটাল প্ল্যান, একটা সামগ্রীক পরিকল্পনা যদি না করা হয় এবং এইরকম বারেবারে ২ লক্ষ ৩ লক্ষ টাকা খরচ করে যদি তার আংশিক সংস্কার করা হয়, তাহলে হাওড়া জেলায় সেচের যে সমস্যা আছে, সেই সমস্যাকে স্থায়ীভাবে সমাধানের দিক দিয়ে কোন সাহায্যই করবে না। কিন্তু অত্যন্ত আশঙ্কার বিষয় এই যে, তাতে কেবল সরকারী অর্থের অপচয়ই হবে। এবারের ব্যয়বরাদ্দ খাতে দেখলাম যে পূর্ব হইতে একটি টোটাল প্ল্যানকে বাতিল করে দিয়ে আবার একটা আংশিক প্ল্যানই গ্রহণ করা হয়েছে। আমরা খবর নিয়ে জেছি যে, আগেকার যে অরিজিনাল প্ল্যান ছিল, তাকে আমাদের সরকার রিভাইজ করতে চান এবং আমরা একথা শুনেছি যে, এই রিভিসন করার মূলে উলুবেড়িয়ার কয়েকজনের কায়েমী স্বার্থ এবং কয়েকজন কংগ্রেসী বন্ধুর দলীয় স্বার্থ জড়িত আছে বলেই আজ আমাদের সরকার এইভাবে একটা মূল প্ল্যানকে রিভাইজ করার জন্য উদ্যত হয়েছেন। মূল প্ল্যান ছিল উলুবেড়িয়ার মস্ত বড় একটা লক গেট হবে, স্লুইস হবে এবং সেখান থেকে সমস্ত রকমে জল নিয়ন্ত্রণ করার ব্যবস্থা হবে। কিন্তু, উলুবেড়িয়ার প্রেসিডেন্ট, আমি নাম করেই বলছি শ্রীজগু সরকার, তিনি ওখানকার কংগ্রেসের একজন মস্তবড় স্তম্ভ, উলুবেড়িয়া হইতে নির্বাচিত অন্যতম সদস্য অবনীবাবু যদি এখানে থাকেন, তাহলে তিনিও মন্ত্রীমহাশয়ের মারফত জবাব দেবেন যে, এই পরিকল্পনাকে পরিবর্তন করার মূলে কয়েকজন স্বার্থান্বেষী লোক জড়িত আছেন কি না এবং তাঁরা কে? তাঁদের ইটের খোলা আছে, কয়েকটা কয়লার গুদাম আছে, কয়েকটা চালের কারবার আছে,

কেবল কয়েক হাজার টাকার সম্পত্তিকে বাঁচাবার জন্য কোটি কোটি টাকার ফসলকে নষ্ট করার জন্য তাঁরা উদ্যত হয়েছেন। হাওড়া জেলার প্রায় ১০ লক্ষ কৃষক এবং কৃষিজীবি জনসাধারণের ভবিষ্যৎকে ধ্বংস করার জন্য তাঁরা উদ্যত হয়েছেন এবং সামগ্রীকভাবে বাংলাদেশের বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থাকেও ধ্বংস করার জন্য তাঁরা উদ্যত হয়েছেন। কাজেই এদিক থেকে আমি স্পীকার মহোদয়ের মারফত মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে, পূর্বে যে টোটাল প্ল্যান ছিল, অরিজিনাল প্ল্যান ছিল, তাকেই যেন গ্রহণ করা হয়। আবার হতাশার তৃতীয় কারণ হচ্ছে এই যে, আমাদের দেশে অনেকদিন ধরে ক্ষুদ্র ক্ষুদ্র যেসব সেচ পরিকল্পনা আছে, তার উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হয় নি। আমি যে এলাকা থেকে এসেছি, সেখানে বিগত ১০ বছর ধরে ৪টি মাত্র খাল সংস্কারের জন্য প্রবল আন্দোলন হয়েছে এবং সেই ৪টি খালকে যদি আংশিকভাবে সংস্কার করা হয়, তাহলে বছরে সেখানে যে ফসল উৎপাদন হয়, তার অতিরিক্ত মূল্য প্রতি বছরে দাঁড়াবে অন্ততঃ ৫ লক্ষ টাকা, আর তাতে বাগনান থানার দেড় লক্ষ অধিবাসীর তিন মাসের অতিরিক্ত খোরাক সংগ্রহ হতে পারে। এবং আমরা হিসাব করে দেখেছি যে, এই ৪টি খাল সংস্কার করার জন্য গভর্নমেন্টের পক্ষ থেকে ৩ লক্ষ টাকা খরচ হতে পারে। এই ৪টি খাল হচ্ছে—(১) কোবিয়া-বিরালপুর খাল, (২) টেটুয়ার খাল, (৩) কলতলা খাল, এবং (৪) মাল্লুক খাল। এই ৪টি খাল সংস্কারের জন্য দীর্ঘদিন প্রবল আন্দোলন চলছে, বহু লেখালেখি হয়েছে, বহু রিপ্রেজেনটেসন দেওয়া হয়েছে, তা সত্ত্বেও এই খালগুলির সংস্কারের কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। এইমাত্র আমার এক বন্ধুর কাছ থেকে খবর পেলাম যে, অজয়বাবু তাঁর নিজের এলাকায় যে বরাদ্দ ধরেছেন, তাতে সেচ সংস্কারের জন্য তিনি ৯টি পরিকল্পনা গ্রহণ করেছেন, কিন্তু তাঁর জেলায় নন্দীগ্রাম থানায় এবং হাওড়া জেলায় কোদুয়া থানার সংস্কারের জন্য যে আন্দোলন চলছে, তার জন্য কোন সুষ্ঠু ব্যবস্থা করা হল না। এইভাবে দলীয় স্বার্থ এবং কায়েমী স্বার্থ রক্ষা করতে গিয়ে আজকে আমাদের দেশের সমগ্র সেচ ব্যবস্থাকে বানচাল করবারই চেষ্টা করা হচ্ছে। মন্ত্রীমহাশয় কেরালার কথাও উল্লেখ করেছেন, সেখানেও নাকি কয়েকদিন আগে বন্যা হয়েছে। তিনি সেই নজির দেখিয়ে বলেছেন যে, দামোদরের সরাসরি বাঁধ কোথাও ভাঙ্গে নি, জমিদারের বাঁধ ভেঙ্গেই গত বারের বন্যায় হাওড়া জেলা ভেসে গিয়েছিল। কোন গণতান্ত্রিক দেশের সরকার, কোন স্বাধীন দেশের সরকার ১০ বছর রাজত্বের পরও একথা কি বলতে পারেন? তাঁরা বলতে পারেন, তাঁদের অক্ষমতার কথা, দুর্বলতার কথা, কিন্তু জমিদারের বাঁধ জমিদার তা রক্ষণাবেক্ষণের কোন দায়িত্ব গ্রহণ করেন নি। অতএব আমাদের কিছু করার ছিল না, এই রকম সাফাই গেয়ে সরকারের নিজেদের কাজের বাহাদুরী দেওয়া এটা কোন সভ্যদেশের, স্বাধীনদেশের, জনপ্রিয় রাষ্ট্রের কর্ণধারগণের মুখে শোভা পায় না। তাই আমি এই ব্যয়বরাদ্দের প্রস্তাব অন্তরের সঙ্গে গ্রহণ করতে পারছি না, তার প্রতিবাদ জানাচ্ছি, বাধ্য হয়ে।

Sj. Provakar Pal:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে সেচ মন্ত্রীমহাশয় তাঁর সেচ বিভাগের জন্য ব্যয়বরাদ্দ মঞ্জুর করবার যে দাবী আমাদের কাছে উপস্থাপিত করেছেন, তা সমর্থন করতে উঠে আমি কয়েকটা কথা বলবো। প্রথমেই বলে রাখি যে এই দাবী আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমি এই কারণে সমর্থন করছি যে, ব্যয়বরাদ্দ যেসব ধার্য্য করা হয়েছে, তাতে বাংলার কৃষককুল এবং জনসাধারণের উপর সবচেয়ে বেশী নজর দেওয়া হয়েছে। এই কৃষকসমাজ তারা বিগত শতাব্দী থেকে বিদেশী সরকারের অবহেলা পেয়েছে, অবজ্ঞা পেয়েছে। অত্যন্ত আনন্দের কথা, অত্যন্ত গর্বের কথা যে, আমাদের এই কংগ্রেস সরকার সেই অবহেলিত, সেই অবজ্ঞাত কৃষক-সমাজের কল্যাণের জন্য তাঁদের সমস্ত পরিকল্পনা, প্রথম যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করেছিলেন, তার অর্ধেক এই কৃষকসমাজের উন্নতির জন্য ব্যয় করেছেন। অনেক বন্ধু বলেছেন যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ব্যর্থ হয়েছে, কিন্তু আমি তাঁদের স্মরণ করতে অনুরোধ করছি, মাননীয় খাদ্যমন্ত্রীর কথা, যে যুদ্ধের পূর্বে আমাদের বাংলাদেশে কত খাবার আসতো আর যুদ্ধের পরে স্বাধীনতা পাওয়ার পরেই বা কত খাবার আসে। ১৯৫৭ সালে যখন লক্ষ লক্ষ উদ্বাস্তু এসেছে, যখন গত বৎসর সারা বাংলাদেশের ৯টা জেলা বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে, যখন দুই বৎসর আগে সমস্ত উত্তরবঙ্গ বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে, সেচ পরিকল্পনা যদি ব্যর্থ

হয়ে থাকে, তাঁদের পরিকল্পনাগুলি যদি ব্যর্থ হয়ে থাকে, তাহলে সমস্ত পশ্চিমবাংলার লোক না খেয়ে মরতো। আমরা দেখেছি, ১৯৪২ সালে একমাত্র মেদিনীপুর জেলায় যে সাইক্লোন হয়েছিল, সেই সাইক্লোনে বাংলাদেশের ৩১ লক্ষ লোক মারা গেছে। কিন্তু স্বাধীনতা পাওয়ার পর যতগুলি প্রাকৃতিক বিপর্যয় হয়েছে, আমি কেবল গত বৎসরের প্রাকৃতিক বিপর্যয়ের কথা বলছি, যে ৯টা জেলা বিধ্বস্ত হয়েছে, তারপর বাংলাদেশে একটা লোকও না খেয়ে মরে নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি যে জেলা থেকে এসেছি, হুগলী জেলা, সেখানে দীর্ঘ মেয়াদী এবং স্বল্প মেয়াদী সেচ ব্যবস্থা রয়েছে। সারা ভারতবর্ষে যে তিনটি বৃহৎ পরিকল্পনা হয়েছে, তার মধ্যে দামোদর ভ্যালি প্রোজেক্ট একটা, আমার হুগলী জেলার মধ্য দিয়ে গেছে। আমরা জানি যে দামোদরের কাজ এখনও শেষ হয় নি।

[5-45—5-55 p.m.]

আমরা এ কথা জানি, বাংলাদেশের হুগলী জেলার, বর্ধমান জেলার ও বাঁকুড়া জেলার, এই পরিকল্পনা যখন শেষ হবে, তখন এই তিন জেলার দশ লক্ষ একর জমিতে সেচ হবে। সেটা এখনি হবে না, এই ব্যবস্থা যখন শেষ হবে, তখন এটা হবে, এখনো তার কাজ শেষ হয় নাই, শেষ হলে পর হুগলী জেলার, বর্ধমান জেলার এবং বাঁকুড়া জেলার চাষীদের ঘরে এত ফসল উঠবে যে, প্রায় প্রত্যেক চাষীর মুখে হাসি ফুটবে। যাঁরা সমালোচনা করেন, আমি জানি নে তাঁরা কিভাবে করেন। এই পরিকল্পনার মূলে যে ব্যয়বরাদ্দ অজয়বাবু উত্থাপন করেছেন, যারা নাকি সত্যিকারের কৃষকদের কল্যাণকামী এবং কৃষক দরদী এই ব্যয়বরাদ্দ তাঁদের সমর্থন করতেই হবে। আজকে কিছুক্ষণ আগে যে কয়জন বন্ধু দামোদর পরিকল্পনা সম্বন্ধে যেসব কথা বলে গেলেন, তাঁদের আমি বলতে চাই, দামোদর পরিকল্পনার কাজ যদি না হত; আমাদের হুগলী জেলার সমগ্র আরামবাগ মহকুমা বিপর্যস্ত হত। কিন্তু বিগত বন্যার যে বিপর্যয়, সেটা দামোদর পরিকল্পনার জন্য নয়, সেটা প্রাকৃতিক, নৈসর্গিক বিপর্যয়। একমাত্র দামোদর পরিকল্পনার জন্য আরামবাগ মহকুমা বিধ্বস্ত হয় নাই। যেদিন এই পরিকল্পনার কাজ শেষ হবে, তারপর থেকে বন্যার আর কোন সম্ভাবনা থাকবে না। বন্যা নিয়ন্ত্রণ, জলবিদ্যুৎ উৎপাদন আর জল সেচ, এই তিনটি জিনিস নিয়ে দামোদর পরিকল্পনা, এই তিনটির কাজ যখন শেষ হবে, তখন আমাদের দেশের সমৃদ্ধি বাড়তে বাধ্য। বিশেষ করে বোকারোতে সমগ্র এশিয়া মহাদেশের মধ্যে সবচেয়ে বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরী হতে চলেছে, যখন শেষ হবে, আমাদের হুগলী জেলা তার অংশ পাবে, আমাদের হুগলী জেলায় তখন দেখব ইলেকট্রিক লাইট, আর দেখব কুটীর শিল্পের কি রকম উন্নতি হয়েছে। আমি জানি, ভারতবর্ষে, বিশেষ করে বাংলাদেশে প্রতি বর্গমাইলে কত সংখ্যক লোক বাস করে, এবং তারা যেটুকু জমি চাষ করে, সেই লোক সংঘ যদি সেই সকল জমির উপর সেচের জল পায়, তাহলে তাদের অর্থনৈতিক অবস্থা কত ভাল হবে। এবং এদেশের অধিবাসীদের অর্থনৈতিক উন্নতি করতে হলে পর কুটীর শিল্পের উন্নতির প্রয়োজন, সরকার যে পরিকল্পনা নিয়েছেন, তা যেমন চাষের ভাল রকম উৎপাদনের জন্য তেম্নি সেটা কুটীর শিল্পের উন্নতির জন্যও এবং সে কাজ শেষ হলে পর তার ফলও কিছুটা ভাল হবেই। যখন পরিকল্পনার কাজ শেষ হবে, কৃষকদের ঘরে চাষী মজুর প্রভৃতি জনসাধারণের ঘরে বিদ্যুৎ পৌঁছে যাবে, প্রথমে যারা পাবে, তাদের মুখে আনন্দের হাসি ফুটবে। সুতরাং সত্যিকারের কৃষক দরদী যাঁরা আশা করি তাঁর এই ব্যয়বরাদ্দ সানন্দে সমর্থন করবেন, এই কথা বলে আমি এটা সমর্থন করছি।

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, কিছুক্ষণ আগে কংগ্রেসপক্ষীয় একজন মাননীয় সদস্য বলেছেন যে, সুন্দরবন এবং বিশেষ করে কলিকাতার দক্ষিণ-পূর্ব কোণে যে অঞ্চল আছে, সেই অঞ্চলে যেসব স্লুইস গেট তৈরী হয়, সেই স্লুইস গেট-এর কন্ট্রাকটররা কলিকাতায় থাকেন, এবং সেইজন্য সেইসব কন্ট্রাকটররা ঠিকমত সেই সব কাজ করেন না সেই সব অঞ্চলের স্লুইস গেট ভেঙ্গে ময়লা জল এবং ঘোলা জল মাঠের মধ্যে ঢোকে। আমি জানি না, তিনি সেই অঞ্চলে বাস করেন কিনা। যদি বাস করতেন তাহলে জানতেন যে এই যে সল্ট লেক এরিয়া সেই বিরাট অঞ্চল একদিকে ১৮ মাইল, আর একদিকে ২০ মাইল, সেখানে যে সমস্ত মৎস্য ব্যবসায়ী, যাঁদের মৎস্য ম্যাগনেট বলা যায়, তাঁদের যে বড় বড় ভেড়ী আছে, সেই সব ভেড়ীতে ময়লা জল যায়

কি করে, যদি ঐ স্লুইস গেট না ভাঙ্গে? ঐ ময়লা জল সেখানে যাবার অন্য উপায় নেই। যতদিন পর্যন্ত এই সব ভেড়ীর সংখ্যা না কমবে ততদিন পর্যন্ত কলিকাতার পূর্ব অঞ্চলে যে সল্ট লেক আছে তা চিরকালই থাকবে। আমি জানি কলিকাতার অধিবাসীরা হাপুত থেকে আরম্ভ করে দমদম অঞ্চলের এবং বাগজলা অঞ্চলের তরফ থেকে মাননীয় মন্ত্রীর কাছে ডেপুটেশন নিয়ে গিয়েছিলেন, ১০ বৎসর যাবত এই ডেপুটেশন যাচ্ছে এবং বর্ষায় প্রত্যেক বছর দেখা যায়, সেই সব অঞ্চল ভেসে যায়, এবং শুধু ভেসে যাওয়া নয়, কলিকাতার যত ময়লা এবং আশেপাশে যত মিউনিসিপ্যালিটি আছে, তাদের ময়লা সব জমা হয়, হালতু থেকে আরম্ভ করে দমদম পর্যন্ত যেরকম অবস্থা হয়, তার কোন ব্যবস্থা হয় না। গত বৎসর সেপ্টেম্বর মাসে মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে কি রকম অবস্থা হয়েছিল। বেলেঘাটা অঞ্চলের ৩৩নং ওয়ার্ড, ৩৬নং ওয়ার্ড, ৩৫, ৪৯ এবং ৫৬নং ওয়ার্ড তারপরে উল্টাডাঙ্গা, নারিকেলডাঙ্গা, প্রত্যেক জায়গায় বৃষ্টির জল জমে এবং ময়লা জল জমে ভীষণ অবস্থা হয়। প্রত্যেক বৎসরই সে অঞ্চলে বৃষ্টির জল দাঁড়ায়। সে জল নিষ্কাশনের কোন ব্যবস্থা সেচমন্ত্রী মহাশয় করেছেন কি? এই যে বক্তৃতা তিনি দিলেন যে কেন্দ্রীয় সরকারের কাছে এই সল্ট লেক এরিয়া সম্বন্ধে আমরা বিরাট স্কীম দিয়েছিলাম, কেন্দ্রীয় সরকার সেজন্য টাকা দেন নি। কেন দেবেন? আপনাদের সামনে কি স্কীম ছিল। মাননীয় সেচ মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, সেই স্কীমের পিছনে একটা বিরাট টাকা নষ্ট করার ষড়যন্ত্র ছিল। ১৯৫২ সালে ও'র মন্ত্রী হওয়ার পরে কলিকাতার আশপাশের লোকেরা মনে করে, ঐ সল্ট লেক এরিয়ার লোকেরা, যে হয়ত এবার আমাদের দুঃখ ঘুচবে। তাই তারা চাপ দিলে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে। তিনি তখন একটা প্ল্যান করলেন, যেটার দ্বারা লোককে ধোকা দেওয়া যায়। তিনি হল্যান্ড থেকে দুজন একস্‌পার্ট আনালেন, সেই দুজন একস্‌পার্ট সারা কলিকাতা বার তিনেক ঘুরে ৩০ হাজার টাকা নষ্ট করে চলে গেলেন। তাতেও হল না। তারপর আনলেন দুজন জার্মান একস্‌পার্ট। তাঁরা এসে ময়লা জল থেকে কি করা যায়, তা করে ১৮ হাজার টাকা নষ্ট করে চলে গেলেন। শুধু তাই নয়, ফার্ষ্ট ফাইভ-ইয়ার প্ল্যানএর ১২৯ পাতায় আছে যে, প্রাদেশিক সরকারকে যে টাকা দেওয়া হল, সেই টাকা দিয়ে,

Development of River Research Institute

তার জন্য ৮ লক্ষ টাকা খরচ করলেন। তাতেও হল না,

masterplan for the drainage of Greater Calcutta

তার জন্য ৮ লক্ষ ৪৭ হাজার টাকা খরচ করলেন, এবং তারপর—

investigation for reclamation of northern and southern salt lake area near Calcutta

তাতে ৫ লক্ষ ৫৭ হাজার টাকা খরচ হল, তারপরে,

Calcutta Sewage and Gas Scheme (installation of a pilot plant at Bantola)

তাতে ২২ হাজার টাকা গেল। এইভাবে টাকা নিয়ে যদি টাকা নষ্ট করা হয় এবং আসলে সেখানে কোন কাজ না করা হয়, তাহলে কোন সরকার যার বুদ্ধি আছে, সে টাকা দেবে?

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার বাহার দেখুন—

contour survey of areas in the district of 24-Parganas including the Sundarbans

তার জন্য ৪ লক্ষ ৭৫ হাজার টাকা খরচ করা হল, তারপর

Hydrological observation in West Bengal

এবং

equipment of Irrigation Department, Central Design Office Library

তার জন্য ২৫ হাজার টাকা এবং তারপর

specialised training of selected officers of the Irrigation Directorate

তাতে ১ লক্ষ ৫৭ হাজার টাকা ব্যয় করা হল। এমনিভাবে টাকা খরচ করে মূল যে জিনিসটা যার জন্য সমস্ত কলিকাতা শহরের স্বাস্থ্য নির্ভর করছে, যার জন্য আশপাশের সমস্ত মিউনিসিপ্যালিটির স্বাস্থ্য নির্ভর করছে তার জন্য যদি ব্যবস্থা না করেন তাহলে কেন্দ্রীয় সরকার এই প্রাদেশিক সরকারকে টাকা দিতে পারে? শুধু তাই নয়—এর সঙ্গে বলা যায় যে, কলকাতা কর্পোরেশন যেটুকু ব্যবস্থা রেখেছিলেন, ঐ কুলটি নদীতে সারা কলিকাতার ময়লা

জল ফেলতে এবং অল্প ব্যয়ে যেভাবে করতে পেরেছেন, সেইভাবে তাঁরা করেছেন। কিন্তু এখন সরকারের তরফ থেকে বলা হল যে, এটা আমরা নেবো। ১৯৫২ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত তাঁদের যে ডিপার্টমেন্ট আছে এবং কলকাতা কর্পোরেশনের যে ডিপার্টমেন্ট আছে, তাতে মোটা দুটো ফাইল হল—চিঠি গেল, চিঠি এল, কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হল না। আর চিঠির বাহার কত, ১৯৫৫ সালে একখানি চিঠি, আর ১৯৫৭ সালে আর একখানি চিঠি! এই রকমভাবে চিঠির আদানপ্রদান করে তাঁরা বলছেন, কুলটি নদীর ব্যবস্থা আমরা করব। এতদিন কেটে গেল কিছুই করলেন না, আর কবে করবেন, তাও জানি না। আমি জিজ্ঞাসা করি কলকাতার আশেপাশে যে, মিউনিসিপ্যালিটিগুলি আছে, সেই সব জায়গার জল নিষ্কাশন হয়ে যায় কোথায়? সব যায় সল্ট লেক এরিয়ায়। বিধানবাবু যে স্কীম করেছিলেন, তার একটা বই লেখা হয়েছিল, সে বই তাঁহার ৭২ বৎসর বয়সের সময় যে উৎসব অনুষ্ঠিত হয়, তাতে সে বই বিতরণ করা হয়। তাতে বলেছেন, তাঁরা সল্ট লেক এরিয়াকে ডিওয়াটার করবেন এবং তা করে সেই যে রিক্লেমড সল্ট লেক এরিয়া হবে, সেখানে মানুষের বসতি হবে। কি করে হবে? গঙ্গা থেকে বিরাট পাম্প বসাবেন এবং তা দিয়ে গঙ্গা থেকে মাটি ওঠাবেন এবং সেই মাটি জমবে সল্ট লেকে, সেই মাটি জমে জমে শক্ত হলে ২০।২২ বৎসরে সেখানে বসতি হবে।

[5-55—6-5 p.m.]

আমি জানি না প্রাদেশিক সরকারের যে দায়িত্ব তারা নিয়েছেন কলকাতা এবং বাংলাদেশের স্বাস্থ্য রক্ষা করার এবং সেজন্য তারা একটা মোটা অঙ্ক ফান্ড নিচ্ছেন, সে দায়িত্ব তারা পালন করবেন বলছেন। যদি সুষ্ঠু সেচব্যবস্থা না করেন, এবং কলকাতা ও আশেপাশের মিউনিসিপ্যালিটির জল ক্যানালাইজিং না করতে পারেন, তাহলে কি করে সম্ভব কলকাতার স্বাস্থ্য রক্ষা করা। আমি এখানে উল্লেখ করতে চাই, ইরিগেশান ডিপার্টমেন্টএর মন্ত্রীমহাশয়কে বলতে চাই, গঙ্গার অবস্থা সম্বন্ধে তিনি কি লক্ষ্য রেখেছেন? যে গ্রান্ট তিনি আজ উপস্থিত করেছেন, স্পীকার মহাশয়, তার মারফত আমরা জানতে পাচ্ছি না, গঙ্গার অবস্থা কি সাংঘাতিক হয়েছে। শুনেছি একটু আগে গঙ্গাবক্ষে সেখানে চাষবাসের ব্যবস্থা হচ্ছে, এটা সত্যিকথা। আপনারা অনেকেই জানেন, যতক্ষণ না জোয়ার আসছে ততক্ষণ পর্যন্ত পলতায় পাম্প করে জল নেওয়া সম্ভব নয়। পলতা ষ্টেশনএ যে জল ইনটেক করা হয়, সেটা হচ্ছে লোনা জল এবং একটু লক্ষ্য করলে দেখা যাবে, সেই জল সরবরাহ হয়। জোয়ারের পর আর জল পাম্প করা সম্ভব হয় না কোন মতেই কারণ যেখানে পাম্প হয়, সেটা গঙ্গা মাটিতে ভর্তি হয়ে গেছে এবং ড্রেজিংএরও কোন ব্যবস্থা হয় নি। পোর্ট কমিশনার আছে এ পর্যন্ত। এ না হলে কলকাতা শহরের স্বাস্থ্য এতদূর খারাপ হবে কেন? এ সম্বন্ধে তারা গোপনে আলোচনা করেন, জনসমক্ষে কিছু বলেন না এবং তাদের নির্দেশে একটা ডেপুটেশান গিয়েছিল, দিল্লীতে গঙ্গার অস্বাস্থ্যকর অবস্থা বর্ণনা করতে। কিন্তু সে বিষয়ে দিল্লীকে ইম্প্রেস করতে পারেন নি। সে কথা জনসাধারণকে বলেন নি। গঙ্গা যদি নষ্ট হয়ে যায়, তাহলে পশ্চিমবাংলার ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া নষ্ট হয়ে যাবে, কলকাতা শহর নষ্ট হয়ে যাবে।

[At the stage the red light was lit.]

কাজে কাজেই প্রপার ড্রেনেজএর ব্যবস্থা তারা অবিলম্বে করুন।

Sj. Gangadhar Naskar:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ইরিগেশান মিনিষ্টার, মাননীয় অজয়বাবু অনেক ফিরিস্তি আমাদের কাছে দিয়েছেন। আপনার মাধ্যমে আমি ওনাকে একটা কথা জানাতে চাই। তিনি সেই ফিরিস্তি দেবার সময় একথা বলেছেন যে, সুন্দরবনে ৮০০ শত বেলদার পাঠিয়েছেন। আমি তদন্ত করে জানতে পেরেছি, কাল পর্যন্ত ২০০ শত বেলদার সুন্দরবনে নিয়োগ করা হয়েছে এবং উনি বলেছেন যে, সুন্দরবনে বাঁধবন্দী আরম্ভ করা হবে। এবং সে সম্বন্ধে একটা প্রশ্ন এখানে রাখি কবে থেকে সেই বাঁধবন্দী আরম্ভ হবে? এবং সেই বাঁধবন্দীতে কত টাকা খরচ হয়েছে এই যাবত। সেটা জবাবে উনি জানিয়ে দেবেন।

মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখছি যে, গত পাঁচ বছরের মধ্যে মাননীয় সেচবিভাগের মন্ত্রীমহাশয় ২৪-পরগনার মধ্যে যেসব সেচ পরিকল্পনা করেছেন, তার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হচ্ছে, আরাপাঁচ-সোনারপুর পরিকল্পনা। আরাপাঁচ পরিকল্পনার যে পাম্পিং ষ্টেশন আছে, এই বৎসর সেপ্টেম্বর মাসে যখন অতি বৃষ্টি হয়, সেই সময় এই পাম্পিং ষ্টেশনএ কোন কাজ হয় নি। ১৫।১৬ দিন যাবত এই পাম্পিং ষ্টেশন বন্ধ ছিল। তার কারণ কি? তার সম্মুখের যে বাঁধ মেরামত করবার কথা ছিল, সেই বাঁধ মেরামত করা হয় নি, এবং তার সামনের খাল কাটা হয় নি, এজন্য আরাপাঁচ পরিকল্পনার যে পাম্পিং ষ্টেশন সেটা বন্ধ হওয়ার জন্য লক্ষ লক্ষ বিঘা জমির চাষ নষ্ট হয়ে গিয়েছে এবং শতকরা ৭৫ ভাগ জমির ফসল নষ্ট হয়েছে। শুধু তাই নয়, হাজার হাজার গৃহ ধ্বংস হয়ে গিয়েছে এবং শাক-সবজির বাগানও ধ্বংস হয়ে গিয়েছে। পাম্পিং ষ্টেশন মন্ত্রীমহাশয় যা করেছেন, কিন্তু জিজ্ঞাসা করি, সেখানকার বাঁধ যদি সংস্কার করা না হয়, তবে এই পাম্পিং ষ্টেশন অবিলম্বে বন্ধ হয়ে যাবে, কারণ এবার যখন বন্যা হয়, তখন বিদ্যাধরীর জল খুব বৃদ্ধি পায়। তারপর পাম্পিং ষ্টেশনটা চালু করা যায় না। এর ফল হল এই, যে, অঞ্চল ভেসে গেল। এবং সাথে সাথে একথা আমি বলবো যে, দাদরা যে স্কীম আছে, সেই দাদরা স্কীম কার্যকরী হবে না। কারণ গঙ্গা নদীর আজকে যদি সংস্কার না করা হয়, তাহলে এই স্কীম কার্যকরী হতে পারে না। সাথে সাথে বাগজলা খাল যা কাটা হয়েছে, পিয়ালী নদীর যদি সংস্কার না করা হয়, তাহলে এই যে খাল কাটা হয়েছে, সেই অবিলম্বে বন্ধ হয়ে যাবে, শুধু তাই নয়, ২৪-পরগনার জলনিকাশও বন্ধ হয়ে যাবে। তারপর একথাও আমি বলতে চাই, সুন্দরবন অঞ্চলে আজ পাঁচ বৎসরের মধ্যে বাঁধ মেরামত করা হয় নি। এই কারণে সুন্দরবন অঞ্চলের লক্ষ লক্ষ বিঘা জমির ফসল নষ্ট হয়েছে। আর এখানে কাওলাপুকুর খাল, আজ পাঁচ বছর যাবত মাননীয় মন্ত্রীমাহশয়ের কাছে আবেদন নিবেদন করা হয়েছে, কিন্তু এই কাওলাপুকুর খাল যার উপর তিনটি থানায় প্রায় এক লক্ষ বিঘা জমি নির্ভর করছে, সংস্কার করা হয় নি। যার ফলে এক লক্ষ বিঘা জমিতে যে ফসল উৎপাদন হতে পারত, তা হয় নি এবং এজন্য অধিক ফসল ফলাও আন্দোলন ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এই খালের সংস্কার যদি হত, তাহলে সোনারপুর ও বিষ্ণুপুর থানার এক লক্ষ জমিতে ফসল ফলত, তাতে আজকে দুর্ভিক্ষ ঠেকান যেত, কিন্তু আমাদের মন্ত্রীমহাশয় সে দিকে লক্ষ্য রাখেন নি। এই প্রসঙ্গে আমি বলব, মাননীয় মন্ত্রীমহাশয় পরিকল্পনা সম্বন্ধে যে ফিরিস্তি দিয়েছেন, তাতে বলেছেন যে তিনি ডি, ভি, সি ও ময়ূরাক্ষী প্রোজেক্ট ইত্যাদি করেছেন, কিন্তু তাতে কি হল? যখন বন্যা হল, তখন তিনি ভগবানের দোহাই দেন। খালবিল সংস্কার করে ছোট ছোট ইরিগেশান প্রজেক্ট যা হতে পারত কোন জায়গায়ই, সেই সবের সংস্কার করা হয় নি।

[6-5—6-15 p.m.]

Sj. Haran Chandra Mondal:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মাননীয় সেচ মন্ত্রীমহাশয় বাঁধ নির্মাণ সম্পর্কে এবং সেচ সমস্যা নিয়ে যে কথা বলেছেন, তাতে তিনি বারবার জানিয়েছেন যে, পশ্চিমবাংলা সরকারের ১৯৫৬-৫৭ সালে রিভাইজড এষ্টিমেট বরাদ্দ হয়েছিল ৭৬,৭১,০০০ টাকা। বর্তমান বাজেটে আমরা দেখতে পাচ্ছি বরাদ্দ হয়েছে ৭০ লক্ষ টাকা।

গত কয়েকদিন আগে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটএর কাছে গিয়েছিলাম, এই সুন্দরবনের বাঁধের ব্যাপার নিয়ে। সুন্দরবনের বাঁধের অবস্থা খুবই খারাপ, আপনারা সেটার কি করছেন? তিনি একথা বলেছিলেন যদি এই সুন্দরবনের বাঁধ এখনই মেরামত করতে হয়, তাহলে এক কোটি টাকার প্রয়োজন। সেখানে আজকে বাজেটে দেখতে পাচ্ছি মাত্র ৭০ লক্ষ টাকা সরকার মঞ্জুর করেছেন। সুতরাং এতে কিভাবে বাঁধ সমস্যার সমাধান হবে? মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি একথা কি জানতে পারি, একটু আগে তিনি বলে গেলেন যে, সুন্দরবন বাঁধের রক্ষণাবেক্ষণের জন্য আটশো বেলদার অ্যাপয়েন্ট করেছেন। কিন্তু ২০ তারিখ বেলা ১২টা পর্যন্ত আমার কাছে লিষ্ট আছে মাত্র দুশো বেলদার অ্যাপয়েন্টেড হয়েছে সুন্দরবনের কাজের জন্য। গত বছর বাঁধের কাজ এই সময় আরম্ভ করা হয়েছে এবং এবার কোন তারিখ থেকে বাঁধের কাজ আরম্ভ হয়েছে ও কত টাকার কাজ হয়েছে, এটুকু আমরা মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই। যে সমস্ত স্লুইস গেট এবং

স্লুইস বক্স সেখানে আছে, সেগুলি কি চালু আছে, না, অকেজো হয়ে পড়ে আছে? একথা আপনার মাধ্যমে আমরা জানতে চাই। যদি এই সময় বাঁধের কাজ আরম্ভ হয়, তাহলে কাজ অপেক্ষা টাকার অঙ্ক কত বেড়ে যায়? সেটাও জানবার বিষয়। যে সমস্ত লোকাল কমিটি দ্বারা বাঁধ করা হবে, সেই সমস্ত লোকাল কমিটি কি শুধু কংগ্রেসী দলের লোকের দ্বারা তৈরী হবে, না, সমস্ত দলমত নির্বিশেষে সৎ লোকের দ্বারা এই কাজ করা হবে? এটাও আমরা তাঁর কাছে জানতে চাই। সুন্দরবন সম্মেলন যেটা ১৯এ মে তারিখে হয়েছিল, সেই সম্মেলনে আমরা কতগুলি লিখিত সাজেসশান নেই। এই যে লোকাল কমিটি দ্বারা বাঁধ করা হবে। আমরা এটা সরকারের কাছে পাঠিয়েছিলাম। অতএব সে বিষয়ে কি সিদ্ধান্ত আপনারা করেছেন, সেটাও আপনার মাধ্যমে জানবার বিষয়। এই যে সুন্দরবনের জটিল সমস্যা, এই সমস্যার সমাধান করতে হলে, কতকগুলি কাজ আশু করা প্রয়োজন। বাইরের যে সমস্ত কন্ট্রাক্টরস দ্বারা বাঁধের কাজ করান হয়, সেই সমস্ত লোকের দ্বারা বাঁধের কাজ ঠিক ঠিকভাবে হয় না। কাজেই সেখানকার স্থানীয় লোক দ্বারা বাঁধের কাজ না করালে কাজ ভাল হবে না। জমিদারী প্রথা উচ্ছেদ করবার পর থেকে তিন বছর ধরে সরকারের উপর বাঁধের দায়িত্ব থাকবার ফলে, সুন্দরবনের সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে। সুন্দরবনের সাধারণ মানুষ বিভ্রান্তির পথে চলে গেছে। আজকে তারা একথা বলতে আরম্ভ করেছে যে, জমিদারের আমলে আমরা ভাল ছিলাম। সুন্দরবনের মানুষের বাঁধের ব্যাপারে দারুন দুরবস্থা চলেছে, জল নিকাশের ব্যবস্থায়ও দারুন দুরবস্থা চলেছে। নদীর বাঁধ ভেংগে নোনাজল ভেড়ীর মধ্যে প্রবেশ করে, তার জন্য এবং বৃষ্টি বেশী হয় তার জন্য, প্রয়োজনমত জল রেখে, বাকীটুকু বের করবার জন্য স্লুইস গেটের প্রয়োজন। এই সমস্ত জিনিস জমিদারী প্রথা চলে যাবার পর সরকার ঠিক ঠিকভাবে করছেন না। সেজন্য সুন্দরবনের সাধারণ মানুষ বিভ্রান্তির মধ্যে পড়ে আছে। আমি এ বিষয় মাননীয় স্পীকারের মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই যে, এই কাজগুলি অবিলম্বে করা দরকার।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে আমাদের বিরোধী দলের কথাগুলো শুনলাম। বাংলা-দেশে সেচ সম্পর্কে যে অসংখ্য সমস্যা আছে, তার অনেকগুলি সমস্যার কথা আমি শুনেছি, কতকগুলি নতুন এবং কতকগুলি আগেও শুনেছি। এর মধ্যে কিছু কিছু কাজে হাত দিয়েছি। সমস্যা আছে এটা স্বীকার করি, সমস্যার সমাধানে দীর্ঘদিন লাগবে ৫।৭ বছরে হবে না, অন্ততঃ ১৫ বছর লাগবে, সেটাও অস্বীকার করা চলে না। সেচ সম্পর্কে বিরোধী দলের অধিকাংশ সদস্য যা মত দিলেন, অনেকে বললেন বড় বড় পরিকল্পনা না করে ছোট ছোট পরিকল্পনা করা উচিত, ছোটতে হাত দাও। ছোটও আমরা কিছু কিছু করেছি, আর বড়ও আমরা কতকগুলি করেছি। কত টাকার কাজ করেছি, তাতে কি উপকার হয়েছে, সে কথা আমি প্রারম্ভিক বক্তৃতায় বলেছি। তবে বড় পরিকল্পনার যে দরকার নাই, সে কথা বলা চলে না। বড়র কাজ ছোট দিয়ে হয় না, আর ছোটর বড় দিয়ে হয় না। আমরা বড় পরিকল্পনাও ধরেছি, তেমনি ছোট পরিকল্পনাও নিয়েছি। দামোদরের বন্যা নিরোধ পরিকল্পনার যে কাজ, সেটা কতকগুলি মজা পুকুর সংস্কার করলে হবে না, তাতে দামোদরের বন্যা বন্ধ হবে না। সেই রকম এটার সংগে ওটা মিলিয়ে দিলে চলবে না। আমরা দুটোই করে চলেছি সামর্থ্যমত, যেমন অর্থ পাওয়া যাচ্ছে, সেইমত। আর কেউ কেউ দেখাবার চেষ্টা করেছেন যে বড় কাজের চেয়ে ছোট কাজ সস্তায় হয়। যেমন আমাদের মাননীয় সদস্য বঙ্কিম মুখার্জী, তিনি বললেন সাধারণ আলোচনার সময় যে ময়ূরাক্ষী প্রজেক্ট না করে তোমরা ছোট ছোট কাজ কর, ইঁদারা টিউবওয়েল ইরিগেশান কর, বড় ব্যাসের টিউবওয়েল বসিয়ে কর। একথা তিনি আজ কয়েক বছর ধরে বলে আসছেন, এবারও বললেন। এ যেন সেই ভদ্রলোকের এক কথা। আমি একটা টিউবওয়েল ইরিগেশানএর হিসেব দিচ্ছি, দেখুন তাতে ময়ূরাক্ষীর বদলে টিউবওয়েল ইরিগেশান করা যায় কি না! ময়ূরাক্ষী পরিকল্পনায় ৬ লক্ষ একর জমিতে জলসেচ দেবার জন্য ১৫ কোটি টাকা খরচ হচ্ছে বিদ্যুৎ খরচ বাদ দিয়ে বলছি। জলকর আমরা ১০ টাকা করে ধরবো বলেছি। রবির কথা ছেড়ে দিলাম, রবির বিশেষ চেষ্টা হচ্ছে না। রবি ধরলে ১৫ টাকা ধরবো। এখন হিসেব দেখা যাক। হরিণঘাটায় টিউবওয়েল যেটি আছে, সেচের জন্য, তার জন্য ৫০ হাজার টাকা খরচ হয়েছে। কত এলাকায় জল দিচ্ছে? ১৬০ একর জমিতে। তাহলে ৬ লক্ষ একরে জল

দিতে কতগুলি টিউবওয়েল লাগবে? ৩,৭৫০টি। ১৬০ একর জমিতে জলসেচ করতে ৫০ হাজার টাকা যদি খরচ হয়, তাহলে ৬ লক্ষ একর জমিতে জলসেচ করতে কত টাকা খরচ হবে? ১৮ কোটি ৭৫ লক্ষ টাকা। কাজেই ময়ূরাক্ষীর চেয়ে ওটা সস্তায় হল না। শুধু বললেই হয় না।

দ্বিতীয় কথা জলকর। যেখানে টিউবওয়েল ইরিগেশান প্রচুর হচ্ছে উত্তর ভারতে, মধ্য-ভারতে, বিহারে, সেখানে গেলে দেখবেন টিউবওয়েল ইরিগেশানএর জলকর বছরে কমে ৪০ টাকা থেকে ৭০।৭৫ টাকা পর্যন্ত। আর আমাদের দেশে খুব বেশী বললেন। তাহলে টিউবওয়েল ইরিগেশান আরম্ভ করি, ৭০ টাকা ট্যাকস ধরবো, আর আপনারা আন্দোলন আরম্ভ করবেন। এতে রাজী হবেন কি? তারপর ম্যাসনরি টিউবওয়েল ইঁদারা করে আমাদের দেশে জলসেচ করতে গেলে কি রকম খরচ হয়, তার হিসেবও আমি নিয়েছি। একটি ১০।১২ ফুট ব্যাসের পাকা ইঁদারা করতে গেলে সাড়ে তিন হাজার টাকা লাগবে এবং জল তোলবার জন্য একটা পারসিয়াল হুইল বসাতে পাঁচশো টাকা লাগবে। তাহলে মোট চার হাজার টাকা খরচ হয়। একটা ইঁদারা সারা বছরে মাঠে জল দিলে কতখানি মাঠে জল দেওয়া যাবে? সে হচ্ছে ৫ একর। তাহলে এই হিসেবে কতগুলি ইঁদারা হলে এই ৬ লক্ষ একর জমিতে জল দিতে পারবো? ১ লক্ষ ২০ হাজার ইঁদারা তার জন্য প্রয়োজন। এতে খরচ পড়বে কত? ৪৮ কোটি টাকা। তারপর জল তোলার খরচ কি? সেখানে বলদ লাগবে, মানুষ লাগবে। এই যদি করা হয়, তাহলে বছরে ১০ টাকা জলকর নিলে কি চলবে? এক বছরে যে শ্রম লাগবে, গরুর যে খরচ লাগবে, সেটা ৪০।৫০ টাকার কমে হবে না। কাজেই একটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে বললে নিশ্চয়ই সেচ হয়, জিনিসটা ভাল হয়।

[6-15—6-25 p.m.]

বড় কাজকে নিন্দা করছেন। আমি বঙ্কিমবাবু যাদের একটুখানি তারা খাতির করেন, সেই সোভিয়েট দেশের কাগজ থেকে আমাদের ভারতের সোভিয়েট রাষ্ট্রদূত মিষ্টার মেনসিকভ, তিনি যা বলেছেন সেটা একটু শুনিয়ে দিতে চাই। "ভারতে তিন বৎসর অবস্থান কালে আমার কতকগুলি স্থান দর্শন করবার এবং নবজাত প্রজাতন্ত্র কিভাবে গড়ে তোলা এবং পাকাপোক্ত করা হচ্ছে, তাহা স্বচক্ষে দেখবার সুযোগ হয়েছে। ভাকড়া নাঙ্গাল ও দামোদর ভ্যালি কর্পোরেশনের মত বিশাল গঠন কর্ম পরিকল্পনা আমি দেখেছি। এই শক্তিশালী নির্মাণ কার্যগুলি বহু নগর ও সমশিল্পায়তনে তড়িৎ সরবরাহ করবে এবং লক্ষ লক্ষ একর জমিতে জলসেচ সম্ভব করে তুলবে"। তারপরেতে হরেকৃষ্ণ কোঙার মহাশয় তিনি বললেন কি ময়ূরাক্ষী দামোদরের পরেও এত বন্যা হল কেন? এখন মুস্কিল হচ্ছে, যাকে বলে সাতকাণ্ড রামায়ণ পড়ে, সীতা রামের কে? তার জবাব দেওয়া মুস্কিল। কেন হল তার কারণ আমি তিন পাতা ভরে যেটা এনকোয়ারী কমিটি বলেছেন, সেটা আমি দেখালাম, তবুও যদি তাঁরা না দেখতে চান, তাহলে কি আমি চখে ঘুসে দেব? তাঁরা বলেছেন কি এনকোয়ারী কমিটি করেছিলে তোমরা আমরা তা জানি না। এই যদি আইন সভার সদস্যরা বলেন, যাদের প্রত্যেকের কাছে গেজেট যায়, তাহলে বলব সেটা বোধহয় সস্তায় কাগজ বিক্রী করে দেন, করে দিয়ে কিছু পয়সা করেন, নতুবা ৩১এ জানুয়ারী ১৯৫৭ তারিখের গেজেট খুলে দেখতেন যে, কমিটি নিযুক্ত করা হচ্ছে, তার নাম ধাম সব সেখানে পেতেন, আর কি যোগ্যতা ও পরিচয় সবই পেতেন, তাছাড়া এই কমিটি আবার নিজেরা সংবাদপত্রে বলেছিলেন যে, আমরা নিযুক্ত হয়েছি, কেউ আমাদের কাছে কোন সাক্ষ্যপ্রমাণাদি আনতে পারেন এবং বহু লোক তাদের কাছে সাক্ষ্যপ্রমাণাদি দিয়েছে। কেবল আমাদের কুম্ভকর্ণ সদস্য মহাশয়রা একবারও কাগজটা খুলে দেখেন নি। আমাদের শ্রীপঞ্চানন ভট্টাচার্য মহাশয় সিম্পোজিয়ামএর কথা বল্লেন, সেখানে ডাঃ রায় গিয়েছেন বল্লেন, (ডিস্টারব্যানসেস ফ্রম দি অপজিশান) থামুন, মশাই, সবই বলব, ধৈর্য্য ধরুন, সবই বলব। তিনি বোধ হয় নিজে সেখানে যান নি এবং যার কাছ থেকে খবর নিয়েছিলেন তিনি তাঁকে পুরো খবর দেন নি, আমি বেচারীও সেখানে গিয়েছিলাম। এখানে তিনি উদ্ধৃত করলেন ডাঃ এন কে বসুর লেখা এবং শ্রী জি বি মণ্ডলের লেখা। তিনি কি প্রমাণ করতে চাইলেন জানি না। তিনি বোধ হয় জানেন না এই শ্রী জি বি মণ্ডল হলেন এই কমিটির চেয়ারম্যান

Sj. Shyamaprasanna Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A —Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about not taking by the Government of West Bengal the cheap electric power (6 or 8 pies) from Damodar Valley Corporation to develop innumerable industries both big and small of varieties of types to solve to great extent the burning problem of unemployment, when only gap of 'know how' can now be easily solved by bringing foreign experts from whatever country we think fit and at whatever cost it may be.

Sj. Harekrishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A —Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the working of Damodar Valley Corporation Canal Construction and difficulties of communications rendered by it.

Dr. Kanailal Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A —Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in drawing the attention of the Corporation to check mal-practices and corruption in the Damodar Valley Corporation.

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, ডি, ভি, সি, সম্পর্কে আলোচনায় প্রধানত তার মৌলিক ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে আমার বক্তৃতা সীমাবদ্ধ রাখব। কিন্তু এবার যে সমস্ত তথ্য ইতিমধ্যে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, তা সর্বজনবিদিত হওয়ার পরেও আজ পর্যন্ত অত্যন্ত উর্ধ্বতন শক্তির দ্বারা সুরক্ষিত হয়ে ডি, ভি, সিকে যারা দুর্নীতিগ্রস্ত করে রেখেছেন, তাদের যেভাবে প্রশ্রয় দেওয়া হয়েছে, তাতে এই দুর্নীতি সম্পর্কে আলোচনা করা একান্ত প্রয়োজন। আজ পি এস রাওয়ের নেতৃত্বে ডি, ভি, সি, রাহুগ্রাসে পড়েছে এবং সে রাহুমুক্ত করতে না পারলে

সেখানে কিছুই সম্ভবপর হবে না। এই রাহু শুধু একাই নয়, এই রাহুর সাথে একাধিক কেতু সেখানে আছে। এবং এর পেছনে অত্যন্ত পাওয়ারফুল শক্তি আছে। সেজন্য বলছি যে, এই সম্পর্কে বিশেষভাবে আলোচনা হওয়া প্রয়োজন। প্রথম জানা দরকার প্রাক্তন চেয়ারম্যান এস এন মজুমদারকে সরে যেতে হয় এই কারণে যে কোণার ড্যামের কাজ অত্যন্ত মন্থরগতিতে অগ্রসর হচ্ছিল। এছাড়া সেখানে কস্ট এস্টিমেট নাকি বারবার বাড়ছিল, অ্যাডমিনিসট্রেশন টপ হেভি হচ্ছিল, আর ইনি সেই এনকোয়ারী করলেন, কিন্তু তার রাজত্বে কি হল? না, তিনি সেই টপ হেভি অ্যাডমিনিসট্রেশনকে আরও টপ হেভি করলেন।

আমি কয়েকটা তথ্য এখানে দিতে চাই। সেখানে চেয়ারম্যান এসে তাঁর সেক্রেটারিয়েটে তিন জনের জায়গায় আট জন লোক নিয়োগ করলেন। যেখানে একজন মাত্র চীফ ইনফরমেশন অফিসারের দ্বারা কাজ হত, সেখানে তিনি চার জনকে নিয়ে একটা ডিপার্টমেন্ট সৃষ্টি করলেন। তিনি ডেপুটি চীফ ইঞ্জিনীয়ারের একটা পোষ্ট সৃষ্টি করলেন। একটা এ্যাডিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারের পোষ্ট সৃষ্টি করলেন। এটা কি টপ হেভি অ্যাডমিনিসট্রেশন বন্ধ করবার পথ, না এগুনোর পথ?

দ্বিতীয়ত, কোণার ড্যামের কাজে শ্লথগতির জন্য সেখানে এস এন মজুমদার মহাশয়কে চলে যেতে হয়েছে, সেখানে বারবার ডেটলাইন পরিবর্তন করতে হয়েছে, ঐ মাইথন ড্যাম কমপ্লিশনএর সময়। সেদিক থেকে এই ব্যাপারে তাঁর কি কৈফিয়ত আছে? এছাড়া আরও কতকগুলি ব্যাপার আছে, সেটা আমি পরে বলবো। প্রধানতঃ ব্যাপার হচ্ছে ইনি একজন অত্যন্ত পাকা দাবা খেলোয়াড়। অর্থাৎ নিজের চক্রান্তকে সিদ্ধ করার জন্য যেমন বিভিন্নভাবে দাবার ঘুঁটিকে সাজিয়ে রাখেন, ঠিক তেমনিভাবে তিনি সমস্ত জিনিসটাকে সাজিয়েছেন। সেখানে এখন যিনি চীফ ইঞ্জিনীয়ার রয়েছেন, তাঁর সঙ্গে ওয়ার্লড ব্যাংকএর মারফত একটা যোগাযোগ আছে। কিন্তু তা সত্বেও সেখানে সুবিধা হচ্ছে না বলে, তাঁর নীচে একটা ডেপুটি চীফ ইঞ্জিনীয়ারের পদ সৃষ্টি করলেন। সেজন্য ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার পার্থসারথীকে আমরা সেখানে দেখলাম। এঁর একমাত্র কৃতিত্ব হচ্ছে যে, বোকারো থারমল প্ল্যান্টা কনস্ট্রাকশন-এর সময়ে দায়িত্বশীল ছিলেন। কিন্তু তিনি মধ্যপথে সেখান থেকে সরে গেলেন বলে, তাঁর পাওয়ার হেড-ওয়াটার কন্ট্রোল, রেন-ওয়াটার কন্ট্রোল ইত্যাদি সমস্ত জিনিসগুলিকে একজন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে কমপ্লিট করতে হল, এবং সেখানে তিনি একমাত্র মেরিটএর জোরেই উঠলেন। অথচ যিনি এই সমস্ত কাজ কমপ্লিট না করেই সরে গিয়েছিলেন, তিনি তাঁর এই কৃতিত্বের জন্য সেখানে ডেপুটি চীফ ইঞ্জিনীয়ারএর পদে উন্নীত হলেন। তারপর ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্টএ একটা এ্যাডিশনাল চীফ ইঞ্জিনীয়ারএর পোষ্ট তৈরী করলেন। সেখানে আনলেন চীনাপ্পা বলে একজন ভদ্রলোককে। তিনি আগে প্রাইভেট অ্যাসিস্ট্যান্ট, পি, এ, টু চেয়ারম্যান ছিলেন। এখানে তাঁর অল্প সময়ের মধ্যে, মাত্র ৮ বছরের ভিতরেই ১,২০০ টাকা মাইনে বৃদ্ধি হল। এখন এতখানি যিনি কৃতিত্ব দেখালেন, তার কৃতিত্বটা কি? এঁর সম্বন্ধে একটা মাত্র ঘটনা শুধু সংবাদপত্রে নেপথ্য দর্শনে বেরিয়েছে, এবং যেটা নিয়ে এনকোয়ারী পর্যন্ত হয়েছিল। মাননীয় অন্য একজন সদস্য শ্রী এ বি গাঙ্গুলী এ সম্বন্ধে এনকোয়ারী কমিটিতে রিপোর্ট করেছিলেন। সেখানে একটা কন্ট্রাক্টএর ব্যাপার দেখা গিয়েছে। সেই কন্ট্রাক্টটা হচ্ছে কিনা ৩২টা সারকিট ব্রেকারএর জন্য একজনকে কন্ট্রাক্ট দেওয়া হয়। সেই সারকিট ব্রেকারএর কন্ট্রাক্ট সম্বন্ধে ৪টি কোম্পানীর টেন্ডার তিনি কল করেন। সেটাতে সবচেয়ে কম মূল্য নাকি ছিল ইন্টার্নস মেসিনারী ট্রেডিং কোম্পানীর, দ্বিতীয় ছিল ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট কোম্পানীর, তৃতীয় ছিল এসিয়ান ইলেকট্রিক্যাল কোম্পানী এবং চতুর্থ ছিল আর একটা ইলেকট্রিক্যাল কোম্পানী। প্রথম কোম্পানীর মাল ঠিক নয় বলে, তাকে ফেলে দেওয়া হল। দ্বিতীয় যে কোম্পানী, যার পাওয়া উচিত, এবং এই কোম্পানীর মাল আগে ব্যবহার করা হয়েছে, ও এর সম্বন্ধে কোন সন্দেহজনক রিপোর্ট নেই, তা সত্ত্বেও একে না দিয়ে, ঐ এসিয়া ইলেকট্রিক্যাল কোম্পানী, যারা সবচেয়ে বেশী মূল্যের টেন্ডার ছিল, তাকে দেওয়া হল।

তিনি কৌশলী লোক বলে শুধু একটা পথ করে রেখে দিলেন। তিনি ঐ কোম্পানীকে একটা অন্য ফার্মএর ডিজাইনএর জন্য বললেন। কিন্তু এত তাড়াতাড়ি যে তার পক্ষে ঐ ডিজাইন দেওয়া সম্ভব হল না, এবং এই সম্পর্কে একটা রিপোর্টও দেওয়া হল। তারপর Central Commission for Power, Water and Irrigation— এদের একটা চক্র আছে। সেই কমিশনএ এত চক্র আছে যে, সেখান থেকে যিনি তদন্ত করতে এলেন, তাঁর সঙ্গে এ'র আগে থেকেই সমস্ত ব্যবস্থা করা ছিল এবং পরে এ'দেরই সাহায্যে তাঁর একজন আত্মীয় সেখানে চাকরী করছেন। সেজন্য এটা এনকোয়ারী নয়, এনকোয়ারীর নামে এটাকে হাসআপ করা হল। এই রকম ধরনের জিনিস সেখানে চলেছে। এছাড়া আমি আরও অনেক উদাহরণ দিতে পারি। যেমন সেখানে পাব্লিসিটি ডিপার্টমেন্টে 'বালান' বলে একজন আছে, যার একমাত্র কোয়ালিফিকেশন হচ্ছে যে তিনি ম্যাট্রিক পাশ। ম্যাট্রিক পাশ হয়ে তিনি আজ সেখানে প্রায় ৭০০ টাকার মাইনের চাকরী করছেন। সেখানে ফাইনান্স ডিপার্টমেন্টএও একজনকে দেওয়া হয়েছে, যার নাম কর সাহেব। এই রকমভাবে সর্বত্র কাজ চলেছে। সেখানে ষ্টোর্স অ্যান্ড পারচেজ ডিপার্টমেন্টএ টাটারাওকে বসান হয়েছে। এই রকম-ভাবে প্রত্যেকটি কী পোজিশন অত্যন্ত পাকা দাবা খেলোয়াড়ের মত ঘুঁটি সাজিয়ে রেখে তিনি সেই চক্রের অধিপতি হয়ে রয়েছেন। এর সঙ্গে এটা জানা দরকার নরহরি রাও বলে একজন ভদ্রলোক ওয়ার্লড ব্যাঙ্কএ তাঁর হয়ে মুরব্বী রয়েছেন। এটা আমাদের ভারতবর্ষের সবচেয়ে প্রচারিত একটা পরিকল্পনা। এই পরিকল্পনার ক্ষেত্রে আমি হিসাব নিয়ে দেখেছি, ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানের শেষেতে সেখানে মাত্র ৯ কোটি ৯৯ লক্ষের মতন ডলার লোন আমরা দুই কিস্তিতে ওয়ার্লড ব্যাঙ্কএর কাছ থেকে পেয়েছি। এইভাবে ১০ পারসেন্ট টাকা দিয়ে ওয়ার্লড ব্যাঙ্ক ডি, ভি, সির শুধু টেকনিক্যাল বা কমার্সিয়াল ব্যাপারে নয়, তাঁরা ডি, ভি, সির অ্যাডমিনিসট্রেটিভ ব্যাপারেও হস্তক্ষেপ করেন। কন্ট্রাক্টরএর ব্যাপারে আমি সংবাদ নিয়ে জেনেছি যে, অত্যন্ত কৃতি ব্যক্তি হচ্ছেন কন্ট্রাক্টর চীনাপ্পা। এই চীনাপ্পার অ্যাডিশনাল টেকনিক্যাল ইঞ্জিনীয়ার হিসাবে যে পোষ্টিং হয়, সেই পোষ্টিংটা রাও সাহেবের মতে কংকারেন্স ওয়ার্লড ব্যাঙ্কএর সাথে। এই হচ্ছে ব্যাপার। সেদিক থেকে চীফ ইঞ্জিনীয়ারএর ব্যাপারে রাওসাহেবের ডি, ভি, সি সম্বন্ধে যে এনকোয়ারী কমিটি, সেটা আমি পড়ে দেখেছি। এ'রা চেষ্টা করেছেন একজন চীফ ইঞ্জিনীয়ারএর জন্য, সেই চীফ ইঞ্জিনীয়ারএর খোঁজ সারা ভারতবর্ষ খুঁজে পাওয়া গেল না। বিশেষ করে, আজকে দেখা যাচ্ছে যে, দ্বিতীয় প্ল্যান পর্যন্ত নিয়ে ১৮৩।১৮৪ কোটি টাকা এ'দের পরিকল্পনায় খরচ হবে। অতএব বর্তমান যে পরিকল্পনা, যার উপর ভারতবর্ষের অর্থনৈতিক উন্নতি নির্ভর করছে এবং সুদূর প্রসারী প্রভাব সমস্ত দিকে রয়েছে, সেই রকম একটা গুরুত্বপূর্ণ পরিকল্পনাতে আমাদের দেশের এমন কোন লোক পাওয়া গেল না, যে ঐ পদের উপযুক্ত। মাদ্রাজের একজনকে অতি বৃদ্ধ বলে ঘোষণা করে, তাকে ঐ পদ দেওয়া হল না। অথচ ইনি আমাদের দেশে ড্যাম প্রিপারেশনএর দিক থেকে একজন পাওনিয়ার বলা যায়। একজন মাদ্রাজী ইঞ্জিনীয়ার মাত্র সাড়ে পাঁচ হাজার টাকা মাইনে চেয়েছিলেন বলে, এ'কে নেওয়া হয় নি। অথচ এই ক্ষেত্রে একজন বাইরের লোককে ১০ হাজার টাকা মাইনে ও আরও অনেক কিছু দিতে কোন আপত্তি হয় না। এই হচ্ছে আমাদের জাতিয়বোধ। আমি সেখানে অবাক হয়ে যাই যে, এর প্রতিটি খুঁটিনাটি ব্যাপারে ওয়ার্লড ব্যাঙ্ক কি করে কথা বলে? এই দুর্নীতি চক্রের এতবড় স্পর্ধা যে এই ব্যাপার নিয়ে, লোকসভায় আলোচনার যখন চেষ্টা হয়, তখন এ'দের এই চক্র থেকে চেষ্টা করা হয়েছিল যে, যাতে আমাদের কোন কোন সদস্য এই ব্যাপার নিয়ে কিছু না বলেন। আমি জানি এখনও চেষ্টা করা হয়েছিল, এখানে ক্যালকাটা ক্লাবে, যারা বড় বড় সংবাদপত্রের মালিক, হোমড়া চোমড়া, তাদের নিয়ে হাজার টাকা খরচ করে ককটেল পার্টি পর্যন্ত দেওয়া হয়েছিল, যাতে তাঁরা, তাঁর সম্বন্ধে কোন রকম কিছু যেন না করেন। এইরকমভাবে যাঁরা অত্যন্ত হীন ও জঘন্যভাবে জাতির কোটি কোটি টাকা অপব্যয় করেন এবং যে টাকা দেশের মানুষকে নিংড়ে তুলতে হবে, সেখানে অত্যন্ত ব্যঙ্গভাবে একজন মিনিস্টার যেরকম সুরে তাঁর হয়ে কথা বলেছিলেন, তাতে আমাদের রক্ত গরম হয়ে যায়। অথচ কথায় কথায় ওঁরা যে কি করে ওয়েলফেয়ার ষ্টেটএর কথা বলেন তা আমরা জানি না। যাঁরা অর্থনীতির ছাত্র, তাঁরা কীনসএর নীতি খুব ভাল-ভাবেই জানেন। তাদের নীতি হচ্ছে, পাব্লিক এক্সপেন্ডিচারএ, যেখানে জনসাধারণের ক্রয়শক্তি

বাড়ছে না, সেখানে ধনতান্ত্রিক উদ্যোক বন্ধাদের বজায় রাখতে হয়, তাহলে পর সেখানে প্যাবলিক এক্সপেন্ডিচার করতে হবে, অর্থাৎ রাষ্ট্রের জনসাধারণকে জোর করে,, ট্যাকস করে, টাকা নিয়ে নানারকম অপচয়ের কাজ করতে হবে এবং সেই কাজের মাধ্যমে যে সমস্ত বিদেশী সাম্রাজ্যবাদীরা আছে, তারা যাতে কাজ পায়, সেই দিক দিয়ে এরা সমস্ত ধরণের ব্যবস্থা করেছেন। আমি জানতে চাই, এ সম্বন্ধে কি এনকোয়ারী হল? আমি জানি, আপনি এখানে লক্ষ্য করেছেন, এঁর নিজেরও অনেক ব্যাপার এর সংগে জড়িত আছে। সবদিক থেকে আমি চাই যে, এই জিনিসগুলি শুধু কতকগুলি উত্তাপ সৃষ্টি করা নয়, আমার বলার প্রধান উদ্দেশ্য হচ্ছে এই যে, ডি, ভি, সিকে রাহুমুক্ত করা হোক। পি, এস, রাওএর বিরুদ্ধে ইতিমধ্যে সংবাদপত্রে যে সমস্ত অভিযোগ করা হয়েছে, একজন মানুষের চরিত্র সম্বন্ধে, এটা বুঝলেই যথেষ্ট হবে, যে ব্যাখ্যাই তাঁরা দিন, যেই ৬৩ টাকা ১০ আনা যে ভাউচার করা টাকা, তাঁর কাছে যাওয়া সত্ত্বেও, সেটাকে কোন দৃষ্টিতে দেখা হচ্ছে। ১৯৫৪ সালে যে ঘটনা হয়েছে, সেটা জানবার পর এবং তারপর ৩০এ মার্চ খবরের কাগজে বেরোনর পর, টাকা জমা দিয়ে তিনি নিজে সতী সাজবার চেষ্টা করেছেন। সেখানে তাঁর চেকএর একটা ফটো-ষ্ট্যাট তোলা হয়েছে; এবং যে এক হাজার টাকা দেওয়া হয়েছে, সেগুলি পর্যন্ত ফ্যাকসিমিলি করা হয়েছে। এই ধরণের সমস্ত কিছু করা হয়েছে, তারপরে আরও কিসের প্রমাণ দরকার আছে? আমি জানি তাঁকে কেউ চায় না। দশ জন বাংগালী ইঞ্জিনীয়ার, তাঁরা ইন্ডিয়া গভর্নমেন্টএর কাছে মেমোর‍্যান্ডাম দিয়েছেন। আমি জানি ডি, ভি, সি কর্পোরেশনএর অন্যান্য সদসাদের সংগে তাঁর মনের মিল নেই। আমি এও জানি, তাঁকে স্টাফএর কেউ চায় না। স্টাফ অ্যাসোসিয়েশন থেকে রেজলিউশন করে, তাঁর বিরুদ্ধে গিয়েছে, এবং জনসাধারণ তাঁর সম্বন্ধে যেটুকু জেনেছেন তাতে দেখা যাচ্ছে যে, কেউ তাকে চায় না। তবে কার স্বার্থে, ওয়ার্লড ব্যাংকএর স্বার্থে? এ্যামেরিক্যানএর প্রয়োজনে এবং অপ্রয়োজনে, যে ধরণের একটা কাজ করতে চান, তার সুযোগের জন্য কি তাঁকে রাখতে হবে, তাঁকে কেউ না চাইলেও এই হচ্ছে এখানে প্রশ্ন।

[7—7-10 p.m.]

সেদিক থেকে একজন কনষ্ট্রাকশন সুপারিন্টেন্ডেন্ট ইঞ্জিনীয়ার অ্যাপয়েন্ট করলেন একজন আমেরিকানকে এবং ছয় মাস পরে তিনি চলে গেলেন। তাঁকে কেন নিয়ে আসা হল জানি না। একজন লোককে বাইরে থেকে নিয়ে আসা হল, অথচ তাঁকে ছয় মাস পরেই কাজ দিতে পারা গেল না। এই হচ্ছে ব্যাপার। এখানে আমাদের গনতান্ত্রিক রাষ্ট্র গড়ে উঠছে, সব কিছু খুলে বলে দেওয়া দরকার, না হলে কনষ্ট্রাকটিভ সাজেসশন দিয়ে লাভ নাই। আমি কনষ্ট্রাকটিভ সাজেসশন হিসাবেই কয়েকটা কথা বলতে চাই। একথা আমাদের মনে রাখতে হবে যে, যত বড় কথাই বলুন, দামোদর পরিকল্পনার মূল কথাই হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ এবং যতবার ১৮৩৬, ১৯০০ এবং ১৯১৩ সাল থেকে আরম্ভ করে যতবার ভীষণ বন্যা হয়েছে, বারবারই এই বন্যা নিয়ন্ত্রণ প্রয়োজনের দিক থেকে দামোদর পরিকল্পনার কথা উঠেছে। ১৯১৩ সালের বন্যার পর ব্র্যাকিসাহেব একটা স্কীম দিয়েছিলেন। বন্যা নিয়ন্ত্রণের কাজটা যেভাবে করা হচ্ছে, তাতে আমি বলব, এটা গৌণ হয়ে গিয়েছে। জিওলজিক্যাল ডিপার্টমেন্টএর একজন অফিসার সিরিল ফক্স নাম তাঁর, তিনি মত দিয়েছিলেন, তিনি বলেছেন,

there are some strong opponents of the present scheme. Sir Cyril Fox considered it unsuitable for flood control and as it stood, it contained all elements in sending the fundamental question—flood control, into another long period of repose.

এই হচ্ছে ব্যাপার। এবং নদীশাসন বিষয়ে যাঁরা অবগত আছেন, তাঁরা জানেন অ্যাফরেসটেশনএর উপর নির্ভর করে সয়েল কনজারভেশন। কোন জায়গায় জলবিন্দুকে আটকান সহজ। সে জলের যত জোর বেশি হয় এবং সে জল যতই বাইরে বেরিয়ে আসবে, ততই তার ভলিউম ও মোমেনটাম বাড়বে, এবং সেদিক থেকে সয়েল কনজারভেশন অ্যাফরেসটেশনএর উপর নির্ভর করে। আমি দেখে অবাক হয়ে গেলাম যে, সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান প্রায় প্রথম থেকেই টাকার এষ্টিমেট বেড়ে যাচ্ছে। ১৯৫৬ সাল পর্যন্ত হবার পরও আরো দিতে হবে, তার মানে ২৮ কোটি টাকার সংগে ২৭ কোটি এই ৫০ কোটি টাকায় গিয়ে ঠেকেছে, এটা আপনাদের দেখা দরকার। রিভার কন্ট্রোল এক, আর অ্যাফরেসটেশন আরেক। এভাবে আপনারা বারে

বারে অপরিণামদর্শিতার পরিচয় দিচ্ছেন। যদি প্রপারলি অ্যাফরেসটেশন হয় এবং চাষের পদ্ধতি অন্য রকম না করা হয় এবং জলকে যতটা পারা যায় রাখা যায়, আটকে রাখতে হবে একটা এফ-এর মত যেটা দামোদরের মোট ৪ ভাগ ক্যাচমেন্ট এরিয়া লেকএর মধ্যে দিয়ে যে জল যায়, সেটা হচ্ছে ৮৫ পারসেন্ট। সেটা লেকালি আটকান হচ্ছে অত্যন্ত প্রয়োজন এবং সেদিক থেকে সেন্ট্রাল গভর্নমেন্ট বলেছেন ফ্লাড কন্ট্রোলএ ৭ কোটির বেশী পাবেন না। বিহার দেবে না। ১৪ কোটি টাকার ভিতর যা হবার তাই হবে। দ্বিতীয় হচ্ছে রিজারভয়ার দিক থেকে অরিজিনাল গুডউইন প্ল্যানএ ছিল, যদি এটা করতে হয় তাহলে কম পক্ষে ৪৭ লক্ষ একর জমিতে জলের ধারা প্রবাহিত করতে হবে। আপনারা যা করছেন, তাতে ২৮ লক্ষ একর মত হবে। প্রয়রিটির দিক থেকে কোনার ড্যামই প্রথম। হাইড্রো ইলেকট্রিসিটির জন্য যেটা রেখেছেন তার ইরিগেশন প্রসপেক্ট খুব কম বড় বড় ইঞ্জিনিয়াররা একথা বলেছেন। বোকারো ড্যামএর থারমল প্ল্যান্টএ কুল ওয়াটার দিতে হবে, নইলে তার কোন সার্থকতা নাই। এখানে একটা ভীষণ চাতুরী করা হচ্ছে। দুর্গাপুরে থারমল প্ল্যান্ট করছেন, যদি একটা ইমপর্টেন্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টারএ থারমল প্ল্যান্ট করা হত এবং যদি আরো কাছে হত তাহলে ট্র্যানসমিশন কষ্ট কম হত, এখন এটা করবার কারণ কি? যে কনসিডারেশনএ দুর্গাপুরে করা হচ্ছে সেই কনসিডারেশনএ যদি ঝরিয়ায় করা হত, তাহলে সেই এরিয়াতে সাপ্লাই হত, উপরন্তু মোর ইমপরটান্ট ইন্ডাস্ট্রিয়াল এরিয়া সার্ভড হত। অ্যাভেলেবেলিটির দিক থেকেও এই জিনিসটা ভাবতে হবে। এখানে একটা প্রধান জিনিস সব সময় মনে রাখতে হবে যে, নদীকে কন্ট্রোল করতে হলে বিশেষ করে দামোদরের মত নদীতে বন্যার প্রবাহ দামোদরের ভিতর দিয়ে চালাতে হবে, কিন্তু নদীকে মেরে দিয়ে তা হবে না। এটা অভিজ্ঞতা থেকে দেখা গিয়েছে, নদীশাসন তার প্রবাহরোধ করে হয় না। তারপর ড্রেনেজ স্কীম সেদিক থেকে এখন ড্রেনেজ অপরিহার্য্য হয়েছে। কারণ, এই যেখানে একটা রাস্তা হলে পর যে অসংখ্য দামোদরের খালগুলি যেখানে বাঁধ দিয়েছে, সেখানে প্রপার ড্রেনেজ স্কীম করা হয় নি। এখানে মনে রাখা দরকার যে, বন্যায় একটা ইকনমিক সিগনিফিকান্স আছে। কুমারসাহেব তাঁর বক্তৃতায় বলেছেন যে, যদি বন্যা নিরোধ করতে পারা যায়, তাহলে বছরে প্রায় ১০০ কোটি টাকার মত ন্যাশনাল ইনকাম বাড়তে পারে। তাই বলছি এরকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে ছেলেখেলা করলে হবে না।

[7-10—7-20 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I have your permission to say few words on this question. Probably, it will help the members in considering this subject. I have said the same thing on other occasions and I repeat again. The Damodar Valley Corporation works under the Damodar Valley Corporation Act which is an Act of the Central Legislature. This Act was passed after consultation with the Bihar and Bengal Governments some time early in 1947 before independence and the West Bengal Government or rather the undivided Bengal Government then agreed to the provisions of this Act which I think is very wrong so far as our State is concerned. I have pointed it out over and over again. It says that the Corporation shall have the power to do anything which may be necessary or expedient for the purpose of carrying out its functions under this Act. It is an independent body. It appoints its own officers; it decides its own policy; it devises its own schemes; it lays down how that scheme is to be implemented and it appoints its own contractors. It does everything. When I first came as the Chief Minister my first duty was to raise this issue with the Central Government. The Act says that each participating Government shall provide its share capital on the debts specified by the Corporation and if any Government fails to provide such share on such debts the Corporation may raise loan to make up the deficit at the cost of the Government concerned. Here is the budget of the Corporation I am presenting to the House. I have no power to say that I cannot give 2 crores or that I will give you 1 crore or 50 lakhs or something of that sort. I cannot do that. Although we are a major party this Government has no

power to issue any directive to the Corporation. The only authority which can issue directives to the Corporation is the Central Government which, I think, is very iniquitous so far as this Government is concerned. Then again there are three primary objectives of the Corporation—irrigation, flood control and power. With regard to flood control the Act says that the total capital cost of flood control would be borne by the Central Government and the West Bengal Government, not the Bihar Government, because the West Bengal Government is to profit by it. But if the total cost on flood control is over 14 crores then the West Bengal Government will have to pay the whole of the extra cost. With regard to the recurring portion of the cost for flood control the entire liability is of the State Government. With regard to irrigation portion, all lands irrigated in Bengal according to the area proportionate to the amount will have to be debited to the Government of West Bengal. The result is that as most of the canals would be in Bengal therefore we have got to pay. With regard to power, the expenditure is met equally by the Government of India, Government of Bihar and Government of Bengal, but the position is that this allotment of expenditure as between power, flood control and irrigation is done by the D.V.C., which I think is wrong, because supposing there is a dam erected and the cost of the dam is 10 crores. The D.V.C. says that 3 crores will be for power, 4 crores for irrigation and 5 crores for flood control and we have no say in the matter. The Act says it is the D.V.C. which shall allocate the total capital expenditure chargeable to the project between the three main objects, namely, irrigation, flood control and power as follows: it gives you the way in which it should be done by the Corporation. That is our difficulty, Sir. We have nothing to say in this matter. I know all the reports that Shri Benoy Choudhury has just read. We have also those reports. The position is that I cannot say "you remove this man because he is not good enough." I may perhaps point out that it is the desire of this Government that this should be done or that should be done. There is nothing to prevent the Corporation from acting otherwise. Sir, it is in this background that we are putting this budget year after year before the House. I am hoping, however, that things may move in a different way as I think some way of revising this Act may be found in the near future. It will at least give us the authority to insist upon observation of certain rules to be able to point out to the authority if there are any mistakes.

Sj. Bankim Mukherjee: Sir, the Chief Minister puts us in a very awkward position by saying that this House has no say in the matter, but I think in that case the whole account should have been put on the charged account and not on the voted list, and in that case it would have some meaning. When it is in the voted list we are entitled to give cut motion and we are fully entitled to have debate and discussion on this.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not say that you cannot move your cut motions or cannot debate. What I said is that I cannot give you answer to the charges as we know nothing about it.

Sj. Bankim Mukherjee: The Chief Minister's speech implies that he accepts some of our criticisms. If that be so, the entire House can unanimously accept some cut motions.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am sorry, Sir, I have to interrupt again. What I have said does not mean that I accept the cut motions. The position is that I cannot accept any criticism. I have no means of accepting the criticisms. That is my helpless position. I cannot say whether they are right or wrong.

[7-20—7-30 p.m.]

Sj. Bankim Mukherjee: In that case my proposal is that all our debate on this item—the whole proceedings should be sent to the Central Government. At least this much should be done so that the Central Government may know what this House feels about it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That we can do.

Sj. Bankim Mukherjee: If that can be done we can see how the Central Government can be moved.

Sj. Jyoti Basu: This revelation of the Chief Minister is nothing new. He only repeated what he had told us earlier. But seeing his helpless position in this matter may I suggest, will it be acceptable to the Chief Minister if after this—I do not say today but before this Session ends—that we take a resolution unanimously—it may be drafted by the Chief Minister —we take a resolution unanimously in this House and send it on with these important points and our recommendations to the Centre—will it be acceptable to the Chief Minister?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If we have such a resolution that will strengthen my hand. I have been fighting a lone battle. If you like I will put a resolution before the House and let it be accepted by the House and I will go to the Government of India with that resolution.

Sj. Deben Sen: The speech just now delivered by the Chief Minister has proved very much helpful in many ways. Even then the Budget and the adjoining report reveal, firstly, a shifting of the emphasis from flood control, irrigation to power thus adversely affecting the interest of West Bengal. Secondly, West Bengal pays most but has the least control, this has been corroborated by the speech of the Chief Minister himself. Thirdly, the whole administration is corrupt and extravagant. And, fourthly, unhappy relation with labour, and lastly, the results expected have not been achieved even though the money has been spent.

I will take these points one by one. Firstly, the shifting of emphasis. I had expected that the Chief Minister also would say something on this important aspect. I find from the Budget just now presented that in all Rs. 120 crores roughly has been spent up to 1957-58, out of that Rs. 120 crores, 66 crores has been spent on Power, 33 crores on Irrigation and 21 crores on Flood. Yet originally when the scheme was first mooted the idea was to have flood control and to have irrigation first. I was going through the memorandum prepared in 1945 by the Central Technical Power Board. Their first recommendation was about the measure of flood control, and second was about the necessity for perennial irrigation. Then comes power. So the first things were flood control and irrigation. Why has there been such a shifting of emphasis? No explanation has been given either by the Minister in charge or by the Chief Minister, and because of this change in the emphasis on the objects the West Bengal has suffered.

So far as the second point is concerned, the Chief Minister himself has spoken so eloquently that West Bengal pays most but has the least control. Out of this 120 crores 69 crores is paid by West Bengal, 22 crores by Bihar and 29 crores by the Central Government. If it is due to the D.V.C. Act which was passed and agreed to by another Government, then during these 10 years steps should have been taken to alter it. I do not think that any step was taken by our Chief Minister to see that the Act is altered to the advantage of West Bengal but I am now happy that the Chief Minister has become conscious of this defect in the Act and has agreed to have a resolution passed unanimously by this House.

My third point is that the administration is corrupt and extravagant. I was reading a book published by the Government of India on River Valley Projects in China. This is a book written by two delegates sent by the Government of India to study the whole scheme in China. Their comment is, "The salaries in China are low. Canteens are organised for each office and lunches and dinners are served. All Government officers as also the general public wear the same type of blue uniform. For transport no civilian or even those employed by the Government possess a private car". What is the position here? In the D.V.C. up to 1955-56 the total expenditure is 86 crores. The total expenditure on overhead charge is 15 crores, that is 17 per cent. This year in 1957-58 the total expenditure is 17 crores but the total expenditure on overhead charge is 5 crores—that is, it is 29.4 per cent.—it has increased. I then find that the overhead charge in 1955-56 was 3.4 crores but in 1957-58, it is 5 crores—it has increased by 47 per cent. So far as corruption and extravagance are concerned, the West Bengal Government has not taken very keen interest to see that these are eradicated. I do not think that the West Bengal Government is so helpless as the Chief Minister depicts. They are helpless so far as the Act is concerned but not so in regard to making representation through their representative on the D.V.C. We pay most and if we have the will we can certainly make our voice felt in the D.V.C. through our representative there. Of the Committee of Enquiry appointed over the D.V.C. one of the recommendations was "The Engineers who had so stoutly opposed the combination of the functions of designing and construction revised their views suddenly and the Corporation, an equally strong advocate of separation, went back on its earlier considered decision". The West Bengal Government has given opinion on this recommendation and what is that opinion? That shows the approach of the West Bengal Government towards this problem of corruption in the D.V.C. The West Bengal Government says "since the Committee has criticised the D.V.C. at some length for entering into a contract with the S.C.B. (a French firm)—since the work was not ultimately given to them under this contract a great deal of this criticism appears to this Government to be without point". This is in effect a process of condoning what wrong was going to be done by the D.V.C. with regard to that French firm and we do not approve of it. I find that the report is signed by Shri S. K. Dey, Development Commissioner. I do not know whether the whole reply was discussed in the Cabinet before it was sent. In any case we cannot approve of such a reply on such a vital issue on which an Enquiry Commission has spoken against the conduct of the D.V.C.

My next point is that the allocations of participating Governments will have to be changed and if for that purpose the Act has got to be changed it should be changed very soon.

[7-30—7-40 p.m.]

I find also in this report the Bengal Government's suggestions as early as 1953 in regard to the suggested amendments of the present D.V.C. Act. Several basic issues were involved which have not been touched upon by the committees. The Bengal Government suggests, therefore, that the subject should be examined by a special committee on which the participating Government and the D.V.C. may be represented. This is a report of 1953. Again three or four years have passed and the Bengal Government have sat idle. No step has been taken on this very vital issue for which Bengal really is going to pay more and more and Bihar is not paying anything and the control is in the hands of the Central Government.

Now, Sir, my next point is that of bad relation with labour. Here also I find from this book on China a very revealing report. It says that the whole scheme there is being drawn up by agriculturists themselves in their

spare hours and they come in large numbers. They are divided into batches of hundred with one leader. Here such a system could have been evolved and the working plans could have been divided into groups with a leader appointed by themselves instead of ourselves issuing everyday that such and such number of people are being dismissed or discharged—we could have seen a perfect co-operative work in the D.V.C.

My last point is that the money spent has not got its results that we expected from what we had last year. We have no irrigation as yet. Even if we had irrigation our crop production has not increased and then the results have got two aspects—one is that it has not done what was expected and secondly D.V.C. has brought some definite difficulties to the people. For instance, this new canal which is connecting Durgapur with Ganges has abandoned the old bed of the Damodar and such areas as Amta, Arambagh and others will all become moribund and they will suffer and no steps are contemplated to protect these areas from withering away as a result of this new project.

Then, Sir, I find that as a result of control of D.V.C. water, the business of fishermen in that area has been spoilt. They cannot any longer have any business and no rehabilitation scheme has been evolved to give help and succour to the fishermen there. I also find, Sir, that the area nearest to Damodar has not got any benefit from the D.V.C. project—I mean Asansol and also Purulia. Purulia might not have been included but Asansol is there. There is no irrigation, there is no water supply and there is no electricity available to the individuals there. We can understand if it is said that we may not have been able to do anything for irrigation but we have been able to give you electricity. I find that the electricity which the Bengal Government buys from D.V.C. is at six pies per unit—they sell it at six annas per unit. We do not know why that is done and this is not made available to the villagers. I think the Chief Minister or the Minister himself will give us some explanations about this point. Then my report is that the canals constructed are all getting silted up and a very important Engineer with great experience has said that the dams that have been created and the reservoirs that have been created—all stand in danger of getting silted up within twenty years. This is an aspect which should also be looked into by our Government.

With these words, Sir, I support the cut motion.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, দামোদর অ্যাডমিনিষ্ট্রেশন সম্পর্কে বর্তমান মুহূর্তে কতকগুলি গুরুতর নীতির প্রশ্ন দেখা দিয়েছে। এইমাত্র আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একটা গুরুতর তথ্য উদ্ঘাটন করলেন এবং তার অসহায়তার কথা আমাদের সামনে রাখলেন। অর্থাৎ ব্যাপারটা দাঁড়াচ্ছে যে,

West Bengal Government pays for the piper and Mr. Raw calls for the truce কিন্তু এই অসহায় অবস্থা থেকে বাংলাদেশকে মুক্তি পেতে হবে। তিনি প্রস্তাব করেছেন যে, আমাদের এই এসেম্বলী থেকে তিনি যে প্রস্তাব আনবেন সেই প্রস্তাবকে আমরা সমবেতভাবে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাব। এই প্রস্তাবকে বিরোধী দল স্বাগত জানিয়েছে। কিন্তু তার আগে আমি বলতে চাই যে, সরকারের যে প্রতিনিধি কর্পোরেশনে রয়েছে, তার যদি আন্তরিকতা থাকে.....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I interrupt my friend that there is no *Pratinidhi* of the Sarkar in the Corporation.

Sj. Jatindra Chandra Chakravorty: Whom does Ganguly represent?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Government of India. He is not our representative.

Sj. Jatindra Chandra Chakravorty:

মিঃ গাঙ্গুলী মারফত আমাদের যে সমস্ত বক্তব্য রয়েছে, সেগুলোকে যদি সেখানে আপনি বলাতে না পারেন, তাহলে আজকে এই বন্দোবস্ত করা যায় কিনা যে, কেন্দ্রীয় সরকারের কাছে, বলা যে এই প্রতিনিধিদের সেখান থেকে অপসারণ করান হোক।

দ্বিতীয়তঃ হচ্ছে যে, এই ডি, ভি, সি খাতে টাকা দেবার পূর্বে আমাদের কতকগুলি প্রশ্ন চিন্তা করা দরকার আছে। গভর্নমেন্টকে আজ আমি এই কথা ভাবতে বলব যে, টাকা দেবার সময় আমরা ডি, ভি, সিকে সেন্সার করে অথবা কেন্দ্রীয় সরকারের কাছে তদন্ত দাবী করে সুপারিশ পাঠাব কিনা? কিন্তু দুঃখের বিষয় যে আমাদের সেচমন্ত্রী যে বক্তব্য রেখেছেন তার মধ্যে এই কথার কোন উল্লেখ তিনি করেন নি। প্রথমতঃ দেখুন যে ডি, ভি, সির অ্যাডমিনিষ্ট্রেশন পি, এস, রাওএর আমলে এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে একেবারে নীচের তলার অফিসার থেকে আরম্ভ করে উর্দ্ধতন অফিসার শ্রেণী পর্যন্ত সর্বত্র দুর্নীতি, ইনডিসিপ্লিন এবং হতাশা ছড়িয়ে পড়েছে। অর্থাৎ

moral of the administration has been totally broken,

এই সমস্ত ব্যাপক দুর্নীতির ফলে এবং সংবাদপত্রে এইসব অভিযোগ প্রমাণসহ প্রকাশিত হবার পর অডিটার জেনারেল একটা তদন্তের ব্যবস্থা করেছেন। কাজেই ডি, ভি, সির অভ্যন্তরে গুরুতর গোলযোগ সম্পর্কে কোন সন্দেহের কারণ নেই। অথচ এই অবস্থাতে পশ্চিমবঙ্গ রাজ্যসরকারকে নির্দিষ্ট এ্যানুয়্যাল গ্রান্ট যে শুধু দিতে হচ্ছে, তা নয়, বরং ডি, ভি, সির মূল বাজেট ক্রমশ বর্ধিত হওয়ার ফলে আমরা ক্রমাগত অধিকতর ব্যয়ের সম্মুখীন হচ্ছি। আমাদের প্রথম এই কথা বিবেচ্য যে রাও কমিটির দ্বারা যেরূপ অবস্থায় ডি, ভি, সির তদন্ত করা হয়েছিল, সেরূপ অবস্থা বা তার চেয়ে শোচনীয় অবস্থা সৃষ্টি হয়েছে কি না? এছাড়া যে কোন প্রকারের অর্থ প্রদানের সঙ্গে আর্থিক নিরাপত্তার কথা ভেবে আমরা তদন্তের দাবী জানাব কি না? ৩১এ মার্চ তারিখে যুগান্তরে যখন পি, এস, রাওএর, ডি, ভি, সির চেয়ারম্যান, ৬২ টাকা ৬৩ নয়া পয়সার ইতিহাস প্রকাশিত হল, অর্থাৎ টি এ বিল বাড়িয়ে চেয়ারম্যান যে টাকাটা বেশী নিয়েছেন এবং যেটা পরে ডি, ভি, সির ইনফরমেশন অফিসার প্রেস ষ্টেটমেন্টের মাধ্যমেও স্বীকার করেছেন, ঠিক তখন ডি, ভি, সির চেয়ারম্যান ১লা এপ্রিল তারিখে সকলকে এপ্রিল ফুল বানিয়ে সেই টাকাটা যে শুধুমাত্র ফেরৎ দিলেন না, তার সঙ্গে এক হাজার টাকার একটা চেক ডি, ভি, সিকে দানস্বরূপ দিলেন। সেই চেক ডি, ভি, সির চীফ অ্যাকাউন্টস অফিসার সি এন গোপাল কৃষ্ণন গ্রহণ করে ফোর্থ এপ্রিল তারিখে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্কএর উপর তিনি সেই চেক ড্র করেছেন। আমার প্রশ্ন হল, পি, এস, রাও কেন হঠাৎ এই দান ডি, ভি, সিকে করলেন? চেয়ারম্যান হিসাবে অফিসিয়াল রুলসএ যেসমস্ত প্রথা আছে, সেই সরকারী প্রথা অনুযায়ী তাঁর এই দান করবার কোন ক্ষমতা আছে কিনা এবং কর্পোরেশনের বিনা অনুমতিতে তিনি কেন এই দান করলেন? এ বিষয়ে তিনি ডি, ভি, সির অন্যান্য যে সমস্ত মেম্বার আছেন, যেমন মিঃ এ বি গাঙ্গুলী, মিঃ পি ডি বর্মা কিংবা ফাইনানসিয়াল অ্যাডভাইজার শ্রী এস এম ব্যানার্জী, তাদের সঙ্গে কোন আলাপ আলোচনা করেছেন কিনা? আমি আরও দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই চেকে লেখা আছে গিফট টু ডি, ভি, সি এবং ওটা কি করা তার পক্ষে সঙ্গত? মিষ্টার গোপাল কৃষ্ণান যে খাতে এই গিফট জমা করেছেন তা হচ্ছে,

Deduct, Recoveries and Receipts.

অতএব স্বভাবতই আমরা মনে করতে পারি যে, এটাকা নিশ্চয় আরও বেশী পরিমাণে রয়েছে এবং সেই কারণেই এটার অবিলম্বে এনকোয়ারী করা উচিত।

[7-40—7-50 p.m.]

ডি, ভি, সিই হল গভর্নমেন্টের প্রথম ষ্টাটুইটরি বডি এবং এটার মাধ্যমে সরকার কোটি কোটি টাকা খরচা করছেন। এটা এখন একটা এক্সপেরিমেন্টাল ষ্টেজএ রয়েছে। অতএব এই এক্সপেরিমেন্টাল ষ্টেজ যদি এর নামকে কলঙ্কিত করা হয়, তাহলে আমরা কোন হেতু খুঁজে পাই না যে, সরকার কেন তথাপি ঐ মিঃ পি এস রাওকে আরও তিন মাসের এক্সটেনশন দিয়ে

রেখেছেন। সেজন্য যদি ডি, ভি, সিকে একটা মডেল প্রজেক্ট করা হয় এবং সেই কারণে এর যদি সুনাম রাখতে হয়, তাহলে অবিলম্বে সরকারকে চিন্তা করা দরকার যে ডি, ভি, সির চেয়ারম্যানকে আরও এক্সটেনশন দেওয়া যুক্তিযুক্ত কিনা? মন্ত্রীমহাশয়ের আরও দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আমরা জানি যে অডিটার জেনারেলের দপ্তর হতে যে একটা এনকোয়ারী এ নিয়ে হচ্ছে, তার কোন রিপোর্ট আমরা পাই নি বা আমাদের সরকার পেয়েছেন কিনা তাও জানি না। আমার বক্তব্য হচ্ছে যে অডিটরস পয়েন্ট অফ ভিউজএ যে এনকোয়ারী হবে, সেই এনকোয়ারীতে সমস্ত ম্যাল-প্র্যাকটিসেস ধরা পড়বে না। কারণ তার কাগজপত্র যদি ঠিক থাকে, তাহলে যে কোন অডিট জানা লোক এই কথা স্বীকার করবেন যে, এতে ম্যাল-প্র্যাকটিস ধরা পড়তে পারে না। অর্থাৎ পেপার যদি ঠিক থাকে তাহলে অডিটার বলে দেবে যে এর সমস্তই ঠিক আছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই যে, এর জন্য একটা জুডিসিয়াল এনকোয়ারী কমিটি হোক, কিম্বা পাবলিক অ্যাকাউন্টস কমিটির মাধ্যমে এমনভাবে অনুসন্ধান করা দরকার যাতে পি এস রাওএর মতন রাঘব বোয়াল শক্ত জাল ছিঁড়ে না বেরিয়ে যেতে পারে।

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, ডি, ভি, সি, অর্থাৎ দামোদর ভ্যালি পরিকল্পনায় পশ্চিমবঙ্গের প্রভূত উন্নতিসাধন হবে আমরা বিগত প্রায় ৭।৮ বৎসর ধরে শুনে আসছি। কিন্তু এই সাত বৎসরের অভিজ্ঞতায় ডি, ভি, সি পরিচালনার ভিতর দিয়ে তাতে আজ আমাদের সেই আশা-আকাঙ্ক্ষা নির্মূল হতে চলেছে। মন্ত্রীমহাশয়ের বক্তৃতার ভিতর দিয়ে আমরা শুনেছি যে এই দামোদর ভ্যালি পরিকল্পনার ভিতর দিয়ে বন্যা নিয়ন্ত্রণ সহজ হবে, জলবিদ্যুৎ তৈরী হবে এবং এ দ্বারা পশ্চিমবঙ্গের প্রভূত কল্যাণ সাধিত হবে। আমার প্রথম বক্তব্য হচ্ছে যে, মন্ত্রীমহাশয় যাই বলুন না কেন, বিগত বন্যা থেকে পশ্চিমবঙ্গের মানুষের মনে আজকে এই প্রশ্ন বিশেষ বড় করে জেগেছে যে, দামোদর ভ্যালি পরিকল্পনা এবং ময়ূরাক্ষী পরিকল্পনা সত্যই পশ্চিম-বঙ্গের বন্যা নিয়ন্ত্রণ করতে পারবে কিনা? দ্বিতীয়ত সেচের বন্দোবস্ত এই ডি, ভি, সির তরফ থেকে যেভাবে হয়েছে এবং যেভাবে হতে চলেছে এবং যেভাবে জলকর বেড়েছে, যেটা সরকার করছেন, এক ফসল জমির জন্য ৯ টাকা এবং দু ফসলা জমির ১৫ টাকা এটা অত্যধিক বেশী এবং সাধারণ চাষীর ক্রয় ক্ষমতার বাইরে। এটা সকলেই আজ ভালভাবে জানতে পেরেছে। তৃতীয়তঃ জলবিদ্যুৎ যেটা বলছেন কম পয়সায় উৎপাদন করছেন, কিন্তু ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন এবং ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে কম পয়সায় বিক্রী করলেও ২।৩ পয়সায় প্রতি ইউনিট বিক্রী করলেও তা জনসাধারণের কাছে অত্যন্ত উচ্চহারে গিয়ে পৌঁছচ্ছে। অথচ কলকাতার লোকের দশ পয়সায় পাচ্ছে আর কলকাতার বাইরের লোকদের প্রতি ইউনিট পাঁচ আনা করে দিতে হচ্ছে।

[7-50—7-57 p.m.]

আমার বক্তব্য এখানে হচ্ছে যে, আজকে এই তিনটি যে ব্যবস্থা, এই তিনটি ব্যবস্থার দ্বারা পশ্চিম বাংলার কোন উন্নতি হয়েছে কিনা দেখতে হবে। প্রথম যখন এই পরিকল্পনা গ্রহণ করা হয়, তখন বলা হয়েছিল, ৫৫ কোটি টাকার ভেতর দিয়ে এই পরিকল্পনা সফল করে তোলা হবে। কিন্তু আজ ৫।৭ বছর বাদে দেখছি, সেখানে ১২০ কোটি টাকা খরচ হয়ে গেছে এবং আমাদের সরকারকে ৬৮ কোটি টাকার মত দিতে হয়েছে। কিন্তু এর দ্বারা জল সরবরাহ হবে কিংবা যে পরিমাণ বিদ্যুৎ সরবরাহ হবে, তার পরিমাণ কোন অংশে বাড়ে নাই। অর্থাৎ জল যেভাবে সরবরাহ করবার জন্য প্রথম যে পরিকল্পনা করা হয়েছিল, ৫৫ কোটি টাকার, সেখানেতে ডবলের বেশী বেড়ে যাওয়ায় জলের দাম নিশ্চয়ই বেড়ে যাচ্ছে এবং তার দ্বারা আমাদের উপকার হচ্ছে কি না। জল বিদ্যুতের বড় বড় কথা বলা হয়েছিল। অথচ আমরা দেখতে পাচ্ছি তাপ বিদ্যুৎ থারমাল ইলেকট্রিসিটি বেশী এই পরিকল্পনা থেকে তৈরী করা হচ্ছে, যার খরচ বেশী বেড়ে যাচ্ছে। কাজেই আজকে আমাদের সরকারের উপর যে পরিমাণ টাকার দেনা চাপছে, সেই থেকে আমাদের এটা জিজ্ঞাসা করতে হচ্ছে, মুখ্যমন্ত্রী মহাশয়কে যে আমাদের আগামী পাঁচ বছরের মধ্যে শুধু এই দামোদর ভ্যালি কর্পোরেশন পরিকল্পনার জন্য ঋণের বোঝা প্রায়

একশো কোটি টাকা হয়ে যাবে। আমি জিজ্ঞাসা করতে চাই, একশো কোটি টাকা ঋণের বোঝার সঙ্গে সঙ্গে তার সুদের বোঝা কাঁধে নিয়ে পশ্চিমবঙ্গের সরকার সাধারণ মানুষের কাছে কম দরে জল সরবরাহ করতে পারবেন কি না, কিংবা বন্যা নিয়ন্ত্রণের জন্য যে পরিমাণ অর্থের ঝুঁকি আমাদের এই সরকারকে নিতে হচ্ছে, সেটার ঠিক রিটার্ন আমরা পাচ্ছি কি না, এসব পশ্চিমবঙ্গ সরকারকে বিচার বিবেচনা করে দেখতে হবে। ডাঃ রায় এবং কংগ্রেস মন্ত্রীমণ্ডলী আজ গদীতে বসে আছেন, তাঁরা চিরকাল সেখানে থাকবেন না। অনাগত ভবিষ্যতে যে সরকার আসবেন, সেই সরকারের উপর একশো, দুশো কোটি টাকার দেনা চাপিয়ে পশ্চিমবঙ্গের কোন আর্থিক সুযোগ সুবিধা করে যাবেন, এ অধিকার তাদের আছে কি না? এই প্রশ্ন আমি করি। আমার মনে হয় আজকে ডি, ভি, সি পরিকল্পনাটি যে ইকোনমিক দৃষ্টিভঙ্গী নিয়ে ৫।৭ বছর করা হয়েছিল, আজকে বিশেষভাবে তার পরিবর্তন ঘটেছে। যখন নাকি আমরা দেখতে পাচ্ছি যে পরিমাণ খরচের প্রয়োজন ছিল, তার চেয়ে প্রায় দ্বিগুণ হয়ে গেছে, তখন এটা কোন ইকোনমিক ইউনিট নয় এবং এটা ইকোনমিক ইউনিট হতে পারে না। এই পশ্চিমবঙ্গ সরকারের ঘাড়ে এটা একটা ভূতের মত চেপেছে। ডাঃ রায় এবং তাঁর সরকারকে এই সাজেসশনস দেব, অন্তত ভবিষ্যতের দিকে চেয়ে পশ্চিমবঙ্গকে দেউলিয়া না করে সরাসরি কেন্দ্রীয় সরকারকে আজকে বলুন, এই পরিকল্পনার যে অর্থ আমাদের কাছে পাওনা আছে, সেই অর্থ আমরা দিতে পারবো না। সমস্ত দায়িত্ব তোমরা গ্রহণ কর। ফ্লাড কন্ট্রোল বিষয়ে অন্যান্য ষ্টেটের জন্য যখন সেন্ট্রাল গভর্নমেন্ট দায়িত্ব নিয়েছেন, তখন ফ্লাড কন্ট্রোলএর দায়িত্ব সম্পূর্ণরূপে সেন্ট্রাল গভর্নমেন্টকে নিতে হবে। আজকে বিদ্যুৎ উৎপাদন এবং সেচের জন্য পশ্চিমবঙ্গ সরকার আমাদের যেটুকু প্রয়োজন হবে, সেটুকু দামোদর ভ্যালি কর্পোরেশন থেকে কন্ট্রোল দামে কিনে নেবেন এবং তারপর যদি পশ্চিমবঙ্গ সরকার মনে করেন এর দাম বেশী পড়ছে, তখন অবশ্য কম দামে যাতে সাধারণ মানুষ তা ব্যবহার করতে পারে, তার জন্য একটা রিবেট দিতে পারেন। আমি হিসেব করে দেখেছি, এই রিবেট দিলে বছরে এক কোটি দেড় কোটি টাকার বেশী এই সরকারের খরচ হবে না। কাজেই আমি মুখ্যমন্ত্রীকে এই অনুরোধ জানাবো যে দামোদর ভ্যালি কর্পোরেশন পরিকল্পনার সমস্ত কিছু দায়িত্ব কেন্দ্রীয় সরকারের কাছে ছেড়ে দিন। এটা তাদের গ্রহণ করা উচিত। যেটুকু সেচের জল প্রয়োজন, ইলেকট্রিসিটির প্রয়োজন তা আমরা তাদের কাছ থেকে কিনবো এবং যদি প্রয়োজন হয় ১২ লক্ষ একর জমির জন্য যেন ৯ টাকা করে নেন। যদি আমরা ৪ টাকা করে কৃষককে রিবেট দেই, তাহলে ৫০ লক্ষ টাকার বেশী খরচ হবে না বছরে। শুধু ১২ লক্ষ একর জমিতে চাষের জল দেবার জন্য কৃষকদের রিবেট দিতে হয় এবং ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডএর তিন পয়সা করে ইউনিট কিনে যদি পাঁচ আনা খরচ পড়ে, তা সত্ত্বেও আমরা যদি দু আনায় কিনে তিন আনায় জনসাধারণকে সাপ্লাই করি, তাহলে হিসেব করে দেখা গেছে যে, বছরে ৫০ লক্ষ টাকার বেশী খরচ হবে না। যে ঝুঁকি আমরা কাঁধে নিয়ে চলছি—৫ কোটি টাকা সুদ আর একশো কোটি টাকা দেনার ঝুঁকি নিয়ে চলছি, তার চেয়ে বছরে এক কোটি টাকা করে যদি ১০ বছর এই বাবত খরচ করতে পারি, তাহলে পশ্চিমবঙ্গের চেহারা আমরা বদলে দিতে পারবো বলে আমি মনে করি। সেই জন্য আমার সাজেসশনগুলো বিবেচনা করবার জন্য মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন, তারপর আর আমার কিছু বলার নাই। আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। আশা করি আমার প্রস্তাব সকলে গ্রহণ করবেন।

Mr. Speaker: I am now putting all the cut motions except motion No. 9 standing in the name of Shri Deben Sen *en bloc* to vote.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Janab Taher Hossain that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jatin Chakravorty that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Shyamaprasanna Bhattacharya that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Deben Sen that the demand of Rs. 2,86,92,000 for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—63.

Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Gobardhan
Das, Sj. Sisir Kumar
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Ghosh, Sj. Ganesh
Golam Yazdani, Janab
Halder, Sj. Ramanuj
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mitra, Sj. Haridas
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Samar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Pitakir Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sengupta, Sj. Niranjan
Taher Hossain, Janab

NOES—130.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biancho, Sj. C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjkta. Sudharani
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath

Lutfal Hoque, Sj.
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matia
Muzaffar Hussain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Patel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Yeakub Hossain, Janab Mohammad
Zia-Ul-Huque, Janab Md.

The Ayes being 63 and the Noes 130, the motion was lost.

The motion of the Hon'ble Ajoy Kumar Mukherji that a sum of Rs. 2,86,92,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project", was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 7-57 p.m. till 9 a.m. on Saturday, the 22nd June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 22nd June, 1957, at 9 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 207 Members.

[9—9-10 a.m.]

DEMANDS FOR GRANTS

Sir, I also beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to sanction more agricultural, cattle-purchase loans for the help of the poor peasants of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Agricultural policy of the Government of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to establish warehouse for the poor peasants at important places in each thana within the State of West Bengal.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to take necessary steps to improve agricultural condition in Khorba police-station of Malda district, as a result of which agricultural production is far from satisfactory.

Sir, I also beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to improve the agricultural products in Khorba police-station of Malda district by taking up small irrigation schemes, re-excavation of tanks for irrigation purposes, liberal supply of good seeds to peasants, etc.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about lift irrigation by pumping plants and deep tube-well irrigation to be started in Panchla and Sankrail police-stations, Howrah district.

Sj. Cobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy for promotion to agricultural plans in the Raina police-station, with drawbacks on Governmental measures.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—reclaiming waste lands of the district of Howrah to raise food production and for settlement of landless people on the same.

Sir, I also beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—small scale irrigation scheme to be undertaken immediately.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to make proper arrangements for breeding of the cows.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in its scheme for intensive food production drive.

Sir, I further beg to move that the demand of Rs. 3,80,60,000 for expenditure under Grant No. 22, Major Heads: "40—Agriculture—Agriculture" and "71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government in distributing fertiliser and granting cattle-purchase loans and agricultural loans.

Sj. Ramanuj Haldar: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy.

Sj. Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the following:—

পশ্চিম দিনাজপুর জেলায় প্রতি বৎসর ব্যাধিতে গোমড়ক হইতেছে, চিকিৎসার জন্য কোন সুবন্দোবস্ত নাই। প্রত্যেক থানায় ভেটারিনারি ডিপার্টমেন্ট থাকা ও গো-চিকিৎসার প্রয়োজনীয় ঔষধাদি রাখার বিষয় সরকার কোন ব্যবস্থা করেন নাই। এই বিষয়ে সরকারের ব্যর্থতা।

ইটাহার থানায় কমপক্ষে ১টি গো-চিকিৎসা কেন্দ্র স্থায়িভাবে স্থাপন করার প্রয়োজন ছিল, এই বিষয়ে সরকারের ব্যর্থতা।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to establish a Veterinary Hospital at Chanchal in Kharba P.S. of Malda district and to popularise the existing Veterinary clinic at Chanchal throughout the P.S.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to improve the living conditions of the students of the Veterinary College.

Sir, I further beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to develop the Veterinary College.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সমগ্র বাংলাদেশে বিশেষ করিয়া সুন্দরবনে কৃষকের চাষের একমাত্র সম্বল গরু প্রভৃতিকে সরকার কর্তৃক রক্ষা করার কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন না করার ফলে ব্যাপক গো-মড়ক প্রভৃতির ফলে সমগ্র কৃষকের চাষ আজ বিপন্ন।

Sj. Jamadar Hasda: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গো-মহিষাদি মরিলে ভাগাড়ে ফেলিয়া দেওয়া হয়। জনসাধারণের নিকট কর গ্রহণ করছেন, এ ব্যাপারে আশু পরিবর্তন হওয়া একান্ত দরকার, এই নীতি পরিবর্তন করিতে পশ্চিম বাংলা সরকার ব্যর্থ হইতেছেন।

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to arrange adequate Veterinary help to peoples to protect their domestic animals in Nandigram P.S., Midnapore, resulting the death of numerous cattle this year and it is being continued still in the villages of Noyman, Dandpur, etc., in Union No. 14 of Nandigram P.S., Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

এ পর্যন্ত পশু-চিকিৎসা সম্পর্কে সরকারী ব্যবস্থা খুবই কম। থানায় থানায় পশু-চিকিৎসক নিয়োগ করিবার ব্যবস্থাতে যথেষ্ট গাফিলতি রহিয়াছে। যে কয়জন পশু-চিকিৎসক আছেন, তাঁদের ফী যোগানোর সাধ্য জনসাধারণের নাই। পশুরোগের ঔষধপত্র সরবরাহের ব্যবস্থাও নাই, এ বিষয়ে সরকারী দৃষ্টিভঙ্গির আমূল পরিবর্তন প্রয়োজন।

Sir, I further beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পাশকরা পশু-চিকিৎসক সরবরাহে গাফিলতি, এমন কি গ্রাম্য পশু-চিকিৎসকদের কিছুটা ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করিতে পারিলে গ্রামাঞ্চলে কিছুটা উপকার হইতে পারিত, সে বিষয়ে সরকারের কোন পরিকল্পনা নাই।

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশু-চিকিৎসা, পশু-খাদ্য, গোচারণ, গো-প্রজনন সম্পর্কে সরকারের চরম অবহেলা।

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to provide adequate Veterinary facilities in rural areas.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মফঃস্বল অঞ্চলে পশু-চিকিৎসায় পশ্চিমবঙ্গ-সরকারের ব্যর্থতা।

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the delay in providing for artificial insemination in the Contai Veterinary Hospital.

Sj. Bhakta Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 22,94,000 for expenditure under Grant No. 24, Major Head: "41—Veterinary" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the inadequacy of Veterinary Hospitals in rural areas.

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, কৃষিবিভাগের মন্ত্রী প্রথমে যে কথা বললেন কৃষিখাতে টাকা মঞ্জুরি চাইতে গিয়ে যে, বর্তমানে যে অবস্থা আছে তার জন্য বেশি টাকা খরচ হয় নি: একটিমাত্র খাতের টাকা—অফিসার এবং উপরতলায় বড় বড় কর্মচারী যা আছেন তাঁদের বেতন কমিয়ে অন্য বিভাগে দেওয়া যেত। কথাটা তিনি কি হিসাবে বলেছেন জানি না, আমরা হিসাব ক'রে দেখেছি যে, এই খাতে যে টাকা খরচ হয় তা অফিসারসদের বেতন, মেনটেনান্স কস্ট, ডাইরেক্টর সমেত, প্রায় ১ কোটি টাকার মত। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তার মধ্যে ১ কোটি ৯৬ লক্ষ ৯৫৪ হাজার টাকা আছে। স্কীম আউটসাইড দি প্ল্যান, ইন্টেনসিভ ফুড প্রোডাকসন তার জন্য ২ কোটি টাকার মত আছে। এখানে মাত্র একটি কথা বলা দরকার। তিনি বক্তৃতার সময় বলেছেন কিভাবে নতুন ক'রে এগ্রিকালচারাল ফার্ম তৈরি হবে, সীডস্ ডিসট্রিবিউশন হবে; কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় খুব কম এবং এক বছরের মধ্যে এই অভাব পূরণ হবে এই কথা বলেছেন। আমি শুধু এটা বলব আমাদের বাংলাদেশে টাকার অঙ্ক, ফিগার দিয়ে হিসাব করলে চলবে না; বাংলাদেশের কৃষিব্যবস্থা পুরাপুরিভাবে বিচার করতে হবে যদি বাংলাদেশের কৃষির উন্নতি করতে হয়। বাংলাদেশ কৃষিপ্রধান অঞ্চল। সমস্ত অবস্থাটা ভাল ক'রে পর্যালোচনা ও হিসাব না করলে, কোন জায়গা থেকে শুরু করলে বাংলাদেশের কৃষির উৎপাদন বাড়তে পারে, কৃষকদের উদ্দীপনা বৃদ্ধি পেতে পারে এবং গ্রাম-বাসীদের অর্থনৈতিক চেহারার পরিবর্তন হ'তে পারে এসব বিষয় না দেখে শুধু উপর থেকে আদেশ-উপদেশে হবে না। সমগ্র অবস্থাটা বিচার বিশ্লেষণ করতে হবে। আমাদের দেশে সাধারণভাবে যে অবস্থাটা আছে এবং কৃষকের যা আর্থিক অবস্থা—কৃষকেরা যে চাষ করতে চায় না, তা নয়—কিন্তু চাষ করবার মত আর্থিক অবস্থা তাদের নয়। আমি দু'-একটা ঘটনা দিয়ে দেখাব অবস্থাটা কি—কৃষিমন্ত্রী মহাশয় বললেন যে, তিনি সব খবর জানেন, কিন্তু তিনি কিভাবে বিচার বিশ্লেষণ করছেন জানি না। যাই হোক আমি দেখাচ্ছি আমাদের দেশের কৃষি-বিভাগের অবস্থাটা কি। ইউনিয়ন এগ্রিকালচারাল অ্যাসিস্ট্যান্ট যারা গ্রামে সাধারণ কৃষকের সঙ্গে মেলামেশা করে, যারা কৃষকের সঙ্গে ডাইরেক্ট টাচএ আছে এবং যাদের দিয়ে নাকি সবচেয়ে বেশি কজ করান এবং যাদের উপর কৃষির উন্নতির অনেকখানি নির্ভর করে তাদের আজকে অবস্থাটা কি। আপনারা ইউনিয়ন এগ্রিকালচারাল অ্যাসিস্ট্যান্টদের কি বেতন দেন? তাদের বেতনের হার হচ্ছে—আগে ছিল ৫০—৮০ টাকা, এক টাকা ক'রে বাড়বে। তাদের বেতনবৃদ্ধির জন্য অনেক লড়ালড়ির পর সেটা দাঁড়িয়েছে—যদিও এখনো ইমপ্লিমেন্টেড হয় নি—৫০—১০০ টাকা পর্যন্ত। অথচ মন্ত্রীমহোদয় বক্তৃতার সময় উচ্ছ্বসিত হয়ে বলে গেলেন ইউনিয়ন এগ্রি-কালচারাল অ্যাসিস্ট্যান্টরা হচ্ছে পিলার অফ এগ্রিকালচার, দে আর ইন ডাইরেক্ট রিলেসন উইথ দি পিপল। তিনি প্র্যাকটিক্যাল ডেমনস্ট্রেসন দিয়ে কথাবার্তা বলে গেলেন, অথচ দেখুন যে ডাইরেক্টর অফ এগ্রিকালচারএর বেতন হচ্ছে বছরে ১৯ হাজার ৫০০ টাকার মত। তবুও আপনারা বলবেন 'টপ হেভি অ্যাডমিনিস্ট্রেশন' নয়। আমার সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে আমি

দেখছি বর্তমানে বাংলাদেশের সাধারণ কৃষকদের ৩টি জিনিসের উপর কৃষির উন্নতির জন্য নির্ভর করতে হয়। প্রথম কথা হচ্ছে তাকে ঠিকমত বীজ পেঁাছে দেওয়া, দ্বিতীয় নম্বর হচ্ছে চাষের খরচ পাওয়া, আর তৃতীয় নম্বর হচ্ছে চাষের বলদ ছাড়া বর্তমানে চাষের উন্নতিসাধন করার কোন উপায় নাই এবং আরও একটি জিনিস আছে, সেটা হচ্ছে সেচ। এই ৪টি প্রধান জিনিসের উপর নির্ভর করছে বাংলাদেশের কৃষি। জমির ব্যাপারে এই খাতে বলা চলবে না যদিও এর সঙ্গে তার যথেষ্ট সংযোগ রয়েছে। কৃষকদের হাতে জমি না এলে এই জিনিস সম্ভব নয়—আমাদের দেশের গরিব ভূমিহীন কৃষকদের আজকের দিনে এ ছাড়া বাঁচবার কোন ব্যবস্থা নাই। বীজ সরবরাহের ব্যাপারে তিনি একটা লম্বা ফিরিস্তি দিলেন। এ সম্বন্ধে আমি একথা বলতে পারি, যে সময় বীজের প্রয়োজন হয় তার অনেক পরে সেটা গিয়ে পেঁাছায়। গত পাঁচ বছরে এই অব্যবস্থার কোনরকম পরিবর্তন হয় নি। স্ট্রেংথেনিং অফ হেড-কোয়ার্টার্সএর কথাও অনেক বলা হচ্ছে, কিন্তু কিসের জন্য হেডকোয়ার্টার্স? যেসময় বীজের জরুরী প্রয়োজন তখন বীজ পেঁাছায় না। স্ট্রেংথেনিং অফ হেডকোয়ার্টার্সএর কি প্রয়োজন সেটা ভাল করে পরিষ্কার করে বলতে হবে। দ্বিতীয়ত, ম্যানিওরএর কথা তিনি বলছেন। ম্যানিওর যারা সাপ্লাই দেয় তাদের মধ্যে কয়েকটা ফার্ম আছে, কিছু দেশী ও কিছু বিদেশী। তাদের বিভিন্ন জায়গায় যে গোডাউন আছে তাতে ম্যানিওর নিয়ে গিয়ে জমা করে, তারপর কন্ট্রাক্ট পায়, ডিস্ট্রিবিউসন করবার ক্ষমতা পায়।

[9-50—10 a.m.]

এলেকার নামে পারমিট কাটা হয়ে গেল কিন্তু ম্যানিওর সেখানে পেঁাছাল না। দার্জিলিংএর চা-বাগানে মাদ্রাজে অ্যামোনিয়া সালফেটএর অভাব আছে—সেইসব জায়গায় ব্ল্যাক-মার্কেটিং চলল—এই কাজগুলি হচ্ছে, তদন্ত করে দেখেছেন কি? কৃষকরা পাচ্ছে, খাতায় লেখা হয়ে গেল, নগদ টাকা লেখা হ'ল—সেখান থেকে বন্দোবস্ত হয়ে গেল, কৃষকদের বাড়িতে পেঁাছেচে কিনা সেটা তদন্ত ক'রে দেখেছেন কি? স্ট্রেংথেনিং অফ হেডকোয়ার্টার্স—আরও বেশি কর্মচারী চাই ভাল ভাল কাজ করবার জন্য এবারেও আছে। থার্ড হচ্ছে এই যে এর মধ্যে আছে নির্দিষ্ট করা—লোনএর টাকা এঁরা যা বিতরণ করেন, উনি দেগঙ্গা থেকে নির্বাচনে দাঁড়িয়েছিলেন। ১৯৫৬ সালে যে টাকা বিতরণ করা হয়েছে উনি কি দেখেননি নির্বাচনের সময় সেই টাকা কোন সময় বিলি করা হয়েছে? কৃষকদের হাতে এই লোন চাষ করবার জন্য কোন্ সময় বিলি হয়েছে? উনি দেখেছেন, সেই সময় অনেকগুলি দরখাস্ত পড়েছিল ওঁর হাতে। চাষ উঠে, ধান ঝাড়াই মাড়াই হয়ে কৃষকদের ঘরে চলে গেল—এগ্রিকালচারাল লোন গেল চাষ করবার জন্য। কি অদ্ভুত সিসটেম তবু বলবেন—আমরা সময়মত টাকা পেঁাছে দিই, বীজ ধান পেঁাছে দিই, গরু কেনার টাকা পেঁাছে দিই এবং কি এফিসিয়েন্ট ডিপার্টমেন্ট যার জন্য কৃষকদের উৎসাহ উদ্দীপনা বেড়ে গিয়েছে এবং এই উৎসাহ উদ্দীপনা বাড়বার নমুনা হিসাবে প্রায় ৫০ হাজার টাকা পাবলিসিটিতে খরচ করেন। আমার কাছে একটা বাণ্ডিল রয়েছে—তার উপর সায়েন্টিফিক এগ্রিকালচার ফর প্যাডি প্রোডাকসন—এই ইংরেজী হেড লাইন দেওয়া হয়েছে। এই একটা ইংরেজী বই—এগুলি গ্রামের লোক পড়বে, গ্রামের চাষী পড়বে—এতে সায়েন্টিফিক প্রোডাকসন অফ প্যাডি হবে—অদ্ভুত বুদ্ধি এদের। এই পড়ে গ্রামের কৃষক উদ্বুদ্ধ হবে, এই বইগুলি পড়ে তারা বৈজ্ঞানিক উপায়ে ধান চাষ করতে শিখবে, কি অদ্ভুত ব্যাপার। সাধারণ সেন্স, কৃষক সম্বন্ধে সাধারণ যে জ্ঞান সে পর্যন্ত এদের নাই; কোন্ স্তরে আছি, কোন্ জিনিস দিলে সাধারণ মানুষের কাছে সহজে প্রবেশ করতে পারবে সে জ্ঞান পর্যন্ত নাই। উপরতলা থেকে মক্কেলরা বলে দিলেন ইংরেজিতে টাইপ ক'রে পাঠিয়ে দিন, মন্ত্রীমহাশয় বললেন দাও। তারপর সে বই কোথায় যাবে, কিভাবে বই হবে, কি কাজে লাগবে জানি না। আর একটা বই বেরিয়েছে, স্যার, কালকে দেখেছি—জুট প্রোডাকসন—কি ক'রে পাটচাষের উন্নতি করবে—ঐ তরফের অধিকাংশ গ্রাম থেকে এসেছে—গ্রামের লোকরা সেই ইংরেজী বই পড়বে, পড়ে জানবে সারা দুনিয়াতে, ভারতবর্ষে কি অবস্থা পাটের—এ বই ইংরেজীতে লেখা—বাংলার নামগন্ধও কোথাও নাই। এগুলি গ্রামে বিলিয়ে দেবে আর সেগুলি গ্রামের কৃষকরা পড়ে জানবে কি করে পাট চাষের উন্নতি হয়। পাবলিসিটি ডিপার্টমেন্টএর তরফ থেকে এই কাজ হচ্ছে। এই অপব্যয়

করবার কি দরকার? বলবেন পাবলিসিটিতে প্রচুর টাকা খরচ করেন। অদ্ভুত ডিপার্টমেন্ট, অদ্ভুত তার নীতি, সাধারণ কৃষক সম্বন্ধে ধ্যান ধারণাও তার অদ্ভুত। সাধারণ কৃষক সম্বন্ধে এই যে চিন্তাধারা এটা পরিবর্তন করার প্রথমে প্রয়োজন। তা নইলে শুধু টাকার অঙ্ক দিয়ে কিছু হবে না। একটা জিনিস দেখাতে চাই যে আমাদের ভেটিরিনারি ডিপার্টমেন্টএ চাষের জন্য সবচেয়ে বড় প্রয়োজন যেটা সেটা হচ্ছে গরু। এঁরা বলছেন আমাদের অফিসারস কম, ৪০টা এখনও ভ্যাকান্সি আছে, আরও কিছু কিছু জায়গায় আরও লোকজন নিচ্ছেন। আমি স্যার, দেখাতে চাই, গত এক বছরে ৬ মাসের তথ্য নিয়েছি মাত্র একটি থানার—বেশি নেওয়া সম্ভব হয় নি।

হাসনাবাদ থানার কয়েকটা গ্রামের তথ্য নিয়েছি। বীজপুর ইউনিয়নের ৮টা ঘরের তথ্য নিয়েছি তাতে ১৪টা গরু ছিল, ১০টা মারা গেছে। দুধেবলদের কথা আমি বলছি না। দুর্গাপুর আদিবাসী পাড়াতে ১৬টা ফ্যামিলিতে ৬৮টা গরু ছিল, তার মধ্যে ৩৮টা গরু মারা গেছে, হিঙ্গলগঞ্জ লট নম্বর ১, ৯ এবং ৭ সেখানে ৫৫টা ফ্যামিলির মধ্যে ২শ'টা গরু ছিল, তার মধ্যে ১০৭টা মারা গেছে, যোগেশগঞ্জে ৯টা ফ্যামিলিতে ২৫৭টা গরু ছিল, তার মধ্যে ১৯৭টা মারা গেছে, দুলদুলিতে ৩৩টা ফ্যামিলিতে ৩৩৮টা গরু ছিল, তার মধ্যে ২৬৬টা মারা গেছে। উনি ফডারের কথা বলেছেন এবং উনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ফডারের একটা অ্যারেঞ্জমেন্ট করবেন। কয়েকটা গ্রামের তথ্য দিয়ে আমি দেখিয়ে দেব যে, কি ধরনের হাড় স্টাক হচ্ছে। ইউনিয়ন ইউনিয়নে যারা গরুর হাড় নিয়ে ব্যবসা করে এইবার তাদের মরশুম। সেখানে কি ঋণ গিয়েছে, সেখানে কি অদ্ভুত সাহায্য করার নীতি। গরু কেনবার জন্য যেখানে গেছে ইউনিয়নে গড়ে ১ হাজার টাকা, তার মানে ১০টা গরুর জন্য। যেখানে এক একটা ইউনিয়নে আড়াই হাজার, তিন হাজার পাঁচ হাজার পর্যন্ত গরু মারা গেছে সেখানে কৃষকদের চাষ করবার জন্য সাহায্য দিচ্ছেন—একটা গরু একশ' টাকায় কিনতে হবে, একশ' টাকার বেশি দেওয়া হবে না, এই হচ্ছে এঁদের নীতি এবং যেসব ফরম আছে সেইসব ফরমগুলি কিনতে গেলে দু' টাকা ক'রে লাগবে যেহেতু ফরম কম—২।৪ টাকা লেনদেন না করলে তা পাওয়া যাবে না। আমি শুধু এইটুকু বলতে চাই যে, আজকে গ্রামের কৃষকদের সবচেয়ে বড় প্রয়োজন কি সেটা দেখতে হবে। এঁরা হরিণঘাটায় ফার্ম করছেন, এদিকে টালিগঞ্জে করলেন, এক-একটা জোনে এক-একটা এলাকা ক'রে ডেমনস্ট্রেশন সেন্টারের কথা বলেছেন। আমি জানি যে, ডিমনস্ট্রেশন সেন্টার যা আছে তাতে ২।৩ জন কৃষকের মঙ্গল হয় যাদের জমিতে আছে কিন্তু সাধারণ কৃষক তা থেকে কোন প্রেরণা লাভ করে না। এইরকম যদি একটা ব্যবস্থা থাকত যে, ডিমনস্ট্রেশন সেন্টার যে অঞ্চলে আছে সেখানকার কৃষকদের নিয়ে হাতেকলমে কাজ শিখিয়ে ট্রেনিং দিয়ে নেওয়া হ'ত এবং সেটা তাদের নিজের জায়গায় প্রয়োগ করার যদি একটা ব্যবস্থা থাকত তা হ'লে একটা কথা ছিল। সেখানে কি আছে, এগ্রিকালচারাল অ্যাসিস্ট্যান্ট থাকে, অপর লোকও থাকে, কিছু বীজ ধান দেওয়া হয়, কিছু টাকা দেওয়া হয়। টাকা বখরা থাকে কিছু টাকা তাঁরা পান এবং তাতে কিছু লোকের মঙ্গল হয়, আসলে সাধারণ কৃষকদের তাতে কিছু মঙ্গল হয় না। সেখানে যদি একটা প্র্যাকটিক্যাল ট্রেনিংএর ব্যবস্থা থাকত তা হ'লে তা থেকে তারা প্রেরণা লাভ করত এবং যদি তাদের প্রতিশ্রুতি দেওয়া হয় যে, তোমরা ফিরে গেলে তারপরে তোমাদের যে ইমপ্লিমেন্টের প্রয়োজন, যে কৃষিঋণের প্রয়োজন, বীজধান, গরু, যা দরকার তা প্রয়োজন মাফিক গভর্নমেন্ট থেকে সাহায্য করা হবে এবং সেই পদ্ধতি যদি নিজের নিজের জায়গায় প্রয়োগ করতে পারে, তা হ'লে একটা বাস্তব পরিকল্পনা হয়, কিন্তু তার উপায় নেই। সেজন্য সর্বশেষে আমি এটুকু বলতে চাই যে, সেসমস্ত পরিকল্পনাগুলি নূতন ক'রে ভাবতে হবে এবং বাংলাদেশের কৃষকদের সবচেয়ে বেশি যা প্রয়োজন সেই প্রয়োজন হচ্ছে ঠিকমত যাতে গো-ঋণ পেঁছায়, অন্যান্য ঋণ ঠিকমত পেঁছায় এবং যেগুলি ডিস্ট্রিবিউশন হচ্ছে সেগুলি যাতে ঠিকমত তাদের কাছে পেঁছায়—তার একটা ব্যবস্থা করা। উপরতলার জন্য টাকার অ্যামাউন্ট না বাড়িয়ে ডিমনস্ট্রেটর যাঁরা আছেন, যাঁদের সাধারণ মানুষের জীবনের সঙ্গে যোগাযোগ আছে, তাঁদের দিকে বেশি ক'রে নজর দিয়ে তাঁদের উন্নতির ব্যবস্থাপনা করলে এই পরিকল্পনা উপরতলা থেকে ব্যর্থ হবে।

[10—10-10 a.m.]

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! বাংলাদেশের আশীর্বাদ হচ্ছে যে, তোমার ছাওয়াল দুধে ভাতে থাক। কাকেও আশীর্বাদ করতে গেলে বলে যেন দুধে ভাতে তোমার ছেলেরা থাকুক। আমাদের কৃষি বিভাগ এবং কৃষি বিভাগের যিনি মন্ত্রী সেই দুটোর ভার—দুধ এবং ভাত। কিন্তু আমরা দুঃখের সঙ্গে দেখছি তিনি গতবারেও ছিলেন, এবারেও আছেন দেখছি, এবং দুধ যা ছিল তা পাঠিয়ে দিয়েছেন, ডকে তুলে দিয়েছেন, এবং ভাতের অবস্থা যে অত্যন্ত কাহিল তা বুঝতেই পারছেন। অধ্যক্ষ মহোদয়! আমরা ভেবেছিলাম যে, পশ্চিম বাংলার বর্তমান সরকার অন্তত একটা 'কালচার' বোঝেন ভাল ক'রে এবং সেটা এগ্রিকালচার। আমার মতে তাঁদের আর কোন 'কালচার' নেই,—এইটেই ধারণা ছিল। সেই হিসাবে আমরা দেখেছিলাম এগ্রিকালচারের মধ্যে 'কালচার' ঢুকিয়েছেন। 'গ্রো মোর ফুড'—'নাচিয়া নাচিয়া ফসল ফলাও' —এইসব কালচার ঢোকাবার চেষ্টা করছেন। গ্রামে গ্রামে আমরা দেখছি ভূমিসেনা হ'ল, বাঁদর মারার অভিযান হ'ল এবং বহু কিছু ব্যাপার হয়ে গেল। গোলারুটি, চাকি বেলম—বহু কিছু হয়ে গেল। কিন্তু এখন দেখছি যা ছিলাম তাই আছি, দুর্ভিক্ষে দেশ মরছে। গ্রো মোর ফুড স্কীম সম্পূর্ণ 'ফেল' করেছে। এখন বলছেন গ্রো মোর মিনিস্টারস—মিনিস্টারের বংশ বৃদ্ধি হয়েছে স্যার। আর একটা 'গ্রো মোর গাঞ্জা' হয়েছে ; গাঁজা মদের বড় বড় দোকান পশ্চিম বাংলায় হয়েছে। ধান জমি ভেঙে গাঁজার চাষ মুর্শিদাবাদ জেলার বহরমপুরে হয়েছে। কিন্তু সেখানে যদি দেখা যায়—তা হ'লে দেখব বড় তামাকের বেলা ভাল অবস্থা হ'ল, ছোট তামাকের বেলা নয়। বাংলাদেশে সে তামাক চাষ করা বন্ধ হতে চলেছে, সে বিষয়ে সরকারের কোন চেষ্টা নাই, পাউন্ড প্রতি সাত আনা সেখানে কর বসান হয়েছে, যদিও সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের কর, কিন্তু সে জায়গায় দৃষ্টি দেওয়া উচিত ছিল।

এবার কথা হচ্ছে চাষ যদি করতে হয় তা হ'লে চাষের জন্য জমি করতে হবে। আমাদের যে বলা হয় যে, মানসিক পুনর্বাসন বা বড় বড় কথা বলুন না কেন জমি ছাড়া যতই বলুন মানব জমি চাষ করলে ফলে সোনা, কিন্তু তা না হ'লে সোনা ফলে না। কিন্তু জমির ব্যাপারে দেখছি—এই যে 'ল্যান্ড রিফর্ম' যা হয়েছে যা আইন হয়েছে এতে কি হয়েছে। জমি যতটুকু ছিল, লোকেরা চাষ করত, চাষীরা তা থেকে চাষ ক'রে কিছু ফলাত, যে আইন করেছেন যে, ৭৫ বিঘার বেশি জমি কারও থাকবে না, যদিও আমরা বলেছিলাম যে, ৪৫ বিঘা বা ১৫ একরের বেশি জমি রাখা উচিত নয়, সেই ১৫ একর জমির বেশি একজনকে না দিয়ে দৃঢ়হস্তে যদি বাকি জমি জনসাধারণের মধ্যে বা ল্যান্ডলেস বা ভূমিহীন কৃষক যারা হাতেকলমে কাজ করে তাদের হাতে দেওয়া উচিত ছিল। কিন্তু সেটা দেওয়া হয় নি। আমাদের খাদ্যমন্ত্রী সেদিন এক জায়গায় একটা টিপ্পনী দিয়েছিলেন যে, চাষীর অবস্থা মোটামুটি ভাল, খাজনা ত বাড়ে নি। আমি তাঁকে বলে দিয়েছি, খাজনা নিতান্ত বাড়ে নি বটে কিন্তু চাষীর লাখেরাজ জমির খাজনা এবং পতিত জমি যা ছিল সেগুলির বেড়েছে এবং এই খাজনা দিয়ে চাষীর সোনার সংসার ফলান যাবে না।

তারপরে সেচ। আমি সেচ অঞ্চলের লোক, দামোদর অঞ্চলের লোক ; সেখানে আমাদের সেচের ক্যানাল কেটে সেচ বন্ধ ক'রে দেওয়া হচ্ছে। কালকে ডি-ভি-সির আলোচনা হয়ে গেছে। আমি বিশেষভাবে এইটুকু নিবেদন করছি এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তার সঙ্গে সংশ্লিষ্ট যাঁরা তাঁদেরও জানাচ্ছি যে, সেই যে ক্যানাল কাটা হয়েছে, তার কতক অংশ বা অধিকাংশ চাষীদের, এবং ডি-ভি-সি যা কেটেছেন তা আবার খানিকটা বাদ রেখেছেন, খানিকটা কেটেছেন,—সে যেন বাবা তারকনাথের কাছে মানসিক রাখা হয়েছে চুল দেবার জন্য এবং সেখানকার পরামানিক বলে তাড়াতাড়ি এস, মাথাটা কামিয়ে দিই, এবং যেমন সে এল তার এক খাবলা কামিয়ে বসিয়ে রেখে দিন, তারপর আবার একজন গেল, তারও সেইরকম ; এই-ভাবে এক একজনের খানিকটা কাটে আর রেখে দেয় এবং সে লজ্জায় বাহিরে কোথাও যেতে পারে না। ঠিক তেমনি ডি-ভি-সির ক্যানাল খানিকটা কাটা হয়েছে, খানিকটা ফেলে রাখা হয়েছে—যার ফলে কোনকিছুই হয় না। এসব কৃষিপণ্ডিতদের মাথায় ঢোকে না। আজ জওহর পণ্ডিতমহাশয় যা বলেছেন আমরা বিরোধী লোক হয়েও তাঁকে ধন্যবাদ দিই যে, তাঁর

একটু জ্ঞানের উদয় হয়েছে। এ'রা বলেন এ কেমন ক'রে হবে, ক্যানালে এত খরচ হচ্ছে, এত লোক পুষতে হবে, এত সিমেন্ট বরবাদ হয়েছে। নানাবিধ কেলেঙ্কারী আছে। এইসব আমাদের চাপা দিতে হবে। আমরা সেখানে বলি ৫ টাকার বেশি ক্যানাল কর হওয়া উচিত নয়। যদি বলেন খরচ কেমন ক'রে চলবে? সে জায়গায় বলি খরচ চলবেই।' যদি বলা যায় একটা পোস্টকার্ড এখান থেকে পাঞ্জাবে পাঠিয়ে দিতে হবে, এবং সেজন্য লোক দিয়ে, ছাতা বগলে ক'রে ছুটে ছুটে যায় তাতে কত খরচ পড়ে? তিন পয়সার পোস্ট কার্ডে যে কাজ হ'ত তার জন্য ৮২ টাকা খরচ পড়ে যাবে। সে জায়গায় দেখান হচ্ছে ক্যানাল কর ৫ টাকায় কেমন ক'রে হবে? আমাদের কথা হচ্ছে উৎপাদন করবে চাষী—সে বসুন্ধরার বুক ফুঁড়ে মা কমলাকে তুলবে তাদের সংগতির উন্নয়নের জন্য আপনাকে যা ন্যায্য তাই নিতে হবে। আর যদি প্রয়োজন তা হ'লে এগ্রিকালচার ইনকাম ট্যাক্স চাপান। এ না করলে অনেক কিছু ট্যাক্স হবে এবং এই বুদ্ধি যদি চলে তা হ'লে শেষ হয়ে যাবে।

এবারে স্যার! সারের কথা বলব। ভাল সার ব'লে মন্ত্রিমণ্ডলীর মাথার ভিতর আছে। আর এইমাত্র সার দেওয়া হচ্ছে। তারপরে সারের কেলেঙ্কারী সরকারী সারের ভিতর দিয়ে সরকার যে ব্ল্যাকমার্কেটিং করছেন, অতিলাভ করছেন। সারের যে 'প্রেসক্রিপশন' তা হিসাব ক'রে দেখলে দেখা যাবে অ্যামোনিয়ম সালফেট ৪৫ ভাগ, সুপার ফসফেট ২৫ ভাগ, বোন মিল ১০ ভাগ এবং যেটাকে ড্রেনের পচানী বলে কলকাতায়—সেটা ২০ ভাগ। এই সবের মিক্সচার করলে তার ক্রয়মূল্য হচ্ছে সাড়ে ছয় টাকা মণ, সেটা ও'রা বিক্রি করছেন এগার টাকা ছ' আনায়। এটা চাষীমারা বিদ্যা! কৃষিমন্ত্রী বলেন যে, লোক কিনছে কেন, এত খরিদদার হচ্ছে কেন? লোককে ঠকাবার জন্য। ধার দিলেও খরিদদার আসে, আবার কাবলিওয়ালার কাছে ছয় আনার চাদর ১০ টাকায়ও কেনে। আজ অসহায় লোক যে সে ধারে হাতী পর্যন্ত কিনতে পারে। আমার বক্তব্য যদি কৃষি উৎপাদন বাড়াতে হয়, সার বিনা পয়সায় দিতে হবে। এই সার আবার উন্নত ধরনের করতে হবে, এবং যে এজেন্টরা এই সার বিক্রি করে তাদের নিজেদের সার—বাঘ মার্কা সার ইত্যাদি দিয়ে—তার মানে সরকারী জিনিস হচ্ছে নিকৃষ্ট সার। অতএব আমরা সে জায়গায় বলতে চাই যে খোল সার, যে খোল সার আমরা চিরকাল জানি যে খোলই সর্বশ্রেষ্ঠ সার। সরকারই বলছেন সবুজসার সর্বশ্রেষ্ঠ সার। কিন্তু সেইসব সারের দিকে বেশি ঝোঁক না দিয়ে 'অ্যামোনিয়ম সালফেট'এর মত রাসায়নিক সার দেবার ফলে—আমি বিজ্ঞানবিদ্ নই, চাষাভুষা লোক, ১৪ পুরুষ চাষী, কিন্তু আমরা দেখছি যে, ঐ রাসায়নিক সারের বিপদ আছে। যেদিন থেকে ঐ সার ব্যবহৃত হচ্ছে সেদিন থেকে একটা না একটা লেগেই আছে উপদ্রব। ধানে ধসা ধরছে, গম শুকিয়ে যাচ্ছে, কম ফলছে। এখন সেটা 'অ্যাটমিক পাওয়ার' দিয়েই আসুক, বা এই সারের ভিতর দিয়েই আসুক, তা বলতে পারি না। আমাদের কৃষিমন্ত্রী দাঁতের ডাক্তার, তিনি অবশ্য বিষ দাঁত তুলতে পারেন না, সে দোষ তাঁর নয়, কিন্তু এই রাসায়নিক সারে কি ক্ষতি হচ্ছে না হচ্ছে সেটা বিশেষ ক'রে দেখা দরকার। আমাদের দেখান হচ্ছে আমাদের স্কুলের ছেলে খুব ভাল ক'রে পড়াশুনা করছে, ফার্স্ট হচ্ছে; তাঁরা দেখাচ্ছেন যে, এত ফলন হচ্ছে যে তার তুলনা নাই। পৃথিবীতে এরকম রেকর্ড নাই। আলু এত ফলেছে যে, পৃথিবীর রেকর্ড ছাড়িয়ে গেছে বৎসরের পর বৎসর পুরস্কার পাচ্ছেন। এত উৎপাদন করেছেন। আর উৎপাদনের অবস্থা দেখে আশপাশের চাষীরা কত উৎসাহিত হ'ল তার হিসাবনিকাশ নাই। কথা ত তাই। শুনলাম মেদিনীপুরের এক জায়গায় আলুর জন্য ফার্স্ট প্রাইজ পেয়েছিল। সেখানে থেকে আলু ওঠাবার আগে অন্য জায়গা থেকে ভাল আলু নিয়ে সেই আলু লাইনের মধ্যে বসিয়ে দিয়ে আবার সেখান থেকেই দেওয়া হয়েছিল। একথা আমরা শুনেছি। কিন্তু কথা এই —এইরকম অস্বাভাবিক ফলন যদি দেশে হয় তা হ'লে কিছুতেই এই ২৫।২৬ টাকা চা'লের মণ হ'তে পারে না। কাজেই সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। আমাদের বর্ধমান মিউনিসিপ্যাল হাই স্কুলের একজন পণ্ডিত মশাই ছিলেন—তাঁর মাথার একটু গোলমাল। যে ছেলেকে ভালবাসতেন তাকে অত্যন্ত ভালবাসতেন, ১০০ নম্বরের ভিতর ফুল মার্ক ও দিয়েছেনই, আর টোট্যাল ক'রে দেখা গেল সে নম্বর পেয়েছে ১১০। এর কারণ জিজ্ঞাসা করা হ'ল যে, এ কি ব্যাপার! তখন পণ্ডিতমশাই বললেন, "ও দশ নম্বর খুশিসে দে দিয়া" আমাদের এগ্রিকালচার ডিপার্টমেন্টের ফসলের অবস্থা সেই রকম দেওয়া যায়। এ সম্পূর্ণ বিশ্বাস করা যায় না। অবশ্য আমি গ্রাজ ক'রে বলছি না। হ'লে ভালই, পল্লীর কল্যাণ হবে,

আমরাও খুশি হব। সুতরাং এদিকে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। আর এক কথা—স্বয়ং-সম্পূর্ণ হ'তে বলেন। আমার বরাবরের সাজেসশন স্যার, যে, কৃষিবিভাগ থেকে আরম্ভ ক'রে মন্ত্রীমণ্ডলীকে কিছু জমি ছেড়ে দেওয়া হউক। তাঁরা চাষবাস ক'রে খান। আর নূতন ক'রে কিছু না কিছু নেন। আমাদের বর্ধমানে কৃষি ফার্ম আছে, চমৎকার ফার্ম। তার চারদিকে এমন ফেনসিং দেওয়া হয়েছে যে, চাষীর ১৪ পুরুষ সে জায়গায় পৌঁছাতে পারে না। সেখানে যেমন খুব বেশি সার দেওয়া হয়েছে, ভাল ভাল সব বীজ দিচ্ছেন। আমাদের চাষীর ঘরে কি যায়? বছরে দু' টাকা বেতন পায়, আর বড় কর্তা ২,২০০ টাকা পান। তাই আমার বক্তব্য হচ্ছে, যে জমি ছেড়ে দেওয়া হচ্ছে তাতে সরকারী হাল, জোয়াল, কোদাল সবই ছেড়ে দেওয়া হয়েছে, তাঁরা কেবল নিজে পয়সা রোজগার ক'রে খান। আর গ্রামে যেসব পি, এল, এ, —যেসব কৃষি-অ্যাসিস্ট্যান্ট—তাদের কোন কাজ নেই তাদের পি, এল, এ=স্লে করতে হয়, আর কোন কাজ নেই।

[10-10—10-20 a.m.]

বীজকেন্দ্র যেসমস্ত করেছেন, আমি জানি না—মাননীয় আমেদ সাহেব যদি বলেন—কোথাও বীজ দেওয়া সুষ্ঠুভাবে হয় নি এবং সময়ে কোথাও এদের যায় নি। এদের দুপুরবেলায় প্রাতঃভ্রমণ, অর্থাৎ যে সময়ে অপনার বীজের দরকার সে সময়ে আসবে না, হয়ত বাজারে যখন ফসল উঠে গেল সেই সময় সেখানে বীজ আসে—এই হচ্ছে অবস্থা। অতএব কৃষিকেন্দ্রগুলি যাতে সম্পূর্ণ অভিজ্ঞ চাষীর দ্বারা পরিচালিত হয়, চাষীর ঘরের ছেলেদের দ্বারা পরিচালিত হয় সেদিকে বিশেষ ক'রে দৃষ্টি রাখতে হবে এবং এই বিষয়টার প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এবারে নূতন চাষের বিষয় বলি একটু। বার বার এই কথাই বলা হয় যে, খাদ্যে স্বয়ং-সম্পূর্ণ হচ্ছে না আমাদের দেশ। কিন্তু বারবার বলেছি যে, চেষ্টা করুন—পোস্ত চাষটা করুন। এমন গৃহস্থ নেই যে, পোস্ত না খায়। পূর্ব বাংলার লোকেরা আগে খেতেন না বলতেন পোস্ত আর কলাইএর ডাল। এখন দেখছি তাঁরা যেমন আরম্ভ করেছেন তাতে আমাদের আর সে জায়গায় পাত্তা নেই। যেমন আগে হিন্দুরা মুরগি খেতেন না। এখন এত রামপাখী খাচ্ছেন যে, সে জায়গায় আর মুসলমানভাইরা পেরে উঠছেন না। সেইজন্য আমি বার বার বলেছি—আমরা বর্ধমান জেলার লোক এবং পশ্চিম বাংলার আদিম অকৃত্রিম লোক। আমরা মাছের, কলায়ের ডাল এবং পোস্তর দেশের লোক—আমাদের দেশের লোক গোস্ত ছেড়ে পোস্ত খায়। সেইজন্য বলছি—উনি যাতে পোস্তচাষের ব্যবস্থা করতে পারেন—তবে ওঁরা বলবেন যে, সেন্ট্রাল গভর্নমেন্টএর হাতে আফিং আছে—আরে! গাঁজার চাষ যেখানে হয়, সেখানে গাঁজা খেলে রক্ত হয় না। আর পোস্ত খেয়ে যদি দু' ফোঁটা রক্ত হয়, তার জন্য চেষ্টা করা উচিত কি ক'রে বাংলাদেশে বেশি ক'রে পোস্ত চাষ হয়। তারপর সরিষা এবং তেল—এঁরা যাকে তাকে তেল দেবেন না, বড় জায়গায় না হ'লে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে, এদেশের তেলের অত্যন্ত অভাব। কৃষিমন্ত্রী মহাশয়ের রিপোর্টএ সেসবের কোন বালাই টালাই নেই। তামাকের কথা বলেছি, গমের চাষের কথাও বলেছি। গমের চাষ যা বলেছি, সেদিকে বিশেষ দৃষ্টি রাখা দরকার। কেবল, অমুক টন, তমুক টন—আমাদের খাদ্যমন্ত্রী, দুর্ভিক্ষ-মন্ত্রী কেবলই টন, টন বলেন, কিন্তু প্র্যাকটিক্যালি আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের অনটনই আছে। আমাদের রুটি খেতে কোন আপত্তি নেই। সেখানে রুটির ব্যবস্থা করার জন্য গম যাতে বেশি ক'রে ফলে, তার কথা বলুন। দু'-ফসলার কথা বলছেন—আপনাদের যে জলের রেট, তাতে আর দু'-ফসলা কাকেও করতে হবে না, আধ-ফসলা করতে পারলেই বাঁচে। আজকে আপনাদের ডি-ভি-সিতে যেসমস্ত চলছে, অবশ্য আমাদের সেচমন্ত্রী মহাশয় অজয়বাবু, তাঁর কোন হাত নেই—সেই জায়গায় আমাদের দামোদরের উপর যদি বিশেষ ক'রে নির্ভর করতে হয়, এবং দু'-ফসলা চাষ করতে হয় তা হ'লে এঁরা ত বলছেনই—ক্যানাল এখনও কমপ্লিট হয় নি, আমরা জল দিতে পারব না। অতএব কিছু হ'তে পারে না—এই সমস্ত কথা তাঁরা বলছেন। কিন্তু আমি সেই জায়গায় বলব যে, ড্যামএ যেটুকু জল আছে, তা দেশের লোককে প্রথম প্রথম বিনা পয়সায় দেন এবং দিয়ে দেখুন যে তাদের উপকার হচ্ছে। তারপর অন্য ব্যবস্থা করবেন।

এইবার, স্যার, আমি গোরুর দিকে আসছি। স্যার, বলদ না হ'লে কেউ চাষ করতে পারে না। যদিও কংগ্রেসের জোড়া বলদ দেখতে ভাল কিন্তু আমাদের দেশের বলদের অবস্থা সঙ্গীন। যে বলদ আমাদের দেশে খাদ্য উৎপাদন করে, সেই বলদকে খাওয়াবার কোন ব্যবস্থা নেই। গোরুর এমন অবস্থা হয়েছে যে—দিনাজপুরে গিয়েছিলাম, সেখানে দেখি যে, ছোট ছোট রামছাগলের মত গোরু। জিজ্ঞাসা করলাম—ওহে, তোমাদের একজোড়া গোরু চালাতে তো তোমাদের তিনটা কিষাণের দরকার লাগে। তারা বললে—বলেন কি, মশাই! একটা কিষাণই দু'টিকে চলাতে পারে। আমি বললাম—না, না। একজন হাল ধ'রে যাবে, আর ২ জন ও দুটোকে ঠেলে ঠেলে নিয়ে যাবে। এই তো গোরুর অবস্থা। আজকে তিনি বলছেন—দুধ-ভাতের ব্যবস্থা করবেন এবং শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন যে, আমরা গো-চরের ব্যবস্থা করব। এ'রা গোচরকে তো খেচর ক'রে দিয়েছেন! সমস্ত তুলে দিয়েছেন—গোচর নেই, স্টেট অ্যাকুই-জিসন আইনের ফলে। আবার বলছেন, গোচর করব। আজকে গোরু খেতে পায় না। আজকে দুধের এ'রা এমন অবস্থা করেছেন যে, দিনের পর দিন কমে কমে যে পর্যায়ে এসে পড়েছে, তার তুলনা হয় না। তাই যদি গোরুর উন্নয়ন করতে চান,—তবে উনি বলেছেন যে, ইনজেকশন দিয়ে ঐ যে ইনসেমিনেসন কৃত্রিম উপায়ে দুধ-উৎপাদনের ব্যাপারটা—সেই ব্যাপারটাই বা কটা করেছেন? যা করেছেন তার চেয়ে তার প্রোপাগান্ডাই বেশি এবং যতটুকু হয়েছে, তা কেবল সাহেবসুবা আসছে, দেখছে, কেমন হয়েছে এবং চমক লেগে যাচ্ছে। একটা উদ রয়েছে নামারীতে—তার দর্শনের যে কত খরচ হয়েছে এবং তার আসল কি থাকবে—তা আমরা জানি না। কিন্তু সেটাই বা ব্যাপক হচ্ছে কোথায়? তারপর গো-চিকিৎসা—কথায় বলে, স্যার, যদি কোন ডাক্তার খারাপভাবে চিকিৎসা করে, তা হ'লে তাকে বলে গো-বদ্যির ব্যবস্থা। সে গো-বদ্যির ব্যবস্থা এখনও ভালভাবে হ'ল না। তাঁরা বলছেন যে, আমাদের লোক নেই, কিন্তু যে কয়েকজন লোক আছে তাদের ফীর ব্যাপারটা খুব! পাড়াগ্রামে গোরুর চিকিৎসা তো দূরের কথা—মানুষের চিকিৎসাই করাতে পারে না। সেখানে যদি একটা গোরুর চিকিৎসা করাতে হয়, একটা কুকুরের চিকিৎসা করাতে হয়, তা হ'লে একটা মোটা ফী দিয়ে সেখানে নিয়ে যেতে হয়—এই আমরা দেখেছি। তাই ফডার বা গোরুর খাদ্যের দিক দিয়ে কি অবস্থা হয়েছে—তা সকলেই জানেন।

[At this stage the red light was lit.]

আপনি আলো জ্বালিয়ে দিয়েছেন। আমারও আর কিছু বলার নেই, কিন্তু এই কথাই বলি, দুধ সম্বন্ধে যে অবস্থা হয়েছে তাতে দুধ ব'লে কোন কিছু থাকবে না নেক্সট জেনা-রেসনএ। এবং দুধ শব্দটা ডিক্সনারি ছাড়া আর কোথায়ও পাওয়া যাবে না। এবং এখনই স্কুল ফাইন্যালএ তার প্রশ্ন হবে যে, গো-দুগ্ধ কাহাকে বলে? যদি ছাত্ররা লিখতে পারে যে, পুরাকালে ছাগলের মত চতুষ্পদ এক রকম জন্তু ছিল তাহার পশ্চাৎদিকে দুইটি পদের মধ্য-স্থলে একটি মাংসপিণ্ড থাকিত—তাহাকে মোড় বলে এবং (খ) তাহা দিয়ে ৪টি পটলের মত দ্রব্য ঝুলিত—তাহাকে বাঁট বলে এবং তাহা টানিলে যে তরল পদার্থ নির্গত হইত—তাহাকেই গো-দুগ্ধ বলে, তাহ'লে সে ২০ নম্বর পাবে। আজকে দেশের অবস্থা এইখানে এনে দিয়েছে। গোরু আমাদের দেবতা—গোরুকে আমরা পূজা করি। আর, স্যার, যারা গোরুর তরকারি ক'রে খায়—ডেনমার্কএর লোক—তাদের দুধ—এক মণ পাঁচ সের একদিনে হয়। এইরকম আমাদের মন্ত্রীমহাশয়দের কবে হবে—তা আমরা জানি না।

Sj. Subodh Banerjee:

স্পীকার মহোদয়, যে বিভাগের আলোচনা করতে উঠেছি তার পক্ষে এই বৎসর একটা গুরুত্বপূর্ণ বৎসর ব'লে আমি মনে করি। কৃষি বাংলাদেশের জনসংখ্যার শতকরা ৭৭ জন লোকের জীবনের সঙ্গে জড়িত। এই বৎসর আপনি জানেন যে, এক ফোঁটা বৃষ্টি এখনও পড়ে নি; দুর্ভিক্ষাবস্থা প্রায় প্রত্যেক জেলায় দেখা দিয়েছে। এই অবস্থায় কৃষিখাতে ব্যয় বরাদ্দের আলোচনা ঠিক আগের আগের বৎসরের মত হওয়া উচিত নয় ব'লে আমি মনে করি। বাংলাদেশের শতকরা ৭৭ জন লোকের জীবনধারণের উপায় যার উপর নির্ভর করছে, সেই কৃষি যদি আগের মতই চলে, কৃষি বিভাগ যদি গতানুগতিকভাবে পরিচালিত হয় তা হ'লে এই রাজ্যের লোককে এই বৎসর বাঁচান যাবে না। আজকের সংবাদপত্রে দেখলাম যে, পণ্ডিত নেহরু

জলকরের হার কমিয়ে দেবার উপদেশ এই রাজ্যসরকারকে দিয়েছেন। দুর্ভিক্ষাবস্থার জন্য যেমন রাজস্ব আদায় বন্ধ রাখা হয় তেমনি এই অনাবৃষ্টির বৎসরে চাষের সুযোগের জন্য বিনা মূল্যে সেচের জল সরবরাহ করা দরকার। পশ্চিম বাংলার চাষীদের পক্ষ হ'তে এই আমার প্রথম দাবী। চাষীকে বাঁচাতে হ'লে, আগামী বৎসরে দুর্ভিক্ষ ঠেকাতে হ'লে খাদ্য বিষয়ে এই রাজ্যকে একটু নিশ্চিন্ত করতে হ'লে এটা করা একান্ত দরকার। আবহাওয়া দেবতার মর্জির উপর এই বৎসর চাষকে ছেড়ে দিলে দুর্ভিক্ষ ঠেকান যাবে না।

কৃষি ব্যয়বরাদ্দ আলোচনা করার সময় কতকগুলি বিভাগীয় ত্রুটি মন্ত্রীমহাশয়ের সামনে তুলে ধরতে চাই। আমি নিচের দিকের কর্মচারীদের মাইনে বৃদ্ধি করতে চাই; এর অর্থ ডাইরেক্টরেটএর খরচ বাড়ান নয়। গত বছর কৃষি-বাজেট আলোচনাকালে ইউনিয়ন এগ্রিকাল-চারাল অ্যাসিস্ট্যান্টদের বেতন বৃদ্ধির কথা বলেছিলাম এবং তার সঙ্গে সঙ্গে দিনের পর দিন এই বিভাগের ডাইরেকসন এবং সুপারিন্টেন্ডেন্সএর খরচ বেড়েছে ব'লে নিন্দা করেছিলাম। মন্ত্রীমহাশয় তার উত্তরে বলেছিলেন যে, আমি একসঙ্গে দু'টি পরস্পরবিরোধী কথা বলেছি। কিন্তু তা নয়; মন্ত্রীমহাশয় আমার বক্তব্য বুঝতে পারেন নি এবং তার চেষ্টাও করেন নি। সরকার উপরের খরচ কাটুন। গ্রামের চাষীদের সঙ্গে কৃষি বিভাগের সংযোগের সেতু যারা সেই ইউনিয়ন এগ্রিকালচারাল অ্যাসিস্ট্যান্টদের বেতন বৃদ্ধির কথা আমি বলেছি। তাকিয়ে দেখুন উপরের দিকের খরচ কিরকম বেড়ে চলেছে। প্রকৃত ব্যয়ের কথা বলছি—সুপারিন্টেন্ডেন্স ও ডাইরেকসনএর জন্য ১৯৫৩-৫৪ সালে ৫৫ লক্ষ ১৮ হাজার টাকা ব্যয় হয়েছে। ১৯৫৫-৫৬ সালে মূল বাজেটে বরাদ্দ হয়েছিল ৫৭ লক্ষ ১২ হাজার টাকা; সংশোধিত বাজেটে তা বেড়ে হ'ল ৬০ লক্ষ ৯ হাজার টাকা এবং এই বৎসরের বাজেটে সেটা আর এক ধাপ উঠে হয়েছে ৬২ লক্ষ ৬৯ হাজার। কোথায় ছিল ৫৫ লক্ষ ১৮ হাজার টাকা। এখন ৬২ লক্ষ ৬৯ হাজার টাকা হয়ে গেল। বৃদ্ধি সাড়ে সাত লক্ষ টাকা। এই মাথার দিকের খরচ কেন বাড়িয়ে চলেছেন? নিচের দিকে বাড়ান না কেন? নিচের দিকের কর্মচারীদের বেতন বাড়ালে এ ব্যাচ অফ কনটেনডেড এমপ্লয়িজ পেতে পারতেন। চাষের উন্নতি করতে হ'লে চাষীকে চাষ সম্পর্কে শিক্ষা দিতে হবে, চাষীদের সঙ্গে কৃষি বিভাগের প্রত্যক্ষ সংযোগস্থাপন করতে হবে। কিন্তু সংযোগসাধন যাদের দিয়ে করা হয় আপনারা নজর তাদের দিকে দেন না, মাথার দিকের বড় বড় কর্মচারীদের দিকে শুধু নজর দিচ্ছেন। হাত পা শক্ত না হ'লে শুধু মাথা মোটা হ'লে কি লোক বাঁচে? বাঁচে না। কৃষিবিভাগের সেই অবস্থা হয়েছে। ফলে যা হবার তাই হচ্ছে; কৃষিবিভাগ ব'লে যে সরকারের একটা বিভাগ আছে সেটা ব্যবহারিক ক্ষেত্রে লোকের নজরে পড়ে না। কৃষি বিভাগ অত্যন্ত অবহেলিত বিভাগ। আমার মতে হেমবাবুর বন এবং মৎস্য বিভাগের পরই কৃষি বিভাগের স্থান অবহেলার দিক হতে।

[10-20—10-30 a.m.]

এই বিভাগে কিরকম কাজ হচ্ছে দেখুন। সরকার যে পরিকল্পনা করছেন সেই পরিকল্পনার অর্থ কি? পরিকল্পনার উদ্দেশ্য একটা জিনিসকে সুষ্ঠুভাবে পরিচালনা করা। টাকা খরচ করাকে পরিকল্পনার সফলতা ব'লে স্বীকার করা যায় না। পরিকল্পনায় সফলতা বা বিফলতা বিচার করা হয় দেশের অর্থনীতিতে পরিকল্পনার ক্রিয়া ও ফল দেখে; সোজা কথায় সাধারণ মানুষের জীবনধারণের ক্ষেত্রে অর্থব্যয়ের কি ফল হচ্ছে তা দিয়ে। একটা পঞ্চবার্ষিকী পরি-কল্পনা যা শেষ হয়েছে আর একটার এক বৎসরের বেশি কেটে গিয়েছে। কৃষিক্ষেত্রে তাতে কি অগ্রগতি হয়েছে সে প্রশ্ন ছেড়ে দিলাম। বাজেটে কৃষির জন্য যে সামান্য অর্থটুকু বরাদ্দ হয় তা পর্যন্তও সরকার খরচ করতে পারেন না। যেগুলি উন্নয়নমূলক কাজ সেইগুলির জন্য বরাদ্দ টাকা সাধারণত খরচ করা হয়ে ওঠে না। এই সাদা বইখানার দিকে তাকিয়ে দেখলে আপনারা আমার এই অভিযোগের প্রমাণ পাবেন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রিক্লামে-সন অফ ওয়েস্ট ল্যান্ডএর জন্য আপনারাই বরাদ্দ করেছিলেন ৩৩ লক্ষ ৩৪ হাজার টাকা; কিন্তু খরচ করলেন ৩২ লক্ষ ৮৭ হাজার টাকা। সমস্ত কাজেই এই অবস্থা দেখা যায়। ধরুন ছোট ছোট সেচ ব্যবস্থা। এতে বরাদ্দ ছিল ১ কোটি ১ লক্ষ ১৫ হাজার টাকা, খরচ করলেন ১৯ লক্ষ ৯৩ হাজার টাকা। রিএক্সাভেসন অফ ডেরিলিক্ট ইরিগেশন ট্যাঙ্কএর জন্য বরাদ্দ

ছিল ১ কোটি ১৩ লক্ষ ৭৪ হাজার টাকা, খরচ করা হয়েছে ১ কোটি ৫ লক্ষ টাকা ; পারচেজ অ্যান্ড ডিস্ট্রিবিউসন অফ প্যাডি সিডএর জন্য বরাদ্দ ছিল ১৪ লক্ষ ৫৪ হাজার টাকা, সেখানে খরচ করলেন ১১ লক্ষ ৭৭ হাজার টাকা। এই সমস্তগুলি আমার হিসাব নয়, আপনাদের সাদা বইয়ের পৃষ্ঠা খুললেই আপনি এইসব হিসাব দেখতে পাবেন। এই যদি হয় তা হ'লে পরিকল্পনা কেন?

তৃতীয়ত, আমাদের দেশের মাটি সম্বন্ধে জানতে হবে। এটা আমি ১৯৫২ সাল থেকে ব'লে আসছি। আমি নিজে আপনাদের এগ্রিকালচারাল রিসার্চ লেবরেটরিতে গিয়ে সমস্ত জিনিস জেনে এসেছি। ১৯৪৭ সালে আপনারাই হাতে ক্ষমতা পেয়ে আজ ১৯৫৭ সালে এই ১০ বৎসরের মধ্যে প্রিলিমিনারি সয়েল সার্ভে সব জেলায় আপনারা ক'রে উঠতে পারলেন না। বর্ধমান আর হুগলি দিয়ে কতকাল চালাবেন? আর ঐ দু'টি জেলার মাটির কথা জানলেই কি পশ্চিম বাংলার অন্যান্য জেলার মাটির কথা জানা হয়ে যায়? কোন্ মাটি কেমন, তা যদি আজও আপনারা ঠিক করতে না পারেন তা হ'লে কোন্ মাটিতে কি সার দিতে হবে সেটা কেমন ক'রে ঠিক করবেন? আপনারা মাটির গুণ জানলেন না, মাটিতে ক্ষার বেশি, না, অম্লগুণ বেশি, তা পরীক্ষা করলেন না অথচ এইসব অত্যাবশ্যকীয় জিনিস না জেনেই আপনারা সারের কথা বলছেন। আমি মনে করি যে, মাটি পরীক্ষাকে আরও গুরুত্ব দেওয়া দরকার এবং যত তাড়াতাড়ি পারেন বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের মাটি কোন্ জাতীয় সর্বাগ্রে সেটা স্থির ক'রে ফেলুন। সেটা আপনারা করেন নি। এই প্রসঙ্গে আর একটা কথা বলি। চাষের কাজ করতে গেলে জমির প্রয়োজন। আমাদের দেশে মাথাপিছু জমি অত্যন্ত কম ব'লে পতিত জমিকে আবাদযোগ্য ক'রে লাঙ্গলের অধীনে আনার প্রয়োজন আছে। পশ্চিম বাংলায় মোট আবাদযোগ্য পতিত জমির পরিমাণ হয়েছে ১৪ লক্ষ একর। আজ পর্যন্ত সরকার ৬ লক্ষ একরকে লাঙ্গলের অধীনে আনতে পেরেছেন এবং ৮ লক্ষ এখনও বাকি আছে। সেটাকে কেন চাষের অধীনে আনছেন না? এই দাবি করলে মন্ত্রীমহাশয় বলবেন যে, সব পতিত জমিকে চাষের অধীনে আনা অবৈজ্ঞানিক, কারণ, যেখানে মোট জমির শতকরা ২৫ ভাগ জমিতে অন্তত বন থাকা দরকার সেখানে আমাদের দেশে তা শতকরা ১৩ ভাগের মত। এটা আমি স্বীকার করি, কিন্তু প্রশ্ন হচ্ছে যে, সুন্দরবনকে তো তা সত্ত্বেও হাঁসিল ক'রে শেষ ক'রে ফেলেছেন। আর ১৪ লক্ষের ২৫% কি ৬ লক্ষ হয়? আপনি ৩ লক্ষ একর বাদ দিতে পারেন। অর্থাৎ আপনি ১১ লক্ষ একরকে চাষের অধীনে আনতে পারেন। তা ছাড়া এ রাজ্যে ৩০ লক্ষ একরের মত চাষের অনুপযুক্ত পতিত জমি আছে। সে জমিতে বন সৃষ্টি করতে পারেন। সুতরাং কোনক্রমেই আবাদযোগ্য পতিত জমিকে ফেলে রাখা উচিত নয়। চতুর্থত, চাষের উন্নতি করতে হ'লে ভাল বীজ দেওয়া দরকার। তা কেউ অস্বীকার করবে না। কিন্তু এই ব্যাপারে আপনারা কি অবস্থা করেছেন? আপনারা বলছেন যে, আপনারা সিড মালটিপ্লিকেসন সেন্টার করেছেন, তাতে কত মণ বীজ উৎপাদন করার ক্ষমতা আছে? তা ছাড়া দেশের সমস্যা অনুযায়ী নতুন ধরনের বীজ তৈরি করা হয় না কেন? সাইবেরিয়ায় যদি গম চাষ হ'তে পারে, সাহারার মরুভূমিতে যদি চাষ হ'তে পারে তা হ'লে আমাদের দেশে সুন্দরবনের লোনা জল সহ্য করতে পারে এইরকম ধানের বীজ তৈরি করার চেষ্টা হয় না কেন? আমার মনে হয় যে, সুন্দরবনে এ জাতীয় ধান হবার যথেষ্ট সুযোগ আছে। সেজন্য বলছি যে, সেখানে এমন ধানের বীজ দিন যাতে সেই বীজ লোনা জলে নষ্ট হবার ভয় না থাকে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত এই বিষয়ে বিশেষ কোন পরীক্ষা হয় নি। আমি আরও হিসাব দেখাব। মন্ত্রীমহাশয় জানেন যে, আমাদের এই পশ্চিমবাংলায় ৫০ লক্ষ মণ আমন ধানের বীজ দরকার। এই হিসাব তাঁর বক্তৃতা থেকেই আমি উদ্ধৃত ক'রে বলছি। ৫০ লক্ষ মণ বীজের স্থলে সরকার সরবরাহ করেছেন মাত্র ১২ হাজার মণ। সেজন্য বলব যে, আপনাদের কোন পরিকল্পনাই নেই। এই ৫০ লক্ষ মণের লক্ষ্যে কতদিনে আপনারা পৌঁছাবেন? বীজ বিলির ক্ষেত্রেও চূড়ান্ত অব্যবস্থা। বর্ষা হয়ে গেলে বা চাষবাসের পর বীজ বিক্রয়কেন্দ্রে যায়। সেই সময় সেখানে বীজ গেলে কোন ফলই হয় না। এই অবস্থা আপনারা করেছেন। মন্ত্রীর বক্তৃতা থেকে যেটুকু আমি পেয়েছি তাতে মনে হয় ১১টি বীজ সরবরাহ কেন্দ্র সারা পশ্চিমবাংলায় আছে। এই ১১টি কেন্দ্র কি পশ্চিম বাংলার পক্ষে যথেষ্ট? এগুলোর সংখ্যা বৃদ্ধি এবং তার জন্য অর্থবরাদ্দ কেন দেখি না? সুপারিন্টেন্ডেন্ট অ্যান্ড ডাইরেক্টররা কি রাইটার্স বিল্ডিংসএর ছাদে কিংবা তেরতলার

ছাদে চাষ করবেন? তা না হ'লে তাদের জন্য সব অর্থব্যয় কেন হয়? সারের বেলায় দেখুন সেখানে যা প্রয়োজন তা নেই। আমাদের রাজ্যে ফসফেট অ্যান্ড সুপার-ফসফেটএর অত্যন্ত প্রয়োজন। কিন্তু তার জোগান নেই বললেই হয়। কৃষিমন্ত্রী জানেন যে, ফসফেট রিপ্রোডাক্টিভ গ্রোথকে বাড়ায়। ফলন যখন আমাদের দেশে বেশি দরকার তখন আমাদের মাটিতে ফসফেট দেওয়া অত্যন্ত প্রয়োজন। অথচ এ ব্যাপারে সরকারের কার্পণ্যের সীমা নেই। প্রমাণ হ'ল —ফসফেট যার বিলাবার পরিমাণ—সুপার ফসফেট ৩০০ টন এবং ফারটিলাইজার মিক্সচার ৩,২০০ টন অর্থাৎ সারা বাংলাদেশে তা হ'লে মোট ফসফেট দেওয়া হ'ল ৩,৫০০ টন। মন্ত্রী ঘাড় নাড়লেন। তিনি এই সাদা বইখানা পড়েছেন কিনা আমি জানি না। এই বইখানাতে এই জিনিস লেখা আছে। সুতরাং আমি মনে করি যে, গোটা কৃষিবিভাগের দৃষ্টিভঙ্গিটা এমনভাবে পালটান দরকার যাতে বাংলাদেশের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ জীবনধারণের উপায়ের দিকে নজর দিয়ে কৃষির উন্নতি আমরা করতে পারি।

Sj. Hansadhwaj Dhara:

মাননীয় স্পীকার মহাশয়, আজ পশ্চিমবাংলার খুব গুরুত্বপূর্ণ ব্যয়বরাদ্দের আলোচনা শুরু হয়েছে। কিন্তু যেভাবে আলোচনা হচ্ছে তাতে আমার মনে হয় যে, বিশেষ গুরুত্ব আরোপ ক'রে এ বিষয়ে আলোচনা শুরু করেছেন। এ বিষয়ে বিশেষভাবে গুরুত্বপূর্ণ আলোচনায় গুরুত্ব আরোপ ক'রে যদি আলোচনা না করা হয়, তা হ'লে পশ্চিম বাংলার অশেষ ক্ষতিসাধন করবে। এ বিষয়ে এই কৃষি বিষয়ে পশ্চিম বাংলার গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের সুবোধবাবু বলেছিলেন—এবার অনাবৃষ্টি ও দুর্ভিক্ষের সম্ভাবনা আছে। সেদিক দিয়ে এটা গুরুত্বপূর্ণ শুধু নয়—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেটা এসেছে, সেই পরিকল্পনার মধ্য দিয়ে যদি পশ্চিম বাংলার কৃষি পরিকল্পনাকে আমরা রূপায়িত করতে পারি, তবে পশ্চিম বাংলার ভবিষ্যৎ গড়ে উঠবে। পশ্চিম বাংলার জনসাধারণের দিক থেকে এটা গুরুত্বপূর্ণ। আজকে আমরা সাতান্ন দশমিক ছয় পারসেন্ট কালটিভেসনএ নিযুক্ত আছি। এদিক থেকে কৃষিকে যদি দেখি, তা হ'লে ঠিক হবে না। পশ্চিমবাংলার জনসাধারণ সহরে বাস করলে, চাকরি করলে অথবা অন্য কাজে নিযুক্ত থাকলেও প্রায় অধিকাংশ লোক এখনও চাষের উপর নির্ভর করে আছে। সরাসরি চাষে নিযুক্ত না থাকলেও পরোক্ষভাবে আছে বা অন্য কাজে নিযুক্ত আছে।

[10-30—10-40 a.m.]

সেইজন্য পশ্চিম বাংলার সামগ্রিক উন্নয়নের দিক দিয়ে কৃষিকে যদি এগিয়ে নিয়ে যেতে পারি তবে একমাত্র অর্থনৈতিক কাঠামো গ'ড়ে উঠবে। তা ছাড়া কোন দ্বিতীয় পথ নেই। এই-জন্য আজকের দিনে কৃষি ব্যয়বরাদ্দ ব্যবস্থার যে আলোচনা আরম্ভ হয়েছে সে আলোচনা অতি গুরুত্বপূর্ণভাবে, সুচিন্তিতভাবে আমাদের করতে হবে। এই আলোচনা করতে গেলে যে পরিকল্পনা আমাদের সামনে এসেছে, সরকারী পক্ষ থেকে যেসমস্ত বই আমরা পেয়েছি, পরিকল্পনার কোন অভাব নেই। ৮০টি দফা আছে পরিকল্পনার, এই পরিকল্পনা যদি কাজে রূপায়িত হয় তা হ'লে পশ্চিম বাংলার সমস্ত কৃষি উন্নয়নের কাজে অগ্রগতি আমরা দেখতে পাব। আজকে দেখলাম সুবোধবাবু পরিকল্পনার পথে যে অসুবিধা আছে, সে অসুবিধা দূর করতে পারলে তবে কৃষিব্যবস্থা উন্নততর হবে আজকে তিনি বলছেন। আমি সেদিন শুনে অবাক হয়ে গিয়েছিলাম তিনি নানারকম রেফারেন্স দিয়েছিলেন এই হাউসএ যেদিন রাজ্যপালিকার ভাষণ আলোচনা করেন—যে এই গভর্নমেন্টের শুধু দেখলাম অতীত, বর্তমান কোনখানে নেই শুধু ভবিষ্যতই আছে পরিকল্পনা। পরিকল্পনা এবং ভবিষ্যতের মধ্যে শুধু পরিকল্পনা থাকবে—আজ পর্যন্ত এর অতীত দেখলাম না এবং বর্তমান দেখলাম না। পরিকল্পনাকে বাদ দিয়ে, ভবিষ্যতকে বাদ দিয়ে পশ্চিম বাংলায় আমাদের দেখবার কিছু নেই। ২০০ বছরের অতীত আমাদের কি ছিল তা নিশ্চয়ই জানেন। ২০০ বছরের অতীত যদি কারও অন্ধকার থাকে তার কাছে বর্তমান অন্ধকার থাকবে। আমাদের সমস্ত ভবিষ্যতের উপরই বর্তমান নির্ভর করছে। বর্তমান দিয়েই তো আমাদের অতীত তৈরি হবে। আজকে সেইজন্য আমাদের কৃষিব্যবস্থা যা কিছু পরিকল্পনা এগিয়ে চলেছে এবং ভবিষ্যতে একে সম্পূর্ণ সাফল্যমণ্ডিত

ক'রে আনতে পারলে তবে এর বর্তমান তৈরি হবে এবং ভবিষ্যৎ তৈরি হবে। তিনি পরিকল্পনা শুধু ভবিষ্যতের মধ্যে দিয়ে দেখে গেলেন। জয়নগর থেকে ট্রেনএ চড়ে নিশ্চয় অ্যাসেমব্লি হাউসএ আসেন—সেখানে আসবার পথে ১০ বছর আগে সোনারপুর-বারুইপুর অঞ্চল জলে ডুবে থাকত, হাজার হাজার, লক্ষ লক্ষ বিঘা জমি, আজও কি তিনি সেটা ভবিষ্যতের পরিকল্পনায় দেখেন? আমি তো অবাক হয়ে যাই আজও পর্যন্ত নাকি একটা পরিকল্পনা রূপায়িত হয় নি। সোনারপুর-আরাপাঁচ পরিকল্পনা তাঁরই অঞ্চলে হয়েছে; তিনি প্রতিদিন দেখে আসছেন সে অঞ্চলের কি অবস্থা। সেইজন্যই আলোচনা যদি সম্পূর্ণ গুরুত্ব আরোপ করে এর পেছনে যে ত্রুটি আছে তখন পরিকল্পনার বিরাটত্বকে স্বীকার ক'রে নিয়ে তাকে কার্যকরী করতে হ'লে তাতে অনেক জায়গায় দোষ-ত্রুটি থাকবে সেটা জনসাধারণ, সরকার এবং যারা আজকে দায়িত্ব নিয়ে এই সভাগৃহে এসেছে সকলে যৌথভাবে কাজ করলে তবে সেই পরিকল্পনা সুষ্ঠুভাবে রূপায়িত হবে। আজকে আমাদের যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাহা চাষের সঙ্গে সংযুক্ত। ১৯৫৭ সালে আমরা যখন কৃষি সম্বন্ধে আলোচনা করছি তখন পৃথিবীতে যেসমস্ত দেশ কৃষি বিষয়ে অগ্রণী হয়েছে সেই সমস্ত দেশের যেসমস্ত ব্যবস্থা তা আমরা গ্রহণ করেছি। সঙ্গে সঙ্গে আমাদের দেশের মাটির যা অবস্থা, আমাদের দেশের অন্যান্য সেসব অবস্থার সঙ্গে সঙ্গতি রেখেই আমরা পরিকল্পনা গ্রহণ করেছি। চাষের সঙ্গে পরিকল্পনা জড়িয়ে আছে, বীজ সংগ্রহ, বীজ সংরক্ষণ, বীজ ভালভাবে রোগমুক্ত করা, চাষের জমি প্রস্তুত করা, কিভাবে চাষ করতে হবে তার সমস্ত রকমের ব্যবস্থা আমাদের পরিকল্পনার মধ্যে আছে। এর মধ্যে যেসমস্ত ব্যবস্থা আছে, প্রত্যেক পাতায় পাতায় ৮০ দফা পরিকল্পনা আছে। সেখানে জমি কিভাবে বণ্টন করা হবে, কতদূর এগিয়েছে তা পর্যন্ত আছে, সেখানে বীজ কিভাবে সংরক্ষণ করতে হবে তা বলা আছে, সেখানে জাপানী সিসটেমএ কিভাবে কালটিভেসন হবে তাও বলা আছে, সেখানে কিভাবে গবেষণার কাজ কিভাবে এগিয়ে চলেছে তাও বলা আছে, যেখানে শস্য ভাল ক'রে ফলেছে, পোকায় লেগেছে—কি ক'রে পোকা তাড়াতে হবে সেও পর্যন্ত সেখানে আছে। সমস্ত রকমের পরিকল্পনা আছে। এই পরিকল্পনা সে কাজে এগিয়ে নেবার দরকার। কিভাবে তাকে কাজে এগিয়ে নিয়ে যাব আজকে প্রথম এবং বড় অন্তরায় কি সেই কথাই আমাদের চিন্তা করতে হবে। আজকে একদিনে সমস্ত ব্যবস্থা হবে না। অথচ এঁরা বলেন গ্রামের কৃষকদের বলেন বড় বড় পরিকল্পনা হয়েছে, সুন্দরবন অঞ্চলে বাস কর তোমরা কি রেলওয়েতে চড়বে—যে রেলওয়ের জন্য লক্ষ লক্ষ কোটি কোটি টাকা বায় হয়েছে, তুমি কৃষক মানুষ, তোমার তাতে কি উপকার হয়েছে, এই কথাই তাঁরা প্রচার করেন। আবার সেখানে যাঁরা সমাজের মঙ্গল কামনা করেন যখন সেই ছোট কুঁড়েঘরের মধ্যে বসে তার কেরোসিন তেল, তার বোতল, তার কাপড়, তার পেরেক, তার প্রতিটি জিনিস যে পেয়েছ, তোমাকে ট্রেন বয়ে এনে দিয়েছে তখন কৃষক বুঝতে পারে ট্রেনের মাধ্যমে তার কি উপকার হয়েছে। তেমনি আজকে আমাদের কৃষকদের এবং তাদের জমির যে ব্যবস্থা এই পরিকল্পনায় কিভাবে তাদের এগিয়ে নিয়ে যেতে হবে এখানে আমরা বক্তৃতা ক'রে এর কিছুই সাহায্য করতে পারব না। আজকে জমির, সারের যা কিছু ব্যবস্থা হয়েছে জানি ত্রুটি আছে। হেমন্তবাবু বলেছিলেন, এগ্রিকালচারাল লোন সময়ে পৌঁছায় না—জানি ত্রুটি হচ্ছে। কিন্তু সমস্ত জায়গায় যে দোষত্রুটি হচ্ছে এটা ঠিক নয়। বিরাট পশ্চিম বাংলায় সমস্ত কৃষকদের কাছে টাকা গিয়ে পৌঁছতে হবে সর্বত্র একযোগে গিয়ে উপস্থিত হবে সেটা সম্ভব নয়। ডায়মন্ডহারবার মহকুমায় ৩০ হাজার টাকা গিয়েছিল, ৩০ হাজার টাকাই বিতরণ হয়ে গেছে কালকেই আমি এস-ডি-ওর সঙ্গে দেখা করেছিলাম। এখন আরও শুনলাম জেলা ম্যাজিস্ট্রেট অর্ডার দিয়েছেন যে, টাকা যে সপ্তাহে যাবে সেই টাকা সেই সপ্তাহের মধ্যে বিতরণের ব্যবস্থা করতে হবে এবং তাঁকে রিপোর্ট পাঠাতে হবে। যার ফলে এখন সেই টাকা এক সপ্তাহের বেশি ধ'রে রাখা চলবে না। সেইজন্যই যেখানে যেখানে অসুবিধা হচ্ছে সেখানে এই সমস্ত ব্যবস্থা হচ্ছে। আমি যেকথা বলছি যে, আমাদের কৃষি সমস্যা শুধু জমি এবং কৃষককে নিয়ে নয়। যেটা আজকে সবচেয়ে বেশি চিন্তা করা দরকার যে কৃষি লোন দেরি ক'রে গেলে, কিম্বা কম পরিমাণে যাচ্ছে, কিম্বা সার ঠিকমতন যাচ্ছে না অথবা বীজ সময়মত এসে উপস্থিত হচ্ছে না, এসমস্ত অসুবিধা দূর করলেও তবু যে বড় অসুবিধা আমাদের আছে সেইদিকে লক্ষ্য দিতে হবে। কৃষকদের দিক একটা আছে সেটা হ'ল একদিকে কৃষকদের দারিদ্র অবস্থা, তাদের

এগ্রিকালচারাল লোন, ক্যাটেল পারচেজ লোন, কি ম্যানিওর লোন দেওয়া এই সব দিলেই চাষবাস হয়ে যাবে না। বড় ইন্ডাস্ট্রি নয়, পরিকল্পনা ক'রে বড় ইন্ডাস্ট্রি করলাম, মেসিন বসিয়ে দিলাম সমস্ত লোকেরা চাকরি করতে চলে এল একটা সুইচ টিপে দিলে সমস্ত প্রোডাকসন আরম্ভ হয়ে যাবে, এ তা নয়। আমাদের কৃষকরাই এক একটা ফ্যাক্টরি। সমস্ত গ্রামে ছড়িয়ে পড়ে আছে। সমস্ত রকমের বিরাট আয়োজন করে, কৃষকরা যদি সেই পথে এগিয়ে না আসতে পারে তা হ'লে সেটা ব্যর্থ হবে। আজকে যে ইতিহাস যা তাদের পিছনে আছে তা ভুললে তো চলবে না। যে ২০০ বছর ২৫০ বছর কৃষকরা কৃষিব্যবস্থাকে সম্পূর্ণ নিজেরা ভুলে গিয়ে কৃষিব্যবস্থা মরবার পথে চলেছে। কৃষি ব্যবস্থা যে ব্যবস্থার মধ্যে আছে সে ব্যবস্থার মধ্যে কতকগুলি শিক্ষা নিতে হবে। আজকে সার আমরা দিই সেই সার সম্বন্ধে তারা বেশি কিছু জানে না। আজকে জাপানী পদ্ধতি চাষ তারা ভাল বুঝতে পারে না। আজকে অন্যান্য যেসমস্ত ব্যবস্থা হয়েছে সামগ্রিক অশিক্ষার ফলে তারা সেই জিনিস গ্রহণ করতে পারে না। আজকে সেই জিনিস গ্রহণ করাতে হ'লে এইখানে অ্যাসেমব্লিতে বক্তৃতা ক'রে সেই দায়িত্ব শেষ ক'রে দিলে হবে না। সেই পথে আজকে সকলকে এগিয়ে আসতে হবে তবে আজকে যে সরকার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে বিরাট আয়োজন করেছে, সেই আয়োজন সাফল্য-মণ্ডিত হয়ে পশ্চিমবাংলার সুখসমৃদ্ধি গড়ে উঠবে। কিন্তু আমাদের বন্ধুরা সেই পথে যাবেন না। কারণ আজ যদি পশ্চিম বাংলা সুখী এবং সমৃদ্ধ হয়ে গ'ড়ে উঠে তা হ'লে তাঁদের প্রচার করার অসুবিধা হবে। আজকে সেইজন্যই আমার সবচেয়ে বড় কথা—যারা আজকে এখানে বক্তৃতা করছেন সুন্দরবনের সাগরদ্বীপ থানায় যখন সেখানে বাঁধ ভেঙ্গে যায় সেখানে তো দেখি না বাঁধ বাঁধার জন্য ছুটাছুটি করেন, কোদাল মাথায় ক'রে নিয়ে মাটি ফেলতে ছুটে আসেন। আমরা তো দেখি না তাঁদের যখন চাষের ফসলেতে পোকা ধরে গেছে তখন তাঁরা রোগমুক্ত করবার চেষ্টা করেন? আমরা তো দেখি না যখন বীজ বিতরণ হয় তখন সেখানে কর্মী হিসেবে কাজ করতে যেমন কংগ্রেসকর্মীকে দেখি। যেখানে কাকদ্বীপে, কুলটিতে, ডায়মন্ডহারবারে কোনখানে তো তাঁদের দেখি না কাজের পথে এগিয়ে আসেন। আজকে সেইজন্য জনসাধারণ তাঁদের বুঝতে পেরেছে এবং গত নির্বাচনে তার সমুচিত জবাব দিয়ে দিয়েছে।

[10-40—10-50 a.m.]

Sj. Brindabon Behari Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রীমহাশয় বর্তমান বছরের যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন এই বাজেটে বিভিন্ন বিভাগে যে বায়বরাদ্দ দেখছি তার মধ্যে এমন কোন দূরদৃষ্টি বা আশার সঞ্চার আমাদের মধ্যে তিনি করতে পারেন নি, যাতে ক'রে বাংলার এক বিরাট সমস্যা —খাদ্যসমস্যা—যে সমস্যা কৃষির সঙ্গে জড়িত সেই সমস্যার সহজ সমাধান হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বাবদ যে বায়বরাদ্দ করেছেন তার কয়েকটা ক্ষেত্র আলোচনা করব। যেমন এখানে রয়েছে প্ল্যান প্রোটেকশনএর জন্য ৭ লক্ষ ২৫ হাজার টাকা ধরা হয়েছে। গত কয়েক বছরের মধ্যে হাওড়া জেলার বিভিন্ন অংশে ধানের পোকা এসে ক্ষেত নষ্ট করেছিল বারবার। সরকারী দপ্তরে আবেদন নিবেদন ক'রে মাত্র কয়েকটি পুস্তিকা ছাড়া আমরা আর কোন প্রোটেকসন পাই নি। তার বিভাগ থেকে কয়েকটি পুস্তক দিয়েই সেই বিভাগ তাঁদের কর্তব্য শেষ করলেন—এর পরে আর একটা বিভাগ ডেমনস্ট্রেসন বিভাগ তার বর্তমান বরাদ্দ ৫ লক্ষ ৬৯ হাজার টাকা। তার ইউনিয়নে যেসমস্ত কর্মচারী আছে—এগ্রিকালচারাল ইউনিয়ন কর্মচারী যারা আছে তাদের যেসমস্ত পরিশ্রম করতে হয় সেই পরিশ্রম করার পরে তারা যে প্রত্যক্ষভাবে কৃষকের সঙ্গে যোগাযোগ রক্ষা করে ডেমনেস্ট্রসন দিতে পারে তা মনে হয় না। তাদের মধ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির অভাব আছে এবং শিক্ষার অভাব আছে। অধিকাংশ ক্ষেত্রে সরকারের দেয় ফার্টিলাইজার কম্পোজিসন বলতে পারে না। কোন এক সরকারী কর্মচারী—এগ্রিকাল-চারাল ইন্সপেক্টর হাওড়া জেলায় একটা বুনিয়াদি বিদ্যালয়ে জাপানী প্রথায় ধানের চাষ আলোচনা করতে গেছলেন—তাঁকে প্রশ্ন করা হয়েছিল ফারটিলাইজারএর পোটেনসি পারসেন্টেজ কত। তিনি সে কথার জবাব না দিয়ে পরের দিন একটা পুস্তিকা পাঠিয়ে দিলেন যেখানকার কৃষকরা বাংলা ভাষা পর্যন্ত জানেন না। (এ ভয়েসঃ কে জিজ্ঞাসা করেছিলেন?) সেখানকার

বুনিয়াদি বিদ্যালয়ের শিক্ষক। যেখানে জাপানী প্রথায় ধানচাষের যেসব এক্সপেরিমেন্ট করেছিলেন তাতে সাধারণ কৃষকের সঙ্গে এগ্রিকালচারাল বিভাগের কর্মচারীরা যোগাযোগ রেখে তাদের ডেমনেস্ট্রেসন পর্যন্ত দিতে পারেন নি। আর এই বিভাগের জন্য বরাদ্দ আছে ৫ লক্ষ ৬৯ হাজার টাকা। ডেভলপমেন্ট অফ কল্যাণী ফার্ম বাবদ ১ লক্ষ ৫ হাজার টাকা ধরা হয়েছে। কল্যাণীর মত জায়গায় যেখানে চাষের জমি অত্যন্ত অল্প সেখানে একটা ফার্ম খোলা হয়েছে যার পেছনে প্রতি বছর লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হয়। পশ্চিমবঙ্গ বিশেষ ক'রে মেদিনীপুর, বাঁকুড়া, হাওড়া, বীরভূম, সেই সমস্ত জায়গায় যেখানে চাষের উপযুক্ত জমি যথেষ্ট আছে, সেই সমস্ত জায়গার মাঝে যেখানে কৃষকদের বসতি—সেই জায়গায় আজ পর্যন্ত কোন ফার্ম খোলা হয় নি। স্ট্রেংদেনিং অফ ডিফারেন্ট অফিসারস—বিভিন্ন সুপারিন্টেন্ডেন্ট এগ্রিকালচারাল অফিসারস স্ট্রেংদেনিং বাবদ ৯ লক্ষ ৫৮ হাজার খরচ হচ্ছে অথচ স্মল ইরিগেশন ডিপার্টমেন্টে ৭ লক্ষ ৮৩ হাজার টাকা খরচ করা হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গে ইরিগেশন ডিপার্টমেন্টএর দয়ার ফলে কৃষকরা ক বছর চাষের বিশেষ কিছু সুবিধা পায় নি, তার সম্বন্ধে ইরিগেশনএর আলোচনা যথেষ্ট হয়েছে। যতটা আশা কৃষকরা পেয়ে থাকে স্মল ইরিগেশন সিসটেম সম্বন্ধে তাতে যথেষ্ট গলদ রয়েছে। স্মল ইরিগেশনএ মাত্র ৭ লক্ষ ৩০ হাজার বরাদ্দ হয়েছে এর মধ্যে যথেষ্ট জটিল অবস্থা আছে যেমন যেখানে স্মল ইরিগেশনএর প্রয়োজন হয়, সেখানে ৫০% চাষীর মধ্য থেকে লোকাল কনট্রিবিউশন দাবি করা হয়।

অধিকাংশ ক্ষেত্রে চাষের সুবিধার জন্য কৃষকরা তাতে রাজী হন, ৫০ পার্সেন্ট তাঁরা শ্রম দেন কিন্তু কাজ শেষ হবার পর তাঁদের মজুরির জন্য কয়েক বছর পর্যন্ত অপেক্ষা করতে হয়, যথাসময়ে তাঁদের মজুরি দেওয়া হয় না। রিক্লেমেসন অব ওয়েস্ট ল্যান্ডের মধ্যে হাওড়া জেলার কয়েকটা অংশের জন্য ডোমজুড় থানা এলাকার বিধানসভার সদস্যরা বহুবার এগ্রিকালচার মিনিস্টারের কাছে আবেদন করেছিলেন এবং কয়েকটা প্লট তাঁর দৃষ্টিতে এনেছিলেন কিন্তু আজ পর্যন্ত সেগুলি রিক্লেম করা হয় নি। এক্সপেরিমেন্ট অ্যান্ড রিসার্চ তার জন্য বরাদ্দ আছে ৬ লক্ষ ৭৫ হাজার ৫ শ' টাকা। এই বিভাগের একটা গুরুত্বপূর্ণ বিষয় আমি আলোচনা করব। সরকারের ফারটিলাইজারের মধ্যে অ্যামোনিয়াম সালফেটের পার্সেন্টেজ অত্যন্ত বেশি যার ফলে আমরা কয়েক বছর ধ'রে দেখছি যেসমস্ত জমিতে সরকারের ফারটিলাইজার দেওয়া হয়, সেই সমস্ত জমির গাছ অত্যন্ত দ্রুত বর্ধিত হয় এবং সেই সমস্ত গাছের গোছ বড় হয় বটে কিন্তু ফসল সেখানে ভাল হয় না। সরকারের কৃষি বিভাগের অন্তর্গত এই বিভাগটি যাতে অন্তত তাঁদের ফারটিলাইজারের কম্পোজিসন সম্বন্ধে নূতন ক'রে রিসার্চ করেন যে, অ্যামোনিয়ম সালফেট একসেস হওয়ার জন্য জমির পোটেন্সি নষ্ট হয়ে যাচ্ছে কিনা, সে বিষয়ে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কৃষিবিভাগটি—যার সঙ্গে পশ্চিমবঙ্গের খাদ্য বিভাগের অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্বন্ধ, সেই বিভাগের যে দায়িত্ব তার শতকরা ৮০ ভাগ দায়িত্ব এই কৃষি-বিভাগের কৃষকদের উপর। কিন্তু অতীতে জমিদারদের অত্যাচার এবং বর্তমানে কংগ্রেস সরকারের অর্থনৈতিক চাপে পশ্চিমবঙ্গের কৃষকের মেরুদণ্ড আজ ভগ্নপ্রায়। কৃষকরা অধিকাংশ ক্ষেত্রে চাষের সময় যেসমস্ত সরকারী সাহায্য পেয়ে থাকেন তার মধ্যে দু'টি প্রধান —যেমন তাঁরা কৃষি লোন পান কিন্তু যথাসময়ে তা পান না এবং কৃষি লোনের মধ্যে কয়েকটা শর্ত আছে, যেমন তিন বিঘা জমির মালিক ছাড়া কোন কৃষক কৃষি লোন পান না এবং ৯ বিঘা জমির মালিক ছাড়া কেউ ক্যাটেল পার্চেজ লোন পান না। কাজেই আজকের দিনে যেখানে শতকরা মাত্র ৩৫ জন কৃষক ৩ বিঘা জমির মালিক, সেখানে তাঁরা এই সমস্ত সাহায্য থেকে বঞ্চিত হন। পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় বিশেষ ক'রে হাওড়া জেলার প্রায় ৪৫ হাজার মানুষ তাঁরা পান চাষের উপর নির্ভর ক'রে থাকেন। গত কয়েক বছরে বন্যার ফলে তাঁরা খুব ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাঁরা বারবার ক'রে সরকারের কাছে কিছু সাহায্যের জন্য দাবি ক'রে এসেছিলেন। এই সমস্ত কৃষিজীবী লোকেরা পান চাষ ক'রে তাঁদের জীবিকানির্বাহ ক'রে থাকেন। কিন্তু আমাদের কৃষিমন্ত্রীর বাজেটের মধ্যে বা তাঁর আলোচনার মধ্যে এই সমস্ত চাষীদের সাহায্য করার কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নি। পশ্চিমবঙ্গের কৃষিজীবীরা পরিশ্রম করতে পারেন কিন্তু তাঁদের কৃষি লোন, বীজ প্রভৃতি যথাসময়ে দেওয়া হয় না। এখন চাষের সময় তাঁরা সরকারের ঋণ এবং বীজের জন্য আশা ক'রে ব'সে আছেন। আমরা জানি যথাসময়ে বর্ষা না হওয়ার ফলে তাঁরা অত্যন্ত আতঙ্কিত হয়ে পড়েছেন। সেই কারণে

বর্তমানে তাদের কৃষির সাহায্যের জন্য যে জলকরের ব্যবস্থা আছে, সেই জলকর মকুব করা হোক এবং যথাসময়ে তাঁদের ভাল বীজ দেওয়া হোক। অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখেছি যে, গত বন্যার পর হাওড়া জেলার যে অংশে বোরো ধান চাষের উপযোগী ব'লে বোরো ধানের বাঁধ বাঁধা হয়েছিল, সেখানে সরকারের তরফ থেকে যে বীজ দেওয়া হয়েছিল সেই বীজে কোন ফসল হয় নি।

[10-50—11-5 a.m.]

এই কারণে কৃষিমন্ত্রীর কাছে আমাদের অনুরোধ বর্তমানে যে বীজগুলি বিতরণের ব্যবস্থা করেছেন, সে বীজ কৃষি-এক্সপার্ট দিয়ে পরীক্ষা করিয়ে দেখবেন, সেগুলি চাষের উপযুক্ত কি না।

তারপর, কৃষকদের বর্তমানে যে একটা বিশেষ অবস্থা—তাদের যে জমির ক্ষুধা সেই ক্ষুধা যদি মেটানো না হয় তাহলে কাগজে-কলমেই উন্নতি দেখানো হোক না কেন, প্রকৃত প্রস্তাবে চাষের উন্নতি হওয়া সম্ভব নয়। কৃষির বিভিন্ন বিভাগে যতসব বড় বড় সুপারিন্টেন্ডেন্ট, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, ডিরেক্টরেট প্রভৃতিতে মাথাভারী সব পোষ্ট সৃষ্টি করে বিভাগকে যতই ষ্ট্রেংদেন করুন না কেন, সব কিছুই ব্যর্থ হবে যদি কৃষকের জমির ক্ষুধা না মেটানো হয়।

Sj. Shyama Prasanna Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, অল্প সময়ের মধ্যে বিশেষ কিছুই বলা যায় না। তবে আমি এটুকু বলব যে, সরকার কৃষি-বিভাগে প্রচুর অর্থ ব্যয় করেন, ইতিমধ্যে মধ্যস্বত্ব ক্রয়ের আইন পাশ হয়ে গেছে; সামান্য পরিমাণে চালুও হয়েছে, কিন্তু মোটামুটিভাবে দেখলে দেখা যায় আমাদের দেশের সমস্যা সমাধান হয় নাই, দিন দিন আরো জটিল হচ্ছে। অভিজ্ঞ যাঁরা, তাঁরা সকলেই স্বীকার করেন যে, আমাদের এই ভারতবর্ষের বা পশ্চিম-বাংলার যদি উন্নতি করতে হয়, ভাল করতে হয়, তাহলে বিদেশীয় শোষণ রহিত করতে হবে, দেশের শিল্পের উন্নতি করতে হবে, এবং যারা কৃষক, তারা যাতে জমি পায় সেই চেষ্টা করতে হবে। আর যারা অকৃষক নিজেরা কৃষক নন, অপরের দ্বারা চাষ করান, তাদের হাত থেকে কৃষকদের হাতে যদি জমি দেওয়া যায়, তাহলে দেশের বর্তমান সমস্যার সমাধান হবে। কিন্তু সরকারের মূল সমস্যা সমাধানের দিকে না গিয়ে বার বার ভিন্ন ভিন্নভাবে অর্থ ব্যয় করছেন এবং যে জটিল কারণগুলির জন্য দেশের দারিদ্র্য ও দুঃখ ঘুচে যাচ্ছে না, সেই কারণগুলিকে শক্তিশালী করে বিদেশী শোষণের পথ উন্মুক্ত রাখছেন। তাঁদের ভূমি সংস্কার আইন বা জমিদারী ক্রয়ের আইন চালু হ'লেও বড় বড় জমিদার ও জোতদারদের হাতে বেআইনীভাবে জমি অনেক রয়ে গেছে। শুনেছিলাম ১৮ লক্ষ বিঘা জমি কৃষকদের মধ্যে বিলি করার জন্য পাওয়া যাবে, কিন্তু তার ছিটেফোঁটাও কৃষকেরা ত পেলই না বরং সরকারের আইনের ফাঁকে কৃষকেরা ও ভাগচাষীরা আরো বেশী সংখ্যায় উচ্ছেদ হয়ে যাবে,.এই হচ্ছে আমাদের সরকারের আইন! আগেকার যারা জোতদার, তারা যদি মজুর লাগিয়ে জমি চাষ করায়, তাতে তেমন আপত্তি নাই, কেন না, তাদের চাষ-আবাদ ছিল। কিন্তু প্রকৃত প্রস্তাবে জমি যারা নিজেরা চাষ-আবাদ করত, তারা আজকে পথের ভিখারী হয়েছে, আর যারা বড় বড় শোষক তাদের আরো ভাল করে প্রতিষ্ঠিত করা হচ্ছে, গরীব যারা, মধ্যবিত্ত যারা কেরাণীগিরি চাকরী করে, মাষ্টারী করে, সামান্য আয় যাদের, যারাকতকটা জমির আয়ের উপর নির্ভরশীল, তাদের সঙ্গে সংঘাত বাড়িয়ে তোলা হয়েছে। সরকারের নীতির জন্য দেশের সমস্যাকে আরো জটিল এবং বিদেশী শোষণ ও সামন্ততান্ত্রিক শোষণ আরো শক্তিশালী হয়ে উঠেছে। কোন চিকিৎসক যদি বলেন, আমি রোগকে আরো শক্তিশালী করে রোগীকে ভাল করব, সেটা যেমন মিথ্যা কথা ও প্রবঞ্চনা, তেমনি আজকে যারা বড় বড় জমির মালিক, তাদের আরো শক্তিশালী করে আজকে সমস্যার সমাধান করা হবে, এরকম বল্লে সেইরকম মিথ্যা বলা হয়। আমি একটি প্রবীন কংগ্রেস কর্মীর কথা বলে আমার বক্তব্য শেষ করব। ১৯২১ সাল থেকে তিনি কংগ্রেস আন্দোলন করে আসছেন, তিনি গ্রামে গ্রামে ঘুরে প্রচার করেছেন বিদেশী শাসন থেকে যদি আমাদের দেশ মুক্ত হয়, আর যদি জমিদারী প্রথা উঠে যায়, তাহলে দেশের দুঃখ-দুর্দশা আর থাকবে না—এইভাবের কথা তিনি গ্রামে গ্রামে অনেকদিন প্রচার করেছিলেন, এখন কংগ্রেসের হাতে রাজত্ব এসেছে, এখন তিনি গ্রামে গেলে কৃষকেরা বলে, কেন এতদিন আপনি আমাদের মিথ্যা

কথা বলেছিলেন, আমাদের ঠকিয়েছিলেন! তখন তিনি এই কথা বলেন, আমি কি সত্যই মিথ্যা বলেছিলাম? আমি কি যা সত্য তাই বলি নি? আপনারা সকলেই এই দেশের মানুষ, বামপন্থীই হোন, আর কংগ্রেস কর্মীই হোন, আপনারা সকলে মিলে কি এমন কিছু করতে পারেন না যাতে আমাদের এই দেশ বিদেশীর শোষণ থেকে মুক্ত হয়? তাহলে আমি মরার আগে এই সান্তনা পেয়ে যাই যে, আমি সারা-জীবন নানা প্রচেষ্টার দ্বারা দেশের জন্যই খেটেছি, মিথ্যা কথা বলি নি। এইটুকু আপনাদের কাছে বলে আমার বক্তব্য শেষ করলাম।

[At this stage the House was adjourned till 11-5 a.m.]

[11-5—11-15 a.m.]

(After adjournment.)

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার মহাশয়, যে বিষয় আলোচনা চলছে—কৃষি-বিভাগ সম্পর্কে, সেই আলোচনা করতে গিয়ে কংগ্রেস পক্ষ থেকে একটি বিষয় বড় করে তুলে ধরা হয়েছে, বিষয়টী হলো যে, যেসমস্ত পরিকল্পনা নেওয়া হচ্ছে সেই পরিকল্পনাগুলি এগিয়ে চলেছে—এইটাই বড় করে সামনে রাখা হয়। মন্ত্রীসভার দিক থেকে মন্ত্রী মহাশয় যে জিনিষটা তুলে ধরেন এবং শুধু কৃষিমন্ত্রী নন, বিভিন্ন বিভাগীয় মন্ত্রী, গত ৫ বৎসরে একটা জিনিষ দেখেছি এবং এখনও দেখছি যে, বিভিন্ন বিভাগে যখনই কিছু টাকা বাড়িয়ে দেওয়া হয়, সেই টাকা বাড়ানটা একটা উন্নতির ফাক্টর ধরে নিয়ে তাঁরা বলেন যে, দেশের উন্নতি হচ্ছে। কিন্তু প্রমাণ হয়ে গিয়েছে বাংলাদেশে, যে টাকা বাড়ালেই তার কোন উন্নতি হয় না। মানুষের বাস্তব জীবনে সেটা প্রমাণিত হয়ে গিয়েছে। এ'দের যে নীতি আছে, নীতি অবশ্য ভাল নীতির দিক থেকে তাঁরা বলেন যে, তাঁদের নীতি হ'ল সমাজতন্ত্রের নীতি এবং তাকে কার্যকরী করার যে প্রোগ্রাম নেন, বিশেষ করে এই সমস্ত বাজেটের ভিতর দিয়ে, যে-সমস্ত কার্যকরী প্রোগ্রাম নেন, তাতে বহু টাকা তাঁরা খরচ করেন। এখন তাঁদের এই নীতি, কতখানি প্রোগ্রামেয়ের মধ্য দিয়ে কার্যকরী হচ্ছে তার যদি প্রমাণ চাওয়া যায়, সেটা যদি আজ বিচার করতে হয়, তবে সেই বিচারের কষ্টিপাথর হবে সাধারণ মানুষের জীবন। এই নীতির ফলাফলকে জনসাধারণের মধ্য থেকে আজকে খুঁজে বের করতে হবে। জনসাধারণ, যাদের জন্য এই দেশ, যাদের জন্য এই বাজেট, যাদের জন্য এই টাকা খরচ, যাদের কাছ হ'তে এই টাকা নেওয়া হয়, এটাই হবে তাদের জীবনে কোন উন্নতি হচ্ছে কি না, বিচারের মাপকাঠি। বাংলাদেশে প্রায় শতকরা ৭৭ জন কৃষিজীবি মানুষ কৃষির উপর নির্ভরশীল এবং যারা কৃষক তাদের জীবনে কোন উন্নতি হয়েছে কি না, এখানে কোন স্ট্যাটিসটিকস দেবার দরকার করে না, যাঁরা গ্রামাঞ্চল থেকে এসেছেন, শুধু যে আমরাই এসেছি তা নহ, ওপক্ষেরও বহু গ্রামাঞ্চল থেকে এসেছেন তাঁদেরই আমি জিজ্ঞাসা করি যে, বৎসরের পর বৎসর চলে যাচ্ছে, গত ১০টি বৎসর গিয়েছে, কৃষকদের কাছে গিয়ে যদি জিজ্ঞাসা করা যায়, তোমাদের অবস্থা কেমন? কৃষিজীবি, ক্ষেতমজুর বলবে এক-একটা করে বছর যাচ্ছে, আমাদের অবস্থা আরও খারাপ হচ্ছে। ভাগচাষী বলবে এক-একটা করে বছর যাচ্ছে, আমাদের অবস্থা খারাপ হচ্ছে, ছোট চাষী বলবে এক-একটা বছর যাচ্ছে, আমাদের অবস্থা খারাপ হচ্ছে, মধ্যবিত্ত চাষী বলবে এক-একটা বছর যাচ্ছে, আমাদের অবস্থা খারাপ হচ্ছে। এখানে কষ্টি-পাথর হ'ল মানুষের জীবন। কষ্টি-পাথর হ'ল এইখানে রাইটার্স বিল্ডিং-এ বসে তৈরী করা ড্যাটা নয়, রাইটার্স বিল্ডিং-এ বসে বিভিন্ন ডিপার্টমেন্ট তৈরী করা "স্ট্রেংদেনিং দি হেডকোয়ার্টার্স", বাড়ী করা, বড় বড় কর্মচারীদের বেতন বাড়ান, সেটাই উন্নতির কষ্টি-পাথর না, বেশী করে টাকা খরচটা কষ্টি-পাথর না, কষ্টি-পাথর হ'ল বাংলাদেশের সাধারণ মানুষের জীবনের কোন উন্নতি হ'ল কি না। এ'রা বলেন যে, এই দেশ হ'ল গণতান্ত্রিক দেশ। শুধু তাই নয়, এ'দের পলিসি হ'ল সমাজতন্ত্রবাদ, সমাজতন্ত্রবাদের মোটা কথাতে বুঝতে পারা যায় যে, সমাজতন্ত্রবাদ মানে হ'ল এইটেই সোস্যাল প্রোডাকশন যা হবে তা সোস্যালি সেটা এ্যাপ্রোপ্রিয়েটেড হবে এবং একটা ক্যাপিটালিষ্ট সমাজে যদি সোস্যাল প্রোডাকশন হয়, তাহলে সেটা ইন্ডিভিজুয়ালী এ্যাপ্রোপ্রিয়েটেড হয়। বর্তমানে কি দেখা যাচ্ছে, দেখা যাচ্ছে যতদিন যাচ্ছে সোস্যালি

প্রোডিউস হচ্ছে, কৃষক-সমাজ তাদের সমস্ত জিনিষ তৈরী করছে, বছরের পর বছর যাচ্ছে, কৃষি থেকে যে-সমস্ত জিনিষ উৎপাদন হয়, কয়েকটি মুষ্টিমেয় লোকের হাতে সেগুলি চলে যায় ইন্ডিভিজুয়ালি এ্যাপ্রোপ্রিয়েটেড হয়। এই বৎসর তার প্রকৃষ্ট প্রমাণ। ধান এ-বৎসর কিছু হয়েছিল, আমি স্বীকার করি কিন্তু সে সমস্ত ধান গেল কোথায়? কৃষকরা ধান প্রোডিউস করলো, সেখানে জাপানী প্রথায় অনেক টাকা খরচ করা হ'ল, সেচের জন্য টাকা দেওয়া হ'ল, সারের জন্য টাকা দেওয়া হ'ল, হেডকোয়ার্টার্স তৈরী করা হ'ল, ডিপার্টমেন্ট তৈরী করা হ'ল, টাকাও দেওয়া হ'ল, ধান তৈরী হ'ল স্বীকার করলাম, আলু তৈরী হ'ল, সবই হ'ল কিন্তু কৃষকের জীবনে কি হ'ল, তাদের কি হ'ল? সারা বাংলাদেশের গ্রামাঞ্চলে, যেখানে শতকরা ৭৭ জন মানুষ বাস করে, তাদের মাঝখানে দুর্ভিক্ষ। প্রশ্নটা হবে এইখানে, বিচার্য্য বিষয় হবে এইখানে। আমাদের বিচারের কষ্টি-পাথর হ'ল এইখানে। এই হ'ল সমাজতন্ত্রবাদের নমুনা। আমরা এবার দেখেছি, এবার টাকা যেটা বাড়ান হয়েছে, মেইনলী সে টাকাটা বাড়ান হয়েছে, সেটা আপনার বিভিন্ন হেডয়োর্টার্সগুলি স্ট্রেংদেন করা, ডিপার্টমেন্টগুলিকে ঠিক করা ইত্যাদি কাজের জন্য। এইগুলি সমস্ত করা হয়েছে কিন্তু, আজকে সেচের উন্নতি করতে গেলে যা বাস্তবভাবে করা প্রয়োজন তার কোন ভাল ব্যবস্থা করা হয় নাই। আমার একটা কথা, স্যার, পরিষ্কার মনে পড়ে, যখন কংগ্রেস দলে ছিলাম, তখন শুনতাম কংগ্রেসী নেতারাই একটা কথা বলতেন যে, বাংলাদেশে কৃষি-ব্যবস্থা ধ্বংস করেছে ব্রিটিশ সাম্রাজবাদী, বাংলাদেশে কৃষি-ব্যবস্থা যা আছে, বর্তমানে সেটাকে রেখে তারই ভিতর থেকে কাজ করতে হবে। তাঁরা ছোট সেচ কাজের উন্নতির কথা বলতেন। আজকে বাংলাদেশের কৃষির উন্নতি করতে হ'লে গ্রামাঞ্চলে প্রধান কাজ হওয়া দরকার ছোট ছোট সেচ ব্যবস্থা, এঁরা বড় বড় সেচ ব্যবস্থায় অনেক টাকা খরচ করেছেন, কিন্তু ছোট ছোট সেচ ব্যবস্থা যদি আজকে ব্যাপকভাবে হ'ত, তাহলে অনেক কাজ হ'ত। এবার দেখুন, আকাশের দিকে তাকিয়ে, বৃষ্টি নেই, কিন্তু ছোট ছোট সেচের যদি বিধিব্যবস্থা থাকতো, তাহলে অন্ততঃ আউস ধানটা নষ্ট হ'ত না, সে ধানটা হ'ত, কিন্তু এখানে বাজেটটা, স্পীকার, স্যার, আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন এখানে ছোট সেচ ব্যবস্থার মধ্যে রয়েছে যে, রিএক্সকেভেসন অফ ডেরিলিক্ট ট্যাঙ্ক অর্থাৎ যাকে ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট ডিপার্টমেন্ট-এর কাজ বলে, এখানে গত বাজেটে এই খাতে যে টাকা ছিল, এবার তার চেয়েও টাকা কমিয়ে দেওয়া হয়েছে। আমি জানি ছোট ছোট ইরিগেসন যেখানে হয়েছে, বৃষ্টি হয় নি তবুও সেখানে কিন্তু ফসল হয়েছে। আমার এলাকায় আমি জানি একটা ছোট সেচ পরিকল্পনা হয়েছিল চাঁপাখালে, সেখানে জল তুলে, এবারে আকাশে বৃষ্টি না হ'লেও, কিছু জমিতে তারা বোরো ধান তৈরী করেছে। সেইজন্য আকাশের বৃষ্টি না হ'লেও এইগুলিকে করা যায়। এঁরা বোরো ধান সম্পর্কে কি করলেন? এই ফসলের উন্নতির প্রচুর সম্ভাবনা আছে। কিন্তু বোরো ধানকে বাড়ান কি করে যায়, সে সম্পর্কে এঁদের কিছু প্ল্যান নেই। এঁরা বলছেন—

to evolve better varieties of Boro Paddy.

আরে বাবা, বেটার ভেরাইটী অফ বোরো প্যাডি-ত পরে হেব, কিন্তু বর্তমান ভেরাইটী যা হচ্ছে সেইটেই যদি ব্যাপকভাবে বাড়ানর প্রোগ্রাম নিতেন তাহলে অবশ্য এই যে ইভলভ্ বেটার ভেরাইটীস কথাটা যা করতে গেলে এদের কয়েকটী অন্ততঃ প্রতিষ্ঠান খুলতে হবে, বড় বড় অফিসারকে সেখানে মেনটেন করতে হবে, সেখানে হবে হিসাব-নিকাশ, বৈজ্ঞানিক পদ্ধতি, নানা ব্যাপার হবে, সেটা হয়ত কৃষকের জীবনে কোন কাজে লাগবে না, কিন্তু এদের টাকা খরচের ব্যাপার ত নানা কারণে রাখতে হবে, তা না হলে এমন সরকার চলবে কি করে? কিন্তু যদি থাকতো আজকে বাংলাদেশে বোরো ধানকে কিভাবে বাড়ান যায়, দুইটি ধান কিভাবে সেখানে করান যায়, কিভাবে এক্সপ্যানসন করান যায়, তার জন্য আজকে ছোট ছোট সেচ পরিকল্পনায় আরো বেশী করে টাকা দেওয়া দরকার তাহলে কৃষকের প্রকৃত উন্নতি হোতো, দেশেরও উন্নতি হোতো। অর্থাৎ জনসাধারণের জীবনের সঙ্গে এঁদের কোন সম্পর্ক নেই, জনসাধারণের সঙ্গে সহযোগিতা করার কোন সম্পর্ক নেই। এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট থেকে যে-সমস্ত জায়গায় খাল নেই, শুকনো জায়গা, সেখানে যে-সমস্ত পুরাতন পুকুরগুলি আছে, সেইগুলির উন্নতি করার জন্য ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট ডিপার্টমেন্ট-এর মাধ্যমে একটা প্রোগ্রাম

নেওয়া হয়েছিল। ভাল প্রোগ্রাম, আমরা সেটাকে সম্পূর্ণভাবে সমর্থন করেছিলাম, বাংলাদেশের ছোট ছোট সেচ পরিকল্পনাকে যদি আজকে কার্যকরী করতে হয়, বাংলাদেশে যে-সব অঞ্চল আছে, যেমন মেদিনীপুরের কিছু অঞ্চল, বাঁকুড়া জেলা, বীরভূম জেলা—এইসব অঞ্চলে যে-সমস্ত ওল্ড ট্যাঙ্কস আছে, পূর্বে এইসব ট্যাঙ্কস-এর মারফৎ সেচের কাজ করান হ'ত, সেইগুলিকে এরা যদি কার্যকরী করতেন, তাহ'লে আজ অনেক কাজ হোতো। অবশ্য কার্যকরী করা যেত জনসাধারণের সঙ্গে যদি সহযোগিতা থাকতো, কিন্তু ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট ডিপার্টমেন্ট হয়ে গেল একটি মাথাভারী সংগঠন, বড় বড় অফিসার, জনসাধারণের সঙ্গে তার কোন সম্পর্ক নেই। টাকা স্যাংসন হ'ল, কিন্তু প্রয়োজনীয় কাজ হ'ল না। ২০ হাজার টাকা সেখানে স্যাংসন হ'ল, ৬ হাজার টাকা সেখানে খরচ হ'ল, সেখানে ট্যাঙ্ক হ'ল, কিন্তু জল হ'ল না, কিন্তু সেখানে চাষীর উপর অযথা ট্যাক্সেসন হয়ে গেল। এইসব কারণে জনসাধারণ আজকে আমাদের অঞ্চলে ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট সম্পর্কে একটা রসিকতা করে যে "গ্যাঁড়াকল" ডিপার্টমেন্ট।

[11-15—11-25 a.m.]

এত টাকা ত এখানে খরচ করা হচ্ছে, কিন্তু মূল প্রশ্ন, সোস্যালিজম-এর কথা এঁরা বলেন, সেই সোস্যালিজম-এর সঙ্গে এঁরা বাস্তব কাজের কোন সম্পর্ক রাখেন নি। আর একটা অদ্ভুত জিনিষ দেখা যাচ্ছে, এবারে এই আইন-সভায়, বড় মন্ত্রী থেকে আরম্ভ করে ছোট মন্ত্রী সকলে মিলে বলতে শুরু করেছেন, কো-অপারেসন, কো-অপারেসন। কিন্তু আসল কো-অপারেশন চাওয়ার জায়গায় কো-অপারেশন দিতে গেলে তাঁরা হাত গুটিয়ে নেন, তখন সেখানে কো-অপারেশন-এর কোন প্রশ্ন থাকে না। স্পীকার মহাশয়, বলাটা হয়ত অন্যায় হবে না, কালকে জনৈক সদস্য ঐ-পক্ষের একটা কথা বলেছিলেন, তিনি অবশ্য ইতিপূর্বে কখনও রাজনীতি করেন নি, বাংলাদেশে তিনি ছিলেন না, তিনি মাদ্রাজে থাকতেন, সেখান থেকে তুলে নিয়ে এসে, বাংলার কংগ্রেস বাংলাদেশের একটা কনষ্টিটিউয়েন্সিতে তাঁকে দাঁড় করিয়ে দিলেন, যাঁর বাংলাদেশের জনসাধারণের সঙ্গে কোন সম্পর্ক নেই। তিনি হ'লেন শ্রীমতি তুষার চন্দ্র, তিনি এখানে বামপন্থীদের প্রতি কটাক্ষপাত করে, পরিষ্কারভাবে বললেন "ঐ পক্ষে যাঁরা বসে আছেন, তাঁরা আবার কো-অপারেসন করবে কি"? সরকারের সাথে কো-অপারেসন যদি করবেন, তাহলে ওখানে ওঁরা কেন আছেন? ওঁদের সঙ্গে কো-অপারেসন কখনও হবে না। আমার ধারণা এটা সরকারের শিখিয়ে দেওয়া ব্যাপার, কারণ, তিনি নূতন এসেছেন, রাজনীতি ক্ষেত্রে কো-অপারেসন-এর ফেবারে নূতন কি বোঝেন? এটাই হ'ল সরকারের রিয়েল এ্যাটিচুড। বাংলাদেশের মানুষকে ধোঁকা দিতে হয়, তাই এই সমস্ত কথা বলতে হয়।

মিঃ স্পীকার, স্যার, যদি লক্ষ্য করেন, এই যে কাট মোসনস কয়েকটা দেওয়া আছে, বিরোধী পক্ষ থেকে, সেখানে মিশ্র-সার সম্পর্কে, ছোট ছোট ইরিগেসন সম্পর্কে, প্রধানত কাট মোসনগুলি দেওয়া আছে। মিশ্র-সার ও বীজ সম্পর্কে প্রচুর টাকা তারা খরচ করেন। স্পীকার মহোদয়, আমি গ্রামাঞ্চলে থাকি, আমি জানি সেখানে মিশ্র-সারের দাম অত্যন্ত বেশী এবং এই সমস্ত সার, সময় মত সেখানে পৌঁছায় না। যখন চাষবাস হয়ে যায়, তখন সেখানে বীজ ও মিশ্র-সার গিয়ে পৌঁছায়। আমি যে অঞ্চলে থাকি, সেখানে আলুর চাষ অত্যন্ত বেশী হয়। আলুর বীজ ওখানে যায়; কিন্তু আলু চাষের জন্য সেই বীজ কাজে লাগে না। আলু চাষের আগে বীজ পৌঁছায় না। এক-এক বস্তা আলুর বীজ ৮০ টাকা করে কিনে জমিতে লাগাতে হয়; তারপর গভর্নমেন্টের তরফ থেকে সেখানে বীজ, সার প্রভৃতি গিয়ে হাজির হয়। আমার দ্বিতীয় প্রশ্ন হ'ল, কৃষি দপ্তরের জনৈক জেলা অফিসার (এ ভয়েসঃ কোন জেলার?)—সেটা আমি বলতে রাজী নই। (এ ভয়েসঃ তাহলে আমরা কি করে জানবো?) জানালে তার চাকরী যাবে। সেই জেলা অফিসারের সঙ্গে আমার কথা হয়। তাঁকে যখন আমি বারেবারে বললুম, আপনি এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট-এর মাথা হয়ে বসে আছেন, আপনি করছেন কি? তিনি বললেন রাইটার্স বিল্ডিংস-এ একটা কনফারেন্স হয়েছিল, সেই কনফারেন্স-এর মূল প্রশ্ন ছিল বীজ ও সার সাপ্লাই করা সম্বন্ধে। (এ ভয়েস—কি বীজ?) ধান, আলু, এই সমস্ত বীজ। সেই কনফারেন্স-এ এই জেলা অফিসার

বলেছিলেন, শুধু সার বা বীজ দিলেই হবে না, বাংলাদেশের গ্রামাঞ্চলে ছোট ছোট সেচ পরিকল্পনাকে কার্যকরী না করতে পারলে কিছুই হবে না। সেখানে তখন তাঁকে প্রচণ্ডভাবে ধমক দেওয়া হয়। তিনি দুঃখ করে আমাকে বলেন, আমি করবো কি? আমার মাথার উপর অফিসার আছেন, যাঁরা কোনদিন ধান গাছ পর্যন্ত দেখেন নি, তাঁরা আমাকে ধমক দিলেন। তাঁরা বলেন এটা একটা সার ও বীজ ডিস্ট্রিবিউসন-এর প্রোগ্রাম, সরকার থেকে করা হয়েছে, এখানে ছোট ছোট সেচের কথা বলবার আপনার দরকার নেই, যেটা এখানে আছে, বীজ, সার সাপ্লাই-এর বিষয়ে, সেই সম্বন্ধেই আপনি কথা বলুন। তখন তিনি প্রোটেষ্ট করে, বলেন সার আর বীজ কোথায় দেবো? শুকনো মাঠে দেবো? জল কোথায়? সেদিক থেকে দেখছি একটা জিনিষ—এ'রা অনেক চেষ্টা করেন। এই ডিপার্টমেন্ট সম্পর্কে অনেকে অনেক কিছু বলে গেলেন। এই যে একটা ডিপার্টমেন্ট, এর সঙ্গে শতকরা ৭৭ জন লোকের জীবন নির্ভর করে, কারণ বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। স্পীকার মহোদয়, যদি আপনি লক্ষ্য করেন, তাহলে দেখবেন যে, এত জরুরী ডিপার্টমেন্ট অথচ এই ডিপার্টমেন্ট যেন একটা ফ্যালনা ডিপার্টমেন্ট হয়ে রয়েছে, ক্যাবিনেট এদিকে লক্ষ্য রাখেন না, এই অবস্থা বেশী দিন চলতে দেওয়া উচিত নয়।

Sj. Ledu Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, এ-দেশ কৃষিপ্রধান দেশ, এখানে কৃষির উন্নতি-সাধন করা একান্ত প্রয়োজন। কিন্তু এই কৃষিকে প্রধান করে গড়ে তোলবার জন্য সরকারের কোন প্রচেষ্টা নেই। কৃষির প্রতি বিশেষ লক্ষ্য দেওয়া দরকার। এ-বিষয়ে মানভূমের জীবনেও সেই সমস্যা, তাই আজ মানভূমে শিল্প বলতে কিছু নেই। মানভূমের বিশেষ শিল্প লাক্ষা অবহেলিত অবস্থায় রয়েছে।

মানভূম অত্যন্ত কাঁকরের দেশ, সেখানে জলের অভাব অত্যন্ত বেশী, ফলে সেখানে চাষাবাদ ভাল হতে পারে না। কৃষি ঋণের নির্ভরযোগ্য ব্যবস্থা আজও সেখানে নাই। আর একটা অভাব হচ্ছে গরুর। আহার্যের অভাবে গরু অত্যন্ত দুর্বল ও ছোট ছোট আকারে পরিণত হচ্ছে। সুতরাং সরকারের কর্তব্য এখানে উন্নত ধরণের কৃষি শিক্ষা কেন্দ্র চালু করা। জেলার প্রতিটি থানায় বীজ, সার, যন্ত্রপাতি সরবরাহ কেন্দ্র স্থাপন করে, চাষীকে সাহায্য করা উচিত এবং মুক্তহস্তে চাষিকে ঋণ দেবার ব্যবস্থা করা উচিত। পতিত জমি উদ্ধারের চেষ্টা করতে হবে, এবং জমিতে সেচের জন্য ভাল ব্যবস্থা করতে হবে। চাষীর জন্য সকল প্রকার ব্যবস্থা করতে হবে; কারণ চাষী হ'ল বাংলাদেশের মেরুদন্ড। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Parimal Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আজকে এই প্রথম আপনি আমাকে বক্তৃতা দেবার যে সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। দ্বিতীয় কথা হচ্ছে যে, আজকে আমার এই প্রথম বক্তৃতা দেবার সময়, যাঁরা এই সভার সদস্য নির্বাচিত হয়ে এসেছেন, তাঁদেরও আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

স্যার, মাননীয় সদস্য দাশরথীবাবু আজকে যে বক্তৃতা দিলেন, সেই সম্পর্কে আমি কয়েকটা কথা বলতে চাই। কারণ, উনি বলেছেন মিশ্র-সারের কোন প্রয়োজন নেই। আমি বলবো আনট্রাইয়েন্ট-এর দরকার আছে। তার কারণ, বিভিন্ন ব্যক্তির যে আনট্রাইয়েন্ট-এর দরকার হয় এবং প্রত্যেকটি স্পেসিফিক প্ল্যান্ট-এর স্পেসিফিক আনট্রাইয়েন্ট-এর দরকারে লাগে। দ্বিতীয় কথা হচ্ছে, তিনি বলেছেন গমের ফলন এবার অনাবৃষ্টির জন্য হয় নাই। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে, আমাদের দেশে এবার আনটাইমলি বৃষ্টি হয়ে গিয়েছে, তা আমরা সবাই জানি, এবং ফসল নষ্ট হয়ে যাওয়ার জন্য, আমি মনে করি গম গাছ বড় হওয়া সত্ত্বেও, আমরা গম পাই নি।

উনি আরও বলেছেন আমাদের দেশে অত্যন্ত ছোট ছোট গরু হয়, এ-দিয়ে চাষবাস চলে না। আমি তা সাপোর্ট করি এবং সাপোর্ট করতে গিয়ে এ-কথা বলি যে আমাদের দেশে সরকার এই সমস্ত গরুকে উন্নত করবার জন্য যে-সমস্ত প্লান্ড প্রোগ্রাম নিয়েছিলেন, সেই

সমস্ত প্ল্যান্ড প্রোগ্রাম যদি কার্যকরী হয় তাহলে পরে কিছু দিনের মধ্যেই আমরা আমাদের গরু খুব ভাল অবস্থায় দেখবো। বিরোধী পক্ষের লোকেরা বলতে পারেন, আপনাদের মুখ থেকে কেবল হবে, হবেই শুনে আসছি। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে যদি দেখা হয় সমস্ত জিনিষটা এবং তাকে কার্যকরী করতে হয় তাহলে আমরা দেখাবো যে এই পরিকল্পনা, যা গভর্নমেন্ট হাতে নিয়েছেন, সেটা খুব ভাল পরিকল্পনা,—

artificial insemination after seven generations,

আমরা সত্যিকারের খুব ভাল গরু পাবো। অন্ততঃ মিনিমাম সাত বছর পরে। সুতরাং তিনি যে আমাদের দোষ দেন, যে আমরা খালি করবো, করবো বলি, আজকে ধান গাছ পুতলেও কালকে ধান হবে না, এটা সত্য কথা নয়।

[11-25—11-35 a.m.]

মাননীয় সুবোধবাবু একটা কথা বলেছেন যে, আমাদের দেশে নাকি কোনরকম সয়েল এ্যানালিসিস হয় নি। আমি তার এ কথায় প্রতিবাদ জানিয়ে আমি বলছি, আমরা যদিও এখন পর্যন্ত সব জায়গাতে সয়েল এ্যানালিসিস সেন্টার খুলতে পারি নি, তবুও আমাদের এখন ১৯টা ফার্ম আছে যেখানে আমরা সয়েল এ্যানালিসিস করেছি। এবং আমাদের যা দরকারী জিনিষপত্র আমরা সেখান থেকে পেয়েছি। উনি বলেছেন সয়েল এ্যাসিডিটি কি এ্যালাক্যালিন এগুলি আগে জানা দরকার—এটা খুব সত্যি কথা। আমার মনে হয় অদূর ভবিষ্যতে গভর্নমেন্ট থেকে এরকম কোন ব্যবস্থা নেওয়া হবে, যার ফলে আমরা দেশের সর্বত্র এই সমস্ত ফার্ম খুলতে পারব। এখন হয়ত প্রত্যেকটা ইউনিট এখন খোলা সম্ভব নয়,, সেইজন্য আমি সুবোধবাবুকে বলতে চাই সয়েল সার্ভে অফ ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টের রিপোর্টটা তিনি নিশ্চয়ই পড়বেন।

তারপরে আমি যা বলবো তা হচ্ছে আমাদের এই দেশ, কৃষিপ্রধান দেশ এবং আমাদের দেশে ৭০ ভাগ থেকে ৮০ ভাগ লোক ডাইরেক্টলি অর ইনডাইরেক্টলি ডিপেণ্ডেন্ট অন এগ্রিকালচার। এই ইণ্ডাষ্ট্রি আমাদের দেশে বেসিক ইণ্ডাষ্ট্রি এবং প্রায় ১০০ মিলিওন লোক এই ইণ্ডাষ্ট্রিতে নিয়োজিত আছে। সেই প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা এগ্রিকালচারকে প্রথম টপ প্রায়োরিটি দিয়েছিলাম। এবং টোট্যাল এ্যামাউন্ট-এর ৩৩ পি, সি, আমরা খরচ করেছিলাম এগ্রিকালচার এবং ইরিগেসন-এর উপর। ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যান-এর শেষে আমাদের ক্রপ রিকোয়ারমেন্ট যা ছিল সেটা যদিও আমরা এখনও পূরণ করতে পারি নি। তবুও ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যান যে টারগেট আমাদের ছিল, সেই টারগেট থেকে অনেক বেশী ফলন আমরা ফলিয়েছি। এবং যতই সদস্যরা এখানে চেঁচান না কেন, এ-বিষয়ে আমাদের গর্ব করার আছে। স্যার, আমাদের দেশের এগ্রিকালচার-এর উন্নতি হয়েছে এটা খুবই সত্যি কথা। কিন্তু এর মধ্যে কতকগুলি দোষ ছিল, সেটা ভুললে চলবে না। হাজার হাজার বছর ধরে আমরা জমি চাষ করে আসছি, জমিতে কোন কিছু না দিয়ে আমরা জমিকে এক্সপ্লয়েট কোরে এসেছি এবং বসে বসে কর্তৃত্ব করে এসেছি যে, আমাদের বাংলা সোনার বাংলা। কিন্তু আজ আমরা দেখছি বসুন্ধরা বন্ধ্যা হয়েছে, তার কারণ কি? বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে দেখলে আমরা দেখব আজকে মাটীর ন্যাচারাল ফার্টিলিটি নষ্ট হয়ে গিয়েছে। তাই আজকে আমার সরকারের কাছে আবেদন, তারা যাতে জমিতে বেশী কোরে অরগ্যানিক ম্যানিওর জমিতে দেন। আরেকটা কথা বলতে চাই এই সম্পর্কে, গ্রিন ম্যানিওর যেটা অত্যন্ত দরকারী, সেটা যেন মন্ত্রীমহাশয় দেওয়ার দিকে দৃষ্টি দেন।

Sj. Gobinda Charan Maji:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের কংগ্রেসের এক বন্ধু বলেছেন যে, বড় বড় বক্তৃতা দিলে ধান বেশী ফলবে না। আমরাও ঠিক তাই মনে করি। এই এসেম্বলী হলের মধ্যে লম্বা চওড়া বক্তৃতা দিলেই ধান ফলবে না। কিন্তু সেই বন্ধুর কোন সাজেসসন আমরা পেলাম না যে, কি করতে হবে। তিনি বললেন যে, সোনারপুর অঞ্চলে ভাল স্কীম একটা গভর্নমেন্ট নিয়েছেন, যার ফলে সোনারপুর অঞ্চলে প্রচুর ধান হচ্ছে। আমরাও সে কথা স্বীকার করি

যে সোনারপুর অঞ্চলে কিছু ধান ফলছে। কিন্তু একটা সোনারপুর দিয়ে সারা পশ্চিমবঙ্গের অবস্থা আমরা বিচার করতে পারি না। আমাদের এই পশ্চিম-বাংলার সোনারপুরের মত বহু জায়গা পড়ে আছে, যে জায়গায় গভর্নমেন্ট-এর কোন লক্ষ্য পড়ে নি। আমি নাম করতে পারি, আমাদের হাওড়া জেলায় কে'দুয়া অঞ্চল, তাজাপুর অঞ্চল, যে-সব জায়গায় গভর্নমেন্ট-এর আশু দৃষ্টি দেওয়া কর্তব্য। আমাদের পূর্তমন্ত্রী মহাশয় কাল বলেছেন যে, নিম্নাবেশের দামোদর এবং কে'দুয়া অঞ্চল এখন আমরা কিছু করতে পারব না, তারা একটা এনকোয়ারী কমিটি বসিয়েছিলেন, সে কমিটি রিপোর্ট দাখিল করেছেন, তারা বলেছেন, আরও ভাল করে কমিটি বসাতে হবে এবং তাদের মতামত নিয়ে তারা ঐ অঞ্চলে হাত দেবেন। কিন্তু আমি বলতে পারি, এটাই আমি কৃষিমন্ত্রীকে বলতে চাই যে, আমাদের কে'দুয়া অঞ্চলে ২॥ লক্ষ বিঘা ধানী জমি আছে, এটা বছরের পর বছর ধরে অনাবাদী হয়ে পড়ে আছে। আমাদের হাওড়া জেলা দুর্ভিক্ষগ্রস্ত অঞ্চল, সেখানে সারা বছরের মাত্র ৪ মাসের ফসল হয়। যদি এই ২॥ লক্ষ বিঘা জমিতে আমরা কিছু পরিমাণ ফসল ফলাতে পারি, সরকারের তরফ থেকে কিছু চেষ্টা যদি হয়, তাহলে আমাদের জেলার অনেকখানি অভাব মিটতে পারে। আরেকটা কথা হচ্ছে, এখন যদি বড় স্কীম আমরা গ্রহণ করতে না পারি, ছোট ছোট কিছু স্কীমও তো আমরা করতে পারি। আমরা টেস্ট রিলিফ-এর মারফৎ কিছু ছোট স্কীম সরকারের কাছে দাখিল করেছিলাম, কিন্তু সরকার সে স্কীম সম্বন্ধে কিছুই ব্যবস্থা অবলম্বন করেন নি। আমি মার্চ মাসে স্কীম দাখিল করেছি কিন্তু এখনও পর্যন্ত সে স্কীম কার্যকরী হয় নি। আমার কথা হচ্ছে এই, এখন যখন বড় বড় পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর নয়, তখন ছোট পরিকল্পনা গ্রহণ করার কি অন্তরায় আছে তা আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই। এবং ডেভেলপমেন্ট স্কীমে আছে যে, অর্দ্ধেক খরচ চাষীকে দিতে হবে এবং অর্দ্ধেক খরচ সরকার দেবেন, এমন পশ্চিম-বাংলার বহু জায়গা আছে যেখানে চাষীদের অর্দ্ধেক খরচ দেওয়া সম্ভবপর নয়, সেজন্য চাষীরা সেখানে ছোট ছোট পরিকল্পনার মধ্য দিয়ে সেচের ব্যবস্থা অবলম্বন করা, সেটা তারা করে উঠতে পারছে না। যে-সব অঞ্চলের চাষীরা অত্যন্ত দরিদ্র, সেই সব অঞ্চলে সরকার থেকে খরচ দিয়ে ছোট ছোট পরিকল্পনা বিশেষ করে খাল-বিল পরিকল্পনা যাতে কার্যকরী হয় সে সম্বন্ধে সরকারের লক্ষ্য রাখা উচিত বলে আমি মনে করি। আর সার এবং বীজ সম্বন্ধে আমার বলার আছে, সার সরকারের তরফ থেকে যা দেওয়া হয় সেটা বহু পরে কৃষকদের কাছে যায় এবং দামও খুব বেশী যা সাধারণ চাষীদের পক্ষে দেওয়া খুব শক্ত হয়ে পড়ে এবং বীজও খুব নিকৃষ্ট ধরণের দেওয়া হয় এবং তাতে ভাল ফসল হয় না। আমাদের হাওড়ারই এক সদস্য বলে গেছেন যে, গত বছর বন্যার পর যে বীজ দেওয়া হয়েছিল সে বীজ উন্নত ধরণের নয়। সে বীজ নিয়ে চাষীরা বহু টাকা লোকসান করেছেন, কারণ সেই বীজ সরকারের তরফ থেকে এমনি দেওয়া হয়েছে সেটা সত্যি, কিন্তু সেই বীজ মাঠে বপন করার জন্য যে খরচ তারা করেছে সে খরচ সমস্ত মাঠেই পড়ে রয়েছে কারণ সেখান থেকে তারা কিছুই রোজগার করতে পারে নি। কোন ধানই তারা পায় নি। আরেকটা কথা বলতে চাই, সেটা হচ্ছে কৃষি-ঋণ। বাংলাদেশের বেশীর ভাগ কৃষক তারা হচ্ছে ভাগচাষী, যাদের জমি আছে তাদের অনেকেরই জমির সঙ্গে সম্পর্ক নেই, তারা অনেকেই কলিকাতায় থাকেন এবং দেশেও যাঁরা থাকেন, তাঁরা নিজের হাতে চাষ করেন না। বাংলাদেশের যারা প্রকৃত চাষী তারা হচ্ছে ভাগচাষী, এই ভাগচাষীরাই কৃষি-ঋণ বা গরু কেনার টাকা এই দুটো থেকেই বঞ্চিত। আমি কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাই, ঐ ৩ একর বা ৯ বিঘা জমি থাকলেই যে কেবলমাত্র চাষীরা, কৃষি-ঋণের টাকা পাবে তাতে বাংলাদেশের প্রকৃত চাষীদের কোন সমস্যার সমাধান হবে না। যদি আমাদের কোন সাজেসসন গ্রহণ করতে চান তাহলে এইটুকু আপনারা করুন, তাহলে আপনারা চাষীদের বহু আশীর্বাদই পাবেন। যারা ভাগচাষী তাদের রিজার্ভড সিকিউরিটিতে হউক—তাদের তো বাড়ী, ঘর-দয়ার আছে, তাদের সেইটুকু রেখে যদি আপনারা কিছু টাকা দিতে পারেন তাহলে তাদের চাষের সময় উপকার হয়। আমাদের হাওড়া জেলা এবং পশ্চিমবঙ্গে বহু জায়গায় চাষের সময় তাদের কি অবস্থা হয়—এখন দুর্ভিক্ষের অবস্থা চলছে, লোকে খেতেই পাচ্ছে না। আমাদের মন্ত্রীমহাশয় যা ব্যবস্থা কোরে রেখেছেন তাতে এক-একটা র‍্যাসন সপ-এ ৪।৫ বার কোরে চাল গেছে, সে চাল দিয়ে লোকের চলবে না,

তাদের হাতে টাকা নাই, গরু কেনার টাকা নাই, বীজ, সার কেনার টাকা নেই, লোক খাটাবে তার পয়সা নেই এবং নিজেও খেটে খেতে পারবে না—এ-দিয়ে কি কোরে চাষ হতে পারে। চাষের যদি উন্নতি করতে হয় তাহলে এইসব দিকে আপনাদের লক্ষ্য দিতে হবে। আমার সর্বশেষ এবং সর্বপ্রথম কথা হচ্ছে, ভাগচাষীদের কৃষি-ঋণ দেবার ব্যবস্থা করুন। আমি পুনরায় বলতে চাই, মন্ত্রীমহাশয়ের কাছে বাংলাদেশের সত্যিকারের চাষী হচ্ছে ভাগচাষী, জমির সঙ্গে তাদেরই প্রকৃত সম্বন্ধ, অতএব তারা যাতে কৃষি-ঋণ পায়, বলদ কেনার টাকা পায়, সেই দাবী আমি জানাচ্ছি।

আমাদের হাওড়া জেলায় বহু পান-চাষী আছে।

এবং আমাদের হাওড়া জেলার বহু পান-চাষী আছে, যাদের সম্বন্ধে মাননীয় সদস্য আলোচনা করেছেন, কিন্তু আমরা জানি হাওড়া জেলার পান-চাষীর সংখ্যা প্রায় ১ লক্ষ। গত বন্যায় বহু পান-চাষীর চাষ নষ্ট হয়ে গিয়েছিল। সরকার পক্ষ থেকে পুনরায় তার জন্য যে ঋণ দেওয়া হয় তাও অত্যন্ত নগণ্য। এ-বিষয়ে গভর্নমেন্ট-এর দৃষ্টি আকর্ষণ করেছিলাম ২০শে মার্চ তারিখে। হাওড়া জেলা ম্যাজিস্ট্রেটকে টেলিগ্রাম করেছিলাম এবং জানিয়েছিলাম কিন্তু আজ পর্যন্ত সেখানে কোন ব্যবস্থা করা হয় নি।

আর একটা কথা বলবো। স্যার, আমাদের দেশে গরুর উন্নতির জন্য বহু উন্নতির কথা শুনলাম। মন্ত্রীমহাশয় বলেছেন ১ কোটি ১১ লক্ষ গরু আমাদের দেশে আছে। আমার মনে হয় গত বন্যায় তার অর্ধেক খতম হয়ে গেছে এবং ১ কোটি ১১ লক্ষ গরু আমাদের দেশে নাই। আর গোচারণ ভূমির যে অবস্থা সেদিকেও লক্ষ্য রাখা উচিত এবং গরুর খাদ্যের জন্য নেপিয়ার ঘাস ইত্যাদি বিকল্প ব্যবস্থা করা উচিত এবং এইসব খাদ্যের যাতে ব্যবস্থা হয় তার ব্যবস্থা গভর্নমেন্ট করবেন, আশা করি।

[11-35—11-45 a.m.]

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশে এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর যতগুলি শাখা আছে, তাতে কি রকম কাজ হয় তার নমুনা এতক্ষণ ধরে আপনারা শুনেছেন, বিভিন্ন অনারেবল মেম্বার-এর কাছ থেকে। আমি আমাদের মালদহ জেলায় কি রকম কাজ হয়েছে তার একটা আভাস দিব। ফসল সার্ভের বিবরণ মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় দিলেন। তাতে ফসল উৎপাদন বেড়েছে বলে ধারণা হবে। কিন্তু আসলে তা নয়। এই ফসল সার্ভে ত্রুটিপূর্ণ—যার ফলে উৎপাদন ফলাও করে দেখান হয়। আমরা দেখেছি এগ্রিকালচারাল এ্যাসিস্টেন্টরা যখন ফসল হয় তখন যে জমিতে ফসল ভাল হয়েছে সেখানে গিয়ে দেখেন, তারপর ঘরে বসে ছক কেটে স্কোয়ার ফুট দিয়ে হিসাব করে, তারই গড় ভিত্তি ধরে সমস্ত এলেকার উৎপাদনের একটা হিসাব তৈরী করেন। এইভাবে বিভিন্ন এলাকার হিসাব কষে গোটা জেলার ফসল উৎপাদনের হিসাব দেখান। অথচ সেটা যে সত্যিকারের হিসাব হয় না তা নিশ্চয়ই আপনারা বুঝতে পারবেন। প্রত্যেক গ্রামের কৃষক প্রতিনিধিদের মাধ্যমে ফসল উঠার পর যদি এগ্রিকালচারাল এ্যাসিস্টেন্ট উৎপাদনের হিসাব নেন তবেই সেটা ঠিক হিসাব হবে। এজন্য চাষিদেরকে নিয়ে এগ্রিকালচারাল বোর্ড গঠন করা উচিত। সারের কথা বলা যেতে পারে যে, সার একবার দিলে বারবার দিতে হয় ও অনিশ্চিত বৃষ্টির উপর নির্ভর করতে হয়। অর্থাভাবে লোক সার কিনতে পারে না কিন্তু যদি কেউ কিনতে চায়ও তবে তা ঠিক সময়মত পাওয়া যায় না। বীজের কথা না বলাই ভাল। ভাল বীজের অভাবে উৎপাদন ভাল হয় না। কিন্তু ভাল বীজ পাওয়া যায় না। বীজ নিতে গেলে বীজ যে পওয়া না যায় তা নয়। কিন্তু যখন বীজ দেওয়া হবে বলা হয় তখন বীজের আর প্রয়োজন থাকে না। যখন বীজ পাওয়া যায় তখন তা খেয়ে ফেলা ছাড়া আর কোন কাজে লাগে না। তা ছাড়া যদি কেউ সময়মত বীজ পায়ও তবে তা এত নিকৃষ্ট যে তাতে ভাল-মন্দ মেশান থাকে। এই বীজগুলি কোথা থেকে সরবরাহ হয় জানি না, কিন্তু সেগুলি সরকার যদি অনুসন্ধান করে দেখেন, বিভিন্ন এলাকায় যাবার পর, তাহলে দেখা যাবে তাতে যত ভাল বীজ আছে তার চেয়ে খারাপ বেশী রয়েছে। পোকাতে অনেক ফসল নষ্ট করে, পোকা নষ্ট করতে গ্যামাক্সিন দরকার অথচ সে

পাওয়া যায় না। ইরিগেশন স্কীম আমাদের মালদা জেলায় খুব বেশী হয় নি। ১৯৫২ সাল থেকে আজ পর্যন্ত যা হয়েছে তা অতি সামান্য। ১৯৫২ সাল থেকে এই সমস্ত ইরিগেশন স্কীম-এর জন্য যে খরচ হচ্ছে তা ক্রমশঃ কমে কমে আসছে। মালদা জেলার জন্য ১৯৫২-৫৩ সালে ইরিগেশন স্কীম হয়েছিল ২৭টী, ১৯৫৩-৫৪ সালে ১৭টী, ১৯৫৪-৫৫ সালে ১১টী, ১৯৫৫-৫৬ সালে মাত্র ৫টী। এর মধ্যে কয়েকটী পরিত্যক্ত হয়েছে। মালদা জেলার উন্নতির জন্য আরো বেশী ইরিগেশন স্কীম হওয়া দরকার। সেচের জন্য পুকুর কাটা ও পাম্পের ব্যবস্থা করা উচিত। সেচ পরিকল্পনায় চাষীদেরকে অর্দ্ধেক পরিমাণ টাকা দিতে হয়। এক-একটা পরিকল্পনা ৯৯৯ টাকাতে হয়। তার অর্দ্ধেক চাষীদেরকে দিতে হয়, চাষীরা তা দিতে পারে না। অর্দ্ধেক পরিমাণ না দিয়ে যদি এক-চতুর্থাংশ দেবার নিয়ম করা হয় তবে এর সুযোগ অনেক জায়গায় চাষীরা নিতে পারে। বাঁধ সম্বন্ধেও এ-কথা খাটে। তাই মদ্না, খড়রা, বারোমাসিয়া বাঁধ পরিকল্পনাগুলো হতে পারছে না। সুতরাং মালদহ জেলায় কৃষির উন্নতি কি করে হবে? এদিকে সরকার বাহাদুরের যে দৃষ্টি, সে দৃষ্টির প্রশংসা করা যায় না। শত শত বিঘা পতিত জমি পড়ে রয়েছে, মালিকরা ভাগচাষীদের সেগুলি দেয় না, কিংবা নিজেরাও তা আবাদ করে না। অথচ সেদিকে সরকার দৃষ্টি দেন না যাতে এই মালিকদেরকে বাধ্য করা যায়, সেগুলি চাষ করবার জন্য। বলদ সম্বন্ধে অনেক কিছু বলা হয়। গত শীতের সময় যখন বৃষ্টি হয়েছিল তখন সেই বৃষ্টিতে শত শত বলদ মারা যায় মালদহ জেলায়। এবং এখন সেখানে যথেষ্ট সংখ্যক বলদ পাওয়া যায় না চাষ করবার জন্য। অথচ সরকার বলদ খরিদ ঋণের যে ব্যবস্থা করেছেন তাতে দেখা যায় যে, প্রত্যেক ইউনিয়ন-এ যেখানে লোকের বাস ১০ হাজার সেখানে মাত্র দেওয়া হয়েছে ৫০০ টাকা। এতে তিনজন মাত্র লোক বলদ ঋণ পেতে পারে, তাও এখন পর্যন্ত দেওয়া হয় নি। সব গোচর ভূমি জমিদারেরা বন্দোবস্ত দিয়ে দেওয়ার ফলে গরু ঘাস পায় না। অজন্মার জন্য ঘাস-খড়ের অভাব। ফলে গরুর স্বাস্থ্য নষ্ট হয়ে যাচ্ছে, রোগা গরু দিয়ে ভালভাবে চাষ কি করে হবে? গরুর ব্যারাম হলে তার চিকিৎসারও ব্যাপক ব্যবস্থা মফঃস্বলে নেই। যে কয়টি ভেটারিনারী সেন্টার আছে তা সত্যিকারের কোন কাজে লাগে না। এগুলির উন্নতি হওয়া উচিত ও সুদূর মফঃস্বলেও ভেটেরিনারী হসপিট্যাল প্রতিষ্ঠা করা উচিত। প্রয়োজন হলে ভেটেরিনারী সার্জেনকে চাষীদের বাড়ীতে গরু চিকিৎসার জন্য যাওয়া দরকার।

কৃষি-ঋণের কথা না বলাই ভাল, কেন না যে টাকা দেওয়া হয়েছে তাতে প্রতি লোক-পিছু মাত্র ২০।২৫ টাকা করে পাবে। সেই ২০।২৫ টাকা দিয়ে কৃষির যে কি উন্নতি সাধন হবে তা বুঝতে পারি না। জাপানী প্রথায় চাষ—এটা মাঝে মাঝে যখন একজিবিশন হয় তখন খুব ফলাও করে দেখানো হয়। এই প্রথায় নিশ্চয়ই ফসল উৎপাদন বেশী হয়, কিন্তু তাতে এত বেশী খরচ পড়ে যে, সেই খরচ বহন করার মত অবস্থা আমাদের দেশের সাধারণ চাষীদের নেই। কাজেই তারা এই প্রথা গ্রহণ করতে পারে না। তা ছাড়া এই প্রথায় চাষ করতে গেলে প্রয়োজনীয় একটা সীড রিলের দাম ৭২ টাকা, একটা হুইলহোর দাম ৩৭ টাকা পড়ে। সাধারণ চাষী এসব কিনতে পারে না, বিশেষ করে সেচ ব্যবস্থা না হলে জাপানী প্রথায় চাষ হতে পারে না। অথচ সেচ ব্যবস্থার অভাব। মালদার আম খুবই প্রসিদ্ধ এবং আপনি নিশ্চয়ই জানেন, স্পীকার মহাশয়, যে এবারে মালদায় আম হয় নি। কিন্তু কেন যে হয় নি—এই আমের ফলন কি করলে ভাল হোত সে বিষয়ে এগ্রিকালচার ডিপার্টমেন্ট যদি একটু আগে থেকে সজাগ থাকতেন, তাহলে হয়ত এবার আমের ফলন এত কম হতো না। যখন এইবার শীতের সময় বৃষ্টি হয়েছিল, তখন থেকেই কিছু সাবধানতা অবলম্বন করলে কিংবা কোনরকম সার দিলে বা অন্য কিছু উপায় করলে এবার আম এত কম হতো না।

তারপর প্রিজারভেসন অফ ফ্রুটস-এর কথা আসে। মালদায় আম প্রিজার্ভ করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল; কিন্তু আজ পর্যন্ত তা কার্যকরী করা হয় নাই। তারপর, মাঝে মাঝে ফসল প্রতিযোগিতা হয়; চাষীরা নিজেরা যা উৎপাদন করে নানা জায়গা থেকে, সেই সমস্ত জিনিষ প্রতিযোগিতা স্থলে দেখাবার জন্য নিয়ে আসে। কিন্তু আমরা শুনেছি যে এর মূলে অনেক দুর্নীতি আছে, কেন না কে ফার্স্ট হবে, কে সেকেণ্ড হবে, সেটা আগে থেকেই ঠিক থাকে এবং তাদের সঙ্গে একটা বোঝাপড়া হয়ে যায়। সত্যিকারের এর মধ্যে

কি আছে সেদিকে সরকার বাহাদুরের মনযোগ দেওয়া উচিত। সয়েল সার্ভে মালদা জেলাতে যে নিতান্ত প্রয়োজন তা অস্বীকার করার উপায় নেই। সেখানে আগে যে উৎপাদন হত তা অনেক কমে গেছে এবং কোথায় কিরকম সার দিলে ফসল ভাল হবে তা সয়েল টেষ্ট না করলে বুঝা যাবে না। ফলে সাধারণ চাষীরা কিছুতেই সার ঠিক জায়গায়, ঠিক সময়ে দিতে পারবে না।

Sj. Monoranjan Misra:

মাননীয় স্পীকার মহোদয়, আমরা জানি স্বাধীনতা প্রাপ্তির পর ১০ বছর পেরিয়ে যাচ্ছে এবং কংগ্রেসের হাতেই রাষ্ট্র পরিচালনার ভার রয়েছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ করা হবে. সেই সময় মাননীয় মন্ত্রী তরুণবাবু মালদায় শুভ পদার্পন করেন। সমস্ত ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টদের এক সভা আহ্বান করে বিশেষ জোরের সংগে বলেছিলেন যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্কীমগুলি তাড়াতাড়িতে অফিসার মহলে যুক্তি পরামর্শ করে গ্রহণ করা হয়, যার জন্য পরিকল্পনার মধ্যে অনেক ত্রুটী থেকে গেছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে—এবার যে-কোন পরিকল্পনা আসবে—প্রতিটি পরিকল্পনা পল্লী-অঞ্চলের প্রতিনিধিদের মারফত আসবে, এবং সেই পরিকল্পনার উপর ভিত্তি করেই উন্নয়নমূলক যাবতীয় ব্যবস্থা কার্যকরী হবে. অর্থাৎ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার বৈশিষ্ট্য হচ্ছে এই যে, জনসাধারণের নিকট থেকে পরিকল্পনাগুলি গ্রহণ করে এবং সম্ভবক্ষেত্রে সেই সমস্ত রূপায়িত করাই হবে সরকারের কর্তব্য। আমি জানতে চাই, কৃষি বিভাগের মন্ত্রী বা সেচ বিভাগের মন্ত্রী মহোদয়গণের নিকট থেকে, মালদহ জেলার পল্লী-অঞ্চল থেকে যে-সমস্ত ইরিগেশন স্কীম দেওয়া হয়েছিল তার একটি স্কীমও কেন টেক আপ করা হয় নি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পকিল্পনায়? কাজেই আমি মনে করি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ত্রুটী ছিল, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও সেই ত্রুটী থেকে গেছে। শুধু তাই নয়, উন্নয়নমূলক প্রত্যেকটী পরিকল্পনা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়েও ব্যাক ডোর দিয়ে গ্রহণ করার ব্যবস্থা হয়েছে। তাই তরুণবাবুর মালদহ সফর এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তাৎপর্য ও উদ্দেশ্য বর্ণনা বৃথা হয়েছে!

[11-45—11-55 a.m.]

আজকে বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, প্রথম পাঁচ বছর চলে গেছে; দ্বিতীয় পাঁচ বছরের পরিকল্পনা আরম্ভ করা হয়েছে। এদিকে পল্লীতে পল্লীতে মানুষ আজ খেতে পায় না, পরতে পায় না, চারিদিকে হাহাকার, হা অন্ন, হা অন্ন! আজকে সরকার গর্ব করছেন, পঞ্চশালা পরিকল্পনার। কিছুক্ষণ পূর্বে আমার মাননীয় কংগ্রেসী বন্ধু হংসধ্বজবাবু বক্তৃতায় বলেছেন, সহযোগিতা এবং কনস্ট্রাকটিভ সাজেসসন দিবার কথা উল্লেখ করেছেন। তাঁকে এবং তাঁর সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই, পল্লীর জনসাধারণের পরিকল্পনা দ্বিতীয় পঞ্চশালাতেও স্থান পায় নি! আমরা সহযোগিতা করতে সব সময়ই প্রস্তুত আছি। সত্যই কি আপনারা সহযোগিতা চান? আমরা জানতে চাই, আজ কোন কংগ্রেস কর্মী পল্লীগ্রামে গিয়ে জনসাধারণের এই দুর্দ্দিনে দাঁড়িয়েছেন? আমি জানি কোন কংগ্রেস কর্মীর আজ কংগ্রেসে স্থান নাই। মানুষের দুঃখের দিনে তথাকথিত কংগ্রেসীরা উপস্থিত কোনদিনই হন না। আজকে গভীর বেদনার সহিত মালদহ জেলা সম্বন্ধে বলতে চাই—সেখানে গ্রামের মানুষ এবং ক্ষেতের মানুষ ভয়ানক দুরবস্থায় পড়েছে। আমি সরকারকে জনাতে চাই, মালদহের অবস্থা ভীষণ। কি গরীব, কি কৃষক, কি সাধারণ মানুষ, সকলের অবস্থাই আজ খারাপ, সর্বশ্রেণীর মানুষের অবস্থা আজ ধ্বংসের দিকে এগিয়ে চলেছে। মালদহ জেলাকে খাদ্যাভাব থেকে রক্ষা করার কোন পরিকল্পনা নাই। গত রবি ক্রপস ফেল করেছে, ভাদৈ ক্রপসও ফেল করবে। এখনই আমন ক্রপ-এর জন্য বীজ বিতরণ করা উচিত, কিন্তু সরকারের তরফ থেকে

এক ছটাক বীজও পাঠানো হয় নাই। সরকারকে সর্বদার জন্য সজাগ থাকতে হবে—পরবর্তী ফসল অর্থাৎ কলাই, রবি শস্য বা হৈমন্তিক ফসল যাতে ভালভাবে আবাদ হয়। তার জন্য প্রয়োজনীয় সাহায্য যথাসময়ে দিবার ব্যবস্থা করা দরকার। তাই আমার আবেদন সরকারের কাছে, অবিলম্বে প্রয়োজনীয় সীড সরবরাহ করা হোক। প্রত্যেক চাষীকে গ্রুপ লোন দেওয়া হোক—মালদা জেলার যা আজ অবস্থা তাতে আমি বলতে চাই, যদি মালদহের পরবর্তী ফসল চাষের ব্যবস্থাসমূহকে কার্যকরী করতে হয়, তাহলে অবিলম্বে সীড বিতরণের ব্যবস্থা করতে হবে। এবং যে-সব চাষী গ্রুপ লোন-এর জন্য প্রার্থী, তাদের অনতিবিলম্বে লোন দেবার ব্যবস্থা করা দরকার। এই প্রসঙ্গে একটা কথা আমি জানাতে চাই, সত্যিকারের যারা চাষী, যারা কৃষি-জমি নিজ হালে চাষ করে, তাদের প্রয়োজনীয় জমি চাষ করার জন্য অনতিবিলম্বে দিতে হবে, তবেই হবে ভূমি-সংস্কার আইনের স্বার্থকতা। সেইজন্য আজ শক্ত আইন রিগারাস ল-র পরিবর্তন করে বাস্তব অবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রতিশ্রেণীর মানুষের জীবনধারণের ব্যবস্থার সংস্থান করে ল্যান্ড রিফর্মেসন এ্যাক্ট-এর স্বার্থকতা প্রমাণ করতে হবে। তারপর ক্যাটেল পারচেজ লোন-এর ব্যবস্থা—যেভাবে সি, পি, লোন-এর ব্যবস্থা করা হয়, তাতে নয় বিঘার কম যাদের জমি আছে তারা সি, পি, লোন পায় না। অথচ এরূপ চাষী যুগের পর যুগ অন্যের জমি চাষ করেই চলেছে। আশ্চর্য্য হই, এরাই প্রকৃত চাষী, যেহেতু এদের নিজের জমি নাই, এরা সি, পি, লোন পাবে না! সুতরাং আমি প্রস্তাব করব যারা নিজ হালে জমি চাষ করে, সে জমি নিজের হউক বা পরের হউক, এদের সি, পি, লোন দিতেই হবে। দেশকে খাদ্যে স্বয়ং-সম্পূর্ণ করতে হলে আমার কনষ্ট্রাকটিভ সাজেসসন হচ্ছে—প্রত্যেক ইউনিয়নে এগ্রিকালচারাল ডেমোনেস্ট্রেসন ফার্ম স্থাপনের ব্যবস্থা করে কৃষি-বিষয়ে অভিজ্ঞ কর্মচারী নিয়োগ করে (বর্তমান ইউ, এ, নয়) চাষীদের হাতেকলমে কৃষি-বিদ্যা শিক্ষা দেওয়া দরকার। রাইটার্স বিল্ডিংস থেকে গ্রো মোর ফুড বলে প্রচার করলেই খাদ্য-সমস্যা সমাধান হবে না। যে পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে তাকে যদি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে প্রত্যেকটী পরিকল্পনা নিয়ে জনসাধারণের কাছে যেতে হবে। আমার বক্তব্য হচ্ছে, খাদ্যোৎপাদনের পরিকল্পনাকে যদি বাস্তবিকই সফল করতে হয় তাহলে প্রত্যেক ইউনিয়নে এগ্রিকালচারাল ডেমনেস্ট্রেসন ফার্ম, সীড স্টোর প্রভৃতি স্থাপন করতে হবে এবং এই সঙ্গে স্মল্যান্ড ওয়েতে ইরিগেসন স্কীম গ্রহণ করতে হবে। প্রকৃতই যদি কল্যাণ-রাষ্ট্র, সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করার উদ্দেশ্য থাকে তাহলে প্রচলিত সরকার, যে সরকারের কাঠাম বা এ্যাডমিনিষ্ট্রেসন ফুল অফ মেনি মিনিষ্টারস, হাই অফিসিয়ালস, গভর্নমেন্ট কন্ট্রাকটরসদের নিয়ে গঠিত, এদের পরামর্শে সোস্যালিষ্টিক প্যাটার্ন অফ স্টেট গঠনে বহু অন্তরায় আছে! আপনাদের দৃষ্টিভঙ্গী বদলাতে হবে, অসংখ্য মিনিষ্টারস নিয়ে এ্যাডমিনিস্ট্রেসন চালাবার যে নীতি, সরকারের সমস্ত ব্যাপারে গভর্নমেন্ট কন্ট্রাকটরস নিযুক্ত করার যে জটিল ব্যবস্থা, আর শুধু টপ র‍্যানকিং অফিসারসদের সঙ্গেই পরামর্শ করার যে নীতি—এইরূপ ব্যবস্থার পরিবর্তন করা দরকার হয়েছে। গাঁয়ের লোকের সঙ্গে মিশতে হবে, তাদের সঙ্গে একত্র বসে কথা-বার্তা বলতে হবে, তাদের অভাব-অভিযোগ কি, তাদেরই মুখ থেকে শুনতে হবে, শুনে তার প্রতিকারের ব্যবস্থা করতে হবে। তাদের শিক্ষা-দীক্ষার ভার গ্রহণ করতে হবে, নৈলে শুধু বড় বড় কথা বলে ও বড় বড় পরিকল্পনা প্রচার করে কিছুই হবে না।

তাই আমি আবার বলছি, গো ব্যাক টু ভিলেজ, গ্রামে গিয়ে প্রত্যেক ইউনিয়নে একটা করে এগ্রিকালচারাল ডেমনেস্ট্রেসন ফার্ম স্থাপন করুন, চাষীদের উন্নত ধরণের কৃষিকার্যে হাতে-কলমে শিক্ষা দেবার ব্যবস্থা করুন, যথাসময়ে উৎকৃষ্ট বীজ সরবরাহ করুন, লিবারেল বেসিস-এ সি, পি, লোন ও গ্রুপ লোন দিন, তা ছাড়া এ সমস্যা সমাধান হবে না। তাই মন্ত্রীমহোদয়ের নিকট আবেদন জানাব, তিনি পল্লীর জনসাধারণের দুঃখ কাহিনীর বাস্তব অভিজ্ঞতা অর্জন করুন, তাদের সমস্যা সমাধান করার জন্য ফাইলের জটিলতা মুক্ত করে সর্বপ্রকার সরকারের সাহায্য ব্যবস্থা যাতে সহজলভ্য হয়, এরূপ ব্যবস্থা আজ সরকারকে করতে হবে।

Sj. Mangru Bhagat:

स्पीकर महोदय, हम लोग जलपाईगुरी जिला के जो रहनेवाले हैं वहां के किसान, भागचासी लोग बहुत गरीब हैं. उनको गोरु रखना बहुत मुशकिल हो जाता है। जलपाईगुरी जिला में कलरा और बिमारी के जरिये बहुत गोरु मर गये है इसलिय भागचासी जो किसान है उनको बहुत तकलीफ है, सरकार को उसके लिये बंदोबस्त करना चाहिये और उनको बचाने की सहायता करनी चाहिये। आज सबसे गरीब भागचासी किसान हैं उनके लिये सरकार को अनुरोध करते हैं कि उनको बीज धान का बंदोबस्त करें और जो सार सरकार की तरफ से दिया जाता है। इसलिये सरकार से अनुरोध है कि भागचासी किसान बहुत गरीब हैं उनको जैसा आसानी से मिल सके उसका बंदोबस्त करें। भागचासी किसान बहुत गरीब किसान होते हैं उनकी तरफ सरकार को नजर देनी चाहिये।

सरकार की तरफ से भागचासी किसानों के लिए कर्ज का कोई बंदोबस्त नहीं है। जब किसान कर्ज लेना चाहते हैं तो महाजन जो फैसला करता है उसी पर उसको लेना पड़ता है कभी कभी उसको २ गुना और ३ गुना देना पड़ता है और महाजन जो मांगता वही देना पड़ता है इसलिए मैं मंत्री महोदय से अनुरोध करता हूं कि गरीब भागचासी किसानों की तरफ स्थान दें और भागचासी किसानों को सरकार की तरफ से कर्जा देने का बंदोबस्त करे।

स्पीकर महोदय! भागचासी किसान को १०७ धारा में कोर्ट में जो केस होता है उससे भागचासी किसान को बहुत तकलीफ होता है। मैं मंत्री महोदय से निवेदन करुगा कि वह सब फौजदारी केस भागचासी किसानों के ऊपर से उठा लिया जाय।

कलरा और दूसरी दूसरी बिमारी से जो गोरु मर जाता है उसके लिए प्रत्येक थाना में माल, मेटेली नागराकाटा में पशू का डाक्टर का बंदोबस्त होना चाहिये यह है हमारा अर्ज (पी० एस०)।

आज भागचासी किसान और मध्यवृत्त जो लोग हैं वह बहुत गरीब हैं उनको रहने का बहुत मुशकिल है इसलिए मै सरकार से अर्ज करता हूं कि इन लोगों की तरफ स्थान पूरा पूरी दें। यही है मेरा अर्ज, सरकार को इधर नजर देना चाहिये।

11-55—12-5 p.m.]

Sj. Ramanuj Halder:

माननीय स्पीकार महाशय, कृषि खातेर व्यय-वराद्द आमादेर सामने राखा हयेछे। एटा प्रथम नजरे देखले मालूम हबे ये, आमादेर सामने एकटा आशा-आकाङ्खार आनन्दोज्जवल चित्र तुले धरा हयेछे। किन्तु वर्तमान अवस्था विवेचना करते गेले तार अतीत वत्सरगुलिर मध्याय पुङ्खानुपुङ्खरूपे देखा आवश्यक एवं ता देखले आमरा देखबो ये आशा-भरसा पोषण करार मत किछुई करा हय नि। अवश्य ए-कथा आमि बलते चाई ना ये, सरकार आदौ किछु करेन नि। तार चेष्टा, तार ए-विभागीय ये थियोरी, सेई थियोरीर विरुद्धे आमार किछु बलबार आछे। सेई थियोरीटा कार्य्यकरी करते हले, धरे निलाम सेई थियोरीटा सत्य, सरकारेर कार्य्यकरी व्यवस्था अवलम्बन करार प्रयोजन छिल। साधारण कृषकदेर वेशे एकदल मानुष, यारा तादेर सहजात, सारल्य, स्वाभाविक बुद्धि निये आदिम धरित्रीर सन्तानेर मत श्रमिकर्षण करछे, अत्यन्त क्षीण कङ्कालसार रुग्न देह निये, अत्यन्त असहाय अवस्थाय, अत्यन्त दरिद्र अवस्थाय, तार बुद्धिर योगान देवार जन्य, कृषि पद्धतिर उन्नततर व्यवस्था

গ্রহণের জন্য, এই যে থিয়োরী, তার কথা তাদের কাছে গিয়ে পেঁছায় না। হাজার, হাজার, লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যয় হয়ে যায়, যা তার কাছে কার্যকরী করতে না পারলে ভূমিতে যে ফসল ফলাবে, ভূমি যে কর্ষণ করবে, তার কাছে যদি গিয়ে না পেঁছায়, তার কাজে যদি না লাগে, তাহলে কোন কাজ হয় না। আমরা লক্ষ্য করে দেখছি কয়েকটি বিষয়—বাঁধ বাঁধার ব্যাপার; কিছুতেই বর্ষাকাল ভিন্ন তার কাজ আরম্ভ করা হয় না। লক্ষ লক্ষ টাকার কাজ বর্ষার দিনে চলে, অর্থের অপচয় হয়। প্রোডিগ্যালিটি এ্যান্ড মিসইউজ অফ দি গভর্নমেন্ট মানি তো হচ্ছেই, আর আমরা দেখছি যে হাজার হাজার বিঘা শস্য-ক্ষেত্র প্লাবিত হয়ে চলে যাচ্ছে। আমরা লক্ষ্য করে দেখছি খাল কাটা হয়; কিন্তু তার উভয় তীরে সমান করে মাটী ফেলা হয় না; ফলে গ্রীষ্মের সময় লবনাক্ত জলে শস্যক্ষেত্র প্লাবিত হয়ে যায়, আবার বর্ষার সময় শস্যক্ষেত্রের জল বেরিয়ে চলে যায়। পলিসি হিসাবে দেখি, কিছুদিন আগে প্রচার করতে শোনা যেত, গ্রো মোর ফুড, তারপর বলা হল গ্রো মোর উড, তার কিছুদিন পরে চেঞ্জ করে বলা হল, গ্রো মোর জুট কিন্তু ফল, গ্রোন মোর ঝুট। মানুষের মর্মে মর্মে চিন্তা গিয়ে পেঁছে গিয়েছে, তারা বুঝতে পারে না যে তারা এ-দেশের অধিবাসী কি না! তারা জানতে পারছে না তাদের করবার কিছু আছে কি না—অত্যন্ত অসহায় এই অবস্থা। আমরা দেখি যে, অল্প ভূমি আছে বেশী লোকের কাছে, বেশী ভূমি আছে অল্প লোকের কাছে। এই ভূমিহীন সাধারণ ভাগচাষী ও অল্প ভূমির মালিক, যারা অর্থের অভাবে, গরুর অভাবে, সারের অভাবে কতরকম অসুবিধায় যে পড়ে তা পুঙ্খানুপুঙ্খরূপে জানবার প্রয়োজন আছে। অল্প সময়ের আলোচনার মাধ্যমে এই অত্যন্ত জরুরী বিষয়টি আমরা সাধারণভাবে জানিয়ে দিতে চাই। এই দেশকে কৃষিপ্রধান দেশ হিসাবে বলা হয়েছে,—যার কৃষকরা অসহায়। ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় কোন কোন ক্ষেত্রে তাঁদের অসহায়তার কথা উল্লেখ করেছেন, তাঁর ভাষায়—"কম জিনিষের অভাব"। যার মাধ্যমে সমৃদ্ধশালী হবে এই কৃষিপ্রধান দেশ, তার আদৌ কোন আয়োজন নাই;—তা আমি বলতে চাই না, কিন্তু জনসাধারণের কাছে কিছু গিয়ে পেঁছায় না। আমরা দেখেছি সার বিতরণের ব্যাপার! সার ক্ষেতে না গিয়ে লক্ষ লক্ষ টাকা কৃষি-বিভাগের মাধ্যমে অপচয় হচ্ছে; সেগুলি ব্যবহার হচ্ছে অন্যভাবে। জমির উন্নতির জন্য, ফসল ফলানর জন্য ব্যবহার করা হয় না। আমরা বাংলাদেশের ভূমিকে তিনভাগে বিভক্ত করে নিতে পারি; তন্মধ্যে এক অঞ্চল, যে অঞ্চলে জল সেচের প্রয়োজন হয় না; জল নিষ্কাশনের প্রয়োজন হয়। মেদিনীপুর, ২৪-পরগনা ও সুন্দরবন অঞ্চলগুলিকে লক্ষ্য করলে আমরা তাই দেখি; আর একটা অঞ্চল রয়েছে, যেখানে টিউব-ওয়েল দিয়ে জল সেচের কাজ করা হয়; যেমন, জলপাইগুড়ি, দার্জিলিং, মালদহ, কুচবিহার। আর একটা অঞ্চল রয়েছে যার জলের প্রয়োজন ময়ূরাক্ষী, দামোদর প্রভৃতির দ্বারা ব্যবস্থা করা হয়েছে। আমি নিশ্চিৎ করে বলতে পারি, সরকার যদি ২৪-পরগনা আর মেদিনীপুরে যে উর্বর ভূমি আছে, সেই উর্বর ভূমিতে বাঁধ দেবার উপযুক্ত বন্দোবস্ত করে; উন্নততর কৃষি পদ্ধতির ব্যবস্থা করতে পারতেন, তাহলে বাংলাদেশের ফসলের উৎপাদন বেড়ে যেত। আমি একটা কনস্ট্রাকটিভ সাজেসসন আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই। তা হচ্ছে এই যে, অল্প জমির মালিকদের খাজনা সম্পূর্ণভাবে রদ করে দেওয়া; প্রতি ইউনিয়ন-এ ১০০ বিঘা করে জমি নিয়ে অনুশীলনমূলক উন্নত ধরণের চাষ প্রণালীর প্রত্যক্ষভাবে শিক্ষার একটা আদর্শ সরকারী ব্যবস্থা করে রাখা। এবং আর একটা জিনিষ এই যে, ইউনিয়ন এ্যাসিস্টেন্ট রাখা হয়েছে; তারা অর্ডিনারি ম্যাট্রিকুলেট; কৃষি সম্পর্কে তাদের কোন বিষদ ধারণাই নেই। যা সাধারণ চাষীর আছে তাও তাদের অনেকের নেই এবং এইভাবে বহু টাকার অপচয় হয়। খাল খনন ব্যাপারে বা অন্যান্য ব্যাপারে কন্ট্রাকটর-এর মাধ্যমে একপ্রকার গোপনেই যে অর্থের অপচয়মূলক কাজ যখন করা হয় তখন জনসাধারণের মন বিষাক্ত হয়ে যায়। চোখের সম্মুখে বহু টাকার আত্মসাৎ দেখে তারা তখন সরকারের বিরুদ্ধে চলে যায়, তারা তখন বোঝে যে, কেমন করে সরকারী অর্থের অপচয় হয়। আর একটা জিনিষ আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই। তা হলো যে এ্যামোনিয়াম সালফেট-এর প্রয়োগ, সরকারের নিজের কিছু ভূমিতে ১০ বৎসর কি ৮ বৎসর ফার্টিলাইজার ব্যবহার করে; অন্যান্য প্রয়োজনীয় সার দিয়ে, জমির উর্বরতা শক্তি হ্রাস পায় কিনা একবার পরীক্ষা করে দেখুন। আমি এই প্রসঙ্গে শুধু উল্লেখ করতে চাই, ম্যাসানি যে আরটিক্যালটা, যার মধ্যে এ্যামোনিয়াম

সালফেট-এর প্রয়োগের প্রতিবাদ জানান হয়েছে। আমি আর একটি বিষয়ে আসছি; তা হচ্ছে ভেটেরিনারির ব্যাপার। এর আরো অত্যন্ত শোচনীয় অবস্থা। এর জন্য মাত্র কয়েক লক্ষ টাকা দেওয়া হয়েছে; অথচ যে দেশে অধিক পরিমাণ দুগ্ধ তৈরী হয়, সেই দেশকে যদি আমরা লক্ষ্য করে দেখি তাহলে বিস্মিত হতে হয়। সেই দেশের প্রতিটি গাভী প্রতি তিন দিনে যা দুধ দেয় আমাদের দেশের একটি গাভী এক বৎসরে তা দেয়। এদেশে গরুর অবস্থা অত্যন্ত শোচনীয় এবং সে বিষয়ে সরকারের বিশেষ নজর দিতে হবে। আমাদের দেশে গরু আছে ১ কোটি ১০ লক্ষের মত এবং ষাঁড়ের ব্যবস্থা আছে ১২ শত, কিন্তু আমাদের ষাঁড় লাগবে ৩০ হাজার। ইনসেমিনেসন-এর যে ব্যবস্থা করা হয়েছে, তার মধ্যে এই অন্তরায় রয়েছে যে, সেই ইনসেমিনেসন সেন্টার-এ সপ্তাহে দুইদিন করে সিমেন আনবার ব্যবস্থা করা হয়েছে। যার ফলে এত দূরে গাভী নিয়ে যাওয়া ও ওখানে আটক করে রাখার জন্য যথার্থ ব্যবস্থার অভাবে প্রচেষ্টা নষ্ট হয়ে যায়। তারপর ল্যাক অফ পারসনেল-এর কথা হয়েছে। ল্যাক অফ পারসোনেল-এর কথা বলা হয়েছে। কৃষি-বিভাগ থেকে যে-সমস্ত ছাত্ররা বিদ্যাভ্যাস শেষ করে এসে আগামী দিনে আমাদের দেশকে সমৃদ্ধশালী করবে, নানা ব্যবস্থা প্রজোজনায় তাদের বেতনের হার কি পরিমাণ হবে, এ-বিষয়ে যদি কিছু নির্দিষ্ট ও সুষ্ঠু ব্যবস্থা না থাকে, তাহলে উত্তম শ্রেণীর ছাত্ররা এই বিভাগে আসতে চাইবে না। এর ফল হচ্ছে যে অদূরভবিষ্যতে আমাদের কাছে আর একটা সমস্যা দেখা দেবে। যেভাবে বৈজ্ঞানিক যন্ত্রপাতির দ্বারা চাষ এবং নানা বৈজ্ঞানিক কৃষি ব্যবস্থার উন্নতি হচ্ছে, তাতে মনে হয় শীঘ্রই এমন দিন আসবে যখন আর বলদ দিয়ে চাষ করার প্রয়োজন থাকবে না। অথচ এই গো-পালন সম্পর্কে গাভী এবং বলদ, যে দুটোয় উৎপাদন হয়, তাকে কেন বিজ্ঞানসম্মত ব্যবস্থায় নিয়ন্ত্রণ করা যাবে না।

[12-5—12-15 p.m.]

Sj. Tarapada Chowdhuri:

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to broaden the Diamond Harbour Road in order to avoid bus, lorry and car accident.

Sj. Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(ক) ২৪-পরগনা জেলার নৈহাটিস্থ 'বরদা ব্রীজ' এবং কাঁকিনাড়াস্থ 'কাঁকিনাড়া ব্রীজ' যা দীর্ঘদিন যাবত চলাফেরার অযোগ্য হইয়া রহিয়াছে তাহাকে মেরামত করার ব্যবস্থা করা হয় নাই।

(খ) নৈহাটিতে রেলওয়ে লাইনকে অতিক্রম করার জন্য একটি লেভেল ক্রসিং অথবা আন্ডার-গ্রাউন্ড পার্থ তৈরি যার জন্য মন্ত্রীমহোদয়গণ বিভিন্ন সময়ে নৈহাটিবাসীদিগকে আশ্বাস ও ভরসা দিয়া আসিয়াছেন তাহার জন্য কোনও ব্যবস্থা করা হয় নাই।

(গ) জগদ্দল থানার অধীন পানপুর নারায়ণপুর রাস্তা যাহা প্রায় ৩০ বৎসরের অধিককাল পূর্বে (ভিলেজ রিকনস্ট্রাকশন স্কিম—দেশবন্ধু চিত্তরঞ্জন অনুপ্রেরণা থেকে উদ্ভূত) পীচ ঢালা রাস্তায় পরিণত হয়েছিল—দীর্ঘদিন যাবত মেরামতের অভাবে চলাফেরার অযোগ্য ও ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হইয়া পড়িয়াছে—এ সম্পর্কে সরকারের উদাসীনতা।

(ঘ) নৈহাটী থানার অন্তর্গত শিবদাসপুর ইউনিয়নের উত্তর প্রান্তে "গৌড়বঙ্গ জাঙ্গাল" নামে যে রাস্তা রহিয়াছে এবং যাহা মহারাজ প্রতাপাদিত্য ও মানসিংহের নামের সঙ্গে ঐতিহাসিক স্মৃতিতে বিজড়িত সে রাস্তা সংস্কারের অভাবে নিশ্চিহ্নপ্রায় হইয়া গিয়াছে—এই রাস্তা সংস্কারের অভাবে স্থানীয় জনসাধারণ অবর্ণনীয় দুর্দশায় ভুগিতেছে। এ সম্পর্কে সরকারের কোনও নজর না দেওয়া এবং এই রাস্তার সাথে সম্পর্কযুক্ত মাঝিপাড়া রোডকে নৈহাটী গোয়ালা ফটক (বরদা ব্রীজ) হইতে দ্বিভোগ আধহাটা রাস্তা সংস্কার না করা।

Sj. Cobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

রায়না থানার প্রশস্ত রাস্তা (পলেমপুর হইতে পহলানপুর পর্যন্ত প্রকাশ্য নাম বাদশাহী রাস্তা), রায়না হইতে দামিন্যা কবিকঙ্কন রোড (দামিন্যা পর্যন্ত) ও পলেমপুর হইতে রায়না রোড ভায়া সগড়াই (বর্তমানে অর্ধসম্পন্ন) সংস্কারের প্রয়োজনীয়তা ; এবং উক্ত রাস্তা হইতে ফিডার রোডস্ সংস্কারে সরকারের দায়িত্ব।

রায়না হইতে দামিন্যা পর্যন্ত ও পলেমপুর হইতে সগড়াই হইয়া শ্যামসুন্দর হইতে পহলানপুর পর্যন্ত (বাদশাহী রোডের কিছু অংশ বাদ) রাস্তা দুটিকে বাস চলাচলযোগ্য করিয়া তৈয়ার করিবার প্রয়োজনীয়তা।

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct bridge at Gadakhali, Sonarpukur, Bonaraipur, Majerhat and Mohanpur, within police-station Budge, Budge at Patharbaria, Gobindapur within P.S. Bishnupur and some wooden bridges over Kowrapukur Khal within police-station Bishnupur, district 24-Parganas.

Sj. Cobardhan Pakray: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the construction of a bridge over the Damodar at Sadar-ghat, Burdwan, to interlink the districts of Hooghly (Arambagh subdivision), Bankura and Burdwan.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to a discussion about the failure of the Government of West Bengal to metalling the following roads (1) Badshahi Road, (2) Labpur-Langalhata, (3) Thiba-Bagsina, (4) Surul-Gunutia, (5) Abadang-Baidyanathpur Road, (6) Gopal-pur (5/13 Halt-Station, A. K. Railway), Dwarka, (7) Kirnahar-Rambhati Ghat, (8) Chaitpur Hetia (within the district of Murshidabad, Barwa P.S.)

to Langalhata Labpur Road (Labpur P.S.) connecting Birbhum and Murshidabad, (9) Sowgram-Pusulia, (10) Kurnahar-Labpur via Pushulia and (11) Hetia Amrita Bandh Road.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 2,47,10,000 for expenditure under Grant No. 32, Major Head "50—Civil Works" be reduced by Rs. 100. I move this in order to a discussion about the neglectful attitude of the Government in making payments to the municipalities regarding the repair of roads, improvement of bustees, water-supply, drainage, public health and primary education.

Sj. Apurbalal Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the improvement of Gabbaria village Banharishpur Bazar Road in Panchla P.S. in the district of Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about construction of a motorable road from Andul Railway to Manickpur bazar via Sankrail bazar.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about immediate improvement of Sankrail-Akabbapur Road. The road is eight miles in length starting from Sankrail Railway station to village Akabbapur in the district of Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about immediate construction of a Pucca road from Nalpur Railway station to village Seranga via Hirapur bazar in Sankrail P.S., district Howrah.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the condition of roads in West Bengal specially in the district of Howrah with special reference to the roads in Domjur, Bally and Jagatballavpore thanas, where Government have failed to give any importance to the great difficulties, the people of the localities have been suffering for want of proper communication.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about metalling the main roads within Chakdah municipality (district Nadia).

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about constructing the following metalled roads within

Police Station Chakdah in order to improve communication and also facilitate business transaction:—(1) a road from Kalyani to Ranaghat via Char Sarati, Sarati, Alaipur, Madanpur, Jangal, Priyanagar, Kaligunj, Chanduria, Manshapota, Chakdah, Poradanga and Mukundanagar (2) a road from Chakdah to Sanyalerchar via Raninagar (3) a road from Madanpur to Calcutta-Ranaghat Road.

Sj. Deben Sen: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy.

Sj. Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about দেবীপুর স্টেশনের নিকট জি টি রোড হইতে কালনা-বর্ধমান রোডের বুলবুলিতলা পর্যন্ত যে ১২ মাইল রাস্তা আছে তা যদিও চওড়া ও উঁচু তবু কাঁচা বলিয়া বর্ষায় দুর্গম হয়। এই রাস্তা ২৫।৩০ হাজার লোকের যোগাযোগের প্রধান রাস্তা এবং দুইটি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের পাশ দিয়া এই রাস্তা গিয়াছে। এই রাস্তা গ্রহণ করা ও পাকা করা ব্যাপারে সরকারী ব্যর্থতা সম্বন্ধে আলোচনার জন্য।

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about discriminatory policy of the Government in refusing to grant money for road development in Chandannagar area.

Sj. Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take up the Baidyapur-Kalna Road (8 miles) which is the most important road in Kalna P.S. and which links Kalna town with G. T. Road near Boinchee railway station, for repair and tarmacadamisation, in spite of recommendations of the District Development Council.

Sj. Sudhir Kumar Pandey: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মেদিনীপুর জেলার বিনপুর ও শালবনী থানার অন্তর্গত লালগড় হইতে ভাদুতলা এবং বিনপুর থানার অন্তর্গত শালচাতরী হইতে বেলপাহাড়ী (ভায়া দহিজুড়ী) রাস্তা প্রায় বাস চলাচলের অযোগ্য হইয়া পড়িয়াছে। ঝাড়গ্রাম শহর ও মেদিনীপুর শহর এবং রেল স্টেশনের সহিত যোগাযোগের জন্য বিনপুর ও শালবনী থানার দুই লক্ষাধিক জনসাধারণের প্রধান দুইটি রাস্তা সংস্কার সাধন করিয়া রাস্তা এবং যোগাযোগ ব্যবস্থার উন্নতিবিধান ও বাস চলাচলের অসুবিধা দূর করিতে সরকারের সম্পূর্ণ উদাসীনতা।

Sj. Saroj Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানার অন্তর্গত আর এম রোড হইতে যে রাস্তাটি রসকুণ্ডুর মধ্য দিয়া চন্দ্রকোনা শহর পর্যন্ত গিয়াছে, ওইটি একটা অন্যতম প্রধান মোটর চলাচলের রাস্তা, অবিলম্বে ওই রাস্তাটিকে পাকা পীচ রাস্তায় পরিণত করার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানার অন্তর্গত গড়বেতা শহর হইতে গড়বেতা রেল স্টেশন হইয়া গোয়ালতোড় পর্যন্ত যে অন্যতম প্রধান ও জরুরী রাস্তাটি আছে, তাহা অবিলম্বে পাকা পীচ রাস্তা করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। এই সম্পর্কে স্থানীয় জনসাধারণ বহুবার সরকারকে জানাইয়াছে। ইহা না করা সরকারী নীতির ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কেশপুর হইতে যে রাস্তাটি চন্দ্রকোণা শহর পর্যন্ত গিয়াছে সেইটি ওই অঞ্চলের একটি প্রধান মোটর চলাচলের রাস্তা ; জানা যায় যে রাস্তাটি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে গ্রহণ করা হইয়াছে, কিন্তু এখনও রাস্তাটি তৈয়ারি করা হয় নাই। ইহা সরকারী নীতি ও কাজের ব্যর্থতা। অবিলম্বে এই কাজটিকে গ্রহণ করা ও শেষ করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Uluberia-Kharuberia-Shyampur-Sibpur Road, known as the Duke Road in the district of Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Bagnan-Kamalpur Road, Kamalpur-Shyampur Road and Shyampur-Sibgunge Road in the district of Howrah.

Sj. Apurbalal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about construction of pucca road from Sankrail Railway Station to Ekabbarpur village in the district of Howrah.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to interlink 3 villages in Kharba P.S. of Malda district namely—Boalia, Sonoroy and Krinapur in the Union of Gourhand. These villages are situated in the middle of a vast field and become completely separated from the rest of the population during floods and at other times too these are not interlinked properly and linked with other villages. This should be done by proper construction of roads and a bridge.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to improve the following roads:

(1) From Sausi-Chanchal Road, near Paharpur Bridge to Chanchal via Sahurgachi, Bidyanandapur and Habinagar.

(2) From Chanchal to Kharba-Chanchal Road, via Sujagonj, Balidanga, Mahanandapur, Jagannathpur, Kaliapara and Ramdebpur.

(3) From Chanchal to Bhaluka Road, via Horahajra, Sadorpur, Suti and Dumro.

(4) From Malatipur near Kalitola to Goalpara, via Poranagar, Julalpur,

(5) From Chanchal to Sworupgonj, via Situlpur.

(6) From Khanpur to Chanchal-Khorba Road, via Chandrapara, Mathurapur and Dariapur Hat.

(7) From Malahor to Solmori, via Chorolumi, Khempur and Dhangora and other important Roads in Khorba P.S. of Malda district.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need for economic development of the following metalled roads within police-station Chakdah, district Nadia:

(1) one road Kalyani via Char Sarati, Sarati, Alaipur, Madanpur and Chakdah to Ranaghat,

(2) one road from Madanpur to Calcutta-Ranaghat Road,

(3) one road from Chakdah, via Raninagar to Sanyalerchar.

Sj. Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী থানার দৌলতপুর-হরিরামপুর-ফতেপুর সড়কে বর্ষায় যাতায়াত বন্ধ হয়ে যায়, সরকার উক্ত সড়কটি পাকা করেন নাই। যাতায়াত সম্পর্কে সরকারী অবহেলা দূর করা উচিত।

যাতায়াতের সুবিধার্থে এবং বর্ষার সময় যাতায়াত ও যোগাযোগ রক্ষার জন্য—

(১) দানগ্রাম-হরিরামপুর-বংশীহারী খাল,

(২) চুড়মন-গুলন্দরপাড়া-রায়গঞ্জ,

(৩) বালিয়া-গোকর্ণ-মুশনঘাট-হরিরামপুর,

(৪) কুরমানপুর-আবাসপুর-চপা-হরিরামপুর,

(৫) আমিনপুর-মালিয়ানদিঘী-পুতিরাজহাট,

(৬) কালিয়াগঞ্জ রেল স্টেশন-কুনোর-দুর্গাপুর,

(৭) মারনাই-বাগ্গার-যমুনা-মুশনঘাট,

উক্ত ৭টা রাস্তা পাকা করা সরকারের উচিত ছিল। এই বিষয়ে সরকারের ব্যর্থতা।

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সুন্দরবন অঞ্চলে যানবাহন ও যাতায়াতের রাস্তার কোন সুবন্দোবস্ত না থাকা এবং সরকারের নীতির এই বিষয়ে ঔদাসীন্যের ফলে সুন্দরবনের মানুষের চরম দুর্গতি দেখা দিয়াছে, বিশেষ করিয়া হাসনাবাদ থানার হিঙ্গলগঞ্জ হইতে যোগেশগঞ্জ পর্যন্ত যে যাতায়াতের একমাত্র পথ তাহা পরিকল্পনার অন্তর্ভুক্ত না হওয়ায় যে অবস্থার সৃষ্টি হইয়াছে এবং সুন্দরবনের এক বিরাট অংশের মানুষের প্রতি অবেহেলাসূচক মনোভাব দেখানোর ফলে সরকারী নীতি ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে।

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) Delay in making Egra-Bajkul Road pucca as yet.

(2) Delay in making and repairing village boundaries and other embankments.

(3) Delay in making Lalat-Janka road pucca in the district of Midnapore.

Sj. Pramatha Nath Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) the improvement of Galoi-Adrahati Road extension to Kaitara, P.S. Galsi, district Burdwan,

(2) the improvement of New-Bankura Road extension to Khandaghose, the only communication to Burdwan and Bankura districts.

Sj. Bhakta Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) the hardship of the people of Maldanga area for excessive and improper Ferry-tax realised from the people of that area and the failure of the Government to mitigate their suffering due to this;

(2) the failure of the Government to construct bridge over the river "Khari" on Monteswar-Maldanga Road for the convenience of the people of that area.

Sj. Cobardhan Das: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মল্লারপুর হইতে মলুটি পর্যন্ত রাস্তাটি এবং মল্লারপুর হইতে দক্ষিণগ্রাম রাস্তা দুটি পাকা করিতে সরকারের অক্ষমতা, কোটপুর হইতে উলকুণ্ডা রাস্তার সংস্কার।

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to build up any pucca road east-west of Nandigram P.S. (Midnapore) for the interest of the thana people.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about বর্ধমান জেলার রায়না থানায়

(ক) রায়না হইতে জামালপুর পর্যন্ত,

(খ) রায়না হইতে শক্তিগড় গ্রামাপরী (বড়শুল) পর্যন্ত নূতন রাস্তা নির্মাণে,

(গ) বর্ধমান সদরঘাট হইতে বেলসর আহারবেলামা হইয়া জেলার দক্ষিণ সীমান্ত পহলামপুর পর্যন্ত ১২০ ফুট প্রশস্ত বাদসাহী রাস্তা, এবং

(ঘ) রায়না হইতে আরুই, গোড়ান হইয়া কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তীর জন্মভূমি দামিন্যা গ্রাম পর্যন্ত রাস্তার সংযোগ, পুনর্নির্মাণে সরকারী অবহেলা।

Dr. Rabindra Nath Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to construct roads in rural areas in West Bengal. Even the existing roads are not developed—I suggest that Government should make a provision immediately to develop new roads in the rural areas of West Bengal. I specially mention the development of the existing road which runs from Kawarapukur to Mudi is a Jandhabaduli at Bishnupur P.S. in the district of 24-Parganas.

Sj. Bhubon Chandra Kar Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(১) এগ্‌রা রামনগর রাস্তা পাকা না করায় জনসাধারণের দুর্দশা :

(২) এগ্‌রা থানার অন্তর্গত ভবানীচক পাহাড়পুর রাস্তাটিকে পাকা করার ব্যবস্থা।

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the absence of provision for a road from Mrigoda to Contai and thence to Pituaghat.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the inconvenience caused to the public in not having a diversion road in the Contai town connecting the Contai-Tamluk road and the Contai-Kharagpur road.

Sj. Amal Kumar Ganguly: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to speed up the works of Bagnan-Kamalpur Road, Bagnan-Mankar Road and also the failure of this Government to construct new roads, viz.—

(1) Bagnan-Bainan Road,

(2) Guninpara-Damantala Road, etc.

and further the failure of the Government to take up a scheme for building new small gauge Railway line from Bagnan to Kamalpur.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(১) কাঁথি-খেজুরী রাস্তার ডিংগল বেড়্যা হইতে বাহিরি পর্যন্ত জেলা বোর্ড রাস্তাটি পাকা না করায় জনসাধারণের অসুবিধা।

(২) কাঁথি-কালীনগর রাস্তার মারিশদা হইতে বাহিরি পর্যন্ত জেলা বোর্ড রাস্তাটি পাকা না করায় জনসাধারণের অসুবিধা।

(৩) কাঁথি-কালীনগর রাস্তার মারিশদা নীলপুর পর্যন্ত জেলা বোর্ড রাস্তাটি পাকা করার প্রয়োজনীয়তা।

(৪) কাঁথি-খেজুরী রাস্তার মাণিকপুর হইতে শুনিয়া ফেরীঘাট পর্যন্ত জেলা বোর্ড রাস্তাটি পাকা করিবার প্রয়োজনীয়তা।

(৫) কাঁথি-দীঘা রাস্তার ছত্রধরা হইতে সমুদ্রপুর পর্যন্ত জেলা বোর্ড রাস্তাটি পাকা করিবার প্রয়োজনীয়তা।

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct metalled road from Bowali to Rania via Satgachia, Bowali Rathtolla to Kalinagore, P.S. Budge Budge, Bakrahat to Dighirpar via Mohanpurhat within P.S. Bishnupur, Budge Budge and Falta Naskarpur to Burul via Rania within P.S. Budge Budge Kowra Pukur to Julpia via Nepalgonghat, Moudi to Julpia, Pailan to Nepalgonghat via Amgachia, Pailan to Charial via Mohisgote, Bhasa to Birlamore via Shamali and Akulsha, Bakrahat to Sultangong via Patharbaria, Bibirhat to Sultangong, Gangarampur to Sultangong via Gobindapur, Gangarampur (Halt No. 2), Ghoshhat via Chandi within P.S. Bishnupur and Bakrahat to Mohestola (Subed Ali Road) within P.S. Bishnupur and Mohestola within district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to complete the Kriparampur-Gotollahat Road, P.S. Bishnupur, district 24-Parganas.

Janab Taher Hussain: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about construction of and improvement of the road from the Grand Trunk Road (near Kulti) to Niamatpur-Dissergarh Road via Shipur and Sodepur villages under Niamatpur Union, district Burdwan.

Sj. Bejoy Krishna Modak: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about হুগলী জেলার পাণ্ডুয়া থানার অন্তর্গত পাণ্ডুয়া-কুলটি রাস্তা উন্নয়ন সম্পর্কে অযথা বিলম্বের বিষয়।

Sj. Rabindra Nath Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct metalled road from Kowrapukur to Julpia, Moudi to Jhenkerhat, Kriparampur to Gotollahat, Bakrahat to Mohestolla, Bakrahat to Dighirpar via Mohanpur, Bowali, to Rania within P.Ss. Budge Budge, Bishnupur and Behala.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the construction of a pucca bridge at Manickpur, police-station Sonarpur, district 24-Parganas.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 4,62,35,000 for expenditure under Grant No. 45, Major Head: "81—Capital Account of Civil Works outside the Revenue Account" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to construct a Bridge over Mahananda on the road from Malda Town to the Malda Station. Ferry service has been working from time immemorial. The number of passengers who daily pass over the river ferry exceeds 2,000 per day.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বিশেষ ক'রে যে অঞ্চল থেকে এসেছি, সেটা কোলকাতা থেকে ডায়মন্ডহারবার রোড ধরে মাজেরহাট ব্রীজ হয়ে মাত্র ৩ মাইল দূর, যেখানে আমাদের মন্ত্রী মহাশয় প্রায়ই গিয়ে বক্তৃতাদি করে আসেন এবং বহু প্রকার প্রতিশ্রুতি প্রায়ই গিয়ে দিয়ে আসছেন। আমি বেহালা মিউনিসিপ্যালিটির কথা বলছি। পার্টিকুলারলি আমি ডায়মন্ডহারবার রোডের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ডহারবার রোড মাজেরহাট ব্রীজ থেকে বেহালা মিউনিসিপ্যালিটির মধ্যভাগ দিয়ে গিয়েছে। আপনারা জানেন এই রোডকে বলা যায় দক্ষিণ অঞ্চলের লাইফ লাইন। বাটায়, বজবজের দিকে যেতে গেলে এই রাস্তার উপর দিয়ে বেহালা মিউনিসিপ্যালিটির উপর দিয়ে যেতে হবে। বেহালা, ডায়মন্ডহারবার, কাকদ্বীপের পথে যাবার জন্য এর উপর দিয়ে গাড়ি ইত্যাদি সমস্ত কিছু চ'লে থাকে। এখন একটু লক্ষ্য করলে দেখবেন যে, এই রাস্তা মাত্র কোথাও ২০ ফুট, কোথাও ২৪ ফুট মাত্র চওড়া। যেখানে ট্রাম যায় তার উভয় পার্শ্বে ৮-১০ ফুট রাস্তাও থাকে না। এর উপর দিয়ে ৮টি বাস রুট এই লাইনে চলে। সরকারী সেন্সাস থেকে দেখা গেছে যে, গত ৫-৬ মাসের মধ্যে প্রায় রেকর্ডেড অ্যাকসিডেন্ট ৭০-৭৫টি। তার মধ্যে ৪টি ফেটাল কেস। ৭০-৭৫টি অ্যাকসিডেন্ট হয়, তার মধ্যে ৪টি মারা গেছে। গতকাল ঐ বীরেন রায় রোডে আর একটা ফেটাল কেস হয়েছে।

আর একদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটাও সেই রাস্তার উপর দিয়ে, দেখা গেছে হিসেব করে, যে ৬ ঘণ্টায় প্রায় ২,৪০০ গাড়ি চলে। বিজনেস আওয়ারসএ বিশেষ করে সকাল ৮টা, ৯টা, ১০টার সময় লক্ষ্য করলে সহজেই বোঝা যায় কি বিপুল পরিমাণ গাড়ি এই অঞ্চলে চলে। এরমধ্যে ট্রাম, রিকশা ও অন্যান্য ঠেলাগাড়ি ধরা হয় নাই। সুতরাং সহজেই বোঝা যায় যেখানে রাস্তাটি মাত্র ২০-২২ ফুট চওড়া সেখান দিয়ে ট্রাম চলে, ৮-৯টি বাস রুট চলে। সেখানে প্রতি ঘণ্টায় প্রায় চার-পাঁচ শো পর্যন্ত গাড়ি চলে। সে ক্ষেত্রে এই রাস্তাটা যদি খুব চওড়া করা না হয়, তাহলে এই সংকট ক্রমেই বাড়তে থাকবে। এই সংকট আরও গুরুতর আকারে দেখা দিয়েছে, ফলতা-কালীঘাট রেলওয়ে বন্ধ হয়ে যাওয়ায়। এই ফলতা-কালীঘাট রেলওয়ে যখন বন্ধ হয়, তখন আমরা কাগজ পড়ে জানলাম যে, সরকার থেকে এ বিষয়ে অ্যাডিকোয়েট অ্যারেঞ্জমেন্ট করা হবে। তাঁদের অ্যাডিকোয়েট অ্যারেঞ্জমেন্টএর অর্থ এই দাঁড়িয়েছে যে, আরও গুটিকয়েক বাস ঐ লাইনে চালিয়ে দেওয়া হয়েছে। ফলে সংকট আরও বৃদ্ধি পেয়েছে।

গত ২০ বৎসর যাবৎ এই রাস্তাটি ছোট্ট হয়ে আছে, পশ্চিম পাশে চওড়া করা প্রয়োজন—বিশেষ করে মিউনিসিপ্যালিটির অংশ যতটুকু আছে, অন্তত ট্রাম লাইনের পশ্চিম পার্শ্বে চওড়া করবার ব্যবস্থাদি করা হবে—এ অবস্থায় প'ড়ে আছে অনেককাল যাবৎ। বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও সরকার সেই অঞ্চলে বাড়িঘরও করতে দেন না। অথচ পার্শ্ববর্তী অঞ্চল প্রসারিত করবারও ব্যবস্থা করেন না।

[9-30—9-40 a.m.]

পার্টিকুলারলি ডায়মন্ডহারবার যেতে হ'লে, টাটা, বজবজ যেতে হ'লে এই অঞ্চল ছাড়া যাবার উপায় নাই। আমি, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি সেখানে গিয়ে যেসব মিটিং করেছেন তাতে বলে এসেছেন, প্রমিজ করে এসেছেন যে, আমরা টাকা দেবার জন্যই বসে আছি, নেবার লোক নেই। কিন্তু তারপর তাঁদের দপ্তরে এসে আমাদের শুনতে হয় টাকা নাই। এখানে আমার পক্ষে অন্য গ্রামের কথা বলা সম্ভব নয়, কিন্তু যে অঞ্চলটা রাজভবন থেকে মাত্র ৪-৫ মাইল দূর সেই অঞ্চলে এবং বিশেষ করে তিনি নিজে গিয়ে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন, সেই প্রতিশ্রুতির অন্তত কিছুটা পূরণ করার জন্য দাবী জানাচ্ছি। এই সঙ্গে আমি আরেকটা কথা বলব। তিনি নিজে জানেন যে, ট্রাম লাইন যদি বরিশা কলেজ পর্যন্ত প্রসারিত করা যায় তাহলে অনেক চাপ কমান যেতে পারে। আমি সেদিক থেকে দৃষ্টি আকর্ষণ করে বলছি যদি একটা প্যারালাল ট্রাফিক ভেহিকল চলবার মত অ্যারেঞ্জমেন্ট করা যায়, যদি কালীঘাট-ফলতা রেল লাইন তুলে নিয়ে একটা রাস্তার ব্যবস্থা করা যায় তা হ'লে অ্যাকসিডেন্ট অনেক কমান যেতে পারে। এখানে অনেক ফেটাল কেস হয় এটা সকলেই জানেন। এটা করা কঠিন কাজ নয়, এবং খুব বেশি একটা খরচের ব্যাপারও নয়। প্রধান জনবহুল রাস্তা থেকে ট্রাফিক ডাইভার্টেড হয়ে গেলে বিপদের আশঙ্কা অনেক কমে যাবে। যেখানে ৪-৫ মাসে ৭০-৮০টি অ্যাকসিডেন্ট হয় ও ৪-৫টি ফেটাল কেস হয়, সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ না করে পারা যায় না। তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন তার শতাংশের একাংশও পূরণের জন্য দাবী করছি। কাঁচরাপাড়া রেলওয়ে স্টেশন থেকে টি বি হসপিটাল পর্যন্ত রাস্তাটা ইম্পর্ট্যান্ট রাস্তা। ওখানে যে ব্রীজটা আছে তার অবস্থা অত্যন্ত প্রিক্যারিয়াস, সেদিকেও আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখানে অন্যান্য মিউনিসিপ্যালিটির কথা তুললাম না, কিন্তু এই রাস্তাটা না হ'লে নয়, কারণ দৈনিকই ওখানে গাড়িঘোড়া বেলা ৯টা পর্যন্ত আটকে যায়, সাধারণ যাতায়াতকারী ও অফিসযাত্রীদের অসুবিধা হয়, এদিকেও আমি দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী মহাশয় অত্যন্ত ধূর্ত লোক হ'লেও তাঁর বক্তৃতার মধ্যে আমরা দু'টি জিনিস লক্ষ্য করছি। তিনি যেসমস্ত বিল্ডিং এবং ব্রীজ নির্মাণের জন্য বলছেন বিলাতি মাটির অভাব, আবার যখন রাস্তার প্রসঙ্গ আসে তখন তিনি আবার দেশী মাটির অভাব বলেন। অর্থাৎ রাস্তা নির্মাণ করা যায় না। তিনি আক্ষেপ করেছেন যে, খাদ্য পয়সা দিলেও পাওয়া যায়, সিমেন্ট নাকি পয়সা দিলেও পাওয়া যায় না। আমি তার জাজ্বল্যমান প্রমাণ একটি দিচ্ছি পূর্তমন্ত্রী মহাশয়কে, তিনি এবং তার সহকর্মী এবং তার অতি অন্তরঙ্গ আমার এলাকায় রায়বাহাদুর বিশালাক্ষ বোস মহাশয় বিরাট দীর্ঘির চারপাশে যে চীনের প্রাচীর দেওয়া হচ্ছে সেখানে সিমেন্ট নিশ্চয়ই পারমিটএ আসে নাই। আর যদি পারমিটএ আসে তাহ'লে সে জায়গায় আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। সিমেন্ট পাওয়া যায় না এটা ঠিক নয়—অন্তত বর্ধমানে পাওয়া যায়। ডি ভি সির কল্যাণে অন্তত বর্ধমান জেলায় আগে সিভিল সাপ্লাই ডিপার্টমেন্ট যা করতে পেরেছেন ডি ভি সির কল্যাণে অন্তত মফঃস্বলে যেখানে যেখানে ডি ভি সির পুল হচ্ছে সেখানে কালবাজারে কিম্বা অন্ধকার বাজারে কিছু কিছু পাওয়া যায় সে বিষয়ে জনসাধারণ কিছুটা উপকৃত। আমাদের পূর্তমন্ত্রী মহাশয় যেখানে রাস্তা নেই সেখানে রাস্তা করতে পারবেন না বলেছেন, কিন্তু আমাদের দুঃখ হয় সে জায়গায় রাস্তায় চলতে গেলে আবার উল্টো জরিমানা দিতে হয়। এমন এমন জায়গা রয়েছে। বার বার তার দৃষ্টি আকর্ষণ করেছি গত ৫ বছরে। বর্ধমান সদরঘাটে দামোদরের যে ঘাট সেখান দিয়ে আগে যখন পূর্তমন্ত্রী ছিলেন বিমল বাবু তখন সেই বিমল বাবু একটা ব্যবস্থা করে এসেছিলেন যে ট্রান্স দামোদরের অবস্থা

দেখে সেখানে কাপড় গুটিয়ে এমনভাবে চলতে হয় যে, এইটিন্থ সেঞ্চুরির সভ্যতা নিয়ে—তিনি ব্যবস্থা করে এসেছিলেন যে, না বালির উপর প্লেট পেতে দেওয়া হবে এবং সেখান দিয়ে সাইকেল, মোটর ইত্যাদি আসতে পারে তারজন্য কোন পয়সা লাগবে না। কিন্তু যেমনি দাশগুপ্ত মহাশয় সেখানে গেলেন তিনি তার আগের সহকর্মীর প্ল্যানকে উল্টে দিয়ে তিনি সেখানে কর বসিয়েছেন। আমি বার বার তার দৃষ্টি আকর্ষণ করেছি, তিনি সহানুভূতিসম্পন্ন লোক অন্তত আলোচনায় তিনি আমাকে বলেছিলেন যে, এই বিষয়ে দেখব যে আইনের মারপ্যাঁচ আছে। তিনি বলেছিলেন এখানে ম্যাজিস্ট্রেটএর হাত। মন্ত্রী বলে ম্যাজিস্ট্রেটএর হাত সেখানে আমার হাত দেওয়া যায় না—এটা অপরূপ কান্ড। এবারে যদি তিনি অন্তত সংশোধন মনে করেন সেটা করুন। কারণ এটা একটা অত্যন্ত অসম্মানজনক জিনিস যে, মন্ত্রীর হাত থাকবে না আর ম্যাজিস্ট্রেটএর হাত থাকবে ঐসমস্ত ব্যবস্থা করবার জন্য। আমি একটা জিনিস তাকে মনে করিয়ে দিই সেখানে রেটএ লেখা আছে যে, সাইকেল গেলে ৬ পয়সা লাগবে, কিন্তু সেখানে প্রাকটিক্যালি নেওয়া হচ্ছে ৬ পয়সা আর ৪ পয়সা। যারা ইজারাদার তারা বলেন সাইকেলএর নিচ্ছি ৬ পয়সা কিন্তু যে আরোহী তার ৪ পয়সা, এই দুইয়ে মিলিয়ে ১০ পয়সা হয়। যদি সাইকেলএর পিছুতে একজন আর রডএ একজন বসে তাহ'লে বলেন আর দুইজনের দুই আনা করে নিতে পারি। কিন্তু তাহলে সাইকেল যাবে কি ক'রে? এতো অটোমেটিক সাইকেল হয় নি, হয় মানুষকে সাইকেলএর ঘাড়ে চড়ে যেতে হবে কিম্বা সাইকেলকে মানুষের ঘাড়ে চড়ে যেতে হবে। অতএব সেই হিসেবে এটা খুব নগণ্য কথা যদিও এবং মন্ত্রী মহাশয় পর্যন্ত এটাতে অক্ষমতা জানিয়েছেন। তার ইচ্ছা আছে, সব আছে কিন্তু সাধ্য নাই। এ বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করছি। আরেকটি কথা আমি বলব সেটা বীরভূমের কথা। বীরভূমের ময়ূরাক্ষী, সে তো শুকনো নদী, সেখানে মানুষের ভাল করতে না পারুন উল্টে পথের কর আদায় করতে গেলেন—সেখানে হৈ চৈ করার ফলে সেটা বন্ধ হয়েছে কিন্তু গরুর গাড়ি ও সাইকেলের বন্ধ হয় নি। একখান থেকে আর একখানে যাওয়া এ যদি আপনাদের রেসট্রিকশন থাকে তাহলে অত্যন্ত অন্যায় কথা। তা ছাড়া আপনারা বহু জায়গায় ব্রীজএর কথা বলছেন, সদরঘাটের উপর ব্রীজ আজ পর্যন্ত হ'ল না। আরামবাগ প্রফুল্ল-চন্দ্র সেন মহাশয়ের থাকার জায়গা পূর্তমন্ত্রী থেকে আরম্ভ করে সকলেই দেখেছেন। গতবারে পূর্তমন্ত্রী মহাশয় এবং স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তিনিও গিয়েছিলেন সেই এলাকায়, সেখানে কোন রাস্তাই নেই—মাথা নেই তার মাথা ব্যাথা। যেখানে রাস্তা আছে সেখানে তারা নৌকা চালাচ্ছেন। কিন্তু আমাদের এলাকায় তারা দেখে এসেছেন কিছুই নেই। একজন মানুষের জুতা ছিল না সে আক্ষেপ করছিল আমি জুতা পরতে পারি না, আরেকটা মানুষ বললে আমার পা নেই আমি ঘোড়া কেমন করে চড়ি। উনি যে এলাকায় গিয়েছিলেন বিংশ শতাব্দীর যুগে এবং প্রজাতান্ত্রিক রাষ্ট্রতে যেখানে রাস্তা বলে কোন দ্রব্যই নেই—রাস্তা কাকে বলে সেখানে ডেফিনিশনএর প্রয়োজন হবে। সেজন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি বলেছেন থানার হেডকোয়ার্টারের সঙ্গে অন্তত সংযোগ থাকবে। আমি তাঁকে বার বার নিবেদন করেছি রায়না থেকে জামালপুরে হেডকোয়ার্টার্স যাবার আপনারা কি ব্যবস্থা করলেন। সেই সময় ফ্লাডেড এরিয়া যা ছিল অন্তত শক্তিগড়-জামনা-গুড়ি পর্যন্ত যেরকম হয়েছে সেই রকম রায়না থেকে সেই পর্যন্ত আপনারা একটা রাস্তা করুন। ওখানে বিখ্যাত কবি কবিকঙ্কনের জায়গা—সেখানে মানুষ যেতে পারে না, এ যুগে সকলেই জানতে চায়, বিখ্যাত লোকদের জায়গাই যেতে চায়, পুণ্যস্থান মনে করে এবং সেই বিপ্লবী রাস-বিহারীর যে জায়গা—সেদিক দিয়ে রাস্তা করার জন্য বারে বারে আমি অনুরোধ করেছি। তিনি বার বার যা বলছেন দ্বিতীয় পঞ্চবার্ষিকীর যে প্ল্যান আমরা করেছি তা খামখেয়াল মত করি নি। এগুলি খুব ভাল কথা। কিন্তু ব্যাপার হচ্ছে তিনি বলেছেন ডিস্ট্রিক্ট ডেভলপমেন্ট কমিটির কথা অনুযায়ী কাজ করেছেন—আমি বলব এটা সম্পূর্ণ অসত্য কথা। আমি তার একজন সদস্য। সেখানে সরকারী বেসরকারী এবং কংগ্রেসী সদস্য সকলেই ইউন্যানিমাসলি ৪-৫ মাইল রাস্তা একটা পাকা করতে হবে এইভাবে রিজলিউশন নেওয়া হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় দেখা গেল যে, এটা নেই। সমস্ত ক্ষেত্রে দেখা যায়, বলা হয় যে, ডিস্ট্রিক্ট ডেভলপমেন্টে কমিটি যা করবেন। আমরা বললাম মশাই, এ কেমনতর হ'ল, আমাদের মাননীয় সদস্যরা যাঁরা এত গাঁটের পয়সা খরচ করে পরামর্শ দিতে এলেন এবং ভালভাবে পরামর্শ দিলেন, আপনারা তা গ্রহণ করলেন না। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মহাশয় বললেন, আপনাদের খেয়াল নেই, আমাদের শক্তি কতটুকু তা তো আপনারা জানেন। আপনারা যা পরামর্শ দেন তা আমরা শুনতে পারি, তা

নিতে পারি, নাও নিতে পারি। এই যদি হয়, তাহলে মারাত্মক কথা। উনি এই বিধানসভায়, স্পীকার মহাশয়, আপনার সামনে প্রথমে বর্ণনা করে বললেন যে, আমরা ডিস্ট্রিক্ট ডেভলপমেন্ট কমিটির কথা শুনি। যদি বাস্তবিকই সেগুলি ভাল হয়ে থাকে তাহলে তাদের কথা শুনুন এটুকু অন্তত অনুরোধ করছি।

[9-40—9-50 a.m.]

Sj. Pramatha Nath Dhibar:

মাননীয় স্পীকার মহোদয়, পূর্তসচিব পরিকল্পনাময় সুন্দর ছবি আমাদের কাছে রেখেছেন। কিন্তু ১ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেখা যায় ১,৩৮৫·১০ লক্ষ টাকা খরচ করিয়া মাত্র ১,৪২০ মাইল রাস্তায় মাটি কাটা ও কালভার্ট ও ছোট ব্রিজ করা হইয়াছে, ৯৪০ মাইল রাস্তায় পাথর দেওয়া হইয়াছে এবং ৬৫৫ মাইল রাস্তায় পিচ দেওয়া হইয়াছে, ১,৩৬০ ফুট ব্রীজ করা হয়েছে। কিন্তু ঐ খরচেই করার কথা ছিল ১,৭২৪ মাইল মাটি কাটা ও কালভার্ট করা, ১,৪৬৪ মাইল পাথর দেওয়া ও ১,২৩৮ মাইল পিচ দেওয়া, ৩,২৩২ কিউবিক ফুট বড় ব্রীজ করা। এইভাবে কত টাকা অপচয় করা হয় তাহার কোন কৈফিয়ত নাই। ১৯৫৭-৫৮ সালের মোট বাজেট ৩ কোটি টাকার মধ্যে ২,৭৩,২৮,০০০ টাকা ধরা হইয়াছে রাস্তা খাতে। এই বাজেটে যে রাস্তাগুলিও ধরা হইয়াছে তাহা যেন যতশীঘ্র সম্ভব অন্তত আরম্ভ করা হয়।

গত বন্যায় বহু রাস্তা নষ্ট হইয়া গিয়াছে তাহা যেন মেরামত করার জন্য চেষ্টা করা হয়। জেলা বোর্ডের আর্থিক অভাবে সম্ভব হচ্ছে না ইহা সরকারকেই তৎপর হইয়া করিতে হইবে। আমি বহু রাস্তার খবর দিতে পারি। যেমন গলসী-আদ্রাহাটি রাস্তাটি কৈতারা গ্রামের সন্নিকট বাঁকা নদীর বন্যায় নষ্ট হইয়া গিয়াছে, মেমারী থানার বৈদ্যভাঙ্গা গ্রামের রাস্তাটি নষ্ট হইয়া গিয়াছে। মাননীয় শ্রমমন্ত্রী ও বর্ধমান জেলা কংগ্রেস কমিটির সভাপতি জনাব আবদুল সাত্তার সাহেবকে ঐ গ্রামের অধিবাসীবৃন্দ ঐ রাস্তার জন্য বলেন কিন্তু সহানুভূতি দেখান তো দূরের কথা, ঐ গ্রামের অধিবাসীদিগকে রূঢ় ভাষায় জবাব দিয়াছেন, বামপন্থীকে ভোট দিয়াছ তাহারা করিয়া দিবে। ইহাতে কি আমরা ধরিয়া নিতে পারি যে, যেখানে কংগ্রেস হারিয়া গিয়াছে সেখানে কোন কাজ হইবে না? ইহাই যদি রাজ্য মন্ত্রীদের উক্তি হয় তাহা হ'লে ঐ সমস্ত স্থানের জনসাধারণের নিকট কোন রাজস্ব আদায় করারও কোন অধিকার কংগ্রেসী সরকারের নাই। আমি যে এলাকা থেকে নির্বাচিত হইয়াছি ইহার অন্যতম খণ্ডঘোষ থানায় কোন কাজ সরকারের তরফ হইতে করা হয় নাই। ইহা এমন একটি থানা যাহা প্রতি বৎসর দামোদরের বন্যায় প্লাবিত হয়। এই থানার না হইয়াছে কোন রাস্তা, না হইয়াছে কোন পানীয় জলের কোন ব্যবস্থা না হইয়াছে কোন সুচিকিৎসার বন্দোবস্ত, কথিত আছে যে কোন দারোগাকে শাস্তি দিবার জন্য ঐ থানায় বদলী করা হয়। বর্ষাকালে এক গ্রাম হ'তে অন্য গ্রামে যাওয়া যায় না। এমনকি স্যার, রাসবিহারী ঘোষের জন্মস্থান তোরকোণা গ্রামে যাইবার রাস্তা নাই। এই থানায় দুইটি বড় রাস্তা আছে। একটি সগড়াই-খণ্ডঘোষ রোড আর একটি খণ্ডঘোষ-কাঠগোলা খাট রোড, যাহা নিউ বাঁকুড়া রোড নামে পরিচিত। এই দু'টি রাস্তাও জঘন্য। বর্ষাতে তো যাওয়াই যায় না এমন কি শুষ্ক আবহাওয়াতেও গোযানে অথবা সাইকেলে যাওয়া যায় না। এই দুর্গম রাস্তা দু'টি সংস্কার করিয়া বাস চলাচলের উপযোগী করা সরকারের উচিত। এই থানাটিতে যোগাযোগের ব্যবস্থা করার জন্য পূর্তসচিবের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

[Here the Member having reached time limit resumed his seat]

Sj. Durgapada Das:

মাননীয় স্পীকার মহাশয়, পরিকল্পনা কথাটা আমাদের দেশে খুব চালু হয়েছে এবং সকলেই জানেন যে, পরিকল্পনা মাফিক কাজ হচ্ছে। রাস্তা উন্নয়নের জন্যও একটা পরিকল্পনা নিশ্চয়ই আছে একথা আমাদের পূর্তসচিব মহাশয় বলবেন। তা যদি থাকে তাহলে জেলার সঙ্গে রাজ্যের রাজধানীর যোগাযোগ, জেলা শহরের সঙ্গে মহকুমা শহরের, মহকুমার সঙ্গে থানা শহরের যোগাযোগ অ্যাডমিনিস্ট্রেটিভ পারপাসএই থাকা প্রয়োজন বলেই এগুলি পরিকল্পনার অন্তর্ভুক্ত থাকা উচিত। পরিকল্পনা অনুযায়ী কাজ হ'লে ব্যবসাকেন্দ্র যতগুলি আছে তার সঙ্গে উৎপাদন

ক্ষেত্রগুলির যোগাযোগ থাকবে চিকিৎসার কেন্দ্র ও শিক্ষাকেন্দ্রের সঙ্গে রেল স্টেশন বা বড় বড় গ্রামের যোগাযোগ থাকবে। এবং তীর্থস্থান যেগুলি আছে সেগুলির সঙ্গে অন্তত রেল স্টেশনের যোগাযোগ থাকবে। কিন্তু আমার রামপুরহাট মহকুমায় দেখছি যে, সেখানে পরিকল্পনা অনুযায়ী কোন কাজ হয় নি। সেখনকার রাস্তা উন্নয়নের ধারা যদি আমরা দেখি তাহলে বলতে হবে যে, সেখানে একেবারে পরিকল্পনাহীন তদ্বির সর্বস্ব কার্যক্রম চলছে। সেখানকার রাস্তাঘাটের যা দুরবস্থা সেটা পূর্তসচিব মহাশয় নিজে গিয়ে দেখে এসেছেন। সেখানে এখন যে ৪টি থানা আছে তার সঙ্গে জেলা হেডকোয়ার্টার বা মহকুমা হেডকোয়ার্টারএর কোন যোগাযোগ এই বর্ষাকালে থাকবে না। সেখানে যে ব্যবসাকেন্দ্রগুলি আছে সেগুলির সঙ্গে উৎপাদন ক্ষেত্রের রাস্তার যোগাযোগ নেই বলে সেই ব্যবসাকেন্দ্রগুলি এই বর্ষাকালে প্রায় বন্ধ থাকবে। আমি মোল্লারপুর এবং রামপুরহাটের রাস্তার কথা বলছি। সাইথিয়ার সঙ্গে কোটাশপুর-রামনগর রাস্তার যোগাযোগ না থাকার জন্য সেখানে ষাটপলসার মত তরিতরকারি উৎপাদন ও বিক্রয় বৃহৎ ক্ষেত্রের সঙ্গে শহরের বাজারের যোগাযোগ থাকছে না। এইজন্য সব দিকেরই খুব অসুবিধা হচ্ছে। মোল্লারপুর থেকে আঁদি বা মোল্লারপুর থেকে মলুটী পর্যন্ত রাস্তাটা না থাকার জন্য বর্ষাকালে মোল্লারপুর ব্যবসাকেন্দ্রটি অচল হয়ে যাবে। রামপুরহাট থেকে পারুলিয়া বা রামপুরহাট থেকে দুনিগ্রাম রাস্তা উন্নত না হওয়ার জন্য সেখানকার সমস্ত কিছু অচল হয়ে পড়বে। তীর্থক্ষেত্রের দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখা যাবে যে, বীরভূমের পবিত্র তীর্থক্ষেত্র তারাপীঠ বা বীরচন্দ্রপুরে যাবার জন্য রাস্তার কোন যোগাযোগ নেই। মন্ত্রী মহাশয় নিজে সেখানে গিয়ে সমস্ত রাস্তা দেখে এসেছেন। তিনি তারাপীঠ এবং বীরচন্দ্রপুরেও গিয়েছিলেন। বীরচন্দ্রপুরের মন্দিরের প্রাঙ্গণে দাঁড়িয়ে তিনি জনসভায় ঘোষণা করেছিলেন যে, এই রাস্তাটি উন্নয়নের জন্য গৃহীত হবে, কিন্তু আজও পর্যন্ত সেই রাস্তার কার্য আরম্ভ হয় নি। আমরা দেখছি এই পরিকল্পনা যখন গৃহীত হয় তখন বলা হয়েছিল যে, রামপুরহাট থেকে তারাপীঠ ও বীরচন্দ্রপুর হয়ে মৌরেশ্বর থানার সদরকে যোগ করে একটা রাস্তা কোটাসুর পর্যন্ত যাবে। আবার পরে দেখতে পেয়েছি যে, কোটাসুর থেকে মৌরেশ্বর পর্যন্ত ৩ মাইল এবং রামপুরহাট হতে তারাপীঠ পর্যন্ত ৬ মাইল রাস্তা করা হবে এবং বাকী তারাপীঠ হতে বীরচন্দ্রপুর তীর্থক্ষেত্র পর্যন্ত সাময়িকভাবে বাদ চলে যাবে। অবশ্য টাকা না থাকলে কাজের কোন কোন অংশ পরে করা যেতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ঐ সময়েই আর একটি রাস্তা গৃহীত হচ্ছে, যার আগেও নেই পাছেও নেই। তকিপুর-কুশমোর রাস্তার কথা আমি বলছি—তার সঙ্গে কোন ব্যবসাক্ষেত্রের, শিক্ষা প্রতিষ্ঠানের বা স্বাস্থ্যকেন্দ্রের কোন যোগাযোগ নেই। কিন্তু এই রাস্তাটি যে গৃহীত হয়েছে তার কারণ অনুসন্ধান করলে দেখা যেতে পারে যে, এই পরিষদের ভূতপূর্ব একজন মাননীয় সদস্য শ্রীযুত হেমন্ত বসু মহাশয় যেখানে বসে থাকেন তার পাশেই বসতেন। তিনি পরবর্তী সময় কংগ্রেসের দলে যোগদান করেছিলেন এবং তারই পুরস্কারস্বরূপ এই রাস্তা গৃহীত হয়েছে। সত্যি তাই যদি হয়ে থাকে তাহলে আমাদের কিছু বলার নেই। (জনৈক সদস্য—ব্যাপার কি হচ্ছে?) ব্যাপারটা পরে বুঝবেন। আমি যেটা বলতে চাচ্ছি যে, ঐ কুশমোর গ্রামের সেই ভূতপূর্ব সদস্য মহাশয়ের জন্মভূমি, সেজন্যই রাস্তাটি গৃহীত হ'ল। একেও যদি পরিকল্পনা বলা হয় তাহলে সেটা কি ধরনের পরিকল্পনা? আমি বলব যে, এটা পরিকল্পনাহীন তদ্বির সর্বস্ব কার্যক্রম। তথাকথিত পরিকল্পনা কিভাবে রূপ নিচ্ছে দেখুন। বাজেটের মধ্যে আছে মোল্লারপুর ও রামপুরহাট, নলহাটি, মোরগ্রাম রাস্তাটা ২৮ মাইল এবং সেটার জন্য এস্টিমেট ৩৯ লক্ষ টাকা। কিন্তু ১৯৫৬ পর্যন্ত ৩ লক্ষ টাকা খরচ হয়েছে। এবং ১৯৫৬-৫৭ সালে ২½ লক্ষ টাকা এবং সংশোধিত বাজেটে মাত্র ১½ লক্ষ টাকা ধরা হয়েছে। এই ৭ লক্ষ টাকা মোটামুটি খরচ হচ্ছে প্রায় ৭ বছরে। এই রাস্তা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শেষ হয়ে যাবার কথা কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দাঁড়িয়ে এই ৭ বছরে মাত্র ৭ লক্ষ টাকা খরচ হয়েছে। অর্থাৎ ৩৯ বৎসরে এই রাস্তা হয়ত সমাপ্ত হতে পারে। কিম্বা এই ৩৯ বৎসরেও হয়ত হবে না, কারণ রাস্তা উন্নয়ন বিষয়ে যাঁরা বিশেষজ্ঞ তাঁরা বলেছেন যে, রাস্তাকে উন্নত করতে হ'লে সোজা করতে হবে, শক্ত করতে হবে এবং বাই-পাস রোড করতে হবে।

[9-50—10 a.m.]

তাঁরা বলেছেন এলিমিনেশন অব রেলওয়ে লেভেল ক্রসিং করতে হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি রাস্তা চলেছে বাইপাস রোডএর প্রয়োজন মোল্লাপুরে। এখানে এসে রাস্তা কোন্‌দিকে

যাবে, মোল্লারপুর গ্রামের মধ্য দিয়ে যাবে, না ডানে বাঁয়ে যাবে আজও পর্যন্ত তা স্থিরীকৃত হয় নি বলে রাস্তা পড়ে আছে। রামপুরহাটে, মিউনিসিপ্যাল শহরের মধ্য দিয়ে যাবে কিনা, নলহাটির শহরের মধ্য দিয়ে যাবে কিনা তাও ঠিক হয় নি। এবার দেখুন রেলওয়ে লেভেল ক্রসিং এলিমিনিট কেমনভাবে হচ্ছে—নলহাটির পশ্চিম দিকে যেখানে টাউনশিপ হয়েছে সেখান থেকে রাস্তা স্টেশন পর্যন্ত পাকা হয়েছে বটে কিন্তু সেখানে যদি আপনি যেতে চান বোলপুর-রাজগাঁও রোড হতে অর্থাৎ একপার থেকে ওপারে, তাহলে ৩-৪ ঘণ্টা পর্যন্ত দাঁড়িয়ে থাকতে হবে লেভেল ক্রসিংএ, তার কোন প্রতিকার ব্যবস্থা আজ পর্যন্ত করতে পারা যায় নাই। এবং এর পরের অংশে অর্থাৎ নলহাটি হতে মোরগ্রাম পর্যন্ত এই যে রাস্তা তার এখনও অ্যালাইনমেন্ট ঠিক হয় নি। মন্ত্রী মহাশয় গিয়েছিলেন একটি গ্রামে নাম ভদ্রপুর, একটি ঐতিহাসিক গ্রাম—সেখানে এক জনসভায় ঘোষণা করেছিলেন যে, এই রাস্তা ভদ্রপুরের ভিতর দিয়ে যাবে। কিন্তু আজও পর্যন্ত স্থিরীকৃত হ'ল না—সেই রাস্তা মহারাজা নন্দকুমারের জন্মভূমি—ভদ্রপুর দিয়ে পাস করে যাবে, না সেই যে আগাছাবিহীন তকিপুর-কুশমোর রাস্তাকে টাচ করে যাবে। কার জন্মভূমিকে সে টাচ করে যাবে মহারাজা নন্দকুমারের জন্মভূমি না ভূতপূর্ব পরিষদ সদস্যের জন্মভূমি এটা এখন পর্যন্ত স্থিরীকৃত হয় নি বলে দেখছি আমরা অসম্পূর্ণ রাস্তা সেখানে পড়ে রয়েছে। এভাবে যদি আমরা দেখি তাহলে একে পরিকল্পনাবিহীন বলা যেতে পারে সে বিষয়ে কোন সন্দেহ নাই। কত বছরে যে রাস্তা শেষ হবে সে সম্বন্ধে কোন কিছু বলা যায় না। এখন দেখা যাচ্ছে যে, ছোট ছোট যে রাস্তাগুলি উন্নীত হবে বলে বলা হয়েছিল, যেমন, রামপুর-হাট-পারুলিয়া রাস্তা যেটা ঘোষণা করা হয়েছিল তার আর কোন উল্লেখ নাই বাজেটে। ওদিকে মুর্শিদাবাদ জেলায় পারুলিয়া পর্যন্ত যে রাস্তা এসেছে তার পরিচয়ে বাজেটের মধ্যে এক জায়গায় দেখতে পাচ্ছি ব্র্যাকেটএ লেখা রয়েছে রামপুরহাট-খড়গ্রাম রাস্তার অংশ। রামপুরহাট-পারুলিয়ার কিন্তু কোন অস্তিত্ব দেখতে পাচ্ছি না বাজেটের মধ্যে। কাজেই বুঝতে পারছি না ব্যাপারটা কি? পাঁচথুপী হতে রামনগরের দিকে যে রাস্তা এসেছে তার মুর্শিদাবাদ সীমা হতে রামনগর সামান্য দুই-তিন মাইল রাস্তা যোগ করলে বীরভূমের সঙ্গে যোগাযোগ হয়ে যায়, ইন্টার ডিস্ট্রিক্ট রোড তৈরি হয়ে যায় তার কোন পরিকল্পনা আজ পর্যন্ত গৃহীত হয় নাই। রামপুরহাটের প্রাণকেন্দ্রস্বরূপ যেসব রাস্তা সেইসব রাস্তা এইভাবে অবহেলিত হয়ে পড়ে আছে। বর্ধমান জেলাতে মালদা-মন্তেশ্বর দুমাইল রাস্তা সেখানে বেতিয়া নদীর উপরে শাঁকো না থাকার জন্য অবর্ণনীয় দুর্দশা হচ্ছে বলা যেতে পারে—কিন্তু এখনও পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নাই। সাঁইথিয়া-কান্দি পাকা রাস্তা—কিন্তু তার থেকে ১½ মাইল দূরে বালেশ্বর হিন্দুদের একটি পবিত্র তীর্থক্ষেত্র আছে, সেটি এখনও উন্নত করতে পারা গেল না—এই গভর্নমেন্টএর সময়ে।

[The Member having reached his time limit resumed his seat]

Sj. Amal Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী মহাশয় যে যোগাযোগ ব্যবস্থা খাতে ব্যয়বরাদ্দ করেছেন তাতে অবশ্য আমি লক্ষ্য করছি যে কতকগুলি বড় বড় রাস্তার পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু সে পরিকল্পনার মধ্যে আমি কতকগুলি মারাত্মক গলদও দেখতে পাচ্ছি যেগুলি আমি এখানে পেশ করতে চাই। আমরা যেটা লক্ষ্য করেছি—তিনিও যেটা বলেছেন—এই রাস্তা-গুলির যে পরিকল্পনা করেছেন তার মূল নীতি হচ্ছে যোগাযোগ ব্যবস্থা—থানা, মহকুমা এবং জেলার অ্যাডমিনিস্ট্রেশনএর দিক থেকে সুবিধা যাতে হয় সেদিক থেকে বিবেচনা করেই তিনি পরিকল্পনা মূলত রচনা করেছেন। কিন্তু সামগ্রিকভাবে আমাদের শিল্প সমৃদ্ধি রচনার কাজে যেভাবে অর্থনৈতিক দিক থেকে বিবেচনা করে এই পরিকল্পনা করা উচিত ছিল আমার মনে হচ্ছে তারা যে রাস্তার পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা বিবেচনার মধ্য থেকে বাতিল করে দিয়েছেন। বর্তমান বাজেটে হাওড়া জেলার যে রাস্তাগুলির উল্লেখ করা হয়েছে তাতে রাস্তাগুলির অবস্থিতি ও সম্ভাবনা দেখে আমার মনে হচ্ছে এমন কতকগুলি রাস্তা নেওয়া উচিত ছিল যেগুলি বাদ দেওয়ায় আমাদের হাওড়া জেলার অর্থনৈতিক অগ্রগতি ব্যাহত হচ্ছে। যে কয়টি রাস্তার কথা আমি প্রসঙ্গত উল্লেখ করতে চাই সেগুলি হচ্ছে—(১) বাগনান থেকে গাইঘাটা ফেরী (বাইনান ইউনিয়ন) পর্যন্ত একটা রাস্তা হওয়া উচিত, এবং গাইঘাটা ফেরীর উপর একটা ব্রিজ করে তাজপুর ইউনিয়নের নারিট পর্যন্ত এই রাস্তা বর্ধিত করা একান্ত আবশ্যক। তারপর (২)

উলুবেড়িয়া "ডিউক রোডে"র সংস্কার করা অতি প্রয়োজন। (৩) সাঁকরাইলের রাজগঞ্জ যে রাস্তা সেটাও গ্রহণ করা উচিত ছিল। পুলটিয়া দামনতলাহাট পর্যন্ত যে রাস্তা সেটা গ্রহণ করা উচিত ছিল কারণ হাওড়া জেলার অর্থনৈতিক ব্যবস্থা পুনর্গঠনের পথে বাণিজ্যিক স্বার্থে এই রাস্তা-গুলির নির্মাণ ও সংস্কার বিশেষ প্রয়োজন। বাজেটে এইসব রাস্তার কোন উল্লেখ না দেখে এটাই মনে হয় যে আমাদের পশ্চিমবঙ্গ-সরকার হাওড়া জেলার অর্থনৈতিক দিক বিবেচনা করে কোন পরিকল্পনা গ্রহণ করেন নি।

দ্বিতীয় কথা হচ্ছে এই যে রাস্তার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেটা সেচব্যবস্থার সঙ্গে সমন্বয় করে করা উচিত ছিল, কিন্তু আমাদের কর্তৃপক্ষ এই সেচব্যবস্থার সঙ্গে যোগাযোগ ব্যবস্থার সমন্বয় ও সম্পর্কের কথা আদৌ চিন্তা করেন নি। আমি এই প্রসঙ্গে একটা দৃষ্টান্ত উল্লেখ করতে চাই। হাওড়া থেকে কোলাঘাট পর্যন্ত যে ন্যাশনাল হাইওয়ে হচ্ছে এবং যে রাস্তা দামোদরের উপর দিয়ে চলে গিয়েছে দামোদরের অভ্যন্তর পর্যন্ত এই রাস্তাকে বর্ধিত করা হয়েছে এবং এর ফলে দামোদরকে সংকীর্ণ করে নিয়ে আসার চেষ্টা হয়েছে। গত বছর এই এলাকায় যে ভয়াবহ বন্যা হয়েছে বিশেষ করে উলুবেড়িয়ায় যে বন্যা হয়েছে তার অন্যতম প্রধান কারণ হচ্ছে মাহিষরেখায় যে রাস্তা তৈরি হয়েছে দামোদর নদীর ভিতর পর্যন্ত যেটা নিয়ে আসা হয়েছে, তাতে নদীর মেইন কারেন্টএর গতি রুদ্ধ হয়, এবং ইহারই ফলে গত বৎসর বন্যায় উলুবেড়িয়ার বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হয়ে যায়। এই ঘটনা থেকেই দেখা যায় সেচব্যবস্থার সঙ্গে সমন্বয় করে যে রাস্তা করা উচিত সেটা তারা করেন নি। তারপর আমার অভিযোগ হ'ল যে পরিকল্পনা হচ্ছে তাতে ব্যাপক দুর্নীতি চলছে, সেই দুর্নীতি সম্পর্কে আমি দুই-একটি ঘটনা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এক নম্বর দুর্নীতি হচ্ছে, এতে ব্যাপক সরকারী অর্থের অপচয় হচ্ছে। বাগনানে একটি গোডাউনএ কয়েক হাজার টন সিমেন্ট ছিল, সেখানে কর্তৃপক্ষের চূড়ান্ত অব্যবস্থার ফলে সেগুলি নষ্ট হতে চলেছে। এখানে মন্ত্রী মহাশয় বলছেন আমাদের সিমেন্টএর অভাব—সেজন্য রাস্তা এবং অন্যান্য কাজ করতে পাচ্ছি না—অথচ কয়েক হাজার টন সিমেন্ট বাগনান গুদামেই নষ্ট হয়ে গেল—এই সিমেন্টকে ভালভাবে রক্ষার জন্য দৃষ্টি দেওয়া হ'ল না। তারপর অফিসারদের যে অবিচার ও জুলুম চলছে তার দুই-একটা দৃষ্টান্ত আপনার সামনে উপস্থিত করছি—তা হচ্ছে তারা যে রাস্তা করেন তার যে জমি দখল করেন সেই জমির ব্যাপারে। আমাদের মন্ত্রীমণ্ডলী বলেন, সংবিধানের উপর জোর দিয়ে বলেন কারও কোন সম্পত্তিতে জোর করে আমরা হস্তক্ষেপ করতে পারি না কিন্তু রাস্তা প্রভৃতি তৈরির জন্য যে জমি দখল করেন সেই জমির মালিককে একটা নোটিস দেওয়া যে প্রয়োজন তা স্বীকার করেন না এবং যার জমি তিনি যখন তার সম্পত্তি অথবা উক্ত সম্পত্তির মূল্যের জন্য ধন্না দেন তখন বার বার গিয়েও তার কোন ব্যবস্থা হয় না। এই প্রসঙ্গে হাওড়া জেলার ন্যাশনাল হাইওয়ে ব্যাপারে আমি একটা গুরুতর অভিযোগ উপস্থিত করতে চাইঃ উলুবেড়িয়া থানায় খলিসানী গ্রামের পঞ্চুদাসী নামে এক বৃদ্ধার জমি দখল করা হ'ল—প্রথম যখন এনকোয়ারি হ'ল তখন বৃদ্ধাকে বলা হ'ল সেখানে কয়েক হাজার টাকার সম্পত্তি নোট করা হ'ল কিন্তু তারপর যখন ফাইনাল এনকোয়ারি হ'ল দু'বছর বাদে তখন ক্ষতিপূরণ বিভাগ বললেন, জমিতে কোন ঘর ছিল না, বাগান ছিল না, পুকুর তাতে ছিল না এবং সেই হাজার কয়েক টাকার সম্পত্তির মাত্র ৪৬ টাকা ক্ষতিপূরণ দেবার কথাই জানানো হ'ল। এরকম একটা ঘটনা নয়, এরকম অবিচার ও জুলুমের ঘটনা বাগনান, কোলাঘাট এবং হাওড়ায় সর্বত্র বহু জমির মালিকের ব্যাপারে ঘটছে—আমি এগুলি মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনতে চাই এবং জমি দখল আইনের সংশোধন দাবী করি।

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহোদয়, আপনার মারফত আমি কয়েকটি কথা মন্ত্রী মহাশয়কে বলতে চাই। আমাদের নন্দীগ্রাম থানা এলাকা নিশ্চয়ই সরকারী রেভিনিউ জুগিয়ে আসছে কিন্তু এই থানায় কেন্দ্রের সঙ্গে ৫-৬ মাইল দীর্ঘ যোগাযোগ রাস্তা ছাড়া আর কোন রাস্তা নাই। আজ দীর্ঘদিন যাবত নন্দীগ্রাম এলাকার জন্য ঐ এলাকার অধিবাসীর জন্য প্রকৃত কোন রাস্তা হয় নি। তাই আজ সংকট দেখা দিয়েছে দুই দিকে। এক দিকে হ'ল—সরকার রাস্তা সম্বন্ধে যে পরি-কল্পনা করেন তাতে ওখানকার জন্য কোন রাস্তার পরিকল্পনা করেন নাই এবং ডিস্ট্রিক্ট বোর্ড

দিয়ে চলতে গেলে বড় বড় শিল্পে প্রয়োজনমত র‍্যাশনালাইজেশন করতে হবে। তাই বড় বড় শিল্পের দ্বারা ভারতের মত বিরাট কৃষিপ্রধান দেশের বেকার-সমস্যার সমাধান হবে না। আমরা অবশ্য বলতে পারি না যে বড় বড় শিল্পের, ভারী ভারী শিল্পের প্রয়োজন নেই। বড় বড় শিল্পের প্রয়োজন অবশ্যই আছে, কিন্তু তা দ্বারা বেকার-সমস্যার সমাধান হবে না। বেকার-সমস্যার সমাধান করতে গেলে আমাদের ভাবতে হবে কুটিরশিল্পের কথা। মহাত্মা গান্ধী এই কথাই অনেকদিন আগে বলেছিলেন। তিনি বিশেষ জোর দিয়েছিলেন চরকার ওপর। তিনি বলতেন, চরকা সকলেই চালাতে পারে এবং অল্প খরচেই অনেক চরকা চালানো যায়। কিন্তু চরকার অসুবিধাও অনেক। চরকায় সুতা বিশেষ ভাল হয় না। চরকায় সুতা কেটে মজুরি পোষায় না। অবশ্য এখন উন্নত ধরনের চরকাও হয়েছে—যেমন অম্বর চরকা। কিন্তু তার দ্বারাও বেকার-সমস্যার সমাধান হবে ব'লে মনে হয় না। কারণ অম্বর চরকায় সুতা কেটেও মাসে আয় ২০-২২ টাকার বেশি হয় না। সুতরাং কুটিরশিল্প হিসাবে চরকা যে আমরা ব্যাপকভাবে চালাতে পারব এমন মনে হয় না। তবে আর একটা শিল্প আমরা সহজেই চালাতে পারি—তাঁতশিল্প। বর্তমানে ভারতের প্রায় ১৬ লক্ষ লোক তাঁতশিল্প দ্বারা জীবিকার্জন করে। আমাদের পশ্চিমবাংলার সোয়া লক্ষ লোক এই তাঁত চালিয়ে জীবিকার্জন করে। প্রত্যেক তাঁতী মাসে সহজেই ৫০-৬০ টাকা উপার্জন করতে পারে। বাংলার পল্লীর উন্নয়ন সাধন যদি করতে হয়, দেশের সত্যিকার মঙ্গল যদি করতে হয় এবং দেশের বিরাট বেকার-সমস্যার সমাধান যদি করতে হয়, তা হ'লে এই তাঁতশিল্পের দিকে মন ও নজর বিশেষ ক'রে দিতে হবে। তাঁত বা অন্য যে কোন কুটিরশিল্পের কথাই বলা যাক না কেন, তা মিলের সঙ্গে প্রতিযোগিতায় টিকতে পারে না। মিল প্রথম চলত জলশক্তি দিয়ে, পরে চলত বাষ্পীয় শক্তিতে, এখন চলছে ইলেকট্রিক অথবা বৈদ্যুতিক শক্তিতে। এর পর হয়তো চলবে অ্যাটমিক শক্তি দ্বারা। সুতরাং কুটিরশিল্প হিসাবে তাঁতশিল্প মিলের সঙ্গে প্রতিযোগিতায় টিকতে পারবে—একথা ভাবা অবাস্তব। কুটিরশিল্প ব্যাপকভাবে চালাতে হ'লে সে সম্বন্ধে আমাদের একটি সুনিশ্চিত নীতি গ্রহণ করতে হবে। সেই নীতিটি এই—যদি কোন কুটিরশিল্পকে আমরা সত্যিই চালাতে চাই তবে যে বিষয়ে সেই কুটিরশিল্পকে আমরা চালাতে চাই, সে বিষয়ে মিল থাকতে পারবে না। মহাত্মা গান্ধী এই কথাই বারবার বলেছেন। তাঁর মত মেনে নিলে আমাদের এই নীতি গ্রহণ করতে হবে যে, যেসব শিল্প পল্লীশিল্প হিসাবে, কুটিরশিল্প হিসাবে চলতে পারে, সেগুলি শুধু পল্লীশিল্প ব'লে চালাতে হবে। সেই শিল্পে মিল থাকতে পারবে না। আমরা যদি চাই গ্রামে গ্রামে তাঁত চলুক, ঘরে ঘরে তাঁতের প্রচলন হোক, তবে মিলে কাপড় বোনা নির্মমভাবে বন্ধ ক'রে দিতে হবে। ডাক্তার রায় সেদিন একটি খাঁটি কথা বলেছেন—মিল শুধু সুতো উৎপাদন করবে এবং মিলে উৎপন্ন সুতো দিয়ে ঘরে ঘরে তাঁত চলবে। এই নীতি যদি নিষ্ঠা-সহকারে কাজে চালানো যায় তা হ'লে দেশের চেহারা অল্প দিনের মধ্যে বদলে যেতে পারে। আমাদের বর্তমান গভর্নমেন্ট সে কথা জানেন। তাঁরা আরও জানেন এই কাজ করা হ'লে দেশের বেকার-সমস্যার সমাধান হবে বটে, কিন্তু মুষ্টিমেয় ধনিকের বিশেষ অসুবিধা হবে। এ কারণে গভর্নমেন্ট মিল ও তাঁত উভয়কে বাঁচাতে চান। এ উদ্দেশ্যে গভর্নমেন্ট মিলের কাপড়ের উপর ট্যাক্স বসিয়েছেন। প্রতি গজ কাপড়ের উপর এক পয়সা হিসাবে ট্যাক্স বসানো হয়েছে এবং এভাবে ট্যাক্স বসিয়ে বৎসরে ৪-৫ কোটি টাকা আয় হচ্ছে। এই টাকা থেকে প্রতি গজ খদ্দরে তিন আনা হিসাবে সাবসিডি দেওয়া হচ্ছে এবং তাতে উৎপন্ন কাপড়ের উপর প্রতি গজে সাবসিডি দেওয়া হচ্ছে ছ' পয়সা হিসাবে। কিন্তু একথা আমি জোর ক'রেই বলব যে শিল্প নিজের পায়ের উপর দাঁড়াতে পারে না, আর্টিফিশিয়াল ফিডিং দিয়ে তাকে বেশিদিন বাঁচানো যায় না। এই যে গভর্নমেন্ট ব্যবস্থা করছেন সাবসিডির, এতে মিলগুলির অসুবিধা হচ্ছে, তাদের ৪-৫ কোটি টাকা লোকসান হচ্ছে, কিন্তু কুটিরশিল্পকেও এইভাবে বাঁচানো যাবে না। একথা গভর্নমেন্ট জানেন। তার জন্য তাঁরা আর একটা ব্যবস্থা করেছেন। সেসব কথা বিস্তারিতভাবে বলবার সময় আমার নেই, এক্ষুনি লালবাতি জ্বলে উঠবে। কোন কোন জিনিস মিলে তৈরি একেবারে বন্ধ করা হয়েছে—যেমন রঙ্গীন সাড়ি, ব্যান্ডেজ ক্লথ। এসব তাঁত ছাড়া উৎপন্ন হ'তে পারবে না। এগুলি শুধু তাঁতেই উৎপন্ন হবে, মিলে উৎপন্ন হ'তে পারবে না। কিন্তু এ দ্বারাও তাঁতশিল্পকে সুষ্ঠুভাবে বাঁচাতে পারা যাবে না। যদি আমাদের গভর্নমেন্ট চান যে ছোট ছোট শিল্প—কুটিরশিল্পকে বাঁচাতে হবে, এই কথা যদি তাঁদের মনের

কথা হয়, তা হ'লে মিলের কাপড় কেনা একেবারে বন্ধ ক'রে দিতে হবে। তা হ'লে অতি অল্প সময় মধ্যে ও অতি অল্প টাকা খরচ ক'রে দেশময় তাঁতের প্রসার করা যাবে এবং এখন যেখানে ১৬ লক্ষ তাঁত আছে, সেখানে এক কোটি বা তার চেয়েও বেশি তাঁত চলতে পারবে।

[11—11-10 a.m.]

এ তো গেল তাঁতশিল্প সম্বন্ধে। এখন ঢেঁকি সম্বন্ধে কিছু বলি। ঢেঁকি প্রায় বন্ধ হ'তে চলেছে। ঢেঁকি আমাদের একটা প্রধান কুটিরশিল্প। এখন গভর্নমেন্ট চা'লের কল, গ্রামে গ্রামে ধানভানার কল বসাবার লাইসেন্স দিচ্ছেন এবং আমাদের এই প্রধান কুটিরশিল্পকে ধ্বংস করছেন। বহু ঢেঁকি বন্ধ হয়ে যাচ্ছে, ফলে অসংখ্য লোক বেকার হচ্ছে। আমরা মুখে বলি কুটিরশিল্পের কথা, আর কাজে করি অন্য রকম। তেলের কল চলবে আবার ঘানিও চলবে—এ হ'তে পারে না। ঘানি চালাতে হ'লে তেলের কল বন্ধ করতে হবে।

আর একটা প্রধান পল্লীশিল্প গুড়শিল্প। আমাদের পশ্চিমবাংলায় ১৬ লক্ষ খেজুরগাছ ও ১৬ লক্ষ তালগাছ আছে। পূর্ববঙ্গে যাদের বাড়ি তাঁরা জানেন, সেখানে খেজুরগাছ থেকে রস বের ক'রে গুড় বানানো হয়। এটা পূর্ববঙ্গের একটা প্রধান শিল্প। গ্রামের লোক খেজুরের গুড় তৈরি ক'রে প্রচুর অর্থ উপার্জন করে। এক-একটি খেজুরগাছে বছরে ১০-১২ সের গুড় হ'তে পারে। আন্তরিকতার সঙ্গে চেষ্টা করলে ১৬ লক্ষ খেজুরগাছ থেকে কত রস হ'তে পারে। কিন্তু পশ্চিমবঙ্গ-সরকার খেজুরগাছ থেকে রস বের করার যে চেষ্টা করছেন তা হাফ-হার্টেড—নামেমাত্র। এক লক্ষের বেশি গাছ থেকে এঁরা এখন পর্যন্ত রস বের করার ব্যবস্থা করতে পারেন নি। আগেই বলেছি, পশ্চিমবাংলায় তালগাছের সংখ্যা ১৬ লক্ষ। কিন্তু দু' লক্ষের বেশি তালগাছ থেকে গুড় হয় না। আমার কাছে ফিগার আছে। প্রত্যেকটি খেজুরগাছে কমপক্ষে বছরে ১০ সের ক'রে গুড় হ'তে পারে। এর দাম কম ক'রে ধরলেও ৫ টাকা। প্রত্যেকটি খেজুরগাছে বছরে ৫ টাকা ক'রে হ'লে ১৬ লক্ষ খেজুরগাছে হয় ৮০ লক্ষ টাকা। বছরে প্রায় বিনা খরচে গ্রামবাসীরা এত টাকা উপার্জন করতে পারে। ষোল লক্ষ তালগাছ আছে। প্রত্যেকটি তালগাছে বছরে দেড় মণ গুড় হ'তে পারে। প্রতি মণ গুড়ের দাম ১৫ টাকা হ'লে দেড় মণের দাম হয় ২৪ টাকা। এইভাবে ১৬ লক্ষ তালগাছ থেকে ৩ কোটি ৬০ লক্ষ টাকা আয় হ'তে পারে। গভর্নমেন্ট যদি একটু দরদের সঙ্গে চেষ্টা করেন তা হ'লে সহজেই পল্লীবাসীদের বছরে এত টাকা আয় হ'তে পারে। এ ধরনের আরও বহু কুটিরশিল্প আছে, তার লিস্ট লাল বইয়ে আছে। সেসব আমার বলবার সময় হবে না। গভর্নমেন্ট বহু কাজে হাত দিয়েছেন, কিন্তু সবই ভাসা ভাসাভাবে। লাল বইয়ের দিকে তাকালে মনে হয় কত কাজ হচ্ছে, কত টাকা খরচ হচ্ছে, কত ধরনের কুটিরশিল্পের ব্যবস্থা করছেন, স্কুল করছেন, ট্রেনিং সেন্টার করছেন। অথচ ভেতরে ঢুকলে দেখা যায় কাজ কিছুই হচ্ছে না, সবই ফাঁকা। নানা স্থানে প্রোডাকশন সেন্টার, ট্রেনিং সেন্টার খোলা হয়েছে, সেসবে অনেককিছু শিক্ষা দেওয়া হয়, আসলে কিন্তু কোনটাই ভালভাবে শিক্ষা দেওয়া হয় না। আমাদের যতই দেশের সঙ্গে পরিচয় ঘটছে ততই আমাদের ধারণা হচ্ছে যে গভর্নমেন্ট কোন কাজ ঠিকমত চালাতে চান না। ধরুন, এই তাঁতশিল্প যদি গভর্নমেন্ট ঠিক ক'রে চালাতেন তা হ'লে সমস্ত সমস্যার সমাধান করতে পারতেন। এক তাঁতশিল্প যদি ভালভাবে চালান, তা হ'লে কত সমস্যার সমাধান হ'তে পারে। আজ আমরা শুনলাম যে, তাঁরা কল্যাণীতে স্পিনিং মিল করবেন। গত আড়াই বছর তিন বছর ধ'রে বলা হচ্ছে গয়েশপুর, খোশবাসমহল্লায়, তাহেরপুর ও হাবড়াতে স্পিনিং মিল হবে। তার কি হ'ল? অদ্যাবধি তার তো কোন চিহ্নই দেখছি না। গয়েশপুরে দু'-চারখানা ছক কাটা হয়েছে মাত্র। আর কিছু করা হয় নি। পুরানো পরিকল্পনা অনুসারে কাজ কিছু হচ্ছে না, অথচ নতুন পরিকল্পনা তৈরি হচ্ছে। তার মানে তাঁরা লোককে ধোঁকা দিতে চান মাত্র। সত্যিকার দেশের মঙ্গল হোক বা জনকল্যাণ হোক, তা তাঁরা চান না। যদি সত্যিকারের দরদ নিয়ে কুটিরশিল্প চালান, সঙ্গে সঙ্গে ভূমিসংস্কার সাধন করেন, কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ও ন্যাশন্যাল এক্সটেনশন সার্ভিসএর পরিকল্পনাসহকারে কাজ ঠিকমত করেন, তা হ'লে পাঁচ বছরের মধ্যে দেশের চেহারা সম্পূর্ণ বদলে যেতে পারে। এখন দেশের লোকের দুরবস্থা দেখলে চোখ ফেটে জল আসে। সুন্দরবনের উন্নতির সাথে সাথে অন্যান্য অঞ্চলের উন্নয়নমূলক পরিকল্পনা ঠিকমত কার্যকরী করা হ'লে দেশের লোকের মুখে হাসি ফুটবে।

Sj. Satyendra Narayan Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতায় বিভিন্ন হিসেব ক'ষে দেখাবার চেষ্টা করেছেন যে বাংলাদেশে শিল্পে মোট ১১ কোটি টাকা খরচ হচ্ছে। আমি বলেছি আলোচনায় সময় অন্য যে জিনিসগুলি, ধরুন যেগুলি কেন্দ্রীয় পরিকল্পনা বা উদ্বাস্তু পরিকল্পনার অন্তর্ভুক্ত, সেগুলি আলোচনার আওতা থেকে বাদ দিয়ে রাখা ভাল। এজন্য আমি এখানে বিশেষ ক'রে আলোচনা করছি যেসব শিল্পক্ষেত্রে রাজ্যসরকারের উদ্যোগ এবং প্রচেষ্টা বিশেষভাবে জড়িত, সেইসব শিল্পক্ষেত্রে কতটুকু টাকা তাঁরা বরাদ্দ করেছেন, কতটুকু তার উন্নতি করেছেন বা সেই জিনিসটা কতটা সম্পূর্ণ হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী নিজে বলেছেন তাঁর খাতে যে বরাদ্দ সেটা অতি অল্প। টাকা বরাদ্দও অল্প আর এই খাতে আলোচনার সময় বরাদ্দও অল্প। উভয়দিকে স্বল্পতার সঙ্গে সামঞ্জস্য রেখে একটা সামগ্রিক আলোচনা করা সম্ভব নয়।

প্রথম কথা, শিল্পোন্নয়ন সম্বন্ধে যে কথাগুলি মন্ত্রিমহাশয় বলেছেন তা থেকে অনেকগুলি জিনিস বাদ প'ড়ে গেছে। আমাদের কেন্দ্রীয় পরিকল্পনায় শিল্পোন্নয়নের যে নীতি তাতে অনেকগুলির কথা বলা হয়েছে—১৯টা শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণ। এগুলি কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। তারপর কতকগুলি শিল্পের বেলায় কথা আছে, সেগুলি উন্নয়ন এবং সম্প্রসারণের কথা নয়। তাদের যে উৎপাদনের ক্ষেত্র রয়েছে তার পূর্ণ সদ্ব্যবহার করা। তারপর ছোটশিল্প, কুটিরশিল্প এবং গ্রামশিল্প। এইসব ক্ষেত্রে সম্প্রসারণ যেমন আছে, সম্প্রসারণের সাথে আরও দু'টি জিনিস রয়েছে। একটি হ'ল, ক্ষুদ্রশিল্পের বেলায় বৃহৎ শিল্পের পরিপূরক হিসেবে গ'ড়ে তোলার জন্য একটা পরিকল্পনা ক'রে কাজ করতে হবে। না হ'লে শুধু এর জন্য টাকা বরাদ্দ ক'রে সেগুলি কোথায় গিয়ে দাঁড়াল তা দেখলাম না, এতে কোন লাভ নাই।

এই সম্প্রসারণের সঙ্গে আর একটা জিনিস তিনি বলেছেন। আপনারা জানেন, ক্ষুদ্রশিল্প —গ্রামশিল্প তদন্তের নামে কার্ভে কমিটি ব'লে একটা কমিটি হয়েছিল। তাঁরা কতকগুলি সুপারিশ করেছিলেন। তার মধ্যে লক্ষ্য করবার—যেমন এর বৃহৎ শিল্পের পরিপূরক হিসেবে উন্নয়নের সাহায্য করবার সঙ্গে সঙ্গে এইসব শিল্প সম্প্রসারণের জন্য রাজ্যের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে দিতে হবে বিস্তীর্ণ ক'রে। কিন্তু এইসমস্ত দিক যদি বিচার ক'রে দেখি, তা হ'লে পশ্চিমবঙ্গ-সরকারের শিল্পনীতি সম্বন্ধে বলতে হবে অত্যন্ত অসন্তোষজনক অবস্থা। যেমন যেসব শিল্পের সম্প্রসারণের প্রশ্ন নাই তাদের বর্তমান উৎপাদন-ক্ষমতা বজায় রেখে তার পূর্ণ সদ্ব্যবহার করা। সেক্ষেত্রে পশ্চিমবঙ্গ-সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছেন। এতে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব রয়েছে, পশ্চিমবঙ্গ-সরকারেরও দায়িত্ব রয়েছে। আমি শুধু একটা উদাহরণ দিই বেল্টিং-শিল্পের। এ সম্বন্ধে আমি বিস্তৃত বলব না। এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্বাধীন। বেল্টিং-শিল্প রক্ষার প্রশ্ন এখন দেখা দিয়েছে—কেন্দ্রীয় সরকারের ইচ্ছাকৃত নীতির দরুন—বিদেশী মূলধনের প্রতিযোগিতা থেকে এই বেল্টিং-শিল্পকে রক্ষা করতে কেন্দ্রীয় সরকার আজ ব্যর্থ হয়েছেন।

[11-10—11-20 a.m.]

আমি বলব কেন্দ্রীয় সরকারের স্বেচ্ছাকৃত নীতির ফলে বিদেশী মূলধন, বিদেশী পুঁজিকে এমন সুযোগ দেওয়া হয়েছে যার ফলে বেল্টিং-শিল্প আজকে মুমূর্ষু অবস্থায় এসে পড়েছে। এইখানে রাজ্যসরকারের দায়িত্ব রয়েছে, কেন না বেল্টিং-শিল্প যারা নতুন ধরনের যন্ত্রপাতি আনিয়ে নতুন ধরনের উৎপাদনের জন্য যারা আজকে চেষ্টা করছেন তারাও রাজ্য ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কর্পোরেশনএর কাছে ঋণ চেয়ে সময়মত সে ঋণ পাচ্ছেন না। এখন পর্যন্ত তাঁদের মুখাপেক্ষী হয়ে তাদের থাকতে হচ্ছে। ছোটশিল্প সম্বন্ধে বলতে গিয়ে আরেকটা কথা বিশেষভাবে মনে পড়ে যে, পশ্চিমবঙ্গ-সরকারের ছোটশিল্প সম্বন্ধে, দৃষ্টিভঙ্গিটা কি? ছোটশিল্প কাকে বলে সেই সম্বন্ধে স্মল ইন্ডাস্ট্রিজ বোর্ড একটা সংজ্ঞা দিয়েছেন। তাঁরা বলছেন, ছোটশিল্পগুলি যেগুলির যন্ত্রপাতি, আধুনিক ধরনর যন্ত্রপাতি এবং বিদ্যুৎ এগুলি ব্যবহার করে। এবং লগ্নীকৃত মূলধনের হিসেব ক'রে বলেছেন, যেসব কারখানা বা প্রতিষ্ঠানের মূলধন ৫ লাখ টাকার কম তাদেরই ছোটশিল্প বলা হয়। সেই হিসেবে দেখতে গেলে আমাদের দেশে ছোটশিল্প

বহু রয়েছে—বাংলাদেশে, তার উপর নজর দেওয়া প্রয়োজন। কিন্তু পশ্চিমবঙ্গ-সরকার যেসব পরিকল্পনা দেখিয়েছেন আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায়, তাতে দেখছি তাঁরা এমন অনেক জিনিস এনেছেন যেগুলি ছোটশিল্প খাতে না এসে কৃষি বা গ্রামীণশিল্প খাতে যাওয়া উচিত। যেমন তাঁরা এখানে রেশমশিল্পের জন্য অনেক টাকা খরচ করছেন, ঔষধ তৈরি করার জন্য, উদ্ভিদ চাষের জন্য অনেক টাকা খরচ করছেন—এগুলোর প্রয়োজন আছে, প্রয়োজন নেই আমি বলি না। বিশেষ ক'রে রেশমশিল্পের ব্যাপারে আমার পশ্চিমবাংলার প্রায় সাড়ে তিন লাখ লোক এর উপরে নির্ভর করে, কিন্তু সেটাকে ক্ষুদ্রশিল্পের ভিতর টেনে এনে একটা বিভ্রান্তির সৃষ্টি কেন করছেন এটাই হ'ল প্রশ্ন। ক্ষুদ্রশিল্প বলতে যে ধরনের শিল্পগুলি দেখা হয়, যে সংজ্ঞা তাঁরা দিয়েছেন সেই শিল্পের দিক দিয়ে দেখতে গেলে দেখা যাবে যে, পশ্চিমবঙ্গ-সরকারের যে বরাদ্দ সেটা যে শুধু অপর্যাপ্ত তাই নয়, তাঁরা অন্যান্য ব্যাপারেও যে নীতি নিয়ে চলছেন সেই নীতিটাই অত্যন্ত অসন্তোষজনক। এখন এই ক্ষুদ্রশিল্পের ব্যাপার বলতে গিয়ে আমি আরেকটা বিষয় উল্লেখ করছি আপনার মাধ্যমে, স্পীকার মহাশয়, যে সাধারণত বলা হয়ে থাকে —আমাদের মন্ত্রীও বললেন—যে পশ্চিমবঙ্গ শিল্পপ্রধান দেশ। তুলনামূলকভাবে বললে এটা সত্য, কিন্তু এ জিনিসটা আমাদের মনে রাখা উচিত, শিল্পনীতি ঠিক করার সময় বা শিল্প খাতে বরাদ্দের সময় যে এই পশ্চিমবঙ্গে এখনও শিল্পের একটা মস্ত বড় অংশ দখল ক'রে আছে এই ক্ষুদ্রশিল্পগুলি। বৃহৎ শিল্পতে যেসমস্ত শ্রমিক নিযুক্ত আছে তার মোট সংখ্যা হচ্ছে ৭ লাখ, আর ক্ষুদ্রশিল্পগুলিতে যে শ্রমিক নিযুক্ত আছে তার সংখ্যা হ'ল সাড়ে আট লাখ সরকারী পরিসংখ্যান অনুযায়ী। এবং পুঁজির দিক দিয়ে বলতে পারি যে, বৃহৎ শিল্প-গুলিতে যেখানে ১৪১ কোটি টাকা পুঁজি খাটে, কলকাতার উপরে যে ক্ষুদ্রশিল্পগুলি তাতেই ১৫ কোটি টাকা খাটছে। কাজেই সেই প্রয়োজনের দিক দিয়েই যে অর্থ তাঁরা বরাদ্দ করেছেন তা অনেক অপর্যাপ্ত। হাওড়ায় যেসমস্ত ছোটখাট ইঞ্জিনিয়ারিং কারখানা আছে যার সম্বন্ধে বাজেটে বরাদ্দ করেছেন, সেদিক দিয়েও যদি দেখা যায় যে কত অপর্যাপ্ত তাদের বরাদ্দ; কেন না তাদের যদি নতুন ধরনের যন্ত্রপাতি ইত্যাদি দিতে হয় তার জন্যই ৩ কোটি টাকার মত তাদের প্রয়োজন হবে। এবং সেটা না করলে আমরা এই শিল্পকে এগিয়ে নিয়ে যেতে পারব না।

এই ঋণের ব্যাপারেও আমরা দেখি কিরকম অসন্তোষজনক অবস্থা, কেন না এই যে ছোট ছোট ইঞ্জিনিয়ারিং শিল্প রয়েছে সেই শিল্পে এখন পর্যন্ত তারা যে ঋণ সংগ্রহ করে তার শতকরা ৫০ ভাগের বেশি এই মহাজন যারা ঋণ দেন, মানি-লেন্ডারদের কাছ থেকে আসে, এবং অত্যন্ত চড়া সুদে তারা ঋণ পান। এর জন্য তাদের অত্যন্ত অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। কাজেই মাননীয় মন্ত্রী দেখিয়ে গেলেন, তারা বছরের পর বছর বরাদ্দ বাড়াচ্ছেন, তাদের জন্য টাকা দিচ্ছেন, টাকার বরাদ্দ বেড়ে যাচ্ছে—এই আত্মসন্তুষ্টির কোন যুক্তিসঙ্গত কারণ নেই। দেখতে হবে আমাদের প্রয়োজনের তুলনায় আমরা কতখানি করতে পেরেছি। এই টাকার বরাদ্দ শুধু নয়, অন্যদিক দিয়ে যে কথা আছে যে, স্মল ইন্ডাস্ট্রিজ বোর্ড বলুন আর কার্ভে কমিটি বলুন, আমাদের দ্বিতীয় পরিকল্পনা বলুন, তাতে পরিষ্কার ব'লে দেওয়া হয়েছে যে ক্ষুদ্র-শিল্পগুলির উন্নয়নের ব্যাপারে তাদের বৃহৎ শিল্পের পরিপূরকভাবে গড়তে হবে। কিন্তু এখন পর্যন্ত আমরা জানি, এই যে ছোট ছোট ইঞ্জিনিয়ারিং শিল্প, তাদের উৎপাদনের ব্যাপারে —যেসব জিনিস তারা উৎপাদন করে সেইসব জিনিসই, এই ইঞ্জিনিয়ারিং শিল্পের যেসব কারখানা রয়েছে সেইসব জিনিসই তারা উৎপাদন করে এবং প্রতিযোগিতায় তারা অসুবিধায় প'ড়ে যায়। ছোট ছোট শিল্পগুলিতে সাহায্যদানের ব্যাপারে স্মল ইন্ডাস্ট্রিজ বোর্ড বলুন, তারা কতকগুলি ব্যাপারে সাহায্য দিতে বলেছেন—গবেষণার সাহায্য আছে, তাদের ঋণ দেবার সাহায্য আছে, বাজারের সংগঠনের ব্যাপার আছে এবং কাঁচামাল সরবরাহের ব্যবস্থা আছে। এই জিনিস বিক্রি হয় কিনা, কিভাবে হচ্ছে সেটা দেখা নিতান্ত প্রয়োজন। যেমন কাঁচামাল সরবরাহের প্রশ্নটা অত্যন্ত গুরুতর, কেন না ছোট ছোট ইঞ্জিনিয়ারিং শিল্পগুলির অবস্থা কি? তাদের যা মূল কাঁচামাল—ইস্পাত বলুন, কোল বলুন, কোক বলুন, ঢালা লোহা বলুন, এই যে জিনিসগুলি সেগুলি পাওয়ার ব্যাপারে আমরা দেখি শতকরা ২৫ বা ৩০ ভাগ যারা এমন প্রতিষ্ঠান তারা কতকগুলি পারমিট পায়। সেই পারমিট কিভাবে পায় তাও সামান্য, কখনও কখনও ঐ দাক্ষিণ্যের দানের মত হাত ফেরত হয়ে ঐ পারমিটগুলি এল এবং সেইজন্য তাদের ঐ বড় বড়

স্টকিস্টস এবং এজেন্টদের মুখাপেক্ষী হয়ে থাকতে হয়, যার জন্য তাদের অনেক অসুবিধার সম্মুখীন হ'তে হয়। আর বাকি যারা তাদের ঐ খোলা বাজার থেকে কিনতে হয়। তার ফলে তাদের অনেক অসুবিধা হয়। এখানে বলা হয়েছে, তাদের জন্য একটা সেন্ট্রাল ওয়ার্কশপ করা হবে, তাদের জন্য মার্কেটিং অর্গানাইজেশন করা হবে। কিন্তু তাদের ঐ যে কাঁচামাল সরবরাহের কি ব্যবস্থা করা হয়েছে এবং তারা যে জিনিসগুলি তৈরি করছে সেই জিনিসগুলি যাতে বিক্রয় হ'তে পারে তার জন্য কি ব্যবস্থা করা হয়েছে সে কথার কোন উত্তর পেলাম না। এবং সামগ্রিক পরিকল্পনার যে চিত্র তারা দিচ্ছেন সে চিত্রেও পেলাম না।

আরেকটা জিনিস যা আমাদের বলতে হচ্ছে যে এই শিল্প খাতে বরাদ্দ করার সময় এবং বক্তৃতা দেবার সময়ও যে আমাদের বাংলাদেশের এবং সম্প্রতি বাংলাদেশের মধ্যে এসেছে তার একটা গুরুত্বপূর্ণ শিল্পের কথা মন্ত্রিমহাশয়ের নজর এড়িয়ে গেছে। সেটা হচ্ছে লাক্ষাশিল্প। লাক্ষাশিল্পের খাতে আমাদের বৈদেশিক মুদ্রার ব্যাপার রয়ে গিয়েছে। কেন না পৃথিবীতে মোট যে পরিমাণ লাক্ষা উৎপন্ন হয় তার শতকরা ৬৫ ভাগ বর্তমানে ভারতে হয়। আগে আরও বেশি ছিল, এখন এই দাঁড়িয়েছে। এবং মোট ভারতের যা মোট উৎপাদন তার শতকরা ২০ থেকে ২১ ভাগ পুরুলিয়া জেলায় হয়, যা পশ্চিমবঙ্গের সাথে এখন সংশ্লিষ্ট। এবং সেখানে শুধু কাঁচা লাক্ষা তৈরি নয়, লাক্ষার যেসমস্ত কারখানা রয়েছে, সেল্যাক তৈরির কারখানা রয়েছে, ভারতবর্ষে মোট যতগুলি কারখানা আছে তার অর্ধেক আছে আমাদের পুরুলিয়ায়। এবং ভারতবর্ষে এই সেল্যাক ফ্যাক্টরিতে মোট যত শ্রমিক কাজ করে তার অর্ধেক হচ্ছে পুরুলিয়ায়। এবং এদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে। তার কারণ হচ্ছে যেমন আমরা দেখি বেল্টিং-শিল্পে। শুধু বড় বড় শিল্পে নয়, বেল্টিং-শিল্পের ব্যাপারে বা ছোট ছোট ইঞ্জিনিয়ারিং শিল্পের ব্যাপারে বিদেশী পুঁজির প্রতিযোগিতায় এদেরকে কোণঠাসা ক'রে দিচ্ছে। তেমনি লাক্ষাশিল্পের ব্যাপারেও হয়েছে। এখান থেকে বেশির ভাগ লাক্ষা রপ্তানি হয়। যত লাক্ষা এখানে তৈরি হয় তার ৫ ভাগ ভারতে ব্যবহার হয়, আর বেশির ভাগ রপ্তানি হয়। এবং সেটা আমেরিকার উপর নির্ভরশীল হয়ে রয়েছে। এবং তারা এখান থেকে সেল্যাক কেনবার বদলে কাঁচা লাক্ষা কিনছে যার ফলে আমাদের সেল্যাক ফ্যাক্টরিগুলি অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়েছে। আমি আশ্চর্য হচ্ছি যে, কেন আমাদের এই এত বড় জিনিসটা আমাদের মন্ত্রিমহাশয়ের বা শিল্প-দপ্তরের নজর এড়িয়ে গেছে। তারপর, স্পীকার মহাশয়, সরকারের শিল্পনীতি বিচার করবার জন্য আরেকটা মাপকাঠি আমি আপনার সম্মুখে তুলে ধরেছিলাম। সেটা হচ্ছে শিল্পবিস্তারের ব্যাপার। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে যাতে শিল্পবিস্তার হ'তে পারে সেদিকে দৃষ্টি রাখা। সেই সম্বন্ধেও যে নীতির কথা আমরা বলছি সেই নীতিগুলি আমরা ঠিক করি নি, এটা কেন্দ্রীয় পরিকল্পনা অনুযায়ী ঠিক হয়েছে। সেই কেন্দ্রীয় বোর্ড এবং কমিটি হয়েছিল, তাঁরাই ঠিক করেছেন। আমরা প্রায় শুনি আমাদের মুখ্যমন্ত্রীর কাছ থেকে যে, এখানে জনসংখ্যার ঘনত্ব অনেক বেশি এবং কলকাতা এবং কলকাতার আশেপাশে শিল্পাঞ্চল অনেক বেশি। কিন্তু এখন পর্যন্ত আমি বলছি সরকারের শিল্পোন্নয়নের বা শিল্পপ্রসারের দৃষ্টিভঙ্গিটা প্রধানত কলকাতা এবং তার আশেপাশে শিল্পাঞ্চলেরই ঝোঁকটা রয়ে গিয়েছে। অন্যান্য জায়গায় সেই কৃপণের দাক্ষিণ্যের মত ছিটেফোঁটা কোন জায়গায় কিছু কিছু গ'ড়ে তোলবার পরিকল্পনা করছেন। কিন্তু আমাদের এই প্রদেশে বিভিন্ন অঞ্চলের যা প্রয়োজন তার যা চাহিদা এবং তাদের যে সম্ভাবনা এই সমস্ত দিকে দৃষ্টি রেখে শিল্পোন্নয়নের কোন ব্যবস্থা নাই। যেমন উত্তরবঙ্গের যে জেলাগুলি আছে, তাদের প্রাকৃতিক সম্পদ কুটিরশিল্পের মাধ্যমে যদি কাজে লাগানো যায় তা হ'লে উত্তরবঙ্গের চাহিদা তো মিটবেই, তা ছাড়া আসাম, সিকিম প্রভৃতি অঞ্চলের চাহিদাও মিটানো সম্ভবপর হ'তে পারে। সেদিক দিয়ে আমরা দেখছি, এখন পর্যন্ত কোন চেষ্টা হয় নি। আমার সময় শেষ হয়ে এসেছে, বসার আগে আমি আরেকটা কথা বলছি যে, আমরা এই শিল্প খাতে সমালোচনা করার সময় প্রায় প্রত্যেক বছরই একটা জিনিস ব'লে থাকি যে খরচ যা বরাদ্দ হয় তার বেশির ভাগই যায় ঐ ডাইরেকটরেট সম্প্রসারণের জন্য। ডাইরেকটরেটএর প্রয়োজন আছে সেটা স্বীকার করি, কিন্তু ডাইরেকটরেট সম্প্রসারণের কথা যখনই আসে তখনই আমরা ভীত হয়ে যাই এইজন্য, আমরা দেখি করকার বিভিন্ন পরিকল্পনার নামে কয়েকটা দপ্তর খোলেন, বিভিন্ন জায়গায় অফিস খুলে বসেন এবং অফিসাররা যান, তাদের জীপ আছে। আমি আমার

শিলিগুড়িতে দেখেছি যে সেখানে বিভিন্ন দপ্তর যা আছে তাতে কতগুলি যে জীপ আছে তা আমরা এখনও পর্যন্ত গুণে হদিস করতে পারি নি। কিন্তু কাজ যে কতদূর এগোয় তা একটা দৃষ্টান্ত দেব। এক জায়গায় আপনারা কাঠের কাজ শেখানোর জন্য কারখানা খুললেন কিন্তু কোন কাজ সেখানে পর্যন্ত চালু হয় নি। শুধু চালু হয় নি তা নয়, বা আমলাতান্ত্রিক অকর্মণ্যতাই শুধু দায়ী নয়, আমলাতান্ত্রিক একটি জটিল অবস্থা হওয়ার দরুন টাকাগুলি কিভাবে অপব্যয় হল—যে কাঠশিল্প সম্বন্ধে শিক্ষা দেবার জন্য শিল্পদপ্তর থেকে দপ্তর খুল্লেন, কিন্তু কাঠ না পাওয়ায় তাদের শিক্ষা দিতে পারলেন না। সরকারী বনবিভাগের কাছে যারা কাঠ সরবরাহ করেন বা যাদের কাঠের মিল আছে, তাদের কাছে তারা গেলেন কিনতে। তারা বললেন, তোমরা বাহিরে টেন্ডার দিয়ে নীলামে তাদের কাছ থেকে কিনে নাও। ফলে হচ্ছে কি, তারা কাঠ পাচ্ছেন না, ঐ টাকাগুলি অপচয় হচ্ছে, তার জন্য সেখানে যে টেবিল, চেয়ার কেনা হয়েছিল, সেগুলি অপচয় হচ্ছে। এইসব অপচয় হওয়ার পরেও আগামীবার মন্ত্রি মহাশয় বলবেন যে, আরও বেশি টাকা বরাদ্দ ক'রে দাও। কাজেই আমরা বলছি যে ডাইরেকটরেট সম্প্রসারণের ব্যাপার যেটা সেই ব্যাপারে আমরা বাস্তব কঠিন অভিজ্ঞতার মধ্যে আমরা সত্যিই শঙ্কিত।

[11-20—11-30 a.m.]

Sj. Samar Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রধানতঃ কুটিরশিল্প সম্পর্কে আমার বক্তব্য বলব। আমাদের মতন অনুন্নত কৃষিপ্রধান দেশে যেখানে বৃহৎ শিল্প যথেষ্ট পরিমাণে গড়ে ওঠে নি এবং যেখানে সমাজ ব্যবস্থা আধা উপনিবেশিক ও আধা সামন্ততান্ত্রিক সেখানে কুটিরশিল্পের যে বিরাট ভূমিকা আছে সেটা বলার খুব বেশী প্রয়োজন নেই। গভর্মেন্ট এই কথা স্বীকার করেন এবং তারা যে প্ল্যান ফ্রেম করেছেন সেই প্ল্যান ফ্রেমে এক জায়গায় বলা হয়েছে,—

> ...the greatest importance is attached to the expansion of the household and hand-industries as this would be the principal method of liquidating unemployment and also creating a marketable surplus of consumer goods.....

তাঁরা গ্রেটেস্ট ইম্পর্টেন্স দিয়েছেন এবং বলেছেন যে প্রিন্সিপাল মেথড অব লিকুইডেটিং আনএমপ্লয়মেন্ট। এটা তাঁরা শুধু থিওরী হিসাবে, তথ্য হিসাবে বলেছিলেন। কারণ শিল্প সম্পর্কে তাঁদের যে দৃষ্টিভঙ্গী এবং যেভাবে গভর্মেন্ট শিল্পের ব্যবস্থা করছেন সেটা যদি আমরা হিসাব করে দেখি তাহলে দেখব দুটোর মধ্যে কোন মিল নেই, কোন সামঞ্জস্য নেই। বাংলাদেশে কুটিরশিল্পের বিরাট একটা ঐতিহ্য ছিল—বিশেষ কোরে তাঁতশিল্প, রেশমশিল্প এবং বিভিন্ন রকমের শিল্প। আমার খুব অল্প সময়, কাজেই আমি বিস্তৃতভাবে কিছুই বলতে পারব না। কিন্তু সেই সমস্ত শিল্পের এখন যে অবস্থা দাঁড়িয়েছে তা খুব সাংঘাতিক। তাঁতশিল্প সম্বন্ধে আমি খুব তথ্য দিতে চাই না, তবে গভর্মেন্টের যেসব স্বীকৃত তথ্য তা থেকে আমি ২-১টা কথা বলছি। দি কটেজ ইণ্ডাস্ট্রি ইন জেনারেল সম্বন্ধে ওয়েস্ট বেঙ্গল টু-ডে, বাংলা গভর্মেন্টের পাবলিকেশান, ১৯৫৪ সাল, তাতে বলা হয়েছে—

> "The cottage industries in general are very much handicapped for the absence of well-organised financing institutions. The handloom weaving industry, being the largest and most important cottage industry, seriously suffers from this drawback as industrial co-operation has not made much headway and is not quite effective to give a powerful support to the unorganised indigent weavers; the bulk of the weaving population is, therefore, to depend on the Mahajan class, viz., the middle-man. Although there are as many as 931 primary co-operative weaving societies, 17 industrial unions and the number of members is about 78,000 in West Bengal, co-operative finance is still scarce in the weaving areas. The middle-men not only make advances to the weavers but also take charge of the disposal of their finished products, grabbing a

disproportionately greater part of the profit margin. The poor weavers unable to hold their goods for long have to dispose of their products at cash prices or according to the terms of contract with the middle-men. In the case of supply of raw material, viz., yarn also, the handloom weavers are again at a greater disadvantage vis-a-vis middle-men. On both these grounds, viz., supply of raw material and disposal of finished products, middle-men take the lion's share of the margin with the result that the weavers are left with very poor wages on which they can hardly make a living."

এই হচ্ছে বাংলা গভর্মেন্টের নিজেদেরই স্বীকৃতি। সুতরাং এই হচ্ছে কটেজ ইণ্ডাস্ট্রির কণ্ডিসান। সিল্ক ইণ্ডাস্ট্রি সম্বন্ধে আমি বিশেষ কোন তথ্য দিতে চাই না। এই বইতে স্বীকার করা হয়েছে যে—

competition from artificial silk and rayon has been quite tragic in so far as the silk industry is concerned.

সেজন্য সিল্ক ইণ্ডাস্ট্রির অবস্থা অত্যন্ত ট্র্যাজিক এবং শেষে কংক্লুশন্-এ তাতে বলা হয়েছে—taking all facts together, the picture is one of decay and regression. অর্থাৎ গভর্মেন্ট যে কি রকম চেষ্টা চরিত্র করছেন এটাই হচ্ছে তার একটা সামটোটাল পিকচার। অতএব এই যদি পিকচার হয় যাতে যেখানে রিগ্রেসান হচ্ছে, ডিকে হচ্ছে, এন্টায়ার কটেজ ইণ্ডাস্ট্রি ডিকে হচ্ছে তাহলে সেখানে গভর্মেন্টকে এ সম্বন্ধে অত্যন্ত সিরিয়াসলি ভাবা উচিত। সেখানে তাঁরা এ সম্বন্ধে খুব থিওরেটিক্যাল এবং তাঁদের অবজেক্টস অ্যান্ড এইম-এ বলছেন দি গ্রেটেস্ট ইম্পর্টেন্স ইজ অ্যাটাচ্ড টু দি কটেজ ইণ্ডাস্ট্রি এবং এটাই হচ্ছে দি প্রিন্সিপাল মেথড অব লিকুইডেটিং আনএমপ্লয়মেন্ট, কিন্তু সেখানে এই সমস্ত ইণ্ডাস্ট্রির অবস্থা অচল। তাঁতশিল্প সম্পর্কে আমি সরকারী হিসাব থেকেই কিছু বলছি। সম্প্রতি বাংলা গভর্মেন্ট একটা খুব রঙচঙে বই যেটা প্রচার করেছেন তাতে তাঁরা বলছেন যে—এটা অল ইণ্ডিয়া ফিগার সারা ভারতে ২৯ লক্ষ তাঁতশিল্প আছে এবং প্রায় ৮৭ লক্ষ লোক, মানে কারিগর, এই তাঁতশিল্পের উপর নির্ভর করে। গভর্মেন্টের কানুনগো কমিটির যে হিসাব বেরিয়েছে তাতে তাঁরা বলছেন যে অ্যাকটিভ লুমস্ হচ্ছে ১২ লক্ষ ৪০ হাজার এবং ২৯ লক্ষ লোক সেই টোটাল লুমস্এ কাজ করে। তাই ২৯ লক্ষ তাঁতের মধ্যে ১২ লক্ষ ৪০ হাজার হচ্ছে অ্যাকটিভ লুমস্ আর বাকী ১৬ লক্ষ ৬০ হাজারই ইনঅ্যাকটিভ হয়ে গেছে। অর্থাৎ প্রতি তাঁত পিছু যদি ৩ জন করে কারিগর হয় তাহলে বুঝতে হবে যে প্রায় ৫০ লক্ষ লোক অচল হয়ে গেছে। অতএব এই যে ১৬ লক্ষ ৬০ হাজরা লুমস' অচল হয়ে গেছে তার ফলে ৫০ লক্ষ তাঁতীও সঙ্গে সঙ্গে বেকার হয়ে গেছে। অথচ আমাদের মন্ত্রীমহাশয় বললেন যে দৃঢ় পদক্ষেপে আমাদের অগ্রগতি হচ্ছে। অর্থাৎ তাঁদের দৃঢ় পদক্ষেপে অগ্রগতির হিসাব হচ্ছে এই রকম। এই ৪ঠা মে যে বইটা বেরিয়েছে তাতে তাঁরা বলছেন যে পশ্চিমবঙ্গে তাঁতশিল্পের জন্য আমরা কো-অপারেটিভ করেছি ৯২৬টা এবং আমাদের ইণ্ডাস্ট্রিয়াল ইউনিয়ন হচ্ছে ১৪টা। কিন্তু সেই বইটা পড়ে আপনাকে শুনিয়ে দিলাম যে এতে বলা হচ্ছে প্রাইমারী ইউনিয়ান এবং কো-অপারেটিভ হচ্ছে ৩১টা। অর্থাৎ ১৯৫৪ সালে ৯৩১টা হল, অথচ ১৯৫৭ সালের ৪ঠা মে তাঁদের বইয়ে বলা হল ৯২৬টা হয়েছে। কিন্তু মান্ত্রমহাশয় তাঁর রিপোর্টে বলছেন যে দৃঢ় পদক্ষেপে আমাদের অগ্রগতি হচ্ছে। এই বইটাতে আছে-কো-অপারেটিভ মেম্বার হচ্ছে ৭৮ হাজার, আর এই বইয়ে আছে কো-অপারেটিভ মেম্বার ৭০ হাজার। অথচ বক্তৃতা শুনছি যে দৃঢ় পদক্ষেপে আমাদের উন্নতি হচ্ছে। অতএব এই হচ্ছে বাস্তব অবস্থা সম্বন্ধে আমাদের গভর্মেন্টের দৃষ্টিভঙ্গী এবং চেতনা। কটেজ ইন্ডাস্ট্রির মূল যে রুট সেই রুটেই তাঁরা কেউ যান না। কটেজ ইন্ডাস্ট্রির মৌলিক রুটটা একটু খুঁজলে আপনারা দেখবেন যে, কেন আজকে এই কটেজ ইন্ডাস্ট্রির অগ্রসর হচ্ছে না। কোন একটা মৌলিক সমাজব্যবস্থা পরিবর্তনের সঙ্গে আমাদের দেশের অগ্রগতি আজ ওতপ্রোতভাবে জড়িত। কিন্তু সেই মৌলিক সমাজ সংস্কারের কথা ছেড়ে দিলাম, কারণ তা এই গভর্নমেন্টের দ্বারা যে হবে না তা আমরা জানি। অতএব কমপ্লিট ল্যান্ড রিফর্ম না হয়ে পেজেন্টদের হাতে যদি ল্যান্ড না আসে, গভর্নমেন্টের ট্যাক্স নীতির যদি পরিবর্তন না হয়, সাধারণ লোকের পার্চেজিং পাওয়ার যদি না বাড়ে তা হ'লে আভ্যন্তরীণ বাজার সংকুচিত হতে বাধ্য, স্লিংক করতে বাধ্য। এ

ছাড়া ক্যাপিটালিস্ট সোসাইটি যেখানে প্রিডমিনেন্ট, সেখানে কুটিরশিল্পের এই সমস্ত ক্যাপিটালিস্ট ইণ্ডাস্ট্রিয়াল ডেভলেপমেন্ট-এর সঙ্গে কনট্রাডিকশন বাঁধতে বাধ্য। সেজন্য মেসিন যেখানে ইনট্রোডিউস হয়েছে, সেখানে কুটিরশিল্প ধ্বংস হয়ে যাচ্ছে। আপনারা নিশ্চয় শুনেছেন যে যেখানে তেলের কল বসেছে, সেখানে ঘানি কল সব উচ্ছেদ হয়ে যাচ্ছে, যেখানে বিড়ির কল ইনট্রোডিউস হচ্ছে সেখানে সমস্ত বিড়ি ওয়ার্কার্স আনএমপ্লয়েড হয়ে যাচ্ছে।

[11-30—11-40 a.m.]

সম্প্রতি চিঁড়ে কল সম্বন্ধে রিপোর্ট পেলাম যে বিষ্ণুপুর থানায় এবং অন্যান্য এলাকায় ২০ হাজার পরিবার শুধু চিঁড়ে তৈরী করে জীবিকা নির্বাহ করত। সেই কুড়ি হাজার পরিবার অর্থাৎ প্রায় ১ লক্ষ লোকের মধ্যে শতকরা ৭০ ভাগের কাজ চিঁড়ের মেশিন চালু হওয়াতে বন্ধ হয়েছে, অর্থাৎ তারা বেকার হয়েছে। সুতরাং সেখান থেকে দাবী উঠেছে যে মেশিনে চিঁড়ে তৈরী বন্ধ না করলে বহু পরিবার টোটালি রুইনড্ হয়ে যাবে। সুতরাং আমরা দেখছি এক দিকে যত টেক্‌নিক ইউজড্ হবে অন্য দিকে কুটিরশিল্প ধ্বংস হবে। সেইজন্য ক্যাপিটালিস্ট সোসাইটি হেভি ইন্ডাস্ট্রি এক্সপ্যানশন এবং সাইন্টিফিক ডেভলপমেন্ট, এবং বড় বড় কারখানায় র‍্যাশনালাইজেশন এক দিকে যেমন হবে, অপর দিকে তেমনি কুটিরশিল্পের টোটাল ডিমলিশন এ্যান্ড ডেস্ট্রাকশন হবে। সেইজন্য দরকার—ফান্ডামেন্টাল রিফর্ম অব দি এনটায়ার সোশালিজম। সেইজন্য সেই রকম সোসালিজমএর বক্তৃতা এখানে দিয়ে কোন ফল লাভ হবে না। তা সত্ত্বেও কুটিরশিল্প সম্পর্কে গভর্নমেন্টের যে ঘোষণা—সেই ঘোষণায় যদি গুরুত্ব দিতে পারি তাহলে গভর্নমেন্টের যে স্বীকৃতি সেই স্বীকৃতিকে অবলম্বন করে আমাদের সমস্ত প্ল্যানিং ইত্যাদি হওয়া উচিত।

তাঁরা হিসাব দিলেন যে আমাদের আগে থেকে টাকার অ্যালটমেন্ট অনেক বেড়েছে। তাঁদের গ্রান্ট একটু বিশ্লেষণ করে বলছি, তাঁরা নর্মাল এক্সপেণ্ডিচার যা করছেন কটেজ ইণ্ডাস্ট্রির ব্যাপারে, ডেভেলপমেন্ট স্কীম ছাড়া তা হল ৩৪ লক্ষ ৪২ হাজার টাকা। তা থেকে খরচ পে অব অফিসারস্ ৭২ হাজার ৯ শ টাকা, পে অব এস্টাব্লিসমেন্ট ৫ লক্ষ ২ হাজার টাকা, অ্যালাওআন্সেস ৩ লক্ষ ২ হাজার টাকা, আর আদার কন্টিজেন্সিস্ ২২ লক্ষ ৫৮ হাজার, অর্থাৎ মোট খরচ ৩১ লক্ষ ৪৫ হাজার টাকা। সুতরাং এ থেকে কি খরচ কটেজ ইন্ডাস্ট্রির উন্নতির জন্য হবে। তা ছাড়া ডেভেলপমেন্ট খাতে ৭৭ লক্ষ ২২ হাজার টাকা আছে তার একটা বড় অংশ ঐভাবের এস্টাব্লিশমেন্ট খরচ আর মাহিনা বাবত চলে যাবে। কিছু কিছু টাকা 'লোন' দিচ্ছেন, গ্র্যান্ট দিচ্ছেন, কিন্তু সেই লোন বা গ্র্যান্ট বাস্তবিক কুটিরশিল্পের উন্নতির কাজে কতটুকু যে লাগবে সে আমাদের ভাবা উচিত। আমি অল ইন্ডিয়া রুরাল ক্রেডিট সারভে-এর যে রিপোর্ট বেরিয়েছিল একটা জায়গায় ভিলেজ আর্টিজান্ এবং ক্র্যাফট্‌স্‌ম্যান সম্বন্ধে যে রিয়াল পিকচার তা তুলে দিচ্ছি। এটার সঙ্গে গভর্নমেন্টের বর্তমান মন্ত্রীদের দাবীর সঙ্গে কোন মিল নাই। সে কথা আমি বলেই দিচ্ছি।

> "The money-lender advances credit for the purchase of raw materials and also for the current subsistence expenses of the village handicraftsman. He charges a high rate of interest. The merchant or dealer in raw materials ordinarily sells the raw materials on credit to the handicraftsman. He too charges a high rate of interest and in addition sometimes stipulates that the finished products should be sold through him. The master craftsman or the *karkhanadar* has often an even more complete hold over the medium and small producer than has either money-lender or merchant. He provides the workshop, the raw material and the finance; to deal with him is in reality to work under him; and his clientele of theoretically independent small producers"—theoretically independent—"is virtually his labour force of wage-earners."

এই হচ্ছে অবস্থা বিভিন্ন কুটিরশিল্পের। তাদের মধ্যে একটা ধরুন দর্জি। এখানে প্রায় ৩ লক্ষ দর্জি আছে, এবং তাদের প্রায় স্লেভ হিসাবে কাজ করতে হয়। তারা /১০ ছয় পয়সা, দু-আনা রেটে বড় বড় আড়তদারের কাজ করে। তাদের ওয়েজ রেট নাই; ফলে বহু

দর্জি বেকার হচ্ছে এবং আত্মহত্যা পর্যন্ত করতে বাধ্য হচ্ছে। এই ওয়েজ সম্পর্কে কোন আইন করা হয় নি। সারপ্লাস টাইম, ওভারটাইম রেট নাই। সেইজন্য দাবী আছে ওয়েজ বোর্ড চালু করুন; বিড়ি শ্রমিকদের দাবী আছে—তাদের জন্য ওয়েজ বোর্ডএর রিকমেণ্ডেশন চালু করবেন। তেমনি কামার-কুমারের সম্বন্ধে গভর্নমেণ্টের অ্যাটিচুড এত ক্যালাস যে গঙ্গার মাটি নিয়ে যে হাঁড়ি, পুতুল, ইত্যাদি তৈরী করবে সেই মাটিও গভর্নমেণ্ট ব্যান করেছেন। ফলে হালিসহর অঞ্চলের বহু কুমার বেকার হয়েছে। তেমনি শঙ্খের কারবার যারা যারা করে তারা র ম্যাটিরিয়ালস্ পাচ্ছে না। গভর্নমেণ্ট কো-অপারেটিভে কিছু কিছু টাকা দিচ্ছেন, কিন্তু সেই কো-অপারেটিভে মিডল ম্যানএর গ্রিপ আছে, তার বেনিফিট তারা পাচ্ছে না।

Sj. Panchu Copal Bhaduri:

স্পীকার মহাশয়, আমার মনে একটা ক্ষীণ আশা ছিল যে শ্রদ্ধাভাজন শিল্পমন্ত্রীর বক্তৃতায় বেসিক শিল্পের সংকটের কথা এবং তার সমাধানের কোন না কোন কথা শুনতে পাব। 'বেল্টিং' শিল্প—আমার যে সহরে বাস, সেই সহরে ব্রিটিশ আমলেও প্রতিযোগিতার সঙ্গে লড়াই করে 'বেল্টিং' শিল্প গড়ে ওঠে। কিন্তু কংগ্রেস শাসনের মাত্র দশ বছরে আজকে স্বদেশী 'বেল্টিং' শিল্পের কোথায় উত্তরোত্তর উন্নতি হবে, তা না হয়ে দিনের পর দিন তার অবনতি হচ্ছে, এবং আজকে তার একটা ভয়ংকর সংকটের অবস্থা এসে পড়েছে। আমি তার একটা বিবরণ আপনার কাছে দিচ্ছি। শ্রীরামপুরে ৫টা বেল্টিং কল আছে, শ্রীরামপুরের পাশে রিষড়ায় একটি এবং শ্রীরামপুরের অপর পাশে সেওড়াফুলিতে আর একটা 'বেল্টিং' কল—এই নিয়ে আমাদের এলাকায় ৭টি বেল্টিং কল আছে। সেখানে ২-শর বেশী তাঁতে এক হাজার শ্রমিক কাজ করে, এবং তাতে পাঁচ হাজার লোকের ভরণপোষণ হয়। আমাদের সহরের ৫ হাজার লোকের শতকরা ৭-৮ জনের ভরণপোষণ 'বেল্টিং' শিল্পের উপর নির্ভর করে। আজকে তাকে দুটি প্রকান্ড বিদেশী রাঘব বোয়ালের একচেটিয়া কারবারের সঙ্গে প্রতিযোগিতা করতে হচ্ছে। তার একটা হচ্ছে ডানলপ্ কোম্পানী আর একটা মাদুরাই কোম্পানী। এই বিদেশী কোম্পানী অবাধ অধিকার পেয়েছে ভারতবর্ষের বাজারে, ভারত-সরকারের এই যে শিল্পনীতি এই শিল্পনীতিতে স্বদেশী শিল্পকে রক্ষা করবার কোন ব্যবস্থা নেই এবং শুধু ব্যবস্থা নেই তা নয়; ভারত-সরকারের যে স্টোরস্ পারচেজ নীতি ছিল তাতে এই স্বদেশী শিল্পগুলি থেকে আগে রেলের জন্যই বছরে ১৪ লক্ষ 'রানিং ফুট' করে মাল কেনা হত। সেই মাল কেনা কমতে কমতে এমন হয়েছে শীঘ্রই আর এক ফুট মালও কেনা হবে না। এই হচ্ছে বর্তমান 'বেল্টিং' শিল্পের অবস্থা। অথচ দেখুন এই বেল্টিং শিল্পের মালিকেরা কমিউনিস্ট না, সকলেই কংগ্রেসী। যে সময় বেল্টিং শিল্প স্থাপিত হয়—তার স্থাপয়িতা ছিলেন যতীন লাহিড়ী এবং আজকে জে, সি, গুপ্ত—তাঁরা খাঁটি কংগ্রেসী। যাদবপুরের অধ্যক্ষ মিঃ এস, কে, রায় তিনিও কংগ্রেসী। সতীশচন্দ্র দে—তিনি ছিলেন আগে অন্তরীণ আবদ্ধ, পরে কংগ্রেসী; এবং তিনিও বেঙ্গল বেল্টিংএর সঙ্গে সংশ্লিষ্ট যে ধীরেন ভৌমিক,—এখন যিনি প্রোপ্রাইটর—তিনিও কংগ্রেসী। যতীনবাবু বেঙ্গল বেল্টিং থেকে বেরিয়ে এসে হিন্দুস্থান বেল্টিং প্রতিষ্ঠিত করেন, তারপরে হিন্দুস্থান বেল্টিং থেকে বেরিয়ে এসে শ্রীরামপুর বেল্টিং স্থাপিত করেন। ইণ্ডিয়া বেল্টিং বলে একটা আছে যার মালিক হচ্ছেন একজন কংগ্রেসের নেতা।
শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির ভাইস-চেয়ারম্যান এবং সেওড়াফুলি ইস্টার্ণ বেল্টিংএর মালিক—তিনিও কংগ্রেসী, এ কথাও বলতে পারি যে তাঁর বাড়ীতে কোন কংগ্রেসী এম, এল, এ, বসবাস করেন।

এইভাবে দেখতে পাই যে শিল্প ব্রিটিশ শাসনের যুগে বিদেশী প্রতিযোগিতার সঙ্গে লড়াইয়ে দাঁড়িয়েছিল, যে শিল্পের মালিকেরা কংগ্রেসী সেই শিল্প সম্পর্কে আমি আশা করি যে এই হাউসের কংগ্রেসী বেঞ্চের এবং বিরোধী বেঞ্চের সকলে মিলে একবাক্যে ভারত-সরকারের শিল্পনীতির বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন করতে পারবেন এই বলে যে স্বদেশী শিল্পকে নষ্ট হতে দেওয়া অন্যায় এবং এ রকম কোন নিখিল ভারত কংগ্রেস সরকারের শিল্পনীতি চলতে পারে না।
[11-40—11-50 a.m.]

কাজে কাজে রেলের জন্য যে ১৪ লক্ষ টাকার স্টোর পারচেজ করা হত তা আজকে আবার রিজিউম করা হ'ক। আজকে আমাদের পশ্চিম বাংলার শ্রমমন্ত্রীর বাজেটে এই স্বদেশী শিল্প

সম্পর্কে কোন কিছু উল্লেখ ও সাহায্যের নমুনা দেখতে পাই না। সেইজন্য আমি, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে শিল্পমন্ত্রী এবং মন্ত্রীসভার কাছে দাবী করবো যে এই শিল্পকে আপনারা রক্ষণাবেক্ষণ করবেন সংগতভাবে—এটাই দাবী করি। কিন্তু এর আর একটা অত্যন্ত বিপদজনক দিক আছে, সরকারী অবহেলা এক দিকে আর এক দিকে বড় বড় একচেটিয়া কোম্পানির প্রতিযোগিতা, এর মধ্যে পড়ে একটা মারাত্মক অবস্থায় এসে পড়েছে। এই শিল্পের মালিক তাদের একমাত্র পথ আছে যা ট্যারিফ কমিশন বলেছেন যে তাদের প্রোটেকশন দেয় না। ট্যারিফ কমিশন বলেছে যে শতকরা ৩০টি বেল্টিং প্রোডাকটিভ ক্যাপাসিটি অকার্য্যকারী থেকে যাচ্ছে এবং বাজারটা সংকুচিত হয়ে আসছে একচেটিয়া মালিকদের প্রতিযোগিতার জন্য। ভারত-সরকারের কাছে সাহায্য নেবার জন্য পশ্চিমবঙ্গ-সরকারের উপযুক্ত পরিকল্পনা নেই। তার ফলে কি হচ্ছে? শ্রমিকরা ছাটাইএর মধ্যে এসে গিয়েছে। তারা দুইটি মিলে একটা সিফ্‌ট্‌ বন্ধ করে দিয়েছে। ইষ্টার্ণ বেল্টিংএ ৭৩ জন শ্রমিককে ছাটাইএর পরিকল্পনা করেছিল কিন্তু শ্রমিকের লড়াইএর জোরে ছাটাই স্থগিত আছে মাত্র। এই হাউসএর দুই অংশের কাছে, মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি দাবী করছি যে এই শ্রমিক ছাটাই বন্ধ করে এই শিল্পকে বাঁচাবার কোন পরিকল্পনা আপনারা গ্রহণ করুন। এই স্বদেশী শিল্পকে বাঁচাবার জন্য এই সমগ্র হাউস, বিরোধীপক্ষ এবং সরকারী পক্ষ মিলিত-ভাবে কাজ করতে পারেন তারজন্য হাত মিলাতে হবে।

Janab Syed Kazem Ali Meerza: Mr. Speaker, Sir, I have been listening with rapt attention to the arguments brought forward by the Opposition Party. At the outset I will admit that as far as cottage industry is concerned it is really a colossal problem before us and at the same time cottage industry has got to play a very prominent part in building up and eradicating the difficulties with regard to our economic position. Things will have to be taken up on village level and as a matter of fact our resources at the present moment are not what is required; so we will have to move gradually. But what the Government have achieved with their restricted resources during these years, during the First Five-Year Plan? At least there have been some achievements and I would have been very happy to have heard from the members of the Oppositon something about that; at least they should have given some sort of credit to the Government that they have marched on for the advancement, for the betterment of our people. Sir, what was our position? As a matter of fact before Independence we were under the regime of a foreign power. The country, as I feel, had more or less fallen to the very edge of the depth of the pit of destruction but through streneous efforts and struggle of the patriots and especially through the sacrifice of the workers of the Congress, we have attained freedom and independence. We have to build up our country anew. Small-scale industries have had a good many problems. Many of the industries which existed were more or less on the verge of destruction, take for example, ivory and bellmetal. Now with regard to handloom improvements have been achieved; but in the present days we look forward to brocades and things like Jamdani, Kamdani and Kimkhab have lost there charm and those things are now practically out of market. But certainly their texture, their appearance were much better than those that we have in the market now. But today we have got to compete in the market with cheaper rates. As far as cottage industry is concerned, it has also to move side by side with the large scale industry. The competition is there. So what I feel is that in the future, we shall have to formulate some sort of policy that side by side with large scale industries, cottage and small-scale industries should thrive. We have certainly been going ahead with regard to our handloom and from the figures that I have, I think we have improved a lot since 1953. The handloom production in the State, I believe, has been steadily increasing since 1953. The total out-put in 1956 was as much as 150 million yards as against

দর্জি বেকার হচ্ছে এবং আত্মহত্যা পর্যন্ত করতে বাধ্য হচ্ছে। এই ওয়েজ সম্পর্কে কোন আইন করা হয় নি। সারপ্লাস টাইম, ওভারটাইম রেট নাই। সেইজন্য দাবী আছে ওয়েজ বোর্ড চালু করুন; বিড়ি শ্রমিকদের দাবী আছে—তাদের জন্য ওয়েজ বোর্ডএর রিকমেণ্ডেশন চালু করবেন। তেমনি কামার-কুমারের সম্বন্ধে গভর্নমেণ্টের অ্যাটিচুড এত ক্যালাস যে গঙ্গার মাটি নিয়ে যে হাঁড়ি, পুতুল, ইত্যাদি তৈরী করবে সেই মাটিও গভর্নমেণ্ট ব্যান করেছেন। ফলে হালিসহর অঞ্চলের বহু কুমার বেকার হয়েছে। তেমনি শঙ্খের কারবার যারা যারা করে তারা র ম্যাটিরিয়ালস্ পাচ্ছে না। গভর্নমেণ্ট কো-অপারেটিভে কিছু কিছু টাকা দিচ্ছেন, কিন্তু সেই কো-অপারেটিভে মিডল ম্যানএর গ্রিপ আছে, তার বেনিফিট তারা পাচ্ছে না।

Sj. Panchu Copal Bhaduri:

স্পীকার মহাশয়, আমার মনে একটা ক্ষীণ আশা ছিল যে শ্রদ্ধাভাজন শিল্পমন্ত্রীর বক্তৃতায় বেসিক শিল্পের সংকটের কথা এবং তার সমাধানের কোন না কোন কথা শুনতে পাব। 'বেল্টিং' শিল্প—আমার যে সহরে বাস, সেই সহরে ব্রিটিশ আমলেও প্রতিযোগিতার সঙ্গে লড়াই করে 'বেল্টিং' শিল্প গড়ে ওঠে। কিন্তু কংগ্রেস শাসনের মাত্র দশ বছরে আজকে স্বদেশী 'বেল্টিং' শিল্পের কোথায় উত্তরোত্তর উন্নতি হবে, তা না হয়ে দিনের পর দিন তার অবনতি হচ্ছে, এবং আজকে তার একটা ভয়ংকর সংকটের অবস্থা এসে পড়েছে। আমি তার একটা বিবরণ আপনার কাছে দিচ্ছি। শ্রীরামপুরে ৫টা বেল্টিং কল আছে, শ্রীরামপুরের পাশে রিষড়ায় একটি এবং শ্রীরামপুরের অপর পাশে সেওড়াফুলিতে আর একটা 'বেল্টিং' কল—এই নিয়ে আমাদের এলাকায় ৭টি বেল্টিং কল আছে। সেখানে ২-শর বেশী তাঁতে এক হাজার শ্রমিক কাজ করে, এবং তাতে পাঁচ হাজার লোকের ভরণপোষণ হয়। আমাদের সহরের ৫ হাজার লোকের শতকরা ৭-৮ জনের ভরণপোষণ 'বেল্টিং' শিল্পের উপর নির্ভর করে। আজকে তাকে দুটি প্রকান্ড বিদেশী রাঘব বোয়ালের একচেটিয়া কারবারের সঙ্গে প্রতিযোগিতা করতে হচ্ছে। তার একটা হচ্ছে ডানলপ্ কোম্পানী আর একটা মাদুরাই কোম্পানী। এই বিদেশী কোম্পানী অবাধ অধিকার পেয়েছে ভারতবর্ষের বাজারে, ভারত-সরকারের এই যে শিল্পনীতি এই শিল্পনীতিতে স্বদেশী শিল্পকে রক্ষা করবার কোন ব্যবস্থা নেই এবং শুধু ব্যবস্থা নেই তা নয়; ভারত-সরকারের যে স্টোরস্ পারচেজ নীতি ছিল তাতে এই স্বদেশী শিল্পগুলি থেকে আগে রেলের জন্যই বছরে ১৪ লক্ষ 'রানিং ফুট' করে মাল কেনা হত। সেই মাল কেনা কমতে কমতে এমন হয়েছে শীঘ্রই আর এক ফুট মালও কেনা হবে না। এই হচ্ছে বর্তমান 'বেল্টিং' শিল্পের অবস্থা। অথচ দেখুন এই বেল্টিং শিল্পের মালিকেরা কমিউনিস্ট না, সকলেই কংগ্রেসী। যে সময় বেল্টিং শিল্প স্থাপিত হয়—তার স্থাপয়িতা ছিলেন যতীন লাহিড়ী এবং আজকে জে, সি, গুপ্ত—তাঁরা খাঁটি কংগ্রেসী। যাদবপুরের অধ্যক্ষ মিঃ এস, কে, রায় তিনিও কংগ্রেসী। সতীশচন্দ্র দে—তিনি ছিলেন আগে অন্তরীণ আবদ্ধ, পরে কংগ্রেসী; এবং তিনিও বেঙ্গল বেল্টিংএর সঙ্গে সংশ্লিষ্ট যে ধীরেন ভৌমিক,—এখন যিনি প্রোপ্রাইটর—তিনিও কংগ্রেসী। যতীনবাবু বেঙ্গল বেল্টিং থেকে বেরিয়ে এসে হিন্দুস্থান বেল্টিং প্রতিষ্ঠিত করেন, তারপরে হিন্দুস্থান বেল্টিং থেকে বেরিয়ে এসে শ্রীরামপুর বেল্টিং স্থাপিত করেন। ইণ্ডিয়া বেল্টিং বলে একটা আছে যার মালিক হচ্ছেন একজন কংগ্রেসের নেতা।
শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির ভাইস-চেয়ারম্যান এবং সেওড়াফুলি ইস্টার্ণ বেল্টিংএর মালিক—তিনিও কংগ্রেসী, এ কথাও বলতে পারি যে তাঁর বাড়ীতে কোন কংগ্রেসী এম, এল, এ, বসবাস করেন।

এইভাবে দেখতে পাই যে শিল্প ব্রিটিশ শাসনের যুগে বিদেশী প্রতিযোগিতার সঙ্গে লড়াইয়ে দাঁড়িয়েছিল, যে শিল্পের মালিকেরা কংগ্রেসী সেই শিল্প সম্পর্কে আমি আশা করি যে এই হাউসের কংগ্রেসী বেঞ্চের এবং বিরোধী বেঞ্চের সকলে মিলে একবাক্যে ভারত-সরকারের শিল্পনীতির বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন করতে পারবেন এই বলে যে স্বদেশী শিল্পকে নষ্ট হতে দেওয়া অন্যায় এবং এ রকম কোন নিখিল ভারত কংগ্রেস সরকারের শিল্পনীতি চলতে পারে না।
[11-40—11-50 a.m.]

কাজে কাজে রেলের জন্য যে ১৪ লক্ষ টাকার স্টোর পারচেজ করা হত তা আজকে আবার রিজিউম করা হ'ক। আজকে আমাদের পশ্চিম বাংলার শ্রমমন্ত্রীর বাজেটে এই স্বদেশী শিল্প

তারপরে মাননীয় সদস্য ভাদুড়ী মহাশয় যেটা তুলেছেন এবং মজুমদার মহাশয়ও যেটা তাঁর বক্তৃতায় বলেছেন যে আমাদের বেল্টিংএর জন্য আরও উন্নত ধরনের ব্যবস্থা অবলম্বন করা উচিত। বেল্টিং পূর্বে যেভাবে হ'ত, মাঝে লড়াইয়ের পর থেকে সেটা উঠে গিয়ে, এখন আমাদের দেশেই বেল্টিং ইণ্ডাস্ট্রি হয় এবং খুব ভালভাবেই হয়। রাবার প্লাই—যেখানে ট্রেনিংএ যারা সুবিধা পেয়েছেন, তাঁরা করেছেন। মাঝখানে বর্ত্তমান বেল্টিং ইণ্ডাস্ট্রিজএর কর্ত্তাদের সঙ্গে যখন কথাবার্ত্তা চলেছিল, তখন তাঁরা নিজেরা একমত হতে পারেন নি, যে তাঁরা এই রাবার প্লাইএ, এগুলি করবেন কি না। এখন এই বিজ্ঞানের যুগে—আগে যেটা ছিল, এবং এখন যেটা করছেন, তাতে যদি প্রতিযোগিতা আসে, তাহলে অনেক সময়, তাতে ধাক্কা খেতে হয়। আমরা এটার সম্বন্ধে যদি জাগ্রত হতাম, তাহলে এতটা দুরবস্থা হতো না। আমরা এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা চালাচ্ছি এবং সেখানে আমাদের ট্যারিফ কমিশনএর সঙ্গে কথাবার্ত্তা চলছে, আমরা তার একটা সিদ্ধান্তের জন্য অপেক্ষা করে রয়েছি। আমাদের দিক থেকে যা বলবার, সে বিষয় কোন ত্রুটী হয় নি। হাওড়ার কথা নিয়ে কাট মোসন ছিল মাননীয় সদস্য জ্যোতি বোস মহাশয়ের, এবং সে সম্বন্ধে যে কথা আপনারা এখানে তুলেছেন, এখানে কতকগুলি ব্যাপার সম্পর্কে আপনারা যা বলেছেন, সেটা যথার্থ। কিন্তু তার জন্য আমরা যে কাজগুলি করছি, সেগুলি সম্বন্ধে আপনারা অবগত নন। প্রায় ৭৫০টি স্মল ইঞ্জিনিয়ারিং ফার্ম হাওড়ায় ও তার চতুষ্পার্শ্বে আছে এবং ৭,০০০ জন ওয়ার্কার্স সেখানে কাজ করে। তাদের জন্য গত বৎসর থেকে আমরা একটা সেন্ট্রাল অরগ্যানিজেশন করেছি, তাতে একটা ওয়েল ইকুইপ্‌ড্‌ সেন্ট্রাল ওয়ার্কশপ করা হয়েছে। তাছাড়া মার্কেটিং অরগ্যানিজেশন ও একটা টেকনিক্যাল ডেভেলপমেন্ট সেক্‌শন করা হয়েছে, যাতে তাঁরা সব বিষয় পরামর্শ পান। তাদের রিকণ্ডিশনিং অব ওয়ার্কিং টুলস্‌, এটা করা হয়, সিলেকশন অব মেসিনারি, এইরকম করে দেওয়া হয়, তাদের টেকনিক্যাল অ্যাডভাইস দেওয়া হয়, কি মেথডএ প্রোডাক্‌শন হবে, এবং সে সম্বন্ধে উপদেশ দেওয়া হয়। আমাদের সেন্ট্রাল ওয়ার্কশপ যেটা আছে, সেখান থেকে অনেক জিনিস সামান্য ব্যয়ে অনেকেই কাজ করে নিয়ে যান, নিজেদের যন্ত্রপাতি না থাকার জন্য যেগুলি আগে করতে পারতেন না, আজ সেগুলির ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

তারপর আপ-টু-ডেট মেশিনারি অ্যাণ্ড অ্যাপ্লায়েন্সেস কেনবার জন্য ওয়ার্কিং ক্যাপিটাল তাদের দেওয়া হয়। গত বৎসর ৬ লক্ষ ৮০ হাজার টাকা পারচেজ অব র মেটিরিয়ালস্‌এর জন্য ব্যয় করা হয়েছে। র মেটিরিয়ালস্‌ সাপ্লাইএ সারটেন স্ট্যাণ্ডার্ড যাতে বজায় থাকে, তার জন্য ব্যবস্থা করা হয়েছে। এ বছর র মেটিরিয়ালস্‌এর জন্য অলরেডি আমরা ৫ লাখ টাকার মত কেনবার সাব্যস্ত করেছি এবং লোনও ৭ লক্ষ টাকা পর্য্যন্ত দেবো বলে সাব্যস্ত করেছি। আপ-টু-ডেট মেসিনারির জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে টাকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে; এবং অর্ডার সিকিওর করতে আমরা পেরেছি। যতদূর সম্ভব, আজ পর্য্যন্ত আমরা ২ লাখ টাকার অর্ডার রেলওয়েজ ও মার্টিন বার্নএর কাছ থেকে সিকিওর করেছি। তাছাড়া অন্যান্য আরও সব জায়গা থেকে আমরা অর্ডার যোগাড় করে দিচ্ছি, আরও ৫ লাখ টাকার মত আমরা দিতে পারবো সে বিষয়ে আমরা নিঃসন্দেহ। তবে, ৩৩টা ইউনিট আমাদের সঙ্গে অ্যাফিলিয়েটেড হয়েছে এবং আরও অ্যাডিশনাল ২০টিকে এ বছর আমরা অ্যাফিলিয়েট করে নিতে পারবো।

আর একজন মাননীয় সদস্য পেপারএর কথা তুলেছেন। আমরা দেখছি এখন এটার প্রয়োজন সকল দিক দিয়ে বেড়ে গিয়েছে। আমাদের একটা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট করা হচ্ছে, যাতে সব জিনিসের প্রোডাকশন আমরা এখানে করতে পারি। আমাদের এখানে ছোট ছোট জিনিসের প্রোডাকশন আরম্ভ হয়েছে এবং প্রোডাকশন আরও যাতে বাড়তে থাকে, সেই ব্যবস্থা করবার জন্য হাওড়াতেও একটা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট করা হচ্ছে। বর্ত্তমানে আমাদের এখানে যা এক্‌জিস্টিং কাগজের কল আছে, তারা উড়িষ্যা ও আসাম থেকে যে সমস্ত র মেটিরিয়ালস পেত, তা আর এখন পাচ্ছে না।

[12—12-10 p.m.]

এখানকার পেপার মিল যা আছে তাই তাদের কাঁচা মাল সব পাবে না। সুতরাং বাবুই বা ছাপাই এই যে গ্রাশ এই গ্রাশএর জন্য আমরা এক্ষুনি অনুসন্ধান আরম্ভ করেছি। এবং যত শীঘ্র সম্ভব এ আমাদের বাড়িয়ে তুলতে হবে কারণ তা না হলে যা আছে কাগজের কল তারও বিপদ আছে এবং নতুন কোন কাগজের কল আমরা প্রতিষ্ঠা করতে পারব না।

ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট সম্বন্ধে তখন গোড়াতেই আমার বলার প্রয়োজন হয় নি। কিন্তু আপনাদের জানাচ্ছি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট—ডাঃ ব্যানার্জি এই কথা তুলেছিলেন যে গায়েসপুরে একটা আছে, কল্যাণীতেও একটা আছে এবং তাহেরপুরে বা অন্যান্য জায়গায় যে স্পিণ্ডলগুলো রিহ্যাবিলিটেশন থেকে যে স্যাংশন পেয়েছিল সেগুলোর জন্য কথাবার্তা চলছে কিন্তু সেটা একেবারে জায়গা স্থির করে কাজ আরম্ভ হয় নি।

(Dr. Suresh Chandra Banerjee: Second Five-Year Planএ হবে কি না?)

যে স্পিণ্ডলগুলো পাবার তা আমরা পেয়েছি—যাঁরা পুঁজিপতি, যাঁরা ওখানে গিয়ে করবেন, যাঁরা প্রথমে টাকা ঢালবেন তাঁরা কলোনীতে করতে ভয় খাচ্ছেন—তাহেরপুরে সে অবস্থা হয়েছে। গায়েসপুরে, সেটাতে কাজ আরম্ভ হয়েছে, আর কল্যাণীরও কাজ আরম্ভ হয়েছে। কারণ এর কতকগুলি স্টেপ আছে, জমি নিতে হবে, সেটা নিতেও অনেক সময় লাগে। তারপরে যারা করছেন তাদের অনেকটা আর্থিক দায়িত্ব নিয়ে কাজ করতে হচ্ছে। কল্যাণীতে একটা আর হাবড়াতে, ২৪-পরগনাতে একটা, ইন্ডাস্ট্রি করবার ব্যবস্থা হচ্ছে। হাওড়ায় যেখানে সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ রয়েছে দাশনগরেতে সেখানেই তিনটে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটএর একটা হবে। দুটো ছোট হবে আর একটা বড় হবে। এখন বারুইপুরে একটা ছোট আরম্ভ হয়ে গেছে। শিলিগুড়িতে একটা বন্দোবস্ত হচ্ছে। কল্যাণীতে জমি নোটীশ দিয়ে জমি দখল কোরে এবার কাজ আরম্ভ হবে। দি টোটাল অ্যামাউন্ট স্পেন্ট আজ পর্যন্ত হচ্ছে ৩ কোটি, শুধু ল্যান্ড, ওয়ার্কসেড, ইলেকট্রিসিটি, লোন অ্যান্ড আদার অ্যামেনিটিজ-এর জন্য এ পর্যন্ত কল্যাণীতে খরচ করা হয়েছে।

সভাপাল মহাশয়, বিরোধী পক্ষ থেকে যে সমস্ত মত প্রকাশ করা হয়েছে তার মধ্যে অনেকগুলি আমরা জানি যা আমরা গ্রহণ করেছি এবং কতকগুলি হয় ত বর্ত্তমানে গ্রহণ করতে পারি নি, কিন্তু শীঘ্রই গ্রহণ করার ইচ্ছা আমাদের আছে। কমার্স অ্যান্ড ইণ্ডাস্ট্রিজ এই যে বিভাগটি এতে আমাদের মনে হয় সকল পক্ষেরই সমান ইন্টারেস্ট; এগুলিকে যদি আমরা তাড়াতাড়ি ডেভেলপ করতে পারি তবেই মঙ্গল। আমাদের অন্য কোন পথ নেই, এখানেতে সকল রকম ছোট এবং বড় যেগুলি আমরা করতে পারি রেসিডুয়াল যেটুকু এখনও আমাদের হাতে আছে, সেটুকুর সদ্ব্যবহার করতে হবে। কিন্তু একটা কথা ভুললে চলবে না বিরোধীপক্ষের সদস্য মহোদয়দের যে আমাদের আর্থিক অবস্থার কথাটাও ভাবতে হবে। যেটুকু করা যাবে যার জন্য লোন পাওয়া যায়, যেটুকু আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতে পারি, সেটা নিয়ে তাড়াতাড়ি কাজ আরম্ভ করতে পারি। কিন্তু আমাদের আর্থিক অস্বচ্ছলতা যেটা রয়েছে অনেক কাল থেকে সেটা থেকে ত মুক্তি পাবার কোন উপায় নেই। তবু যদি সকলে আমরা চেষ্টা করি তাহলে বাংলার বেকার সমস্যা দূর করার জন্য যেটা সকলের চেয়ে ভীষণ কষ্টকর অবস্থা বাংলার এসেছে, সেটা আমরা কিছু লাঘব করতে পারি। অন্ততঃ আমাদের কাজের পরিচয় এই এক বছরে আমরা দিতে পারি। এ বিষয়ে বোধ হয় আমাদের উভয় দিকেরই একমত। যে সমস্ত কাট মোশনগুলি আছে সেগুলি আমি গ্রহণ করতে পাচ্ছি না, আমি সেগুলির বিরোধিতা করছি এবং আমি যে মোশন উপস্থাপিত করেছিলাম সেটা পাশ করাবার জন্য আমি হাউসকে অনুরোধ করছি।

Sj. Satindra Nath Bose: On a point of information, Sir. May I know from the Hon'ble Minister what facilities have been provided for in North Bengal for development?

Mr. Speaker: You cannot put that question at this stage.

Mr. Speaker: I put all the cut motions to vote except cut motion No. 4 of Dr. Ranendra Nath Sen.

The motion of Sj. Apurba Lal Majumdar that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Niranjan Sen Gupta that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerji that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jagat Bose that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Lal Chatterjee that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Narayan Chobey that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhadra Bahadur Hamal that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Kumar Pandey that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jamadar Hasda that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhirendra Nath Dhar that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Narayan Chobey that the demand of Rs. 1,03,73,000 for expenditure under Grant No. 26, Major Heads: "43—Industries—Industries" and "72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account" be reduced by Rs. 100, was then put and lost.

Now I take up basic difficulties in industrial disputes. First of all, we see, there is a system of election of Works Committees in various factories; but Works Committees are not allowed to function and the Government cannot do anything even when the workers' representatives repeatedly complain to the Government authorities that the employers are not paying any attention to what they suggest in the meeting of Works Committees. There are instances where meetings of Works Committees are not being held for two years or three years even, but nothing can be done.

There is another basic difficulty and that is eating into the whole criterion of better wages. The First Five-Year Plan laid down that there should not be any enhancement in wages because employers should be allowed to invest more capital in the private sector. The Second Five-Year Plan has enunciated a different principle. It is stated in the Plan: "A wage policy which aims at a structure with real wages, requires to be evolved. Emphasis should be on increased productivity through various methods and the workers should be assured of an equitable share in the resultant gains." The difficulty is that the Conciliation Officers as well as the Tribunal Judges are following the old line. Incentive schemes are not new in this country and our Labour Minister must know the report of the I.L.O. experts who suggested that workers in India can produce much more than they are doing at present if they are trained and if proper incentive schemes are enunciated.

The difficulty is that when an incentive scheme is enunciated and given shape in a particular factory, the workers work harder, earns something more during a few months, and, later on, they are being laid off as the Company points out that there is no more work for them to do. This is the position. This particular difficulty should be looked into.

There is another difficulty. References to Tribunals are few and far between. Cases are pending before the Labour Commissioner for four months, six months, eight months, ten months, one year or even two years; but references are not being made. Our friend Shri Bijoy Singh Nahar pointed out the other day that the workers of one Rubber Factory were unruly and, so on and so forth; but he did not say at that time that their case is pending before the Labour Commissioner for the last 8 months. It was a case of lock-out. No reference to the Tribunal has yet been made.

Then I have got something to say.....

[At this stage the blue light was lit]

Sj. Panchanan Bhattacharjee: Mr. Speaker, Sir, I thought I had been allotted 24 minutes.

Mr. Speaker: Time allotted to you was 20 minutes. You started your speech at 3-35. All right, please go on.

Sj. Panchanan Bhattacharjee: At this stage I would request you to grant me a few minutes more.

There is inadequacy of staff in every department. The number of Inspectors in the Factories Directorate is such that if one Inspector has got to visit all the Factories under him it will take more than two years. The Shops and Establishments Directorate has got Inspectors who work there till 10 in the night and they cannot do justice to the work allotted to them. The number of Labour Officers, Assistant Labour Officers, clerks, peons, typists—the number is inadequate in respect of every category. That is why Government should appoint more men for the benefit of the working class. The number of Tribunal Judges is also inadequate.

[3-50—4 p.m.]

There are further difficulties. One particular officer—his name is Shri H. K. Biswas I have learnt just now—has been demoted. There should be an enquiry and he should be punished in an exemplary fashion.

Appointment of Tribunal Judges—There is a very peculiar aspect of the whole affair. Tribunal Judges, after retirement, are being appointed by big employers, e.g., the Bengal Chamber of Commerce. One Judge who had retired four years back has been brought in. It is apparent that the gentleman has little idea of principles of social justice because he had not been in touch with the line for the last four years.

Now I want to discuss the plight of Government employees. The Government is doing injustice to their employees, as a result of which before Tribunal Judges, private employees say that when the Government is paying so meagrely why should they pay more? I am citing an example. The peons of the Settlement Department get Rs. 20-25 per month. The Bench Clerks in law-courts get Rs. 40-60. The Bench Clerks in the Bankshall Court, Calcutta—they are Graduates, when appointed, they get Rs. 105 or Rs. 110 in all inclusive of all allowances. That is why corruption is rampant in the law courts.

Shop Inspectors: They get Rs. 160 in all. They work from 10 in the morning till 10 p.m. There is another instance of injustice and discrimination on the part of the Government. All the Government employees in Calcutta have been granted Rs. 5 as enhanced dearness allowance but the employees who are working in the Howrah Area are getting nothing.

Then I come to contract labour. A number of employers in West Bengal have now adopted peculiar tactics. They are employing contract labour to have the work done by permanent workers. The result is—disastrous so far as wage-earners are concerned. I am citing an example—a well-known businessman has appointed a contractor to employ lorry-drivers. The lorries are owned by him but the drivers are under the contractor. The said businessman purchases the petrol and the lubricants but the drivers are under a contractor. This type of unhealthy and unfair practice is being followed by employers to avoid various responsibilities. So what can the Government do? The guiding principle is to be found in the Workmen's Compensation Act where it is laid down that when a workman under a labour contractor is wounded during working hours, the principal employer will have to pay compensation. This principle can be enunciated through a new piece of legislation.

Next I come to the Shops and Establishments Act. The fine imposed under this Act in Calcutta and in the neighbouring areas is Rs. 20, though Rs. 250 has been prescribed under the Act. The fine should literally penalise the offender. The Government can follow the Bombay Act. The Government should see that all the shops are closed on a particular day.

Then I take up the issue of industrial housing. The reluctance on the part of the Government of West Bengal to procure adequate money to provide industrial housing is proverbial in New Delhi circles. Government reports point out that West Bengal is the State which accepted the least amount from the Central Government. In the Second Five-Year Plan we learn that Rs. 18 crores at the Centre and Rs. 11 crores at the State level have been fixed for labour welfare and besides the plan provides Rs. 50 crores for industrial housing. The Government should see that major portion of that fifty crores may be brought to West Bengal so that workmen can be provided with quarters and this will have a salutory effect on the scarcity of housing in West Bengal. The question may arise that big industries may have the capacity to provide housing but small industries should have nothing to do with such schemes. Government in that case should appoint a committee to find out ways and means so that the housing scheme can be imposed upon all types of employers. At best, they can start with the jute industry, the engineering industry and the cotton textile industry.

Then I come to the problem of unemployment and suggestion of a scheme of unemployment insurance. Dr. B. C. Roy, our Premier, in his budget speech a few years back expressed the opinion that the number of unemployed persons, between the ages of 16 and 60 seeking employment, is about a million in West Bengal, and if we consult the report of the Census Commissioner, we shall find that about 25 per cent. of the total population in West Bengal is dependent on agriculture. They do not get work for at least four months annually. So, with the help of this figure, we can safely assume that the number of unemployed people in West Bengal is about 3 million or 30 lakhs. What can the Government do? The Government will say—we have no fund. We can cite an example. Post-war Greece has enunciated a formula of unemployment insurance. The Government of West Bengal can fix up a similar scheme with the idea of providing some relief to the people who are unemployed or who will be unemployed

or retrenched or temporarily retrenched. This scheme should be on the following line. Every wage-earner in West Bengal will have to pay one pice in the rupee. The employer will have to pay two pice in the rupee and the Government will pay three pice in the rupee. This will bring about twelve crores annually, and this money, if properly invested, will bring a dividend of about 90 lakhs annually which money will be utilised for the purpose of rendering help to the retrenched or the people who are temporarily unemployed. But I shall request Government not to invest this money in any Government enterprise. Why? I am explaining. Only recently, the Russian Government placed an order for a large number of shoes with the Government of India, and the Central Government allotted a quota to the Government of West Bengal. The result was that the Government of West Bengal purchased shoes from various Companies, namely, Glace Kid India Limited, West Bengal Leather Company and Ajit and Company, and, out of a total of 40,000 only 2,000 pairs could be supplied in two instalments. But 95 per cent. of the first lot and 55 per cent. of the second lot were rejected by the Russian Trade Consul. So, no State-managed industry should come into the picture. If the Government just initiates any industrial scheme with the help of the money, unemployment insurance will not improve the position. So the Government should look into the possibility of establishing industries on socialised models.

Then I talk of negligence on the part of Government advocates when they defend workmen involved in suits arising out of Awards of Industrial Tribunals. In various cases we find that employers lose before the Tribunal. [At this stage the red light was lit.] Mr. Speaker, Sir, I want a few minutes more.

Mr. Speaker: It is not my desire to stop any honourable member from addressing the House, but the time-table as given has been agreed to by all the parties and I shall strictly adhere to it. You may, however, go on if you like.

Sj. Panchanan Bhattacharjee: The Government is made a party if appellants are employers. In one instance, the Government lawyer was not present when the hearing started and somehow the case was saved when the Advocate for the employees conducted the case and the workers won.

I now draw your attention to the disastrous problem of retrenchment. This has been discussed at length and I will only suggest that a tripartite machinery should be brought into existence to consider every case of retrenchment and employers should be forced to apply to that body before they take recourse to retrenchment.

Then I come to employers' provident fund schemes. I know a number of factories where deductions are being made by the employers from the wages of the employees but the money is not being deposited with provident fund authorities. The Government should see that at least the money is refunded to the workers. There are a number of disputes pending with regard to this particular issue.

I now draw the attention of the Labour Minster to one old precedent. The Labour Minister when invited by INTUC Union goes to meetings organised by them. This has been the case in many factories—e.g., the Dunlop Factory. He went to Asansol. Of course, I do not say that this is bad and unconstitutional; but, he, being the State Minister of West Bengal, and if he knows that there are rival unions, should at least inform the other unions whenever he goes to a particular area in response to invitation by a particular union. It is alleged that whenever the Labour Minister goes, he preaches for INTUC Unions. This is the allegation. This should not be done in all fairness.

[4—4-10 p.m.]

Dr. Maitreyee Bose: Mr. Speaker, Sir, every time during the budget session we draw the attention of the Government about the head under which Labour Budget is discussed. We have repeatedly pointed out that Labour is a major subject and it should have a major head. We are feeling tired of having this Labour budget put under "Miscellaneous excluding Fire Services". This is becoming rather monotonous.

Sir, I would like to point out that there are two types of examiners in this world. I have had the misfortune or the good fortune of appearing in many university examinations. I have experience that the first type of examiner is the examiner who wants to find out what the student knows, whether he could be let out on an unsuspecting society and whether he will be able to deliver the goods. In fact, he wants to know whether the student is able to do his job properly. The other type of examiner is the examiner who wants to know what the student does not know, what the examinee does not know. That means he wants to find out the loophole in his knowledge and whether he can be victimised. Sir, I belong to the first type of examiner. The second type of examiner is some people on whom I would like to keep silent today. Some years ago, some decades ago, Mahatma Gandhi called Miss Mayo the Drain Examiner. This is the second type of examiner whom I call the drain examiner. These people do not find any good in anything; they do not want to find out the good points but only seek the bad points. Who they are I do not want to mention. I would like to point out, during these ten years what the Congress Government has achieved; then I would like to go on, if time permits, what we would have liked being done.

I would only mention the outstanding achievements: Establishment of civic rights for plantation workers and many amenities given to plantation labour through Plantation Labour Act. Granting of bonus also is no mean achievement. Formation and implementation of Dock Labour schemes through which not only the working condition of dock labour has been improved beyond recognition but also labour participation in management has been very considerably established. Establishments of various Wage Boards, viz. Cotton Textile, Sugar, etc. and various Minimum Wage Boards through the Minimum Wage Act. Retrenchment benefits even on closure of industry: Wide powers to Tribunal Judges, etc. I would also like to mention the Employees State Insurance Scheme which is a step in the right direction, though of course there is many a loophole in the present scheme, but the scheme belongs to the Centre and therefore I would not like to discuss the scheme itself here, but the implementation of the scheme of course leaves many things to be desired, specially the running of the directorate itself. An employee there has a number of legitimate grievances. These are only to mention a few, but after mentioning the achievements I go on mentioning a few points which have to be looked into in the near future.

First of all, I bring the right of association of all sections and clauses of employees to the pointed notice of the Government. In this connection I would respectfully draw the attention of the authorities concerned to the two International Conventions, viz. Convention 87 of 1948, which reads thus. I will read one or two Articles. Article 2 of the Convention says: "Workers and employers without distinction whatsoever shall have the right to establish and, subject only to the rules of the organisation concerned, to join organisations of their own choosing without previous authorisation." Article 3 reads: "Workers and employers organisation shall have the right to draw up their constitution and rules to elect their representatives in full

freedom, to organise their administration and activities and to formulate their programmes. The public authorities shall refrain from any interference which would restrict this right or impede the lawful exercise thereof. Then Convention 98, Article 1: "Workers shall enjoy adequate protection against acts of anti-union discrimination in respect of their employment. Such protection shall apply more particularly in respect of acts calculated to make the employment of a worker subject to the condition that he shall not join a union or shall relinquish trade union membership or for the dismissal or otherwise, prejudicial to worker by reason of union membership or because of participation in union activities outside working hours or with the consent of the employers during working hours." So these Conventions should be taken into account and all our people here excepting the Armed Forces and the Police should be given these facilities because India is a signatory to all these Conventions and I might also add that India is not only a signatory country but also India is the Fifth country to have a permanent seat on the governing body always and thus in Conventions signed by the Government of India it is a moral responsibility of all the governments under the Union Government to observe the Conventions and ratify them as soon as possible. The texts are self-explanatory and I would not go into them further.

While on the question of trade unionism and right to organise, I draw the attention of the House to the rightful place of trade union in modern society. Closely associated with this is the question of job security and job control. You would excuse me if I read a portion of my own speech delivered in 1955 in Allahabad. 'In some countries, for example, America, trade unions are expected only to look after job control without aim for changing the structure of society. In Soviet Russia the trade unions have much more say in the technique, output and production in the factory. They are in fact of consultative instrument for carrying out Government purposes of which they themselves are beneficiaries. Were the workers to slow down the work unjustifiably they would be inflicting injury to themselves and not upon the class which have an interest antagonistic to their own. This abstraction is based upon the assumption that the Government is aiming at the welfare of the common people and also its interpretation of that welfare is beyond dispute.

[4-10—4-20 p.m.]

Thus the change of character of the Government through elections is not a possibility nor a desirable aim. So, in both countries, though for diametrically opposite reasons, trade unions are not looked upon as an instrument for changing the pattern of society. In non-totalitarian highly industrialised countries, other than the U.S.A., the role of trade union is quite different. In U.K. the Trade Union Congress has been the centre round which the Socialist Party has been built up. By persistent and collective bargaining, the labour has gained a position in society whose eminence is beyond question. Unfortunately, in our country trade unions have never been looked upon with such gravity. Therefore, when we talk of trade unionism, we must take it for granted that it relates the job a worker does to the complex social relations and its impact on the economic structure of the country. Anyhow, the recognition of the fact that an individual losing a job does not mean an individual problem but a problem of the society is essential in the present-day context, but this recognition has not come here yet. Retrenchment means denial of the right to work. It means an offence to society so far as democratic planning is concerned. Retrenchment without offer of an alternative means of livelihood is a most regrettable affair.

The next most important point is a clear-cut wage policy. How do we settle it today? The first step is to do job evaluation according to hazard, effort, responsibility, tediousness, utility to society, etc. If points are given to these issues, and these points are translated into measures, then the differentials existing today would vanish bringing social justice and equity. Today we have three main instruments for settling wages and salaries:

(1) Statutory Regulations,

(2) Quasi-judicial settlement by Tribunals, and

(3) Collective bargaining.

But all the three follow the same pattern which is a reflection of the present-day social structure. We talk of the cost of living index or even the working class living index, an average family or even the family budget enquiry for fixing wages and salaries. Nowhere do we see the existing social structure questioned or the legal measures which are a reflection of the existing social structure challenged. If we want a socialist pattern of society, the basis for determining wages and salaries must be changed and the differentials must be narrowed. What do we want now to achieve the desired results? We want security of job on the principle of right to work and revision of wage and salary structure on a moral and ethical and not on the traditional principle, thus decreasing the differentials affecting all levels of society. But unfortunately what do we see today? Let us take jute first. Here there is no question of security of job. I am reading from the West Bengal Government's own figures published in the Indian Worker. The West Bengal Government recently conducted an enquiry into the labour conditions in jute mills, the results of which are now available. The enquiry reveals that the number of permanent workers has declined and the number of *badli* workers has increased. This is indeed a very disquieting feature. The Government issued a questionnaire to all jute mills—about a hundred—in December, 1956, in this connection. Only 88 mills responded on the basis of which the report has been submitted. According to the report, the number of permanent workers has declined by 19,000, that is, from 2,14,000 in 1951 to 1,95,700 in 1956. The number of badli workers has risen by about 10,000 during the same period from 32,400 to 42,200. The number of women workers has fallen from 30,400 in 1951 to 19,569 in 1956. So, this is jute.

Now, let us take plantations. In respect of minimum wages and bonus, the plantation workers have strong grievances. The reasons are many and varied. In this connection I would bring the plight of the cinchona plantation workers, who are the employees of the West Bengal Government, to the pointed notice of the Hon'ble Minister through you, Mr. Speaker.

Now, Sir, I shall give some stray examples. The United Hosiery Workers Union was formed in 1954. Their charter of grievances was placed on 13-5-1957 and the factory was closed on 17-5-1957. Is it a lock-out or is it a final closure—no one knows. Then I would mention the case of Blackwoods—though only a few workers are concerned, 39 or 49—then the case of the closure of four jute mills and then the non-payment of even the provident fund in some cases. About the closure of the jute mills, is it a question of vacant possession—some new buyers may be wanting vacant possession of these jute mills and that may be the reason for the closure of the jute mills. Then, Sir, I also bring to your notice the sad plight of the women workers. Then, Sir, the hospitals under the Employees State Insurance Scheme are also in a sad condition. We have urged the Government again and again to have hospitals for the registered workers but to

no purpose. I hope our new Labour Minister will look to this and see that crores of rupees are not sent away from West Bengal but used for the benefit of the Bengalee workers themselves.

Sj. Chitta Basu:

স্পীকার মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রী আমাদের সামনে যে বক্তব্য পেশ করেছেন, সে বক্তব্য শুনে আমাদের একটা কথা মনে হয়েছে সেই হ'ল, এই শ্রমিকদের জীবন এবং জীবিকার সংগ্রাম সম্পর্কে কংগ্রেসের দরকার এবং বিশেষ কোরে তা মন্ত্রীমহোদয় একেবারেই অবহিত নন। কাজেই সে সম্পর্কে বেশী বক্তব্য না রেখে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে গুটী-কয়েক বক্তব্য পেশ করতে চাই এবং তার জবাবও চাই। বিশেষ কোরে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট যে অ্যাক্টএর মারফৎ আমাদের পশ্চিমবঙ্গের রাজ্যে শ্রমিক বিরোধ নিষ্পত্তি হয়ে থাকে তার যে কয়েকটা বেসিক প্রবলেম রয়েছে সেগুলো সম্পর্কে বলা প্রয়োজন। ৩৩ ধারা ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট যদি ভঙ্গ করেন মালিক তার বিরুদ্ধে ৩৩এ ধারাতে ট্রাইবুন্যাল বিচার চালাতে পারে এবং বিচার চলেও। আমরা দেখি কনসিলিয়েসন প্রসিডিংসএর সময় যদি ৩৩ ধারা ভঙ্গ করা হয় তাহলে তার বিরুদ্ধে ট্রাইব্যুনাল কেস করা হয় না। যদি একমাত্র ট্রাইব্যুনাল চলা কালীন ভঙ্গ করা হয় তাহলে দুই-একটা কেস হয়ত ট্রাইব্যুনালএ রেফার করা হয়। এবং মালিকের বিরুদ্ধে অনেক সময় হয় যে অ্যাওয়ার্ড গেজেটএ পাবলিস্ হয়ে থাকে। মাননীয় মন্ত্রীমহাশয় কি বলতে পারেন সেই সমস্ত অ্যাওয়ার্ড যখন নাকি তা পাবলিস্ হয় তখন আমরা দেখি অনেক মালিক অপরাধী সাব্যস্ত হয় তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করবার জন্য ৩১ ধারা আছে। গত ১ বৎসরে আমাদের সরকার সেই সমস্ত মালিকদের শাস্তি বিধান করবার জন্য কি ব্যবস্থা করেছেন? তার কোন রিপোর্ট, তার কোন বক্তব্য এখানে নেই। অথচ আমরা জানি সেই ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টএর ৩৪ নম্বর ধারা বলে যে গভর্ণমেন্ট অথবা তার দ্বারা নির্দেশিত কোন পার্টি এই শাস্তি বিধান করবার জন্য মুভ করতে পারেন। আমরা দেখেছি সরকারের পক্ষ থেকে এ ধরণের কোন অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে মালিকের বিরুদ্ধে বা তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করবার জন্য সরকার এগিয়ে আসেন নি।

[4-20—4-30 p.m.]

আমরা দেখেছি যে সরকারের পক্ষ থেকে এই ধরণের কোন অ্যাওয়ার্ড যা হয়েছে মালিকের বিরুদ্ধে, সেটা না মানার জন্য তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বনের জন্য সরকার এগিয়ে আসেন নি। দ্বিতীয় কথা হ'ল আমাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টএর ১২(৬) ধারা অনুসারে ১৪ দিনের ভেতর কনসিলিয়েসন প্রসিডিংস শেষ করা প্রয়োজন এবং কনসিলিয়েসন অফিসারকে রিপোর্ট করতে হবে ডিপার্টমেন্টে। আমরা দেখি ১৪ দিন ত দূরের কথা ১৪ মাস পর্য্যন্ত পেরিয়ে যায়—একের পর এক দৃষ্টান্ত দিতে পারি কিন্তু সে সময় আমার নেই—১ বছর, ১৪ মাস চলে গেছে, কনসিলিয়েসন অফিসার তাঁর রিপোর্ট পেশ করেন নি, এইভাবে তাঁরা শ্রমিকদের হয়রানি করেছেন। যখন রিপোর্ট পেশ করা হোল, রিপোর্ট পেশ করবার ক্ষেত্রে আমরা দেখলাম কোনটা ট্রাইব্যুনালে রেফার করার যোগ্য আর কোনটা রেফার করার যোগ্য নয়, সেটা বিচার করবার জন্য একটা নির্দ্দিষ্ট ডিটারমিণ্ড পলিসি তাঁদের নেই। আমরা দেখলাম, যে ট্রেড ইউনিয়ন রাজনৈতিক কারণে হয়ত সরকারের সঙ্গে সংশ্লিষ্ট সেই ট্রেড ইউনিয়নের লোক ট্রাইব্যুনাল পেলেন অথবা যদি কনসিলিয়েসন অফিসারের সঙ্গে ট্রেড ইউনিয়নের কর্মচারীদের যোগাযোগ থাকে, আলাপ থাকে, তাঁকে যদি ইনফ্লুয়েন্স করতে পারেন, তবে সে ট্রাইব্যুনাল পাওয়া যাবে, তা না হলে ট্রাইব্যুনাল পাওয়া যাবে না। আমার বক্তব্য হচ্ছে এই যে, এর মধ্যে দিয়ে সরকারের নির্দ্দিষ্ট শ্রমনীতি প্রতিফলিত হয় না, একটিমাত্র নীতি, যেটা এখানে প্রতিফলিত হচ্ছে সেটা হচ্ছে, এই নীতিকে শ্রমিকের স্বার্থের দিকে পরিচালিত না করে একটা মালিক-ঘেঁসা নীতি এর মধ্যে দিয়ে প্রতিফলিত হচ্ছে। আমার কাছে অনেক দৃষ্টান্ত আছে যার দ্বারা আমি এটা প্রমাণ করতে পারি। জেসপ্ কোম্পানীর অফিস এমপ্লয়ীজ তাঁদের যে ডিসপুট ছিল সেই ডিসপুট ট্রাইব্যুনালে দেবার জন্য তাঁরা বার বার অনুরোধ করেছেন কিন্তু কনসিলিয়েসন অফিসার জানালেন যে সেটা ট্রাইব্যুনালে রেফার করা হবে না, কারণ অমনিবাস ট্রাইব্যুনালে তাঁরা একটা পার্টী ছিলেন কিন্তু তাঁরা দেখিয়েছেন যে

এই ধরণের অন্যান্য মার্কেন্টাইল ফার্মে তাঁরা অমনিবাস ট্রাইব্যুনালে পার্টী থাকা সত্ত্বেও ইণ্ডিভিজুয়ালী ট্রাইব্যুনাল পেয়েছেন। এ সম্পর্কে কি যুক্তি, কি কারণ থাকতে পারে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে তার জবাব চাই। তারপর ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনাল পশ্চিম বাংলায় যে ৬টা আছে তার জাজ্ এ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে কিছু বক্তব্য আছে। আপনারা জানেন যে এই ট্রাইব্যুনালে যাঁরা জাজ আছেন, তাঁরা অধিকাংশ হয়ত বার্দ্ধক্যজনিত অথবা অন্য কোন কারণে রিটায়ার করেছেন, তাঁদের সেখানে জাজ্ করে দেওয়া হয়। আমরা দেখি তাঁরা হয়ত বার্দ্ধক্য-জনিত কারণে অথবা অন্য কোন কারণে রীতিমত ভালভাবে কেস পরিচালিত করতে পারেন না। শ্রমিকদের পক্ষ থেকে, ইউনিয়নের পক্ষ থেকে আমরা কোর্টে যাই, হয়ত গিয়ে শুনি তিনি আজকে কেস করবেন না, আর যদিও বা কেস করেন, সেই কেসের নোট ভাল করে নেন না এটা ব্যক্তিগত অভিজ্ঞতা মারফত আমরা দেখেছি এবং ২।৩ মাস পরে তার রায় দেওয়া হয়। আপনার মাধ্যমে আমি এ কথা বলি, এটা আমরা বুঝতে পারি না যে হেয়ারিংএর ২।৩ মাস পরে যদি ট্রাইব্যুনালের রায় দেওয়া হয়, তাহলে সেই রায় উপযুক্ত রায় বলে কি করে বিবেচিত হতে পারে? শুধু তাই নয়, আমরা দেখেছি অনেক সময় ট্রাইব্যুনাল জাজেরা রিটায়ার করার পর এমপ্লয়ারদের চাকরী গ্রহণ করেন—আমার কাছে নাম আছে, শৈলেন চক্রবর্ত্তী—তিনি বেঙ্গল ট্রাইব্যুনাল এবং য়্যাপীলেট ট্রাইব্যুনালের জাজ ছিলেন, রিটায়ার করার সঙ্গে সঙ্গে বেঙ্গল চেম্বার্স অব কমার্সে তিনি চাকরী নিয়েছেন এবং তিনি এতদিন জজিয়তি করার মধ্য দিয়ে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছেন, সেই অভিজ্ঞতা এখন এমপ্লয়ারদের কাজে নিয়োগ করছেন। তারপরে দুর্নীতির কথা—এখানেও দুর্নীতির প্রশ্ন আছে, আমি নাম করে বলছি এন, সি, কুণ্ডু, য়্যাসিস্টেন্ট লেবার কমিশনার, যখন জেসপ কোম্পানীর হেড অফিসের ডিসপুটের ব্যাপারে তিনি কনসিলিয়েশন অফিসার ছিলেন, তখন তাঁর একজন আত্মীয় বিমল কুণ্ডু জেসপ কোম্পানীতে চাকরী পেয়েছেন। এটা কি করে সম্ভব হয় মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তার জবাব চাই। শুধু তাই নয়, আমরা দেখেছি ৩ জন ট্রাইব্যুনল জাজ, পি, আর, মুখার্জী, গোবিন্দ পালিত, সুবোধ মুখার্জী। তাঁরা মুন্সেফ হিসাবে তাঁদের কেরিয়ার সুরু করেছিলেন। আমরা দেখলাম লক্ষাধিক টাকা মূল্যের তাঁরা বাড়ী করেছেন।

তারপরে ফ্যাক্টরী য়্যাক্ট য়্যাড্মিনিস্ট্রেসনের রিপোর্ট প্রতি বছর ছাপা হয় না, ১৯৫২ সালের রিপোর্ট ছাপা হয়েছে ১৯৫৫ সালে এবং সেই রিপোর্ট অনুসারে দেখা যায় যে ওভারটাইম য়্যালাউয়েন্স, ষ্ট্যাণ্ডিং অর্ডারস, ক্যান্টিন প্রবর্ত্তন ইত্যাদি ব্যাপারে মালিককে বাধ্য করাবার ক্ষেত্রে সরকার কিছুই করেন নি। আমার কাছে ১৯৫২ সাল পর্য্যন্ত রিপোর্ট আছে, তার পরের হিসাব সরকারের পক্ষ থেকে পাওয়া যায় নি, সাত্তার সাহেব একটা দিয়েছেন তা ভালমত ধরতে পারি নি। ১৯৫২ সালের হিসাবের কথা বলি—ফ্যাক্টরীর সংখ্যা ছিল ২,৬২৫ তার মধ্যে মাত্র ১৯২টা কারখানায় ক্যান্টিনের ব্যবস্থা মালিকরা করেছেন, মাত্র ৬৯টিতে শিশুদের রাখবার জন্য ব্যবস্থা করেছেন। মাত্র ৪৪টিতে বিশ্রামাগারের ব্যবস্থা করেছেন। শুধু তাই নয়, আরো সমস্ত শ্রমকল্যাণের কথা বলেছেন। ১৯৫৬ সালের ১লা নভেম্বর পর্য্যন্ত যা হিসাব পাওয়া গেছে তাতে দেখা যায় যে বোম্বাইএ যেখানে এক লক্ষাধিক শ্রমিক রয়েছে সেখানে শ্রমকল্যাণ কেন্দ্র খোলা হয়েছে ৫৪টি, আর পশ্চিম বাংলায় যেখানে শ্রমিক সংখ্যা সাত লক্ষাধিক, সেখানে ২৬টা, উত্তর প্রদেশে যেখানে শ্রমিক সংখ্যা ২ লক্ষ ৩৪ হাজার সেখানে ৪২টা খোলা হয়েছে। আপনারা ভাবুন উত্তর প্রদেশে কেন বেশী এবং বাংলায় কেন কম। ওয়ার্কিং ক্লাস কনজিউমার্স প্রাইস ইনডেক্স এবং ইনডেক্স অব রিয়াল আর্ণিংএ দেখা গেছে যে ওয়ার্কিং ক্লাস কনজিউমার্স প্রাইস ইনডেক্স বেশী এবং ইনডেক্স অব রিয়াল আর্ণিং কম। অতএব শ্রমিকদের ডিয়ারনেস য়্যালাউয়েন্স বাড়াবার দাবী সম্পর্কে গভর্ণমেন্ট কোন নির্দ্দিষ্ট নীতি গ্রহণ করেন নি। আমার কাছে তথ্য আছে, আমি দেখাতে পারি, ১৯৫০ সালে ১৩৮, ১২০, ১৪৪, ১২২, ১৪৯, ১৩৫, ১৪৩, ১৩৬ ছিল অর্থাৎ প্রতি ক্ষেত্রে দেখা যায় যে ওয়ার্কার্স রিয়াল আর্ণিং কম এবং কনজিউমার্স প্রাইস ইনডেক্স বেশী।

তারপর আমরা দেখি যে ট্রাইব্যুনালের য়্যাওয়ার্ড যখন নাকি অমান্য করা হয় তখন তাকে ইম্পোজ করার জন্য গভর্ণমেন্টের পক্ষ থেকে কোন ব্যবস্থা করা হয় না। যেমন একটা ঘটনা

বলছি, কমার্সিয়াল ব্যুরোর ৬ জন শ্রমিককে ছাঁটাই করা হয়, সেই ৬ জন শ্রমিককে পুনর্বহাল করবার জন্য এবং তাদের ব্যাক ওয়েজ দেবার জন্য লোয়ার ট্রাইব্যুনাল রায় দেন, তারপরে মালিক য়্যাপীলেট্ ট্রাইব্যুনালে যান, য়্যাপীলেট্ ট্রাইব্যুনাল লোয়ার ট্রাইব্যুনালের য়্যাওয়ার্ডকে আপহেল্ড করেন কিন্তু দেখা গেল আজও পর্য্যন্ত মালিক সেই য়্যাওয়ার্ডকে রূপদান,ইমপ্লিমেন্ট করেন নি। মন্ত্রীমহাশয়ের কাছে জবাব চাই তাঁদের পক্ষ থেকে সেই মালিকদের ট্রাইব্যুনালের য়্যাওয়ার্ড মানাবার কি ব্যবস্থা করেছেন? আর একটা ঘটনা শুনুন—বিড়লার কোম্পানী ওরিয়েন্ট পেপার মিল, তারা বিভিন্ন নামে তাদের কাজ চালান, তারা পেপার ডিস্ট্রিবিউসনের কাজ করেন ইনকামট্যাক্স ইভেড্ করবার জন্য। তাদের একটা কোম্পানীর নাম হচ্ছে পেপার ডিস্ট্রিবিউটরস, সেখানে নাগেরমল হাতীয়াল নামে একজনকে ছাঁটাই করা হয়, ছাঁটাই করার পর ট্রাইব্যুনাল তাঁকে পুনর্বহালের নির্দ্দেশ দেয়, নির্দ্দেশ দেওয়ার পরে ঐ কোম্পানী ঘোষণা করেন চিঠি দিয়ে যে ফ্যাক্টরী ইজ ক্লোজড্ ডাউন, অর্থাৎ চিঠি দেওয়ার পরে ফ্যাক্টরী ঘোষণা করেন যে ক্লোজ ডাউন হয়ে গেছে। এটা কি করে হোল আশা করি মন্ত্রীমহাশয় তার জবাব দেবেন। শুধু তাই নয়, ট্রাইব্যুনালের জাজেরা যে বিদেশী কোম্পানীর সঙ্গে সংশ্লিষ্ট আছেন তার প্রমাণও আমার কাছে আছে। টী ডিস্ট্রিক্ট লেবার য়্যাসোসিয়েসন বিদেশী মালিকদের প্রতিষ্ঠান, সেই কোম্পানী ২৭-১২-৫৬ তারিখে ১৭ জন. কর্মচারীকে ছাঁটাই করবার জন্য আণ্ডার সেকসন ৩৩ দরখাস্ত ফাইল করেন। গত ২৮-৫-৫৭ তারিখে ইউনিয়নের পক্ষ থেকে যখন শুনানীর তারিখ শুনতে চাওয়া হোল, তখন বলা হোল যে কোম্পানী পিটিসন উইথড্র করেছে। ইউনিয়নের সঙ্গে কোন পরামর্শ করলেন না, তাদের ইন্টিমেট করলেন না অথচ তাদের পার্মিশন দেওয়া হোল উইথড্র করবার জন্য। উইথড্র করবার পর দেখলাম যে আবার সেই ১৭ জন শ্রমিককে ছাঁটাই করবার জন্য কোম্পানী নোটীশ দিয়েছেন।

সরকারী কর্মচারীদের সম্পর্কে ২-১টা কথা বলা দরকার। কয়েকদিন আগে মাননীয় সিদ্ধার্থ বসু বলেছিলেন যে ভারতবর্ষে ডেমোক্রেসী সাকসেস্ফুল হয়েছে। তাঁকে জিজ্ঞাসা করি ৪৩৫-ই, ডেটেড ৯-৩-৪৯ তারিখে যে একটা সার্কুলার জারী করা হয়েছে একটি মাত্র ডিপার্টমেন্টের দ্বারা, সেই সার্কুলার ভারতবর্ষের শাসনতন্ত্রের বিরুদ্ধে কি না? একটি ডিপার্টমেন্টাল হেড যদি এই ধরণের সার্কুলার দেন যে সার্কুলার নাগরিক অধিকার, সার্বজনীন অধিকার খেলাপ করে, তাকে ভায়লেট করে, তাঁর এই ধরণের সার্কুলার দেবার অধিকার আছে কি না বা সেটা গণতন্ত্রসম্মত কি না তাঁর কাছ থেকে এর জবাব চাই। শুধু তাই নয়, আমরা জানি, যে সার্ভিস কনডাক্ট রুলস্ রয়েছে তার ২৩(২) ধারায় এমন কথা বলা হয়েছে যে সরকারী কর্মচারীদের তাঁদের আত্মীয়স্বজনের বিরুদ্ধে গোয়েন্দাগিরি করতে হবে যদি সেই আত্মীয় তাঁর বন্ধু অথবা পুত্র, অথবা ভাই কোন রাজনৈতিক কার্য্যকলাপের সঙ্গে সংশ্লিষ্ট থাকেন। এই সার্ভিস কনডাক্ট রুলস্ আপনারা করেন নি, ইংরাজ আমলে সাম্রাজ্যবাদীদের স্বার্থে সেই সার্ভিস কনডাক্ট রুলস্ তৈরী করা হয়েছিল। তাকে আজও পর্য্যন্ত কেন বহাল রাখা হয়েছে এ সম্পর্কে জবাব দেওয়া প্রয়োজন। পণ্ডিত জওহরলাল নেহেরু এ সম্পর্কে তাঁর মত দিয়েছেন। তিনি বলেছেন"ইট ইজ নট অনলি প্রি-হিস্টরিক, বাট ইট্ ইজ প্রি-এভরিথিঙ্গ"। ওয়ার্কস য়্যাণ্ড বিল্ডিংস ওয়ার্কার্স ইউনিয়ন, সরকারী কর্মচারীদের একটা ইউনিয়ন। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে সরকার পক্ষ থেকে এই সমস্ত কর্মচারীরা কি ধরণের অবহেলা এবং কি ধরণের নিষ্ঠুর ব্যবহার পেয়ে থাকেন।

[4-30—4-40 p.m.]

২০ বছর ২৫ বছরের ইউনিয়ন দীর্ঘদিন ধ'রে আন্দোলন করার পর আবেদন নিবেদন ক'রে যখন কিছু হ'ল না তখন ১৯৫৩ সালে সেপ্টেম্বর মাসে ব্যাজ ধারণ ক'রে এবং প্রতীক ধর্মঘট ক'রে এবং তাতে শতকরা ৯০ জন কর্মচারী সেই ধর্মঘটে অংশ গ্রহণ করে। সরকার পক্ষ থেকে কর্মচারীদের ২-৩ দিনের বেতন কাটার সিদ্ধান্ত গ্রহণ করা হ'ল তার বিরুদ্ধে মাননীয় হাই-কোর্ট যখন রায় দিলেন তখন বেতন ফেরৎ দিলেন কিন্তু দেখা গেল সরকার পক্ষ থেকে তাদের উপর পীড়নমূলক ব্যবহার শেষ করা হ'ল না এবং দেখা গেল সেই ইউনিয়নএর যে নেতা, তার

বিরুদ্ধে চার্জসীট দেওয়া হয়েছে, ফোর্সিবলি বসিয়ে দেওয়া হয়েছে। এবং তাকে পেনসন দেওয়া হবে না—একথা জানিয়ে দেওয়া হয়েছে, দিয়ে বলেছেন—

"....in this connection it is to be stated that Shri Batta Krishna Sen took part in a token strike in 1953 and refused to sign App. 2, his pension has not been recommended".

আপনারা, যারা আইনসংগতভাবে ন্যায়সংগতভাবে ট্রেড ইউনিয়ন ক'রে আন্দোলনে অংশ গ্রহণ করে তাদের পেনসন দেন না। এই সম্পর্কে তাদের বক্তব্য জানিয়ে মন্ত্রীমহাশয়ের কাছে চিঠি দেওয়া হয়েছিল, গত বছর ১১ই জুন তারিখে, মেমরান্ডাম পেশ করা হয়েছিল—তিনি প্রাক্তন সদস্য বিভূতি ঘোষকে জানিয়েছিল যে, এই সম্পর্কে অনুসন্ধান করা হবে এবং ব্যবস্থা করা হবে—আজ এক বছর চলে গেল, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সময় হ'ল না এ বিষয়ে তদন্ত করবার। শুধু তাই নয়, মাননীয় হেমন্ত বসুকে ওয়ার্কস অ্যান্ড বিল্ডিংস ডিপার্টমেন্টএর ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, তার ব্যবস্থা করা হবে—তাও এক বছর হয়ে গেল এখনও তার কিছুই করা হয় নি। এই সমস্ত ব্যাপারের মধ্য দিয়ে সরকারী কর্মচারীদের, যাদের সংখ্যা ১ লক্ষ ৪০ হাজার—ন্যায়সংগত দাবিদাওয়া বিচারের জন্য কোন মেসিনারি নাই, সেট-আপ করা হয় নি, যার মধ্য দিয়ে তাদের বক্তব্য বলতে পারে। তাই গভর্নমেন্টএর কাছে আমার বক্তব্য, তাদের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট ইত্যাদি ধরণের ব্যবস্থা এবং তাদের কনসিলিয়েশনএর ব্যবস্থা হওয়া দরকার এবং সংগে সংগে ওয়ার্কিং জার্নালিস্ট সম্পর্কে যে আইন করা হয়েছে পশ্চিম বাংগলায় সে রকম কিছু ব্যবস্থা করা দরকার।

The Hon'ble Bhupati Mazumdar: On a point of personal explanation, Sir, Dr. Maitreyee Bose has mentioned about surplus in the Cinchona Plantation. I can inform the House through you that though 15 per cent. of the labour is really surplus and this Government has been losing in this respect 16 lakhs a year but not one has been discharged. We are switching over them to other plantation so that we can absorb the whole lot.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রমমন্ত্রী মহাশয় অনেকগুলি চিত্র উপস্থিত করলেন। এখন এক কথায় বলতে গেলে বলতে হয় যে, তিনি অনেকগুলি অসত্য এবং অর্ধ সত্য কথা ব'লে গিয়েছেন। এখন অন্য কথা না ব'লে শুধু তাঁর যে নিজের ডিপার্টমেন্ট সেই ডিপার্টমেন্টএর কথা উল্লেখ করতে চাইছি। ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্টএর প্রধান দুইটি কথা—সেটা হচ্ছে আপোস মীমাংসার মধ্য দিয়ে বিরোধ মীমাংসা করা এবং সেখানে যদি মীমাংসা না হয় তা হ'লে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টএর অপর জায়গা অর্থাৎ ট্রাইব্যুনালএর মারফৎ একটা ব্যবস্থার চেষ্টা করা। তাঁর বক্তৃতার মাধ্যমে তিনি ব'লে গেলেন যে, দেশের অনেক সমস্যা—শ্রমিকদের বহু সমস্যার সমাধান তাঁরা করেছেন অনেকগুলি ট্রাইব্যুনাল মারফৎ। কিন্তু তিনি একথা গোপন ক'রে গেলেন যে, প্রত্যেকটি ট্রাইব্যুনাল নিয়োগের পূর্বে প্রচণ্ড চাপসৃষ্টি করতে হয়েছে। আমি ইঞ্জিনীয়ারিং ওয়ার্কসএর কথা বলতে চাচ্ছি—১৯৫৩ সাল থেকে যে প্রচণ্ড আন্দোলন হল বাংলাদেশে তাতে বাংলাদেশের বহু কারখানায় লঙ ড্রন স্ট্রাইক হয়েছে। জি ই সি-র কথা স্মরণ করিয়ে দিই, ব্রেইথওয়েটএর কথা স্মরণ করিয়ে দিচ্ছি এবং স্মরণ করিয়ে দিচ্ছি বার্ন এবং অন্যান্য কারখানার কথা—যেখানে প্রত্যেকটি জায়গায় হয় কনসিলিয়েশন ফেইল করেছে আর না হয় ডাকা হয় নি। যখন দেখা গেল আর কোন উপায় নাই—আমি আপনার কাছে উল্লেখ ক'রে দিচ্ছি—ইন্ডিয়ান ইঞ্জিনীয়ারিং অ্যাসোসিয়েশনএর তরফ থেকে আপনার কাছে যখন চিঠি গেল সে চিঠির কপি আমি দেখেছি—তাতে লেখা আছে—তাদের কাছে প্রচুর অর্ডার আছে—ওয়ার্কারদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ রয়েছে এবং তার মধ্যে কমিউনিস্টরাই অত্যন্ত শক্তিশালী—সুতরাং যে-কোন উপায়েই হোক এখন একটা ব্যবস্থা হওয়া দরকার তখনই ট্রাইব্যুনালএর ব্যবস্থা হয়েছে। তার আগে তিনি আগে থেকে শ্রমমন্ত্রীর সময় হয় নাই ট্রাইব্যুনালের কথা চিন্তা করার। তিনি যে জুটএর কথা বললেন তাঁকে স্মরণ রাখতে হবে এই

জুটএর ব্যাপারে কি প্রচণ্ড বিক্ষোভ সৃষ্টি হয়েছিল। পরবর্তী সময়ে কি হ'ল তা তাঁকে স্মরণ করিয়ে দেবার প্রয়োজন নাই আশা করি। একটা কথা তিনি বলতে চেয়েছেন যে, মীমাংসা হচ্ছে। এই মীমাংসার পিছনে বাস্তব চিত্র হচ্ছে এই যে, শ্রমিকদের কনসিলিয়েশন অফিসএ যেতে হয় এই আশা নিয়ে যে সেই দপ্তরের কাছে সুবিচার পাবে তারপর সেখান থেকে দিনের পর দিন হয়রাণ হ'তে হয়—১।২।৩ মাসের কথা নয়, দেড় বছর দু' বছর পর্যন্ত কেস ঝুলে রয়েছে। আমার কাছে বহু কেস আছে যেগুলি ২।৪।৮ মাস থেকে বছর পর্যন্ত পড়ে আছে যেগুলির ক্ষেত্রে কনসিলিয়েশন ডাকা হয় নি পর্যন্ত। কনসিলিয়েশন পর্যন্ত হয় নি। দ্বিতীয়ত অনেক ক্ষেত্র আছে যেগুলি আপনার নজরে আনতে চাচ্ছি—আপনারা সেগুলো জানেন ব'লে মনে করি—উল্টোদিকের বেঞ্চে যাঁরা ব'সে আছেন তাঁরা এটা স্বীকার করেন—এখানে না করলেও বাইরে—কারণ একমাত্র যাঁরা একেবারে আত্মবিক্রয় করেন নি —এটা সকলেই স্বীকার করেন। লেবার কমিশনার দপ্তরে যে অবস্থা তাতে কনসিলিয়েশন পাবার উপায় নাই। সে যদি পদ্মবিভূষণ হয়, সে যদি আই জে এম এ বা বড় বড় কলকারখানার মালিকও যদি হয় তা হ'লে কনসিলিয়েশন সম্ভব নয়। সেখানে অফিসএ যেসমস্ত বাস্তুঘুঘু আছে তারাই ব'লে দেন—বরং মিনিস্টারএর কাছে গিয়ে চেষ্টা চরিত্র করে গিয়ে দেখতে পারেন—এখানে কিছু হবার সম্ভাবনা নাই। কনসিলিয়েশনএর সাধারণ চিত্র হচ্ছে এটা। বিগ বিজনেসএর যখনই তাঁরা বিপদ দেখেন, স্ট্রাইক এমিনেন্ট হয় তখনই তাঁরা এই কায়দা ক'রে ১ বছর থেকে শুরু ক'রে ৫ বছর পর্যন্ত শ্রমিকদের রগড়ে দেওয়া হবে কনসিলিয়েশন বা ট্রাইব্যুনাল মারফত। পাপ-চক্রের মত এইটা দেখা যায়। দ্বিতীয় কথা—তাঁরা যদি এই কনসিলিয়েশনএর মাধ্যমে আপোষ-মীমাংসা চাইতেন তা হ'লে মিনিমাম অ্যারেঞ্জমেন্ট একটা করতেন এবং অফিসের মধ্যে যে অরাজক অবস্থা দাঁড়িয়েছে চেষ্টা করতেন তার একটা কিছু পরিবর্তন করবার। তাঁরা কি খবর রাখেন যে, প্রতি মাসে সেখানে ১,২০০ কেস পেন্ডিং থাকে? এই যে ১,২০০ কেস তা পাগল বা মস্তীমণ্ডলী ছাড়া আর কারও পক্ষে সম্ভব নয় কনসিলিয়েশন করার। সেখানে আর একটা ইন্টারেস্টিং জিনিস হচ্ছে যে, যেসমস্ত কনসিলিয়েশন অফিসার আছেন তাঁরা একটাও আইনসিদ্ধ কাজ করেন না—দয়া ক'রে একটু শুনুন কাজে লাগবে—বিধানবাবুর মত অনেক-গুলি পোর্টফোলিও নিয়ে বসে আছেন। এই সমস্ত অফিসাররা অন্যান্য ক্যাপাসিটিতে চাকুরি করেন তাঁরা হচ্ছেন ইন্সপেক্টর অব পেমেন্ট অব ওয়েজেস, তাঁরাই হচ্ছেন ইন্সপেক্টর অব মিনিমাম ওয়েজেস, অ্যাক্ট, ইন্সপেক্টর অব সপস্ অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট—উদ্দেশ্য কি? সেখানে শ্রমিকদের রগড়ে দেওয়া, এইভাবে এঁরা শ্রমিকদের মীমাংসা করার কথা ভাবেন। আমি অন্য আর কোন কথা বলব না, সময় নাই। অ্যাডজুডিকেসন সম্বন্ধে দু'-একটা কথা বলতে বাধ্য হচ্ছি। ওয়ার্কারদের মধ্যে প্রচণ্ড আক্রোশ জন্মেছে—এটা বুঝা দরকার, যদি উদ্দেশ্য থাকে মীমাংসা করার। যদি এম সি ব্যানার্জির ঘরে কেস যায়, যদি জে এন মৈত্র ঘরে কেস যায়, ওয়ার্কাররা ধরে নেয় যে, কিছু করা যাবে না। কারণ জাজেসরা নিজেরাই ইন্ডিয়ান প্ল্যান্টারস, বিগ প্ল্যান্টারস, এ ছাড়া আরও দুই-একজন আছেন যাদের ঘরে কেস গেলে ডিলে হয় এবং দেখা যায় মাসের পর মাস, বছরের পর বছর ডিলে হচ্ছে।

আমি একটা উদাহরণ শ্রমমন্ত্রীর কাছে দিতে চাই। আমি বেহালা অঞ্চল থেকে ইলেক্টেড হয়েছি। সেখানে ইন্ডিয়া ফ্যানএর শ্রমিকরা লোয়ার ট্রাইব্যুনালএ জিতলেন—২৪২ জনের কেস অ্যাপিলেট ট্রাইব্যুনালএ জিতলেন, তারপর সে কেস সুপ্রীম কোর্টএ ৫ বছর ধরে ঝুলছে। আপনারা দয়া ক'রে কি, ইউনিয়নএর শ্রমিকদের বুঝিয়ে দিয়ে আসবেন, এ অবস্থায় কেমন ক'রে সরকারকে সাহায্য করা দরকার। যেদিন সময় হবে সুপ্রীম কোর্টএর অর্ডার হবে তখন হয়ত দেখা গেল ২৪২ জনের মধ্যে ২০০ জন লোকই হারিয়ে গেছে। তারপর আর একটা চিত্র স্মরণ রাখবেন—সি কমেন্স কারখানার (বেহালার) সেখানেও লোয়ার ট্রাইব্যুনালএ, শ্রমিকরা জিতলেন, অ্যাপিলেট ট্রাইব্যুনালএ জিতলেন, অর্ডার হ'ল, কিন্তু ইমপ্লিমেন্টেড হ'ল না। কিন্তু আপনি কি জানেন যে, এই অর্ডার ইমপ্লিমেন্ট করাবার জন্য আমরা বিভিন্ন দপ্তরে ঘুরে বেড়ালাম কিন্তু শেষ পর্যন্ত কোথায় এসে দাঁড়ালাম? ৮ জনের ছাঁটাই কেসএ আমরা জিতেছিলাম কিন্তু কনসিলিয়েশন অফিসএ পুনরায় দাঁড়িয়ে বললাম, মহাশয়, খুব হয়েছে, ক্ষেমা ঘেন্না করুন, দয়া ক'রে আমাদের একটা মীমাংসা করে দেন। ৮ জন ছাঁটাই শ্রমিকের পুনর্নিয়োগের অর্ডার হ'ল

কিন্তু আমরা ৫ জনের ছাঁটাই ক'রে দিলাম, ৩ জনের মীমাংসা করলাম। ২৫ হাজার টাকা টোটাল রেমিউনারেশান পাবার কথা—কিন্তু সেখানে পাঁচ হাজার টাকা নিয়ে ২০ হাজার ছেড়ে দিলাম এবং ট্রাইব্যুনালএ জয়লাভ ক'রেও এভাবে মীমাংসা করতে আমরা বাধ্য হলাম। যাবেন সেখানে মন্ত্রীমহাশয়, অন্তত সেখানে কালীপদবাবুকে যদি নিয়ে যান তো আপনার ভাল হবে।

[4-40—4-50 p.m.]

তা না হ'লে সম্ভব নয় এই সমস্ত জায়গায় গিয়ে বুঝানো। আপনারা দেশের জন্য এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল করার জন্য তাদের কাছে আপনারা কাজ চাইবেন। আমি আজকে বিশ্বাস করি না, শ্রমের নীতির কোন পরিবর্তন আপনাদের পক্ষে সম্ভব না। কিন্তু যদি আপনারা প্রোডাকশন চান, কিছু পরিমাণে দেশের কাজও করতে চান, অন্তত আপনাদের স্মরণ রাখতে হবে, বিরোধী পক্ষ থেকে যারা বলছে তাদেরও কিছু জায়গাজমি আছে, তারাও কিছু ক্ষমতা রাখে। যদি এই পলিসি চলে, তা হ'লে আমি এই কথা ব'লে দিতে চাইছি যে আমার এমন কোন দায়িত্ব নেই এই পলিসিকে কার্যকরী করার। তিনি যে চিত্র উপস্থিত করছেন ট্রেড ইউনিয়ন মুভমেন্টএর রাইট, ট্রেড ইউনিয়ন মুভমেন্টএর দাবি সম্পূর্ণ বিপরীত। এই পলিসিকে পরাস্ত করা এইটেই হবে ট্রেড ইউনিয়ন মুভমেন্টএর আগামী দিনের কাজ। শেষ পর্যন্ত আমি অন্য ২।১টি কথা ইন্সপেক্টর অব ফ্যাক্টরিজ বা ফ্যাক্টরি অ্যাক্টএর কথাটা এক মিনিটে বলে যাই। তাঁরা ফ্যাক্টরি অ্যাক্টএর কথা বলে গিয়েছেন। স্মরণ রাখবেন একজন ফ্যাক্টরি ইন্সপেক্টরএর কাজটা কি? কোথায় সেই ডানলপ ব্রিজ, বাঁশবেড়ে, শ্রীরামপুর থেকে আরম্ভ ক'রে এক বিরাট চক্করের মধ্যে একটিমাত্র ফ্যাক্টরি ইন্সপেক্টর রেখেছেন। তাঁরা কি মিন করেন প্রভিসন অব দি ফ্যাক্টরিজ অ্যাক্ট ইমপ্লিমেন্ট হ'ক? তাঁরা মিন করেন না। করলে এইরকম অদ্ভুত কাজকর্ম তাঁরা করতেন না। তারপরে তাঁদের অন্যান্য কার্যকলাপ আছে কলিকাতা সহরে বিলাতী কনসার্ন, ভাল কোম্পানি এই অক্সিজেন কোম্পানি। খবর রাখেন ওভার টাইমে ডাবল ওয়েজ দেয় না, ডাবল পে দেয় না, এসব কথার তাঁরা খবর রাখেন না। এই নিয়ে যদি লেবার কমিশনারএর দপ্তরে যাওয়া যায়, মালিকপক্ষ যদি বিগ বিজনেস হয়, আমাদের লেবার কমিশনার দপ্তরে প্রধান প্রধান ব্যক্তিরা তাঁদের তোয়াজ করবেন, না, শ্রমিকদের স্বার্থ জিনিস দেখবেন? চাকরি বাঁচাতে গেলে অনেকক্ষেত্রে তাঁদেরই তোয়াজ করতে হয়। শ্রমিকদের বহু ডিজিজএর মধ্যে একটা বলার আছে, সেটা হচ্ছে সাজেসটিভ। ভেবে দেখবেন বহু কলকারখানায় শ্রমিকদের যে রোগ হয় তাকে টিউবারকিউলোসিস ব'লে চালিয়ে দেওয়া হয়। এর মধ্যে শতকরা ৭৫টি কেস টিউবারকুলোসিস নয়। এটা হচ্ছে অকুপেশনাল ডিজিজ। একটু প্রিভেন্টিভ নিলেই শ্রমিকরা সর্বসান্ত হয় না, তার চাকরিটাও থাকে এবং সরকারেরও তাতে কোন খরচা নেই। শ্রমিকরাও খেয়ে পরে চাকরি ক'রে বাঁচতে পারে।

Sj. Jatindra Chandra Chakraborty:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রমমন্ত্রী সম্বন্ধে আলোচনা করবার আগে, আমার এখানে যে সময় নির্ধারিত আছে তার মধ্যে আপনার অনুমতি নিয়ে সংক্ষেপে আর একটা বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই খাতে দেখতে পাই স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো সম্পর্কে ৬৪ হাজার টাকা সম্প্রসারণের জন্য দেওয়া হয়েছে। সুযোগ্য পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী-মণ্ডলীর কয়েকজন কীর্তিমান পুরুষ পরিপোষণ ক'রে আসছেন বিভিন্ন বিভাগের। সেদিন রিহ্যাবিলিটেশন সম্পর্কে বলতে গিয়ে তাঁদের কীর্তিমান পুরুষ এ ডি খান সম্পর্কে বলা হয়েছে, বলা হয়েছে পুলিসের বড়কর্তার কথা—ইহাদের বহু অভিযোগ তদন্ত করার জন্য বলা হয়েছে। জানি না এই বিষয় মন্ত্রীমহাশয়রা তদন্ত করবেন কিনা। আজ এই স্ট্যাটিস্টিক্যাল ব্যুরোর যে অধিকর্তা, ডাইরেক্টর, তার সম্বন্ধে 'যুগান্তর' যে খবর দিয়েছে তার পরেও আরও কিছু সংবাদ আমি এখানে পরিবেশন করতে চাই। এই ভদ্রলোকের খুঁটির জোর আছে। ফাইনান্স ডিপার্টমেন্টের যিনি সেক্রেটারি দাসগুপ্ত মহাশয় তাঁর পৃষ্ঠপোষক। এই ভদ্রলোক কিছুদিন আগে দেখা গেল তিনি একটা ব্যক্তিগত ব্যবসা শুরু করলেন—'রুপালয়' ব'লে একটা কাপড়ের দোকান খুলেছিল। তখন ক্লথ রেশনিংএর সময় ছিল, সেই সময় সাপ্লাইজ ডিপার্ট-মেন্টএ গিয়ে এক্সট্রা কোটার জন্য তাদের অফিসারদের কাছে তদ্বির করতেন যে তাদের আত্মীয়স্বজনদের এই স্ট্যাটিস্টিক্যাল ব্যুরোতে চাকরি দেওয়া হবে—এই প্রকার প্রতিশ্রুতি

দিয়ে এক্সট্রা কোটা নিয়েছেন। সেখানে অবশ্য অনেক কর্মচারী ছিলেন যারা তাঁর এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছিল, যেমন রামপুরহাটের এস-ডি-ও, শুসীল চক্রবর্তী—তিনি প্রত্যাখ্যান করেছিলেন এবং অনাদিভূষণ মুখার্জি, যিনি প্রেসিডেন্সি ডিভিসন কমিশনারএর পি এ তিনিও সেটা প্রত্যাখ্যান করেছেন। তারপর বিডন স্কোয়ারএর ইম্পিরিয়াল আর্ট কলেজএর স্বত্বাধিকারী শ্রীধীরেন সরকার—তার সঙ্গে তাঁর বিশেষ সম্পর্ক—তার কাছ থেকে অনেক টাকা নিয়ে এই 'রূপালয়' খুলেছিলেন। কিন্তু এই ধীরেন্দ্রনাথ অনেক টাকা কেঁচে যাবার ফলে তিনি একটা মামলা করেন এবং সেই মামলা এখনও চলছে। তারপর বীরেন্দ্রনাথ রায়চৌধুরী, তিনি একজন আপার ডিভিসন অ্যাসিস্ট্যান্ট, তাঁকে ব্যাক ডেট দিয়ে সারভিস বুকএ কনফার্ম করা হয়। ডাইরেক্টর হিসাবে যদিও তখন এই নিস্তারণ চক্রবর্তী মহাশয় ডাইরেক্টর নন, তিনি ডেপুটি ডাইরেক্টর ছিলেন। তখন ডেপুটি সেক্রেটারি, এ সি রায়, আই এ এস, যিনি এখন কমার্সিয়াল ট্যাক্স কমিশনার, তিনি এই প্রোমোশনএর জন্য তীব্র মন্তব্য করেন। কিন্তু তা করা সত্ত্বেও এর পৃষ্ঠপোষক দাশগুপ্ত মহাশয় তাকে বাঁচিয়ে দেন। এ ছাড়া বহু লোকের কাছ থেকে চাকরি দেবার নাম ক'রে টাকা নেন। অধস্তন কর্মচারীদের কাছ থেকেও বহু টাকা নেন। ক্ষিতীশচন্দ্র রাহা, অরুণ গাঙ্গুলী, যতীন্দ্র পাল—এরা প্রোমোশন পেলো এই টাকা দেবার পরিবর্তে। এবং আরও সব থেকে মজার কথা এই যে, যারা এখানে চাকরি করে, ক্লার্ক বা পিয়ন তাদের মিস-অ্যাপ্রোপ্রিয়েশনএর চার্জএ তাদের হঠাৎ কোন একটা অসুবিধাজনক জায়গায় ট্রান্সফার করেন ও সেই হুকুম যায় ক্ষিতীশ রাহার কাছে। তিনি তখন তাঁর যে এজেন্ট—আমি দালাল বলব না কারণ সেদিন আপত্তি করা হয়েছে, সেইজন্য আমি এজেন্ট বলছি—এই এজেন্টএর মারফত তাঁকে টাকা দেওয়া হয় তখন সেই অর্ডার পালটে গেল। এই রকম তার বিরুদ্ধে বহু গ্রস মর্যাল টারপিচুড সম্বন্ধে অভিযোগ আছে। মহিলা কর্মচারীদের সঙ্গেও তিনি অত্যন্ত অসৎ ব্যবহার করেন। যদি আপনারা ডিটেলস্ চান তা হ'লে আমার কাছে নাম আছে আমি দিতে পারি কিন্তু বর্তমানে আমি তা দিচ্ছি না।

শেষ কথা হচ্ছে গভর্নমেন্ট ভেহিকল মিসইউজ, যার সম্বন্ধে বহু অভিযোগ 'যুগান্তরে' রয়েছে এবং অনেক প্রবন্ধ লেখা হয়েছে যে, গ্যারেজ রেন্টএর নাম ক'রে মেইড সারভেন্টকে ল্যান্ড লেডি ক'রে চালিয়ে দিয়ে এদের রিসিট নিয়ে বহু টাকা রেন্ট হিসাবে গভর্নমেন্টএর কাছ থেকে তাঁরা নেন।

এর পরে শ্রমনীতি সম্বন্ধে বলতে গিয়ে আমার বক্তব্য আপনার মাধ্যমে পেশ করছি। শ্রম বিভাগের শ্রমনীতির গুরুত্ব যদি ভাল ক'রে বুঝতে হয় তা হ'লে পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরিপ্রেক্ষিতে সেটা বিচার করতে হবে। যেসব পরিকল্পনার কথা তাঁরা এত জোরগলায় প্রচার ক'রে থাকেন মন্ত্রীমণ্ডলী যদি সেগুলি সফল করতে চান, যদি দেশের অগ্রগতি অব্যাহত রাখতে চান তা হ'লে শিল্পে শান্তি আনুন এবং এইরকম পরিবেশ সৃষ্টি করুন যাতে শ্রমিকরা অধিক উৎপাদন করতে উৎসাহিত হয়। তাদের বহু ত্যাগ স্বীকারের ফলে যে আইন তৈরি হয়েছে যেমন শ্রমিক-মালিক বিরোধ আইন, ফ্যাক্টরি আইন—এইগুলি চালু করতে হবে—লেবার কমিশনার অফিস, ফ্যাক্টরি ইন্সপেক্টরেট, রাইটার্স বিল্ডিংসএর শ্রম দপ্তর—এইগুলির মারফৎ। এই অব্যবস্থা ও দীর্ঘসূত্রতার ফলে আমাদের এই ধারণা হয় যে এটা শ্রমদপ্তর নয়, মালিক-দপ্তর। এই যে অনাচার বা তাদের যে মালিকঘেঁষা নীতি, শ্রমিকঘেঁষা নীতি নয় তার ফলে এই ধারণা হয়েছে। এর উদাহরণ আপনার কাছে পেশ করব। সবথেকে এই ডিপার্টমেন্ট হচ্ছে অবহেলিত। সেইজন্য এই বিভাগের দৃষ্টিভঙ্গির আমূল পরিবর্তন হওয়া দরকার। আপনি জানেন কিনা জানি না ১৯৫০ সাল থেকে এই লেবার ডিপার্টমেন্টএর কোন সেক্রেটারি নেই, জয়েন্ট বা অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি একজন আছেন।

[4-50—5 p.m.]

আপনারা জানেন কিনা জানি না—এই লেবার ডিপার্টমেন্টএ কোন সেক্রেটারি নেই, জয়েন্ট সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি দিয়ে কাজ চালান হচ্ছে। ইউ-পিতে এমন কি আসাম এবং উড়িষ্যায় ডেপুটি সেক্রেটারি ও সেক্রেটারি রয়েছে। যে অবস্থা লেবার কমিশনারস অফিসএ রয়েছে, তার প্রতিকার প্রার্থনা করে আমরা তিনটি কেন্দ্রীয় প্রতিষ্ঠানের তরফ থেকে ৭ই জুলাই কতকগুলি সাজেসশন দিয়ে চিঠি পাঠিয়েছিলাম,' ১৫ই জুলাই তার উত্তর এল অ্যাসিস্ট্যান্ট

সেক্রেটারির কাছ থেকে যে, দি ম্যাটার ইজ আন্ডার কন্সিডারেশন। বহুবার মন্ত্রীমহাশয়ের সঙ্গে দেখা করেছি, ফোন করেছি, কিন্তু তাঁর কাছ থেকে কোন বিধিব্যবস্থা অবলম্বনে প্রতিশ্রুতি আমরা পাই নি। তারপর লেবার কমিশনারস অফিসএর যে অবস্থা, মাসের পর মাস ধ'রে কেস চলতে থাকে। আপনি, স্পীকার মহোদয়, জানেন যে, বিচারপ্রার্থী হয়ে যে সেখানে যায়, সে সময়মত বিচার পায় না। জাস্টিস ডিলেড মিনস জাস্টিস ডিনাইড। কনসিলিয়েশন অফিসারদের কোন দোষ দিয়ে লাভ নেই। সেখানে কনসিলিয়েশন অফিসারদের সংখ্যা এত কম যে তাদের দিয়ে যদি এফেক্টিভ সেটেলমেন্ট করতে হয়, তা হ'লে দুবারের বেশি কনসিলিয়েশন করা চলে না। অথচ আমরা দেখি একজন কনসিলিয়েশন অফিসারকে চারটা, পাঁচটা, ছয়টা কনসিলিয়েশন করতে হয়, যেটা মানুষের পক্ষে সম্ভবপর নয়। প্রিপারটিশন যুগে, যখন বাংলা বিভক্ত হয় নি তখন এত আইন ছিল না, এত ডিসপুট ছিল না। ১৯৪৬ সালে আমরা দেখেছি ১,৯৮৮টা ডিসপুট, অথচ সেখানে অফিসারের সংখ্যা ছিল লেবার কমিশনার ও অ্যাডিশনাল লেবার কমিশনার ছাড়াও ১৯ জন কনসিলিয়েশন অফিসার ছিল। ১৯৫৬ সালে জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ৫,৫৬০টা ডিসপুট লেবার কমিশনারস অফিসএ আসে এবং সেই জায়গায় মাত্র ১৭ জন কনসিলিয়েশন অফিসার, একজন লেবার কমিশনার ও দু'জন ডেপুটি লেবার কমিশনার কাজ করেন। এ যেন সেই বামুনের গরু, তারা খাবে কম, এবং দুধ দেবে বেশি। আপনি শুনেছেন আমার পূর্ববর্তী বক্তার কাছ থেকে যে, কতগুলি কাজ একজন কনসিলিয়েশন অফিসারকে করতে হয়। কনসিলিয়েশন ছাড়াও—যেমন ইন্সপেক্টর অব পেমেন্ট অব ওয়েজেস অ্যাক্ট, ইন্সপেক্টর আন্ডার মিনিমাম ওয়েজেস অ্যাক্ট, সপস্ অ্যান্ড এস্টাব্লিশমেন্টএর ইন্সপেক্টর, নন-সিডিউল ফ্যাক্টরিজ ইন্সপেক্টর এবং প্ল্যানটেশন এরিয়াতে অ্যাজ ইন্সপেক্টর আন্ডার প্ল্যানটেশন অ্যাক্ট হিসাবে মেটারনিটি প্রভৃতি তাঁদের দেখতে হয়। এত কাজ, ঐ বামুনের গরুর মত চাট দেওয়া ছাড়া আর কোন উপায় নেই। তারপর সেখানে দু'জন মাত্র স্টেনো-টাইপিস্ট ও সাত জন টাইপিস্ট, প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। অনেক সময় অন দি স্পট এনকোয়ারি করতে হয়। সেখানে মাত্র দুইখানা গাড়ি রেখেছেন। সেই দু'খানা গাড়ি নিয়ে সব এনকোয়ারি করা সম্ভব নয়। যদি অন দি স্পট এনকোয়ারি হয়, তা হ'লে বহু বিরোধ শুরুতেই বন্ধ করে দেওয়া যায়; কিন্তু সেটা করেন না। জলপাইগুড়ি রিজিওনাল অফিসের এরিয়ার কথা যদি শোনেন, অবাক হয়ে যাবেন। জলপাইগুড়ি, কুচবিহার, ওয়েস্ট দিনাজপুর ও মালদহ—এতগুলি এরিয়ার জন্য, সেখানে মাত্র একজন রিজিওনাল অফিসার আছেন। সেখানে ১৫৫টি টি গার্ডেনস এবং অন্যান্য কারখানাও আছে। সেখানে ১৯৫০-৫১ সালে ১০০টি ও ১৯৫৫-৫৬ সালে ৪০০টি ডিসপুট হয়েছে। তারপর দেখুন—এই ব্যারাকপুর, যেটা এতবড় একটা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, সেখানে মাত্র একজন অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, একজন লেবার অফিসার, একজন টাইপিস্ট ও একজন ক্লার্ক রাখা হয়েছে। সেখানে বহু জুট মিল রয়েছে, এটা একটা খুব গুরুত্বপূর্ণ এলাকা। তারপর ফ্যাক্টরি ইন্সপেক্টরদের অবস্থা আরও চরম ও শোচনীয়। পার্টিশনএর আগে দু' হাজার ফ্যাক্টরিতে ৯ জন ইন্সপেক্টর ছিল, আর এখন তিন হাজার ফ্যাক্টরি হয়েছে, সেখানে ১৩ জন ইন্সপেক্টর। ইউনাইটেড প্রভিন্সেস—যেখানে ১,৭৪৫টি ফ্যাক্টরিতে প্রতি ২,০০০ ওয়ার্কার্সএর জন্য ২০ জন ইন্সপেক্টর আছে; আর আমাদের এখানে ৬,৫৭,০০০ ওয়ার্কারসএর জন্য ৩,২০০ ফ্যাক্টরিতে মাত্র ১৩ জন ইন্সপেক্টর আছে এবং ব্যারাকপুরেতে যদি যান তা হ'লে দেখবেন, সেখানে একজন ইন্সপেক্টরকেই সব কাজ করতে হচ্ছে। তাঁর এরিয়া হ'ল—হুগলি, বীরভূম, বাঁকুড়া এবং বারাকপুর। এই বারাকপুর এরিয়ায় ৫০টি জুট মিল আছে, ৪টা কাগজের কল আছে, তা ছাড়া কতকগুলি ইঞ্জিনীয়ারিং কারখানা আছে, সেখানে মাত্র একজন ইন্সপেক্টর এবং তাকে ৪০০ ফ্যাক্টরি ইন্সপেক্ট করতে হয়। জলপাইগুড়িতে আপনি দেখুন, সেখানে মাত্র একজন ইন্সপেক্টর এবং তার এরিয়া হচ্ছে—জলপাইগুড়ি, দার্জিলিং, কুচবিহার, মালদহ ও ওয়েস্ট দিনাজপুর। সেখানে ৩০০টা চাবাগান ও ১০০টা অন্যান্য ফ্যাক্টরি আছে। তারপর রাইটার্স বিল্ডিংসএ যদি যান তা হ'লে দেখবেন সেখানে কেরাণীদের কি অবস্থা। তাদের মনে বিক্ষোভ রয়েছে। সেখানে অফিসাররা সন্তুষ্ট কিন্তু কর্মচারীরা বিক্ষুব্ধ। পার্টিশনএর আগে একজন ডিলিং ক্লার্ককে ১,৩০০ চিঠি ডিল করতে হ'ত; আর এখন কংগ্রেস আমলে ১৯৫১ সাল থেকে আজ পর্যন্ত ওয়ার্ক লোড বাড়িয়ে ২,০০০ চিঠি করা হয়েছে। ওখানে একজন ফ্যাক্টরি ইন্স-

পেন্টএর কথা শুনে আপনারা অবাক হয়ে যাবেন। তিনি বারবার কয়েকখানা গাড়ির জন্য দরখাস্ত করেছেন, আমাদের শ্রী বি বি দাশগুপ্ত মহাশয় তাঁর সেই প্রোপ্যাজাল টার্ন ডাউন করেছেন, টাকার অভাব দেখিয়ে। অথচ আপনারা জানেন কো-অপারেটিভ ডিপার্টমেন্টএর জন্য সেখানে প্রত্যেকটি অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার একখানা ক'রে ওয়াগন গাড়ি কমন পুল থেকে পান। সেখানে ৮১ হাজার টাকা অ্যালট করা হয়েছে ১৩টা নূতন জিপ কেনবার জন্য প্রথম দফায়। পুলিসের খাতে এ বছর ১৪ লক্ষ ৭ হাজার টাকা গাড়ি তৈরি করবার জন্য খরচ করছেন এবং গত বছর রিভাইজড বাজেটে দেখেছি ৪৭ লক্ষ ৯৩ হাজার টাকা খরচ করেছেন। সবচেয়ে মজার কথা হ'ল ফ্যাক্টরি ইন্সপেক্টরদের ২৭৫ টাকা মাইনে থেকে নেমে ২৫০ টাকা মাইনে হয়ে গিয়েছে। যখন তাদের মাইনে বাড়বার কথা তখন সেই তুলনায় কিছুই হয় নি। ১৯৫৬-৫৭ সালে এ পর্যন্ত ফ্যাক্টরি লাইসেন্স ফি হিসাবে সরকার পেয়েছে ৫০ লক্ষ টাকা, অথচ ফ্যাক্টরি ইন্সপেক্টরদের জন্য দু' লক্ষ আড়াই লক্ষ টাকা মাত্র বরাদ্দ করেছেন এবং এ বছর আমরা জানি ৭ লক্ষ টাকার মত তাঁদের আমদানি হয়েছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর অবস্থা আপনারা জানেন। পয়লা নবেম্বর থেকে এটা পশ্চিমবঙ্গ সরকারের অধীনে এসেছে কেন্দ্রীয় সরকার থেকে। সেখানেও অসন্তোষ কর্মচারীদের মধ্যে, অফিসারদের মধ্যে, স্টাফএর মধ্যে। যারা টেম্পোরারি স্টাফ, তাদের পারমানেন্ট করা হচ্ছে না। ৩০ জন অফিসারকে এখনও পর্যন্ত পারমানেন্ট করা হয় নি, যদিও তারা ১৫ বছর পর্যন্ত কাজ করেছে। সেন্ট্রাল গভর্নমেন্ট স্কেলএ ফিফটি পারসেন্ট ডি,এ, ট্যাক ক'রে দেওয়া হয় বেসিক পের সঙ্গে, যাতে তারা পেনসনটা বেশি পায়। কিন্তু আমাদের এখানে সেটা করা হয় নি। তা ছাড়া কোন প্রোমোশনএর বন্দোবস্ত করা হয় নি বিক্ষুব্ধ কর্মচারী ও অফিসারদের জন্য।

এবার লেবার পলিসির দিকে চেয়ে দেখুন। সেখানে মালিকঘেঁষা নীতি এবং কারটেইল-মেন্ট অব ট্রেড ইউনিয়ন রাইটস পন্থা অবলম্বন করা হয়েছে। ট্রাইব্যুনালএর রায় বেরুল, এক বছর আগে ইমপ্লিমেন্ট করতে মালিক রাজী না হ'লে, সরকারের গাফিলতি দেখা যায়, এবং এই নিয়ে বছরের পর বছর চলে। প্রেসএর অবস্থা দেখুন। ১৯৫১ সালে প্রেস কর্মচারীরা ট্রাইব্যুনাল থেকে যে অ্যাওয়ার্ড, যে রায় পেয়েছে, সেটা ১৯৫৭ সালে এখনও পর্যন্ত আদায় হ'ল না।

ওয়ার্কিং জার্নালিস্টদের কথা আপনি জানেন। তাদের জন্য একটা অ্যাক্ট পার্লিয়ামেন্ট আনঅ্যানিমাসলি পাশ করে ১৯৫৫ সালে। মাত্র ৫০০ ওয়ার্কিং জার্নালিস্টস কলকাতায় আছে, তাদের জন্য কথা হয়েছিল স্টেট গভর্নমেন্ট একটা মেসিনারি সেট-আপ করবেন, সেই অ্যাক্টকে ইমপ্লিমেন্ট করবার জন্য। মন্ত্রীমহাশয় হয়ত বলবেন সুপ্রীম কোর্টএ একটা কেস হয়েছে, সুতরাং সেটা একমাত্র সুপ্রীম কোর্টএই রায়ের পরই করতে পারবে। কিন্তু প্রভিসন হয়েছিল একটা মেসিনারি সেট আপ করবার জন্য। মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন, কোন মেসিনারি গত দু' বছরের মধ্যে সেট আপ করেছেন? জার্নালিস্টসদের স্ট্যান্ডিং অর্ডারএর জন্য কি করেছেন? আট, দশ জন জার্নালিস্ট ঐ অ্যাক্ট ভায়লেশনএর মামলা লেবার ডিপার্টমেন্টএ রুজু করেছেন, সেগুলি তাড়াতাড়ি শেষ করবার জন্য কি করেছেন? ১৪৪ ঘণ্টার বেশি মাসে খাটাবার কথা নয়। অথচ দেখা যায় প্রতিটি প্রেসে, খবরের কাগজের অফিসে সেই অ্যাক্ট অনুসারে যা তার বেশি খাটায়। কিন্তু সেই অ্যাক্ট অনুসারে সেখানে কোন ইন্সপেক্টর রাখা হয়েছে কি? অন্যান্য ক্যাটিগরি অব প্রেস ওয়ার্কারসদের জন্য পুরান আইন রয়েছে। সেই সমস্ত আইন তাদের জন্য চালু হয় কিনা, সেটা দেখবার জন্য কোন ইন্সপেক্টর রেখেছেন কি? আমরা একথা বললে হয়ত অন্যায় হবে না যে, সরকার সংবাদপত্রের মালিকদের হাতে রাখবার জন্য ওয়ার্কিং জার্নালিস্টসদের জন্য কোনও আন্তরিকতা দেখাচ্ছেন না। একজন মালিক রাজ্যমন্ত্রী হয়েছেন, আর একজনকে মনোনয়ন দিয়ে পার্লিয়ামেন্টএ পাঠান হয়েছে। কি চমৎকার ডেমোক্রেটিক ব্যবস্থা। অথচ আমাদের আইনমন্ত্রী ডেমোক্রেসি সম্বন্ধে খুব লম্বা লম্বা লেকচার দেন।

এবার আমি প্ল্যানটেশন লেবার সম্বন্ধে বলছি। প্ল্যানটেশন লেবার অ্যাক্টএর ব্যাপারে আমরা দেখেছি যে, সেখানে একটা প্রিন্সিপল আছে যে, যদি কোন ওয়ার্কার ডিসমিস হয়, তা হ'লে সেই ওয়ার্কারএর যারা ডিপেন্ডেন্ট, তাদেরও সেখান থেকে চলে যেতে হয়। এইটার সুবিধা নিয়ে,

ওয়ার্কারস ডিসমিসড ক'রে, তাদের সেখান থেকে এভিকশনএর বন্দোবস্ত করা হচ্ছে এবং কারটেলমেন্ট অব ট্রেড ইউনিয়ন রাইটস করা হচ্ছে। রেজিস্ট্রেশন করতে গেলে পর অনেক সময় গোলমাল করা হয় কর্তৃপক্ষের নির্দেশে।

অনেকেই জানেন হিন্দুস্থান মোটরসএর কথা। সেখানে ৯ মাস ধরে ইউনিয়ন রেজিস্ট্রেশন করতে দিয়ে পড়ে আছে। দু'-দুবার দরখাস্ত করা হয়েছে, কিন্তু আমাদের মুখ্যমন্ত্রীর বন্ধু ঐ বিরলা, যিনি পদ্মবিভূষণ, তাঁর কারখানায় ইউনিয়ন করবে বিরোধী পক্ষের লোক ; সুতরাং সেটা হবে না। সেন্ট্রাল গভর্নমেন্টএর ফুড, মাইনিং ইত্যাদি কয়েকটা ডিপার্টমেন্টে যেসমস্ত কর্মচারীরা কাজ করে, তাদের এখানকার অফিসে একটা ইউনিয়ন আছে। তাদের সেই ইউনিয়নকে রেজিস্ট্রেশন করবার জন্য অ্যাপ্লিকেশন করা হয়েছে ; কিন্তু আজ, প্রায় পাঁচ বছর ধরে সেটা পড়ে আছে, কোন ব্যবস্থা করা হয় নি। কেন্দ্রীয় সরকার বলেন, তাঁরা নাকি ভবিষ্যতে শিল্পকে ন্যাশনালাইজড্ করবেন, তা হ'লে দেখা যাচ্ছে ন্যাশনালাইজড্ হয়ে যাবার পর সমস্ত শিল্প কেন্দ্রীয় সরকারের হাতে আসবার পর, ওয়ার্কারসদের যে ট্রেড ইউনিয়ন রাইটস, সেই ট্রেড ইউনিয়ন রাইটস আর থাকবে না। মালিকঘেঁষা নীতি সম্বন্ধে আমি আরও দু-একটা নমুনা দিচ্ছি। ট্রাইব্যুনালএর ইসু রাইটারস বিল্ডিংস ঠিক ক'রে দেয়, তাতে দেখা যায় যে, জরুরী বিরোধের বিষয়গুলি বাদ পড়ে যায়। ছয় মাস চাকরি করবার পর, তার সারভিস ব্রেক ক'রে দেওয়া হয় ; আবার কয়েকদিন বাদে তাকে কাজ দেওয়া হয়। অনেক সময় শ্রমিক কাজ করতে থাকে, কিন্তু তখন নোটিস পালটে দেওয়া হয়। শুধু যে ব্রেক করা হয়েছে, তা নয়, অন্য উপায়েও তাদের জব্দ করা হয়। যেসমস্ত কারখানার শ্রমিকদের আমি দেখেছি, তার প্রতিটি ক্ষেত্রে ঐরকম অবস্থা। তাদের চাকরির স্থায়িত্ব দেওয়া হয় না, তারা টেম্পোরারি হিসাবে কাজ করে। জেসপ ইঞ্জিনীয়ারিং কারখানার কথা আমি আরও এখানে বলতে পারি। ঐরকমভাবে নোটিসের কারচুপি ক'রে, তাদের টেম্পোরারি ক'রে রাখা হয় বছরের পর বছর।

[5—5-25 p.m.]

সিকিউরিটি অব সার্ভিস সম্বন্ধে যে কন্ট্রাক্ট প্রথা আছে এখনও বহু জায়গায় তা চালু আছে —বন্ধ ক'রে দেওয়া উচিত। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট এবং তার শ্রম-দপ্তর কি রকম ক্যালাস তার একটা নমুনা দিই। আমাদের নতুন মন্ত্রীমহাশয় আশা করি সে সম্পর্কে অবহিত হবেন। যখন ১৯৫৬ সালে নবেম্বর মাসে সেন্ট্রাল মিনিমাম ওয়েজেস অ্যাডভাইসরি বোর্ডএর মিটিং দিল্লীতে হয়েছিল—পশ্চিমবঙ্গ সরকার ছাড়া সমস্ত রাজ্যসরকারের প্রতিনিধিরা সেখানে উপস্থিত ছিল—আমারও সেই সম্মেলনে উপস্থিত থাকবার সৌভাগ্য হয়েছিল। অন্য রাজ্যের প্রতিনিধিরা যখন পশ্চিমবঙ্গ সরকার সম্বন্ধে যে কটাক্ষ করে আমাদের মাথা তখন নিচু হয়ে গিয়েছিল। স্ট্যান্ডিং লেবার কমিটি যেগুলি ছিল এখানে তৈরি করা হয়েছিল—এখন পর্যন্ত দেখছি সেগুলি চালু নাই। সেগুলোকে আবার নতুন ক'রে চালু করা দরকার। স্ট্যান্ডিং অর্ডারএর অনেক ডিফেক্ট আছে। স্ট্যান্ডিং অর্ডার এমন ডিফেক্টিভ থাকে যে এবং তাকে সারটিফাই ক'রে নেওয়া হয় আমাদের অনুমতি ছাড়া, আমাদের মতামত ছাড়া যার ফলে ঐ অর্ডার অনুসারে ওয়ার্কারদের উপর জুলুম চালান হয়। মডেল স্ট্যান্ডিং অর্ডার সব জায়গায় চালু করা দরকার ব'লে আমরা মনে করি। চার্টার অব ডিমান্ডস পেশ করলে, কিম্বা ইউনিয়ন অধিকার রক্ষার আন্দোলন করলে মালিক বেছে বেছে ছাঁটাই করে, কিম্বা লক-আউট ক'রে বন্ধ করে। সরকার এইসব ক্ষেত্রেও কি দীর্ঘসূত্রতা অবলম্বন করবেন? আরেকটি প্রস্তাব কনস্ট্রাকটিভ সাজেসশন—ওয়ার্কারদের শিক্ষিত করবার জন্য জার্নাল বের করা হউক, তাতে জিস্ট অব দি অ্যাওয়ার্ডস থাকবে, ইম্পরট্যান্ট লেবার ল' থাকবে এবং সেটা হিন্দী এবং বাংলাতে প্রকাশ করা হয়। তবে মাথুর সাহেবের হাতে যেন সে ভার না দেওয়া হয়। সেন্ট্রাল গ্র্যান্ট আন্ডার হাউসিং স্কিম সেটা আমরা দেখেছি। সে টাকা খরচা করা হ'ল না ব'লে সে টাকা আবার কেন্দ্রীয় সরকারের কাছে চ'লে গেল। সে সম্বন্ধে যেন আমাদের নতুন মন্ত্রীমহাশয় একটু হুঁসিয়ার হন। কোম্পানির হেড অফিস আজকাল দেখা যাচ্ছে এখান থেকে অনেকেই অন্য প্রদেশে সরিয়ে নিয়ে যেতে চান। কোম্পানির হেড অফিস এবং কারখানা-ফিলিপস্

কারখানা এখানকার হেড অফিসএর কতকগুলি ব্রাঞ্চ সরিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে। মালিকদের এই একটা নতুন মতলব দেখা যাচ্ছে। সেইজন্য আপনার কাছে আমি আবেদন জানাচ্ছি। আজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশন সম্বন্ধে আমাদের মন্ত্রীমহাশয় কতকগুলি কথা বলেছেন —তার কয়েকটি বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলব। স্টেট গভর্নমেন্ট এখন মেডিক্যাল এক্সপেন্সএর জন্য ½ দেয়, আর স্টেট ইনসিওরেন্স কর্পোরেশন ½ দিয়ে থাকে। এই স্কীমটাকে ফ্যামিলি মেম্বারদের পর্যন্ত এক্সটেনশন করবার জন্য কর্পোরেশন থেকে সাজেস্ট করা হয়েছে, রিবেট দেবার জন্য সমস্ত গভর্নমেন্টএর কাছে ১/৬ ইন প্লেস অব ½। মেজরিটি অব দি স্টেটস অ্যাগ্রিড, বাট দি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ডিড নট। এবং আমার শেষ কথা এই স্টেট ইনসিওরেন্স কর্পোরেশনএ বাঙ্গালী বিতাড়নের পর্ব পুরাদমে চলেছে। সেখানে একজন বাঙ্গালী ছাড়া আর আর সব পাঞ্জাবী—যিনি অধ্যক্ষ তিনি পাঞ্জাবী, তিনি সব পাঞ্জাবী দিয়ে ভরিয়ে ফেলেছেন। অসুস্থতার জন্য মজুরি রক্ষার দাবি জানানোর ৭ দিনের ভিতর কর্পোরেশন তার ক্ষতিপূরণ দেবে এই হ'ল নিয়ম। সাধারণ আমরা দেখতে পাই বহুবার ছুটাছুটি করবার পর দুই মাস বাদে তারা টাকা পায়।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Personal explanation

Sj. Abani Kumar Basu: Mr. Speaker, Sir, on a question of personal explanation. I am submitting that on the 21st of June while I was absent from this House, an honourable member, Shri Amal Ganguly, of the C.P.I. group made a reference to me in my absence. Sir, I want to tell you that this is something hitting below the belt. In the course of the debate on the Irrigation Grant he wanted to say that in order to protect the interest of some vested interest at Uluberia I tried to make a revision of the original plan of the Amta Railway Scheme. Sir, I do not know that there can be anything further from truth than this. The suggestions made by me were done in the interest of thousands of agriculturists and I made some suggestions for examination by the experts of the Irrigation Department and those suggestions, if found acceptable to all, would be accepted by Government.

Mr. Speaker: I would only say one thing. I wish to impress one fact upon every member of the House. Firstly, this is a sort of personal explanation which is, to my mind, not permissible. Secondly, if any charges and allegations are made—I have looked into the legal position—the member concerned should get up at once and object to them; otherwise the debate becomes interminable. I think you have denied—all that you are entitled to say—that the charges and allegations made are entirely untrue. That ought to serve the purpose.

DEMAND FOR GRANTS

Sj. Byomkesh Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তা সমর্থন করতে উঠে আমাদের শ্রমনীতি সম্বন্ধে বিরোধী পক্ষ যেসমস্ত কথা বলেছেন তার আমি জবাব দেব। জবাব দেবার পূর্বে কয়েকজন বিরোধী পক্ষের সদস্য যে কয়েকটা কথা বলেছেন তার উত্তর দেবার প্রয়োজন ব'লে মনে করি। যেমন চিত্ত বসু মহাশয় বলেছেন, নির্মল কুণ্ডু, বিমল কুণ্ডুকে ফেসপ ফ্যাক্টরিতে কাজ ক'রে দিয়েছেন, আমি যতদূর জানি একথা সম্পূর্ণ অসত্য।

আমি মনে করি কোন কর্মচারীর কোন এম-এল-এর আত্মীয় হওয়া অপরাধ নয় এবং আত্মীয় হ'লেও তার চাকরি পাবার অধিকার নিশ্চয়ই আছে। যেখানে যে-কোন লোক তাদের যখন

চাকরি দেয় তখন তাদের যোগ্যতা দেখেই চাকরি দেয় ব'লে আমি মনে করি। আর একটা কথা তিনি বলেছেন যে, ট্রাইব্যুনালের জজ নাকি চাকরি থেকে পেনসন গ্রহণের পরে বেঙ্গল চেম্বার অফ কমার্স ইত্যাদি রকমের কোম্পানিতে চাকরি করেন। আমি মনে করি, বিরোধী দলও আমাদের মতন ব্যক্তিস্বাধীনতার ধারক এবং বাহক এবং তাঁরাও কনস্টিটিউশন মেনে চলেন এবং এর প্রতি আনুগত্য স্বীকার করেছেন। কোন কর্মচারী যদি পেনসন গ্রহণ করে এম-এল-এ হয়ে আসেন বা যদি এম-পি হন তা হ'লে এই অধিকার যদি তাদের থাকে তবে চাকরি গ্রহণ করার অধিকার তাদের আছে। তাঁরা এই কথার জবাব দেবেন কি যে, কোন জায়গায় চাকরি নেওয়ার অধিকার যদি ক্ষুণ্ণ করা হয় তা হ'লে তাদের ব্যক্তিস্বাধীনতা ক্ষুণ্ণ করা হ'ল কিনা? যতীন চক্রবর্তী মহাশয় যে প্রস্তাব করেছেন আমার মনে হ'ল যে, সেই প্রস্তাব আমাদের করা উচিত ছিল। আমরা ব্যয়বরাদ্দ ছাঁটাই উত্থাপনকালে একথা আশা করি নি যে আমাদের অফিসার কম, বা আমাদের টাকাপয়সা কম ব'লে আমরা অফিসার বেশি রাখতে পারি নি। আমাদের আরও অফিসার হ'লে আমরা এই কয়েক বছরে যে কাজ করতে পেরেছি তার চেয়ে নিশ্চয় বেশি কাজ করতে পারতাম। সেজন্য যতীন চক্রবর্তী মহাশয় আমাদেরই কথা বলেছেন ব'লে আমরা মনে করি। আমাদের পশ্চিম বাংলার চটশিল্প একটা প্রধান শিল্প এবং এই শিল্পে ১৯৫৬ সালে ন্যূনতম বেতন ছিল ৪৬ টাকা। ভারতবর্ষে প্রথম ট্রাইব্যুনাল স্থাপিত হবার সঙ্গে সঙ্গে আমাদের এখানে ট্রাইব্যুনাল প্রতিষ্ঠিত হয়। এবং যার ফলে চটশিল্পের শ্রমিকরা অন্তত একটা স্বীকৃতি পেয়েছে যে, তারা চাকরি করে ব'লে তাদের যে-কোন সময়ে গলাধাক্কা দিয়ে বার ক'রে দেওয়া যায় না। এ ছাড়া তাদের অন্যান্য সুখসুবিধা, প্রভিডেন্ট ফান্ড, ছুটি, ইত্যাদি এই কয়েক বছরে দেওয়া সম্ভব হয়েছে। এ ছাড়া তাদের মাইনে ছিল ৪৬ টাকা, কিন্তু তা থেকে বাড়িয়ে প্রথম ১৯৪৮ সালে করা হয়েছে ৫৮৷৷০ আনা, ১৯৫১ সালে ৬৩৷৵০ আনা এবং ১৯৫৫ সালে সেটা হ'ল ৬৭৵৯ পাই। যদিও ট্রাইব্যুনাল বলেছেন এবং চটশিল্পের শ্রমিক নিয়ে যাঁরা আন্দোলন করেন তাঁরাও বলেছেন এবং আমরাও মনে করি যে, তাদের ৭১ টাকা মাইনে হওয়া উচিত। কিন্তু এটা ধাপে ধাপে হবে এই আশা তাঁরা প্রকাশ করেন। অতএব সেই ৪৬ টাকা থেকে ৫৮ টাকা এবং তারপর ৬৭৵৯ পাই ইত্যাদি বাড়ানো দেখলেই মনে হয় যে এটা রীতিমতভাবে আস্তে আস্তে এগিয়ে যাচ্ছে। কটন, অর্থাৎ সুতাকলে ১৯৪৬ সালে ছিল ৩৫৸০ আনা, আর বর্তমানে এরা ৫৫৵৫ পাই পায়। কিন্তু এখন এটা বিচারাধীন, কারণ আবার একটা ট্রাইব্যুনাল বসেছে এবং আমরা আশা করি যে, শ্রমিকদের অবস্থা আরও উন্নত হবে। ইঞ্জিনীয়ারিংএ ১৯৪৬ সালে ছিল ৪০ টাকা, ১৯৪৭ সালে ৪৫ টাকা, ১৯৪৮ সালে ৫৫ টাকা, ১৯৫১ সালে ৬১ টাকা এবং উপস্থিত বর্তমান বৎসরে এটা বিচারাধীন আছে। তাই আমরা আশা করি যে, ট্রাইব্যুনাল জজেরা এদের সুখসুবিধার দিকে নজর দিয়ে রায় দেবেন। চা-বাগানে নিম্নতম বেতন ডুয়ার্সে ছিল তের আনা এবং দার্জিলিংএ ন' আনা ছিল। কিন্তু আজকে ডুয়ার্সে এক টাকা সাড়ে এগার আনা এবং দার্জিলিংএ এক টাকা ছ' আনা। [এ ভয়েস ফ্রম দি কমিউনিস্ট বেঞ্চঃ আপনারা বাড়ান নি তো?] যাঁরা এই প্রশ্ন করেন আমরা বাড়াই নি সে কথাটা ঠিক কথা। কারণ যে মিনিমাম ওয়েজেস অ্যাডভাইসরি বোর্ড আছে তাঁরা যেভাবে অ্যাডভাইস করেন সেইভাবেই কাজ হয়। এই মিনিমাম ওয়েজেস অ্যাড-ভাইসরি বোর্ড এই সরকার প্রতিষ্ঠিত করেছেন। অতএব এই সরকার প্রতিষ্ঠিত মিনিমাম ওয়েজেস অ্যাডভাইসরি বোর্ড যেভাবে উপদেশ দিয়েছেন সেই উপদেশ গ্রহণ ক'রে মজুরি ঠিক করা হচ্ছে। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনএ ছিল ৫২ টাকা, কিন্তু সেটা বেড়ে হ'ল ৬৬৵৬ পাই, ৭১৵৬ পাই এবং বর্তমানে ৮৫ টাকা হয়েছে। ক্যালকাটা ট্রামওয়েজএ ৫২৷৷০ আনা ছিল, বর্তমানে ৮৭৷৷০ আনা হয়েছে। ক্যালকাটা কর্পোরেশনএ ৪১ টাকা ছিল, এখন সেটা ৫০ টাকা হয়েছে। তবে আমরা এইকথা বলি না যে, আমরা যে ছবিটা এখানে তুললাম সেটাই আমাদের লক্ষ্য। আমরা ফেয়ার ওয়েজেসএর দিকে আস্তে আস্তে আমাদের ওয়ার্কিং ক্লাসকে নিয়ে যেতে চাই এবং আমরা সেদিকে নিয়ে যেতে চাই সুস্থ আবহাওয়ার মধ্যে দিয়ে, আপোষ-আলোচনার মধ্যে দিয়ে এর প্রয়োজন হ'লে আইনের মাধ্যমে আমরা সেই অবস্থায় পেঁছাতে চাই। আমরা বিশ্বাস করি না যে, হুজুগ ক'রে, আন্দোলন করে—অর্থাৎ এমন আন্দোলন যার ফলে শান্তি ব্যাহত হয়, কারখানায় ধর্মঘট হয়—কোন কিছু সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। অতএব ধর্মঘট এড়াবার কোন রাস্তা থাকলে তা হ'লে আমরা সেই রাস্তা দিয়ে

নিয়ে গিয়ে আমাদের দাবি আদায় করব। সেজন্য আমরা মনে করি না যে, ঐ রকম আন্দোলনের মাধ্যমে কোন ফল পাওয়া যায়। সেজন্য আমি দেখতে পাই যে, ১৯৫৬ সালে জলপাইগুড়ি টি এস্টেটএ যে লক-আউট হয়েছিল, তাতে ম্যানেজারকে অ্যাসল্ট করা হয়েছিল। সেই ইউনিয়ন কাদের? না, পি-এস-পিদের—এঁরা সম্প্রতি হঠাৎ কমিউনিস্টঘেঁষা হবার ফলে এত উৎসাহী হয়ে উঠেছেন। যা হ'ক, ঐ লক-আউটের ফলে সেখানে ৭৭৯টা লোকের ম্যান-আওয়ারস লস্ট হয় ১২ হাজার ৪৬৪ ঘণ্টা। কলকাতার জয়েন্ট স্টিমার কোম্পানির স্ট্রাইক হয়—কেননা একজন এক্স-এমপ্লয়িকে কনট্রাক্ট লেবার ব'লে জবাব দেওয়া হয়। কিন্তু সেখানে যে স্ট্রাইক হয় তাতে ১,৫০০ লোক ক্ষতিগ্রস্ত হ'ল এবং ৬ হাজার ঘণ্টা ম্যান-আওয়ারস লস্ট হ'ল। সেখানে ইউনিয়ন কার, না, বি-পি-টি-ইউ-সি'র। এম্পায়ার জুট মিলএ একজন ওয়ার্কার অ্যাক্সিডেন্টএ মারা গেল, কিন্তু সেখানে হুজুগ রটিয়ে দেওয়া হ'ল যে, ম্যানেজারকে ঘেরাও কর। তারপর সেখানে ম্যানেজারকে ঘেরাও করা হ'ল, লক-আউট হ'ল এবং তাতে ১,৫০০ লোকের ৩৬ ঘণ্টা নষ্ট হ'ল। এইরকম ঘটনা আমার কাছে খুব আছে, কিন্তু সব আমি পড়তে চাই না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে, আমরা যে সমৃদ্ধির কথা বলি, যে অবস্থার কথা চিন্তা করি তাতে ঐ পথের দ্বারা পৌঁছান যাবে না। সেজন্য আপনার মাধ্যমে এই হাউসে এই কথাই বোঝাতে চাচ্ছি যে, শান্ত এবং সুস্থ আবহাওয়ার মধ্য দিয়ে যেভাবে আজকে শ্রমিকনীতি পশ্চিমবঙ্গে তথা ভারত গভর্নমেন্টে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী হয়েছে এবং এই যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা চলছে তাতে ট্রেড ইউনিয়নদের জরুরী অবস্থা বিবেচনা করে, গুরুত্বপূর্ণ অবস্থা মনে করে সমস্ত কাজ করা উচিত। আজ ট্রেড ইউনিয়নগুলির মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে, মামলা চলাকালীন অর্থের অভাবে বা নানা কারণে ট্রেড ইউনিয়নগুলি যথেষ্ট যোগ্যতা নিয়ে মামলা চালাতে পারছে না। তার কারণ আমরা মনে করি যে, রাজনৈতিক দলাদলি, একটা জায়গায় দুটি ইউনিয়ন এবং একাধিক লিডারশীপ এস্টাব্লিস করবার জন্য যে চেষ্টা তার ফলে শ্রমিকদের মধ্যে পরস্পরবিরোধী মনোভাব গ'ড়ে তোলা হয়েছে এবং যার ফলে শ্রমিক আন্দোলন ব্যাহত হচ্ছে। অতএব যদি আমরা সকলে মনে করি যে, স্যোসালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি গ'ড়ে তুলব তা হ'লে এমপ্লয়ারদের যেমন আমরা বাধ্য করব বলতে যে, কারখানায় লভ্যাংশ পাওয়া ছাড়া দেশের উপরেও তোমাদের অনেক কিছু করণীয় আছে, তেমনি কর্মীকে আমরা বলব যে, মজুরি পাওয়া ছাড়া দেশের জন্য করণীয় অনেক কিছু তোমাদের আছে এবং তার জন্যে আজকে দেশের কাজ তোমাদের চালাতে হবে। আজকে আমাদের দেশে ট্রেড ইউনিয়নকে স্বীকৃত করবার জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হয়েছে এবং মিসেস মৈত্রেয়ী বসু বলেছেন যে, ম্যানেজমেন্ট যাতে ট্রেড ইউনিয়নকে স্বীকার করেন তার জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নির্দেশ দেওয়া আছে এবং প্রয়োজন হ'লে রাষ্ট্রীয় সরকার সে সম্বন্ধে আইন ক'রে যথাযথ এর ব্যবস্থা করবেন। আমাদের শ্রমনীতি হচ্ছে এই যে যদি ঠিকভাবে যথেষ্ট সংখ্যক সভ্য চাঁদা দেয় তা হ'লে সেই ইউনিয়নকে কোম্পানি মানতে বাধ্য হবে। কিন্তু যেখানে একেবারে তা তারা মানবে না সেখানে আইনের মাধ্যমে যাতে তারা মানতে বাধ্য হয় তার জন্য ব্যবস্থা করা হোক।

[5-35—5-45 p.m.]

ট্রাইবিউন্যাল গভর্নমেন্টএর ইউনিয়ন সম্বন্ধে একটা কথা বলেছেন। কালিপদ মুখোপাধ্যায় মহাশয় নাকি শ্রমমন্ত্রী থাকা কালে লেবার ডাইরেক্টরেটকে নির্দেশ দিয়েছিলেন যে গভর্নমেন্টে ইউনিয়ন রেজিস্ট্রি করতে এলে ক'র না। আমি মনে করি, একথা সম্পূর্ণ স্বতন্ত্র। কোন মন্ত্রী কোনদিন এরকম ধরনের নির্দেশ দেন না, সেকথা বোধ হয় সদস্য মহাশয়ের জানা নেই। দিয়ে থাকলে ডিপার্টমেন্টে দিয়েছেন এবং দিয়ে থাকলে এই ব'লে দেন যে, তার কন্ডিশন অব সারভিস কন্ডাক্ট রুলস্ সেদিকে দৃষ্টি আকর্ষণের অধিকার দিয়েছেন। তার মানে এই নয় যে, কোন সরকারী কর্মচারী ইউনিয়ন করতে পারবে না। এমনভাবে তিনি তথ্য পরিবেশন করলেন, যার দ্বারা মনে হয় যে, সরকারী কর্মচারীর ইউনিয়ন করার অধিকার পশ্চিমবঙ্গ সরকার হরণ করেছেন, কিন্তু একথা সত্য নয়।

মিনিমাম ওয়েজেস সম্বন্ধে অনেক প্রশ্ন করেছেন। একথা আমরাও জানি এবং যাঁরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে লেবার পলিসি সম্বন্ধে বলেছেন যে, মিনিমাম

ওয়েজেস কার্যকরী করার জন্য অসুবিধা আছে। বিশেষ ক'রে এগ্রিকালচারাল লেবারদের ওয়েজেস কার্যকরী করার যে অসুবিধা আছে—তার কথা কেন্দ্রীয় সরকার বিশেষ ক'রে চিন্তা করছেন, এবং চিন্তা করার পর আপনাদের সহযোগিতা আমরা চাই যাতে ক'রে আমরা এ সম্বন্ধে একটা পরিকল্পনা গ্রহণ করতে পারি।

আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কন্ট্রাক্ট লেবার সম্বন্ধে যে ব্যবস্থা আছে তাতে আমার পূর্ণ বিশ্বাস যে আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আমাদের পশ্চিমবঙ্গের প্রয়োজন হ'লে যেমন নির্দেশ আছে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়—যে প্রয়োজন হ'লে মেয়েদের কাজ থেকে সরিয়ে দেবার যে চেষ্টা তার সম্বন্ধে যথাযথ ব্যবস্থা করা হবে।

একটা বিষয়ে আমি সভাপতিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, গত সাধারণ শাসনব্যবস্থায় ব্যয় খাতে আলোচনার সময় অপর পক্ষের নেতা শ্রীজ্যোতি বসু মহাশয় ইঙ্গিত করেছিলেন যে, ডাঃ বিধানচন্দ্র রায়ের নির্দেশে কোন কন্ট্রাক্টরের নাম কাটা গিয়েছে এবং সেটা নাকি নেপোটিজম্, না করাপশন তাঁর মতে। আমি একটা বিষয়ের প্রতি আপনার মারফতে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি যে, কাঁচরাপাড়া মিউনিসিপ্যালিটির একজন কর্মচারীকে কংগ্রেস কমিটির সেক্রেটারি ব'লে সেখানকার মিউনিসিপ্যালিটির চাকরি থেকে তাঁকে বরখাস্ত করা হয়েছে। যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা জানেন যে, কোন লোককে কোন কথা জবাব দেবার অবসর না দিয়ে জবাব দেওয়া গর্হিত কাজ। তাঁকে লেখা হয়েছে,

> "as decided by the Commissioners of the Kanchrapara Municipality in their meeting held on 29th May 1954 I would request you to note that his services are dispensed with immediate effect. Such decisions were arrived at because of his misconduct arising out of his negligence in duty and unauthorised absence".

যে-কোন কারণেই হউক তাঁকে একটা অবসর দেওয়া দরকার—এটা নিশ্চয়ই মানবেন। প্রসঙ্গক্রমে ব'লে রাখি—এই মিউনিসিপ্যালিটিতে কমিউনিস্ট সদস্যসংখ্যাই বেশি।

Sj. Deo Prakash Rai: Sir, I rise to speak on this motion not with a view to criticising the Government just for the sake of criticism, but at the same time, as we are supposed to be the sentinels of our society pledged to build up a socialistic pattern of society I feel that I shall be failing in my duty if I keep my mouth shut, ears plugged and eyes closed to the defects—damaging defects and glaring mistakes of our Government in pursuing their labour policy. I shall speak about the tea garden workers of West Bengal in particular. There are 155 tea gardens in the district of Jalpaiguri and 135 in the district of Darjeeling. Sir, in papers we have labour laws and Industrial Disputes Acts supposed to protect the interests of the tea garden workers. But these laws and the Acts of Industrial Disputes—remain inoperative on the pages of the voluminous books that contain them. These laws have never been implemented, and even if implemented, they are not conducive to the interests of the working class, because these laws do not carry any element of coercion. We know, Sir, that every law must have some elements of coercion. Unless and until the laws are coercive, human nature being as it is, people will not abide by the laws—I am speaking of the powerful group that manages the tea gardens. For example, there are many cases pending before the Tribunal under sections 33 and 33(a) of the Industrial Disputes Act. But what has happened to them? There is no protection for the labour. While the disputes are pending before the Tribunal for their decision, the management, I mean, the planters, have taken recourse to legal proceedings. They have gone to the Civil Court and filed a case for ejectment against the labourers. Many cases are still pending for the last one and a half year and in some cases for two years even, but the Tribunals have not had opportunity or time to decide the cases up till now. They are sitting over the matter and have not come to any decision, but in the meantime the tea

garden workers whose cases are pending have long ago been ejected from the tea gardens. I want to place this fact before the House that though their cases are pending for decision before the Tribunal, the workers have long ago been made to leave the gardens. God alone knows when the Tribunals will give their awards, but even if the awards, will be in favour of the workers, the workers will not benefit, because they have been ejected from the gardens long ago and have even left the district.

I should like to speak a few words about wonderful functioning of the conciliation machinery of the Government. Many cases referred to the Conciliation Officer, have been able to invoke only a slight interest from the Labour Directorate after repeated reminders for several months.

[5-45—5-55 p.m.]

I have got documents with me and I can give you just one instance. This is only an indicator. There are many cases of disputes pending in regard to the workers of Murma and Rohoni Tea Estates in Darjeeling. In the case of Murma we first referred the matter to the Assistant Labour Commissioner on the 20th July, 1956. We have been sending reminder after reminder finally resting on 20th June 1957. This state of affairs clearly demonstrates the attitude of the Labour Directorate of the Government. There is another glaring example. In 1954 the Rohoni Tea Estate retrenched 118 workers. We took up the matter with the Labour Department of the Government of West Bengal on the 1st December 1954. When no substantial result was forthcoming we again referred it to the Government on 2nd June, 1955 including the non-payment of wages, illegal dismissal and retrenchment of the 118 workers. The Assistant Labour Commissioner then visited this particular tea estate on 27th July 1955 to make a spot enquiry on our representation but without informing us. God alone knows the motive behind it. As a rule when representations are made to Government it is the practice and procedure that the Government should inform both the parties concerned when they make spot enquiries. Anyway an enquiry was made but without any result and as such we referred the matter to the Assistant Labour Commissioner again on 8th October, 1955. The year 1955 passed off without Government being able to do anything for the workers. On the contrary, to our utter surprise we got a letter from the Labour Commissioner on 17th August 1956 which complained of a section of workers resorting to intimidation and assault towards the members of the management. But, Sir,.....

[At this stage the member reached his time limit and resumed his seat.]

Janab Taher Hossain:

جناب اسپیکر صاحب، میں سب سے پہلے موجودہ لیبر منسٹر عبد الستار صاحب کو آج مبارکباد دونگا جو بہت دنوں تک اور بہت زمانے سے Trade Union کرتے چلے آ رہے ہیں اور وہ کافی تجربہکار بھی ہیں - مجھے آشا ہے، مجھے امید ہے کہ یہہ مزدوروں کے اندر آج ہمارے سرکار کی جو گندی پالیسی چل رہی ہے اسکو سدھار کرنے کی، اسکو اصلاح کرنے کی کوشش کرینگے *

آسنسول کے علاقہ میں کوئلہ اور لوہا کی صنعتوں کا جال بچھا ہوا ہے - برنپور اور کلٹی کا لوہا کارخانہ آج تمام ہندوستان میں دوسرے نمبر کا گنا جاتا ہے - اس علاقہ میں سرکار کی لیبر پالیسی پر نظر دوڑانے سے تمام بنگال کی پالیسی کے بارے میں پتہ لگ جائیگا - دوسرے پنچ سالہ منصوبہ میں steel works کو بہت بڑی اہمیت دی گئی ہے لیکن میں چند ایک مثالوں سے ثابت کرونگا کہ خود ruling party میں اتنی دلا دلی ہے کہ کام کرنا مشکل ہو گیا ہے اور آج ہمارے Byomkesh بابو نے بھی بتایا کہ Trade Union کے آپس کی دلا دلی کی وجہ سے Trade Union کو کافی دھکا لگا ہے *

سنہ ۱۹۵۵ع میں ہماری United Union (Action Committee) کے صدر موجودہ لیبر منسٹر جناب عبد الستار صاحب تھے - انہوں نے اپنی صدارت کے زمانہ میں برنپور اور کلٹی میں مالکوں اور مزدوروں کے درمیان جو حالات ہیں انکا معائنہ کیا اور مطمئن ہو جانے کے بعد اگست ۱۹۵۵ع کو ہندوستان اسٹینڈرڈ (*Hindusthan Standard*) میں ایک بیان دیا :—

"The United Union is the only Union which can represent the workers of Burnpur and Kulti."

"کہ برنپور اور کلٹی میں United Union (Action Committee) ہی ایک واحد یونین ہے جو صحیح معنوں میں مزدوروں کی نمایندگی کے لائق ہے اور دوسری جو یونین ہے جسکے صدر مائیکل جان ہیں جو زبردستی کمپنی کے دباؤ سے مزدوروں کے اوپر بیٹھی ہوئی ہے اور کوارٹر وغیرہ بہت ردی حالت میں ہے، جانوروں کے رہنے کے لائق نہیں۔" یہ بیان جیسے Sir Biren Mukherjee (Martin Burns) جیسے مالکوں کو پسند نہیں آیا - دلی کے سرکار کو معلوم ہوا تو فوراً کانگریس ہائی کمانڈ کے

طرف سے جناب عبد الستار صاحب، صدر، بردوان ڈسٹرکٹ کانگریس کمیٹی کے نام ایک فرمان جاری ہوا کہ انکو یا United Union (Action Committee) سے علحدہ ہو جانا پڑیگا یا کانگریس کو چھوڑ دینا پڑیگا - چنانچہ جناب عبد الستار صاحب کو مجبوراً ۲۸ اگست سنہ ۱۹۵۵ع کو United Union کو چھوڑنا پڑا - انہوں نے استعفیٰ دے دیا - یہاں قابل گرفت بات جو ہے وہ یہہ ہے کہ ستار صاحب کانگریس کے ہوتے ہوئے بھی کیا وجہہ تھی کہ انکو یونین سے ہٹایا گیا - اس سے صاف پتہ چلتا ہے کہ جب مزدور مالک کے خلاف ہو جائے تو چاہے اسکا تعلق I. N. T. U. C. سے ہو یا بائیں بازو والوں سے ہو، وہ Trade Union تحریک ختم کر دی جائیگی اور سرکار مالکوں کی مدد کو آگے آئیگی، جیسا کہ برنپور کلتی میں ہوا - یہہ ہے خود ruling party میں دلا دلی (Power Politics) اور مزدوروں کے مفاد کیساتھہ کھیل کھیلا جا رہا ہے - ایک کارخانہ میں ایک ہی یونین کو تسلیم کیا جائے، Byomkesh بابو کے حوالہ سے میں یہہ کہنا چاہتا ہوں کہ سرکار کو چاہئے، جہاں پر ایک سے زیادہ یونین ہوں وہاں دیکھے جسکے پاس زیادہ چندہ آتا ہو یا ممبر زیادہ ہوں اسکو ضرور تسلیم کیا جائے - میں برنپور کا حوالہ دیتا ہوں کہ سنہ ۱۹۵۳-۵۴ میں ہماری یونین کا سالانہ حساب کتاب در لاکھہ ۵ ہزار اور سنہ ۱۹۵۴-۵۵ع میں ایک لاکھہ ۶ ہزار اور سنہ ۱۹۵۵-۵۶ع میں ایک لاکھہ ۳۵ ہزار کا ہے - آئے سرکاری کمیٹی اسکی جانچ پڑتال کرے - ابھی پوچھنے پر لیبر منسٹر صاحب جواب دینگے کہ انکے ہاتھہ میں power نہیں ہے - تو میں مشورہ دونگا منسٹر اسپیکر صاحب، کہ آئیے ہم سب ملکر ہاؤس میں ایک پرستاؤ لیں اور بنگال سرکار اسکو پسنٹر میں بھیجے - پرستاؤ یہہ ہو کہ ایک کارخانہ میں ایک ہی یونین ہونا چاہئے اور اسکو کمپنی تسلیم کرے *

Tribunal میں بھی کافی ڈھیلم ڈھالا چل رہا ہے - برنپور، کلٹی میں سنہ ۱۹۵۳ع سے ۲۰۰ آدمی ابتک بیکار بیٹھے ہیں ؛ اس میں ۴۸ آدمی برنپور کے اور ۳۶ آدمی کلٹی کے ایسے ہیں جنکو گورنمنٹ کیطرف سے خط نہیں ملا - خط و کتابت کرتے کرتے ۲۰ مارچ سنہ ۱۹۵۷ع کو لیبر دفتر کیطرف سے جواب آیا کہ کمپنی نے جو action لیا ہے اس میں وہ حق بجانب ہے - یہاں پر مجمع خاص کر یہہ ظاہر کرنا ہے کہ لیبر منسٹر پہلے سے کیسے جج بن گئے کہ فلاں کیس (case) Tribunal کے لائق ہے اور فلاں نہیں ہے - میں کہتا ہوں کہ جو کچھہ ہوگا کورٹ میں ہوگا - سنہ ۱۹۵۳ع کا کیس (case) ابتک Supreme Court میں pending ہے - Labour Commissioner خود رجسٹرار کے پوسٹ پر ہوتے ہیں - سنہ ۱۹۵۶ع کی سالانہ کانفرنس میں ہملوگوں نے کچھہ amendments کئے تھے، سال ختم ہوگیا لیکن ابتک certified ہو کر ہماری ہونین میں نہیں آیا - یہہ ہے Labour Directorate، مالکوں کیطرف سے شرمناک قانون شکنی - ۲۵ مئی کو برنپور کے Indian Iron & Steel Company کے security guard 11 کو dismiss کے Superintendent کے Watch & Ward Department 'Jnan Banerjee کر دیا - چارج سنئے وہ نئے ڈھنگ کا تھا - Charge sheet یہہ تھا کہ (Charge for organising a meeting in quarter No. 11 with outsiders so you are dismissed).

کوارٹر نمبر ۱۱ سیکورٹی بارک میں کچھہ بیرونی آدمیوں کو لیکر ایک میٹنگ کیا ہے اسلئے dismiss کیا گیا *

[5-55—6 p.m.]

ہملوگوں نے لیبر منسٹر کو ٹیلیگرام کیا، درخواست کیا - ۱۰۰ آدمی کام پر لیا گیا اور ۴ آدمی ابتک بیکار ہیں - یہہ ہے مالکوں کیطرف سے ہندوستان کا قانون (Constitution) جسکو دن دھاڑے پیروں تلے کچلا جا رہا

ہے - دفعہ ۱۹ کو violate کیا جا رہا ہے - دفعہ ۱۹ میں ہندوستان کے ہر شہری کو یونین بنانے کا حق ہے' کسی بھی یونین کا کوئی بھی آدمی ممبر بن سکتا ہے - اپنے گھر میں' میدان میں میٹنگ کر سکتا ہے مگر مارٹن برن (Martin Burns) جو سرکار کو چلا رہی ہے اسکا کہنا ہے کہ کسی دوسرے یونین سوائے اسکے یونین کے ممبر نہیں بن سکتے ہیں - گورنمنٹ کہتی ہے کہ

Most of these cases do not call for any action as the action taken by the Management regarding these cases appear to be justified.

یہہ ہے لیبر ڈپارٹمنٹ کا رویہ — arbitary methods پر کام نہیں کیا جا رہا ہے - سنہ ۱۹۴۹ع میں سکنڈ انجنیرینگ ٹرائبونل (Second Engineering Tribunal) کا فیصلہ نکلا کہ کم سے کم مہنگی بھتہ ۳۱ روپیہ ماہوار ہونا چاہئے لیکن برنپور اور کلٹی جو سب سے بڑا انجنیرینگ (Engineering) کارخانہ ہے اس میں یہہ award لاگو نہیں ہوا - تیسرا انجنیرینگ ٹرائبونل (Third Engineering Tribunal) بیٹھنے جا رہا ہے - اس میں ہماری United Union اور کمپنی کو پارٹی نہیں بنایا گیا ہے - سرکار کو چاہئے کہ اسطرف دھیان دے ورنہ مزدور تحریک کو بہت دھکا لگیگا *

اگر سرکار نے موجودہ لیبر پالیسی میں اصلاح نہیں کی تو دوسرا پنچ ورشی منصوبہ کو کامیاب بنانے میں کافی دقت پیدا ہوگی *

Sjkta. Anima Hoare:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রমমন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন, তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি, কারণ এই অর্থ ব্যয়িত হবে মজুরদের কল্যাণের জন্য। অনেক মাননীয় সদস্য অনেক অভিযোগ করছেন, অনেক বক্তব্য পেশ করছেন—সরকারী বিভাগের কর্মচারীদের উদ্দেশ্যে, কিন্তু শ্রমকল্যাণের যেসমস্ত অ্যাক্ট, লেবার ওয়েলফেয়ার অ্যাক্টস আছে, তার সম্বন্ধে একটি বক্তব্যও কারও কাছ থেকে এখন পর্যন্ত শুনতে পাই নি। শ্রম কল্যাণের উদ্দেশ্যে শিক্ষার প্রসার হওয়া প্রয়োজন এবং তা আইনের মাধ্যমে এমনভাবে সম্ভব হওয়া প্রয়োজন যে, এত কল্যাণের এত আইন তারা যদি না বুঝতে পারে, না জানতে পারে, তা হ'লে দল করে, ইউনিয়ন করে, সংগঠন করে তাদের দাবিকে কখনও প্রতিষ্ঠিত করা সম্ভবপর নয়, তাদের কল্যাণ করা সম্ভবপর নয়। আমরা শুনতে পাই সংগঠন ক'রে মজুরি বৃদ্ধির দাবি-দাওয়া নিয়ে আলোচনা হচ্ছে। মজুরি বৃদ্ধির যে প্রয়োজন—এটা সবাই জানেন। তার সঙ্গে

সঙ্গে শিক্ষার প্রসার হওয়া প্রয়োজন। সেই শিক্ষার প্রসার না হ'লে তাদের জন্য যে আইন প্রণয়ন করা হচ্ছে, তা তারা উপলব্ধি করতে পারছে না। তাদের জন্য কি আইন হচ্ছে যাঁরা শ্রমিক সংগঠন করেন, তাঁরা যদি এদের বোঝাতে চেষ্টা করেন যে, এই তোমরা পেলে না, এই তোমাদের হ'ল না, তা হ'লে সংগঠন করতেও সুবিধা হয়। যদি তারা না বুঝতে পারে, কতটুকু পাচ্ছে, কতটুকু পাচ্ছে না, তা হ'লে কখনও তারা ঠিকপথে চলে, কখনও বা ভ্রান্ত পথে চলে। তারপরে তাদের পরিণতি বুঝতে পারে। অনেক সময় তারা দেখতে পারে তাদের ভুল হয়ে গেছে কিন্তু যে ক্ষতি হ'ল, কোন শ্রমিক সংগঠনই তাদের ক্ষতিপূরণ দেবে না। ক্ষতিগ্রস্ত হচ্ছে সেই অসহায়, অশিক্ষিত শ্রমিকসমাজ। তারা না বুঝে চলেছে বলে। যদি তারা ঠিক শিক্ষা পেত, প্রত্যেক বিষয় বুঝতে পারত, তা হ'লে তাদের ন্যায়সঙ্গত দাবি তারা প্রতিষ্ঠিত করতে পারত। মালিকপক্ষ বা সরকারপক্ষ কেউই তাদের সেই ন্যায়সঙ্গত দাবি অস্বীকার করতে পারেন না। সত্যিকারের দাবি কখনও ঠেকিয়ে রাখা যায় না। সংগঠনের যেমন প্রয়োজন আছে, তেমনি তাদের নিজেদের সব কিছু জানা এবং বোঝার প্রয়োজন আছে।

আমি চা-বাগান অঞ্চল থেকে এসেছি শ্রমিকদের প্রতিনিধি হয়ে। আমি চা-বাগান শ্রমিকদের সম্বন্ধে দু'-চারটি কথা বলব। চা-বাগান অঞ্চলে বেশির ভাগ বাগান বিদেশীদের হস্তগত এখন পর্যন্ত কিছু কিছু আমাদের হাতে আছে। তার মধ্যে একটা পোস্ট হচ্ছে লেবার ওয়েলফেয়ার অফিসার। এই লেবার ওয়েলফেয়ার অফিসারদের বেশির ভাগ চা-বাগানে দেখা যায় মালিকরা তাদের নিয়োগ করেন। মালিকপক্ষ নিয়োগকারী। ফলে সব সময় তারা ঠিকমত শ্রমিকদের মঙ্গলামঙ্গল দেখেন না। অনেক সময়ে দেখা যায় তারাও রাজনীতি করছে। তার অবশ্যম্ভাবী পরিণতি হয় শ্রমিকদের দুর্ঘটনা ঘটে যায়, অকল্যাণ ঘটে যায়। তাঁদের যদি সরকারপক্ষ থেকে নিয়োগ করা হয়, তা হ'লে বোধ হয় তাঁরা রাজনীতির মধ্যে যাবেন না এবং শ্রমিকদের আরও কল্যাণ করতে পারবেন।

দ্বিতীয় কথা হচ্ছে, বাগানের জন্য দি প্ল্যান্টেশন লেবার অ্যাক্ট আছে, সেই আইনে আছে যে, তাদের জন্য পাকা বাড়ির ব্যবস্থা ক'রে দিতে হবে ১২ বৎসরের মধ্যে। প্রথম প্রথম দেখা গেল মালিকপক্ষরা বেশ ত্বরান্বিত হয়ে এসে সঙ্গে সঙ্গে আরম্ভ করলেন দু'-একটি গৃহনির্মাণ করতে। কিন্তু কতকগুলি কারণে এখন তাঁরা অনেকেই পেছিয়ে গেছেন। তাঁদের কাছে শুনতে পাই তাড়াতাড়ি তাঁরা বাড়ি তৈরি ক'রে দিলে নাকি সরকার তাড়াতাড়ি ন্যাশনালাইজ ক'রে নিতে পারেন। আর আস্তে আস্তে করলে সত্বর ন্যাশনালাইজ করবেন না। আরও কারণ আছে। তাড়াতাড়ি ঘর ক'রে দিলে, প্রতি বছর ঘর নির্মাণ বাবত যে অর্থ ব্যয় দেখান হয়, তা দেখান কঠিন হয়। খড়, বাঁশ প্রভৃতি বাবত যে খরচ হয়, তার জন্য নাকি ইনকাম ট্যাক্স বাদ পান, তাঁদের ডেপ্রিসিয়েশন দেখানোর জন্যও ইনকাম ট্যাক্স বাদ পান। অথচ দেখা গেছে অনেক ক্ষেত্রে সেগুলি বছরে বছরে সৎপথে সেই টাকা খরচ হয় না।

[6-5—6-15 p.m.]

কাজেই সেটা দেখা দরকার যে সত্বর এই কাজটা চালু হচ্ছে। তৃতীয়তঃ বিদ্যালয় যেগুলো করবার কথা মালিকপক্ষের, সেগুলি তাঁরা একটা ক'রে রেখেছেন ঠিকই—তাঁদের কাছে বলতে গেলে তাঁরা বলেন এটা সরকারের দায়িত্ব—আমাদের দায়িত্ব স্কুল ক'রে রাখা, শিক্ষক নিযুক্ত করা, আমাদের দায়িত্ব নয় তাদের সর্বরকমে শিক্ষিত ক'রে দেওয়া। কাজেই তাঁরা কোনরকম দায়িত্ব নেন না। সত্যি কথা সরকারের দায়িত্ব ব'লে তাঁরা এড়িয়ে চলে যান কিন্তু ক্ষতিগ্রস্ত হচ্ছে শ্রমিক সমাজ, যাদের মাধ্যমে চলছে আজ চা-শিল্প, যার মাধ্যমে কোটি কোটি টাকা বৈদেশিক মুদ্রা আমরা আনছি, যে মুদ্রা দিয়ে আমরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা করতে যাচ্ছি। কাজেই যাদের মাধ্যমে করব তাদের যদি আমরা এইভাবে অবহেলা করি সেটা নিশ্চয়ই মানবতার দিক থেকে নিন্দনীয়। কাজেই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সরকার সে বিষয়ে দৃষ্টি দেবেন যাতে মালিকপক্ষরা শ্রমিকদের শিক্ষার ব্যবস্থা আইনের মাধ্যমে করতে পারেন কিম্বা তাঁরা যাতে এ বিষয়ে অবহেলা করতে না পারেন।

ক্রেচে করার কথা আছে। যে বাগানে কিম্বা যে ফ্যাক্টরিতে ৫০ জন মহিলা কাজ করেন, সেই মহিলাদের শিশুদের রক্ষণাবেক্ষণের জন্য ক্রেচে করতে হয়। সেখানে দুগ্ধ বিতরণের

ব্যবস্থা থাকে কিন্তু অনেক জায়গাতেই দেখা যায় মালিকেরা হয়ত ৪৯ জন মহিলা দেখিয়ে দিচ্ছেন এবং ক্লেচে করছেন না। এটা অত্যন্ত দুঃখের কথা। এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর কাজের ফাঁকে ফাঁকে তাদেরকে লিকুইড টি দেওয়া হয় খেতে। কিন্তু এটা তাঁরা সব সময় ভাল চা' দিয়ে থাকেন না। আবার কোন কোন জায়গায় দেখেছি শ্রমিকরা কচুপাতায় কিম্বা হাতে ক'রে খাচ্ছে, তাদের পাত্র দেবার আইন আছে, কিন্তু মালিকপক্ষরা তা মানেন না। ট্রেড ইউনিয়ন অনেকগুলি আছে—তাঁরা সব সময় চেষ্টা করেন কি ক'রে তাদের মজুরি বৃদ্ধি হবে, কি ক'রে তাঁরা আরও বেশি জনপ্রিয় হবেন কিন্তু সত্যিকারের যাতে কল্যাণ হয় তা না ক'রে শুধু নিজেদের সংগঠন জোরদার করতে পারেন, নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য প্রতিষ্ঠা করতে পারেন সেই দিকেই সব সময় দৃষ্টি দেন।

আরেকটা কথা আমি বলতে চাই, চা-বাগানের মালিকপক্ষ বার বার বলছেন যে, ডিউটি অত্যন্ত বেশি হচ্ছে—ডিউটি কম না হ'লে তারা বিদেশী কারবারের সঙ্গে প্রতিযোগিতা করতে পারছেন না। তাঁরা সাউথ আফ্রিকা, সিলোন, ইন্ডোনেশিয়া প্রভৃতির বাজারের সঙ্গে কম্পিটিশন করতে পারছেন না। কিন্তু প্ল্যানটেশন এনকোয়ারি রিপোর্ট থেকে এটা দেখা যাচ্ছে যে, বিদেশী বাগানগুলোতে যেখানে ম্যানেজারের মাহিনা ৩০০ থেকে ৪৯৯ টাকা, সেখানে ২৮০ জন ভারতীয়, এবং ৪ জন অভারতীয়। যেখানে ৫০০ টাকা থেকে ৯৯৯ টাকা সেখানে ১৬০ জন ভারতীয় এবং ১৭৫ জন অভারতীয়। আর হাজার থেকে দেড় হাজার পর্যন্ত মাহিনা সেখানে ৯০ জন ভারতীয় আর ৩৬৬ জন অভারতীয়। আর দেড় হাজার থেকে তিন হাজারের মধ্যে যাদের মাহিনা সেখানে ২৬ জন ভারতীয় আর ৪৯৭ জন অভারতীয়। আর যেখানে তিন হাজার টাকার ঊর্ধ্বে কিম্বা তিন হাজার টাকা, সেখানে একজনও ভারতীয় নেই আর ৪০ জন অভারতীয়। যেখানে এইরকম হাই স্যালারি ম্যানেজারদের দেওয়া হচ্ছে তাদের আবার ক্ষেত্র-বিশেষে কমিশনও দেওয়া হয় গ্রস সেলএর উপরে। সেটাও কম নয় বছরে, বহু হাজার টাকা হয়। ম্যানেজিং এজেন্টস যেখানে কমিশন পান যেটা হয়ত ছোট কোম্পানি সেখান থেকেও পেতে পারেন ৫০ হাজার টাকা। এইভাবে যে টাকাগুলো খরচ হয়—এইগুলি যদি ম্যানেজিং এজেন্সি বা এই ধরনের উচ্চহারে কমিশন আইনের মাধ্যমে বন্ধ করা সম্ভবপর হয় তা হ'লে নিশ্চয়ই এই ডিউটি কমানোর জন্য তাদের দাবি করবার প্রয়োজন হয় না। এটা শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আমার শেষ কথা হচ্ছে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমাদের কৃষিপ্রধান ভারতবর্ষে কৃষি উৎপাদনের দিকে লক্ষ্য রেখে রূপায়ণ করা হচ্ছে। কিন্তু এই কৃষকসমাজের কোন নিম্নতম মজুরি ও আয় এ পর্যন্ত ধার্য করা হয় নি সরকারপক্ষ থেকে। এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, ভূমিহীন কৃষকদের জন্য নিম্নতম মজুরি একটা ঠিক ক'রে দেওয়া হউক। এই ব'লেই আমি আমার বক্তব্য শেষ করিছ। ধন্যবাদ।

Sj. Satkari Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রমমন্ত্রী মিসলেনিয়াস হেডএতে ব্যয়বরাদ্দ পেশ করেছেন ; তাঁর সুপারিশে যেসব কথা তিনি বলেছেন, বিশেষ ক'রে আমাদের শ্রমিক সম্বন্ধে সেসব আমি শুনেছি, কিন্তু আমি অত্যন্ত আশ্চর্য হয়েছি যে, সম্পূর্ণ বিপরীত চিত্রই তিনি আমাদের সামনে রেখেছেন শ্রমিক-জীবন সম্বন্ধে এই পশ্চিম বাংলার। আমরা অনেকেই এখানে যারা আছি যারা শ্রমিক এলাকাতে স্থায়িভাবে বাস করি, যার জন্য আমাদের সঙ্গে শ্রমিকদের বাস্তব জীবনের সঙ্গে মিশবার যথেষ্ট সুযোগ এবং সুবিধা রয়েছে, আমরা দেখছি যে তাদের বাস্তব জীবন অত্যন্ত দুর্বিষহ, অত্যন্ত কালিমাময় এবং কষ্টের অবধি নাই। এই যে শ্রমিকদের বাস্তব জীবনের পরিচয় এবং যাহাতে আমি আশ্চর্য হয়েছি তাহা আজকে যে শুধু আমাদের বামপন্থী সদস্যরাই সেই কথা বলেছেন তা নয়, কংগ্রেসপক্ষীয় মাননীয় সদস্য এবং সদস্যাগণও তার কিছু কিছু অভিযোগও দিচ্ছেন। কাজেই বুঝতে হবে যে, আমাদের পশ্চিমবাংলার বর্তমানে শ্রমিকজীবন কিরকমভাবে যাপিত হয়। শ্রমিক-মালিকের দিক থেকে আমরা দেখি প্রথম যে আমাদের পশ্চিমবাংলায় শ্রমনীতি কিভাবে পরিচালিত হয়। তারপরে

কোন কোন বিশেষ বিশেষ ক্ষেত্রে কিরকমভাবে কাজ হয় তাই আমি দেখাব। শ্রমিকনীতি সম্বন্ধে যদিও আমার আগে দুই একজন বন্ধু বলেছেন কিন্তু তা ঠিক নয়। ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট হচ্ছে এখন আমাদের মূল এবং প্রধান—শ্রমিক সম্বন্ধে সোস্যাল লেজিসলেশন। কাজে কাজেই এটার উপরই আমাদের খুব বেশি জোর দিতে হবে। তা না হ'লে আমাদের দেশের বিভিন্ন শিল্পকে গড়ে তোলা অসম্ভব হবে। শিল্পকে গড়ে না তুললে আমাদের দেশের অগ্রগতি হওয়া মোটেই সম্ভব নয়। শিল্প বলতে সকলেই আমরা জানি পুঁজি এবং শ্রম। শ্রম হচ্ছে পুঁজির অবিচ্ছেদ্য অংশ। কাজেই সেই শ্রমকে বা শ্রম যাঁরা দান করেন সেই শ্রমিককে যদি আমরা ঠিকমত তাঁদের দিকে আমাদের দৃষ্টি দিতে না পারি তা হ'লে আমাদের দেশে শিল্প কোনরকমে অগ্রগতি লাভ করতে পারবে না। আমাদের এই যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট, এর ভিতরে একটা ধারা আছে—৩৪ ধারা।

[6-15—6-25 p.m.]

সেই ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্টএর ৩৪ ধারাতে বলা আছে, কগনিজেন্স অব সারটেইন অ্যাকশন অব দি এমপ্লয়ারস সম্বন্ধে, সেখানে একমাত্র আমাদের সরকারেরই এক্সক্লুসিভ রাইট রয়েছে তাদের বিরুদ্ধে কিছু অ্যাকসন নেওয়ার। এই ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্টএর ভেতর আমরা দেখেছি কয়েক জায়গায় শিল্পপতিদের বা মালিকদের বিরুদ্ধে কিছু কিছু পেনাল অ্যাকসন শাস্তিমূলক ব্যবস্থার কথা আছে, যদিও সেটাও খুব ব্যাপক নয়, তা হ'লেও কিছু কিছু আছে, কেননা আমাদের আইন প্রণেতারা দেখেছিলেন যে সেগুলি না করলে আমাদের দেশে শিল্পের উন্নতি হওয়া মোটেই সম্ভব নয়। আমাদের দেশে ধনিকতন্ত্র চলছে, ধনিকদের ধনলিপ্সা অত্যন্ত প্রবল, এটা খুবই স্বাভাবিক যে এটাকে চেক দেবার জন্য কিছুটা বিধি করার জন্য কিছু কিছু পেনাল সেকসনএর ব্যবস্থা আছে এবং তার মধ্যে ৩৪ ধারাটা যেটার কথা আমি উল্লেখ করছি সেটা অন্যতম। সেখানে বলা আছে কোন ট্রাইব্যুনাল কিম্বা কোন কনসিলিয়েশন চলাকালে যদি কোন মালিক কোন শ্রমিকের কন্ডিসন অব সার্ভিস বা তার চাকরির শর্তাবলীর কোন পরিবর্তন করে—ডিসমিসালটাও নিশ্চয়ই চাকরির পরিবর্তনের মধ্যে আসে এবং সেই বিষয়টা যদি রেফার করা হয় সংশ্লিষ্ট কনসিলিয়েশন অফিসার কিম্বা ট্রাইব্যুনাল জজকে, তা হ'লে সেই কনসিলিয়েশন অফিসার অথবা ট্রাইব্যুনাল জজ যে অ্যাকশন নেওয়ার নির্দেশ দিবেন সেই অনুযায়ী গভর্নমেন্টকে তার অর্থাৎ ঐ মালিকের বিরুদ্ধে অ্যাকশন নিতে হবে এবং সেখানে বলা আছে যে, বাইরের কোন পক্ষের এখানে হস্তক্ষেপ করার অথবা সরকারকে জানিয়ে দেওয়ার কোন প্রয়োজন নেই, কেননা ঐ ট্রাইবিউনাল জজ বা কনসিলিয়েশন অফিসার যে রায় দেবেন তাতে যে রেফারেন্স থাকবে তাহা অ্যাপ্রোপ্রিয়েট গভর্নমেন্টকে (এখানে পশ্চিমবঙ্গ সরকারকে) জানিয়ে দেবেন। অতএব দেখা যাচ্ছে যে, সে বিষয়ে বাইরের কাহারও কোন কিছু করার থাকে না। অনেক সময় সরকার বলেন যে, আমাদের কাছে খবরাখবর আসে না, দরখাস্ত আসে না, যে মালিক কোন আইন ভঙ্গ করছে কি না করছে। কিন্তু এই ক্ষেত্রে অন্তত সেই যুক্তি খাটে না। এই একটিমাত্র আইন যেখানে বাইরের কারও কোন সাহায্য বা নির্দেশের প্রয়োজন হয় না কেবল কনসিলিয়েশন অফিসার বা ট্রাইবিউনাল জজ যাঁর হাতে কেসটা থাকবে তাঁর ক্রিয়া ছাড়া। এইরকম ক্ষেত্রে বোধ হয় গত ১০ বছরের ভেতর অন্তত হাজারের কম নয়, বেশি ব'লেই আমরা শুনেছি ঐরূপ ঘটনা হয়েছে এবং আমরা দেখেছি যে একটিমাত্র কেসেও—নট ইন এ সিঙ্গল কেস—আমাদের পশ্চিমবঙ্গ সরকার কোন অ্যাকশন নিয়েছেন অর্থাৎ ঐ ধারাটাকে তাঁরা ডেড লেটারে পরিণত করেছেন এবং যদি আমরা ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্টকে সোস্যাল লেজিসলেশন ব'লে গ্রহণ করি তা হ'লে আমাকে বলতে হয় যে, পশ্চিমবঙ্গ সরকার অ্যান্টি-সোস্যাল ক্রাইম করেছেন। একটিমাত্র ক্ষেত্রেও তাঁরা এটার প্রয়োগ করেন নি। তা ছাড়া আরও যে কয়েকটি ধারা আছে, যেমন সেকসন ২৯ ইত্যাদি, সেখানেও হয়ত সরকার ২।১টি ক্ষেত্রে অ্যাকসন নিয়েছেন কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই মালিককে রেহাই দেওয়া হয়েছে তাদের আইনভঙ্গের অপরাধ হইতে। তা ছাড়া সরকারের হাতে ক্ষমতা আছে সেকসন ১০তে অর্থাৎ কোন পক্ষ ট্রাইবিউনাল প্রার্থনা করলে সেটা ট্রাইবিউনালে তাঁরা দেবেন যদি ইন দি ওপিনিয়ন অব দি গভর্নমেন্ট (অর্থাৎ সরকারের মতে) যদি মনে হয় সেটা দেওয়ার যোগ্য। এখানে পক্ষপাতিত্ব করবার যথেষ্ট সুযোগ রয়ে গেছে এবং আমরা বহু ক্ষেত্রে জানি

যে যেখানে তাঁদের মনোমত সমস্ত লোকের দ্বারা শ্রমিক সংস্থা পরিচালিত নয় সেইসব ক্ষেত্রে দেখা যায় যে, তাঁরা দেন না। আমি একটিমাত্র উদাহরণ দিচ্ছি, যেটা আমাদের বর্তমান শ্রম-মন্ত্রী মহাশয় জানেন —আমরা শুনেছি যে, এটা তাঁর গোচরে আনা হয়েছে—সেটা হচ্ছে আগরপাড়া ন্যাশনাল টোব্যাকো কোম্পানির ২৭৫ জন শ্রমিকদের ব্যাপারে। তারা আড়াই বছর ধরে ট্রাইব্যুনাল চেয়েছে এবং তাদের ছাঁটাই করা হয়েছে। যা হোক আমরা শুনেছি, তিনি অশ্বাস দিয়েছেন যে, সে বিষয়ে চিন্তা ক'রে দেখবেন। আমি যে এলাকা থেকে এসেছি—খড়দা কনস্টিটিউয়েন্সি, সেখানে বহু ছোটখাট মিল ফ্যাক্টরি আছে। সেখানে প্রত্যেকটা মিলে বা ফ্যাক্টরিতে ২।১টা বাদে শ্রমিকদের অবস্থা দুর্বিষহ হয়ে উঠেছে। শ্রমমন্ত্রী মহাশয়, যদি এ বিষয়ে একটু অবহিত হন তা হ'লে ভাল হয় এবং তিনি যদি কোন বিশ্বস্ত লোককে আমার কাছে পাঠিয়ে দেন তা হ'লে আমি প্রকৃত বাস্তব চিত্রটা প্রমাণ করতে পারি।

Sj. Turku Hasda:

মাননীয় সভাপাল মহাশয়, আদিবাসী কে? আদিবাসী আদিম যুগে জঙ্গল কেটে পরিষ্কার করেছে কিন্তু তাদের হাতে এখন জমি নেই। এখন কংগ্রেস সরকার অনেক স্কুল করেছেন, কলেজ করছেন, এই আদিবাসী ছেলেদের ভাল ক'রে লেখাপড়া শেখাবার জন্য। কিন্তু সেই স্কুলে আমাদের আদিবাসী ছেলেরা একেবারে যেতে পারে না। যেতে পারে না কেন? খাবার না পেলে, পেটে খেতে না পেলে কি করে যাবে? অনেক জায়গায় দেখেছি স্কুল করা হয়েছে, কিছু কিছু ছাত্রও সেখানে আছে, যাদের ২ বিঘা ৪ বিঘা জমি আছে তারাই কেবল যায়। ডোম বলুন, হাঁড়ি বলুন, যারা পিছনে পড়ে আছে তাদের মধ্যে শতকরা ৯০ জনের একেবারে জমি নেই, তারা তাদের ছেলেপিলেদের লেখাপড়া কি ক'রে শেখাবে? খেতে না পেলে তারা লেখাপড়া শিখবে কি করে? পানীয় জলের ব্যবস্থা কিছু কিছু জায়গায় হয়েছে। আমাদের দ্বারকাপল্লীর ওপাশে মামুদবাজার থানায় কিছু কিছু জায়গায় একেবারে পানীয় জলের কোন ব্যবস্থা নেই। কিছু কিছু গ্রামের নাম ক'রে আমি বলতে পারি যে, গুণপুর ইউনিয়ন প্রভৃতি জায়গায় একেবারে পানীয় জলের ব্যবস্থা নেই। আপনারা বলবেন যে তা হলে কোথা থেকে জল পায়? তারা মাঠের মধ্য থেকে জল এনে খায়।

তারপর আমাদের ইউনিয়ন বোর্ডের মধ্যে অনেক কুষ্ঠ রোগী, টি বি রোগী আছে তাদের চিকিৎসার কোন ব্যবস্থা এখনও পর্যন্ত করা হয় নি। এজন্য গুণপুর ইউনিয়নের ডামরা গ্রামে গভর্নমেন্টের খরচায় একটি হেল্‌থ সেন্টার অবিলম্বে খোলা হউক। পানীয় জলের ব্যবস্থা অনেক ইউনিয়নে করা হয় নি। আমি নাম ক'রে বলতে পারি, হুজুগ পাড়ায় প্রভৃতি প্রায় শ খানেক গ্রামে একেবারে পানীয় জল নেই, সেখানে কোথাও নেই।

[The member having reached his time limit resumed his seat.]

[6-25—6-35 p.m.]

Sj. Bhadra Bahadur Hamal:

स्पीकर, सर, संविधान का भूमिका है—

"न्याय, सामाजिक, अर्थनैतिक, राजनैतिक ।

"समता, सबको समान अधिकार और सुयोग देना ।"

लेकिन उत्तर बंगाल के सारे चाय बगान में चालू है "दस्तूर प्रथा"। यह "दस्तूर प्रथा" क्या है? यह दस्तूर प्रथा है—एक आदमी घर का मुखिया (Head of the family) कोई कसूर करे तो सारा family कसूरवार ठहरता है, अगर Head of the family का नौकरी गया तो सारा family का नौकरी चला जाता है और सारा family को बगान से निकाल देता है—घर से भी निकाल देता है। यह "दस्तूर प्रथा" Head of the family छोड़ के और उसका परिवार का कोई अधिकार नहीं देता। यह दस्तूर है संविधान का भूमिका का विरोधी।

कांग्रेस सरकार का दश वर्ष का राज्य में आज तक भी इस प्रथा को नहीं हटाया गया। ताज्जुब की बात है कि अपने ही सरकार—कांग्रेस सरकार होते हुए भी दस्तूर प्रथा चालू है। Head of the family को काम से निकाल दिया तो सब किसी को काम से निकाल देता है। इससे मजदूरों का क्या कल्याण है। बात साफ है कि वे प्लान्टर्स लोग कोई कानून को भी नहीं मानते। दस्तूर प्रथा के बारे में माननीय मंत्री लोगों को बार बार कहा गया मगर क्या हुआ।

हाइकोर्ट के विषय में मुख्य मंत्री विधानचन्द्र राय से पूछना चाहता हूं, मुख्य मंत्री ने बारम्बार "हाइकोर्ट रूलिङ्ग, हाइकोर्ट रूलिङ्ग" कहा है। मेरा पास भी एक हाइकोर्ट का रूलिङ्ग है—जजमेन्ट है— वह होता है टिस्टा भेली टि० इ० का जजमेन्ट। टिस्टा भेली का मजदूरों का विषय में हाइकोर्ट ने मजदूर आसामी लोगों को निर्दोष ठहराया और खलास किया। हाइकोर्ट कहते हैं मजदूर का कसूर नहीं है, प्लान्टर्स का दस्तूर प्रथा कहता है मजदूर दोषी है। बंगाल का हाइकोर्ट का माननीय दो दो जस्टीस दासगुप्ता और जस्टीस लाहिरी का जजमेन्ट हिन्दुस्तान में नही, दुनिया भर में कदर होता है लेकिन यह दस्तूर प्रथा बंगाल का सबसे बड़ा हाइकोर्ट का जजमेन्ट का भी पर्वाह नहीं करता—कौन देश में हम रहते हैं? बड़ा ताज्जुब की बात है। क्या हम बंगला देश में रहते हैं या कौन देश में रहते हैं? स्पीकर सर, मैं आपके मार्फत डा० विधानचन्द्र राय को कहना चाहता हूं क्या हाइकोर्ट का बात अपने सुविधा के लिए करते हैं या मजदूरों के लिए भी चलेगा? मजदूरों ने जो जिता इसका विषय में आपका क्या कहना है—इसका जवाब हम चाहते हैं। जब यहां एसेम्बली के अन्दर आते हैं तो सुनने को मिलता है Fundamental Rights न्याय और इन्साफ का बड़ा बड़ा बात मगर जब चाय बगान में जाते हैं तो वहां मजदूर के सर पर दस्तूर प्रथा घुर रहा है। उन लोगों को नौकरी से निकाला जाता है—बगान से निकाला जाता है। फिर यहां सुनने को मिलता है वही न्याय, कानून, इन्साफ और Fundamental का बड़ा बड़ा बात। दस्तूर प्रथा रहते हुए न्याय, इन्साफ और Fundamental का बड़ा बड़ा बात करना भण्डामी छोड़ कर के कुछ नही है। इस दस्तूर प्रथा को आप क्या करना चाहते हैं जिस दस्तूर प्रथा में १९४७ से लेकर आज तक स्वराज का दश वर्ष में ३०० family को काम से निकाला गया और ७२ घर को तोड़ कर फेंक दिया गया। जब प्लान्टर्स से पूछा जाता है कि घर को क्यों तोड़ते हो तो वे कहते हैं कि यह दस्तूर प्रथा है। हम (प्लान्टर्स) बराबर तोड़ते आये हैं। यह है दस्तूर प्रथा। मैं माननीय लेबर मिनिस्टर से दो बात कहना चाहता हूं क्या यह Illegal दस्तूर प्रथा कायम रख कर आप मजदूरों का भलाई करना चाहते हैं? मंत्री महोदय के मुंह से सुनने को मिला "सहयोगिता कीजिए, सहयोगिता कीजिए"। दस्तूर प्रथा जैसे अगणतांत्रिक प्रथा जो प्रथा हमारा Fundamental Right को हरण करता है ऐसी प्रथा कायम रहते हुए सहयोगिता नहीं हो सकता है। माननीय श्रम मंत्री का मुंह से सुनने को मिला "प्लान्टेसन् लेबर एक्ट" का बात। मगर गवर्नमेंट सिन्कोना प्लान्टेसन में प्लान्टेसन लेबर एक्ट लागू नहीं है। मैं कहता हूं सिन्कोना प्लान्टेसन में भी प्लान्टेसन लेबर एक्ट लागू कीजिए। और मैं प्लान्टेसन लेबर एक्ट का धारा ८ का बात कहना चाहता

हूँ, उसमें है पानी का बात, गेल बगान में दिन में दो बार ट्राक्टर गाड़ी से पानी दिया जाता है। साढ़े इक्काइस सौ मजदूरों के लिए दो ट्राक्टर पानी क्या होगा? स्कूल में जाते हुए बच्चे छोटा छोटा शीशी में पानी लेकर जाते हैं। स्कूल में पानी का बन्दोबस्त नहीं है। मगर १९५४ साल में यही गेल कम्पनी ने तीन लाख सत्तर हजार रुपया मुनाफा कमाया था मगर पानी का अभी तक बन्दोबस्त कम्पनी ने नहीं किया! यह होता है प्लान्टेसन लेबर एक्ट का हाल।

এই কার পার্ক এবং অন্যান্য প্রয়োজনের জন্য ট্রাম কোম্পানীকে গত বছরে ২ লক্ষ এবং আগামী ১৯৫৭-৫৮ সালে ৮ লক্ষ টাকা দেবার জন্য তিনি বরাদ্দ করেছেন। বিলেতী মুনাফাখোর ট্রাম কোম্পানীর হাতে আমাদের গভর্নমেন্টের সঙ্গে তাদের যাই সম্বন্ধ থাক না কেন, আমাদের জনসাধারণের টাকা কেন ধার হিসাবে তুলে দিতে হবে, তার কারণ আমি খুঁজে পাচ্ছি না। এর জন্য ট্রাম কোম্পানী কেন টাকা খরচ করবে না সে কথা বিধানবাবু কিছুই বললেন না। আমি যতটুকু জানি তাতে ট্রাম কোম্পানীর লিকুইড ক্যাশ পজিসন ইনকুডিং ক্যাশ সার্টিফিকেট হচ্ছে এইরকমঃ সমস্ত খরচা, ডিভিডেন্ট ইত্যাদি দেওয়ার পরেও ১৯৫৪ সালে তাদের লিকুইড ক্যাশ ব্যালেন্স ছিল ৬৫ লক্ষ টাকা এবং সেটা ১৯৫৭ সালে দাঁড়াল ৭৫½ লক্ষ টাকা। একটা কোম্পানী, যার মোট মূলধন মাত্র ১২৭ লক্ষ টাকা, তার বছরে ৬৫ লাখ থেকে ৭৫½ লাখ যেখানে ব্যালান্স থেকে যাচ্ছে, সেখানে তাকে তার লাইন একটু সরিয়ে বসাবার জন্য যে কেন টাকা ধার দিতে হবে তার কারণ আমি খুঁজে পাই না। ট্রাম কোম্পানীর খরচ বাড়ার অজুহাত যদি ওঠে তাহলে শুনুনঃ সমস্ত খরচা বাদ দিয়ে, লেবার কস্ট বাদ দিয়ে ১৯৫৫ সালে তার প্রায় সোওয়া ২ লক্ষ টাকা খরচ বেড়েছে। কিন্তু কেন এই খরচা বেড়েছে তার ২।১টা উদাহরণ বিধানবাবুর মনে রাখলে হয়ত তাঁর উপকার হবে এবং আমাদের উপকার হতে পারে। গত বছরে এখানে কোম্পানীর চেয়ারম্যান যখন এসেছিলেন, তখন তাকে একটা এয়ার-কণ্ডিসন্ড মোটর গাড়ী কিনে দেবার জন্য তারা নাকি ৬৬ হাজার টাকা খরচ করেছেন এবং তিনি চলে যাবার পর সেটা এখন এজেন্ট সাহেব ব্যবহার করছেন। সেই মোটর গাড়ীটি সম্বন্ধে আমি যতদূর শুনেছি যে, সেটা আমাদের ট্রাম

কোম্পানীর দেশী ডাইরেক্টর শ্রীআনন্দীলাল পোদ্দার মহাশয়ের পোদ্দার অটোমোবাইলস বলে একটা কোম্পানী আছে, সেখান থেকে সাপ্লাই করা হয়েছিল। তারপর এজেন্টের বাড়ী মেরামৎ করবার জন্য ৩০ হাজার টাকা খরচ করা হয়েছে। এ ছাড়া এক লাখের উপর একটা নতুন গাড়ী তৈরীর চেষ্টায় খরচ করা হয়েছে, কিন্তু সেটা এত বাজে হ'ল যে, পরে সেটাকে স্ক্র্যাপ করে দেওয়া হ'ল। চিৎপুরে কয়েকটা লাইন একটু সরিয়ে বসানোর জন্য ১ কোটি ৪০ লক্ষ টাকা খরচা করা হয়েছিল। কিন্তু এই খরচা এত বেশী হয় যে, কোম্পানীর বিশেষজ্ঞরা এতে আপত্তি তুলেছিলেন এবং ফলে সেখানকার একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে মানে মানে বিদায় নিতে হয়েছে। সুতরাং এই ধরনের অপব্যয় যে কোম্পানী করে এবং যার খরচা খামোখা বছরে ২।৩ লাখ করে বেড়ে যাচ্ছে তাকে যে কেন আমাদের সরকারের পয়সা দিতে হবে তা আমি ভেবে পাই না। এ-বিষয়ে আমাদের টাকা বিলাতী কোম্পানীকে ধার দেবার অধিকার গভর্নমেন্টের নেই। বিশেষত যখন কোম্পানীর ফাইন্যান্স-এর উপর আমাদের সরকারের হাত দেবার কোন ক্ষমতা নেই। কোম্পানীর সঙ্গে মিলে বিধানবাবু যে ট্রামওয়েজ এ্যাক্ট করেছেন, তার ২ ধারার ২নং উপধারায় লেখা আছে যে, কোম্পানীর ফাইন্যান্সিয়াল ও এ্যাডমিনিষ্ট্রেটিভ পাওয়ার-এর উপর গভর্নমেন্টের হস্তক্ষেপ করা চলতে পারবে না। এমন কি কোম্পানীর ফিজিক্যাল এ্যাসেটস্ যা নাকি ২০ বছর পরে যদি আমরা ৫ কোটি টাকা দিতে পারি তাহলে আমাদের হাতে আসবে, সেই ফিজিক্যাল এ্যাসেটস্‌ও ঠিক অবস্থায় আছে কি না তা গভর্নমেন্টের লোক গিয়ে বছরে মাত্র একদিন দেখে যেতে পারে।

বিধানবাবু যখন এই এ্যাক্ট পাশ করেছিলেন, তখন খুব বড় গর্ব করে বলেছিলেন যে, আমরা এমন একটা পদ্ধতি করলাম যাতে ট্রাম কোম্পানীর মুনাফা ইত্যাদি টাকা যা পড়ে থাকবে সেসব একটা স্পেশ্যাল রিজার্ভ ফাণ্ড হিসাবে থাকবে এবং সেই ফাণ্ড থেকেই আমরা কতকটা দাম মিটিয়ে দিতে পারব। আমি যতদূর জানি তাতে ১৯৫৫ সাল পর্যন্ত সেই স্পেশ্যাল রিজার্ভ ফাণ্ড-এ ২০ লক্ষ টাকা ট্রাম কোম্পানীর জমেছে, যা নাকি বাস্তবিক পক্ষে আমাদের সম্পত্তি বা গভর্নমেন্টের সম্পত্তি। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, যখন ৮ লক্ষ টাকা ডালহৌসী স্কোয়ারের জন্য ধার দেবার প্রয়োজন হয়েছে, তখন সেই ২০ লক্ষ টাকা কোথায় গেল? অর্থাৎ সেই ২০ লক্ষ টাকা যেটা গভর্নমেন্টের সম্পত্তি, তাদের হাতে আছে সে টাকাটা কি হয়েছে? বিধানবাবুকে জিজ্ঞাসা করব তারা কি সেটা খরচা করেছে? আমাদের ইনফরমেশন হচ্ছে যে, সেটা কোম্পানী খরচ করেছে, কিন্তু খরচা করবার আগে বিধানবাবুকে পর্যন্ত জিজ্ঞাসা করা দরকার মনে করে নি। শুনেছি যে, এই নিয়ে পরে একটা বন্দোবস্ত হয়েছে। আমাদের বিধানবাবু চিরকালই সাহেবদের খুব ভক্ত, সাহেবরা বললে তিনি তো আর না করতে পারেন না!

[4-30—4-40 p.m.]

এইভাবে কোম্পানীকে খরচ করতে দেওয়ায় স্পেশ্যাল রিজার্ভ ফাণ্ড গ্র্যান্ট-এর খাতে টাকা জমবে না। সেই টাকায় গভর্নমেন্ট-এর কোন হাত নাই কেন? আসলে যে এ্যাডভাইসরী কমিটি তৈরী করেছেন, সরকার পক্ষ থেকে দেখাশুনা করবার জন্য, এই এ্যাডভাইসরী কমিটির কোন ক্ষমতা নাই। অন্যান্য ব্যাপার ছাড়াও ফাইন্যান্স-এর ব্যাপারেও কোন ক্ষমতা নাই। তাঁরা শুধু লেবার ও অন্যান্য দু-একটি বিষয় দেখতে পারেন। এই ট্রাম কোম্পানীতে ভারতীয় অফিসার ছিলেন ৮ জন মাত্র, যাঁদের মূল বেতন এক হাজার টাকার উপরে। গত পাঁচ বছরে এঁদের সংখ্যা একজনও বাড়ে নি। এইসব ব্যাপারে হস্তক্ষেপ করার কোন ক্ষমতা এ্যাডভাইসরী কমিটির নাই। যদি গভর্নমেন্ট মনে করেন ট্রামওয়ে এমপ্লয়িজদের ৫ টাকা মাগ্গীভাতা বাড়ান উচিত, এই এ্যাডভাইসরী কমিটির কোন ক্ষমতা নাই তাঁরা ট্রাম কোম্পানীকে বাধ্য করে বাড়াতে।• অথচ এই এ্যাডভাইসরী কমিটিতে তো গভর্নমেন্ট পক্ষই মেজরিটি, খাস গভর্নমেন্ট-এর মনোনীত প্রতিনিধি দু-জন, আরেক-জন গভর্নমেন্ট মনোনীত করবেন ট্রাম কোম্পানীর সঙ্গে পরামর্শ করে। যে ব্যাপারে এ্যাডভাইসরী কমিটির ক্ষমতা আছে, সে ব্যাপারেও তাঁরা কোম্পানীরই পক্ষ সমর্থন করেন। ট্রাম ওয়ার্কার্স ইউনিয়ন-এর রিকগ্‌নিসন-এর ব্যাপারে গভর্নমেন্ট বল্লেন ঐ ইউনিয়নকেই ট্রাম কোম্পানীরও স্বীকৃতি দেওয়া উচিত, কিন্তু

ট্রাম কোম্পানী আলাদা সংগঠন, তাঁরা যদি স্বীকৃতি না দেয় আমরা কি করতে পারি? এ্যাডভাইসরী কমিটি এ বিষয়ে কোম্পানীকে বাধ্য করতে পারতেন, কিন্তু তাঁরা কোম্পানীর যুক্তিই চোখ বুজে আউড়ে বল্লেন, ইউনিয়নে এমন লোক আছে, যাদের ট্রাম কোম্পানী পছন্দ করে না, সুতরাং ইউনিয়নের স্বীকৃতি হতে পারে না।

এমব্যাস্থায় এই ট্রাম কোম্পানীকে নতুন করে সরকার কেন টাকা ধার দেবেন তার কোন কারণ দেখতে পাই না। আপনারা কনস্ট্রাকটিভ সাজেসসন চান। তাহলে শুনুন, যদি ট্রাম কোম্পানীকে টাকা-পয়সা দিতেই হয় তাহলে ট্রাম কোম্পানীর ব্যাপার নিজের হাতে নিয়ে ট্রামওয়েজ এ্যাক্ট এ্যামেন্ডমেন্ট করুন, যাতে করে এ্যাডভাইসরী কমিটির পাওয়ার বাড়ে এবং কোম্পানীর সমস্ত ব্যাপার তত্ত্বাবধান করার জন্য যে রিকনস্টিটিউটেড এ্যাডভাইসরী কমিটি হবে তাতে লেবার রিপ্রেজেনটেটিভ, হাওড়া ও ক্যালকাটা করপোরেশন-এর রিপ্রেজেনটেটিভ এবং গভর্নমেন্ট রিপ্রেজেনটেটিভস থাকবে। তবেই সম্ভব হতে পারে আমাদের পক্ষে এই এ্যাডভান্স সমর্থন করা। যতক্ষণ এটা না হচ্ছে, দেশের টাকা ধার দেবার কোন কারণ দেখতে পাই না।

ষ্টেট ফাইন্যান্স করপোরেশনকে বাজেট থেকে দেখি ২ লক্ষ টাকা পর্যন্ত দিচ্ছেন। কিন্তু এটা ভোটে যাবে না, এটা নন-ভোটেবল, এতে কোন কথা বলা যাবে না, কোনরূপ পরিবর্জনের প্রস্তাব উত্থাপিত করা যাবে না। এই ফাইন্যান্স করপোরেশন-এর ডিভিডেণ্ড গ্যারান্টিড করবার জন্য সরকারী রাজস্ব থেকে প্রাইভেট ক্যাপিটালিষ্টদের টাকা দেওয়া হবে অথচ এই ফাইন্যান্স করপোরেশন বিড়লা, শ্রী ডি, এন, মিত্র প্রমুখ একটা গ্রুপ অফ মনোপলিষ্ট, এঁরা পরিচালিত বা কন্ট্রোল করবেন! এর অর্থ খুব সোজা। ছোট ছোট কলকারখানা যাদের সাহায্যের জন্য প্রকৃতপক্ষে এটা গঠিত হয়েছে, তাদের একেবারে গ্রাস করবার সুযোগ ও বন্দোবস্তই করে দেওয়া হয়েছে। এই ফাইন্যান্স করপোরেশন-এর ডাইরেক্টরস হ'লেন বিড়লা, শ্রী ডি, এন, মিত্র ইত্যাদি। এঁরা আমাদের সরকারের ঘনিষ্ঠ লোক। কাজেই একেই বলা হয় তেলা মাথায় তেল দেওয়া। ফাইন্যান্স করপোরেশন-এর ব্যাপারে আরো অবাক কাণ্ড: আমরা দেখছি: ১৯৫৪ সালে ৭টা ফার্মকে ধার দেওয়া হয়েছে, এর মধ্যে হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ওয়ার্কসও একটা, যার অন্যতম মালিক শ্রী ডি, এন, মিত্র? ১৯৫৫ সালে ধার দেওয়া হয় ৮টা ফার্মকে, যার ভেতর ৫টাই আগের বারও ধার পেয়েছিল। একই কোম্পানীকে বারবার টাকা দেওয়ার মানে হচ্ছে, যাঁরা বিগ বিজনেস-এর সঙ্গে সংশ্লিষ্ট, করপোরেশনের পরিচালকদের সঙ্গে সংশ্লিষ্ট, তাঁদের সেই কেটেরিকে সাহায্য করার জন্যই এই করপোরেশন চলছে এ-কথা পরিষ্কার বুঝা যায়।

তারপর ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড। একে ৯০ লক্ষ টাকার মত ধার স্যাংসন করা হয়েছে। কিন্তু এই ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর বাজেটও এখানে ভোটেবল নয়। যেখানে ভোট দেবার আমাদের কোন অধিকার নাই, এইরকম কোন প্রতিষ্ঠানকে কেন আমরা আমাদের সরকারের পয়সা থেকে ধার দেব? আর এখানেও পরিচালনা ব্যাপারে সেই একই কথা, এখানেও দি সেম গ্যাঙ্গ অফ বিগ বিজনেস। যাঁরা ষ্টেট ফাইন্যান্স করপোরেশন-এ আছেন, সেই শ্রীযুক্ত বিড়লা প্রমুখ ধনিকগোষ্ঠীই ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড কন্ট্রোল করছেন।' আসলে সরকারী আবরণে এখানেও সেই গ্রুপ অফ বিগ মোনোপলিষ্ট। সরকারের টাকায় যেখানে ডেভেলপমেন্ট হচ্ছে, তাতে যদি দেশের জনসাধারণের প্রতিনিধি না থাকে এবং ফাইন্যান্সিং-এর ব্যাপার কন্ট্রোল করতে না পারে তবে আমরা এর তীব্র প্রতিবাদ করবোই এবং যতক্ষণ পর্যন্ত না এইসব বাজেট ভোটেবল হয় ততক্ষণ আমরা কিছুতেই টাকা দিতে পারি না।

Sj. Haridas Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, অদূরভবিষ্যতে বৈদ্যুতিকশক্তি সারা বাংলায় -পল্লীগ্রামের ঘরে ঘরে জ্বলে উঠবে আলোর ঝলকানি, এ-কথা খুব সাড়ম্বরে বলা হচ্ছে। এর দ্বারা গ্রামীন মানুষের জীবনের নব-রূপায়ণের ব্যবস্থাই নাকি এঁরা করেছেন। গ্রাম থেকে গ্রামান্তর, পশ্চিম-বাংলার পশ্চিম-সীমান্ত থেকে উত্তর-পূর্ব সীমান্ত বৈদ্যুতিকশক্তি প্রবাহে উদ্ভাসিত ক'রে তুলবার আয়োজনপর্বে সরকার যে টাকা গ্র্যান্ট করাতে চাচ্ছেন, আমি তার তীব্র প্রতিবাদ করি।

গ্রাম্য-সামজকে নতুন জীবনে স্পন্দিত করে তুলবার ভার দেওয়া হচ্ছে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে। সম্প্রতি কলিকাতা পৌরসভার কাজে যে দুর্নীতি দেখা দিয়েছে, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর আভ্যন্তরীণ ব্যাপার নিয়ে ইতিমধ্যেই যে কলঙ্কময় ইতিহাস বেরিয়েছে, তাতে আমাদের মনে এই আশংকাই হচ্ছে যে, এই নবগঠিত বোর্ডকে এক-পয়সা দেওয়াও নিরাপদ কি না। কিছুদিন হ'ল সরকারী ডাইরেক্টরেট বৈদ্যুতিকশক্তি পরিচালনা গ্রহণ করেছিলেন, তারপর ১৯৪৯ সালের মে মাসের ১লা তারিখে ইলেকট্রিসিটি বোর্ড গঠন করে ২ কোটি ২৮ লক্ষ টাকার সম্পত্তি বোর্ডের হাতে তুলে দেওয়া হ'ল। গত বছর ৪৩ লক্ষ টাকা দেওয়া হয়েছিল এ বছর ৪০ লক্ষ টাকা আবার ধার দিচ্ছেন। আমি বোর্ডের আভ্যন্তরীন শোচনীয় অব্যবস্থা সম্বন্ধে যা জানি তার দু-একটা উদাহরণ আপনার সামনে দেব। যে প্রতিষ্ঠানে আমাদের হাত নাই, যে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড আমাদের সরকারের আয়ত্বাধীন নয়, তাতে আমাদের কোটি টাকা রয়েছে। এতে আমাদের কমপক্ষে তিন কোটি টাকা লগ্নী আছে। আজ এই বোর্ড তীব্র সমালোচনার সম্মুখীন হয়েছে। এর ৭ জন সভ্য আছেন। আমাদের রাজস্বমন্ত্রী শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয়ও এর সভ্য ছিলেন, তিনি পদত্যাগ করেছেন। যাদবপুর কলেজের প্রফেসার গুহও একজন সভ্য। কয়েকজন আবার পার্ট টাইম সভ্য। নন-অফিসিয়াল হ'লে সভ্যরা প্রতি মিটিং-এ যোগদানের জন্য ১০০ টাকা করে ভাতা পান।

[4-40—4-50 p.m.]

এখন প্রফেসর গুহ চলে যাবার পর যারা এই বোর্ডের মধ্যে আছেন, তাঁদের পোয়াবার হয়ে গেছে। কারণ, বোর্ডের সৃষ্টি হয়েছে মাত্র দু-বছর। এর মধ্যে স্বজন-পোষণ দুর্নীতি মাল-লোপাট বিরাট বন্যার মত ইতিহাস সৃষ্টি হয়েছে। অথচ জনসাধারণের সত্যিকার মঙ্গলের জন্য গ্রামীন জীবনকে এত নূতন চেতনার মাধ্যমে জাগরিত করবার জন্য এই বোর্ডের কাজ বিশেষ কিছু এখন পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি না। তাদের রেট কমে নি। এখন পর্যন্ত ইংরেজ আমলে ইলেকট্রিসিটি যে দরে পেত তা থেকে এতটুকু সস্তা দরে গ্রামের মনুষ পাচ্ছে না। আসলে বোর্ডের হর্তা-কর্তা-বিধাতা হচ্ছেন তিনজন। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার মিঃ ভৌমিক, আর একজন মিঃ চৌধুরী, এ্যাডমিনিষ্ট্রেটর, আর একজন মিঃ সরকার এ্যাকাউন্টস অফিসার, এই তিনজন বোর্ডের সমস্ত জিনিষ কব্জা করে রেখেছেন, তাঁরাই বোর্ডকে কন্ট্রোল করছেন। এই তিনটি বিভাগ, যার মাধ্যমে বোর্ড চলছে এবং যার মাধ্যমে নানারকমে সর্বাঙ্গীন কার্যকলাপ এগিয়ে যাবে সেই তিনটিই তারা নিয়েছেন। এই তিনটি মহাপ্রভু ত্রিরত্ন মিলে এ্যাপয়েন্টমেন্ট বোর্ড তৈরী করেছেন। কিন্তু এ্যাপয়েন্টমেন্ট বোর্ডের কোন পলিসি নাই, চাকরী কাকে দেওয়া হবে, কেন হবে, রিকুইসিট কোয়ালিফিকেসন কি, এসবের ধারও তাঁরা ধারেন না। কাগজে এ্যাডভারটাইজ করেন না, বিজ্ঞাপন দেন না, নিজেদের তাঁবেদার লোক যারা তাদের এ্যাপয়েন্ট করে দেন, যেমন আমি আপনার সামনে উদাহরণ রাখছি—বিনা এ্যাডভারটাইজমেন্ট-এ এসেছেন মিঃ এন, বোস, ইঞ্জিনিয়ার, মিঃ ভৌমিকের ভায়রা-ভাই। আর এসেছেন স্যার ধীরেন, যিনি চেয়ারম্যান, তাঁর সম্পর্কে ভাগ্নে এ, ঘোষ—বিনা এ্যাডভারটাইজমেন্ট-এই বোর্ডের মেম্বার হয়েছেন। ভৌমিক সাহেবের পোয়াবার হয়ে গেছে, তাঁর ৩০ জন আত্মীয় কম করে—নাম বলার প্রয়োজন নাই—এবোর্ডেইর নানা জায়গায় চাকুরীতে রেখে দিয়েছেন। আমার বিশ্বাস আমাদের মাননীয় বন্ধু শ্রদ্ধেয় বিমল সিংহ মহাশয় এসব ব্যাপার আমার চেয়ে ঢের বেশী জানেন। শুধু তাই নয়। এই মিঃ সরকার, মিঃ চৌধুরী, এই ত্রয়ীর মধ্যে যে দু'জন আছেন, তাঁরা তাঁদের ১০।১২ জন নিজের লোককে চাকুরী দিয়েছেন এবং এভাবে বোর্ডকে কব্জা করে রেখেছেন। আর এক ধরণের এ্যাপয়েন্টমেন্ট আছে যাকে বলে ওয়ার্ক চার্জ স্টাফ, তারা দিনমজুরী করে, তাদের চেক করবার জন্য যে অফিসাররা আছেন তাদের কোন সিলেকসন বোর্ড-এর থ্রু দিয়ে আনা হয় নি। আর কর্মচারীরা যা খুসী, যাকে খুসী চাকুরী দিয়ে দেন। এবং এর মাধ্যমে স্বজনপোষণের একটা চমৎকার বন্দোবস্ত হয়েছে। বোর্ডের প্রথম দিন, যেদিন মিটিং হয়েছিল, সেই ১৯৫৫ সালের মে মাসের ১৩ তারিখের মিটিং, ভৌমিকরা ত্রয়ীচক্র তৈরী করেছিলেন এবং এক দিনের এক মিটিং-এ ১,৩৫০ জনের চাকুরীর ব্যবস্থা করে নিলেন, যার ফলে ১,৩৫০ জন লোক বোর্ড-এর বিভিন্ন জায়গায়, সারা বাংলাদেশ জুড়ে রয়েছে। ভৌমিক চৌধুরী ও সরকার কোম্পানীর লোকেরা গুপ্তচরের

কাজ করছে এবং বোর্ডের নানা জায়গায় কে কি করছে না করছে, প্রতিদিন প্রতিটি খবর, প্রতি মুহূর্তে বোর্ডের হাতে এসে পেঁাছাচ্ছে। সম্প্রতি নিউ স্কীম বলে একটা স্কীম করেছেন, সেটা কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার বহির্ভূত, সেখানে তারা অনেক লোক নিযুক্ত করলেন। ১৪৩ জন, যাদের নিযুক্ত করলেন তারা টেম্পোরারী হ্যান্ডস কিন্তু আজ পর্যন্ত তারা আছে, যদিও তাদের কাজ দেওয়া হচ্ছে এবং আজকে এই ওয়ার্ক চার্জড স্টাফ পারমানেন্ট হবে কিনা এই প্রশ্ন যখন এসেছে তখন নিজেদের মধ্যে ঝগড়া বেধে গিয়েছে—যে যত খুসী করতে পারবে উপরওয়ালাদের, সেই পারমানেন্ট হবে, আর নিজেদের যারা আত্মীয়, তারাও পারমানেন্ট হবে। মিঃ ভৌমিক, ইঞ্জিনিয়ার, ২,৪০০ টাকা মাইনে পান, তিনি ব্লাড প্রেসার-এর রোগী, বোর্ডের ১২৩টি স্টেসন হবে সারা বাংলাদেশ জুড়ে এই ত তার প্রোগ্রাম। বাংলাদেশ ধনেজনে পূর্ণ হয়ে উঠবে, বাংলাদেশে একটা বিপ্লব এনে দেবে, সমস্ত দেশে ১২৩টা স্টেসন হবে এই ব্লাড-প্রেসার রোগী মিঃ ভৌমিক, ইন-চার্জ অফ দি বোর্ডের দ্বারা। তিনি কোথাও যেতে পারেন না, তাঁর পক্ষে যাওয়া সম্ভবও নয়, অথচ সারা বাংলাদেশ জুড়ে তাঁর ষ্টোর রয়েছে। তার ফলে ইনডিসিপ্লিন আসছে, ইনসাবর্ডিনেসন আসছে। মিঃ ভৌমিক কোথাও যান না, কোন জায়গা দেখতে পারেন না বলে আফিসের সাধারণ চাকুরেরা তাদের উপরওয়ালাদের চোখ রাঙ্গায়, বলেন ভৌমিক যান না, উপরওয়ালারা যান না, আমরা যাবো কোথায়? শুধু তাই নয়, মিঃ ভৌমিক শুধু যে এই করছেন তা নয়। আজ পর্যন্ত ২ বছরের বেশী, মিঃ স্পীকার, স্যার, এই বোর্ডের জীবন হয়ে গেছে। সেখানে আমরা কোটি কোটি টাকা দিয়েছি, তিন কোটি টাকা নিয়ে তাঁরা ছিনিমিনি খেলছেন, আজকেও ৪০ লক্ষ টাকা আমাদের কাছ থেকে চাইছেন। অথচ সেই বোর্ডের সাধারণ কর্মচারীদের জন্য কোন প্রভিডেন্ট ফান্ড নেই, কোন সার্ভিস রুল তাদের জন্য আজও পর্যন্ত তৈরী হয় নি এবং তাঁদের জন্য ষ্টেট এমপ্লয়ীজ ইনসিউরেন্স নেই। মগের মুল্লুক চলছে এই বোর্ডের মধ্যে। কাজেই আমরা আমাদের রাজস্বের টাকা কেন দেবে? বাংলার একটা প্রবচন আছে যে, "ধার করে দ্যায় ধার, সেই হয় আহাম্মুকের চার" এই আহাম্মুখ আমাদের সরকার কেন হ'তে যাবেন? তাঁদের হাতে আমরা কখনও টাকা দেবো না। বোর্ডের একটা পার্চেজ কমিটি আছে, মিঃ স্পীকার, স্যার, যার মাধ্যমে ২ কোটি টাকার মাল পার্চেজ হয়েছে। দুই বছরের মধ্যে সেই পার্চেজ কমিটি, সেখানেও ট্রি-পার্টাইট প্যাক্ট হতে চলেছে, সেই মিঃ ভৌমিক, মিঃ সরকার এবং মিঃ চৌধুরী যা-কিছু পার্চেজ করেন। কিন্তু তার মধ্যে একটা ফাঁক রেখে দিয়েছেন, এক লক্ষ টাকার উপর পার্চেজ হ'লে বোর্ডের সামনে আসতে হয়, আর এক লক্ষ টাকার নীচে পার্চেজ যা-কিছু তা এই কমিটির মাধ্যমে করা হয় এবং সবচেয়ে স্কেপ-গোট হয়েছেন একজন, তাঁর নাম হচ্ছে মিঃ আর, সি, শীল। তিনি ছিলেন ইঞ্জিনিয়ার, ভৌমিক তাঁকে আস্তে আস্তে, ধাপে ধাপে তলে ডিভিসনাল ইঞ্জিনিয়ার পার্চেজ করে দিয়েছেন। তাঁর কেলেঙ্কারীর কথা "আনন্দবাজার পত্রিকা" এবং "যুগান্তর" পত্রিকায় নেপথ্য দর্শনে এমনভাবে প্রকাশ করা হয়েছে, যাতে মিঃ ভৌমিক তাঁকে বাধ্য হয়ে রাতারাতি সরিয়ে নিয়ে গিয়েছেন ঐ পার্চেজ অফিসারের পোস্ট থেকে, আর একটা পোস্টে, সেটা আরো চমৎকার, সেটি মিঃ ভৌমিকের পার্সোনাল এ্যাসিস্টেন্ট। আজকে এইভাবে এই ডিপার্টমেন্টের সমস্ত ব্যাপারটাকে ধামা-চাপা দেওয়া হচ্ছে। টেন্ডারের ব্যবস্থা আছে কিন্তু সরকারী আফিসের চিরকালের নিয়ম যে টেন্ডার সবাইয়ের সামনে খুলতে হবে, কার লোয়েষ্ট টেন্ডার হয়েছে সেটা সবাইয়ের সামনে দেখতে হবে, অথচ এখানে টেন্ডার সবসময় সবাইয়ের সামনে খোলা হয় না, ডেট এক্সপায়ার করলেও টেন্ডার দেওয়া যায়। তা ছাড়া যাঁদের কন্ট্রাক্ট দেওয়া হয় তাঁদের মধ্যে আছেন জে, বি, রায় কোং তিনি হচ্ছেন ভৌমিকের নিজের ভায়রা-ভাই এবং এ্যাসোসিয়েটেড এইচ, বি, বলে একটা কোম্পানী, তিনি মিঃ সরকারের একজন ঘনিষ্ঠ আত্মীয়। তা ছাড়া মিঃ ভৌমিকের আর একজন ভায়রা-ভাই আছেন, তিনি সাপ্লাই ট্রান্সপোর্ট কোম্পানী নামে আর একটা কোম্পানী খুলে এই বোর্ডের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা নিয়ে চলে যাচ্ছেন। সম্প্রতি এই বোর্ডের একজন নন-অফিসিয়াল মেম্বার, প্রোফেসর গুহ, আর যাদবপুর কলেজে, তিনি এই পার্চেজ সম্বন্ধে তাঁর রিপোর্টে বলে গেছেন, আমি তাঁর একটা রিপোর্টের উল্লেখ করছি। "গত দুই বছরে আমরা প্রায় ২ কোটি টাকার জিনিষ কিনেছি

এবং সেইসব জিনিষ যাতে নষ্ট না হয়, চুরি না যায়, সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের জন্য ষ্টোরস এ্যাকাউন্ট্যান্টের কোন নিয়মাবলী আজও পর্যন্ত তৈরী হয় নি। ইট ইজ মোষ্ট ষ্ট্রেঞ্জ", এই বোর্ডের ষ্টোর সারা বাংলাদেশে ছড়িয়ে আছে এবং ঐ ষ্টোরের মধ্যে কি জিনিষ আছে, কোন সময়ে তা যদি পরীক্ষা করে দেখা যায়, তাহলে দেখা যাবে যে বহু জিনিষ লোপাট হয়ে গেছে। যেমন আমি বলছি হাবড়ায় একটা ষ্টোর আছে, হাবড়া ষ্টোরে তার লেজার বুকে দেখা গেছে যে ৬১ হন্দর সিমেন্ট আছে কিন্তু মেলাতে গিয়ে দেখা গেল যে তাতে ৫৫ হন্দর সিমেন্ট আছে। এইরকম ত ষ্টোরের ব্যাপার চলছে।

[4-50—5 p.m.]

লরি সাপ্লাই বোর্ডের নিজেদের ৬৫ খানা লরি চলে। মিঃ ভৌমিকের ভায়রা-ভাই, তাকে লরি সাপ্লাইয়ার হিসেবে রাখা হয়েছে। শুধু তাই নয়, ওদের এ্যাকাউন্টস অফিসার, যাঁর আগে নাম ছিল এ্যাকাউন্ট অফিসার, এখন তার নাম হয়েছে চীফ এ্যাকাউন্ট অফিসার, তাকে প্রমোশন দিয়ে ১০০ টাকা মাইনে বেশী দেওয়া হচ্ছে। যেহেতু তিনি এতদিন পর্যন্ত একদম এ্যাকাউন্ট রাখতে পারেন নি। গত দু-মাস আগে মিঃ জি. বাসু এ্যাণ্ড কোং থেকে একটা জগাখিচুড়ী অডিট করিয়ে নিয়েছে আমাদের খুসী করবার জন্য, চোখে ধুলো দেবার জন্য যখন এ্যাকাউন্টান্ট-জেনারেল-এর একটা অফিস বাংলাদেশে আছে, তখন আমরা চাইব, আমাদের টাকা, দেশের সাধারণ লোকের টাকা এ্যাকাউন্টান্ট-জেনারেল-এর মারফৎ অডিট করানো হোক। যারা এমনি করে দেশের সর্বনাশ করছে তাদের কোন রকমে টাকা দিতে আমরা রাজী নই। ডাঃ রায় আছেন, তাঁর কাছে দাবী করছি, তিনি একটা ওপেন এনকোয়ারীর ব্যবস্থা করুন। আজ বেলা দেড়টা থেকে বোর্ডের মিটিং হচ্ছে, ডাঃ রায় হয় ত সে খবর পেয়েছেন তাঁর কাছে তাই দাবী করছি, রাজস্বের টাকা যাতে এমনি করে নষ্ট না হয় তিনি তার ব্যবস্থা করুন এবং বোর্ডকে টাকা দেওয়া বন্ধ করুন।

Sj. Apurbalal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, লোন আণ্ডার আরবন ওয়াটার-সাপ্লাই স্কীম অনুযায়ী যে টাকা ব্যয়-বরাদ্দ করা হয়েছে তার মধ্যে হাওড়া মিউনিসিপ্যালিটীকে যে ১৩ লক্ষ টাকা দেওয়া হবে বলে শুনেছি সেটা হাওড়া মিউনিসিপ্যালিটী এলাকা সম্পর্কে যাঁরা সামান্য খোঁজ-খবর রাখেন তাঁরা জানেন যে শতকরা ৬০ জন পানীয় জলের অভাব ভোগ করছে। কাজেই এই ১৩ লক্ষ টাকাটা অতি সামান্য এবং আমি আশা করি সরকার এই টাকা বাড়িয়ে অন্ততঃ হাওড়া মিউনিসিপ্যালিটী এলাকায় দীর্ঘ দিনের জন্য যে জলের অভাব তা দূর করবার চেষ্টা করবেন।

তা ছাড়া এগ্রিকালচার অফিসে লোন দিয়ে যে সাহায্যের কথা বলা হয়েছে যে, তাদের এ্যাডভান্স দেওয়া হবে সেই সম্পর্কে বলছি, যে, গত বন্যার পরে এবারও চাষীর ভাল ফসল হয় নি এবং গত বারের তুলনায় চাষীদের অবস্থা বিশেষ সুবিধাজনক নয়। কিন্তু যে সামান্য টাকা এ্যাডভান্স দেওয়া হবে বলে ধরা হয়েছে, সে টাকা বিশেষ করে বিভিন্ন জেলার চাষীদের পক্ষে অপর্যাপ্ত হবে। আমি বিশেষ করে হাওড়া জেলা সম্বন্ধে বলতে পারি যে, হাওড়া জেলার সদর মহকুমার লোকের জন্য ১ লক্ষ টাকা লোন দেবার জন্য সরকারের কাছে দাবী করা হয়েছিল কিন্তু এখানকার কর্তৃপক্ষের তরফ থেকে আমি দেখছি সেই ১ লক্ষ টাকার জায়গায় মাত্র ২৫ হাজার টাকা এগ্রিকালচার লোন হিসাবে সদর সাবডিভিসনকে দেওয়া হয়েছে।

ক্যাটেল পারচেজ-এর ব্যাপারে আমি বলি যে, গত বন্যার সময় এবং পরে নূতন ঘাসের অভাবে হাওড়া জেলায় প্রচুর গরু-বাছুর মারা গেছে।

তার জন্য ক্যাটেল পারচেজ লোন হিসাবে ৪০ হাজার টাকা দাবী করা হয়েছিল মহকুমার তরফ থেকে। সেখানে ২০ হাজার টাকা দেওয়া হবে বলে জানান হয়েছে। হাউস রিপেয়ারিং লোন সম্পর্কে বলতে পারি যে, যত বাড়ী নষ্ট হয়েছে তার শতকরা ২০ জন এখনও সেই টাকা পান নি।

আর স্মল আর্টিকেল সম্পর্কে বলতে পারি যে খরচ ধরা হয়েছে, অর্থাৎ ৭ লক্ষ টাকা এ্যাডভান্স করা হবে তা আজ পর্যন্ত, এ বছরের খবর জানি যে, হাওড়া জেলায় আর্টিসান এ্যাডভান্স লোন হিসাবে একটি পয়সাও দেওয়া হয় নি এবং গতবারে যে ১৭ লক্ষ টাকা দেওয়া হবে ধরা হয়েছিল, এবার সেটা কম করে ৭ লক্ষ টাকায় দাঁড়িয়েছে।

তারপর লো ইনকাম গ্রুপ হাউসিং সম্পর্কে যে ব্যবস্থা আজ পর্যন্ত করেছেন, তাতে আমি অন্ততঃ হাওড়ার কথা জানি যে, সেখানে লো ইনকাম গ্রুপ-এর কোন লোক লোন পান নি।

আর একটা কথা—হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-এর জন্য এবার ৭·৪৪ লক্ষ টাকা এ্যাডভান্স দেবেন বলে ঠিক করা হয়েছে, কিন্তু লজ্জার সঙ্গে বলতে হয় সেখানে যে বে-সরকারী প্রতিনিধি নেবার কথা, সেখানে কংগ্রেসের তরফ থেকে একজনকে নিয়েছেন, আমরা আশা করেছিলাম, বে-সরকারী কংগ্রেসের একজন ছাড়া, বামপন্থী বা ইণ্ডিপেনডেন্ট দলের একজনকে তাঁরা সেখানে নিয়োগ করবেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সরকারের তরফ থেকে সেই ইম্প্রুভমেন্ট ট্রাস্ট থেকে দু'জন কংগ্রেসীকে নিয়োগ করা হয়েছে। হাউসিং স্কীম সরকারের কিছু আছে কিনা জিজ্ঞাসা করি, এটা দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে, হাওড়া এবং কলিকাতার বস্তী অঞ্চল আজ এমন পর্যায় এসে দাঁড়িয়েছে যে, তা বলবার নয়। কিছুদিন আগে সরকারের তরফ থেকে যে এনকোয়ারী করা হয়েছিল, ২১টা আরবান সেন্টার-এ, সে সম্বন্ধে যে রিপোর্ট পেশ করা হয়েছে সেই রিপোর্টে এক মর্মন্তুদ ছবি আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে, তাতে দেখতে পাই যে, লো ইনকাম গ্রুপ-এর মানুষ ১০০ টাকা পর্যন্ত যাদের আয় তারা ২০ থেকে ২৫ টাকা ভাড়া দেয় এবং ১০০ বর্গফুটের বেশী জায়গা পায় না এবং ২৭·৫ ভাগ লোককে একটা ঘরে ৫।৭ জন মিলে বাস করতে হয়, আর শতকরা ২২·৪২ লোককে ২ খানা ঘরে জীবন কাটাতে হয়। কলিকাতা এবং হাওড়ার মধ্যে যদিও দীর্ঘদিন ধ'রে ইলেকট্রিসিটি চলে আসছে, যারা এই সমস্ত বস্তী অঞ্চলের মানুষ তাদের শতকরা ২৬·৪৬এর জন্য এখনও ইলেকট্রিসিটির বন্দোবস্ত নাই; তা ছাড়া আরও মর্মন্তুদ যে হাওড়া ও কলিকাতার বস্তীবাসী যারা আছে শতকরা ৫৯ জন লোকের ওয়াটার সাপ্লাই-এর বন্দোবস্ত নাই, শুধু তাই নয়, জানালা দরজা নাই এমন ঘরের সংখ্যা শতকরা ৬, এক-একটা বেডরুমে পাঁচ জনের বেশী বাস করে থাকে তারও সংখ্যা কম নয় শতকরা ১৪ ভাগ।

এনকোয়ারী রিপোর্ট-এ যে তথ্য প্রকাশ পেয়েছে তাতে দেখতে পাই সাব-হিউম্যান কন্ডিসনে লোক আজকে বাংলাদেশের বড় বড় শহরে জীবন ধারণ করে—সরকারের তরফ থেকে নূতন হাউসিং স্কীম হবে, কিন্তু তাদের সেখান থেকে সরিয়ে নিয়ে একটা স্বাস্থ্যকর সভ্য বাসোপযোগী জায়গা তাদের জন্য করে দিতে হবে। কিন্তু দুঃখের সঙ্গে দেখা যায় এই ধরণের কোন হাউসিং স্কীম সরকারের কাছে পেঁছায় নি, এবং প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এরকম কোন হাউসিং স্কীম 'লো ইনকাম গ্রুপ'-এর বস্তু-অঞ্চলে: ওখান থেকে সরিয়ে অন্যত্র রাখার ব্যবস্থা সরকারের দৃষ্টিতে পড়ে নি। এই সম্পর্কে আর একটা কথা এখানে বিশেষভাবে উল্লেখ করা দরকার যে, আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তার উল্লেখ করতে গিয়েও উল্লেখ করেন নি। শেষের দিকে একটা কথা বলেছেন যে, তিনি আরও অনেক বিষয় বলতে পারলেন না সময় অভাবে। তবে একটা জিনিষ লক্ষ্য করা দরকার যে, ঐ যে—

'Amelioration of backward classes'

সেখানে দেখা যায় যে, গত বছর 'এষ্টিমেট' ছিল যে, ৩৫ হাজার টাকা ব্যয় করবেন, কিন্তু এই সামান্য ৩৫ হাজার টাকাও এ্যামিলিওরেশন অফ ব্যাকওয়ার্ড ক্লাসেস-এর জন্য ব্যয় হ'ল না, এত নগণ্য এটা মনে করেন; মাত্র ১২ হাজার টাকা হ'ল, বাকী টাকা ব্যয় হ'ল না। এবার মাত্র ১২ হাজার টাকা রেখেছেন কমিউনিটি ডেভেলপমেন্টে।

ব্যাকওয়ার্ড ক্লাস কমিশনস রিপোর্ট যা বেরিয়েছে তাতে দেখা যায় যে, কি তাদের হাউসের অবস্থা! যদি 'হাউসিং স্কীম' না থাকে, এই লোকগুলো যারা সমাজের সর্বনিম্ন স্তরের মানুষ, তারা কি দুঃখ-কষ্টের মধ্যে জীবন পাত করে, সে রিপোর্ট নিশ্চয়ই ডাঃ রায় পড়েছেন। কিন্তু তা সত্ত্বেও দেখছি গতবারের বাজেটে ৩৫ হাজার টাকা এবং এবার ১২ হাজার টাকা। তাহলে এইসব যে ব্যাকওয়ার্ড ক্লাস-এর লোক, তাদের হাউসিং স্কীমের মধ্যে সে টাকা কেন যে না দিতে পারবেন তা বুঝতে পারি না। সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, বাংলাদেশের হাউসিং স্কীমের অবস্থা কি? বোম্বাই এবং অন্যান্য মিউনিসিপ্যালিটীতে দেখি, সেখানে সাবসিডাইজ করা হয় লোয়ার ইনকাম গ্রুপ-এর জন্য মিউনিসিপ্যাল এমপ্লয়ীজ, মেথর স্ক্যাভেঞ্জার্স ইত্যাদি তাদের ব্যবস্থা হয়। আমাদের এই বাংলাদেশে সরকার এদিকে নজর দেন না।

[5—5-25 p.m.]

আমরা দেখেছি হাওড়ায় যে, তিন হাজার মুচি, মেথর রয়েছে, তাদের হাউসিং স্কীম-এ এই তিন হাজারে মধ্যে মাত্র ৩৫টি পরিবারকে স্থান দিয়েছেন। এরা ৫৭ টাকা মাইনে পায় এবং এদের ৮ টাকা হিসাবে বাড়ী ভাড়া দিতে হয়। এত কম মাইনে পায় অথচ মাত্র ৩৫টি পরিবারকে এই হাউসিং স্কীম-এর সুযোগ দিতে পেরেছেন। এই বিষয় আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ১৯৫৩ সালে সিডিউল্ড কাস্ট কমিশনার, জেড, এম, শ্রীকান্ট, তার যে রিপোর্ট প্রকাশ করা হয়েছে, সেই রিপোর্ট-এ বার বার বলেছেন যে, এদের হাউসিং ফ্যাসিলিটি প্রথম প্রেফারেন্স দিতে হবে। এই রিপোর্ট-এর ২।১টি কথা আমি বলছি—house sites should be granted to these people gratis or at a nominal cost. আমাদের ওয়েষ্ট বেঙ্গল ছাড়া অন্যান্য জায়গায় তাদের হাউসিং স্কীম-এর জন্য বিশেষ আইনের বন্দোবস্ত করা হয়েছে; এক্সিকিউটিভ অর্ডার পাশ করা হয়েছে। আমাদের এই পশ্চিমবঙ্গ সরকার হাউসিং স্কীম সম্পর্কে এ পর্যন্ত নীরব এবং এই সরকারের এ সম্পর্কে কোন নীতিও নেই। আমি ২।১টি প্রদেশের খবর সম্বন্ধে, স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

"Bihar Privileged Persons Homestead Tenancy Act, 1947, provides for better housing facilities to the privileged persons including these people."

সেখানে হাউসিং স্কীম নিয়েছে। বোম্বে ডিস্ট্রিক্ট মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুসারে স্লাম ক্লিয়ারেন্স স্কীম নিয়েছে, সেই স্কীম-এ গ্রান্টস দিচ্ছে সরকারের তরফ থেকে হরিজন লোকালিটিস এবং সেখানে ওয়াটার সাপ্লাই ও অন্যান্য ঘর তৈরী করার জন্য। মধ্যপ্রদেশে আমরা দেখছি—

"Madhya Pradesh Land Revenue Code, 1954—provision of Rs. 20 lakhs was made for granting loans in the First Five-Year Plan to Municipal Committees for construction of houses for sweepers."

সেই অনুসারে ২০ লক্ষ টাকা দিয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে, মিউনিসিপ্যাল এরিয়ার জন্য টাকা দেওয়া হচ্ছে। মাদ্রাজে দেখতে পাচ্ছি, উড়িষ্যা হাউসিং স্কীমএও টাকা দেওয়া হয়েছে; পাঞ্জাবেও দেখতে পাচ্ছি, পাঞ্জাব ভিলেজ কমন ল্যান্ডস (রেগুলেসনস) এ্যাক্ট, ১৯৫৩তে হাউসিং স্কীম করা হয়েছে। মিউনিসিপ্যালিটীর নিম্নতম কর্মচারীদের, মেথর, স্কাভেঞ্জারস, সুইপারদের জন্য বন্দোবস্ত হয়েছে। তাদের প্রত্যেককে ৬ শত টাকা, অন্যান্য লোককে ঘর তৈরী করার জন্য ২½ শত টাকা দেওয়া হয়। উত্তরপ্রদেশে দেখছি, উত্তরপ্রদেশ জমিনদারী এ্যাবোলিসন এ্যান্ড ল্যান্ড রিফর্মস এ্যাক্ট অনুসারে——

"landless agricultural labourer or landless servant of the village community, viz., Barhai, Dhobi, Lohar, sweepers, etc., ought to get first preference in obtaining house sites or homestead sites at a lower rate."

কিন্তু সমস্ত জায়গায়, অন্ধ্র থেকে আরম্ভ করে উত্তরপ্রদেশে, ভারতবর্ষের বিভিন্ন রাষ্ট্রে, বিভিন্ন জায়গায় হাউসিং স্কীম-এর ব্যবস্থা অবলম্বন করেছে, আর তখন ওয়েষ্ট বেঙ্গল সরকার সম্পর্কে এই কমিশন-এর রিপোর্ট বলছে যে,

The State Government have not adopted any legislative or executive measures specified for providing housing facilities to these people.

কাজেই সমস্ত দিক থেকে আমরা দেখছি—বিশেষ করে গত বৎসর ১৯৫৬ সালে যে রিপোর্ট বের হয়েছে। সেই রিপোর্ট অনুসারে আমরা দেখতে পাই যে, তারা বলতে গিয়ে বলেছেন যে, যারা মেথর, মুচি, হাওড়া ও কলিকাতার, যারা নিম্নস্তরে বাস করে, তাদের সম্বন্ধে রিপোর্ট দিতে গিয়ে এই রিপোর্ট পেশ করেছে—

"The plight of the Harijan employees in the Harijan locality Chingrighat platform, is really indescribable. The Harijans of this locality are engaged in loading and unloading city refuse emanating such a bad smell which makes the locality unfit for human habitation. At Gokhana the sweepers and scavangers live in dark dungeons where it is not possible to enter without a lamp even during day time."

এই যে অবস্থা, এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন রিপোর্ট-এ সরকার স্বীকার করে নিয়েছেন, কিন্তু কোন হাউসিং স্কীমই আজ পর্যন্ত সরকার পক্ষ থেকে গ্রহণ করা হয় নি বা সেখানে যে সমস্ত টাকা এ্যাডভান্স করা হয়, তা করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার মধ্যবিত্ত যারা, কর্মচারী, লো ইনকাম গ্রুপ, একশত টাকা থেকে ২½ শত টাকা বেতন পায়, তাদের সম্পর্কে বলেছেন যে, তাদের অবস্থা অত্যন্ত খারাপ। তাদের সম্পর্কে যে হাউসিং স্কীম নিয়েছেন এবং তাতে যে অর্থ ব্যয় করছেন তা অত্যন্ত অল্প। কিন্তু যারা তাদের চেয়ে নিচুস্তরের; সাব-হিউম্যান লেভেল-এ বাস করে তাদের মধ্যে—

59 per cent. live in houses having no arrangement for water-supply

এবং পায়খানা নেই, মোর দ্যান ৫০ পারসেন্ট। পশ্চিমবঙ্গে ছাড়া অন্যান্য সমস্ত প্রদেশে হাউসিং স্কীম নিয়েছে, সাবসিডি দেওয়া হচ্ছে, ফ্রি হাউস-এর সাইট দেওয়া হচ্ছে এবং টাকা দিচ্ছেন। সেইজন্য পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment*]

[5-25—5-35 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি প্রধানত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি মিউনিসিপ্যালিটীগুলির দুরবস্থা সম্বন্ধে। আপনি জানেন যে, বাংলাদেশের সমস্ত মিউনিসিপ্যালিটীগুলি আর্থিক অনটনে ভুগছে এবং সিটিজেনস লাইফ-এ যে মিনিমাম এ্যামেনিটিজ প্রয়োজন তা অর্থের অভাবে এই সমস্ত মিউনিসিপ্যালিটীগুলি দিতে পারে না। এই কথা সরকারের তরফ থেকে প্রায়ই বলা হয় যে, মিউনিসিপ্যালিটীগুলির অযোগ্যতার জন্য যথারীতি টাকা-পয়সা আদায় হয় না। সেই কারণেই সাধারণ মানুষের এই দুর্গতি ও দুর্ভোগ। কিন্তু আমি প্রধানতঃ যে এলাকা থেকে এসেছি, বেহালা অঞ্চল, সেই সম্পর্কে ২।১টি কথা বললেই সরকারের এই যে বক্তব্য কতখানি মিথ্যা, কতখানি বেঠিক তা সহজেই প্রমাণিত হয়ে যাবে। এ-কথা আমি মনে করি না যে, মিউনিসিপ্যালটীগুলির মধ্যে অযোগ্যতা নেই বা মিউনিসিপ্যালিটীগুলি দুর্নীতিপরায়ন নয়। তার প্রধান কারণ হচ্ছে এই মিউনিসিপ্যালিটীগুলি দখল করে বসে আছে কংগ্রেস। স্বাভাবতই কংগ্রেস পার্টি যেখানে দখল করে বসে, সেখানে দুর্নীতি বা অযোগ্যতা থাকবে না—এটা অসম্ভব ব্যাপার। কিন্তু তা সত্ত্বেও আমি জানি এই মিউনিসিপ্যালিটীগুলি যদি পরিপূর্ণভাবে কর আদায় করে তাহলেও কোনপ্রকারে জল ও ড্রেনেজ বা ঐরকম অত্যন্ত প্রয়োজনীয় জিনিষের ব্যবস্থা তারা করতে পারে না। সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটীর কথা বলছি, তাদের টোট্যাল ডিমান্ড

হচ্ছে ৫ লক্ষ টাকা। যদি ধরে নেওয়া যায় যে ৫ লক্ষ টাকাই আদায় হয়—যদিও আদায় হয় না, ৫৫ পারসেন্ট—যদি ধরে নিই যে ৪½ লক্ষ টাকার মত আদায় হবে, তাহলে এই ৪½ লক্ষ টাকার মধ্যে ৪ লক্ষ ৩২ হাজার টাকা ব্যয় হবে এস্টাবলিশ্টমেন্ট-এর খাতে। এইরূপ ক্ষেত্রে যদি শুধু মিউনিসিপ্যালিটীগুলির অযোগ্যতার উপর দোষ চাপান যায়, তাহলে আমি বলবো যে তাদের প্রতি অন্যায়, অবিচার করা হবে। আপনার মাধ্যমে সরকারের কাছে আমি এই প্রশ্ন রাখছি যে, যদি ধরে নেওয়া যায় যে, সমস্ত টাকাই আদায় হচ্ছে, তবুও এই সমস্ত মিউনিসিপ্যালিটীর পক্ষে পানীয় জল সরবরাহ করা সম্ভব কি না। সরকারী দপ্তরে একটা স্কীম পড়ে আছে, সেটা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটী স্কীম বলে পরিচিত। সেটা একটা ১৪ লক্ষ টাকার স্কীম। এই ১৪ লক্ষ টাকার স্কীম যেটা সরকারই ড্রাফট্ করেছেন সেটা সরকারের ঘরেই পড়ে আছে ১½ বৎসর হ'ল। এই মিউনিসিপ্যালিটীর আয় বৎসরে ৫ লক্ষ টাকা টোট্যাল, সেখানে এই যে ১৪ লক্ষ টাকার স্কীম করেছেন, সেই টাকা সম্পূর্ণ দিতে পারবে না, সেটা সরকার জানেন। এখানে এখন ১½ লক্ষ অধিবাসী বাস করে—আগে সেখানে ২০ হাজার লোক ছিল, এই জায়গায় যদি সেই প্রস্তাবিত টাকা না দেওয়া হয়, তাহলে পানীয় জলের এবং অন্যান্য যে-সমস্ত সমস্যা দেখা দিয়েছে, সেই সংকট থেকে পরিত্রাণ পাবার কোন উপায় নেই। সুতরাং এখনি যদি একটা ব্যবস্থা অবলম্বন করা না যায়, তাহলে সেখানে পানীয় জলের যে একটা অদ্ভুত সংকট দেখা দিয়েছে, সেই সংকট থেকে পরিত্রাণ পাবার আর কোন উপায় থাকবে না। কলেরা, ম্যালেরিয়া প্রভৃতি রোগ বিস্তারের প্রধান কারণ হচ্ছে সেখানে পানীয় জলের অভাব। আজ সেখানে চতুর্দিকে এই সমস্ত রোগ দেখা যাচ্ছে। এই মিউনিসিপ্যালিটীর আর একটা গুরুতর সংকট হচ্ছে—ট্রেঞ্চিং গ্রাউণ্ডস-এর ব্যাপার সম্পর্কে। এর জন্য সরকারের কাছে টাকা চাওয়া হয়েছে। যখন পূর্বে ২০।২৫ হাজার লোকের পপুলেশন ছিল, তখন ঐ একটা ট্রেঞ্চিং গ্রাউণ্ড-এ সব ময়লা ফেলা সম্ভব ছিল; কিন্তু এখন সেখানে, বেহালায় দেড় লক্ষ লোকের বাস। সুতরাং এখন ঐ একটা পুরান ট্রেঞ্চিং গ্রাউণ্ড-এ দেড় লক্ষ লোকের ময়লা প্রভৃতি ফেলা মোটেই সংকুলান হতে পারে না। সেই কারণে এই সমস্ত জায়গায় সরকারের পক্ষ থেকে আরও বেশী গ্রান্ট, লোন ইত্যাদি দিয়ে ট্রেঞ্চিং গ্রাউণ্ড-এর ব্যবস্থা করা উচিত। আমি আর একটা বিষয়ে সরকারের, বিশেষ করে বিধানবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই,—এটা অত্যন্ত নিকটবর্তী অঞ্চল, তিনি জানেন, সেখানে যদি ড্রেন-এর কোন পরিকল্পনা করতে হয়, তাহলে যেন একটু ভেবে-চিন্তে করা হয়। কারণ, বহুকাল পূর্বে সেখানে সরকারের প্রচেষ্টায় একটা স্কীম হয়েছিল, শোনা যায় সেই কাগজে প্ল্যান তৈরী করতেই ৫০ হাজার টাকা লাগবে, এই বিপুল অংক মিউনিসিপ্যালিটীকে স্বভাবতই একটা আতঙ্কের মধ্যে ফেলে দিয়েছিল। শোনা যায়, কেউ কেউ বলেন এই ড্রেনেজ স্কীম সম্পন্ন করতে অন্ততঃ কম পক্ষে ৫০ লক্ষ টাকার মত খরচ হবে। যদি মিউনিসিপ্যালিটীর টোট্যাল ডিমাণ্ড পরিপূর্ণ আদায়ও হয়, তাহলে এই ড্রেনেজ স্কীম কখনও কি করা সম্ভব হবে? এই ড্রেনেজ স্কমী কারা স্থির করবে, কারা গ্রহণ করবে, এই নিয়েই বছর বছর লেগে যাচ্ছে; ফলে সাধারণভাবে মিউনিসিপ্যাল যে ড্রেনেজ-এর মিনিমাম এ্যারেঞ্জমেন্ট থাকে তা না থাকার ফলে এইসব জায়গার দুর্গতির অন্ত থাকছে না। আমি গোড়তেই বলেছি এদের অযোগ্যতা আছে, দুর্নীতি আছে, তবুও এটা সত্য কথা, তাদের টোট্যাল রোজগার অর্থাৎ হান্ড্রেড পারসেন্ট কলেকসনও যদি হয়, তাহলেও জলের ও ড্রেনেজ, এই দুটা ব্যবস্থা করা এই সমস্ত মিউনিসিপ্যালিটীর পক্ষে অসম্ভব। তা ছাড়া ট্রেঞ্চিং গ্রাউণ্ড, রোড ডেভেলপমেন্ট প্রভৃতি এ্যারেঞ্জমেন্ট করা এই মিউনিসিপ্যালিটীর পক্ষে অসম্ভব। সুতরাং সমস্ত দায়িত্বটা তাদের ঘাড়ে না চাপিয়ে, সরকার নিজের দায়িত্বটুকু পালন করুন; তাহলে তার মধ্য দিয়ে কিছুটা দেশের অগ্রগতি হতে পারে।

Sj. Durgapada Das:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে যে-সমস্ত লোন-এর কথা শুনলাম, সেই সমস্ত লোন পল্লী-অঞ্চলে আমরা কিভাবে পাই, সে কথা এখানে বলতে চেয়েছি। চাষীদের ঘরে যখন অর্থ থাকে না চাষ করবার জন্য তখন তাদের ঋণ দেবার ব্যবস্থা আছে। এই এগ্রিকালচারাল

লোন গ্রুপ বেসিস-এ দেওয়া হয়। এই লোনগুলির জন্য ইউনিয়ন বোর্ড-এর মাধ্যমে ডিমান্ড যায় গভর্নমেন্টের কাছে, এবং সেইভাবে টাকা স্যাংসন করবার ব্যবস্থাও আছে। ইউনিয়ন বোর্ড সেখানকার অধিবাসীদের কাছ থেকে যে সমস্ত দরখাস্ত পান, সেই সমস্ত দরখাস্ত অনুযায়ী টাকা পাবার জন্য আবেদন করেন। কিন্তু দেখা যায়, সাধারণত গ্রুপ লোন-এর যত টাকা চাওয়া হ'ল সেই ইউনিয়নের জন্য, তার শতকরা ২৫ ভাগ স্যাংসন হয়ে এলো, বাকী এলো না। আবার টাকাগুলি যে সময় যত দেওয়া হবে তারও কোন ব্যবস্থা নেই।

মালদহ জেলার আমার বন্ধু মাননীয় সদস্য মনোরঞ্জনবাবু বলেছিলেন যে, তারা ভাদুই ধান লাগাবার জন্য লোন চেয়েছিলেন, সেই লোন আজও তারা পান নি, এবং সেখানকার চাষীরা আগামী চাষের আগে যে এই লোন পাবেন তারও কোন নিশ্চয়তা নেই।

দার্জিলিং জেলাতে শুনেছি, সেখানে যে-সমস্ত মনি-লেণ্ডারস আছে, প্রাইভেট মহাজন আছে, তাদের কাছ থেকে বাধ্য হয়ে, সময় মত সরকারের কাছেতে টাকা না পাওয়ার জন্য লোকে লোন নেয়, এবং যখন ফসল ওঠে তখন সেই জমিতে গিয়ে পাওনাদাররা ফসল নিয়ে আসে। আবার আশ্বিন মাসে যখন তারা চাষের লোন পায়, তখন সেটা নানাভাবে আমোদ-প্রমোদ করে খরচ করে ফেলে, অর্থাৎ চাষের ঋণ, চাষের জন্য খরচ করতে পারে না। গ্রুপ লোন ৫০ টাকা করে পাওয়া যাবে বলা হয়েছে কিন্তু তা দিয়ে চাষের কোন কাজ হবে না। ক্যাটেল পারচেজ লোন হিসাবে যে পরিমাণ টাকা দেওয়া হয়, তাতে গরু কেনা যায় না। গরু কেনবার মত যদি টাকা না দেওয়া হয়: তাহলে তার চেয়ে গরু কিনে দেওয়াই ভাল। কারণ, ঐ সামান্য টাকাটা বাড়ীতে নিয়ে এসে, বাকী টাকা খুঁজতে খুঁজতে, সে ঐ আসল টাকা, যেটা লোন নিয়েছে, সেটা খরচ করে খেয়ে ফেলে। সেই টাকায়, তার আর গরু কেনা হয় না। অর্থাৎ যে উদ্দেশ্যে ঋণ দেওয়া হ'ল, সেই উদ্দেশ্য ব্যর্থ হয়। ঋণের দায়ে চাষীর ঘাড় ভাঙ্গে, ঋণের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যায়। এইরকম একটা অবস্থা থেকে দেশকে মুক্ত করবার প্রয়োজনীয়তা আছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে—লোন যখন দেওয়া হবে, প্রয়োজন মত যেটুকু দরকার, সেই মত দেওয়া হোক এবং এটা সময় মত দেওয়া হোক। হাউস বিল্ডিং লোন কিভাবে ফ্লাড এ্যাফেক্টেড এরিয়াতে দেওয়া হচ্ছে সে বিষয়ে আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। আমি যেখান থেকে এসেছি, রামপুরহাট মহকুমা, সেখানকার কথা বলতে পারি, সেখানে ১০।১১ জনের বেশী কেউ হাউস বিল্ডিং লোন পান নি। তার কারণ, তাঁদের আইন এমন জটিলভাবে তৈরী হয়েছে যা পার হওয়া সম্ভবপর নয়। মানুষকে যদি ঋণ পেতে হয়, অর্থাৎ যার ঘরবাড়ী ভেঙ্গে গেল, সে যদি ঋণ চায়, তাহলে তাকে রেজিস্ট্রী অফিস থেকে ১২ বছরের কাগজপত্র খুঁজে দেখে, সার্চ করে বলতে হবে তার জমি দায়মুক্ত। এইমাত্র মন্ত্রীমহাশয়ের কাছ থেকে শুনলাম গ্রুপ লোন-এর জন্য পিটিসন করতে পর্যন্ত হয় না। গ্রুপ লোন সেও লোন, আর হাউস বিল্ডিং লোন সেও লোন তবে ফরমালিটিজ-এর এই রকম পার্থক্য করা কেন হয়? গ্রুপ লোন-এর ব্যবস্থা যদি উদার হতে পারে, তাহলে হাউস বিল্ডিং লোন চাষীকে দেবার সময় সেইরকম উদার ব্যবস্থা থাকবে না কেন? তাকে কষ্ট করে রেজিস্ট্রী অফিসে সার্চ-এর জন্য যেতে হবে কেন? এই হচ্ছে অবস্থা। রেজিস্ট্রী অফিসে সার্চ-এর ব্যাপার বেশ অসুবিধার সৃষ্টি করেছে, সেটাকে সহজভাবে করে দেওয়া দরকার।

লো ইনকাম গ্রুপ-এর লোন এত সামান্য লোক পেয়েছে যা বলা যায় না। সেখানে আরও শোচনীয় অবস্থা, বহু ফরমালিটিজ আছে। সেখানে ইন্টারেষ্ট শতকরা ৬।০ টাকা। যদি ২৫ বছরের লোন হয়, তাহলে সেটা বেড়ে সুদে-আসলে দেড়গুণ হয়ে যায়। সুতরাং আমার মতে সুদটা আরও কমিয়ে ৪ টাকা করলে ভাল হয়। এখানে ফরমালিটি এত জটিল যে বলা যায় না। তাদের সেই সার্চের ব্যবস্থা রেজিস্ট্রী অফিস থেকে করতে হবে। সেখানে যাতায়াত করতে যে পয়সা খরচ হবে, সেও কম নয়। লোন আবার সাব-ট্রেজারী থেকে পাওয়া যাবে না। ডিস্ট্রিক্ট ট্রেজারীতে গিয়ে আনতে হবে। বারবার যাতায়াত করতে বহু টাকা-পয়সা খরচ হয়ে যাবে এবং সে লোন যা পাবে তার একটা মোটা অংশ খরচ হয়ে যাবে। টাকা যা দেওয়া হবে তা তিনটা ইনস্টলমেন্ট-এ দেওয়া হবে, এবং তার জন্য ইন্সপেকসন-এরও ব্যবস্থা করা হয়েছে। ঘরবাড়ী ঠিকমত করছে কি না তা দেখবার জন্য ইন্সপেক্টর যাবেন,

ভাল কথা। কিন্তু সেই ইন্সপেকসন করবার জন্য ইঞ্জিনিয়ারিং স্টাফ কলকাতা থেকে নিয়ে যেতে হবে। অথচ সরকারী ইঞ্জিনিয়ারিং স্টাফ যেমন রোডস ডিপার্টমেন্ট, ইরিগেশন ডিপার্টমেন্ট, ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, ওয়ার্কস এ্যাড বিল্ডিংস ডিপার্টমেন্ট প্রভৃতি নানা ডিপার্টমেন্ট-এর বহু কোয়ালিফাইড ইঞ্জিনিয়ারিং স্টাফ পল্লী-অঞ্চলের শহরগুলিতে, যেমন রামপুরহাটে আছেন। এক রামপুরহাট হাসপাতাল দেখবার জন্যই একজন ইঞ্জিনিয়ার আছেন, কিন্তু এঁদের দিয়ে লো ইনকাম গ্রুপ-এর হাউস বিল্ডিং স্কমী-এর বাড়ী ইন্সপেকসন করান হয় না। কলকাতা থেকে ইন্সপেকসন স্টাফকে যেতে হবে এবং তার জন্য ট্রাভেলিং এ্যালাউন্স প্রভৃতির খরচ হবে। অর্থাৎ কোন একজন কর্মচারীকে কলকাতা থেকে নিয়ে যেতেই হবে, এবং তবেই সেই ইন্সপেকসন সিদ্ধ হবে। এই বিশুদ্ধ ইন্সপেকসন হবার পর, লোন-এর পরবর্তী ইনস্টলমেন্ট-এর টাকা পাওয়ার সুবিধা হবে, আর তা নাহ'লে টাকা পাওয়া যাবে না।

[5-35—5-45 p.m.]

এগুলি যদি সহজ ও সুলভ করে দিয়ে এই সরকারের যাঁরা এ ব্যাপারে ভারপ্রাপ্ত আছেন তাঁরা যদি দায়িত্ব নিয়ে দেখাশুনা করেন তাহলে লোকের হয়রানি কম হয় এবং গভর্নমেন্ট-এর টাকাও বাঁচে। মিউনিসিপ্যালিটীগুলিকে আরবান ওয়াটার সাপ্লাই-এর জন্য যে-সমস্ত টাকা দেওয়া হয় তাতে যে কি হয় আমরা কিছুই বুঝতে পারি না। রামপুরহাট মিউনিসিপ্যালিটী স্থাপিত হয়েছে অনেক দিন হ'ল। এই মিউনিসিপ্যালিটীতে স্বাস্থ্য উন্নয়নের কোন ব্যবস্থা নাই, পানীয় জল-সরবরাহের কোন ব্যবস্থা আজ পর্যন্ত করা হয় নি। লক্ষ লক্ষ টাকা আরবান ওয়াটার সাপ্লাই-এ খরচ করা হয়, এবং মফঃস্বলে রোড ইম্প্রুভমেন্ট-এর জন্য মোটা টাকার অঙ্ক খরচ করা হয়, এটা শুধু বাজেটে লেখা থাকলেই চলবে না, যাতে লোকে প্রকৃতই বুঝতে পারে যে, ওয়াটার সাপ্লাই এবং রাস্তাঘাট তৈরী ও মেরামতের কাজ কিছু কিছু হচ্ছে তার ব্যবস্থা করতে হবে। রাস্তাঘাটের শোচনীয় অবস্থার উল্লেখপ্রসঙ্গে রামপুরহাটের কথা সর্বাগ্রে করতে হয়, এদিকে কারুর দৃষ্টি নাই, একটা সাংঘাতিক দুরবস্থার মধ্যে আছেন রামপুরহাটবাসীরা। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ফ্লাড এ্যাফেক্টেড এরিয়ার কথা এবার বলব। যে-সব জায়গা বন্যাবিধ্বস্ত হয়েছে, সেখানে রিলিফ লোন দেবার ব্যাপারে, হাউসিং স্কীম-এ হাউস বিল্ডিং লোন দেবার ব্যাপারে আরো একটু সুব্যবস্থা করা যায় কিনা একটু ভেবে দেখতে বলছি। রামপুরহাট এরিয়ার যে-সমস্ত গ্রাম বন্যায় ভেঙ্গে গিয়েছে, সে-সব জায়গার লোককে মডেল ভিলেজ করা হবে ব'লে নিজেদের শ্রমে বাড়ী করতে নিষেধ করা হয়েছিল। এখন এই বর্ষায় তাদের কোনপ্রকার সেলটার থাকবে না। এই দুরবস্থায় সরকার লোককে এনে দিয়েছেন। আগামী বর্ষায় তারা একেবারে আশ্রয়হীন হয়ে পড়বে, এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Gopal Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই খাতে বলতে গিয়ে আমাদের সরকার যে নীতি গ্রহণ করেছেন, বিশেষ করে শহরাঞ্চলে, সে সম্পর্কে আমি দুয়েকটা কথা বলব। আমি ব্যারাকপুর মহকুমা থেকে এসেছি। ব্যারাকপুর মহকুমায় ১৫টি মিউনিসিপ্যালিটী আছে। বোধ হয় ভারতবর্ষের আর কোথাও এতগুলি মিউনিসিপ্যালিটী নাই এবং শিল্প-সংস্থানের এত ভাল বন্দোবস্তও নাই। এই সমস্ত জায়গাতে অনেক শিল্প গ'ড়ে উঠেছে, মিউনিসিপ্যালিটী গ'ড়ে উঠেছে, তা সবই প্রায় বিলাতী পুঁজিপতিদের প্রয়োজনে হয়েছিল এবং মিউনিসিপ্যালিটী-গুলির চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, সকলেই নমিনেটেড হতেন, তাঁরাই মিউনিসিপ্যালিটীগুলি দখল করতেন। তাঁরা যে ওয়াটার সাপ্লাই এ্যারেঞ্জমেন্ট করতেন তা সবই স্থানীয় মিলগুলির ওয়াটার সাপ্লাই এ্যারেঞ্জমেন্ট-এর সঙ্গে যুক্ত করতেন। এবং মিউনিসিপ্যালিটী এ্যাক্ট-এ যেভাবে মিউনিসিপ্যালিটীগুলি গঠিত হয়েছে তাতে করে সাহেব-সুবোদের অসুবিধা কম হত। তখনকার দিনের জলের যে ব্যবস্থা ছিল, তা থেকে মিউনিসিপ্যালিটীগুলি আজো

মুক্ত হতে পারে নি। মিলগুলিতে ওয়াটার সাপ্লাই-এর এ্যারেঞ্জমেন্ট বা ব্যবস্থা আছে, তাতে মেমসাহেবেরা শুক্রবার ও শনিবার তাদের সুইমিং পুলগুলি জলভর্তি করতে থাকে, যার ফলে মিউনিসিপ্যালিটীর সাধারণ লোক জল পায় না। এটার সত্যাসত্য মন্ত্রীমহাশয় যদি খোঁজ করেন তাহলে দেখতে পাবেন। ১৪টি মিউনিসিপ্যালিটীর এভাবে অসুবিধা ভোগ করতে হয়। কলকাতা এত কাছাকাছি তবু সরকারের কোন চিন্তা নাই। তাই আমার বক্তব্য হচ্ছে উপযুক্ত লোন ও এ্যাডভান্স দিয়ে তাদের স্বয়ংসম্পূর্ণ ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা করতে দেওয়া ছাড়া এর সমাধান নাই। নৈহাটি-খড়দহে একরকম অবস্থা। দার্জিলিং-এ দুটো রিজারভয়ার-এ দার্জিলিং-এর সমস্ত মানুষের প্রয়োজন মেটাতে পারে না। সেখানে আরও রিজার্ভয়ার করা দরকার। তারপর, খড়্গপুরের নন-রেলওয়ে এরিয়া, যেখানে শত-শত লোকের বাস, সেখানে জলের সুব্যবস্থা নাই। কল্যাণীতে লোকজন নাই, তাই সেটা তেমন জরুরী নয়। যেখানে সরকার সুবিধা মনে করছেন, সেইসব মিউনিসিপ্যালিটীতে একজিকিউটিভ অফিসার চাপিয়ে সেগুলি সুপারসেসন করেছেন—এর থেকে এই সরকারের "কিল মারার গোঁসাই, ভাত দেবার কেউ নয়" নীতির প্রকৃষ্ট পরিচয় পাওয়া যায়। তাই আমার বক্তব্য হচ্ছে, যদি মানুষকে বাঁচাতে চান তাহলে অবিলম্বে জলের ব্যবস্থা করা দরকার। এমন ব্যবস্থা করা দরকার যাতে মিউনিসিপ্যালিটীগুলি জলের ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ হ'তে পারে। তারপর, আপনারা জানেন সায়েন্টিফিক ড্রেনেজ সিস্টেম কোথাও নাই। যেসব জায়গায় সাহেবদের মিল ও কলকারখানা আছে সেসব জায়গায় অনেকটা ব্যবস্থা তারা করেছে। বর্তমানে যে অব্যবস্থা চলছে জল-নির্গমনের ব্যাপারে, তাতে লোকের স্বাস্থ্য নষ্ট হচ্ছে ও নানারকম অসুবিধা আছে। অথচ এখানে এই জল সরিয়ে দেবার পক্ষে ভাল ব্যবস্থা রয়েছে। ভাল ড্রেনেজ সিস্টেম-এর ব্যবস্থা করে এই জল গঙ্গানদীতে গড়িয়ে দেবার আউটলেট সৃষ্টি করা যেতে পারে। কিন্তু এদিকে সরকারের দৃষ্টি ও কোন চিন্তা নাই। এই বিষয়ে রামকৃষ্ণ মিশন স্কীম সম্বন্ধে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই।

[5-45—5-55 p.m.]

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের আজকে আলোচনা হচ্ছে দুটি খাতে, একটা দান, একটা ঋণ, অতএব আজকের দিনটা খুবই লোভনীয়। আমরা দেখে আসছি সরকার খুব দাতা, কর্নের সঙ্গেও তাঁদের তুলনা করা চলে এবং ঋণ যেভাবে তাঁরা দিতে আরম্ভ করেছেন তাতে তাঁরা যে খুব বড় মহাজন সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে ঋণ যাদের টাকায় দিচ্ছেন আমরাও তাঁদের সঙ্গে সংশ্লিষ্ট অর্থাৎ দেশের টাকায় সেই ঋণ দেওয়া হচ্ছে, অতএব সেই ঋণ কোথায় দেওয়া হচ্ছে এবং কিভাবে দেওয়া হচ্ছে সেটা বলার আমাদের অধিকার আছে।

অধ্যক্ষ মহাশয়, এইবার একবার আসুন সমুদ্র সৈকতে। সমুদ্রের ধারে প্রমোদ-উদ্যানের জন্য আমাদের এই গরীব দেশের টাকা থেকে ১০ লক্ষ টাকা দেনা দেওয়া হয়েছিল। সেখানে আমরা তার কিভাবে আদায় পেলাম বা তাতে দেশের কি উন্নতি হ'ল সেটা বিশেষভাবে জানতে চাই। আমি দীঘার কথা বলছি। সেখানে মাছ ধরার পরিকল্পনার কথা শুনেছিলাম, এখন দেখছি সে জায়গাটা চমৎকার সমুদ্র সৈকত প্রমোদ-উদ্যানে পরিণত হয়েছে, সেখানে জলকেলীর ব্যাপার চলছে এই অবস্থা। আমরা মনে করেছিলাম, জনসাধারণ সমুদ্রে স্নান করতে যাবে, গুড ফ্রাইডের সময় তাঁদের আহ্বান করা হ'ল, পোঁটলাপুঁটলী, ছেলেপিলে নিয়ে তাঁরা গিয়ে উপস্থিত হ'ল, কিন্তু তাঁদের সেখানে স্থান হ'ল না, তাঁদের সমুদ্রের ধারে থাকতে হ'ল। দেখা গেল যে, সেখানে ঘরবাড়ী যা কিছু সমস্তই মন্ত্রীরা এবং তাঁদের অনুগতেরা এবং সরকারী কর্মচারীরা ভর্তি হয়ে গেছে—এই ব্যাপারগুলি ঠিক কিনা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে এটা জানতে চাই। শুনেছি সেখানে তিনিও ছিলেন ঐ সময়। শুনতে পাই অনেক মন্ত্রীমহাশয় সেই সমস্ত ঘরবাড়ী এবং জায়গাগুলি নিয়েছে যে জায়গার উন্নয়ন হ'ল। আমাদের মাননীয় উপমন্ত্রী চিত্ত রায়ের চিত্ত-বিনোদন ক্ষেত্র থেকে আরম্ভ করে, আমাদের মৎস্যমন্ত্রী হেম নস্কর থেকে আরম্ভ করে, আমাদের কংগ্রেস নেতা

জে, সি, গুপ্ত থেকে আরম্ভ করে—অবশ্য ওঁদের সঙ্গে আমাদের বন্ধুত্ব আছে, ঈর্শার কিছু নেই, তাঁরা সেই জায়গাগুলির অধিকারী কিনা এবং কতগুলি জায়গার অধিকারী তার একটা তালিকা দিতে পারলে আমরা মনের মধ্যে কিছুটা সান্ত্বনা লাভ করতে পারতাম।

আর একটা ব্যাপার, স্যার, বারবার ৫ বছর ধরে আমরা প্রশ্ন করছি যে, ফাইন্যান্সিয়াল কর্পোরেশন যেটার কথা বল্লেন, আমাদের লাহিড়ী মহাশয়, যাদের দেনা দেওয়া হয়েছে; তার সদস্যদের নামগুলি কি? তারা তো আমাদের ভাসুর নয় যে, তাদের নাম করতে নেই। তাদের নামগুলি বলে দিলে আমরা সান্ত্বনা পাই, কোন্ কোন্ লোকগুলি আছে। আমাদের লাহিড়ী মহাশয় বল্লেন যে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে আরম্ভ করে যা কিছু হচ্ছে বে-সরকারী, আধা-সরকারী তার সবেতে আছেন বিড়লা সাহেব এবং স্যার ধীরেন মিত্র মহাশয়। তাই যদি থাকেন তাহলে আমরা যে সেই কথাই বুঝি যে, যে-কোন নাটকই আসবে তা শাজাহান আসুক আর চন্দ্রগুপ্তই আসুক, শ্রেষ্ঠাংশে সেই অহীন্দ্র চৌধুরী আর কানন বালা (হাস্য)। প্রজাতান্ত্রিক রাষ্ট্রে, কো-অপারেটিভ কমনওয়েলথের আবহাওয়ার মধ্যে এটা কেমন করে সম্ভব সে বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্বন্ধে অনেক কথাই হ'ল, ভৌমিক সাহেবের কথা আমি কিছু বলবো না, তাঁর সঙ্গে আমার খুব চেনাশুনা আছে কিন্তু এই যদি ঠিক হয় যে, সেখানে পঞ্চশালা চলছে, পঞ্চশ্যালক, এখানে ইয়ার নয়, ব্রাদার-ইন-ল, এটা যদি মিথ্যা বলে প্রমাণিত হয়, তাহলে আমরা মনে সান্ত্বনা পাবো, এরকম হওয়া উচিত নয়। ইলেকট্রিকে নাকি দেশশুদ্ধ আলো হয়ে যাবে। পল্লীগ্রামের লোকেরা ইলেকট্রিক উচ্চারণ করতে পারে না, তারা বলে সরকার গাঁয়ে গাঁয়ে বেগুন বাতি জ্বালিয়ে দিয়েছেন (হাস্য)। সেখানে রেট ১৷৷ পয়সা নাকি পড়তা পড়বে শুনেছি, দুই পয়সা করে ইউনিট কোলকাতায় দিচ্ছেন ডি, ভি, সি, আর বর্দ্ধমানে ৩ পয়সায় নিয়ে সে জায়গায় আমাদের দেওয়া হচ্ছে ৫ আনায়, আর এখানে ১০ পয়সায় দেওয়া হচ্ছে। ২ পয়সায় এনে ১০ পয়সা, ৩ পয়সায় এনে ৫ আনা। অবশ্য আমরা কিছুদিন কোলকাতায় থাকি, ঈর্ষাপরবশ হয়ে না, কিন্তু প্রজাতান্ত্রিক রাষ্ট্রে পোষ্টকার্ডের দাম কোলকাতায় যা, দিল্লীতে তাই, পল্লী-অঞ্চলেও তাই। সেজন্য আমি বলতে চাই, বর্দ্ধমানের উপর দিয়ে ডি, ভি, সি, লাইন এসে কোলকাতায় ১০ পয়সা দেয়, আর আমাদের বর্দ্ধমানের উপর দিয়ে আসবে, আমরা কম দামে পাব না, সেই "আমার বঁধুয়া আনবাড়ী যায়, আমারই আঙ্গিনা দিয়া" অথচ আমরা পাব না (হাস্য)। এদিকে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি, তিনি যেন এর একটা ব্যবস্থা করেন।

তারপর ভবঘুরেদের, মানষিক রোগে যারা বিব্রত, তাদের জন্য হাসপাতালের ব্যবস্থা করা হচ্ছে। আমাদের এই এ্যাসেমব্লীর মেম্বার ছাড়া আর কতগুলির এইরকম মাথায় এদিক-ওদিক আছে তা আমি ঠিক জানি না, তার ফিগার দেওয়া হয় নি। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি কৃতজ্ঞ এই জন্য যে, তিনি ভবঘুরেদের আড্ডা আমাদের বর্দ্ধমানে নিয়ে গিয়ে ফেলেছেন। গোলাপ-বাগের গোলাপ ফুলকে তুলে সেখানে নটে শাক বুনবার ব্যবস্থা করেছেন। আমি বলেছিলাম গোলাপ-বাগে অন্য ভাল কিছু করুন, কলেজ করুন, এগ্রিকালচারাল কলেজ করুন, মেডিক্যাল কলেজ করুন। এইসব না করে তিনি সেখানে ভবঘুরেদের আড্ডা করে ফেলে রেখে দিয়েছেন। আমি এ-কথা বলি যে, ভবঘুরে এবং মাথা খারাপ লোক বহু রয়েছে কোলকাতার বাজারে। সেদিন দেবেনবাবুর বাসায় গিয়ে দেখি ৪টা পাগল, এন্তার পাগল। সেই রামপ্রসাদের গান আছে "মা পাগল যার বাবা পাগল, তার দুঃখের কি আর অন্ত আছে" (হাস্য)। সর্বত্র পাগল। পাগলের চিকিৎসা করছেন সেটা ভাল কথা, হাসপাতাল হোক, আরো ব্যাপকভাবে হোক। দুটা জিনিষ, স্যার, আমাদের এখন আছে, খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেন মহাশয়ের এলাকায় চিড়ল, সেখানে বালা পড়ে পাগল ভাল হয়, আর স্বাস্থ্যমন্ত্রীর এলাকায় লাউ গাঁয়ের গস্তেশ্বরী বলে একটা ঠাকুর আছেন, সেখানে পাগল ভাল হয়। এই ত আমাদের চিকিৎসার ব্যবস্থা, এখন অবশ্য খানিকটা উন্নতি হয়েছে। আমি ত বারবার বলেছিলাম যে এ দেশের যে আর্থিক সঙ্গতি তাতে "বৈদ্য হচ্ছে তারকনাথ, পথ্য হচ্ছে পান্তাভাত"। যা করে হোক বাবা তারকনাথ ভাল করে দাও এবং পান্তাভাত খেয়ে সেই রোগ ভাল করে। যেমন

ধরুন, আমাকে যদি একটা পাগল বলেন, তাহলে আমি এক পাগল, ম্যাজিস্ট্রেট মহাশয়ের কাছে গেলাম, তিনি বল্লেন, ব্যবস্থা আছে, সরাসরি তাকে জেলে পুরে দিলেন। দিন কয়েক সেখানে স্নান করতে না পেরে, ভাল করে খেতে না পেয়ে যে এতটুকু পাগল ছিল, সে বদ্ধ-পাগল হয়ে চলে এলো, এই ত অবস্থা। সুতরাং এই যে পাগলামীর হাসপাতাল, সেই হাসপাতালটা পূর্ণভাবে হোক। যদি বলেন যে, কাটছো কেন, তাহলে আমি বলবো যে কাটছি রাগে, কেন না, বাড়াবার উপায় নেই, গভর্নমেন্ট দেন নি।

তারপর গ্রাম-পঞ্চায়েতের কথায় আসি। গ্রাম-পঞ্চায়েত আইন যেটা এখানে পাশ করেছেন তার সবই পঞ্চশাল, পাঁচেরই যুগ পড়েছে, আমরা লেফটিষ্ট পার্টীরাও পাঁচটা দল মিলে ঠিক করেছিলাম। যাহোক ভাল কথা, পাঁচ আঙ্গুল সমান হয় না। পল্লীগ্রামের লোকেরা ত পঞ্চায়েত দেখে তার পঞ্চত্ব প্রাপ্তির কামনা করছে। সেখানে এমন নমিনেশনের ব্যবস্থা করা হয়েছে, আমি স্যার, এই পক্ষে আছি তাই কিন্তু কংগ্রেস পক্ষের যাঁরা এটাকে সমর্থন করেছিলেন, তাঁরা সব এখন থেকেই গোঁফে চারা দিচ্ছেন, আমরা পঞ্চায়েত হব। ছায়া পঞ্চায়েত হয়েছে, কায়া পঞ্চায়েত এখনও হয় নি। দু'-বছর আগে কুলটীতে একটি পঞ্চায়েত সৃষ্টি হয়েছিল, আমার কাছে তার বিবরণ আছে। কুলটী ইউনিয়ন বোর্ডের এলাকাধীন বড়িরা গ্রামে পরীক্ষামূলক পঞ্চায়েত করা হয়েছে। সেই পঞ্চায়েতের মুৎসুদ্দি, তিনি এত বড় পঞ্চায়েত যে কথায় কথায় জরিমানা করছেন, তাঁর নিজের সার্বভৌম-রাজত্ব সেখানে সৃষ্টি করেছেন। এই ধরণের পঞ্চায়েত বিভিন্ন জায়গায় ছড়ানো রয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয়কে এই প্রসঙ্গে বলি যে, তিনি ত সব-বিভাগের মন্ত্রী, অধিকাংশ দায়িত্বই তিনি নিজে রেখে দিয়েছেন—সেদিন আমার এক বন্ধু বলছিলেন যে, বিমলবাবু এই বয়সেও শতকরা ৯০ ভাগ মন্ত্রী, আর প্রফুল্লবাবু ৫ ভাগ, আর এক ভাগ এক ভাগ করে ডাঃ আমেদ এবং ভূপতিদা আছেন, বাকী সব একেবারে নিল। সেইজন্য বলি যে, দেশে যদি পঞ্চায়েত গঠন করতে চান তাহলে পশ্চিমবাংলায় সমস্ত পল্লী-অঞ্চলের পক্ষ থেকে আমি এই দাবী করবো যে, পঞ্চায়েত হচ্ছে শাসন এবং ভবিষ্যৎ কাঠামোর মূল জিনিষ, সেজন্য সেটাকে সম্পূর্ণ পরিবর্তন করে নূতন করে ঢেলে সাজান, নূতন করে পঞ্চায়েত বিলকে সংশোধন করে আনুন, কিছুতেই নমিনেশন থাকতে পারবে না। নমিনেশন যদি থাকে তাহলে হাতে মাথা কাটবে এবং শীঘ্র পঞ্চায়েত বসবে, নমিনেশন দিয়ে এখন থেকেই কিছু কিছু সুরু হয়ে গেছে। চৌকিদার বেচারীদের যাদের ১০ টাকা বেতন ছিল, এই প্রজাতান্ত্রিক রাষ্ট্রে তাদের ১২ টাকা হয়েছে। আমাদের বড় চৌকিদার, বলবো না, স্যার, আমাদের রাষ্ট্রপতি, যিনি সব চেয়ে বড় নাগরিক, তাঁর সোসালিষ্টিক প্যাটার্ন আমরা বুঝতে পারি। বেচারা চৌকিদারেরা সবচেয়ে নিম্নতম হাকিম আমাদের সরকারের কিন্তু কে যে তার মনীব তার ঠিক নেই। ম্যাজিস্ট্রেট থেকে আরম্ভ করে যে মাথায় টুপি দেয়, সেই তার মনীব। অতএব দারোগা, দফাদার, মেম্বার, প্রেসিডেন্ট, তারপরে টিকেওয়ালা, লাইভস্টক অফিসার, যে যেখানে আছে সবাই তার মনীব। এই অবস্থা থাকা সত্ত্বেও সেই চৌকিদারের কি কদর। ইতিমধ্যে পঞ্চায়েতের এমন দাপট হবু পঞ্চায়েত হাবুজাতি ইউনিয়নে ঘটনা ঘটেছে, একেবারে চৌকিদারের পাগড়ীর অলসা কেড়ে নিয়ে বলেছে, জানিস ব্যাটা, আমি পঞ্চায়েত—এই ত অবস্থা।

[5-55—6-5 p.m.]

রায়না থানার উচানন ইউনিয়নে ঐরকম একজন পঞ্চায়েত 'নমিনেশন' পাবেন ব'লে ঠিক হয়েছিল, পেয়েছেন কিনা জানি না, কিন্তু তিনি সঙ্গে সঙ্গে একজনকে এক হাজার টাকা জরিমানা করেছেন এবং সঙ্গে সঙ্গে হ্যাণ্ডনোট লিখিয়েছেন যে, চাহিবামাত্র দিবার অঙ্গীকারে এক হাজার টাকা লইলাম। তাঁর সেখানে একটা কেস চলছে। বিশেষ কোরে তাঁরা লক্ষ্য রাখুন যে, পঞ্চায়েতের খাতে যে টাকা ধরা হয়েছে তাতে গতবার ১ লক্ষ ২৫ হাজার টাকা দিয়েছেন, এবার ১ লক্ষ ২৭ হাজার টাকা দিতে যাচ্ছেন। সেই পঞ্চায়েতের স্বরূপটা কি, সেই পঞ্চায়েত এই পঞ্চায়েত কি না মন্ত্রীমহাশয় সেটা ভালভাবে এই হাউসে বলবেন এটা আমরা বিশেষ কোরে আশা করি। আর দান—এমন জায়গায় দান করুন যাতে দেশের কল্যাণ হয়। মিউনিসিপ্যালিটিকে দান করেন, তা ভালই করেন। বর্দ্ধমান মিউনিসিপ্যালিটিকে দান

করেছেন জলের ব্যবস্থা করবার জন্য। তা ভালই করেছেন। আমরা ত জল খাব না বলছি না। কিন্তু স্যার! বর্দ্ধমানের মশা প্রসিদ্ধ মশা, লোকে ব'লে চুড়ুই পাখীর মত মশা। সেই মশা তাড়াবার জন্য সরকারকে কি আর বলব? ব'লে ব'লে হেরে গিয়েছি। 'রুর্যাল' এলাকায় মশা তাড়াবার জন্য ব্যবস্থা করেছেন, কিন্তু শহরে নয়। এতে রবীন্দ্র নাথের সেই কথা মনে পড়ে—

"পারে না বহিতে নদী জল ভার"

সেই কবিতার অনুকরণে আমরা বলি—

"পারে না সহিতে লোকে জ্বর ভার,
পেটে পেটে পিলে ধরে নাকো আর,
দিবসে শেয়াল ধরেছে খেয়াল
তোমার বাঁকার গাবাতে।"
তার মাঝে তুমি দাঁড়ায়ে জননী মশারি তোমার হাতেতে।"

এইটা পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ। সেই মশা তাড়াবার জন্য কোন ব্যবস্থা করছেন না। তা ছাড়া বর্দ্ধমানের কালনা, দাঁইহাট প্রভৃতি মিউনিসিপ্যালিটি সব দাঁত বার করে আছে। এবার নূতন শহর সৃষ্টি হচ্ছে। সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। আর বলছি যে, ডিষ্ট্রিক্ট বোর্ডটাকে যদি চালু রাখতে চান ত বেশী টাকা দিন, নাহলে উঠিয়ে দিন, পঞ্চায়েত প্রবর্তন করুন। তা নাহ'লে ভালভাবেই করতে বলছি।

অন্যদিকে আর একটা কথা বলছি। এবারের বাজেটে সেজন্য টাকা ধরা হয় নি—সেটা পরলোকের ব্যাপার, অর্থাৎ বেঙ্গল প্রভিন্সিয়াল রেলওয়ে বা বি, পি, রেলওয়ের—আমার অঞ্চলের যেটা। যখন দামোদরের বাঁধ ভাঙ্গে তখন সেই রেলওয়ের খুব মর্যাদা ছিল, কেন না সেটা না থাকলে দেশের কারও চলত না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশশুদ্ধ রেলে ভর্ত্তি হবে বলছেন কিন্তু পশ্চিমবঙ্গের ভাগ্যে যেখানে দু'-গজ রেল ভাঙ্গল না, তবু সেখানে দু'শ' গজ রেল ভেঙ্গে ফেলে দিলেন। রেলটা ভাল কোরে চালু করুন। পশ্চিমবঙ্গ সরকার ধার দিলে ভাল করতেন। আরও কিছু ধার দিয়ে সেটা যদি চালান যায়, সে ব্যবস্থা করুন এবং দেখুন অন্য কেউ চালাতে পারে কিনা। আর তা ছাড়া সেখানকার লোক যে কিভাবে যাবে তারও ব্যবস্থা করা হয় নি, বা বাস যদি চালু করতে পারতেন তাহলেও হ'ত।

তারপর, কৃষি লোন ও অন্যান্য গো-ক্রয় লোন-এর যে 'আইটেম' আছে, তা জানি। কিন্তু মধ্যবিত্ত লোনের সম্বন্ধে আমি একটা জিনিষ বলছি—এ লোনটা খুব উপযোগী—বোধ হয় মন্ত্রীমহাশয়ের মনের মধ্যে আসে নি—সেটা স্যার। কন্যা লোন। মেয়েদের বিয়ের 'লোন' মধ্যবিত্ত সমাজের। অন্ততঃ সে সম্বন্ধে যদি প্রতিশ্রুতি দেন যে, আইন-সভার সভ্যদের বেলা এটা প্রযোজ্য হবে তাহলেও আশার কথা ছিল। অবশ্য তাঁর মানস-কন্যা কল্যাণীর উন্নতির জন্য বহু টাকা লোন করেছেন; অন্য সব কন্যাদের প্রতি একটু দৃষ্টি দিন না। আমি এটা লঘুভাবে বলছি না; মধ্যবিত্ত সমাজের মধ্যে কন্যার বিবাহের ঋণ দেওয়া অত্যন্ত প্রয়োজনীয়। এটাতে তিনি বিশেষ কোরে দৃষ্টি দিন।

আর একটা জিনিষ—ভাল জিনিষ একটা করতে পারেন। পশ্চিমবাংলায় শুধু 'ক্যানাল' কাটা নয়, বড় বড় দীঘিগুলো যে চ'লে গেল। তিনি বুড়ো হয়েছেন, কাজেই জানেন যে এক একটা মস্ত বড় দীঘি ছিল। আমার রায়না এলাকায় কুড়িটা বড় বড় দীঘি আছে। এসব দীঘি যে মজে গেল! ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট ডিপার্টমেন্টের তরফ থেকে দীঘিগুলোর সংস্কার করার ব্যবস্থা করুন। টাকা বরাদ্দ যদি কন্ট্রাক্টরের মাধ্যমে করেন ত চমৎকার হবে, স্যার। উড়িষ্যার চুল ছাঁটার মত ব্যবস্থা হবে: সেখানে দীঘির পাশাপাশি এক লাইন চাকা চলে, কিন্তু পুকুরের উদ্ধার হয় না। তাই বলছি সমস্ত দৃষ্টি দিয়ে এই দীঘি উন্নয়নের জন্য যদি চেষ্টা করেন

তাহলে আমাদের মৎস্যমন্ত্রী হেম নস্কর মহাশয়ের দাবী না হ'লেও আমাদের সেখানে মৎস্য হবে এবং দেশশুদ্ধ লোক খেতে পাবে সেই মৎস্য, এবং সেগুলোর ডানা হয়ে উড়ে যাবে না, ডানাহীন মৎস্যই হবে; এটা বিশেষ করে বলি।

আজ জমিদারী উঠে গেছে, মহাজনী উঠে গেছে, আজ নূতন জমিদার এবং মহাজন হয়েছেন সরকার, এ-কথা বার বার বলা হয়েছে। কিন্তু সেই মহাজন আর খাতকদের মধ্যে ব্যবহার কি রকম? আজ যারা দেশের উৎপাদন করবে তারা যেন ভিখারী; তাদের ঘরে লোন পেঁাছে দেবার কোন কথা নেই। আজ কৃষি-ঋণ যা দেওয়া হয়, আমিও বার বার বলি যে, বর্তমান সরকারের যা সেরেস্তা, তাতে সেটা দুপুর বেলা পথ ভ্রমণের ব্যবস্থা। কবিরাজ মহাশয় বলেছেন, পথ ভ্রমণ করবে, তাই সকাল বেলা সময় পাই না ব'লে দুপুর বেলা বেড়াই, এতো সেই রকম। আজ লোন দিচ্ছেন কেন? না, তারা ধান-চাল কিনবে; কিন্তু এই শ্রাবণ মাসে যে বাজারে ধান-চালের দাম সব চেয়ে বেশী। আর আদায় করবেন কখন? না, ধানের যখন মাটির দর, সবে উঠছে। এটা বুদ্ধির অভাব। এটা ইচ্ছাকৃত অপরাধ না হ'তে পারে। সুতরাং এটার সংশোধন কি কোরে করা যায় সেইটা দেখুন। তা ছাড়া ম্যাজিস্ট্রেট, এস, ডি, ও, ও সার্কেল অফিসার—এই তিনজন ধার দেন, এবং সদরে গিয়ে যদি ধান নিতে হয় তাহলে সর্বনাশকর ব্যাপার। মানুষের যাতায়াতে এই যে মজুরী খরচ হয়, তার উপর কষ্টও আছে কিন্তু পাওয়ার বেলা সর্বনিম্ন গো-ক্রয়ের ঋণ ২০ টাকা। আমেদ সাহেব বুঝি এবার ৫০ টাকা গরু-ক্রয়ের ঋণ করবেন বলেছেন। তারপর ঋণ পেলে কে? সত্যকার যারা চাষ করবে তারা ঋণ পেল না। অর্থাৎ যার মাথা নেই তার মাথা ব্যাথা। সরকার থেকে ঋণ যেভাবে বিলি করা হচ্ছে তার ভিতর দেখি সেই রকম ব্যবস্থা। আমার কাছে 'লিষ্ট' রয়েছে, বানে যাদের ঘর ভেঙ্গেছে, তাদের লোন দেওয়া হয় নি, বোধ হয় পুনরায় যখন বান আসবে, তখন দেওয়া হবে। এদের প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে, তোমাদের সব ব্যবস্থা করব, কিন্তু দুই-এক জায়গায়, যেখানে টাকা দেওয়া হয়েছে, সেখানে অন্ততঃ যদি অনুগ্রহ কোরে তদন্ত করেন তাহলে দেখবেন যে কি ব্যবস্থা হয়েছে। আমার এলাকা রায়না থানার বড়বিল ইউনিয়ন। সেখানকার বন্যাবিধ্বস্ত, যাদের ঘর পড়ে গেছে তারা ঋণ পায় নি, আর যাদের ঘরের পাশে বান ওঠে নি, যারা উঁচু জায়গায় বাড়ী করেছে, তারাই ঋণ পেয়েছে। আমার কাছে নাম রয়েছে, তা পড়ে শোনাচ্ছিঃ—

নিম্নলিখিত ব্যক্তিদের ঘর বিধ্বস্ত হয় নি অথচ তাদের সাহায্য দেওয়া হয়েছে—

(১) রাম বারিককে ৭৫ টাকা দেওয়া হয়েছে, (২) যতীন বারিককে ৯০ টাকা দেওয়া হয়েছে, (৩) জগবন্ধু শিব ৯০ টাকা পেয়েছে, কিন্তু ঘর করে নি, (৪) অনিল ১০০ টাকা, (৫) নিত্যানন্দ ১০০ টাকা, (৬) গৌরচন্দ্র, (৭) রামপদ, (৮) বলাই বারিক ১০০ টাকা কোরে পেয়েছে কিন্তু ঘর করে নি।

এই ত হ'ল অবস্থা। যারা অবস্থাপন্ন লোক, তাদের কাছেই গিয়েছে, আর যারা অবস্থাপন্ন নয় তাদের কাছে যায় নি। এইভাবে যেটুকু ঋণ দিচ্ছেন তাও শেষ হয়ে গল। তাই বলছি যে, লোককে সাহায্য দেবেন শুধু দয়া কোরে নয়, সাহায্য সিঞ্চিত করতে হবে। এরা যেন পরিপূর্ণভাবে 'লোন' পায়। যার ক্ষুধা আছে, যার না হ'লে চলে না, তাকে দিতে হবে, সে তো দেশ ছেড়ে পালাবে না। কাজেই এই 'লোন'-এর ব্যাপারে বর্তমান ইউনিয়ন বোর্ড বা পঞ্চায়েতের সমস্ত লোককে ডেকে যে সত্যকার পাওয়ার উপযুক্ত তাকেই দেওয়া উচিত। সর্বোপরি এই কথা যে, চিরকাল বন্যা হবে, দুর্ভিক্ষ হবে, লোন দেওয়ার ব্যবস্থা করতে হবে, কিন্তু এই রীতিতে চলবে না। সেইজন্য বলছি গ্রামে গ্রামে এক-একটা কৃষি ব্যাঙ্কের প্রয়োজন, সেই ব্যাঙ্কের মারফৎ তারা যেন ঘরে বসে ঋণ, বা শস্য বা বীজ ধান পায়। এইভাবের ব্যবস্থা যতদিন না হবে ততদিন এর পরিসমাপ্তি হবে না।

[6-5—6-15 p.m.]

Sj. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহোদয়, এর আগে মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী মহাশয় ভালভাবে দেখিয়েছেন যে, লোনস এ্যাণ্ড এ্যাডভান্সেস বড় বড় কোটিপতিদের দিয়ে কিভাবে সরকার পুষ্ট করছেন। আমি দেখাতে চাই বাংলাদেশের যে ১½ কোটি কৃষক, যারা অত্যন্ত দুরবস্থায় আছে, দেশের সরকার কিভাবে তাদের সঙ্গে ব্যবহার করছেন। প্রথমে আমি বাজেটের কয়েকটি পরিসংখ্যানের কথা বলতে চাই। কৃষি খাতে ঋণ ১৯৫৫-৫৬ সালে ১ কোটি ২০ লক্ষ টাকা ছিল; ১৯৫৬-৫৭ সালে বেড়ে ২ কোটি টাকা দেওয়া হয়েছিল; ১৯৫৭-৫৮ সালে বন্যা ও দুর্ভিক্ষের মাঝে দেওয়া হ'ল মাত্র ১ কোটি ১০ লক্ষ টাকা। আর্টিসনস লোন গতবারে ১৭ লক্ষ টাকা ছিল, এবার বরাদ্দ করা হয়েছে মাত্র ৭ লক্ষ টাকা। ক্যাটেল পারচেজ লোন গতবারে দেওয়া হয়েছিল ৩৭ লক্ষ টাকা, এবার দেওয়া হয়েছে ২৮ লক্ষ টাকা। আর একটা সংখ্যা আমাদের জানা দরকার—অন্ততঃ বাজেটে দেখতে পাচ্ছি যে এর দরুণ কেন্দ্রীয় সরকার বাংলা-সরকারকে লোন হিসাবে—কৃষি লোন, গৃহ-নির্মাণ লোন এবং আর্টিসনস লোন প্রভৃতির জন্য সাহায্য করেছেন ১ কোটি ৭৭ লক্ষ টাকা; উত্তর বাংলার বন্যা নিয়ন্ত্রণের জন্য ৫০ লক্ষ টাকা, মোট ২ কোটি ২৭ লক্ষ টাকা, আমরা দেখছি দিচ্ছেন কেন্দ্রীয় সরকার এবং দেখতে পাচ্ছি বাংলা গভর্নমেন্ট কৃষি-ঋণ দিচ্ছেন ১ কোটি ১০ লক্ষ টাকা, গৃহ নির্মাণের জন্য ৬০ লক্ষ টাকা, এবং আর্টিসনস লোন দিচ্ছেন ৭ লক্ষ টাকা, মোট ১ কোটি ৭৭ লক্ষ টাকা দিচ্ছেন। অর্থাৎ বাংলা গভর্নমেন্টের নিজস্ব আয় থেকে কোন বরাদ্দ কৃষি-ঋণের জন্য করা হয় নি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকাটা পাওয়া যাচ্ছে, সেই টাকাটাই দেওয়া হচ্ছে। এখানে বাংলা গভর্নমেন্টের বাজেটে আছে—পাবলিক ডেট ও পাবলিক এ্যাকাউন্টস ফাণ্ড থেকে প্রায় ১১৩ কোটি টাকা, আর রেভেনিউ বাজেট-এ ৫০ কোটির অনেক বেশী টাকা—এই বাংলাদেশের ১½ কোটি কৃষককে সাহায্য করার জন্য। অর্থাৎ তাদের জন্য এক পয়সাও বরাদ্দ করা হয় নি। এই হচ্ছে কৃষকদের প্রতি বাংলা সরকারের দরদ। মাননীয় স্পীকার মহাশয়, শুধু এটাই নয়, কেন্দ্রীয় গভর্নমেন্টের দেয় টাকা হতে রিলিফ খাতে, বাংলা গভর্নমেন্ট খরচ করছেন প্রায় ১ কোটি ৩১ লক্ষ ৯৫ হাজার টাকা। আমাদের বরাদ্দ গ্রাচুইসাস রিলিফ ও টেষ্ট রিলিফ-এর জন্য মাত্র ২ কোটি টাকা। অর্থাৎ বাংলা গভর্নমেন্টের বাড়তি ফাণ্ড থেকে দেওয়া হচ্ছে ৬৮ লক্ষ টাকা। এই প্রসঙ্গে একটা কথা পরিষ্কার করা দরকার। এখানে মডেল ভিলেজ স্কীম-এ ফাইন্যাল গ্রান্ট দিচ্ছেন ৭৫ লক্ষ টাকা, সেখানে কেন্দ্রীয় গভর্নমেন্ট থেকে লোন পাওয়া যাচ্ছে আরো ৭৫ লক্ষ টাকা সাহায্যের জন্য। দুইটি মিলিয়ে মোট ১½ কোটি টাকা। অথচ মুখ্যমন্ত্রী মহাশয় বাজেট বক্তৃতায় বলেছেন যে, ১ কোটি ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে কিন্তু বরাদ্দ যা করেছেন তাতে দেখা যাচ্ছে ১ কোটি ২০ লক্ষ টাকা—এর কোনটা সত্য? এই ১½ কোটি টাকার আর ৩০ লক্ষ টাকা যাচ্ছে কোথায়। তাহলে বাজেটে যে টাকা দেওয়া আছে ১ কোটি ৫০ লক্ষ টাকা, সেটা বুঝিয়ে বলা দরকার আছে। মাননীয় স্পীকার মহোদয়, আমাদের দেশে কৃষির যে অবস্থা, এই কৃষির যদি উন্নতি করতে হয় তাহলে শুধু বক্তৃতা দিয়ে উন্নতি করা যাবে না। কৃষকের সবচেয়ে বেশী প্রয়োজন চাষের সময় কৃষককে সাহায্য করা। মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন, আমাদের যে জমি আছে, তাতে শতকরা ৭০ জনের যে জমি আছে তা থেকে তাদের সাম্বৎসরিক খোরাক হয় না। সুতরাং তাদের যদি বাঁচাতে হয় তাহলে তাদের যথেষ্ট সাহায্য করতে হবে। ভারত সরকারের তদন্ত কমিটি বলেছেন, ভারতবর্ষে প্রতি বৎসর ৭½ কোটি টাকা ঋণের প্রয়োজন কৃষির জন্য। কিন্তু বাংলাদেশের ৪টি জেলার তদন্ত করে যে হিসাব দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে বাংলাদেশে ৫০ কোটি টাকার মত লাগে, তাও কম। অথচ গভর্নমেন্ট শতকরা ৩ টাকার বেশী দিচ্ছেন না। বাংলাদেশেও এর ব্যতিক্রম কিছুই নেই। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা দেখতে পাচ্ছি, ১৯৫৬-৫৭ সালের বরাদ্দ, আর ১৯৫৭-৫৮ সালের বরাদ্দ, এমন কি ১৯৫৬ হ'তে ১৯৬১ পর্যন্ত এই ৫ বৎসরে দেখতে পাচ্ছি যে, কৃষি ঋণের উপর বিশেষ জোর দেওয়া হয় নি। মুখ্যমন্ত্রী মহাশয় আগেই বলেছেন যে, কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর মারফৎ গ্রুপ লোন দেওয়া হচ্ছে। ১৯৫৪-৫৫ সালে ৭৮ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, এবার বলেছেন এ-বৎসর ১ কোটি টাকা

দেওয়া হবে। কো-অপারেটিভ লোন দিচ্ছে এক কোটি টাকা এবং সরকার দিচ্ছেন ১ কোটি টাকা গ্রুপ লোন, দুইটি মিলিয়ে ২ কোটি টাকা। যেখানে বাংলাদেশে কৃষকদের জন্য ৫০ কোটি টাকার প্রয়োজন, সেখানে গভর্নমেন্ট থেকে দিচ্ছেন মাত্র দুই কোটি টাকা—শতকরা ৪ টাকার বেশী নয়। তাই যদি হয় তাহলে গ্রামের কৃষককে কি করে বাঁচাবেন জানি না। এর ফলে কৃষকরা গোপনে মহাজনদের কব্জার মধ্যে গিয়ে পড়ছে, এবং এর দ্বারা তাদের আগের মতই শোষণ করার ব্যবস্থা করা হচ্ছে। যাঁরা গ্রাম থেকে এখানে এসেছেন, তাঁরা জানেন যে, কৃষকরা হাত পাততে বাধ্য হয় মহাজনের কাছে। মহাজনরা তাদের কাছ থেকে ৫০০ টাকার জমি ২০০ টাকায় বিক্রয় কবলা লিখিয়ে নিয়ে টাকা দেয়। এখানে তাঁরা এইভাবে মহাজনদের সুযোগ সুবিধা করে দেওয়া হচ্ছে। এইমাত্র আমি বলতে চাই যে, বাংলাদেশের গভর্নমেন্ট কৃষি ঋণের খাতে বরাদ্দ না বাড়িয়ে বরং কমিয়ে দিয়েছেন, এর ফলে তাঁরা বাংলার কৃষককে মারার ব্যবস্থা করছেন এবং বাংলার কৃষকদের মহাজনদের কব্জার মধ্যে রেখে দেবার চেষ্টা করছেন—এই বিষয়ে এই কথাই বলতে চাই। গত বৎসর যেখানে বাংলা গভর্নমেন্ট ২ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন, এবার কি ভেবে ১ কোটি ১০ লক্ষ টাকায় নেবেছেন। গতবার বন্যা হয়েছিল এবং বন্যা বিধ্বস্ত হবার ফলে এ-বৎসর ব্যাপকভাবে দুর্ভিক্ষ দেখা দিয়েছে, সুতরাং এবারও কৃষি ঋণের খুব প্রয়োজন আছে। তা ছাড়া কৃষকরা চাষ কি করে করবে। গ্রামাঞ্চলে কৃষকরা ৪০০ টাকার জমি একশত টাকায় বিক্রয় কবলা লিখিয়ে টাকা নিচ্ছে এবং লোকে মাথায় হাত দিয়ে বসে পড়ছে। কি করে এই লোকদের বাঁচান যাবে। এর আগে প্রফুল্লবাবু বলেছেন, আজ বিধানবাবুও বলছেন যে প্রয়োজন হ'লে পরে বাড়ান যাবে। গতবারে এ্যাগ্রিকালচালার লোন কম বরাদ্দ করেছিলেন। গতবার আনএকস্‌পেক্টেড বন্যা হয়েছিল। কিন্তু এই আনএকস্‌পেক্টেড ফ্যাকটার-এর জন্য বরাদ্দ করা যায় না। যখন বন্যা হয়েছিল তখনই গভর্নমেন্ট বরাদ্দ বাড়িয়েছিলেন। এবারও অবস্থা নট নরম্যাল, দুর্ভিক্ষের মধ্যে লোকেরা বাস করছে তবুও কেন বাড়ান হয় নি। আমি মনে করি গতবারে যে বরাদ্দ হয়েছিল এবার গভর্নমেন্টের তার ডবল বরাদ্দ করা উচিত ছিল, কিন্তু তা করা হয় নি। একটা কথা বাজেটে লেখা হয়েছে, ৬০ লক্ষ টাকা বাড়ান হয় অন দি বেসিস অব রিপোর্টস ফ্রম লোক্যাল অফিসারস। এ কথাটা আমি মনে করি ঠিক বলা হয় নি। অর্থাৎ লোক্যাল অফিসাররা যে লোন দাবী করেছিল সেই অনুসারে এটা দেওয়া হয়েছে, এ-কথা ঠিক নয়। প্রত্যেক জেলার ম্যাজিস্ট্রেট এবং এস, ডি, ও, আমি জানি, এর চেয়ে অনেক বেশী দাবী করেছিল, যদিও সে টাকাও তুলনায় কম, কিন্তু সে দাবীও দেওয়া হয় নি। বাস্তবিক এস, ডি, ও, ম্যাজিস্ট্রেটরা যে দাবী করেন তার যদি একটা কপি এম, এল, এ-দের দেবার ব্যবস্থা থাকতো তাহলেই বুঝতে পারতেন যে, অফিসাররা যে রিকমেন্ডেসন করেন তাও তাঁরা মানেন না। আমি কালনা ও বর্দ্ধমানে দেখেছি যে, সেখানে জেলা ম্যাজিস্ট্রেট ও এস, ডি, ও, যে দাবী করেছিলেন তার ৫০ পারসেন্টও তাঁরা বরাদ্দ করেন নি, তারও কম টাকা বরাদ্দ করেছেন।

একটা কথা আমি বলতে চাই। তা হোল এই যে, কৃষি ঋণ যা বরাদ্দ করা হয়েছে তাতে শুধু কৃষকরা মারা যাবে তা নয়, আগামী বৎসরে চাষ ক্ষতিগ্রস্থ হবে। বর্তমানে বর্ষা আরম্ভ হয়েছে। মানুষ খেতে পায় না। শুধু তাই নয়, কৃষি ঋণের ব্যাপারে কি হচ্ছে, এখানে বিধানবাবু একটা কথা বলেছেন যে, ৩½ শত টাকা করে গ্রুপ লোন দেওয়া হচ্ছে ৬ জন পর্যন্ত অর্থাৎ ৬০ টাকা করে মাথা-পিছু পাচ্ছে। বিভিন্ন জেলায়, আজ পর্যন্ত দেখা গিয়েছে, কৃষি ঋণ যা পাঠান হয়েছে তা অত্যন্ত কম। আষাঢ় মাস আরম্ভ হয়েছে। এক-একটি ইউনিয়নে এক হাজার, দুই হাজার টাকা করে মাত্র কৃষি ঋণ দেওয়া হচ্ছে। কালনাবু কল্যাণপুর ইউনিয়ন-এ ১২ হাজার লোকের বাস, সেখানে ২১টি গ্রুপ করা হয়েছে এবং এক-একটি গ্রুপ-এ ৮ জন করে লোক। যে টাকা সেখানে দেওয়া হচ্ছে তাতে মাথা-পিছু ১৫ টাকা করে পড়ে। চমৎকার কৃষকদের সাহায্য করছেন্। মাননীয় সদস্য বিমলানন্দ তর্কতীর্থ মহাশয়, যিনি পূর্বস্থলী থেকে নির্বাচিত হয়ে এসেছেন তাঁর বাড়ী যে ইউনিয়নে সেই ইউনিয়ন-এ লোক [illegible]

১০ জন করে। সুতরাং মাথা-পিছু ৩০ টাকা করে গিয়ে পড়ে। তারপর দেখতে পাচ্ছি জাহাঙ্গীর নগর ইউনিয়ন-এ ১৫ হাজার লোকের বাস। সেখানে ৮টি গ্রুপ-এ যে টাকা দেওয়া হয়েছে তাতে মাথা-পিছু ৩০ টাকা করে পড়ে।

[6-15—6-25 p.m.]

ইটাহার থানার কথা শুনলাম, তারপর পশ্চিম দিনাজপুরের ব্যাপার আরো অদ্ভুত। এক-একটা জায়গাতে ৪, ৫, ৬, নম্বর ইউনিয়নে, এক-একটা ইউনিয়নে ৩০০ টাকা কৃষি ঋণ বিলি হয়েছে। এইরকম অবস্থা! শুধু তাই নয়, বিলির ব্যাপারে যেটুকু বরাদ্দ করেছেন, তা কবে বিলি করবেন? মানুষ মারা গেলে? চাষের সময় পেরিয়ে গেলে? না, মহাজনের কাছে সর্বস্ব বাঁধা দেবার পরে বিলি করবেন? যেটুকু বরাদ্দ করেছেন, সেটা সময় মত বিলি হ'লে একটু কাজ হ'তে পারে। তাই তাঁরা করেন না।

মিঃ স্পীকার, স্যার, বহুদিন ধ'রে আমরা একটা জিনিষ দাবী করে আসছি, ধান কর্জ দেওয়ার ব্যবস্থা গ্রামাঞ্চলে সরকার থেকে করা উচিত। বিশেষ করে ভাগচাষীরা এই সময় বেঁচে থাকে ধান কর্জ নিয়ে—যাকে বলে বাড়ি ধান নিয়ে। গত যুদ্ধের সময় থেকে কয়েক বছর ধ'রে বাড়ি ধান পাওয়া মুশ্কিল হয়েছে। এক মণে এক মণ সুদ দিয়েও লোকে ধান কর্জ পাচ্ছে না। এই অবস্থায় সরকার থেকে ধান কর্জ দেবার ব্যবস্থা করতে পারতেন। ফুড প্রোকিওরমেন্ট তুলে না দিয়ে ঐটা যদি রাখতেন, তাহলে চাষীদের প্রয়োজনে ধান কেনার জন্য তাদের নিযুক্ত করতে পারতেন। যেখানে ধানের দর বাড়বে, সেখানে চাষীকে ধান ধার দিয়ে, কৃষককে ধান কর্জ দিয়ে তাদের বাঁচাতে পারতেন। কিন্তু আমাদের কথায় সরকার কর্ণপাত করেন নাই।

তারপর গৃহ-নির্মাণ ঋণ, আরো এক অদ্ভুত ব্যাপার। গত বছরে ৩০ লক্ষ টাকা বরাদ্দ করেন। এবারে সরকার বরাদ্দ করেছেন ৬০ লক্ষ টাকা, কালনা মহকুমায় ২৫,৬০০ ঘর পড়েছে অথচ মাত্র আড়াই লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে। তার মানে মাথা-পিছু ৫০ টাকা যদি দেওয়া হয়, তাহলে ৫ হাজার লোকও পায় না।

তারপর এই যে ইঁট তৈরী হচ্ছে তা, এক কোটির মত। ৬ হাজার করে ইঁট করলে ২ হাজারের বেশী গৃহস্থ ইট করতে পারেন না। এদের মধ্যে অনেক লোক আছে, যাদের ঘরবাড়ী পড়ে নাই, তাঁরাও লোন পেয়েছেন। তাহলে আমরা দেখছি ৭ থেকে ৮ হাজার লোক যারা বন্যার দশ মাস পরেও কোন সাহায্য গৃহ-নির্মাণের জন্য পেল না। সেখানে মাত্র ১ লক্ষ টাকা ঐ এক মহকুমার জন্য পাঠান হয়েছে হাউস বিল্ডিং লোন বলে, সেখানে বড় বড় অক্ষরে কাগজে সরকারের গুণগান বেরিয়েছে। আড়াই শো টাকা করে দিলে ৪০০ লোকের বেশী পাবে না, যাদের ঘর পুড়েছে, গরীব চাষী সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবাল লোকের সংখ্যা বেশী। তাহলে কি সাহায্য তারা পাচ্ছে? এই গৃহ-নির্মাণ লোনকে আরো বাড়ান উচিত। যাদের বাড়ী বন্যায় বিধ্বস্ত হয় নাই, তারা ঋণ পেয়েছে। যদি মন্ত্রীমহাশয় চান, তো নাম বলে দিতে পারি। তাহলে দেখা যাবে এই রাজনৈতিক পক্ষপাতিত্বের চেষ্টা সেখানে করা হচ্ছে।

তারপর ক্যাটেল পারচেজ লোন, এও এক অদ্ভুত ব্যাপার। গেল বছর থেকে কমান হলো। কাটোয়া সাবডিভিসনে মাত্র ৩০ হাজার টাকা ধরা হয়েছে। কয়টা গরু এ টাকায় কেনা যেতে পারে? আমরা দেখেছি ২৪-পরগনার হাসনাবাদ অঞ্চলে গো-মড়ক হওয়ায় হাজার খানেক গরু মারা গেছে। তারজন্য ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট দাবী করেছিলেন যে, ওখানে ১৫ লক্ষ টাকা দেওয়া দরকার। কিন্তু সমগ্র জেলার জন্য দেওয়া হ'ল ৫ লক্ষ টাকা। হাসনাবাদ থানায় কত? এক-একটা ইউনিয়নে দেওয়া হচ্ছে এক হাজার টাকা করে। এই বরাদ্দগুলি ইচ্ছা করলে বাড়ান যায়। দরকার মনে বেশী হ'লে সেখানে আরো লোনের ব্যবস্থা করতে পারতেন। এবং ৪ কোটি কৃষি-ঋণ দেওয়া এমন কিছু অসুবিধা হ'তো না, বা

বেশী ক্যাটেল পারচেজ লোন অসম্ভব ছিল না। আজ দেড় কোটি কৃষক মারা যাক, এই কি গভর্নমেন্ট চান? তাদের হাতে জমি থাক, এ গভর্নমেন্ট চান না। গভর্নমেন্ট চান তাদের জমি সব মহাজনদের কাছে কম দামে বিক্রী হয়ে যাক।

এখানে মিউনিসিপ্যালিটী সম্বন্ধে অনেক কথা আছে। মিউনিসিপ্যালিটী এবং ডিস্ট্রীক্ট বোর্ডকে সরকারের ভিখারী করে রাখার ব্যবস্থা হয়েছে। মিউনিসিপ্যালিটীগুলি লোক্যাল ট্যাক্স-এর উপরে চলতে পারে না। সেখান থেকে যে ট্যাক্স আসে সরকারের হাতে, সরকার থেকে তাদেরও অংশ পাওয়া উচিত, তাদের পাবার অধিকার আছে। তারা সরকার থেকে পেট্রোল ট্যাক্স, মোটর ভিহিকেল ট্যাক্স যেটুকু পেত, তাও গভর্নমেন্ট বন্ধ করে দিয়েছেন। মিউনিসিপ্যালিটীগুলি অনেকাংশে গভর্নমেন্টের উপর নির্ভর করে থাকে। গভর্নমেন্ট মনে করেন এটা দানের ব্যাপার, তাঁরা দয়া করে দেবেন কি, দেবেন না। এতে বড় রাজনীতির খেলার সুবিধে হয়। মিউনিসিপ্যালিটিগুলিকে শুকিয়ে রেখে দিয়ে, তাদের পাওনা না দিয়ে : আবার গণতন্ত্রের বড়াই করা হয়। (এ ভয়েসঃ শুধু মিউনিসিপ্যালিটীকে সাহায্য করলেই গণতন্ত্র হয়ে যাবে?)

আপনার পার্টীর বন্ধুদের যেন তাই বলেন।

Sj. Hemanta Kumar Ghosal:

মিঃ স্পীকার, স্যার, আমাদের প্রধানমন্ত্রী মহাশয় মিসলেনিয়াস খাতে বলতে গিয়ে সুন্দরবনের স্থায়ী যে পরিকল্পনার উন্নতি, সেই উন্নতির খাতে যে টাকা বরাদ্দ করেছেন এবং সে সম্বন্ধে কি কি খাতে সেই টাকা বরাদ্দ হবে, তার একটা হিসাব দিয়েছেন। কিছুদিন আগে ডাঃ রায় বলেছিলেন যে এই পশ্চিম বাংলার যদি সত্যি সত্যি উন্নতি করতে হয়, তাহলে সুন্দরবনের উন্নতিসাধন করতে পারলে পশ্চিম বাংলার সম্পদ-সমৃদ্ধি বাড়বে। এইসব কথা বলে দেশের লোকের কাছে সেই রকম একটা রঙ্গীন ছবি তুলে ধরেছিলেন। তিনি বলেছিলেন সুন্দরবনের মাছ, মধু এবং চাষের ফসল ও সুন্দর সুন্দর কাঠ ইত্যাদি আহরণের অপরিসীম সম্ভাবনা রয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার সুন্দরবনের কাঠ, মধু প্রভৃতি সংগ্রহ করেন। কিন্তু আমরা যেটা দেখেছি—যে অবস্থায় যে টাকা এই কয়েক বছর ধরে সুন্দরবন উন্নয়ন উপলক্ষে মঞ্জুরী করা হয়েছে এবং যে টাকা ব্যয় করা হয়েছে, আমি জানতে চাই তার দ্বারা কতটুকু আর্থিক উন্নতি এই সুন্দরবনের মানুষের হয়েছে? তার একটা হিসাব দিলে আমি বাধিত হব।

১৯৫৫-৫৬ সালে ৩৩ লক্ষ ৮১ হাজার ৫১৪ টাকা মঞ্জুরী ছিল। রিভাইজড ১৯৫৬-৫৭ সালে ২২ লক্ষ টাকা। ১৯৫৭-৫৮ সালে মঞ্জুরী ছিল ১৯ লক্ষ ৫৫ হাজার টাকা। এই মঞ্জুরীর মধ্যে আমরা দেখছি অন্যান্য খাত বাদেও তাতে ভেটরীনারী ডিপার্টমেন্টে ৬৩ হাজার ৬০০ টাকা, হেল্‌থ্ সেন্টারের জন্য ৫ লক্ষ ৭৮ হাজার টাকা, টিউব-ওয়েল ব্যাপারে ফর সিনকিং টিউব-ওয়েল ১৯৫৫-৫৬ সালে ১০ লক্ষ ৪৩ হাজার টাকা। ১৯৫৬-৫৭ সালে রিভাইজড বাজেট-এ ছিল ৪২ হাজার টাকা। ১৯৫৭-৫৮ সালে নিল—যে বাজেট উনি পেশ করেছেন। তাতে বোঝা যাচ্ছে সুন্দরবনের জলের সমস্যা মিটে গেছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে আর সুন্দরবনের জলের প্রয়োজন নাই। কতটা টিউব-ওয়েল আছে, কতকগুলি গ্রাম তাতে কভার করছে, সমস্যা কতটুকু মিটেছে, যার জন্য প্রয়োজন হলো না, এই খাতে টাকা মঞ্জুর করা? এটা দয়া করে জানাবেন।

প্রাইমারী এডুকেশনের জন্য ১৯৫৬ সালে ৫ লক্ষ ৫৬ হাজার টাকা, ১৯৫৭ সালে ৬ লক্ষ টাকা, ১৯৫৮ সালে ৪৮ হাজার ৪০০ টাকা বরাদ্দ হয়েছে, অর্থাৎ কমে আসছে। অর্থাৎ শিক্ষার উন্নতি হয়ে গেছে। তাদের যে টার্গেট, সেই শিক্ষার মান বেড়ে গেছে। অতএব টাকার অঙ্ক কমিয়ে দেওয়া হ'ল।

[6-25—6-35 p.m.]

ডাক্তারখানার মেনটেন্যান্স এ্যান্ড এস্টাবলিসমেন্ট-এর জন্য ১৯৫৫-৫৬ সালে নিয়েছেন ৫ লক্ষ ৭৮ হাজার টাকা। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি, গত কয়েক বছর ধরে সুন্দরবনে যেসব ডাক্তারখানা হয়েছে তাদের খবর, আমি তাদের উদাহরণও দিতে পারি। রাজবাড়ীতে একটা থানা-হাসপাতাল হয়েছে, সেখানে আর বাড়ান হয় নি কেন? কেন টাকার অভাবে হ'ল না, সেটা দয়া করে জানাবেন। আমি জানি এগুলি কন্ট্রাক্টর মারফৎ তৈরী হয়েছিল। তৈরী হবার পরই দেখা গেল মাঝখানেতে ফাটল ধরেছে, এইসব কন্ট্রাক্টর কারা, দয়া করে জানাবেন। এই সুন্দরবন সাধারণভাবে কলকাতা থেকে কয়েক মাইল দূরে, পূর্বে কালিন্দি, হুগলী, দক্ষিণে বঙ্গোপসাগর কেন্দ্র করে ৩ হাজার ৮৯ বর্গমাইল এলেকা নিয়ে সুন্দরবন অঞ্চল। এই অঞ্চলে প্রচুর ফসল হয়, যার জন্য সুন্দরবনকে বাংলাদেশের খাদ্যশস্যের ভাণ্ডার বলা হয়। এই অঞ্চলে ২॥ লক্ষ বিঘা চাষের উপযোগী পতিত জমি আছে, ৩ লক্ষ বিঘা জমি মেছোভেরীতে পরিণত হয়েছে, যেখানে আগে চাষ হ'ত। ডাঃ রায় বল্লেন যে, সুন্দরবনের সাধারণ মানুষের আর্থিক উন্নতি হয়েছে। তা যদি হ'ত তাহলে প্রত্যেক সদস্য, আমরা যেদিকেই থাকি না কেন, দেখেছেন যে নদীর বাঁধ ভাঙ্গলে বা জল-নিকাশের ব্যাঘাত হ'লেই সাধারণ মানুষ ভিক্ষাপাত্র নিয়ে কলকাতার রাজপথে ঘুরে বেড়ায়। আমি জিজ্ঞাসা করতে চাই এটা বন্ধ হয়েছে কি? প্রচুর টাকা ব্যয় হচ্ছে, তাতে কিছুটা কম হতে পারে এটা সহজ বুদ্ধির কথা, কিন্তু সামগ্রিক অবস্থার কোন পরিবর্তন হয়েছে কি না সেটা ডাঃ রায় দয়া ক'রে আমাদের জানাবেন। ইংরাজ আমলেই বাঁধ তৈরী হয়েছিল সুন্দরবনে। তিনি বাঁধের কথায় বলেছেন, এটা বিশাল বাঁধ। এখন কথা হচ্ছে এই বাঁধ রক্ষণাবেক্ষণ করবার মত কার্যকরী ব্যবস্থা হয় না কেন? এবং কি কারণে? সেচমন্ত্রীর কাছে গেলে তিনি বলেছিলেন শঙ্করবাবুর পরাজয়ের জন্য ডিপার্টমেন্ট পলিসি ঠিক করতে পারা যাচ্ছে না। মন্ত্রীর পরাজয়ের জন্য পলিসি ঠিক করতে দেরী হচ্ছে অথচ শঙ্করবাবু ছিলেন ভূমি-রাজস্বমন্ত্রী। একটা টেম্পোরারী এ্যারেঞ্জমেন্ট হ'ল। ফল দাঁড়াল সাধারণভাবে যে সময় ব্যবস্থা হ'লে হাজার হাজার বিঘা জমিতে চাষ হতে পারত, পরিকল্পনার অভাবে এবং দেরীতে পরিকল্পনা করে কাজের ব্যবস্থা হওয়ায় তাতে ফসল হ'ল না এবং যে টাকা মঞ্জুর করা হয়েছে, আমি ব্যক্তিগত অভিজ্ঞতার দায়িত্ব নিয়ে বলতে পারি। অধিক টাকারও কাজ হয় নি। এর ফলে বাঁধও রক্ষা হয় না, টাকাও নষ্ট হয়। আমরা সেদিন সেচমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম। তিনি আমাদের জানিয়েছিলেন যে, ভূমি-রাজস্ববিভাগ ও সেচবিভাগ যুক্তভাবে পরিকল্পনা করে বাঁধগুলি রক্ষা করবার ব্যবস্থা করে সুন্দরবনের উন্নয়নের চেষ্টা করবেন। আমাদেরও এই বাসনা, আমরা আশা করি এই ব্যবস্থা তাঁরা করবেন। কিন্তু এই বিষয়ে আমাদের মনে সন্দেহ আছে, কিভাবে তাঁরা যুক্তভাবে পরিকল্পনা করবেন এবং না করা পর্যন্ত আমরা বিশ্বাস করতে পারি না। আজকে সুন্দরবনের তিনটা প্রধান প্রশ্ন। এগুলি আমাদের বিশেষভাবে বিচার করতে হবে। এটা কোন মন্ত্রীর প্রশ্ন নয়। পশ্চিমবঙ্গের খাদ্যশস্যের ভাণ্ডারকে যদি উন্নত করতে হয়, বাঁচাতে হয়, তবে জমিকে নোনাজলের আক্রমণ থেকে রক্ষা করবার প্রাথমিক দায়িত্ব নিতে হবে এবং এই দায়িত্ব নিতে গেলে কোন একজন মন্ত্রী বা সরকারী কর্মচারীর উপর উপর সে দায়িত্ব-পালনের ভার দিয়ে নিশ্চিন্ত হয়ে বসে থাকলে চলবে না এবং তাদের পক্ষে এটা সম্ভবও নয়, যদি না সম্মিলিত প্রচেষ্টার মধ্যে দিয়ে ব্যবস্থা না করা হয়। তারপরে কাজের পদ্ধতিরও পরিবর্তন সাধনের প্রয়োজন আছে। কথা হয়েছিল লোক্যাল কন্ট্রাক্টর দিয়ে বাঁধ রক্ষা করবার চেষ্টা করবেন; এবং আমাদের কাছে একটা লিষ্টও চেয়েছিলেন, পরে অবশ্য সেটা অনুমোদিত হয় নি। মুখ্যমন্ত্রী প্রায়ই জনসাধারণের সহযোগিতার কথা উল্লেখ করেন, সাধারণ মানুষ সহযোগিতার মনোভাবে উদ্বুদ্ধ না হ'লে পশ্চিমবঙ্গ বাঁচতে পারে না। কিন্তু সেখানে কিভাবে টাকা অপচয় হচ্ছে এবং যেভাবে টাকার ব্যাপারে গর্হিত কাজ হচ্ছে সেগুলি যদি প্রতিরোধ করবার চেষ্টা করেন তবে যতই টাকা মঞ্জুর করা হোক না কেন, কোন কাজ হবে না। এইসব দুর্নীতির তদন্তের ব্যবস্থা করতে হবে। সেজন্য আপনারা একটা তদন্ত কমিটি করুন, এই তদন্ত কমিটির তত্ত্বাবধানে সব কাজ করতে হবে। তা না হ'লে এই দুর্নীতি উচ্ছেদ হবে না এবং মঞ্জুরীকৃত অর্থের শতকরা ৫০ ভাগও ব্যয়িত হবে না। লোক্যাল

কন্ট্রাক্ট এসব না ক'রে আইন-সভার ভিতরের ও বাহিরের লোক নিয়ে যদি এই ব্যবস্থা করতে পারেন তাহ'লে পশ্চিমবাংলার চেহারা বদলে যাবে। আমি এখানে একটা উদাহরণ দিতে চাই। টাকা মঞ্জুর হবার অনেক পরে সে টাকায় কাজ আরম্ভ হয়। বর্ষা প্রায় নেমে গিয়েছে। এখন যে ভাঙ্গন শুরু হবে, আপনাদের সাধ্য ও ক্ষমতা নাই তা বন্ধ করতে পারেন। মাঝখান থেকে কন্ট্রাক্টররা মুনাফা লুটবে এবং যাদের রক্ষা করবার জন্য এই টাকা ব্যয় করা হচ্ছে, তাদের রক্ষা করতে পারবেন না। যদি এখন থেকে সাবধান হন তাহলে টাকাও বাঁচবে, লোকেরও উপকার হতে পারে। এখন থেকে সতর্ক দৃষ্টি না দিলে মানুষকে দুর্গতির হাত থেকে বাঁচাতে পারবেন না। তারপর, স্লুইস গেট। এখন একটা স্লুইস গেটও কাজ করছে না, ভেঙ্গে গিয়েছে, একেবারে নষ্ট হয়ে গিয়েছে। কিন্তু নতুন বসানোর কোন ব্যবস্থা হয় না।

[6-35—6-45 p.m.]

কাজেই জল-নিকাশের ব্যবস্থা হচ্ছে, প্রধান প্রশ্ন বাঁধের সঙ্গে। আমি জানি না জলের খাতে কেন এবার কোন টাকা মঞ্জুর হ'ল না। এটা তো সত্য কথা—ও পক্ষে বসে আছেন রাজকৃষ্ণবাবু, তিনিও জানেন জলের অভাবে কলেরা শুরু হয়ে গেছে, যোগেশগঞ্জের রিপোর্ট এসেছে এমন একটা গ্রামও নাই যে গ্রামে ৮।১০ জন লোক মারা যায় নি। তথ্য চান আমি দেব। হেল্থ ডাইরেক্টরেটকে জানান হয়েছে। জল হচ্ছে প্রাইমারী নীড। হঠাৎ এই খাতে টাকা বন্ধ করে দিলেন কেন বুঝি না। অথচ সুন্দরবনের পরিকল্পনায় দেখান হয়েছে যে, টাকা দেওয়া হয়েছে।

তারপর সীড সেন্টার সম্বন্ধে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রিকমেন্ড করা হয়েছিল যে, তিনটি সীড ডিস্ট্রিবিউটিং সেন্টার হবে। একটা হাসনাবাদ, একটা ক্যানিং, একটা বাদুরিয়ায়। কিন্তু হঠাৎ দেখলাম যে সমস্ত কনসেনট্রেট করলেন ক্যানিংএ। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ইউনানিমাসলি যে প্রস্তাব গৃহীত হ'ল তার মর্য্যাদা কি দিলেন? সবাই মিলে আমরা একটা কাজ করলাম অথচ একবারও ভেবে দেখলাম না কি করছি, শুধু কি ওপরওয়ালা যা বলে তাই করবেন, এ যদি হয় সহযোগিতা তাহলে সুন্দরবনের কোন উন্নতি হবে না। সময় খুব অল্প, আমি সতর্ক করে দিতে চাই যে, বাস্তব অবস্থা—সুন্দরবনের বাঁধ এবং জল-নিকাশ ও জলপথ এই তিনটি হচ্ছে প্রধান বিষয় বস্তু, এখানে যে টাকা খরচ করেছেন সেই টাকা যদি সঠিকভাবে খরচ না হয়, সকলের পূর্ণ সহযোগিতার মধ্য দিয়ে না করেন তাহলে সর্বনাশ অনিবার্য্য। সেজন্য আগে থাকতে সতর্ক করে দিচ্ছি।

Sj. Manoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা লক্ষ্য করলাম আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনেকগুলি কথা বলতে হচ্ছিল বলে সময় নিয়েছেন, প্রায় ৭০ মিনিট কাল তিনি বক্তৃতা করেছেন। কিন্তু তার মধ্যে বাংলাদেশে আগামী তিন মাসের মধ্যে যে একটা অগণতান্ত্রিক চালু হতে যাচ্ছে সে সম্বন্ধে কিছু নাই, হয়ত সেই দপ্তরের ভার মাননীয় জালান সাহেবের হাতে যাচ্ছে বলেই ডাঃ রায় বিশেষ কিছু নাও জানতে পারেন, সেজন্যই হয়ত এ সম্বন্ধে তাঁকে বলতে শুনি নি। যে পঞ্চায়েত আইন হয়েছে, সেই পঞ্চায়েত আইন এখন কার্য্যকরী করবার চেষ্টা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে এই আইনের বিষয় বলে তারপর আমার বক্তব্য রাখছি। প্রথমে ভোটার লিষ্ট-এ যারা থাকবে, তাদের থেকে গ্রাম-পঞ্চায়েত তৈরী হবে ৯ জন কিংবা ১৫ জনকে নিয়ে। এবং গ্রাম-পঞ্চায়েতের উপর অঞ্চল-পঞ্চায়েত। এই অঞ্চল পঞ্চায়েতের একজন সেক্রেটারী থাকবে, এই সেক্রেটারীর উপর একজন সুপারভাইসর থাকবে, সুপারভাইসর-এর উপর ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিস, এই পঞ্চায়েত অফিসের উপর ডাইরেক্টরেট, এইভাবে সমস্ত সাংগঠনিক রূপটা রাখা হয়েছে। অন্য দিকে এই যে গ্রাম-পঞ্চায়েত তৈরী হবে তা এ্যাসেমব্লী ভোটার লিষ্ট-এর উপর নির্বাচন করার কথা হচ্ছে, কিন্তু সঙ্গে সঙ্গে একটা ধারা আছে, নমিনেশন করা হবে। নমিনেশন-এর কথা আমি পরে বলবো, আগে বলি, এই যে নির্বাচন হবে তাতে ব্যালট প্রথার কোন ব্যবস্থা নাই। এবং স্বভাবতই বুঝতে পারা যায় গ্রামে যারা ওয়েল টু ডু, বিত্তশালী তারা স্বভাবতই নির্বাচনে জয়লাভ করবে। এটা

অত্যন্ত অগণতান্ত্রিক। তারপর হচ্ছে, অঞ্চল-পঞ্চায়েতের যে নির্বাচন করা হবে তা এই গ্রাম-পঞ্চায়েতের সভ্যদের মধ্য থেকে হবে। অপ্রত্যক্ষ নির্বাচনের মধ্য দিয়ে যে সংগঠন গ'ড়ে উঠবে তারাই সেই অঞ্চলের দণ্ডমুণ্ডের কর্তা হবে, এই হচ্ছে ব্যাপার। সঙ্গে সঙ্গে আর একটা আছে। তার যে ⅓ অংশ তা ষ্টেট গভর্নমেন্ট থেকে নমিনেশন দেওয়া হবে। এভাবে দেখতে পাওয়া যাচ্ছে সমগ্র গ্রামে যে সংগঠন হবে সেটা সরকার তার রাজনৈতিক স্বার্থে ব্যবহার করতে পারে এরকম একটা ক্লজ রাখা হয়েছে। আর একটা জিনিষ আছে। এই অঞ্চল-পঞ্চায়েত থেকে সঙ্গে সঙ্গে ন্যায়-পঞ্চায়েত নির্বাচন করা হবে। অর্থাৎ তারাই বিচার করবে, পাঁচজন বিচারক নির্বাচন করা হবে। এই অঞ্চল-পঞ্চায়েত থেকেই গ্রামসভার মেম্বার থাকবে অর্থাৎ ভোটার থাকবে এবং তার থেকে ৫ জন বিচারক নির্বাচন করা হবে, একজন তার মধ্য থেকে প্রধান হবে, আর সমস্ত বিচারক হবে। কথা হচ্ছে এই যে, অঞ্চল-পঞ্চায়েত অপ্রত্যক্ষ নির্বাচনের দ্বারা গঠিত হচ্ছে তারা যখন এইভাবে বিচারক নির্বাচন করবার চেষ্টা করবে, তখন তার মধ্যে গণতন্ত্র থাকতে পারে না, এই হচ্ছে কথা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সম্প্রতি আমি দেখতে পেলাম যে, এজন্য কতকগুলি বিষয় করা হচ্ছে। যে ৫৮৪টি কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক করা হচ্ছে, সেখানে পঞ্চায়েত সৃষ্টি করা হবে, এবং এই পঞ্চায়েত সৃষ্টি করার জন্য যেটা বর্তমানে সরকার ব্যবস্থা করতে চলেছেন বলে শুনছি, সেটা হচ্ছে ৭৫০ থেকে ১½ হাজার যে লোকসংখ্যা আছে, সেখানে একটা করে গ্রাম-পঞ্চায়েত হবে। এবং সামগ্রিকভাবে মোটামুটি আজকে ইউনিয়ন বোর্ড-এর যে এলেকা সেই এলেকায় অঞ্চল-পঞ্চায়েত বলে ঘোষণা করবার মত একটা চেষ্টা মন্ত্রীসভা থেকে হচ্ছে। আরও শুনলাম এর জন্য রুল তৈরী হচ্ছে এবং বর্তমানে ডিমার্কেসন লাইন, ডিলিমিটেসন-এর কাজ চলছে এবং রুল তৈরী হচ্ছে। এই রুল আজকে মন্ত্রীসভার অনুমোদনসাপেক্ষ হয়ে আছে। এর পরে নোটিফিকেশন চালু হবে। দুটি জিনিষের কথা বলতে চাই। স্যার, এখানে যখন আইনটি আলোচিত হয়েছিল, এ কথা তখন বলা হয়েছিল, বিশেষ করে গ্রামে যদি গণতন্ত্র রাখতে হয় তাহলে নির্বাচন করতে হবে। এই নির্বাচন ব্যালট প্রথায় হওয়া দরকার এবং ষ্টেট গভর্নমেন্ট-এর হস্তক্ষেপ সেখানে কিছুই থাকবে না। আমাদের পক্ষে যে নোট অফ ডিসেন্ট দেওয়া হয়েছিল, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি আবার সেই জিনিষ রাখতে চাই। কারণ, বাংলাদেশের জীবন-মরণ সমস্যা এখানে। কিন্তু এটাকে বিশেষভাবে বিবেচনা করা উচিত। সেদিন আমরা দিয়েছিলাম পঞ্চায়েত—

"(a) The panchayets should have the full power to function as local unit of the Government and should not be merely a body to discharge certain municipal functions under the control of some superior authority; (b) there should be least interference from the top; the panchayets should be allowed to function according to the ability and wisdom of their members; and (c) the panchayets should be provided with sufficient financial resources from the State budget so that they can act up to the expectation of the local people."

এবং এর মধ্য দিয়ে আমি এ-কথা বলতে চাই, যদি গণতন্ত্র করতে হয় তাহলে সেখানে রাজ্য-সরকারের সমস্ত হস্তক্ষেপ বন্ধ করতে হবে এবং নির্বাচন করতে হবে—যে নির্বাচন অবশ্য হবে এ্যাডাল্ট ফ্রানচাইজ-এর ভিত্তিতে। এবং সেখানে ব্যালট প্রথায় নির্বাচন হওয়া উচিত। আর একটা কথা এই যে, আজকে যে ৫৮৪টি ব্লক চালু করবার চেষ্টা করা হচ্ছে সেখানে নমিনেট করার চেষ্টা যেন না হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে যে তারা হাটগোবিন্দপুরে-বর্দ্ধমানে—যখন এভাবে পঞ্চায়েত চালু করতে যান তখন মাননীয় বিনয় চৌধুরী মহাশয়কে কোন নোটিফিকেশন করা হয় নি বলে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে যান তখন ব্যাপারটা চেপে যাওয়া হয়।

[6-45—6-55 p.m.]

কিন্তু হঠাৎ আজ একেবারে এখানে নমিনেট করে দেওয়া হয়, এবং তারা সকলেই কংগ্রেসের লোক। আমি এই কথা বলছি যে, আজ যদি নমিনেশনের মাধ্যমে কংগ্রেসের লোককে পঞ্চায়েতে বসান যায় এবং তারাই নির্বাচনের ব্যবস্থা করবে তাহলে তাদের পক্ষে কায়েমী

হয়ে বসবার যে পথ, সেই পথ তাদের পক্ষে অবলম্বন করা স্বাভাবিক। কাজেই এটা অগণতান্ত্রিক। সেইজন্য আমি এই কথা বলব যে, এই খাতে যে টাকা ধরা হয়েছে সেটা অত্যন্ত কম। আমি বলব, বাংলাদেশকে গ্রাম-সভ্যতার জায়গা বলা হয়। বাংলাদেশ বলে আমাদের এই বাংলার একটা মর্য্যাদা আছে। সেইজন্য কথায় কথায় গ্রামের কথা আমাদের মন্ত্রীসভার সদস্যরা বলেন। সেইজন্য আমি বলতে চাই, গ্রামকে যদি আপনারা বাস্তবিকই বড় করে দেখেন তাহলে এই খাতে অনেক বেশী টাকা মঞ্জুর করতে হবে। সরকার অতি অল্প টাকার মঞ্জুরী চাইছেন, যদি বিধান সভার স্কোপ থাকে আইনের মাধ্যমে, সেটা আপনিই ভাল জানেন, যদি স্কোপ এখানে থেকে থাকে তাহলে বলতে পারেন যে এই টাকা বাড়ানো হোক। কিন্তু প্রত্যক্ষভাবে আমার বলবার স্কোপ নাই বলে আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে, ঐ টাকাটা যেন মঞ্জুর করেন।

আর একটা কথা, সেটা একটা সাংঘাতিক ব্যাপার, ডাঃ রায় তাঁর বক্তৃতার সময় চেপে গিয়েছেন। ন্যাশনাল ভলান্টিয়ার কোরের কথা বলছি, ন্যাশনাল এন, সি, সির কথা বলছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি দেখেন, দেখলেই বুঝতে পারবেন ব্যাপারটার মধ্যে চক্রান্ত আছে। ঠিক অগ্রগামী দল বলে ৮ লক্ষ ৪৫ হাজার টাকা স্যাংশন করেছেন! যেখানে অক্জিলারী পুলিশ রয়েছে, সীমান্তরক্ষী পুলিশ রয়েছে, এন, সি, সি, রয়েছে, এন, ভি, সি, রয়েছে, সেখানে আবার অগ্রগামী দল বলে আর একটা গ'ড়ে উঠছে কেন? এবং তার জন্য এত টাকা স্যাংশন হচ্ছে কেন? স্পীকার মহাশয়, আমি কি জিজ্ঞাসা করতে পারি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে যে, গ্রামাঞ্চলে, শহরাঞ্চলে, প্রত্যেক জায়গায় দলীয় স্বার্থসিদ্ধি করবার জন্য তাঁদের নির্বাচনী স্বার্থসিদ্ধি করবার জন্য কি তিনি এই দল গ'ড়ে তুলছেন এবং জনসাধারণের টাকায় অগ্রগামী দল বলে কি একটা গুণ্ডার দল গঠন করছেন? মাননীয় স্পীকার মহাশয়, এই যে প্রশ্ন আমি করলাম, আশা করি মন্ত্রীমহাশয় তার জবাব দেবেন।

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি দুটী বিষয়ের উপর মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই; এবং সেই দুটী বিষয়ের উপরই আমার বক্তব্য বলব। তার আগে যেটা আমার মনে হ'ল—দীর্ঘ প্রায় সোয়া-ঘন্টার বক্তৃতা শুনলাম মুখ্যমন্ত্রী মহাশয়ের, শুনে আমার মনে হ'ল এতগুলি কাজ উনি নিয়েছেন কেন? এবং এখানে দেখছি লোনস এ্যাণ্ড এ্যাডভান্সেস নিয়ে প্রায় ১০ কোটি টাকার মতন ওঁর হাতে, এবং তার খরচ খরচার ব্যাপারও উনি করছেন। অথচ এতজন মন্ত্রী এখানে আছেন! আমি এতদিন ধরে এখানে আছি, আজও বুঝতে পারি নি কি করে মন্ত্রী, উপমন্ত্রীদের কাজ ভাগ হয়। কি করে তাঁরা কাজ করেন। কারণ বেশীর ভাগ ব্যাপারেই আমি দেখতে পাই অর্থরিটি নিয়ে বা দায়িত্ব নিয়ে যে কথা বলা, সে ডাঃ বিধানচন্দ্র রায় ছাড়া আর বড় একটা কেউ বলতে পারেন না। এটা বুঝতে পারি, উনি যখন মুখ্যমন্ত্রী, খুব গুরুতর ব্যাপার হ'লে ওঁর কাছেই যেতে হবে। কিন্তু কাউন্সিল অফ মিনিষ্টারস আছে, ক্যাবিনেট আছে, কাজেই সেইভাবে যেমন কালেক্টিভ রেসপন্সিবিলিটি আছে, তেম্নি একটা ইণ্ডিভিজুয়াল রেসপন্সিবিলিটিও থাকা উচিত। তাহলে ওঁর কাজ অনেক কমে যায় এবং কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে, কিন্তু ১০ বছরের মধ্যে যা দেখলাম তাতে সেই জিনিষটা দেখতে পেলাম না। স্পীকার মহাশয়, আপনি দেখলেন উনি এক ঘন্টা, সোয়া-ঘন্টা যে বক্তৃতা করলেন, ৩টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যে ওঁর হাতে রয়ে গেছে তার উপর। আমার মনে হয়, ১০ বছর যখন হয়ে গেছে, মন্ত্রী বা উপমন্ত্রী যাঁরা আছেন তাঁদের মধ্যেকার ২।৪টি লোক ট্রেণ্ড হওয়া উচিত ছিল দায়িত্ব নিয়ে কাজ করার জন্য। অথচ আপনি যদি দেখেন, দেখতে পাবেন অনেক ডিপার্টমেন্ট আছে যেখানে কাজ থেকে যায় এবং গিলোটিন হয়ে যায়, কারণ তার কোন গুরুত্ব নাই। ৫।৭ বা ১০টা আর দু-একজনের হাতে দিলে চলত অথচ গুরুত্বপূর্ণ বিষয়গুলি এখানে একজন বা দুইজনে নিয়ে বসে আছেন! আমি এই জিনিষগুলির প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি।

বিশেষ করে যা আমরা দেখছি, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা আমাদের স্বার্থক করতে হবে। আর এইসব খাতে অনেক বলা হয়েছে। আমি দুটী বিষয় বুঝতে পারি নি এবং প্রতিবাদ করবার জন্য দাঁড়িয়েছি। একটা হচ্ছে মিউনিসিপ্যাল রোড, একটা খাতে কিছু টাকা বরাদ্দ আছে। এবং এখানে দেখছি ১৯৫৬-৫৭ সালের বাজেটে ২০ লক্ষ টাকা ধরা হয়েছিল মিউনিসিপ্যাল রোড-এর সুব্যবস্থা করবার জন্য। তারপরে দেখছি সে টাকাগুলি খরচ করতে পারলেন না। মুখ্যমন্ত্রীর বক্তৃতার সময় একটা এক্সপ্লানেশন দেওয়া উচিত ছিল, কিন্তু তাও তিনি দিলেন না। আমরা মিউনিসিপ্যাল নির্বাচনের সময় যখন যাই, কংগ্রেসী বা অকংগ্রেসীর কথা নয়, যেখানে সেখানে যেয়ে একই কথা শুনি, মশায় রাস্তাগুলি একবার দেখুন, কি অবস্থা হয়েছে, কলকাতায় গিয়ে সরকারকে ধরে আপনারা কিছু করতে পারেন কি না দয়া করে দেখবেন। কংগ্রেস কমিটিতে যাঁরা আছেন তাঁরাও বলবেন এবং কংগ্রেসের বাইরেকার যাঁরা আছেন তাঁরাও বলবেন টাকার অভাবে রাস্তা হয় না। মিউনিসিপ্যালিটীর উপর ছেড়ে দিলে চলবে না, তারা করতে পারবে না, এ-কথা জানা সত্ত্বেও টাকা আবার খরচ হয় না কেন? এটা ক্রিমিন্যাল। অথচ রাস্তায় হাঁটা যায় না, চলা যায় না, রিক্সায় যাওয়া যায় না, এইসব ব্যাপার সর্বত্র দেখতে পাই। আমি, স্পীকার মহাশয়, আপনাকে বলি, আমি যখন বরানগর এলেকায় নির্বাচনের জন্য গিয়েছিলাম, সেখানে দুটী মিউনিসিপ্যালিটী, বরানগর ও কামারহাটি। বরানগর এলেকার চেয়ারম্যান আমার বিরুদ্ধে নির্বাচনে দাঁড়িয়েছিলেন, বরানগর মিউনিসিপ্যালিটী কংগ্রেসকে যাঁরা সমর্থন করে তদেরি হাতে। অথচ যখন আমি সেখানে গেলাম, কংগ্রেস থেকে লোক পাঠানো হয়েছিল এবং মিটিং-এ প্রশ্ন করা হয়েছিল মহাশয় ত নির্বাচনে দাঁড়িয়েছেন, মিউনিসিপ্যালিটীর রাস্তাগুলির ত কিছুই হ'ল না পাঁচ বছরে। আমি বল্লাম, আমাকে জিজ্ঞাসা করছেন কেন? আপনাদের যিনি চেয়ারম্যান, তাঁকে জিজ্ঞাসা করুন। তিনি ত আপনাদেরই লোক, আর সরকারও ত আপনাদেরই, সরকারকে জিজ্ঞাসা করুন। এবং আপনারা যা জিজ্ঞাসা করছেন, আমি বলব, তার মানে হচ্ছে কংগ্রেসকে একটা ভোটও দেবেন না, কেন না, তাঁরা রাস্তা মেরামত করবার কোন ব্যবস্থাই করেন নি। এটা আমি একটা উদাহরণ দিলাম। শুধু বরানগরই নয়, কামারহাটি মিউনিসিপ্যালিটী, কাঁচরাপাড়া মিউনিসিপ্যালিটী, বহরমপুরে গিয়েছি সেখানেও তাই, যেখানে যেখানে গিয়েছি ঐ এক কথা আমরা শুনি। কাজেই এই টাকা না খরচ করবার পক্ষে যুক্তি কি, কি কারণ থাকতে পারে তা আমরা জানি না। এস, ডি, ও, বারাকপুর, একটা মিটিং ডাকলেন, ইলেকশন হবার পরে, ডেভেলপমেন্ট কাউন্সিল বলে কি একটা করা হয়েছে তার মিটিং হবে, তিনি বলে পাঠালেন, আপনি আসবেন। মিটিং-এ মিউনিসিপ্যালিটীকে যে কাজ দেওয়া হবে, সে সম্বন্ধে আমরা আলোচনা করব, টাকার বরাদ্দ করা হবে, আপনি আসবেন। এটা আগে থেকেই তিনি বলে দিয়েছেন একটা নোটে। কিন্তু আমি বলি, আমার সেখানে যাবার দরকার কি? কোথায় ওঁরা কি করবেন না করবেন ব্যবস্থা ঠিকই হয়ে আছে। শুধু আমাদের ডেকে একটা লোক দেখানো ব্যাপার করা হবে। সেখানে ২০ লক্ষ টাকা খরচ করছেন, কার ভাগ্যে কি পড়বে, সেখানেও চলছে আবার রাজনীতি!! মুখ্যমন্ত্রী মহাশয় একটা লিষ্ট প্রিপেয়ার করুন, কারণ দেখিয়ে যে এ্যাট দি এন্ড অফ দি ইয়ার, বৎসর শেষ হ'লে যে এইজন্য এখানে এত টাকা খরচ করা হচ্ছে, তাহলে বুঝতে পারি, নৈলে আমাদের কোন উপায় থাকে না বুঝতে যে একটা জায়গায় কেন খরচ করা হ'ল, আর একটা জায়গায় কেন খরচ হ'ল না। চন্দননগরে গিয়েছিলাম, সেখানে তাঁরা বল্লেন যে, লেফটিষ্টদের হাতে চন্দননগর মিউনিসিপ্যালিটী আছে বলে সেখানে টাকা দেওয়া হচ্ছে না। এই ধারণা যদি সত্য না হয়, তাহলে সরকার সেটার জবাব দিন। বলে দিন পরিষ্কার করে বুঝিয়ে যে টাকার বরাদ্দ থাকল, কোথায় সে টাকা কি কারণে খরচ হচ্ছে বা হচ্ছে না। বাজেট পেপারের মধ্যেও দিতে পারেন যাতে আমরা বুঝতে পারি যে, এই এই কারণে অমুক অমুক জায়গায় এই এই লোন দেওয়া হয়েছে, আর এই কারণে অমুক অমুক জায়গায় দিতে পারা যায় নি। এইভাবে পরিষ্কার ছবি একটা আমাদের কাছে থাকলে পর আমরা বার বার বলেছি কংগ্রেস সরকার দলীয় স্বার্থে সমস্ত কিছু পরিচালনা করছেন, এটা যদি অসত্য হয়, ফ্যাক্টস এ্যান্ড ফিগার দিয়ে, তাহলে প্রমাণ করুন, শুধু চেঁচামিচি করে লাভ হবে না।

[6-55—7 p.m.]

তাহলে আপনারা সেটা প্রমাণ করুন, এইভাবে ফ্যাক্ট আমাদের দিন। শুধু চে'চামিচি করে এই জিনিষে কোন লাভ হবে না।

দ্বিতীয় কথা আমি বলতে চাই, এই হচ্ছে মিউনিসিপ্যাল রোড সম্বন্ধে আমার বলার ; এর বেশী আমার কিছু বলার নেই। কারণ এই ছোট ছোট কথা, কোথায় কে আপনার কাছে গ্রান্ট চেয়েছিল, আপনারা দেন নি ; সে কেন, প্রত্যেক মিউনিসিপ্যালিটী আপনাদের কাছে গ্রান্ট চেয়েছিল, আপনারা দেন নি। বিশেষ করে ফ্লাড-এর পরে যতটা চেয়েছিল, আপনারা দেন নি ; আপনারা বলবেন আমরা দিতে পারি না কিন্তু ফ্লাড-এর পরেও আমরা দেখেছি অনেক জায়গা থেকে তারা টাকার জন্য এইরকম খবর পাঠিয়েছিলেন কিন্তু সরকার বলেছেন আমরা দিতে পারব না। কাজেই সেই সব কথার মধ্যে আমি যাচ্ছি না, কংক্রীট একজামপল-এর মধ্যে আমি বলছি বাংলাদেশের প্রত্যেকটি জায়গায় এই একই অবস্থা। দ্বিতীয় আর একটি কথা, এটা নীতিগত কথা বলেই আমি বলছি, সেটা হচ্ছে ডাক্তার রায় বল্লেন যে, ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স, এই একটি তৈরী করেছেন উনি এবং এ খুব ভাল কাজ করেছেন বলে ওঁর ধারণা। এবং আর একটি আছে, বাজেটে দেখলাম সেটার কথা উনি বিশেষ বলেন নি, উনি যা বলেছেন আমি ঠিক শুনতে পারি নি, 'বঙ্গীয় অগ্রগামী দল' এবং দেখলাম ঐ বঙ্গীয় 'অগ্রগামী দল'কে প্রায় ৮½ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে বাজেটে। (দি অনারেবল ডাঃ বিধানচন্দ্র রায়ঃ ওটা আমি মেনসন করছি।)

হ্যাঁ, ওটা আপনি বলেছেন এবং ওয়েষ্ট বেঙ্গল ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স, এটাতেও ৬৯ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এখন উনি এদের কাজের যে ফিরিস্তি দিলেন, তাতে এগুলির কি প্রয়োজন আমি অন্ততঃ তা বুঝি না এবং কাজের যে ফিরিস্তি দিলেন, এ ত সর্বনাশের কথা। এইটেই যখন প্রথম হয়, সে অনেক আগের এ্যাসেমব্লীর কথা আমি বলছি, তখন আমরা বলেছিলাম এইটে আপনারা করছেন ব্ল্যাকলেগিং করবার জন্য। অর্থাৎ একটা ফোর্স আপনারা তৈরী করছেন, যাতে করে যদি কোথাও স্ট্রাইক হয়, কোথাও দাবী-দাওয়া নিয়ে শ্রমিকরা কাজে না যায়, তাহলে আপনারা এই ফোর্সটাকে ব্যবহার করবেন, স্টেট-এর টাকায় কিছু লোককে ব্ল্যাকলেগারস করে সমাজে রেখে দেবেন। তখন তাঁরা বলেছিলেন এটা মোটেই আমাদের উদ্দেশ্য নয়, কিন্তু উনি যে কাজের ফিরিস্ত দিলেন, তার মধ্যে ২।১টি ভাল কাজ হ'তে পারে যে তারা ইলেকসন-এর সময় বা অন্য কোথাও ক্রাউডস খুব জমে বা কিছু হয় তখন হয় ত সাহায্য করে—খুব ভাল কথা, কিন্তু সেইজন্যই যদি শুধু হ'ত তাহলে আমরা সকলেই সমর্থন করতাম। তাদের এক্সারসাইজ করবার জন্যে, তাদের কিছু অস্ত্র-বিদ্যা শিক্ষা দেবার জন্যে—এইসবের জন্য যদি হতো তাহলে ঠিক হতো, সমস্ত জাতিকে আপনি এইরকম ছোট ছোট অস্ত্র-বিদ্যা শিখিয়ে, ফিজিক্যাল ট্রেনিং দিয়ে আপনি তৈরী করে তুলুন আমার কিছু বলার নেই, স্কুল-এ, কলেজ-এ ; সমস্ত জায়গায় এই আপনি করুন, কিন্তু আলাদা করে যে মুহূর্তে আপনি এই দল করলেন, তার মানে হচ্ছে কি? তার মানে হচ্ছে আপনি যে লিষ্ট দিলেন, ঐটেই ঠিক, সে কথা বুঝা যায় যে এদের দিয়ে আমরা ব্ল্যাকলেগিং করাব। আজ যদি পোর্ট ওয়ার্কার্সরা স্ট্রাইক করে, রেলওয়ে বা ঐরকম করপোরেশন-এ স্ট্রাইক করে, তখন এদের এনে ব্ল্যাকলেগিং করাবেন। এটা ত ঠিক নয়। এটা হচ্ছে একেবারে যা কিছু ভাল বলে আমরা জানি তার সমস্ত কিছুর বিরোধী—সে গণতন্ত্র বলুন আর যাই বলুন। যদি সরকার থেকে এইরকম একটা ব্ল্যাকলেগিং ফোর্স তৈরী করে রাখেন এবং তার জন্য স্টেট থেকে আমাদের টাকা দিতে হবে? আপনারা কংগ্রেস ভলান্টিয়ার দিয়ে করাতে পারেন, আপনাদের 'সেবাদল' আছে, তাদের দিয়ে আপনারা মারামারি করে এই ব্ল্যাকলেগিং করাতে পারেন, শ্রমিকদের সঙ্গে মারামারি করাতে পারেন, তাতে আমাদের কি বলার থাকতে পারে, যারা মারামারি করার তারা করবে। কিন্তু স্টেট থেকে টাকা নিয়ে এ জিনিষ আপনি করতে পারেন না। কারণ যেখানে এইরকম স্ট্রাইক হয়, যেখানে এইরকম গোলমাল হয়, সেখানে তাদের ট্রেড ইউনিয়ন-এর অধিকার আছে, সেখানে তারা করে। এ অধিকার আমরা পেয়েছি আপনাদের কাছ থেকে নয়, ইংরাজ আমলেই সে অধিকার পেয়েছি, ট্রেড

ইউনিয়ন এ্যাক্ট অফ উনিশশো-ছাব্বিস, তার বলে আমরা স্ট্রাইক করতে পারি এবং সেই স্ট্রাইক করলে এই ব্ল্যাকলেগিং করাবার সরকারী টাকায়—এ অধিকার আপনার নেই। আমি বারে বারে এ-কথা বলছি। অথচ আমরা দেখলাম কোন কাজের কাজ এরা করে না, আসলে এইজন্যে বছর ভোরে এদের পোষা হয় যাতে করে এইরকম ঘটনার সময় তাদের ব্যবহার করানো যায়। তারপর ধরুন ২।১টা ফিরিস্তি বোধ হয় উনি দিয়েছেন জাহাজে চাকরীর ব্যাপারে এই অগ্রগামী দল থেকে কিছু কিছু করে লোক পাঠান হয়। কিন্তু তার জন্য ত দরকার নেই। নোয়াখালি, চট্টগ্রাম এবং বিভিন্ন জায়গার পূর্ব-বাংলার, সেখান থেকে যারা এসে জাহাজে চাকরী করে তারা ত কোনদিন অগ্রগামী দল, ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স, ক্যাডেট ফোর্স, কোন কিছুতেই না থেকে ওখানে চাকরী করছে, বড় বড় জাহাজ তারা চালিয়ে দিচ্ছে, মার্চেন্ট নেভীতে চাকরী করছে। কাজেই ওটার জন্য আপনার এটা দরকার, এটা একেবারে মূল্যহীন কথা। সেইজন্য আমি বলছি যে, এইভাবে একটি পয়সাও নষ্ট করার কোন অধিকার আপনার নেই, সেখানে এত গঠনমূলক কাজে আমাদের টাকা দরকার। আমি এর প্রতিবাদ সেজন্য না করে পারলাম না। এই দুইটি ব্যাপারে নীতিগত ব্যাপার আছে বলে আমি এই বক্তৃতাটি দিলাম এবং আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় এই বিষয়টি ভাববেন—যদিও বিশেষ ভাবেন না তিনি, তাঁর ক্ষমতা নেই বোধ হয়, কিন্তু তবুও চিন্তা করে উনি দেখবেন।

Adjournment.

The House was then adjourned at 7 p.m. till 3 p.m. on Wednesday, the 26th June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 26th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 8 Deputy Ministers and 210 Members.

[3—3-10 p.m.]

Point of Information

Dr. Jnanendra Nath Majumdar: Sir, I rise on a point of information. There is a statement from the Health Directorate, New Delhi, that another variety of influenza is coming towards India from Japan and that Directorate has asked all the State Governments to take adequate preventive measures. May I ask our Health Minister what are the preventive measures they have taken? May I suggest to you that ports may be closed, if necessary, and adequate arrangements may be made to enforce quarantine at the ports. This is a more virulent type of influenza and it is killing.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have no idea about the new type of influenza. But we know that quarantine arrangements have been made in the ports as well as 100 beds have been arranged to isolate these cases coming from outside. I have no information as to the type of influenza that is coming from Japan. If Dr. Majumdar has got any information he may kindly let me know and I may make enquiries.

Dr. Jnanendra Nath Majumdar: It is not my information. It is the information given by the Director-General of Health Services of the Government of India. Notices have been given to all States to take adequate preventive measures. I was asking on a point of information what were the measures taken by the Director of Health Services of the Government of West Bengal.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Government of India in a letter have asked us to put 100 extra beds for isolating these cases which come either by boat or by air.

The Hon'ble Dr. Anath Bandhu Roy: I have heard that up to now there have been only 9 or 10 cases.

Sj. Bankim Mukherjee: There is another news that the United States of America are producing vaccines against this Asiatic type of influenza and they are willing to produce it on a mass scale.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have written to the Government of India but the vaccines are not yet available. As soon as they are available they will be sent to West Bengal.

DEMANDS FOR GRANTS

Major Heads: "57—Miscellaneous—Other Miscellaneous expenditure" and "82—Capital Account of other State works, outside the Revenue Account".

Mr. Speaker: We shall now resume discussion on the Budget Grants. Shrimati Mani Kuntala Sen will now speak.

Sjkta. Mani Kuntala Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে মাননীয় মন্ত্রীর বক্তৃতার মধ্যে আশা করেছিলাম যে, গৃহ-সমস্যা সম্পর্কে উনি কি কাজ করেছেন তা সমস্ত জানতে পারব ; কারণ গৃহনির্মাণের খাতে টাকা বরাদ্দ আছে। অবশ্য সেই সমস্যা সম্পর্কে কোন ইঙ্গিত ওঁর বক্তৃতার মধ্যে পেলাম না যা পাওয়া উচিত ছিল। এই সমস্যা সম্পর্কে যতটুকু জানি সেটা ইউনিভার্সিটি এনকোয়ারি কমিটি ১৯৫৬ সালে যে এনকোয়ারি করেছিল তাতে প্রকাশ যে, কলকাতার ৩৬ পারসেন্ট পরিবার কাঁচা ঘরে বাস করে এবং ৪২ পারসেন্ট পরিবারের মাথাপিছু ২০ স্কোয়ার ফুট জায়গা জোটে। এবং একজন মানুষের যে পরিবার তারা প্রত্যেকে ওয়ান-এইটথ্ অব এ রুম, এইটুকু মাত্র জায়গা জোটে। জল, পায়খানার কথা না বলাই ভাল। এখানে ৩৫ পারসেন্ট লোকের জল নাই এবং ৭৪ পারসেন্ট লোকের রান্নার ঘর নাই। ১৪ পারসেন্ট লোকের ল্যাট্রিন নাই এবং ৭০ পারসেন্ট লোকের বাথরুম নাই। এই ধরনের গৃহসমস্যা কলকাতায় এবং তার আশেপাশে রয়েছে। আমাদের দাবি ছিল খুব তাড়াতাড়ি ক'রে এটার ভার নিন, যাতে দ্রুত গৃহসমস্যা সমাধানকল্পে যথেষ্ট পরিমাণ বাড়ি নির্মাণ হয়।

গতবার যখন ভাড়াটিয়া বিল তৈরি হয়, তখন আমাদের সমালোচনায় এই ছিল যে, এতে আরও বেশি গৃহসমস্যা বেড়ে যাবে এবং গভর্নমেন্ট যদি গৃহসমস্যার দায়িত্ব নিজে গ্রহণ না করেন তা হ'লে গৃহসমস্যা কখনও সমাধান হ'তে পারে না। তখন গভর্নমেন্ট বলেছিলেন বাড়িওয়ালারা যাতে ইন্সেন্টিভ পায় তার জন্য এই ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু তারপরে দেখা গেল, এর জন্য ভাড়াটেদের বাড়িভাড়া বাড়ল এবং তাদের উচ্ছেদের ব্যাপারে বাড়িওয়ালাদের অধিকার বাড়িয়ে দেওয়া হ'ল। তারপর দেখা গেল বিল পাশ হ'ল এবং ভাড়াটিয়া এবং বাড়িওয়ালাদের সম্পর্ক আরও তিক্ত হ'ল। তারপর আবার দেখি গভর্নমেন্ট সিমেন্ট সম্পর্কে এত কড়াকড়ি ব্যবস্থা অবলম্বন করলেন, প্রেস-নোট বের ক'রে বলা হ'ল যে, দোতলার উপর বাড়িওয়ালারা আর তিনতলা তুলতে পারবেন না। এই রিপোর্ট বের হবার পর দেখা গেল যে, বাড়ির সংখ্যা বাড়বে এমন কোন সম্ভাবনা বা উপায় থাকল না। এই রকম পরিস্থিতি গভর্নমেন্ট নিজে সৃষ্টি করলেন। তারপর দায়িত্ব এল গভর্নমেন্টের নিজের হাতে—গভর্নমেন্ট যত বেশি বাড়ি বাড়াতে পারবেন তত বেশি গৃহসমস্যা সমাধান করতে পারবেন। সেইদিক দিয়ে যতটুকু ছবি রিপোর্টের মধ্যে দিয়ে পাই, তা হচ্ছে—এন্টালিতে মাত্র ৭২টা ফ্ল্যাট করেছেন, পরে গড়িয়ায় ১০৪টা ফ্ল্যাট করেছেন এবং সর্বসাকুল্যে মিডল ক্লাস ইনকাম গ্রুপএর জন্য ১৭৬টা ফ্ল্যাটএর ব্যবস্থা হয়েছে, তার চেয়ে বেশি হয় নি। অবশ্য প্ল্যান ছিল আরও বেশি করবার। তাঁদের সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ করবেন বলেছেন। কিন্তু যে রেটএ বাড়ি তৈরি করছেন তাতে এই ব্যাপারে কতদিনে তাঁরা কতদূর পৌঁছাবেন তা বুঝতে পারছি না। তারপর আর একটা ব্যাপার দেখা যাচ্ছে যে, যে ৩২টা ফ্ল্যাট বাউলি মণ্ডল রোডে করেছেন, সেটায় বলা হয়েছিল যে, পুওরার সেকসন অব দি পিপলএর জন্য করা হচ্ছে। বলা হয়েছিল ১৯২টা ফ্ল্যাট করা হবে, সেই জায়গায় দেখা গেল মাত্র ৩২টা ফ্ল্যাট শেষ হয়েছে। ৯ লক্ষ টাকা বরাদ্দ ছিল, সেখানে মাত্র ১ লক্ষ টাকা ধরা হয়েছে; এবং ৩২টা ফ্ল্যাট ক'রে বলা হচ্ছে ওখানে আর জায়গা পাওয়া যাচ্ছে না, স্কোয়াটারস বসে আছে জায়গা নিয়ে, তারা থাকবে না বলা যায় না, সুতরাং জায়গা একোয়ার করা যাচ্ছে না, গৃহসমস্যা সমাধানের জন্য এখন আর ঘর তোলা যাচ্ছে না। এই গৃহসমস্যা নিয়ে তাঁরা আর কতদিন বসে থাকবেন তা জানি না। রেলওয়ের জায়গা নিয়ে স্কোয়াটারসরা ব'সে আছে, তাদের দলিলপত্র আছে, রেলওয়েরও দলিল-পত্র আছে। সুতরাং সরকার সেই জায়গা পাবেন কিনা জানি না। তবে টালিগঞ্জ ও চেতলায় বহু জায়গা আছে, যা আমরা দেখিয়ে দিতে পারি। বিভিন্ন জায়গার খাতে যা বরাদ্দ আছে তার জন্য এবারে মাত্র ১ লক্ষ টাকা ধরা হয়েছে। সেই স্কীম টোট্যালি বাদ গেলে, পুওরার সেকসনএর জন্য বাড়ি কোথায় তৈরি হয়েছিল?

তারপর দেখা গেল, বিশষ ক'রে বাউলি মণ্ডল রোডের স্কীম—সেখানে যখন কতকগুলি বস্তি পুড়ে যায় তখন তাদের হাউসিং দেবার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় নিজে বলেছিলেন—'তাদের জন্য ফ্ল্যাট বাড়ি তুলে দিচ্ছি', এদের ক্ষতিপূরণ দিয়ে কি হবে? ৩২টা ফ্ল্যাট উঠল। কিন্তু যাদের ঘর পুড়ল তাদের কেউ একঘরও এই ৩২টা ফ্ল্যাটের মধ্যে যেতে পারল না। আর বস্তি পিপল,

তারা ৩০-৩৫ টাকা ভাড়া দিয়ে এই সমস্ত ফ্ল্যাট অ্যাকোয়ার করতে পারে না। সুতরাং যাদের পুওরার সেকসন বলছেন, যাদের জন্য এই ফ্ল্যাট বরাদ্দ করা হয়েছিল, সেই পুওরার সেকসন এই ফ্ল্যাটএ যেতে পারে না। মোটামুটি সরকারীভাবে গৃহসমস্যা সমাধানরে জন্য, মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তদের জন্য যতটুকু চেষ্টা হয়েছে তাতে দেখা যাচ্ছে সর্বসাকুল্যে ১৭৬টি এবং ৩২টি ফ্ল্যাট; তার বেশি নয়। তারপর ইন্ডাস্ট্রিয়াল এলাকায় যে হাউসিং এ পর্যন্ত যা করা হয়েছে, তার সম্বন্ধে বলতে গিয়ে কালকে মুখ্যমন্ত্রীমহাশয় একটু দুঃখ প্রকাশ করেছেন যে, শিল্পপতিদের ম্যানেজমেন্টএর তরফ থেকে এই হাউসিং সম্বন্ধে কখনও কোন পরিকল্পনা নেওয়া হয় নি। অনেক বলা সত্ত্বেও এর দায়িত্বটুকু গ্রহণ করলেন না। অথচ ইউনিয়ন গভর্নমেন্টের কাছ থেকে এইসব গৃহসমস্যা সমাধানের জন্য, ম্যানেজমেন্ট নিয়ে হাউসিংএ ঘর তুলে দেয়, তা হ'লে ৫০ পারসেন্ট লোন তাঁরা পেতে পারেন এবং ৫০ পারসেন্ট সাবসিডি পেতে পারেন। কিন্তু তথাপি তাঁরা ম্যানেজমেন্ট করেন না। উনি দুঃখ প্রকাশ করলেন, এটা কি শুধু দুঃখ প্রকাশের ব্যাপার? পশ্চিমবঙ্গ-সরকারের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে শুনতে চাই, তাঁরা এই সমস্ত ম্যানেজমেন্ট নিয়ে ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে হাউসিং করবার জন্য সরকার পক্ষ থেকে কতটুকু চাপ দেওয়া হয়েছে? উনি শুধু দুঃখ প্রকাশ করলে হবে কি? তাঁরা করেন নি বললেই সব ভাবনা মিটে গেল? কেন ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে হাউসিং হ'ল না? সেটা তাঁর কাছ থেকে শুনতে চাই। ইন্ডিয়া গভর্নমেন্ট টাকা স্যাংশন করা সত্ত্বেও হাউসিং হয় নি; বলা হয়েছে ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানএ আড়াই হাজারটা ফ্ল্যাট বাড়ি করা হবে, এবং তার জন্য ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। তারপরে বললেন জায়গা খুঁজে পাওয়া যাচ্ছে না। জায়গা যদি পাওয়া না যায় তা হ'লে শুধু জানান হ'ল কেন যে, ৭১৬টা ফ্ল্যাট বাড়ি করা হবে? এইটুকু বলে, কদমতলায়, শ্যামনগর ও দমদমে কয়েকটা স্কীম নিলেন। শেষ পর্যন্ত বললেন ১০০টা করতে পারবেন আড়াই হাজারের জায়গায়। গভর্নমেন্ট নিজে করলেন না, আবার ওদিকেও তাঁদের চাপ দেবেন না। নিজেদেরও অগ্রগতি ঐটুকু—১০০টি ফ্ল্যাট হচ্ছে। তারপর ১৯৫৭ সালে এসে বলছেন স্টিল প্রগ্রেসিং। তাঁদের এই সমস্ত স্কীমএ আড়াই হাজারের কথা নেই, ৭১৬টার কথা আছে।

[3-10—3-20 p.m.]

এখানে ৭০ লক্ষ টাকা ধরা হয়েছে, কিন্তু শেষ পর্যন্ত আপনারা ২৫ লক্ষ টাকা খরচ করলেন, তার বেশি খরচ করতে পারলেন না। ইউনিয়ন গভর্নমেন্টের টাকা হাতে ক'রে খরচ করবেন, বাড়ি করবেন, এটাও আপনারা পারেন না। না পারার নানারকম অজুহাত দেখান। এই হারে যদি হয়—এই পাঁচ বছরে ১০০ ফ্ল্যাট হয়েছে—তা হ'লে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর যে ড্রাফ্‌ট আছে যে ১৪ হাজার ফ্ল্যাট করতে হবে, আমি হিসাব ক'রে দেখেছি ৭০০ বৎসর লেগে যাবে। আমরা এর রহস্য বুঝতে পারি না। এই হচ্ছে অবস্থা। সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা পাওয়া সত্ত্বেও খরচ করতে পারেন না এর কোন অজুহাত নাই। কেন্দ্রীয় সরকারও এর সমালোচনা করেছেন, গত ৫ই এপ্রিল তারিখে লোকসভায় মিনিস্টার অব হাউসিং বলেছেন—

> "West Bengal Government had shown lack of interest in the matter of industrial housing. That is why the major portion of the amount allocated by the Centre for West Bengal was not just spent."

অর্থাৎ মেজর পোরসন ব্যয় করতে পারেন নি। এই তো অবস্থা বাড়ি সম্পর্কে।

তারপর, লোন দেবার ব্যাপারে ২ কোটি ৮৫ হাজার টাকা নির্দিষ্ট হয়েছিল, তাতে ৪ হাজার ৭০০ বাড়ি হবার কথা। এ পর্যন্ত ১৯ লক্ষ টাকা মাত্র ডিসবার্স করতে পেরেছেন, তার বেশি করতে পরেন নি।

তারপর, সিউয়েজ গ্যাস স্কীম সম্পর্কে এটা বহুদিনের স্কীম ব'লে শোনা যায়, অথচ এই স্কীমের কি হ'ল এ সম্বন্ধে কোন কারণই বলা হয় নি। ১৯৫২ সালে একবার ইনভেস্টিগেশন হয়েছিল, ১৯৫৩ সালে রিপোর্ট দিলেন; কিন্তু তারপর কি হ'ল জানি না। ৮৭ হাজার টাকা এ পর্যন্ত খরচ হয়ে গিয়েছে। আগামী সনের জন্য ১৫ হাজার টাকা রাখা হয়েছে, অথচ কি হ'ল? এটাও কি শেষ পর্যন্ত ব্রেন ওয়েভএ পরিণত হবে?

আর একটা কথা না ব'লে পারলাম না। টি-বি আফটার-কেয়ার কলোনি ব'লে একটা জিনিস আপনাদের আছে। এতে স্বর্গীয় হরেন্দ্রকুমার ১ লক্ষ টাকা সংগ্রহ করেছিলেন আফটার-কেয়ার কলোনি করবার জন্য। এই লক্ষ টাকার কথা লেখা আছে রিভাইজ্‌ড বাজেটএ। কিন্তু ১৯৫৭-৫৮এ কোন বরাদ্দ এটাতে দেখা যায় না। এটা কি ড্রপ্‌ড আউট হ'ল না, কি হ'ল, সে সম্পর্কে মুখ্যমন্ত্রী আলোকপাত করবেন আশা করি। গৃহসমস্যা সম্পর্কেও আপনাদের শৈথিল্যের পরিচয় পাওয়া যায় প্রতি ক্ষেত্রে।

Dr. Pabitra Mohan Roy:

মিঃ স্পীকার, স্যার, আজকে ভিলেজ টাউনসিপ সম্বন্ধে আলোচনা হচ্ছে। মিডল ক্লাস ফ্যামিলির লোককে সাহায্য করার জন্যই এই পরিকল্পনা। আজকে শহরে অনেক পরিকল্পনা গড়ে উঠছে। ফাইভ-ইয়ার প্ল্যানএ অনেক পরিকল্পনা করা হচ্ছে। আমি আজকে এ সম্পর্কে কিছু আলোচনা করব। কল্যাণী, বীরভূমের মহম্মদবাজার, প্যাটেলনগর, বর্ধমানের শক্তিগড় —আমরা নিশ্চয়ই আশা করব আমাদের পশ্চিমবঙ্গে এরকম সুন্দর সুন্দর ভিলেজ টাউনশিপ গড়ে উঠবে। যে আদর্শ নিয়ে এগুলি করা হচ্ছে সে আদর্শ আমরাও সমর্থন করি, টাউনশিপ গড়ে উঠুক এটা আমরা নিশ্চয়ই চাই। কিন্তু কল্যাণী, মহম্মদবাজার, বর্ষল, প্যাটেলনগর প্রভৃতি জায়গায় এখন পর্যন্ত যেসমস্ত বাড়ি হয়েছে তাদের কনস্ট্রাকশন এরকম যে তাতে কোন লোক ইনটারেস্ট পাচ্ছে না। এখানে আমি বলব যে, আমাদের ন্যাচারাল প্ল্যানিং কমিশনএর ইভাকুয়েশন কমিটি কয়েকদিন পূর্বে রিমার্ক করেছেন—

the condition of the houses is very bad.

আমার মনে হয় আমাদের মুখ্যমন্ত্রী ইভাকুয়েশন কমিটি কি বলেছেন জানেন। লোকে এগুলিতে ইন্টারেস্ট পাচ্ছে না, কারণ এ বাড়িগুলির যা অবস্থা তা কি আর বলব। এর পর আমি কল্যাণীর কথা কিছু বলব। কল্যাণীর নাম আজকে সারা ভারতবর্ষে; অল-ইন্ডিয়া কংগ্রেসএর অধিবেশনের পর সমস্ত ভারতবর্ষ এই কল্যাণীর নামের সঙ্গে পরিচিত হয়েছে। গত যুদ্ধের সময় কল্যাণীর রুজভেল্টনগর ডেভেলপ্‌ড হয়েছে, সেখানে বি ব্লকএর ইমপ্রুভমেন্ট হয়েছে—এখানে ৫০০টি বাড়ি তৈরি হয়েছে। কিন্তু এখানেও সেই একই অবস্থা। বাড়িগুলির অবস্থা এমন খারাপ যে, সেখানে লোকে উৎসাহ পাচ্ছে না। যে আইডিয়া নিয়ে এগুলি আরম্ভ করা হয়েছিল তার একটাতেও সেই আইডিয়া রূপায়িত হয় নি এটা পরিষ্কারভাবে ফুটে উঠেছে। এই না হওয়ার প্রধান কারণ হচ্ছে বাজারের অভাব। মুখ্যমন্ত্রী হয়ত বলবেন, নিশ্চয়ই আছে। কিন্তু আমরা জানি যা আছে সেটাকে বাজার বলে না। সামান্য জিনিসের জন্য কাঁচরাপাড়া যেতে হয়। যদি লোকে অসুস্থ হয় তা হ'লে ৩২ মাইল দূরে কলকাতায় আসতে হয় ২ ঘণ্টা রেলে চেপে। কাজেই এই অবস্থায় লোকে সেখানে ইন্টারেস্ট পাচ্ছে না। অর্থনৈতিক দিক দিয়ে লোকে রুজি রোজগারের ব্যবস্থা করতে পারে এমন কোন ব্যবস্থা নাই, যার ফলে মিডল ক্লাস ফ্যামিলির লোক সেখানে যাবার কথা চিন্তা করতে পারে না। কল্যাণীতে একটা স্কুল হয়েছে আমাদের প্রাক্তন এডুকেশন মিনিস্টার স্বর্গীয় পান্নালালবাবুর নামে—পান্নালাল ইনস্টিটিউশন, সেখানে থাকতে বাধ্য হয়েছে যেমন সরকারী কর্মচারী, তাদেরই ছেলেপিলেরা পড়ে। এই সমস্ত বাড়ির কনস্ট্রাকশন সম্বন্ধে বিশেষ ক'রে বলা দরকার। আজকে কল্যাণী কাঁদছে, কল্যাণী শব্দ ক'রে কাঁদছে। আজকে কল্যাণীকে রোগে ধরেছে। কল্যাণীর অবস্থা দেখবার জন্য মুখ্যমন্ত্রী ডাঃ রায় গিয়েছিলেন,—তিনি সত্যিই রসিকপুরুষ—তিনি সেখানে যেসব অফিসার আছেন তাঁদের বলেন,—আপনারা করেন কি এখানে? যেসব জায়গায় ভাঙ্গন ধরেছে সেসব জায়গা ঢেকে দেবার জন্য, জোড়া দেবার জন্য পেইন্টিং চিত্র আঁকবার ব্যবস্থা দিয়ে এলেন তিনি।

[3-20—3-30 p.m.]

কাজেই দু'টো ব্যান্ডেজ যদি করা যায় তবু একটা দ্রষ্টব্য হয়। সেখানে পেন্টিং করা হয়, সুন্দর ক'রে গাছপালার চিত্র আঁকা হয় আমাদের কল্যাণীর ভাঙ্গা বাড়ির অবস্থাটা ঢেকে দেওয়ার জন্য। মন্ত্রীমহাশয়রা তা দেখে আসেন, প্রশংসা করেন, তাদের বাহাদুরি দেন। বলেন —তোমরা শুধু ঘরবাড়ি তৈরি করছ না, তোমাদের রুচি আছে, কৃষ্টি আছে, তোমরা চিত্র

আঁকতেও বেশ শিখেছে। যাঁরা কনস্ট্রাকশন বোর্ড সুপারভাইজ করেন, যাঁরা কন্ট্রাক্টের কাজ করেন তাঁরাও প্রশংসা পান এবং সেখানে আমরা যদি কোন অফিসারের নাম ক'রে কিছু বলতে যাই—যা বলবার ইচ্ছা আমার নেই—আজকে হয়ত তার কোন জবাব পাব না। তিনদিন বাদে মন্ত্রীমহাশয়রা কেউ উঠে দাঁড়িয়ে তার প্রমাণ ক'রে দেবেন এবং আমাদের পক্ষেও এটা সম্ভব নয় যে, কবিগানের লড়াইএর মত আমরা আর একটা পাল্টা জবাব দেব, সেটা আমাদের উদ্দেশ্য নয়। শুধু তাই নয়, যদি কারও সম্বন্ধে কিছু বলি আমরা জানি যে, সেই অফিসারের হয়ত প্রমোশন হয়ে যাবে। অথচ যাদের কথা আমরা বলি না অথবা যারা ভাল তাদের বিপক্ষে কিছু না বলার ফলে তাদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়, মনে ক'রে নেওয়া হয় যে, বিরোধী দলেরা বোধ হয় তাদের সাহায্যপুষ্ট হয়ে এই সমস্ত খবরাখবর নেয় এবং যাদের সম্বন্ধে আমরা কিছু বলি তারা প্রমোশন পায়। আমি একটিমাত্র উদাহরণ দিই, দেব এইজন্য যে, এই ভদ্রলোক ধাপে ধাপে প্রমোশন পেয়ে এগিয়ে চলেছেন। কাজেই সেকথা বলার আমার কোন অসুবিধা নেই। একজন অফিসার এস এন বসাক, তিনি কল্যাণীতে স্যানিটারি ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টের এস্টিমেটর ছিলেন এবং তিনি টেম্পোরারি একজিকিউটিভ ইঞ্জিনীয়ার পদে প্রমোশন পেয়ে ভাল কাজ দেখালেন। কি রকম ভাল কাজ দেখালেন? সিউয়ারেজ যেগুলি করলেন ২-১ বছরের মধ্যে সেগুলি ধ্বসে পড়ে গেল এবং ধ্বসে পড়ে যাওয়ার ফলে যে কত টাকা আমাদের ক্ষতি হ'ল তার কোন ইয়ত্তা নেই। তারপরে হ'ল কি, তার মেনটেনান্স, তার রিপেয়ারিং, এই সমস্ত দিয়ে তিনি বছরের পর বছর তার কাজ চালাতে আরম্ভ করলেন। তারপরে এই সমস্ত সিউয়ারেজগুলি কেন খারাপ হয়ে গেল সে সম্বন্ধে একটা রিপোর্ট হয়ে গেল—এই যে ফ্লাড হয়েছে, বন্যা হয়েছে, সেই বন্যাই এর ধ্বসার কারণ হয়ে গেল রিপোর্টে, আর আমাদের কিছু করার নেই। আমি একটিমাত্র কথা বলব এই সিউয়ারেজ সম্বন্ধে। আমরা জানি একটাতে যত টাকার সিমেন্ট দেওয়া উচিত ছিল তার থেকে ৮০ হাজার টাকার কম সিমেন্ট দেওয়া হয়েছে এবং সেই কম দিয়ে যে কাজ করা হ'ল তার ফলে ইঞ্জিনীয়ার সাহেবের প্রমোশন হয়ে গেল এবং আমরা শুনছি যে, তাঁর এই প্রমোশনই শেষ নয়, এখন তিনি একজিকিউটিভ ইঞ্জিনীয়ার রয়েছেন, তাঁর সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার হবার সম্ভাবনা রয়েছে।

রুরাল ইউনিভার্সিটি সম্বন্ধে আমি বলব যে, ঐখানে মিডল ক্লাস পিপলদের জন্য যে ইউনিভার্সিটি করতে যাচ্ছেন সেই ইউনিভার্সিটিতে কে থাকবে। কটা অভিভাবক তাঁদের ছেলেদের ১০০-১২৫ টাকা খরচ ক'রে সেখানে রাখতে পারবেন? এমন পরিবেশ সৃষ্টি করুন যাতে আমাদের ছেলেরা সেখানে থাকতে পারে। একথা আপনি নিশ্চয়ই জানেন মিঃ স্পীকার, যে, গ্রাম থেকে ম্যাট্রিকুলেশন পাশ করার পরে কলকাতায় যেসমস্ত ছেলেরা পড়তে আসে তাদের অধিকাংশই হয়ত কারও বাড়িতে ছাত্র পড়িয়ে সেখানে খায়, আবার এক জায়গায় ছাত্র পড়িয়ে হয়ত রাত্রে শোয়ার ব্যবস্থাটা করে এবং আর একটা বাড়িতে ছাত্র পড়িয়ে হয়ত ২০-২৫ টাকা পায়। কাজেই একটা উপযুক্ত পরিবেশ যদি সৃষ্টি করতে না পারেন তা হ'লে কল্যাণীর সেই ইউনিভার্সিটি সাকসেসফুল হ'তে পারে না।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, এই খাতে বিভিন্ন সেবামূলক এবং সংগঠনমূলক প্রতিষ্ঠানে কোথাও ঋণ, কোথাও সাহায্য দেওয়া হয়েছে। এই রকম ঋণ এবং সাহায্যের দ্বারা যদিও কিছু কিছু হয়ত উপকার হয় কিন্তু দেশের যে সামগ্রিক সমস্যা রয়েছে সে সমস্ত সমস্যা সমাধানের জন্য যদি একটা সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করে সেই পরিকল্পনাকে পুষ্টিসাধন না করি তা হ'লে খুচরা খুচরা সাহায্য এবং ঋণ দিয়ে বাস্তবিকই দেশের বিশেষ কোন উন্নতি হয় না। আমি এ সম্বন্ধে ২।১টা কথা বলতে চাই। দুর্গাপুরে ইট তৈরি করবার পরিকল্পনা গ্রহণ করা হ'ল এবং তাতে লোক নিয়োগ করবার জন্য অ্যাডভারটাইজমেন্ট করা হ'ল। সরকার ব'লে থাকেন যে, ছেলেরা, যুবকেরা কাজ করতে চায় না, তাদের কাজ করবার ক্ষমতা নেই। কিন্তু তা নয়, প্রায় ১০ হাজার যুবক সেখানে দরখাস্ত করল কিন্তু পরে শোনা গেল যে, তাদের দরখাস্তগুলি বিবেচনা করা হ'ল না এবং ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সের ছেলেদের দ্বারা ইট তৈরি করার কাজ আরম্ভ করা হয়েছে। তাদের দ্বারা হোক তাতে ক্ষতি নেই, কিন্তু এই

বেকার সমস্যার দিনে কেন এইরকমভাবে আন্ডভারটাইজ ক'রে সেই সমস্ত যুবকদের আবেদন-পত্র গ্রহণ করা হ'ল এবং কেন এইভাবে তাদের হয়রানি করা হ'ল, এটা আমি বিশেষভাবে জানতে চাই। শুধু এই ব্যাপারে নয়, স্টেট ট্রান্সপোর্টের ব্যাপারে যখন কিছু লোক নেওয়া হয় তখন বেকার যুবকেরা হাজারে হাজারে অ্যাপ্লিকেশন নিয়ে গভর্নমেন্টের দরজায় উপস্থিত হয়—প্রত্যেক অ্যাপ্লিকেশন ফর্ম চার আনা ক'রে দাম। এই সমস্ত অ্যাপ্লিকান্টদের মধ্যে থেকে যদি লোক নেওয়া হয় তা হ'লে তাদের ঘরে গাদা গাদা অ্যাপ্লিকেশন জড় হয় না এবং এই সমস্ত যুবকেরাও অত হয়রানি হয় না এবং তাদের মনেও একটা নৈরাশ্যের ভাব আসে না। কাজেই সরকারের এই যে নীতি—দুর্গাপুরের ব্যাপারে ছেলেদের আবেদনপত্র আহ্বান করলেন, তারপর তাদের নিরাশ করলেন, স্টেট ট্রান্সপোর্টের ব্যাপারেও তাঁরা আবেদনপত্র গ্রহণ করলেন, সেগুলি জমা ক'রে রেখে দিলেন, তার কোন ব্যবস্থা হয় না—এই যে নীতি, এটা পরিবর্তন করা দরকার। কাজেই আমি জানতে চাই—কেন যুবকদের, তরুণদের মধ্যে আশা জাগিয়ে তারপরে এইভাবে তাদের নিরাশ করা হয়?

তারপরে আর একটা ব্যাপার হ'ল বস্তি-ডোয়েলারদের ব্যাপারে যে বোর্ড তৈরি হবে সে সম্বন্ধে। আপনারা সকলেই জানেন যে, কলকাতায় বস্তিবাসীদের কি অবস্থা, কি অস্বাস্থ্যকর, অপরিষ্কার স্থানে তারা থাকে। সেখানে নর্দমা সাফ হয় না, পায়খানা পরিষ্কার হয় না, সেখানে জল পাওয়া যায় না, আর রোগের সময়, যখনই একটা রোগের প্রকোপ হয় তখনই বস্তিবাসীরা সেই রোগে আক্রান্ত হয়। কাজেই যে হাউসিং বোর্ড তৈরি হবে সেই হাউসিং বোর্ড কিভাবে গঠিত হবে সেটা আমাদের জানা দরকার, অন্যাদের বোঝা দরকার। যে বোর্ড তৈরি হবে তাতে এক্সপার্ট নলেজের লোক থাকা যেমন দরকার, তেমন সাধারণ লোকেরও প্রতিনিধি থাকা দরকার, বিশেষ ক'রে বস্তিবাসীদের প্রতিনিধি নিয়ে এই বোর্ড তৈরি করা উচিত। কারণ বস্তিবাসীদের কি অসুবিধা আছে তারা সেকথা বোর্ডের কাছে বিশেষ ক'রে বলতে পারবে। কাজেই সেদিক থেকে বস্তি কনস্ট্রাকশনের জন্য যে হাউসিং বোর্ড হবে সেই বোর্ডে যেন বস্তিবাসীদের প্রতিনিধি গ্রহণ করা হয়।

[3-30—3-40 p.m.]

তারপর 'ম্যান পাওয়ার অ্যান্ড এমপ্লয়মেন্ট' ব'লে ৭৯,০০০ টাকা ধরা হয়েছে। এটার কি মানে ঠিক বুঝতে পারলাম না। 'ম্যান পাওয়ার'এর অভাব নাই, 'এমপ্লয়মেন্ট'এর অভাব আছে। হাজার হাজার লোক 'আনএমপ্লয়েড' আছে। কাজেই সেদিক থেকে 'ম্যানপাওয়ার' ও 'এমপ্লয়মেন্ট' হিসাবে মাত্র ৭৯ হাজার টাকা যে ধরা হয়েছে এই সামান্য টাকায় যে কি ব্যবস্থা হবে একথা মন্ত্রীমহাশয় ঠিক পরিষ্কার ক'রে বলেন নি।

আমি আর একটা কথা বলতে চাই—যেটা শ্রদ্ধেয় মণিকুন্তলা সেন মহাশয়া বলেছেন—যে, গতবারে আমরা কাঁচরাপাড়ায় গিয়েছিলাম যখন সেখানে অনশন ধর্মঘট হয়েছিল এবং সেজন্য অনেক রোগীকে সেখান থেকে ডিসচার্জ করা হয়েছিল। সেই যক্ষ্মারোগীরা কোথায় যাবে? অনেক সময় আত্মীয়স্বজনেরা তারা সম্পূর্ণরূপে রোগমুক্ত হয়েছেন ব'লে জানতে না পারলে গ্রহণ করতে চান না। সেইজন্য আফটার-কেয়ার কলোনি যাতে বিশেষভাবে গ'ড়ে ওঠে এবং রোগীদের থাকার ব্যবস্থা হয় সেটা করুন।

Dr. Jnanendra Nath Majumdar: Mr. Speaker, Sir, while talking on Grant No. 39 I shall speak of Head 82 and I will take up two of the things that are given here—one is Durgapur Industries and the other is Kalyani. One of them has been finished in part, and is continuing its progress and another has just started. Our Chief Minister who is in charge of Development programme can conceive things brilliantly, gigantically but then it is not suitable from our point of view because they are of no use to the people.

They have started work at Durgapur already. We find that the strike breaker National Volunteer Corps have been employed to produce bricks. The question that comes in is that the cost of brick is Rs. 78 per thousand when brick is being sold at Rs. 58 in the market. This is how money is

being wasted. At the same time our attention has been drawn to the gigantic multipurpose scheme of the Coke Oven Grid and the Thermal Electric Power Plant that is going to be opened. This gives us a shrewed suspicion that something might be wrong somewhere. What is the necessity of having an electrical installation 25 miles away from the D.V.C. today? Is the installation of thermal plant necessary? Dr. Roy said the other day that we would be independent of the D.V.C. We do not understand it. We have heard talks about merger. If merger with Bihar is a possibility why should we want to be independent of the D.V.C. for which we are spending so much from our budget? Again, Sir, we have heard him say that he has no hand in the control of D.V.C. We know that the Durgapur Coke Project is going to be controlled by the Durgapur Industries Board. I do not really understand this. I tried to find out whether this Board is an executive body or is under the Industrial Finance Corporation. The only thing that we have found out is that it has got a Chairman, an Administrative Officer and a Chief Engineer; the names of the members of the Board are not disclosed to us, neither the constitution of the board. We have a shrewd suspicion that the money to be spent by the Industries Board will not be votable by us and again, Sir, one day, we may be told that we have no control over it. So I draw the attention of the House to the fact that the Durgapur Industries Board will do the same thing as the D.V.C. has been doing and that the people in general would not get any benefit. These are dirts that stink in our nostrils and if we point these out we are called Drain Inspectors, but we have to be drain inspectors and find out how to stop these things. Dr. Maitreyee Bose after having called us drain inspectors did the work of a drain inspector herself by criticizing the labour policy of Government. Sir, I now come to Kalyani. Kalyani was brilliantly and gigantically conceived but it started with wrong things. Government have not compensated up till now the people whose houses and lands were taken. In 1943 these people were ousted from their homes and hearths. Not only they were ousted, they had not received compensation from the Americans. Not only they have not received compensation, this compensation has been arbitrarily fixed at Rs. 200 per acre when the Government took over. Some of these poor people filed cases to the Arbitration Board and the Arbitration Board fixed it at from Rs. 400 to Rs. 1,500 per acre in place of Rs. 200 per acre; but every poor man cannot go against Government order. They have not been paid so far even after the Arbitration Board's awards. Thus Kalyani has started with a tale of woe.

Sir, I am one of those men who have taken some little interest in Kalyani and we find that Rs. 2,30,00,000 has been spent there. This was national money. People say we do not co-operate. We went, built houses there, but what happens? You go there at 1 o'clock at night and you will find that all lights are put out. I asked one Administrator about this and he says this is done so that thieves will have an opportunity to steal.

I now come to the roads. These roads are built in such a way that they are crumbling. Not only they are crumbling but the sewerage are also crumbling and they will possibly burst and I wish Dr. Roy would see to these things. I have seen him being shown things round which are put up only as show things and actual mismanagements are whitewashed.

In Kalyani there are 550 houses. Of these 550 houses only 7 have been let out up till now, 3 have been sold and 11 people like us have built there. Whose money we are investing here? It is national money and we want to see that this national money is utilised for the public. Another question comes in and that is this. It is only recently that the Government have

begun to give susbidy to the Government officers as house-rent so that over 50 houses have been occupied by these grade III officers. For these houses a monthly rent of Rs. 70 has been fixed, but you must take into consideration that a man who will come from Kalyan. to Calcutta to earn his living will have to waste 1½ hours and he has got to incur expenditure for travelling. That is why I have said Dr. Roy conceives gigantically but produces things which are not conducive to the interest of the general people.

Then there are other factors. We hear big things about the market in Kalyani. There is a building but no market in Kalyani, we hear an Assistant Secretary of the Development Department goes there for marketing purposes. There is no market in Kalyani but it is said that he goes there to purchase rice and other things and comes back with zeeps full of merchandise Why this is happening? Is it happening simply because the officers do not want the people to reside at Kalyani? So that contractors for whom this money is being spent can have things all their own way. I can tell you that 30 new houses are being built by the Milk Commissioner at Kalyani. The staff who will occupy these 30 houses could have been easily located in the other houses that are there. There are plots which are only to be sold in one bigha plot but now these one bigha plots are being utilised for building of these milk colony houses. I just inspected one of the houses to see the percentage of cement in the plaster. I drew a lime on the wall and cement and mortar came out. It was only to pay the contractors and not for the benefit of the people that these 30 houses are being built. That is why I cannot support the proposal.

[3-40—3-50 p.m.]

Sj. Nepal Roy:

মাননীয় স্পীকার মহোদয়, গতকাল এবং আজকে দু'দিন ধ'রে বিরোধী দলের বক্তাদের বক্তব্য শুনেছি,—মনোযোগ সহকারে শুনেছি। এবং তাঁরা যেভাবে বিভিন্ন আইটেমের উপরে ক্রিটিসিজম করেছেন সেগুলি আমি শুধু এক কথায় বলব—তাঁরা যদি আজকে এ পাশে ব'সে থাকতেন তাঁরা ঠিক একই কথা বলতেন এবং আমরা ওপাশে গেলে আমরাও ঠিক একই কথা বলতাম। কারণ লোকে যে বিরোধী দলকে ভোট দিয়েছে, তা জেনেশুনেই ভোট দিয়েছে—ক্রিটিসিজম করবার জন্য। তবে ক্রিটিসিজমে শুধু বলবার জন্য বলা হয়েছে এইটেই আমার দুঃখ। আমাদের বিভিন্ন জায়গার বিভিন্ন বন্ধুরা নিজের নিজের এলেকার বিভিন্ন কথা আপনার সামনে রেখেছেন। আমাদের হেমন্ত ঘোষাল মহাশয় তাঁর সুন্দরবন নিয়ে পড়েছেন এবং সুন্দরবনকে ডালহৌসী স্কোয়ার না ক'রে দেওয়া পর্যন্ত চিৎকার ক'রেই যাবেন, তা না হ'লে আর ভোট পাওয়া যাবে না।

এবং তারপর অন্যান্য যাঁরা আছেন, সুন্দরবনের চেয়ে যদি বাড়া কিছু জায়গা থাকে তা হ'লে সেটাকে ডালহৌসী স্কোয়ার ক'রে দিতে হবে। বিভিন্ন বক্তা বিভিন্ন ভাবে আপনার মাধ্যমে তাদের বক্তব্য এই সভায় পেশ করেছে। আমারও ২।১টা বক্তব্য আছে। আমি কলকাতা থেকে নির্বাচিত হয়েছি—কলকাতার লোকদের বিভিন্ন সমস্যা রয়েছে; তবুও কলকাতার লোকের প্রতি সরকারের দৃষ্টি—আমি বলব—একটু বক্র, কারণ কলকাতায় যে রকম বেকার সমস্যা রয়েছে, কলকাতায় বস্তি সমস্যা রয়েছে, কলকাতায় জলের সমস্যা রয়েছে। আজকে দেখতে পাচ্ছি—এই গরমের দিনে শত শত লোক লাইন দিয়ে আছে। এখানে অন্তত কয়েক সহস্র টিউব-ওয়েল কলকাতার জন্য প্রয়োজন। কিন্তু দেখতে পাচ্ছি—যেখানে নদী, নালা, পুকুর আছে সেই সুন্দরবনের জন্যই আবার হেমন্ত ঘোষাল মহাশয় বলছেন যে, আরও লক্ষ লক্ষ টাকা দিন। স্যার, সরকার ত' আর টাকার গাছ নয় যে, ঝাঁকি দিলেই টাকা পড়বে। আবার ট্যাক্স বসাতে গেলেও চিৎকার করবেন—না, বাবা, ট্যাক্স নয়। অতএব টাকা যা আমাদের আছে, সেই অনুযায়ী সকল এলাকায় ভাগ ক'রে দিতে হবে এবং এমারজেন্সি যেখানে আছে সেখানে আগে করতে হবে। ওঁরা অনেক দুর্নীতির কথা বলেন। আমিও স্বীকার করি দুর্নীতি নিশ্চয়ই আছে।

দুর্নীতি নাই একথা আমি বলছি না, কেউ বলবে না। কারণ এ'রা স্বীকার করেন, এই সরকারী কর্মচারীদের মধ্যে শতকরা ৯০ ভাগই তাদের সমর্থক। সুতরাং যা কিছু চুরি-চামারি করা তা তাদেরই লোক করে, কারণ আমাদের সমর্থক, মাত্র শতকরা ১০ জন। একথা তাঁরা অস্বীকার করতে পারেন না। সেদিন অপোজিশন পার্টির লীডার জ্যোতি বাবু, তিনি এই কথা বলেছিলেন। তারপর, স্যার, আমি সামান্য ২-১টা কথা আপনার সামনে রাখব। যদিও সেগুলি অত্যন্ত মর্মান্তিক তবুও না রেখে আমি পারছি না। স্যার, ওঁরা সব সময়ে বলেন যে, কংগ্রেসকর্মীরাই এই ডিস্ট্রিক্ট বোর্ডএর প্রেসিডেন্ট হচ্ছে, পঞ্চায়েতের প্রেসিডেন্ট হচ্ছে। সেদিন দাসুবাবু বললেন যে, পঞ্চায়েত জোর ক'রে ওঁরা দখল ক'রে নিচ্ছেন—পঞ্চায়েতের প্রেসিডেন্ট না হবার আগেই তিনি হাজার টাকা জরিমানা ক'রে লোককে উত্যক্ত করছেন। কিন্তু দাসুবাবুও আশ্চর্য হয়ে যাবেন যদি আমি এই ফিরিস্তি আপনার সামনে রাখি। স্যার, এর ফটোস্টেটিক কপি আমার কাছে আছে—প্রয়োজন হ'লে আপনার সামনে রাখব। আপনি আশ্চর্য হয়ে যাবেন আমাদের বামপন্থী বন্ধুদের কীর্তিকলাপ দেখে। স্যার, সম্মিলিত উদ্বাস্তু বালিকা বিদ্যালয় টালিগঞ্জে আছে। সেখানে বর্তমানে অ্যাডমিনিস্ট্রেটর বসেছে। এই অ্যাডমিনিস্ট্রেটর বসবার আগ পর্যন্ত শ্রীযুত আর, এন, গুহ। তিনি একজন কমিউনিস্ট পার্টির একজন হোল-টাইম ওয়ার্কার, তিনি সেই স্কুলের মাষ্টার ছিলেন এবং সেখানে তাঁর এগেনস্টএ সিরিয়াস অ্যালিগেসনস হয়েছিল। আর সেটা ছিল কমিউনিস্ট পার্টির লোক তৈরি করবার এবং রিক্রুট করবার আড্ডাখানা। রিফিউজি স্টাইপেন্ড যা দেওয়া হ'ত তা তিনি আত্মসাৎ করতেন। প্রয়োজন হ'লে, কাগজপত্র আমার কাছে সব আছে, আমি তা দেখাতে পারি, বিনা দলিলে আমি কিছু বলি না। স্যার, আর একজন আমাদের মিঃ যতীন চক্রবর্তী—তাঁর একটা লোক, জিতেন মজুমদার—তিনি বাঘা যতীন কলোনির ৩টা স্কুলের সেক্রেটারী ছিলেন। এই তিনটা স্কুলে এখন অ্যাডমিনিস্ট্রেটর অ্যাপয়েন্টেড হয়েছে ১৯৫৩এ। তার এগেনস্টএ স্পেসিফিক চার্জ ছিল টাকা আত্মসাৎ করার এবং ২।১ টাকা নয়, বহু হাজার হাজার টাকা বিভিন্ন স্কুল থেকে আত্মসাৎ করেছেন। স্যার, শুধু তাই নয়, তিনি কোনদিনই স্কুলের আইন-কানুন মেনে চলতেন না। স্যার, অডিট রিপোর্ট যা দিয়েছে তাতে বলা হয়েছে যে, তিনি টাকা আত্মসাৎ করেছেন, অডিট রিপোর্টএ এটা স্পষ্ট ভাষায় লিখে গিয়েছেন যে, তিনি স্কুলের বহু টাকা আত্মসাৎ করেছেন। স্যার, আর একটা মজা হচ্ছে—আমাদের এই বিধান সভার একজন সদস্য—তাঁর নামে অভিযোগ আছে। স্যার, তাঁরা বড় বড় লম্বা-চওড়া কথা বলেন—বিশ্ব-ব্রহ্মাণ্ড, পরম ব্রহ্ম ছাড়া কথা বলেন না—ছোট কথার তাঁরা ধার ধারেননা। তাঁরা হয় মিঃ স্ট্যালিন, আর না হয় তার নিচে নেমে খুব জোর মিঃ ক্রুশ্চেভ পর্যন্ত নাবতে পারেন এবং বিশ্ব-ব্রহ্মাণ্ড, বিশ্বজগৎ ছাড়া তাঁরা অন্য কথা বলেন না। কিন্তু দেখুন, তাদের মধ্যে কি সমস্ত দুর্নীতি লুক্কায়িত আছে। সেগুলি আপনার মাধ্যমে একটার পর একটা তুলে ধরছি এবং প্রয়োজন হ'লে ফটোস্টেটিক কপি যদি চান তাও রাখতে পারি। স্যার, এখানে দি অনারেবল রিফিউজি মিনিস্টার প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের রিলিফ ডিপার্টমেন্টের বাজেটএর দিনে শুনেছিলাম—কিছুই হয় নি, কিছুই করতে পারেন নাই। মন্ত্রীমহাশয় অত্যন্ত খারাপ লোক। ৫ বৎসর দুর্ভিক্ষ লেগেই ছিল। কিন্তু করবেন কি করে বলতে পারেন কি? কলকাতায় ৫০ বৎসর বাস করে, যার ১৪ পুরুষ কলকাতায় রয়েছে, সে যদি রিফিউজি সাজতে চায়, তা হ'লে কি ক'রে রিফিউজি রিহ্যাবিলিটেশন হতে পারে? আরও বন্ধুদের আমি দেখাচ্ছি—একটার পর একটা নাম করে দিচ্ছি, স্যার। অমিয়ভূষণ চক্রবর্তী—তিনি কমিউনিস্ট পার্টির থিওরেটিসিয়ান, সম্মানীয় ব্যক্তি; তিনি বিজয়গড় কলোনিতে ঘর নিয়েছেন। স্যার, তিনি এসেছেন ১৯৫৪ সালে এই বিজয়গড় স্কোয়াটারস কলোনিতে। আপনি জানেন স্কোয়াটারস কলোনিতে যে ১৯৫০ সালের আগে ঘর বেঁধেছে তাকেই স্কোয়াটার ব'লে ধরে নেওয়া হয়। ১৯৫৪ সালে বাড়ি করলে স্কোয়াটার ব'লে ধরা যায় না। এই ভদ্রলোক বাজে লোক নন—তিনি একদিন আমাদের কলিকাতা ইউনিভার্সিটির অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অব এক্সামিনেশনস ছিলেন। সেই ভদ্রলোক———[ভয়েসঃ নাম বলুন।]—যিনি বিজয়গড় কলেজের প্রিন্সিপ্যাল—যিনি আপনাদের উপদেশ দিয়ে থাকেন—এই ভদ্রলোক, স্যার, আপনি দেখুন আমি কলিকাতা ইউনিভার্সিটিতে চিঠি লিখেছিলাম এবং ক্যালকাটা ইউনিভার্সিটির রেজিস্ট্রার আমাকে চিঠি দিয়েছেন—তিনি বলেছেন, ১৯৫২ সালে তাঁর রেসি-

ডেন্সিয়াল অ্যাড্রেস ছিল ১৫নং যদু ভট্টাচার্য লেন। কলকাতা ইউনিভার্সিটি থেকে আমাকে বলেছে যে ১৫নং যদু ভট্টাচার্য লেন তাঁর ঠিকানা। তিনি গেলেন স্কোয়াটারস কলোনিতে সরকারের টাকা ও জমি মারবার জন্য। একটুও কি লজ্জা করে না?

[3-50—4 p.m.]

আর একজনের কথা বলি—তিনি যতীনবাবুর বিশিষ্ট বন্ধু ও ঐ দলের একজন নেতা। তিনি হচ্ছেন স্নেহময় চৌধুরী মহাশয়। তিনি এবং তাঁর সতীলক্ষ্মী স্ত্রী শ্রীমতী অরুণা চৌধুরী—এ'রা দুজনই কলেজের প্রফেসর; না, না, সরি স্যার, মহিলাটি হচ্ছেন গোখেল মেমোরিয়াল গার্লস স্কুলের মাষ্টার—শিক্ষয়িত্রী; আর একজন, গোখেল মেমোরিয়াল কলেজের —তিনি হচ্ছেন একজন প্রফেসর; না, না, স্যার, তিনি প্রিন্সিপ্যাল।

(Laughter)

স্যার, তাঁরা থাকেন বলদেওপাড়া রোডে। সেখানেই তাঁরা বরাবর বাস করেন। অথচ দেখা যাচ্ছে ঐ স্কোয়াটার কলোনি দখল ক'রে তাঁরা বসে আছেন—স্বামী-স্ত্রী দু'জনের নামই আছে। স্বামী আলাদা থাকেন, স্ত্রী আলাদা থাকেন। এর অর্থ তাঁদের দু'টি প্লট অফ ল্যান্ড প্রয়োজন। এতে কি, স্যার, রিফিউজি রিহ্যাবিলিটেশন হয়?

আর একটা মজা হচ্ছে, এই ভদ্রলোক, তিনি নিজেকে এম-বি-বি-এস বলে চালাচ্ছেন। আসলে তিনি এম-বি-বি-এস ডাক্তার নন। আবার এ'রা বলছেন—কংগ্রেসের সব করাপ্ট! আর আমি বলছি—ও'রা করাপশনএর মনুমেন্ট! স্যার, তিনি এম-বি-বি-এস ব'লে চালাচ্ছেন; যদি বুঝতাম ছোট্ট ক'রে লিখতেন ব্রাকেটে (এইচ) এম-বি, তা হ'লে কিছু বলতাম না। এ যেন দিনদুপুরে ডাকাতি! ছ' বছর পড়ে এম-বি-বি-এস পাস করতে হয়। ওদিকে নেমপ্লেটএ লেখা হচ্ছে এম-বি-বি-এস ব'লে। ইনি জ্যোতিবাবুর দলের লোক।

আর একজন ভদ্রলোক—তিনি এই বিধান সভার সদস্য। বলেন তো, স্যার, নাম ব'লে দেই। আর না হয় থাক।

[এ ভয়েসঃ বলুন না, কি নাম?]

না, না, স্যার, আমি নাম বলব না। আমি অত কাঁচা ছেলে নই!

(Laughter)

তবে গোপনে চাইলে পার্টি লীডারকে আমি ব'লে দেব।

তিনি এক জায়গায় বলেছেন, সেন্সাস সার্টিফিকেট ১৯৪৮ সালে হয়েছে, সেই সেন্সাস সার্টিফিকেটএ সই ক'রে সেখানে বলেছেন—আমি ১৯৪৮ সালে এসেছি মশাই। আবার দেখা যাচ্ছে মাইগ্রেশন সার্টিফিকেটএ, বর্ডার স্লিপ আগে ১৯৫০ সালে দেওয়া হ'ত, তাতে দেখা যাচ্ছে এই বর্ডার স্লিপ রিফিউজি ডিপার্টমেন্টএ তিনি দাখিল ক'রে দিয়েছেন। স্যার, তিনি একই লোক। এখানকার সভ্য। তিনি একবার বলছেন ১৯৪৮ সালে ইন্ডিয়ান ইউনিয়নএ এসেছেন। আবার আর এক জায়গায় ডিক্লারেশন দিয়ে বলছেন, যে ডিক্লারেশনএ তাঁর সই—আমার হাতে রয়েছে, সেখানে দেখছি তিনি ১৯৫০ সালে এখানে এসেছেন। এই যদি তাঁদের নীতি হয়ে থাকে তা হ'লে আর কি বলব! ওদিকে আবার তাঁরা লম্বা-চওড়া কথা বলেন। এ'রা করাপশনএর মনুমেন্ট বললে ছোট ক'রে বলা হয়, এ'রা হচ্ছেন যাকে বলে করাপশনএর মাউন্ট এভারেস্ট।

(Laughter)

এই অ্যাসেম্বলির একজন মেম্বার হয়ে যদি এই রকম নীচ মনোভাবের পরিচয় তিনি দিতে পারেন, তা হ'লে কি ক'রে এই রাষ্ট্রে উন্নতি হতে পারে? জ্যোতিবাবুকে আমি এই নাম দেব, তিনি তার উপযুক্ত ব্যবস্থা করবেন।

এই কথা ব'লে এই বাজেটের ৩৯ নম্বর গ্রান্টকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, although the name has not been mentioned, a very serious allegation has been made against an honourable member on this side of the House. Either the name should be given and this gentleman should be sent to the Privilege Committee to prove his case or he should withdraw his remarks. First I want to know the name and secondly if he is a member of this House I wish that you send this case to the Privilege Committee.

Sj. Nepal Roy:

স্যার, আমি রাজী আছি। এখুনি ব'লে দিচ্ছি, স্যার। নাম বললে ও'রা লজ্জা পাবেন, তিনি একজন বড় নেতা।

Mr. Speaker: Let us have his name.

Sj. Nepal Roy: May I mention his name, Sir?

Mr. Speaker: Yes.

Sj. Nepal Roy:

আমি রাজী আছি স্যার। নাম বলবো স্যার? তিনি হচ্ছেন শ্রীযুত জগৎ বোস, এম, এল, এ!

Sj. Jyoti Basu: Will you send it to the Privilege Committee?

Mr. Speaker: You have said so and I will look into the matter.

Shri Monoranjan Misra will kindly speak.

Sj. Monoranjan Misra:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে, তার মধ্যে আমার কতকগুলি বিষয় সরকারের কাছে বলবার আছে। প্রথম হচ্ছে—মিউনিসিপ্যালিটি সম্বন্ধে। ইংরেজবাজার (মালদহ) মিউনিসিপ্যালিটি সরকার মনোনীত সংস্থা। আজ পর্যন্ত শহরে কোন ড্রেনেজ স্কীম গ্রহণ করা হয় নি। সেখানকার ড্রেনেজএর অবস্থা এত খারাপ যে, সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ না ক'রে পারছি না। মালদহ জেলার ড্রেনের উন্নতির জন্য একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজন হইয়াছে। এই ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করার জন্য সরকারকে অনুরোধ জানাই।

দ্বিতীয় হচ্ছে—মিউনিসিপ্যালিটির অধীনে যেসমস্ত রাস্তাঘাট আছে, সেগুলি এত অপরিষ্কার, অপরিচ্ছন্ন এবং অগম্য যে, সেদিকেও আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

বিশেষত, আজকের খাদ্যসমস্যার দিনে প্রত্যেকটি পল্লীতে পল্লীতে অন্নের জন্য হাহাকার পল্লীর অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে চুরমার হয়ে গেছে! প্রত্যেকটি ইউনিয়ন বোর্ড অচল হয়ে পড়েছে, ইউনিয়ন বোর্ডের রেভিনিউ আদায় বন্ধ হয়ে গেছে এবং তার ফলে চৌকিদার, দফাদার, কেরানী প্রভৃতিদের যৎসামান্য বেতন দীর্ঘদিন হ'তে বাকি পড়ে আছে। ঐ সমস্ত গরিব চৌকিদার, দফাদার ও কেরানীরা যাতে নিয়মিত প্রয়োজনীয় বেতন পায় এবং সেই বেতন যাতে সরকার থেকে বহন করবার ব্যবস্থা হয়, তার জন্য আমি মাননীয় চীফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। যদি সত্য সত্য পল্লীকে বাঁচিয়ে রাখতে হয় তা হ'লে বর্তমানে যে অবস্থা—বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে সরকারকে এগিয়ে আসতে হবে। পল্লীর কুটির শিল্পকে পুষ্ট করার পরিকল্পনা গ্রহণ করতে হবে, প্রতিটি মানুষের কাজের সংস্থান করতে হবে। অন্যথায় বাঙ্গলার পল্লীর সমাধির উপর দ্বিতীয় পঞ্চসালা পরিকল্পনার পঞ্চপ্রদীপ যখন জ্বলে উঠবে তখন সাধের পরিকল্পনা উপভোগ করার মতন মানুষ পল্লীতে খুঁজে পাওয়া যাবে না। পল্লী-অঞ্চলের স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলি বিলুপ্ত হয়ে যাবে—সরকার যদি প্রয়োজনীয়

সাহায্য দিয়ে এইসমস্ত পল্লীর সংস্থাকে বাঁচিয়ে না রাখেন। গরিব চৌকিদার, দফাদার ও কেরানীদের গরিবের মতন বাঁচিয়ে রাখবার জন্য প্রয়োজনীয় বেতন সরকার বহন করেন—তার জন্য আমি সরকারের পুনরায় দৃষ্টি আকর্ষণ করছি।

তৃতীয় হচ্ছে—ইমপ্রুভমেন্ট অব ব্যাকওয়ার্ড ক্লাস। মালদহ জেলার মুচি সম্প্রদায় বিরাট একটা জাতীয় সমস্যা হিসেবে দেখা দিয়েছে। এদের যা অবস্থা তা চোখে না দেখলে বোঝা যায় না। এদের বাড়িঘর নাই, খাবারের ব্যবস্থা নাই—প্রতিটি মানুষ খাদ্যাভাবে, রোগে দিনাতিপাত করছে—মৃত্যুর হার দিন দিন বেড়েই চলেছে। তাদের জাতীয় ব্যবসা—পল্লীর চর্মশিল্পের ব্যবসা অর্থাৎ জুতা প্রস্তুত ব্যবসা টাকার অভাবে, পরিকল্পনার অভাবে লোপ পেতে চলেছে। এই সমস্যার কথা সরকারকে পূর্বেও বহুবার জানান হয়েছে। সরকার থেকে সুপরিকল্পিতভাবে প্রচুর সাহায্য না পেলে কি ক'রে এই কব্‌লার ক্লাসকে বাঁচান যাবে? আজকে কি ক'রে মালদহ জেলার এই জাতীয় সমস্যার সমাধান করা যায় অর্থাৎ কি ক'রে এই মুচি সম্প্রদায়কে বাঁচান যায়, তার জন্য সরকারকে একটা সুষ্ঠু বাস্তবতাপূর্ণ পরিকল্পনা গ্রহণ করতে হবে। এদের জাতীয় ব্যবসাকে পুনর্জীবন দিয়ে এদের জন্য একটা সুষ্ঠু পরিবেশের সৃষ্টি করে ভারতীয় নাগরিক হিসাবে বাঁচিয়ে রাখার সমস্ত সুযোগ দিতে হবে। তারপর হচ্ছে পঞ্চায়েত অ্যাক্ট। যে অ্যাক্ট বর্তমানে পাস হয়েছে, আজ গণতন্ত্রের যুগে আমি সরকারের কাছে এ সম্বন্ধে জানতে চাই—এই যে পঞ্চায়েত অ্যাক্ট পাস হয়েছে, প্রথম বছর নাকি সরকারী মনোনয়নে পঞ্চায়েত গঠন হবে। ইহাই যদি সত্যি হয় তা হ'লে আমি সাবধান বাণী উচ্চারণ করতে চাই—এই পঞ্চায়েত অ্যাক্ট পাস করবার উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হবে। আজ যদি জনকল্যাণের উদ্দেশ্যে এই পঞ্চায়েত অ্যাক্ট হয়ে থাকে তা হ'লে সরকারী মনোনয়নের ভেতর দিয়ে পঞ্চায়েত গঠন না ক'রে যাতে নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েৎ গঠন করা যায় তার ব্যবস্থা করুন। যদি নির্বাচনের ভেতর দিয়ে পল্লীর পঞ্চায়েত গঠন করা না হয় তা হ'লে গান্ধীজীর 'পঞ্চায়েত পরিকল্পনা' মানব সমাজের কোন উপকারে আসবে না। কাজেই আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—কেন তাঁর সরকার নির্বাচনের ভেতর দিয়ে পঞ্চায়েত গঠন করবার সাহস পাচ্ছে না? যদি প্রকৃতই তাঁদের জনকল্যাণ রাষ্ট্র গঠন করার ইচ্ছা থাকে তা হ'লে তাঁদের মনে রাখতে হবে—জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি নিয়ে এই পঞ্চায়েত গঠন করা উচিত। আমি আশা করি মনোনয়নের মাধ্যমে পঞ্চায়েত গঠন না ক'রে নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েত গঠন করা হবে। এইরূপ আশা করা কি বিধিসঙ্গত হবে না?

[4—4-10 p.m.]

তারপর লো ইনকাম গ্রুপ লোনএর ব্যবস্থা হয়েছে। এ সম্বন্ধে আমি বিশেষভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যাদের স্বল্প আয় তাদের ঘরবাড়ি তৈরির জন্য যে লোন দেওয়া হবে এটা কি শহরের জন্য, না, পল্লীর জন্য?

যেভাবে এই লোন পাবার ব্যবস্থা আছে—যে পদ্ধতি আছে—তাতে আমার মনে হয় পল্লীগ্রামের লোকের পক্ষে এর সুযোগ পাওয়া কঠিন। প্রথম কথা হচ্ছে, পার্সোনাল সিকিউরিটির কোন প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না। কেবলমাত্র ব্যক্তিগত সম্পত্তি বন্ধক রেখে এই ঋণের সুযোগ দিবার ব্যবস্থা করলে ভাল হয় এবং এই স্কীমে যারা টাকা পাবে, তাদের আমার মনে হয় সিমেন্ট, আয়রন প্রভৃতি সরকারপক্ষ থেকে সাপ্লাই করবার ব্যবস্থা ক'রে লোন দেওয়া উচিত। তা না হ'লে সিমেন্ট প্রভৃতির অভাবে গৃহনির্মাণ কার্য সুসম্পন্ন হবে না—অথচ মানুষকে সরকারের নিকট ঋণগ্রস্ত হ'তে হ'ল। প্রকৃতই যদি স্কীম কার্যকরী করতে হয় তা হ'লে মাননীয় স্পীকারের মাধ্যমে সরকারকে এই অনুরোধই জানাব—পল্লীর লোকেরা যাতে এই লোনের সহজ সুযোগ পায়, এইরূপ বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে ব্যবস্থা করা দরকার এবং পল্লীর লোকদের যদি প্রকৃতই এইরূপ সুযোগ দিতে হয় তা হ'লে আমি প্রস্তাব করব ইউনিয়ন বোর্ডএর মাধ্যমে সার্কেল অফিসারএর নিকট দরখাস্ত ক'রে যাতে এই ঋণের সুযোগ পাওয়া সম্ভব হয়—এইরূপ ব্যবস্থা করতে হবে এবং ৫০ পারসেন্ট সুযোগ যাতে পল্লী অঞ্চলের জন্য সংরক্ষিত হয় এ বিষয়ে দৃষ্টি রাখাও দরকার। অর্থাৎ এ ঋণকে পল্লীর জন্য সহজলভ্য, ফাইলের জটিলতা মুক্ত করতে হবে।

Sj. Panchanan Bhattacharjee: Mr. Speaker, Sir, we have seen in the Budget that only Rs. 50,000, a very small amount, has been kept apart for some work to be done for the bustee-dwellers and when I found this out just an old story occurred in my mind. Once a private tutor was teaching English to his student in this fashion. When the student asked the tutor the translation of চুণকাম (*chunkam*) the boy was told that it should be lime-washing. When the guardian asked why the boy was being taught lime-washing as the synonym of চুণকাম the tutor said "you pay me only Rs. 5 for tuition. If you want 'white-washing' as the translation of চুণকাম you must have to pay Rs. 10". As a matter of fact, the scanty amount earmarked this year for slum-improvement manifests the peculiar attitude shown by the Government from the beginning, since 1948, which is responsible for many evils which have become deep-rooted. As for example, take the various sections of the Municipal Act. The Judicial Minister can easily ameliorate the conditions of the bustee-dwellers if the Government want to do so and how they can proceed, I am explaining. In the Municipal Act, it has been laid down that the zemindars will collect rent from the tenants and as a result of which, as rent collectors they will get 12½ per cent. of the total money to be deposited to the Corporation and further they will get a rebate of 2 pice, that is 6 pies in a rupee, if the payment is made within the time-limit set apart for each plot of land. The result is that the tenants have got to pay the rent and the harvest is being reaped by the zemindars. If the Government just effect a few amendments to the Municipal Act the tenants will be able to get at least rebate to the extent of 12½ per cent. plus 2 pice in the rupee.

There is another difficulty. In the Municipal Act it has been laid down that if the owner of the land does not pay rent then the tenant or the sub-tenant will have to pay it. I know a number of cases where the tenants and the sub-tenants have been forced to pay arrear Municipal rent payable by owners and the zemindars were being allowed to escape without any penalty. This difficulty and this injustice can be easily removed by the Government without spending a single farthing. The third point is that the bustee-dwellers have to pay a very high rate of tax but they are not allowed to enjoy the municipal amenities. For example, it is laid down in the Municipal Act that unless the landlord gives permission, the Corporation authority will have nothing to do with regard to the passages, streets and lanes inside the *bustees*. Similarly, unless the landlord gives permission no tenant or sub-tenant will be able to have electric installation in his dwelling. The scavengers only come to the *bustees* once a week to clean the sewage. These things can be very easily done away with. There is another difficulty about the sub-tenants who reside in the industrial area. They are charged Rs. 30 to 40 and the peculiar aspect of the whole affair is that these sub-tenants are not given any rent receipts. Government should see that such tenants, when they are forced to give so high rents, are issued rent receipts. There is actually no remedy for this enhancement of rent. If the Government want to help the bustee-dwellers they can do it by introducing a few amendments in the Municipal Act. But from the very beginning we find that the attitude of Government is to rehabilitate the zemindars and that is why the municipal areas of Calcutta and Howrah have been excluded from the purview of the zemindary abolition arrangements, and we can certainly say that zemindars who are deriving fabulous income from the tenants, are being allowed to enjoy the best possible right. As for example, one Hon'ble Minister, who is a zemindar, is such a beneficiary. There was a case in which another Hon'ble Minister, that is, Shri Siddharta Roy—I have got papers with me—helped us. I have got certified copies of the proceedings in which 3,200 per cent. rent increment was effected and there was an ejectment suit and a few dozen tenants had

to leave their ancestral homes because they could not fight with the zemindars. The peculiarity of this state of affair is that this particular Hon'ble Minister is the lessee—it is a lease-hold property. Now, these things should not be allowed to proceed further and the Government can easily ask the bustee-dwellers—whether tenants or sub-tenants—to apply to the Government but how that could be done—there is no statistics. I have records here to prove that the Calcutta Corporation which is the final authority in the bustee affairs does not possess any correct figures. The Corporation says that they have 1,000 bustees but in the year book we find 4,000. The Commissioner for the Calcutta Corporation in his book entitled "Cleaning up of Calcutta", gives his own picture but the Deputy Mayor gives different figures.

[4-10—4-20 p.m.]

First of all if we want to help the poor bustee-dwellers of Calcutta numbering, according to our estimate, about 15 lakhs, the Government should see that the zemindars of Calcutta who are sucking the blood of so many people are not allowed to do so any longer.

Now there is provision for Kalyani which is known in our State to be the "Manas Kanya" of our Chief Minister. However, we do not envy the good fortune of Kalyani but here also we see the rate of progress is so slow that even during the life-time of our grand-children the rehabilitation of Kalyani will not be possible. In the budget speech of Dr. Bidhan Chandra Roy for the year 1954-55 we read, "The Kalyani township comprises an area of 8 thousand acres divided into 6 blocks of which only one block of about 11 hundred acres is at present under development". So, out of 8 thousand acres, only 11 hundred acres have been earmarked for development. "The development area has provision for over 5 thousand residential plots of which about 9 hundred have been sold." So if they sell 4 hundred plots yearly, sale of 4 thousand plots will take 10 years and 5 thousand will take about 12 or 13 years. This is with regard to only a block of 11 hundred acres. So for 8 thousand acres time taken will be not less than 100 years. This is the position with regard to Kalyani. Government is spending huge sums of money in advertising in order to attract prospective purchasers but there is nobody there. As a result of this the Government is growing grass in Kalyani to feed the cattle kept by Dr. Sikka. The difficulty is that nobody is going to Kalyani simply because there is no possibility of economic rehabilitation. There should be arrangement for auction and Kalyani should be sold out or it should be kept for *Avataras*. We have seen a printed address in which our Hon'ble Minister Shri Tarun Kanti Ghosh has been declared to be the *Avatara* of Shri Chaitanya. Previously Shri Gopikabilas Sen told us that Dr. B. C. Roy, our Chief Minister, is going to become John the Baptist or Prabhu Nityananda. Our *Avataras* may find haven in Kalyani after the next general election.

Sj. Anandilal Poddar: On a point of personal explanation, Sir, I understand my friend Shri Somnath Lahiri while delivering his speech yesterday spoke as follows regarding the increase in expenditure:—

কেন এই খরচ বেড়েছে তার উদাহরণ দিতে চাই। ৮৬ হাজার টাকা ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানি খরচ করেছেন একটা এয়ার-কন্ডিশন্ড গাড়ি চেয়ারম্যানএর জন্য করতে। সেই গাড়িটা এখন ইউজ করছেন এজেন্ট।

উনি বলেছেন—

আমি যতদূর জানি আমাদের দেশি ডিরেক্টর আনন্দীলাল পোদ্দার মহাশয় পোদ্দার অটোমোবাইলস্ কোম্পানি থেকে গাড়িটা সাপ্লাই করেছেন।

Sir, I want to inform my friend that I have received a letter from the Chief Accountant of the Calcutta Tramways Company in which he says—"Dear Mr. Poddar, I confirm the conversation you have just had with Mr. Blease (the Agent of the Calcutta Tramways Company) this morning. Since 1948 we have purchased only 3 private cars at a total cost of Rs. 35,284". I want to inform Shri Somnath Lahiri that not one car since the incorporation of the Calcutta Tramways Company has been supplied by Poddar Automobiles.

I have got one request to make to the honourable members. While making this sort of speech honourable members ought to ascertain as to what they are speaking about.

Sj. Suhrid Kumar Mullick Choudhury:

মাননীয় স্পীকার, স্যার, পশ্চিমবাংলা সরকারের বিভিন্ন পরিকল্পনার কথা যখন আমরা শুনি, ভাল ক'রে চোখ মেলে তাকিয়ে দেখি, পরিকল্পনার পরী উড়ে যায়, কল্পনার ফানুস শুধু থাকে। তাই যে পরিকল্পনা সাধারণ জনসাধারণের কোনও কল্যাণ করতে অক্ষম, তাকে সরকারের খেয়ালখুশি জল্পনা ছাড়া অন্য কিছু বলা যায় না। সে সম্পর্কে খুব বেশি আলোচনার সুযোগ নেই। আমি শুধু বস্তিবাসীদের কয়েকটি কথা আপনার সামনে উপস্থিত করতে চাই। বস্তিবাসীদের কল্যাণ করবার জন্য, বস্তি উন্নয়নের নামে সরকার ভোটের সময় অনেক কসরৎ করেছেন, তাদের দুঃখে বর্তমানে কেন্দ্রীয় কংগ্রেস সরকারের আইন বিভাগের মন্ত্রী শ্রীঅশোক সেন মহাশয় বস্তিতে বস্তিতে ঘুরেছেন, তাদের কল্যাণের জন্য অনেক কথা বলেছেন, কিন্তু নির্বাচন শেষ হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাই তিনি আর সেই বস্তিবাসীদের সম্পর্কে চিন্তা করেন না।

[Cries of "question" "question" from the Congress benches.]

ঠিক সেই অবস্থাই সরকারের প্রতিটি কাজে দেখি। আমাদের সরকার বস্তি উন্নয়নের জন্য বড় বড় পরিকল্পনার কথা বলেন, খবরের কাগজের মাধ্যমে জনসাধারণের কাছে পেশ করেন, কিন্তু কার্যক্ষেত্রে দেখতে পাওয়া যায় তাঁরা কিছুই করেন না। আমাদের এই খাতেতে বস্তি উন্নয়ন সম্পর্কে একটি স্কীম তাঁরা নিয়েছেন, বোর্ড গঠন করবার কথা তাঁরা বলেছেন, কিন্তু টাকার অংকের হিসাব যদি আমরা করতে যাই তখন দেখতে পাব তাতে বস্তি উন্নয়ন হ'তে পারে না। আমাদের লক্ষ লক্ষ মানুষকে, তাদের জীবনকে এই সরকার এমন একটা দুঃসহ অবস্থার মধ্যে রেখেছেন যা অবর্ণনীয়। বর্তমান মন্ত্রীমহাশয় ইতিপূর্বেও ল্যান্ড রেভেনিউ মিনিস্টার ছিলেন। বস্তি সম্পর্কে তাঁর বক্তব্য এই সভাতে রেখেছিলেন, অতীতে অ্যাসেম্বলি প্রসিডিংসএ তার নজির রয়েছে। আজকের দিনে সেই বস্তিবাসীদের কল্যাণের জন্যে আমরা আশা করেছিলাম যে, সরকার অন্তত একটা সুষ্ঠু পরিকল্পনা নেবেন, কিন্তু তাঁরা একটা বোর্ড গঠন করবার কথা এখানে প্রকাশ করেছেন, অন্য কোন কর্মপন্থা আমাদের সামনে দিতে পারেন নি। আমরা দেখতে পাচ্ছি যে, এই সমস্ত বস্তি—যাতে লক্ষ লক্ষ লোক বাস করছেন—তাদের যে দুঃসহ অবস্থা তার জন্য দায়ী এই সরকার। সরকারের অব্যবস্থাকেই আমি এই ঘৃণ্য অবস্থার জন্য দায়ী মনে করি। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি—রাজাবাজার, বেলেঘাটা, গুড়াপাড়া, মানিকতলার নিকটবর্তী খাল ধার ও সার্কুলার রোড সংলগ্ন বস্তি অঞ্চল—সেখানে মানুষ বাস করতে পারে এই ধারণা কোন সভ্য মানুষ করতে পারে না, কিন্তু সেখানে হাজার হাজার মানুষ এক দুঃসহ অবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন। এই সমস্ত বিভিন্ন অঞ্চলে আমরা যখন লক্ষ্য ক'রে দেখি সেখানে দেখব—সেখানে নর্দমার কোনও সুব্যবস্থা নেই। সর্বত্র দুর্গন্ধ। বাতাস নেই, আলো নেই, পায়খানার সুবন্দোবস্ত নেই, জলের কলের ব্যবস্থা নেই, চিকিৎসার কোনও ব্যবস্থা নেই, শিক্ষার জন্য কোনও ব্যবস্থা নেই, উর্দুভাষীদের নেই উর্দু শিক্ষার, হিন্দীভাষীদের নেই হিন্দী শিক্ষার ব্যবস্থা। করপোরেশন ট্যাক্স তারা দিচ্ছে, এই সরকারের করের বোঝা তারা নিয়মিত বয়ে যাচ্ছে। নির্বাচনের সময় তাদের ছেলে এবং মেয়েদের নিয়ে [illegible] খেলাতে এই কংগ্রেস সরকার নিয়োগ করেছেন নিজেদের কাজে তাদের অভাব-অভিযোগের সুযোগ নিয়ে। এই লক্ষ লক্ষ বস্তিবাসী মানুষ আমাদের মহান জাতির অংশীদার হওয়া সত্ত্বেও এইরকম দুর্বিসহ অসহায় জীবন যাপন করবে কেন?—এই

প্রশ্ন সরকারের কাছে করতে চাই। আমরা দেখেছি এই বস্তিবাসীদের বেশির ভাগ কষ্টের কারণ হচ্ছে বর্তমান সরকারের নীতি। তারা জমিদারকে সুযোগ-সুবিধা দেওয়ার জন্য, বড় বড় ব্যবসাদারদের সুযোগ দেওয়ার জন্যে বস্তিবাসীদের উপর এবং আপামর জনসাধারণের উপর শোষণ এবং জুলুম চালাচ্ছেন। আমরা দেখেছি মানিকতলা ও কৈলাস বোস স্ট্রীট অঞ্চলে যে বস্তি-অঞ্চল রয়েছে সেখানে বড় বড় লোহ ব্যবসায়ী জমির উপর যে কি ব্যবস্থা ক'রে রেখেছেন সে সম্পর্কে সরকার কোনরকম সচেতন নয়; উপরন্তু যদি তাদের বিরুদ্ধে কোন অভিযোগ আনা হয় তা হ'লে কংগ্রেসের সেক্রেটারী অথবা সভাপতি অথবা মন্ত্রীমণ্ডলী, তাঁরা গিয়ে টেলিফোন করেন পুলিসের কাছে যে, তাদের ছেড়ে দেবার ব্যবস্থা করা হোক।

[4-20—4-30 p.m.]

ঐ অঞ্চলে এবং বেলেঘাটা কয়লা ডিপো ও রাজাবাজারের কোনও কোনও অঞ্চলে কংগ্রেসের পোষকতায় দুর্নীতি চরম সীমায় পৌঁছেচে। সেখানে কোন্ রাজত্ব? কংগ্রেসশাহী, না, গুণ্ডাশাহী? সেখানে মদ তৈরি—চোলাই প্রভৃতির ব্যবস্থা রয়েছে, সেগুলি তুলে দেবার জন্য সরকারের কাছে আবেদন জানানো হয়েছে, কিন্তু কোন প্রতিকার পাওয়া যায় নি, বরং আমরা দেখেছি—এই সমস্ত ব্যবসায়ে সাহায্য করছেন এমন একাধিক মানুষ যাঁরা কংগ্রেসের নেতৃত্ব দিয়ে থাকেন। এই সরকার তাদেরই কাউকে অনারারী ম্যাজিস্ট্রেট ক'রেই রাখেন নি, তাঁকে কংগ্রেসের নমিনেশন দিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবার জন্য সুযোগ দিয়েছিলেন। এই ব্যক্তিটিকে ঘিরে ঐ অঞ্চলের বিভিন্ন ব্যবসায়ী, শাসন বিভাগের কোনও কোনও পদস্থ কর্মচারী এবং কংগ্রেসের নামাবলী গায়ে সুযোগ সন্ধানীদের সমবায়ে যে পাপ-চক্র আছে দরিদ্র বস্তি-বাসীদের তাঁরা শোষণ ক'রেই ক্ষান্ত হন না, গুণ্ডাদের তাঁরা পোষণ করেন, নারীদেহ-ব্যবসায়ে তাঁরা সমর্থন করেন, মদ চোলাই এবং ব্যবসায় তাঁদের পৃষ্ঠপোষকতায় চলে। কংগ্রেসী মন্ত্রীমণ্ডলীর কোনও কোনও মন্ত্রী এবং কংগ্রেসের কোনও উচ্চপদস্থ নেতা ঐ ব্যক্তি বা ব্যক্তিদের মারফৎ এইসব ব্যাপারে জড়িত আছেন একথাও আমি প্রমাণ করতে পারি। এইরকম দুর্নীতিগ্রস্ত কংগ্রেস সরকারের পরিকল্পনায় মহান কিছু আশা করাই বৃথা। তাই আমরা দাবি করি সরকার যে বোর্ড গঠন করবেন তাতে সকল দলের ও মতের প্রতিনিধি এবং কর্মকুশলী ও বেসরকারী কৃতী ব্যক্তিদের নিতে হবে এবং তাঁদের সম্মিলিত চিন্তাধারা থেকে রচিত কর্মপদ্ধতি সামনে রেখে সরকারের কাজ করা উচিত হবে। এবং সেখানে আমরাও আমাদের বক্তব্য বলার সুযোগ পাব।

Sj. Bankim Mukherjee:

সভাপতি মহাশয়, আমার আগ্রহ ছিল রুরাল হাউসিং এবং মডেল ভিলেজ—আদর্শ গ্রাম, এ সম্পর্কে কিছু জানবার এবং যদি আমার এ সম্বন্ধে কিছু বক্তব্য থাকে বলবার। কিন্তু দুর্ভাগ্য, রুরাল হাউসিং স্কীমএর সমস্ত কাগজপত্র ঘেঁটে দেখলাম ২ লক্ষ ৮০ হাজার টাকার গ্র্যান্ট চাওয়া হয়েছে, বলা হয়েছে—প্ল্যানিং কমিশন এখন পর্যন্ত কোন অর্থ সংস্থান করেন নি ব'লে আর বেশি এতে দেওয়া হয় নাই। যা দেওয়া হয়েছে সেটা মাত্র যন্ত্রপাতি কেনবার জন্য। এটা হ'তে পারে। কিন্তু যখন স্কীমটা সম্বন্ধে আমরা কিছু জানতে চাই—না, বাজেটে কিছু দেওয়া আছে, না মন্ত্রীমহাশয়ের বক্তৃতায় কিছু পেলাম যে, এই রুরাল হাউসিং স্কীমটা কি, এবং কি তা থেকে তাঁরা চান, কল্পনা করেন এটার সম্বন্ধে, আগে জানতে পারলে ভাল হ'ত, কেননা হয়ত সাপ্লিমেন্টারি গ্র্যান্টএর বাজেট এসে পড়বে, তাতে লম্বা টাকা চাওয়া হবে, কিন্তু আমরা স্কীমটা কি তা জানব না—এই হচ্ছে অসুবিধা। অবশ্য রুরাল হাউসিং একটা হওয়া বাঞ্ছনীয়। কিন্তু যে হিসেবে মডেল ভিলেজ হচ্ছে, আর রুরাল হাউসিং এই যে আর একটা, এই দুটোতে যে কি সম্পর্ক আমি বুঝতে পারছি নে। মডেল ভিলেজ আলাদা, মডেল ভিলেজএ কি সমস্ত ঘরগুলি আদর্শস্থানীয় হবে, এবং রুরাল হাউসিংএ এখানে সেখানে খাপছাড়া ভাবে কিছু কিছু হাউস হবে—কি এর তাৎপর্য বুঝতে পারি না। ইতিমধ্যে একটা খবর পেলাম কাঁথি থেকে যে, সেখানকার এস-ডি-ও নাকি বলেছেন—এখানে মডেল ভিলেজ হবার স্কীম গভর্নমেন্ট নেন নাই। লোকেরা খুব হতাশ হয়ে পড়ল, তার পরে তার প্রতিবাদে ডাঃ রায় বলেছেন—"না, আমাদের স্কীম আছে"। তারপরে লোকেরা গিয়ে এস-ডি-ওকে ধরলে এস-ডি-ও বলেন—আমরা কিছু জানি না, কোন টাকার স্যাংশন নাই। তা হ'লে এটাই বা কি?

আবার মডেল ভিলেজএ দেখছি—গত বছরে ছিল রিভাইজড বাজেটএ ২৫ লক্ষ ৮৯ হাজার টাকা। সেটা কি খরচ হয়ে গেছে? তার কিছু খবর পেলাম না। কোথায় মডেল ভিলেজ বাংলাদেশে হয়েছে ২৫ লক্ষ টাকা নিয়ে? বোধ হয় কোথায়ও কিছু হয় নি—টাকাটা ল্যাপস হয়ে গেছে, কিন্তু এ বছর দেওয়া হ'ল ১ লক্ষ টাকা—এটার কোন অর্থ বুঝি না। প্রায় ২৬ লক্ষ টাকায় কিছু হ'ত, হয়ত হয় নাই, সে জায়গায় এবার ৫০ লক্ষ টাকা চাওয়া উচিত ছিল, কিন্তু চাইলেন ১ লক্ষ টাকা! এক লক্ষ টাকায় কি হবে সে ব্যাপার আমার মস্তিষ্কে আসে না। এই যে রুরাল হাউসিংএ ২ লক্ষ ৮০ হাজার টাকা আর মডেল ভিলেজএ ১ লক্ষ টাকা এটার সঙ্গে যে গ্রান্ট ৩৩ যে রিলিফ অপারেশন তার সঙ্গে কি সম্পর্ক আছে তা বুঝি না। সেখানে ছিল—বিল্ড ইওর ওন হাউস স্কীম; গতবারে ছিল ১ লক্ষ ৫০ হাজার, এবারে হ'ল ১ লক্ষ। তার মধ্যে গতবারে হাউস বিল্ডিংএ লোন দেওয়া হয়েছিল ৩০ লক্ষ কিন্তু এবারে দেখছি ৩ লক্ষ। এখনও ত' বুঝি না এটা ওটায় কি সম্পর্ক আছে। আবার সেই অজানা —বিল্ড ইওর ওন হাউস স্কীমএরই বা কি অবস্থা?

গত বছর বন্যার পরেই আমরা ডেপুটেশনএ যাই চীফ মিনিস্টারএর কাছে, বহু গ্রামবাসীর পক্ষ থেকে অনুরোধ করেছিলাম—এখন কিছু দিন। কিন্তু তখন তাঁর মাথায় দুর্দান্ত একটা মোগলাই ধারণা চেপে আছে, পাকা বাড়ি করতে হবে এবং চাষীরা নিজেরা পাকা বাড়ি করবে, নৈলে টাকা দেওয়া হবে না। আমরা বহু আগ্রহ প্রকাশ করলাম, বহু অনুরোধ ক'রে বললাম —বন্যায় তারা মারা যাচ্ছে, সামনে শীত আসছে, কাঁচা বাড়ি ক'রেই না হয় শীত থেকে বাঁচুক। ঐ একই জবাব—না, তা হবে না, পাকা বাড়ি চাই। আমরা বললাম—এত পাকা বাড়ি গ্রামে করতে কত সময় লাগবে, সম্প্রতির জন্য একটা ব্যবস্থা করুন। কিন্তু তিনি কোন কথা শুনলেন না, আমাদের কোন অনুরোধ রাখলেন না। কোন গ্র্যান্ট দিলেন না। ভাগ্যিস নির্বাচন এসে পড়ল, তাই তাড়াতাড়ি কিছু বাড়ি করা দরকার, তাই কিছু হাউস বিল্ডিং গ্র্যান্ট সেই বন্যাপীড়িত অঞ্চলে দেওয়া হ'ল, আমাদের আবেদনে দেওয়া হয় নাই। কিন্তু সেটা ছিল হাউস বিল্ডিং গ্র্যান্টএ ৩০ লক্ষ টাকা। আর বিল্ড ইওর ওন হাউস স্কীমএ যে দেড় কোটি টাকা দেওয়া হ'ল তাতে এতগুলি বাড়ির জন্যই দেওয়া হয়েছিল। আমি যেসমস্ত খবর রাখি—বিল্ড ইওর ওউন হাউস স্কীমএ যত যা করা হয়েছে তার মধ্যে এমন সব বাড়ি হয়েছে যা নাকি এত পল্কা ছিল যে, এক ঝড়েই তার সমস্ত টিন উড়ে চলে গেছে। কেননা, এ ব্যাপার আনাড়ি দ্বারা হওয়া সম্ভব নয়। এটা হওয়া সম্ভব যদি উপযুক্ত কারিগর গ্রামে যায় এবং গ্রামের লোকের সহযোগিতা নিয়ে বিল্ড ইওর হাউস স্কীমএ সাহায্য করে। তা না ক'রে শুধু কিছু কয়লা আর কিছু টিন দিলাম, একে বলে না—গভর্নমেন্টের দ্বারা পরিচালিত ব্যাপার। গভর্নমেন্টের উচিত প্রত্যেক গ্রামে অন্তত একটি ক'রে শিক্ষিত কারিগর যাবে, গিয়ে ঘর তৈরির এমন ব্যবস্থা করবে যে, যা নাকি ঝড়ঝঞ্ঝায় টলবে না, দাঁড়িয়ে থাকতে পারবে এবং বন্যায়ও ভেসে যাবে না। এইরকম বাড়ি করতে গেলে এক্সপার্টএর দরকার, কিন্তু গ্রামে গ্রামে যদি সেইরকম বাড়ি তৈরি করতে হয় তা হ'লে ঢের বেশি টাকার দরকার ব'লেই আমার ধারণা। যা নাকি করা হয়েছে, তার সম্বন্ধে আমার ধারণা যে, কিছুটা নির্বাচনের পূর্বে প্রচার করা যে, আমরা এইরকম করেছি, নির্বাচনের মধ্যদিয়ে কিছুটা প্রচার এবং এখনও একটু প্রচারের জের চলছে। নইলে বন্যাপীড়িত অঞ্চলের যা নাকি বাস্তব অবস্থা তাতে মাত্র দেড় কোটি টাকা বিল্ড ইওর ওন হাউসএর জন্য গ্র্যান্ট! যেখানে বলা হয়েছে ৪ বাংলা প্লাবিত হয়েছে, লক্ষাধিক ঘর বিপর্যস্ত হয়েছে, সে জায়গায় ১ কোটি দেড় কোটি টাকায় কিছু হয় না। যে গ্র্যান্ট দেওয়া হয়েছে—৩০ লক্ষ টাকা—তাতে কিছুই হয় না।

যাহোক বর্তমানে আমরা যা করছি সেইটেতেই আসা যাক। রুরাল হাউসিং স্কীমএর জন্য ২ লক্ষ ৮০ হাজার টাকা এবং মডেল ভিলজএর জন্য যে ১ লক্ষ টাকা, এই ১ লক্ষ টাকায় কি হবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এক কোটি টাকা আছে—এটা ভাল ক'রে পড়ুন না। সব কিছু প'ড়ে দেবার আমার টাইম হয়ত হবে না। এই যে, এইটে দেখুন—

Final demands for grants and appropriation—

Sj. Bankim Mukherjee:

এখনও গ্র্যান্টস অ্যান্ড অ্যাপ্রোপ্রিয়েসনএ আসি নি ব'লে দেখি নি। এটা বাজেটে গেল না, অ্যাপ্রোপ্রিয়েশনএ গেল কি ক'রে, এ আমার কাছে আশ্চর্য ব্যাপার, কেন না সত্য সত্যই এখনও অবস্থা রয়েছে গ্র্যান্ট সম্বন্ধে। যেরকম তাড়াতাড়িতে বাজেট হয় তার মধ্যে যে অ্যাপ্রোপ্রিয়েশন আবার তার মধ্যে ঢুকিয়ে রেখে দেবন তা আমার এতকালের অভিজ্ঞতা ছিল না।

যাই হোক, এক কোটি টাকাই যদি হয়ে থাকে, সেটা আমার কথা নয়, এ সম্বন্ধে কি নির্দেশ, কি পরিকল্পনা আছে সেটা এখানে নেই। যেমন বিল্ড ইওর ওন হাউস সম্বন্ধে পরিকল্পনা নিয়েছেন, আমরা শুনেছিলাম মন্ত্রীমহাশয়ের কাছ থেকে তাঁরা ইকনমিক ফ্যাক্টরটাও পাশাপাশি করবেন, কিন্তু সেটা আমাদের কাছে কই? নইলে এই টাকার মঞ্জুরি করব কি ক'রে। আমি এখানে এই বিষয় বিস্তারিত বলতে চাই না, অ্যাপ্রোপ্রিয়েশন বিলএর সময় বলব। কিন্তু আমার মনে হয় যেভাবে গ্র্যান্ট আমাদের সামনে আসে তাতে যে স্মল রিজার্ভ থাকে তাতে ক'রে আমাদের কাছ থেকে ভোট চাওয়া হয় সেটা কি ঠিক নয়। আমাদের অনেক সময় অন্ধের মত ভোট দিতে হয় কিন্তু তার হেতুটাই আমরা জানি না। যদি আমরা সবটা সঠিকভাবে জানতাম তা হ'লে অনেক সময় আমরা গভর্নমেন্টএর সমর্থনে ভোট দিতে পারতাম।

[4-30—4-40 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have heard critics of the schemes that I have placed before the House and I can divide them into three groups. One group are those who are anxious to find some flaws somewhere, some fly in the ointment in order that they might show to the world that the present Government is not behaving properly. The second group are those who are anxious to know more about the different schemes as also to point out the defects regarding their regional demand and the third group are those who speak about the ideology behind it. I may be permitted to take one by one these three groups.

My friend Shri Somnath Lahiri opened the attack by saying that this loan to the Tram Company was unjustified but throughout the arguments that he produced he wanted to show that the Tram Company did not accept the union and that the tramway authorities had bought an air-conditioned car for Rs. 50,000, which has just been contradicted. I made enquiries this morning from the Manager and he said that this was an absolutely untrue statement. But in order to bolster up his arguments he even indulged in untrue statements as if there are not enough of true drawbacks to draw our pointed attention to that he must delve into things which are not real. At any rate, Sir, from an experienced parliamentarian like him I would have expected better treatment of the case that he put before the House to find out exactly what has happened as far as possible for him to do so. Instead of that he goes in order to show that the 10 lakhs of rupees should not have been given. I doubt very much whether he has read the Tramways Act which was passed by the Legislature. If he had, he would have known that there is a particular condition and a particular standard by which we work and he would have known also that there is an agreement that in 1972 we will take over the tramways company under certain conditions and he would have known also the way in which the Advisory Committee and the Company work. If he had read that carefully he would not have made such a statement as he has made. At any rate, the fact is that it was not their job or anxiety to have the line inside the park. Government felt that in order to safeguard the interests of the people, the citizens of Calcutta, it is necessary to make the road as wide and as broad as possible. Ordinarily such expenses should be debited to the Government itself and what the Government have done? They have given this company Rs. 10,00,000 which will be paid back in three years' time with 4½ per cent. interest thereon. Anybody who has any idea of financial

arrangements will realise that instead of taking upon ourselves the responsibility of spending Rs. 10 lakhs in order to make the roads safer for the pedestrians and for the public it is much better to go through the organisation that is working. At any rate, if we wanted to move the tram lines we have to go to the Tramways Company. We could have said 'you spend 10 lakhs of rupees out of your own fund. I won't pay anything'. Possibly that is one answer but the fact remains—again I say he has not read the Act—that it would be drawing upon our financial resources. That would not help us either. Therefore, I say that this loan that has been given to the Tramways Company is justified from all accounts.

Sir, next he makes out something about the Finance Corporation and he mentioned—I could not hear him properly but if I am wrong he will correct me—the name of Sir Dhiren Mitra and he said also that he is connected with the Hindusthan Insurance Company and therefore the money was given to the Hindusthan Insurance Company because of this relationship. I think that is what he was driving at. I can tell you that the administration of the Finance Corporation has nothing to do with the Government except that we give them a loan according to the Finance Corporation Act passed by the Parliament. But in this particular case, although I am not prepared to divulge the names of the parties to whom loans have been given—it is not Hindusthan Insurance Company but the Hindusthan Glass —Pilkington Glass Company—I can say that they have paid back the loans. Therefore the Finance Corporation have not done badly. Sir Dhiren Mitra happens to be in the Finance Corporation. I could have given the names of other loanees to whom the Finance Corporation had given loans but as you are all aware, this is a bank and it will not be fair for me to give the names of all the debtors of that bank.

স্পীকার স্যার, আমরা আজকে যে জঙ্গল খাতে আলোচনা করছি, এই খাত সম্পর্কে শুধু যে জঙ্গল মন্ত্রীমহাশয় বছরে একবার করে বাজেট সেসনএ দুই একটি বড় বড় কথা উচ্চারণ করেন শুধু তা নয়, খাদ্য মন্ত্রীও যখন প্রয়োজন হয়, প্রধানমন্ত্রীরও যখন প্রয়োজন হয়, তখন জঙ্গল সম্পর্কে বহু যুক্তিসঙ্গত কথা তাঁরাও বলেন। প্রত্যেকের মুখে এই একটা কথাই শুনতে পাওয়া যায় যে দেশের জঙ্গল সম্পদ অনেক নষ্ট হয়ে গেছে। দেশের জঙ্গল সম্পদের উপর খাদ্যের উৎপাদন অনেকখানি নির্ভর করে, দেশের আবহাওয়া অনেকটা নির্ভর করে, দেশের বন্যা প্রতিরোধও অনেক অংশে নির্ভর করে। এইরকম অনেক বড় বড় কথা বলা হয় কিন্তু স্পীকার স্যার, আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে, এই বিভাগটাকে অত্যন্ত অবহেলা করে ফেলে রাখা হয়েছে। এ বছর টাকা দেওয়া হয়েছে মাত্র ৯৭ লক্ষ ২৫ হাজার টাকা, গত বছর ছিল ৯৭ লক্ষ ৫০ হাজার টাকা—তার থেকে ২৫ হাজার টাকা কাঁময়ে দেওয়া হয়েছে। কিন্তু বৈজ্ঞানিকেরা বলেন যে সাধারণত একটা দেশে যতটা জমি থাকবে তার খুব কমপক্ষে অন্তত ৩৩ পার্সেন্ট জমিতে জঙ্গল থাকা দরকার, কিন্তু আমাদের পশ্চিমবাংলায় সরকারী যে হিসাব তাতে ঝোপজঙ্গলের হিসাবসহ প্রকৃত জঙ্গল নয়, তাঁরা বলেন যে তাঁদের ওই রকম ঝোপজঙ্গল ১৪ পার্সেন্ট আছে ; কিন্তু আমাদের মনে হয় সেখানে বোধহয় আসলে ১০ থেকে ১১ পার্সেন্টের বেশী জঙ্গল নেই অথচ যেসমস্ত দেশ আর্থিক দিক থেকে যথেষ্ট উন্নত সেই সমস্ত দেশের মাত্র দুই-একটা হিসাব আপনার সামনে রাখতে চাই। সেন্ট্রাল গভর্নমেন্টের ন্যাশনাল ফরেস্ট পলিসি হিসাবে যে প্রস্তাব ১৯৫২ সালে গ্রহণ করা হয়েছিল, সেখানে বলা হয়েছিল যে ভারতবর্ষের টোটাল ল্যান্ড সার্কেলের অন্তত ৩৩ পার্সেন্ট জমিতে জঙ্গল থাকা দরকার। সেখানে বর্তমানে ২২ পার্সেন্টের বেশী নেই এবং তাঁরা একটা হিসাব করে দেখিয়ে দিয়েছেন, যে, এই ৩৩ পার্সেন্ট জঙ্গলের মধ্যে অন্ততঃ ৬০ ভাগ পাহাড় অঞ্চলে থাকা দরকার এবং প্লেনে বাকিটা দরকার। সেই হিসাব নিয়ে তাঁরা অন্যান্য দেশের যে একটা তুলনামূলক হিসাব দিয়েছেন তাতে দেখা যায়, পার ক্যাপিটা ফরেস্ট এরিয়া ইউনাইটেড স্টেটস অব আমেরিকায় সেখানে ১·৮ হেকটাস, সেখানে পার ক্যাপিটা ফরেস্ট ভারতবর্ষে আছে ·০২ হেকটাস, সোভিয়েট রাশিয়াতে ৩·৫ হেকটাস। বড় বড় বৈজ্ঞানিকেরা একটা কথা স্বীকার করেন যে সভ্য সমাজের অন্যতম একটা লক্ষণীয় বিষয় হোল, যেসমস্ত জায়গায় জঙ্গল পরিমাণমত আছে, সেই সমস্ত জায়গায় দেখা যায় বন্যাকে প্রতিরোধ করা যায়, ফসল বৃদ্ধি হয় এবং সেখানে আবহাওয়া ভাল হয়। স্বাধীনতা আসার পর যে সেন্সাস রিপোর্ট ১৯৫১ সালে তৈয়ারী হয়, সেই ওয়েস্ট বেঙ্গল সেন্সাস রিপোর্টে আমরা লক্ষ্য করেছি যে বৃটিশ পিরিয়াডে যতদিন আমাদের ভারতবর্ষ ছিল, সেই পিরিয়ড সম্পর্কে সেখানে একটা সমালোচনা আছে, জঙ্গল সম্পর্কে। সেখানে বলা হয়েছে যে সারা পশ্চিমবাংলার জঙ্গল বৃটীশ পিরিয়ডে ভীষণভবে নষ্ট করা হয়েছে, ফাস্ট ওয়ারলড ওয়ার ও সেকেন্ড ওয়ার্লড ওয়ারের সময় কাঠের চাহিদা বাড়ায় বৃটীশ ব্যাবসাদাররা, জোৎদার, জমিদাররা, সমস্ত জঙ্গল নষ্ট করে বাংলাদেশকে সমস্ত দিক থেকে ধ্বংসের পথে পাঠিয়েছে। সেই রিপোর্টে পরিষ্কারভাবে বলা হয়েছে যে, ১৯৫০ সালে সবচেয়ে বড় যে বন্যা হয়েছে উত্তর-বঙ্গে সেটার অন্যতম প্রধান কারণ ছিল জঙ্গল নষ্ট হয়ে যাওয়া, এবং নদীর মোহনায় যেসমস্ত জঙ্গল পূর্বে ছিল, সেগুলি নষ্ট হয়ে যাওয়ার ফলে নদী ভরাট হয়ে যায় ও বন্যা হয়। বাঁকুড়া ডিস্ট্রিক্টের একটা ঘটনা সেখানে দেওয়া হয়েছে, ১৮৮১ সালে যে সেন্সাস হয়, তারপরে ১৯২১ সালে সেন্সাসে দেখা যায় যে লোকসংখ্যা শতকরা ৪ ভাগ কমে যায়। সেখানে প্রধান কারণ দেখানো হয়েছিল যে জঙ্গল ধ্বংস হয়ে যাওয়ার ফলে জমির উর্বরাশক্তি কমে যায় এবং বহু কৃষক বাঁকুড়া জেলা ছেড়ে বর্ধমান, হুগলীতে চলে যেতে বাধ্য হয়। মেদিনীপুর ডিস্ট্রিক্ট সম্বন্ধে সেখানে ১৯১৭ সালের একটা রিপোর্ট তুলে ধরা হয়—গড়বেতা থানা, চন্দ্রকোণা এবং কেশপুর এলাকায় প্রায় ১১০ স্কোয়ার মাইল এলাকায় যে জঙ্গল ছিল সেগুলি নষ্ট হয়ে যাওয়ার ফলে ওই এলাকার ও ধারেপাশের জমিগুলি অনুর্বর হয়ে যায় এবং জমিগুলি নষ্ট হয়ে যাওয়ার ফলে

সেই সমস্ত জায়গার বহু লোকও অন্যত্র চলে যায় এবং পূর্বে জমির যা উর্বরা শক্তি ছিল তা বহুলাংশে নষ্ট হয়ে গেছে। যেখানে ফরেস্ট এত বড় একটা ইম্পর্টেন্ট সাবজেক্ট, অথচ সেদিক থেকে দেখা যাচ্ছে যে এই বিভাগে টাকাও যেমন কম দেওয়া হয়েছে তেমনি যাঁর হাতে এই দপ্তরটা রাখা হয়েছে তিনি সেই বেনা বয় হাল'এর মত হয়ে রয়েছে। (ডাঃ রাধাকৃষ্ণ পালঃ এটা কি হল ভাই?)। ও একটা প্রবাদ। কাজকর্ম বিশেষ কিছু হচ্ছে না। তবে র‍্যাফরেস্টেশন ব্যাপারের যে কাজ তাঁরা করছেন সেটার বহু জায়গার ভুলভ্রান্তি হচ্ছে, তার একমাত্র কারণ হল তাঁরা যে র‍্যাফরেস্টেশন করছেন তার কোন একটা প্ল্যান্ড প্রোগ্রাম নেই। যেখানে কিছুটা ফাঁকা জায়গা পেয়েছেন, মেদিনীপুর ডিস্ট্রিক্টে যা আমরা দেখলাম—সেই সমস্ত জায়গায় কিছু ঝাউ গাছ, আকাশমণি গাছ বা অন্যান্য গাছ লাগিয়ে দিয়েছেন। এই গাছ লাগানোর মধ্যে কোন প্ল্যান নাই। তা ছাড়া বহু গাছ নষ্ট হয়। কোন কোন জায়গায় তিন বছর চার বছর পর্যন্ত গাছগুলি ভাল হয়েছে, তারপর শুকিয়ে গেছে। স্পেসিফিক উদাহরণ দিচ্ছি। সুন্দরবনে একটা জায়গা মেদিনীপুর জেলায় শালবনী থানায় আছে, সেখানে ঝাউ গাছ লাগান হয়েছিল, অনাবৃষ্টি বা অন্য কারণের ফলে প্রায় একশত বিঘা জমিতে ঝাউ গাছগুলি মরে শেষ হয়ে গেছে। আপনারা যে প্রাইভেট ফরেস্ট য়্যাক্ট করলেন, তাতে নানা ডিফেক্ট আছে। প্রাইভেট ফরেস্টগুলি নিয়ে গেলেন, প্রাইভেট ফরেস্টগুলি নিয়ে নেবার একমাত্র কারণ হল যে, ফরেস্টগুলি রিজার্ভ করবেন ফরেস্টগুলি যাতে নষ্ট না হয় এবং উন্নতি হয়। কিন্তু প্রাইভেট ফরেস্ট য়্যাক্ট যেটা করলেন তা বৃটিশ পিরিয়ডে যেমন রিজার্ভ ফরেস্ট য়্যাক্ট হয়েছিল তাঁদেরই পদাঙ্ক অনুসরণ করে করলেন, কিন্তু তাঁরা ভাবলেন না যে মেদিনীপুর, বীরভূম এবং বাঁকুড়া জেলায় যেসমস্ত প্রাইভেট ফরেস্ট নিয়ে নিলেন প্রাইভেট ফরেস্ট য়্যাক্টে, সেখানে সেই সমস্ত অঞ্চলের গরীব মানুষের জীবনে সেটা কতখানি রিয়্যাক্ট করবে। তাঁরা আইনকানুন করলেন কিন্তু মোটেই লক্ষ্য করলেন না যে ওই আইনের মধ্য দিয়ে তাদের কতগুলো লেজিটিমেট অধিকার অন্যায়ভাবে হরণ করা হলো। এটা গত পাঁচ বছর ধরে আমরা বারবার করে বলে আসছি। যে প্রাইভেট ফরেস্ট য়্যাক্ট তাঁরা করলেন সেটার উদ্দেশ্য ছিল জঙ্গলের উন্নতি করা এবং জঙ্গল রক্ষা করা কিন্তু সেদিক থেকে তাঁরা জঙ্গল রক্ষা করতে পারছেন না, জঙ্গলকে বিশেষ বাড়াতে পারছেন না। ডিপার্টমেন্ট থেকে অনেক সময় বলা হয় যে জঙ্গল অঞ্চলের লোকেরা জঙ্গল নষ্ট করে দিচ্ছে। আমরা পরিষ্কার-ভাবে বহুবার উদাহরণ দিয়ে দেখিয়েছিলাম যে জঙ্গল অঞ্চলের যেসমস্ত গরীব মানুষ আছে তারা সেখানে জঙ্গল নষ্ট করে না, ব্যবসাদার যাঁরা আছে তারা সমস্ত ঘুষ দিয়ে নানাভাবে জঙ্গলকে নষ্ট করে।

[3-40—3-50 p.m.]

আমার এখানে প্রাইভেট ফরেস্ট এ্যাক্ট সম্পর্কে একটা এ্যামেন্ডমেন্ট করার দাবী রয়েছে ঐ সমস্ত অঞ্চলের জনসাধারণের পক্ষ থেকে। প্রাইভেট ফরেস্ট অঞ্চলে যে সমস্ত ফরেস্টগুলো জমিদার ও জোতদারদের হাতে ছিল সেই সমস্ত ফরেস্টে ঐ অঞ্চলের লোকদের পূর্বের বিবিধ স্বত্বের রেকর্ড অনুযায়ী যে ন্যায্য পাওনা ছিল সেইসব অধিকার তাদের ছেড়ে দিন। ওইসব জিনিস থেকে সরকারের এমন কিছু ইনকাম হয় না, অথচ তার জন্য ঐ সকল স্থানের মানুষের ভিতর অনেক পরিমাণে অসন্তোষ রয়েছে। অবশ্য আমি স্বীকার করি যে এই অসন্তোষের জন্য বহুক্ষেত্রে জঙ্গল নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। আমি ওখানে স্থানীয় ডি, এফ, ও এবং অন্য ফরেস্ট অফিসারের সঙ্গে আলোচনা করে দেখেছি এবং তাঁরা স্বীকার করেন যে কাঁটা, ঝাঁটি, আকাঠ পাতা বা এইরকম সমস্ত জিনিস নিলে জঙ্গলের ক্ষতি হয় না। তা যদি না হয় তাহলে সরকারের এরকম জিদ করে থাকা যাতে বিশেষ কিছু রোজগারও হয় না—সেটা খুব সঙ্গত মনে হয় না। যদি সেই সব পূর্বের সুযোগ দেওয়া হয় তাহলে আমরা তাদের তরফ থেকে এ্যাসুরেন্স দিতে পারি যে সেখানে প্রকৃত জঙ্গল সেজন্য নষ্ট হবে না। বরং জঙ্গল অঞ্চলের মানুষ এইসব জঙ্গল রক্ষা ও উন্নতির কাজেই বেশী সহযোগিতা করবে। এই ডিপার্টমেন্টের ব্যাপার সম্বন্ধে একটি কথা বলেই আমার কথা শেষ করতে চাই। সাধারণতঃ কনজারভেটরের অফিস এবং ডিভিশন্যাল অফিসারের অফিস যা আছে সেখানে কর্মচারীদের যাতে প্রমোশন দেওয়ার ব্যাপারে দুটো অফিসে দু'রকম নিয়ম আছে। কনজারভেটরের অফিসের নিয়ম

হল—এ্যাকরডিং টু লেনথ অফ সার্ভিস, আর ডিভিশন্যাল অফিসের নিয়ম হল এ্যাকরডিং টু মেরিট, এবং সেখানে একজামিনেশন হয়। এতে নানাদিক থেকে নানা রকম গণ্ডগোল হয়ে থাকে। সেইজন্য মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ যে একটা নীতিই অনুসরণ করুন, তাহলে কর্মচারীদের অসুবিধা হবে না।

Sj. Durgapada Das:

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, এখানে বনবিভাগের ব্যয়বরাদ্দের মঞ্জুরী চাওয়া হচ্ছে। বনের প্রয়োজনীয়তা সম্পর্কে আজ বলার কিছু নাই, কেননা সকলেই সে বিষয়ে অবগত আছেন। কিন্তু এ্যফরেস্টেশন কিভাবে হচ্ছে, এবং এগুলিকে আমাদের কতটুকু উপকারে লাগাতে পারছি বিশেষ করে আমাদের অঞ্চলে সেই সম্পর্কে কিছু বলতে চাই। বীরভূমের রামপুরহাট থানায় অনেকগুলি শালবন আগে থেকেই আছে, এখন সেগুলি ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। সেগুলি সংরক্ষণ করার প্রচেষ্টা সরকার থেকে বিশেষ করা হচ্ছে না। অথচ এ্যাফরেস্টেশন নতুন করে যেসব জায়গায় হচ্ছে সেখানে জমির উর্বরতার অভাবের জন্যই হউক বা অন্য যে কোন কারণেই হউক গাছগুলি আশানুরূপ বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে না। লালপাহাড়ীতে কিছু কিছু গাছ লাগিয়ে এ্যাফরেস্টেশন করা হচ্ছে, এবং সেজন্য জায়গাও ঘিরে রাখা হয়েছে। আগে এইসব জায়গা থেকে মোরাম ল্যাটেরাইট স্টোন প্রভৃতি পাওয়া যেত এবং সেখান থেকে এই সমস্ত জিনিস নিয়ে রাস্তায় দেওয়া হত। বেশী দূর থেকে আনতে হত না, বলে রাস্তার খরচও কম হত। এখন সেসব জায়গা ঘিরে দেওয়া হয়েছে। মোরাম, বোলডার স্টোন আনতে দেওয়া হয় না, কাজেই রাস্তার কাজেও অসুবিধা হচ্ছে। অথচ এই পাথর নেওয়ার জায়গা ছেড়ে দিয়ে সেখান থেকে কিছু দূরে যে শালবন আছে সে জায়গায় নতুন করে গাছ লাগানর প্রচেষ্টা করলে ভাল হত। এফরেস্টেশন-এর কাজ চলছে কিন্তু সত্যকার যে উপকার পাব বলে মনে করতাম তা হচ্ছে না। ঐ অঞ্চলে যাদের নিজেদের গাছ আছে তারা সেইসব গাছ কেটে বাজারে নিয়ে এসে বিক্রয় করতেন। এখন তাঁরা তা পান না। এখন নিজের গাছ কেটে আনতে গেলেও ট্র্যান্জিট পার্মিট লাগে। এই ট্রানজিট পারমিট নেবার জন্য রামপুরহাটে আসতে হয়, জনসাধারণের পক্ষে এই ব্যবস্থা বড়ই অসুবিধার কারণ হয়ে রয়েছে। ট্রানজিট পারমিট না হলে যদি না চলে তাহলে যেখানে বনজঙ্গল আছে সেইসব জায়গায় যাতে তা পাওয়া যায়, সেখানকার বন অঞ্চলেই যাতে সেই পারমিট দেওয়ার ব্যবস্থা থাকে তার দিকে লক্ষ্য রাখা উচিত। তাহলে রামপুরহাট এসে ট্রানজিট পারমিট নেওয়ার হায়রাণীর হাত থেকে লোক বাঁচতে পারে। আবার সেইসব অঞ্চল থেকে যদি বোলডার বা মোরাম প্রভৃতি রাস্তার জন্য আনতে হয় তাহলে তারজন্যও ট্রানজিট পারমিট লাগে। লালপাহাড়ীতে বীরভূম ডিস্ট্রিক্ট বোর্ডের খানিকটা জায়গা আছে সেখানে মোরাম, পাথর প্রভৃতি পাওয়া যায়, কিন্তু সেখান থেকে তা আনার উপায় ডিস্ট্রিক্ট বোর্ডের নাই। সেইসব জায়গার রাস্তার জন্য যা দরকার তা দূর থেকে আনতে হয়। তার জন্য অনেক বেশী খরচ হচ্ছে এবং রাস্তাও নষ্ট হচ্ছে। আমরা বাজেটে দেখছি যে বনঅঞ্চলের ভিলেজ ইমপ্রুভমেন্ট হবে, যেখানে বনজঙ্গল আছে সেখানকার গ্রামের উন্নতি হবে। তাহলে যেখানে নতুন করে বন তৈয়ারী হচ্ছে, সেইসব জায়গায় যে গ্রামগুলি আছে সেগুলি বনঅঞ্চলের গ্রাম বলেই ধরা যেতে পারে, এবং তাদের উন্নতির চেষ্টা করা হবে ধরে নেওয়া যায়। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কার্যতঃ সেই গ্রামগুলির দিকে বিশেষভাবে লক্ষ্য রাখা হচ্ছে না। ঐখানে লালপাহাড়ীর নীচে যে গ্রামগুলি আছে সেখানকার গ্রামবাসীরা ঐ লালপাহাড়ীর ঝরণার জল পানীয় জল বলে ব্যবহার করত। এখন ঘিরে দেওয়ার ফলে সেই পানীয় জল তারা পাচ্ছে না, অথচ পানীয় জলের ব্যবস্থাও আজ পর্যন্ত করা হয় নি, সেদিক থেকে লোকের হায়রাণী বেড়েছে। ঐসব জায়গার যদি উন্নতি করতে হয় তাহলে তাদের রাস্তাঘাটের ব্যবস্থা এবং পানীয় জল সরবরাহ ব্যবস্থা যা ছিল সেটা নষ্ট না করে, গ্রামের সর্বাঙ্গীণ উন্নতির অধিকতর চেষ্টা করতে হবে। আগে রাস্তাঘাট বনের মধ্য দিয়েই ছিল, এক গ্রাম থেকে আর এক গ্রামে যাওয়ার সহজ রাস্তা ছিল, সেইসব রাস্তা এখন বন সংরক্ষণ ব্যবস্থার ফলে ঘেরা হয়েছে এবং মানুষকে বহুদূর ঘুরে এক গ্রাম থেকে অন্য গ্রামে যেতে হয়। তাতে আবার এমনও গ্রাম সেখানে রয়েছে যেখানে একদিকে ক্যানাল চলছে, আর একদিকে বন, কাজেই সেগুলো পার হয়ে যাওয়া যাচ্ছে না। সাধারণ মানুষের কিছু কিছু জঙ্গল ছিল। নিম্ন মধ্যবিত্তেরা এইসব জঙ্গল কেটে কাঠ বিক্রয় করে নিজেদের

ভরণপোষণ চালাত। কিন্তু আজ বনসংরক্ষণ ব্যবস্থার ফলে এমন হয়েছে যে গাছ কাটবার অধিকারও নাই। আবার গভর্নমেন্ট থেকে তাঁরা কমপেনসেশনও পান না। এই বনগুলির সংরক্ষণের প্রয়োজনীয়তা আমরা অনুভব করি, কিন্তু এই বনের জন্য যে কমপেনসেশন পাওয়া উচিত সেটা যাতে পাওয়া যায় তারও সহজ ব্যবস্থা থাকা উচিত।

[3-50—4 p.m.]

Sj. Surendra Nath Mahata:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বনবিভাগের মন্ত্রীমহাশয় যে দাবী উত্থাপন করেছেন সেই দাবী সর্বান্তকরণে সমর্থন করি। সেই সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ দিই যে এই অল্প কিছু সময়ের মধ্যেই সর্বক্ষেত্রে যে উন্নতি সাধন করেছেন তার জন্য। আমি জঙ্গল এলাকা থেকে নির্বাচিত হয়েছি, কাজেই সেই জঙ্গল সম্পর্কে দুই-চার কথা বলতে চাই। স্যার, যখন জঙ্গল গ্রহণ করা হয় তার আগে জমিদারেরা সেই জঙ্গল সব ধ্বংস করে দেয়। এমন অবস্থা হয়েছিল যে সেই সময় জঙ্গলের কিছুই ছিল না। আবার আমাদের দেশের নেতারা যাঁরা রয়েছেন তাঁরা তাতে উস্কানি দিয়েছিলেন এবং জঙ্গল সব লুটপাট হয়ে গিয়েছিল।

যাহা হোক, এই নিদারুণ অবস্থার মধ্যে সরকার জমিদারদের নিকট হইতে জঙ্গল গ্রহণ করেন এবং তাহাদের আপ্রাণ প্রচেষ্টার ফলে আজ জঙ্গল নতুন করিয়া গড়িয়া উঠিতেছে। কিরূপ গড়িয়া উঠিতেছে তাহার একটি উদাহরণ দিতেছি। ঝাড়গ্রাম ও শীকরাইল থানার মাঝখানে একটি প্রকাণ্ড মাঠ আছে যাহার নাম বারডাঙ্গী। এই মাঠের আয়তন প্রায় ৫০ বর্গমাইল। এখানে ঘাসও জন্মাইত না। এখানে একটু জলও পাওয়া যাইত না। লোকে ইহাকে অত্যন্ত ভয় করিত। এই মাঠ পার হইতে হইলে লোকে সঙ্গে করিয়া জল লইয়া যাইত। কিন্তু এই ভয়াবহ মাঠে কয়েক বৎসরের মধ্যে অরণ্য বিভাগের প্রচেষ্টায় এক বিরাট নতুন জঙ্গল সৃষ্টি হইয়াছে। এই মরুভূমির মত মাঠকে জঙ্গলে পরিণত করার জন্য সরকারকে ধন্যবাদ দিতে হয়। তবে এই সঙ্গে ইহাও বলিতে চাই যে ঝাড়গ্রাম মহকুমায় এখনও প্রচুর অনুর্বর ও উষর মরুভূমি রহিয়াছে যেখানে সরকারী প্রচেষ্টায় এইরূপ জঙ্গল আরও গড়িয়া উঠিতে পারে। সেদিকে যেন সরকার দৃষ্টি রাখেন। জঙ্গল আমাদের মহকুমার কেবলমাত্র একটি সম্পদ নয়—ইহা বহু লোকের জীবিকা সংস্থানের ক্ষেত্র। অরণ্যজাত মহুয়া বৃক্ষ তাহাদের মধ্যে একটি। ইহার ফুল বহু দরিদ্র নরনারী খাদ্যরূপে ব্যবহার করে এবং ইহার ফল হইতে যে তৈল প্রস্তুত হয়, তাহা দরিদ্র গ্রামবাসীগণ সরিসার তৈলের বদলে সারা বৎসর ব্যবহার করিয়া থাকে। আমরা হিসাব করিয়া দেখিয়াছি প্রতিটি গাছে, প্রতি বৎসরে প্রায় ৩০ টাকার মত, ফুলে ও ফলে পাওয়া যায়। কিন্তু প্রতিটি গাছ মাত্র পাঁচ-ছয় টাকার মূল্যে বিক্রয় হইয়া থাকে। স্থানীয় লোকেরা এই গাছকে ভক্তি করে এবং তারা এই গাছ কাটিত না। কিন্তু ফরেস্ট অফিস এই গাছের উপকারিতা সম্বন্ধে বোধ হয় সম্পূর্ণরূপে ওয়াকিবহাল নন—সেইজন্য এই বৃক্ষসংরক্ষণে তাদের যোগ্য প্রচেষ্টার অভাব দেখিতে পাই। ইতিমধ্যে বহু বৃক্ষ—বিশেষতঃ নয়াগ্রাম থানায়—কাটিয়া নষ্ট করা হইয়াছে, কেবলমাত্র জ্বালানির জন্য। এই বিরাট সম্পদ যাহাতে ধ্বংস না হয়, তজ্জন্য সরকারকে ব্যবস্থা অবলম্বন করিতে অনুরোধ জানাই।

ইহা ছাড়া জঙ্গল সম্পর্কে আরও কয়েকটি কথা জানাইবার আছে। মহকুমার বিভিন্ন অঞ্চলে —বিশেষতঃ নয়াগ্রাম থানায় 'ঝাড়কাটি' বলিয়া জনসাধারণের জঙ্গলের উপর অধিকার আছে। ঝাড়কাটি কথার অর্থ জনসাধারণ জঙ্গলের মধ্যে মূল্যবান ও ফলবান বৃক্ষ বাদ দিয়া আকাঠা অর্থাৎ অকেজো ঝোপ-ঝাড় ইত্যাদি নিজেদের প্রয়োজনে কাটিয়া লইবে এবং তাহার পরিবর্তে রোড-সেসএর মত খাজনার সহিত ঝাড়কাটি কর প্রদান করিবে, কিন্তু সরকার কর্তৃক জঙ্গল গৃহীত হওয়ার পর এই চিরাচরিত প্রথা ও আঞ্চলিক স্বার্থ ক্ষুন্ন হইতেছে এবং বর্তমান সেটেলমেন্টএ ঝাড়কাটি করকে ন্যায্য বলিয়া স্বীকার করা হইতেছে না। সেইজন্য জনসাধারণ তাহাদের স্বার্থহানিতে অসন্তোষ প্রকাশ করিতেছে। ফলে সমগ্র নয়াগ্রাম থানায় তাহাদের খাজনা প্রদান বন্ধ রাখিয়াছে। ঝাড়কাটি করকে তাহারা তাহাদের খাজনার একটা অংশ বলিয়া মনে করে। জনসাধারণের এই অধিকার যাহাতে অক্ষুন্ন থাকে, তজ্জন্য আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে সরকারকে অনুরোধ জানাই।

তারপর শালপাতার কথা। শালপাতা এমন একটা জিনিস—যাহা গাছ হইতে সংগ্রহ করিলে গাছের কিছু ক্ষতি হয় না। কিন্তু ইহার পাতার দ্বারা ভাত খাইবার থালি ও থালা তৈয়ার হয়। ইহাকে দরিদ্র গ্রামবাসিগণ বিশেষ করিয়া নিঃস্ব ও দরিদ্র বিধবা শ্রেণীর রমণীগণ একটি কুটির শিল্পরূপে গ্রহণ করিয়াছে এবং ইহাই তাহাদের জীবিকার একমাত্র অবলম্বন। এই পাতা সংগ্রহের অধিকার যাহাতে স্বীকৃত থাকে তজ্জন্য আমি সরকারকে অনুরোধ করি।

ইহা ছাড়া আরও কয়েকটি জঙ্গলের উপর জনসাধারণের অধিকার আছে। চিরকাল তাহারা জঙ্গলে তসরের চাষ, রসাকলাইএর চাষ এবং মধু ও ধুনা সংগ্রহ করিত, এগুলি বহু লোকের জীবিকার্জনের সহায়তা করে কিন্তু জঙ্গলের কোন ক্ষতি সাধন করে না।

আর একটি বিষয় এই যে বড় গাছ কাটা হইলে যে মুড়া পড়িয়া থাকে, তাহা তুলিয়া লইয়া কামার ও কুমোরেরা তাহাদের প্রয়োজনমত কয়লা প্রস্তুত করে। এই মুড়া জঙ্গল হইতে তুলিয়া লইলে জঙ্গলের কোন ক্ষতি হয় না, উপরন্তু মুড়া তুলিয়া লইলে অঙ্কুর বাহির হইবার সহায়তা করে এবং পার্শ্ববর্তী বৃক্ষসমূহের প্রভূত উপকার করে। সেইজন্য স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি উপরি-উক্ত বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করি।

এই বলিয়া আমি আমার বক্তব্য শেষ করিতে চাই যে, সরকার যেন উপরি-উক্ত বিষয়সমূহ, আঞ্চলিক স্বার্থ, বনজ ঔষধি সংগ্রহন ইত্যাদির বিষয়গুলি যথাযোগ্য গ্রহণ করেন, যাহার ফলে আমার মহকুমা তথা সমগ্র পশ্চিমবাংলার উপকার সাধিত হইবে।

Sj. Sudhir Kumar Pandey:

মাননীয় স্পীকার মহাশয়, জঙ্গলের এ্যাফরেস্টেশনএর ব্যাপারে অনেক কথাই বলা হয়েছে। এ্যাফরেস্টেশন হচ্ছে সত্যি কথা। কিন্তু সেখানে কি ধরনের গাছ লাগান হচ্ছে, লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে, আকাশবাণী গাছ লাগান হচ্ছে। আকাশবাণী গাছ কি সে আমরা জনসাধারণ হয়ত জানতাম না কি জানি আকাশবনী গাছ হল, তার জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করা হল। কিন্তু এখন দেখা গেল যে আকাশবাণী কি হচ্ছে, না তার নামের সঙ্গে একটা গুণগত ঐক্য থাকা চাই, আকাশবনী গাছের দ্বারা লাঙ্গলমুড়ো হবে না, চেয়ার টেবিল তৈরী করা হবে না, এমন কি ভাল জ্বালানী কাঠরূপেও ব্যবহার করা চলবে না। অথচ সেই সমস্ত গাছ লাগিয়ে এ্যাফরেস্টেশন করা হচ্ছে এবং লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। শালগাছ যেখানে লাগান হচ্ছে সেটা ভাল কথা, সেটা সমর্থন করতে পারি কিন্তু এই আকাশবনী গাছের পিছনে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে সে গাছগুলি আমাদের দেশের জনসাধারণের ব্যবহারে লাগবে না, সেই গাছগুলি লাগিয়ে কি জঙ্গল হতে পারে তা বুঝতে পারি না। মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন এই সিদ্ধান্ত তারা পরিবর্তন করবেন, করে প্রচুর পরিমাণে শালগাছ লাগিয়ে আকাশবনী গাছ লাগান বাতিল করে দেবেন না কি করবেন সেটা জানতে চাই।

দ্বিতীয় কথা, জঙ্গল জাতীয় সম্পদ। এর সংরক্ষণ ও সম্প্রসারণ অত্যন্ত প্রয়োজন। জনকয়েক ফরেস্টার বা কয়েকজন অফিসার দিয়ে জঙ্গলের সংরক্ষণ বা সম্প্রসারণ করা যায় না। জঙ্গল সংরক্ষিত ও সম্প্রসারিত করতে হলে জনসাধারণের সহযোগিতার প্রয়োজন এবং সবচেয়ে বেশী যেটা প্রয়োজন সেটা হচ্ছে যাতে জনসাধারণের সমর্থন লাভ করা যায়, জনসাধারণের সহযোগিতা লাভ করা যায় এইরকম একটা নীতি জঙ্গল সম্পর্কে গ্রহণ করা সবচেয়ে বেশী প্রয়োজন। কিন্তু আমরা জানি যে বহুকাল ধরে জঙ্গল এলাকার মানুষ চিরকাল ধরে চিরন্তন প্রথা অনুসারে জঙ্গলে নানা প্রকারের অধিকার ভোগ করে আসছিলেন এবং জমিদারেরা এককালে জনসাধারণকে সেই অধিকার থেকে বঞ্চিত করার চেষ্টা করেছিলেন এবং তারজন্য গণআন্দোলন ও নানা রকমের আন্দোলন হয়েছিল, মামলা মকর্দমা হয়েছিল এবং শেষ পর্যন্ত জমিদারেরা নতি স্বীকার করে জঙ্গল এলাকার মানুষের যে অধিকার ছিল সে অধিকারগুলি স্বীকার করে নিয়েছিলেন। কোন কোন ক্ষেত্রে প্রজারা যেখানে সংগ্রাম করতে পারে নি সেখানে আপোষ হয়েছে কিন্তু চিরন্তন প্রথা অনুযায়ী যে অধিকার ভোগ করে আসছিল, অর্থাৎ লাঙ্গলের জন্য মুড়া এবং অন্যান্য কাজের জন্য কাঠ এবং আকাঠা যেসমস্ত ছোট ছোট গাছ বিনা মূল্যে পাওয়া

নানা রকম অধিকার যে এতদিন ধরে ছিল, জনসাধারণ এইটেই আশা করেছিল যে সরকারের হাতে যখন জঙ্গল যাবে, অন্ততঃ জমিদারেরা যেসমস্ত অঞ্চলে এই সমস্ত অধিকার থেকে আমাদের বঞ্চিত করেছে সেই অধিকার ফিরে পাবে। সেই অধিকার যদি আমরা ফিরে নাও পাই তাহলে অন্ততঃ জমিদারদের আমলে যে সুযোগসুবিধা আমরা পেয়েছি সেটা আমাদের নিশ্চয়ই বজায় থাকবে। কিন্তু সরকারের হাতে যখন ফরেস্ট গেল, আজকে তাঁরা এমন একটা নীতি অবলম্বন করলেন যার ফলে জঙ্গল এলাকার সমস্ত মানুষের একটা হতাশা এবং সকলে বিস্ময় নেত্রে চেয়ে রইল এবং সকলের মনে একটা বিক্ষোভ দেখা দিল। যার ফলে সহযোগিতা পেল না ও অসহযোগিতার মনোভাব দিনের পর দিন বেড়ে গেল। আজকে জনসাধারণ যদি দাবী করে যে জমিদারদের আমলে আমাদের যেটুকু অধিকার ছিল সেই অধিকার বা দাবী কি অযৌক্তিক, সেটা কি অন্যায় হবে, সেটা কি তাদের ন্যায়সঙ্গত দাবী নয়? কিন্তু সরকার সে অধিকার দিলেন না ফলে সমস্ত জায়গায় বিক্ষোভ দেখা দিয়েছে এবং এইভাবে কৃত্তিম উপায়ে জ্বালানী কাষ্ঠের সঙ্কট সৃষ্টি করা হল। এখন খাদ্যসমস্যা একটা বিরাট সমস্যা, অনেক দামে চাল কিনতে হচ্ছে, কিন্তু চাল কিনলে রান্না করবে কি করে কাঠ যদি না থাকে? এই বিষয় সরকার আইন করেছেন যে আকাঠ কাঠ আনতে গেলে পয়সা দিয়ে কিনতে হবে, এখন বিনা পয়সায় তোমরা আকাঠ পাবে না। গরীব মানুষ কোথায় পয়সা পাবে?

গরীব মানুষ কোথায় পয়সা পাবে? কিনতে পারে না—যে খাদ্য সঙ্কট সৃষ্টি হয়েছে। আকাঠ পয়সা দিয়ে কেনার ফলে জঙ্গল দিন দিন শেষ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে স্পীকার মহাশয়ের মারফতে অনুরোধ করছি তিনি অন্তত সেই সমস্ত জায়গায় ঘুরে দেখুন, যেখানে রোড-সাইডে জঙ্গল আছে, তা হ'লে দেখবেন জঙ্গলের ভেতর কিছু নাই, সমস্ত ফাঁকা হয়ে গেছে। কেন? তার একমাত্র কারণ হচ্ছে সরকারের অবলম্বিত বর্তমান জঙ্গল নীতি। কৃত্রিম উপায়ে সরকার জঙ্গলে সঙ্কট সৃষ্টি করেছেন। আকাঠ ও অন্যান্য কাঠ যেটা তারা আগে এমনি পেত, সেটা যদি পেত, তাহলে আর শালকাঠ কাটতে যেত না। এখন তারা দেখছে চুরি করে কাঠ আনতে হবে। আকাঠ কাটতে তিন-চার ঘণ্টা সময় যাবে। তাই সমস্ত লোক চাচ্ছে যে কাঠ চট করে কেটে আনতে পারি, সেই কাঠ আনবো। তাই জঙ্গলের শালকাঠ তারা কেটে আনছে। এটা আমাদের খুবই উদ্বেগের বিষয় যে আর হয়ত কয়েক বছরের মধ্যে জঙ্গল নষ্ট হয়ে যাবে।

[4—4-10 p.m.]

Sj. Jamadar Hasda:

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় জঙ্গলের জন্য যে ব্যয়বরাদ্দ করেছেন তার আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি—সেটা সম্পূর্ণ জঙ্গল এলাকা। সরকারী জঙ্গল নীতির ফলে জঙ্গলের আজ দুরবস্থা হয়েছে। যদি মন্ত্রীমহাশয় কোনদিন জঙ্গল এরিয়াতে যান, তাহলে তিনি নিজে চাক্ষুস দেখে সব বুঝতে পারবেন—যে জঙ্গল এলাকায় যে সমস্ত জঙ্গল করা হয়েছে, সেখানে মানুষের প্রয়োজনীয় কাজে লাগাবার মত কাঠ আদৌ নাই। এমন গাছ সেখানে লাগানো হয়েছে সে শুধু আগাছা শ্রেণীর গাছ। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি আমরা জঙ্গলের লোক—আমরা চিরকাল শালগাছ পেয়াল শালের মধ্যে বসবাস করে আসছি, জঙ্গলে সেই রকম কোন মূল্যবান গাছ না লাগিয়ে যতসব অদ্ভুত গাছ লাগান হচ্ছে। এদিকে সরকারের দৃষ্টি দেওয়া প্রয়োজন। সরকারী জঙ্গল বিভাগের হাতে আসার পর জঙ্গলের শালগাছ সব হাওয়া হয়ে গেছে। ভাল গাছ বলতে এখন আর কিছু জঙ্গলে নাই বললেই চলে। আগে আমাদের মেদিনীপুরে শালবনি থানার মধ্যে যে বেনাগড় জঙ্গল বলে একটা বিখ্যাত জঙ্গল ছিল, সেই জঙ্গল আজ উধাও হয়ে গেছে। আর এই জঙ্গলের পাশাপাশি যারা বাস করে আসছে, তারা চিরকাল থাকবে, যে ভূমির স্বত্ব অধিকার করে আসছে, সেই অধিকার থেকে তারা আজ বঞ্চিত হচ্ছে—এই জঙ্গল বিভাগ কর্তৃক। কি রকম প্রথানুযায়ী তারা শালপাতা, আকাঠ, ঝাটা, বনজ ফলমূল, কণ্ডি, শিমূল, পিপুল, আমলকী, বয়ড়া ইত্যাদি চিরকাল তারা বিনা পয়সায় ভোগ দখল করে আসছে। চাষ আবাদের লাঙ্গল মুড়ি, ইশ, জোয়াল ইত্যাদিও ভোগ করে আসছে। আজ সরকার এই সমস্তের জন্য ট্যাক্স ধার্য করছেন।

তারা হচ্ছে জঙ্গলের ভেতর এলাকার লোক, তারা যখন জঙ্গলে প্রবেশ করবে, কৃষির জিনিসপত্রের জন্য সবসময় তাদের জঙ্গলে কাজকর্ম সমাধা করতে হয়, তখন ফরেস্ট আইনের জন্য সর্বদা তাদের ট্যাক্সএর বোঝা বহন করতে হচ্ছে। যারা সেই সমস্ত জঙ্গল এরিয়াতে এ যাবৎ বসবাস করে আসছে, আমার অনুরোধ, তাদের যেন ঐ ট্যাক্স থেকে রেহাই দেওয়া হয়। তা না হলে জঙ্গলের মধ্যে তাদের বাঁচবার কোন সম্ভাবনা নাই। জঙ্গল এলাকার মধ্যে অধিকাংশ লোকই গরীব। কৃষিকার্যে যে ফসল উৎপন্ন হয়, তা নয় মাসের খোরাকী। আর বাকী তিন মাস তারা জঙ্গল থেকে চালায়। এই সমস্ত যদি না পায়, তাহলে তারা মারা যাবে।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয় জঙ্গল সম্বন্ধে কথা বলতে গিয়ে আমার যেটুকু অভিজ্ঞতা আছে, তাই বলবো।

প্রথম হচ্ছে আমাদের জেলায় যা জঙ্গল আছে, তার পরিমাণ খুব কম। কারণ বেশীর ভাগ জঙ্গলই পূর্ব পাকিস্তানে পড়েছে। আমি নিজে জানি যে জঙ্গলের মধ্যে যে সমস্ত অফিসার থাকেন, তাঁদের বেতন এত কম যে যার ফলে তারা ঐখান থেকে নানা উপায়ে পয়সা আয় করবার চেষ্টা করেন। আমি নিজে দেখেছি গোয়ালপাতা যা ঘর ছাইবার প্রধান একটা জিনিস, সেই গোয়ালপাতা চুরি হিসেবে বিক্রী করে কি মুনাফা নেবার চেষ্টা তারা করেন। এ জিনিসগুলি খোঁজ নেওয়ার প্রয়োজন আছে।

তারপর জঙ্গলের মধ্যে যে কাঠ কাটা হয়, সেই গাছ কাটা হয়, যা বাড়তে পারে। গাছের বৃদ্ধির দিকে না তাকিয়ে যখন রোজগারের প্রশ্নটা বড় হয়ে ওঠে, তখন সেই চারাগাছগুলি কাটা হয় এবং তা থেকে কিছু কিছু রোজগারের বন্দোবস্ত হয়। এই সমস্ত সমস্যা চলতে থাকবে —যদি জঙ্গলের সেই সমস্ত কর্মচারীদের বাঁচবার মত বেতনের ব্যবস্থা না করা হয়। শুধু উপদেশ দিয়ে দুর্নীতি বন্ধ করা যাবে না। আমার অন্ততঃ তাই ধারণা। তাঁরা এমন একটা এলাকায় থাকেন, যে এলাকা সাধারণ মানুষের নজরের বাইরে, সেই সমস্ত এলাকায় বাঁচতে গেলে প্রথমত জীবন হাতে করে নিয়ে চলতে হয় এবং সেখানে পয়সাটা বড় হয়। তার ফলে অর্থ রোজগারের প্রশ্নটা বড় হয়। ফলে বিভিন্ন কায়দায় জঙ্গল কেটে পয়সা রোজগারের চেষ্টা হয়।

আমাদের জেলার জঙ্গল থেকে আর একটা প্রধান জিনিস আমদানী হয়। সে হচ্ছে মধু। এই মধু আছে তিন রকমের। প্রথমটা হল সেরা, দ্বিতীয়টা হল কম সেরা একটু পাতলা তারপর হল একেবারে পাতলা। এই জঙ্গল থেকে বছরে সাতশো মণ মধু উৎপন্ন হয়। যারা মধু সংগ্রহ করে তাদের বলা হয় মৌলী। তাদের সরকারী নির্ধারিত দরে মধু বিক্রয় করতে হয়। সেই দর হচ্ছে ২৮ টাকা। কিন্তু বাজার দর হচ্ছে মণ ৫৫ টাকা। অথচ সরকারের কাছে বিক্রয় করতে হয় ২৮ টাকায়, তারপর মোম। মোমের বাজার দর ১৬০-১৭০ টাকা মণ। কিন্তু সরকারের নির্ধারিত দাম হচ্ছে ৭০ টাকা। সেই দরে তাদের মোম বিক্রয় করতে বাধ্য করা হয়। অথচ সেই সমস্ত মৌলীরা জীবন তুচ্ছ করে জঙ্গলের মধ্যে যায়। সেখানে তাদের কোন নিরাপত্তার ব্যবস্থা নাই। আমি যে অফিসিয়াল সংবাদ পেয়েছি সে হচ্ছে এই—এ বছর ২৮ জন মৌলী বাঘের পেটে চলে গেছে। এ কেবল নিরাপত্তার অভাবে।

[4-10—4-20 p.m.]

তারপর নৌকাতে আরো যে মৌলীরা যায়, তাদের জন্য আগে ফি ছিল সাড়ে তিন টাকা ; এখন সেই লাইসেন্স ফি বাড়তে বাড়তে হয়েছে বার টাকা তের আনা নয় পাই। এই মৌলীদের জীবন রক্ষার কোন দায়িত্ব সরকারের নাই। কি করে জঙ্গলের মধ্যে গিয়ে তাদের জীবন রক্ষা হবে। সে ব্যবস্থা সরকারকে করতে হবে। তারা মহাজনদের কাছ থেকে টাকা দাদন করে জঙ্গলে যায়। মৌলীরা অত্যন্ত গরীব সন্তান। তাদের অন্য কোন উপায়ে বাঁচবার ব্যবস্থা নাই। তারা বেশীর ভাগ আদিবাসী সম্প্রদায়ের লোক। তারা জীবন বিপন্ন করে এই মধু সংগ্রহ করতে যান টাকায় দুই আনা করে সুদ দিয়ে মহাজনদের কাছ থেকে টাকা নিয়ে। এই মধু যখন তারা নিয়ে আসে তখন সরকার নির্ধারিত হারে তা তাদের দিতে বাধ্য করেন, যার ফলে তারা বাজার

দর পান না, এটা আমি হিসেব করে দেখেছি এবং আমার কাছে এ সম্বন্ধে তথ্য আছে। তারপর, মধু সংগ্রহকালে দলবদ্ধভাবে যাওয়া যায় না, এজন্য আমি জানি ২৮ জনকে বাঘের পেটে যেতে হয়েছে। তবু তাদের যেতে হয়, কারণ অর্থটাই তাদের কাছে বড়। তারপর টিনে করে মধু নিয়ে আসবার কালে অন্ততঃ পাঁচ সের করে অফিসারদের আগাম নজরানা দিতে হয় এবং আমরা জানি এই মধু নিয়ে বিজনেস হয়। যাঁরা নিজের জীবন বিপন্ন করে মধু সংগ্রহ করে তাদের উপর এই জুলুমটা কি বন্ধ করা যায় না? আপনি এখানে বসে আছেন, সেখানে গিয়ে নজর দিলে বুঝতে পারতেন এই কাজ কি ব্যাপকভাবে চলছে। তারপর, অফিসারদের বাঁচবার মত বেতন নির্ধারিত করতে হবে, তা না হলে তাঁরা এটা বাধ্য হয়েই চালাবে। তারপর বাঘের খাদ্য হরিণ মারা নিষিদ্ধ। আইন করে দেওয়া হয়েছে হরিণ মারা নিষিদ্ধ। সামান্য কিছু বকশিস দিলে হরিণ আনা যায়। আমি সংবাদ নিয়ে দেখেছি এই ব্যাপার নিয়মিতভাবে চলেছে। কর্মচারীদের পকেটে কিছু দিলেই হল। এর আরেকটা সাংঘাতিক দিক আছে—এরই ফলে মানুষই প্রধান খাদ্য হয়ে দাঁড়িয়েছে বাঘের যার জন্য ২৮ জন লোক বাঘের পেটে গিয়েছে। এটা হচ্ছে অফিসিয়াল রিপোর্ট নন অফিসিয়ালী আরো কত হবে কি জানি। এটা যদি বন্ধ করতে হয়, জঙ্গল যদি সুষ্ঠুভাবে বাড়িয়ে তুলতে হয় তাহলে হরিণের সংখ্যা বাড়িয়ে বেআইনী-ভাবে হরিণ মারা বন্ধ করা দরকার।

তাহলে কথা হল দুটিঃ—ন্যায্য দরে মধু বিক্রয়ের ব্যবস্থা করা দরকার, বেআইনীভাবে হরিণ মারা বন্ধ করতে হবে। এগুলি যদি না করেন জঙ্গল পরিষ্কার হয়ে যাবে এবং দুর্নীতির আড্ডাখানা হয়ে দাঁড়াবে।

The Hon'ble Hem Chandra Naskar:

মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে মাননীয় সদস্যমহোদয়গণ বিভিন্ন স্থানের নানা কথা এই সভায় বলছেন। আমারও এসব কথা ভালভাবে জানা আছে। আপনি বোধ হয় জানেন যে জমিগুলো কোন কাজে লাগে না সেই জমিগুলোকে পুনরুদ্ধারের জন্য বনবিভাগকে দেওয়া হয়। আমার একজন বন্ধু বললেন এইসব জায়গাতে আকাশমণি গাছ ছাড়া আর কিছুই আমরা দেখতে পাই না। কিন্তু প্রায় দু হাজার একর জমিতে শালগাছ লাগানো হয়েছে। বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর প্রভৃতি জেলায় যখন শালগাছের মধ্যে মধ্যে ফাঁক থেকে যায়, সেই ফাঁকপূরণ করবার জন্য অন্যান্য গাছ দেওয়া হয় যাতে সেই সকল গাছগুলো সোজাভাবে উঠে। এবং সেগুলো পরে কেটে বিক্রি করা হয়। আর একজন বন্ধু বললেন যে, আমরা কড়াই ও মহুয়া ফুল তুলবার অনুমতি দিই না। ইহার কারণ সেই পাথুরে জায়গার উন্নতি আমরা করছি, কিন্তু যদি আবার গর্ত খুঁড়ে কড়াইগুলো চাষ করেন তাহলে বাস্তবিকই ক্ষতিকর হয়। তবে মহুয়া ফুল তারা নিতে পারেন। আর একজন বললেন তিনি বনের মধ্যে থাকেন এবং দেখেছেন যে বনের ক্ষতি হচ্ছে। একটা কথা আমি বলতে পারি স্যার, আপনি যদি অনুসন্ধান করেন—আপনার যদি সম্পত্তি হয় তাহলে আপনি কি এমনি সমস্ত জিনিস বিলিয়ে দেন? সেই রকম আপনারা যদি দেখেন যে, আমাদের কত খরচ অন্ততঃ দখল রাখার জন্য তাহলেই বুঝতে পারবেন কি নামমাত্র মূল্যে বনজাত জিনিস দেওয়া হয়। আট টাকা পার হান্ডরেড কিউবিক ফুট মোটা শাল জ্বালানী কাঠের জন্য আমরা নিই আর চার টাকা নিই সরু ডগাগুলোর জন্য। দুই পয়সা নিই এক বোঝা পড়া ডালপালার জন্য, আর চার আনা আমরা মাসে নিই এই হচ্ছে দাম। আর পাশের যে সমস্ত অন্য ডালপালা থাকে তার জন্য এক টাকা পার কার্ট-লোড নিই আর ছয় আনা মাসিক এক হেড-লোড অর্থাৎ এক বোঝা। ছয় আনা যদি মাসে এক বোঝা কাঠ হয় তাহলে কি বড্ড বেশী দাম নেওয়া হচ্ছে? গরু চরার জন্য কথা উঠেছে। একটা গরু যে সমস্ত দিন খাবে, চরবে তার জন্য বছরে মাত্র চার আনা নেওয়া হয়। আর এক বোঝা করে লোকে শালপাতা জ্বালবে তার দাম হচ্ছে মাসিক দুই আনা। এখন যদি কেউ বলেন যে বড্ড বেশী দাম হচ্ছে তাহলে যারা বাজারে শালপাতা নিয়ে যায় তাদের বিনা মূল্যেই দিতে হয়। কাজেই এটা আপনি বিবেচনা করতে পারেন। মড়া পোড়াবার জন্য যে কাঠ নেওয়া হয় তার জন্য আমরা কোন দাম নিই না। আমাদের হেমন্তবাবু যা বলেছেন এখন তার কথা বলি। অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, আট বছর আগে আমাদের এখানে চিনি পাওয়া যেত না। সেই সময় আমি বিবেচনা করেছিলাম যদি মধু

পাওয়া যায় এবং যদি সাধারণের কাজে লাগে তাহলে ভাল হয়। আমার ডিপার্টমেন্ট এর আয় বৃদ্ধির জন্য এর কোন দরকার নেই, কারণ মধুটা জনসাধারণের জন্য। আপনারা জানেন যে, অস্ট্রেলিয়া থেকে যে মধু আসে তার পাউন্ড হচ্ছে দুই টাকা দশ আনা। আর আমাদের এ মধুর দাম হচ্ছে দেড় টাকা এবং এক আনা সেলস ট্যাক্স। আরও কয়েকটি প্রতিষ্ঠান এই রকম মধু বিক্রী করেন, তার দাম হলো এক টাকা দশ আনা। কাজেই এটা সাধারণের উপকারের জন্য আমরা করেছি। প্রসূতিগণ শিশুর মুখে একটু মধু দেয়, কোন রোগীর যদি ঔষধের সঙ্গে মধু ব্যবহার করতে হয় তাহলে কোথায় মধু পাবে? কবিরাজের দোকানে গিয়ে তাকে বেশী দামে মধু সংগ্রহ করতে হয়, কিন্তু আমাদের ফরেস্ট অফিসএ গেলে সেখানে মধু দেওয়া হয়। যে মধু খারাপ হয়ে যায় সেগুলো ফেলে দেওয়া হয়। কাজেই আমি একথা বলতে পারি যে সরকারী নির্দিষ্ট স্থান আছে, সেখানে গেলে মধু পাওয়া যায়। আমারও সুন্দরবন এলাকায় বাস, আমি জানি, যারা চাক ভাঙ্গে তারা যখন মাছির পিছনে পিছনে ছোটে তখন তাদের সাপেই কাটুক আর বাঘেই খাক কেউ কিছু লক্ষ্য রাখে না। তাদের প্রত্যেকের সঙ্গে কি একটা করে গার্ড দেওয়া সম্ভব, সেটা সম্ভব নয়। যখন বাঘের বড্ড উপদ্রব হয় তখন আমরা সেখানে শিকারী নিযুক্ত করি এবং তাঁরা বাঘ মারেন। প্রত্যেক বছরই যখন বাঘের উপদ্রব হয় তখন আমরা সেটা প্রবর্তন করি। এখানে সুন্দরবনের যাঁরা প্রতিনিধি আছেন তাঁদের কাছে সব শুনতে পাবেন। আমরা সেদিকে যথেষ্ট দৃষ্টি দিই। বন্ধুবর হেমন্তবাবু অনেক কথাই বলেছেন। সুন্দরবনের গাছগুলি নিজে নিজেই হয়। ৩০ বছর আগে এখানে জঙ্গল যা ছিল এখনও তাই আছে। মিষ্টি জল না এলে ওখানকার কোন গাছের উন্নতি হবে না।

[4-20—4-30 p.m.]

আমাদের একটা ওয়ার্কিং প্লান আছে, সেই অনুযায়ী আমরা বছর বছর গাছ কাটি। চাহিদা মিটাবার জন্য হয়তো কিছু বেশী কেটে ফেলেছি, কিন্তু আমরা ঠিক করেছি যে এবারে কম কাটবো। আর একটা কথা বন্ধুবর হেমন্তবাবু বল্লেন গোলপাতার কথা। গোলপাতা আমাদের ওখানে খুবই কম হয় যাতে সুন্দরী গাছগুলির অপচয় না হয়। সুন্দরবন নাম বটে কিন্তু সুন্দরবনে সুন্দরী গাছ নেই। কাজেই সুন্দরবনের দিকে আমাদের যথেষ্ট দৃষ্টি আছে, যাতে গাছগুলির ক্ষতি না হয়। তারপরে হরিণ মারার কথা—চোরে যদি হরিণ চুরি করে মারে তাহলে নিশ্চয়ই তার শাস্তি দিতে পারি? আমরা তো আইন করে বন্ধ করে রেখেছি। ওখানকার যারা অধিবাসী তাঁরা যদি জানেন যে কেউ হরিণ মেরেছে বা কোন অফিসার ঘুস খেয়েছে তিনি তো —আমাদের তা জানাতে পারেন। আমি মাননীয় সদস্যমহাশয়দের সকলকে অনুরোধ জানাচ্ছি যে আপনারা বনে যাবেন গিয়ে দেখবেন কোথায় কি অন্যায় হচ্ছে, বন ভাল হচ্ছে, কি খারাপ হচ্ছে। আমি সরোজবাবুর একটা প্রশ্নের উত্তরে গেলবারে সরোজবাবুকে লক্ষ্য করে বলেছিলাম, তিনি আরাবাড়ীর বনের কথা উল্লেখ করেন, তাঁকে বলেছিলাম আপনি তো গড়বেতায় বাড়ী যান, আপনি সেই সময় দেখে যাবেন যে আমাদের কি রকম বন সৃজন হয়েছে এবং এই রকমে রামনগর থানায় যেখানে এক মণ দেড় মণ ধান হতো সেখানে পাঁচ মণ ধান, ছয় মণ ধান হচ্ছে। খেজুরী থানা থেকে বরাবর সমুদ্র উপকূল দিয়ে সাগরে যদি সদস্যমহাশয়গণ যান তাহলে দেখতে পাবেন কি রকম সুন্দর গাছ হয়েছে বালির মধ্যে। আবার সেই বালি উড়ে এসে যাতে ধান ক্ষেতগুলি নষ্ট না করে সে দিকেও আমাদের দৃষ্টি আছে। সকল জায়গায় মাঝে মাঝে কিছু বাদামের গাছ দেওয়া হচ্ছে, তার থেকে যদি সরকারের কিছু আয় হয় এই ভেবে। তা ছাড়া আমরা পারতপক্ষে বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর প্রভৃতি জায়গায় যতদূর সম্ভব শালবন করছি, শুধু শাল গাছ কেন অর্জুন, গামার গাছ প্রভৃতিও আছে।

আর একটা কথা হচ্ছে জলের কথা। ওখানে ঝর্ণা নেই, কিছুই নেই। একটা ঝরণা হয়েছিল তার ভিতর থেকে জল হয়েছিল। বন রক্ষা করবার জন্য গরু বাছুর, ছাগল যাতে গাছ না খায় সেজন্য ট্রেঞ্চ করে সেটা বন্ধ হয়ে গেছে। ট্রেঞ্চ করে সেটা বন্ধ হয়ে গেছে সেই জন্যই আপত্তি, তারচেয়ে ঐ স্থানে যাতে একটা কুয়া হয় তার চেষ্টা করলেই ত হয়। সরকার থেকে অনেক জায়গায় ত অনেক কুয়া দিচ্ছেন, কাজেই যদি জলাভাব হয় ত সেখানে একটা কুয়া খুঁড়লেই তো প্রচুর জল পাওয়া যাবে। স্যার, আর বেশী কিছু আপনার কাছে বলার নেই।

Sj. Hemanta Kumar Ghosal:

বেতনটা সম্বন্ধে কিছু বলুন।

The Hon'ble Hem Chandra Naskar:

বেতন, ১৯৫০ সালে অন্যান্য ডিপার্টমেন্টের সঙ্গে তুলনা করে স্থির করা হয়। হতে পারে পুলিসের চেয়ে কিছু কম। আমরা দেখছি যে ম্যাট্রিক পাশ ফরেস্টার রেঞ্জার হচ্ছে। গেজেটেড অফিসারও হচ্ছে তাদের ৪০০ টাকা পর্যন্ত বেতন দেওয়া হচ্ছে। তাঁদের ক্রমে ক্রমে প্রমোশন হচ্ছে। এ বিষয়ে আমাদের দুটি নীতি আছে—মেরিট এবং লেংথ অফ সার্ভিস, অবশ্য যার মেরিট কম তার চেয়ে যদি অল্প দিনের চাকুরী করছেন মেধাবী যুবক পাওয়া যায় তাহলে তাঁকেই প্রমোশন দেওয়া হচ্ছে। কিন্তু ফরেস্টার থেকে ম্যাট্রিক পাশ ই, এ, সি, এফ, হচ্ছে, ৪০০ টাকা পর্যন্ত বেতন পাচ্ছেন—এটা কি বড্ড কম? যদি কেউ কাজ না করেন কাজ করবার যদি মন তাদের না থাকে, তাহলে তাঁদের উন্নতি হবে না। অবশ্য যাঁরা দেরাদুন থেকে রেঞ্জার্স কোর্স পাশ করে আসেন বা অফিসার হয়ে আসেন তাঁদের কথা আলাদা। কিন্তু যাঁরা প্রমোটেড হয়ে আসেন তাঁদের সংখ্যা দেখলে আপনারা এটা বুঝতে পারবেন। অবশ্য আমি একথা বলছি না যে, তাঁরা সুন্দরবনের মধ্যে পড়ে থাকুন। সেখানে মাছ বা চাল ছাড়া তরিতরকারী বিশেষ পাওয়া যায় না। আমি নিজে সুন্দরবনে গিয়েছি, দেখেছি যে সেখানে এখন কিছু কিছু তরিতরকারী হচ্ছে। যোগেলগঞ্জেও হচ্ছে, বাগনানে হচ্ছে, নাম থানার কোন কোন জায়গায় হচ্ছে। কিন্তু লোনা জলের জন্য সেখানে প্রচুর হয় না। অন্য জায়গা থেকে তরিতরকারীগুলি আসে। এত কষ্ট করেও সমস্ত কর্মচারী আছেন, তাঁরা যদি ভালভাবে মনযোগ দিয়ে কাজ করেন তাহলে নিশ্চয়ই তাঁদের কথা সরকার বিবেচনা করবেন। গেল বছরে আমরা কর্মচারীদের বিরুদ্ধে ৯টা অভিযোগ পেয়েছিলাম তার মধ্যে ৩টার ফয়সালা হয় নি, তিনজনকে চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে, দুজনকে ডিপার্টমেন্টাল শাস্তি দেওয়া হয়েছে এবং একটা কেসের কোন সাক্ষী পাওয়া যায় নি। সুতরাং যখনই আমাদের কাছে এই রকম কোন অভিযোগ আসে তখনই আমরা সেদিকে লক্ষ্য দিই। সেজন্য আমি বিনীতভাবে বলছি যে, বন জাতীয় সম্পদ, এই জাতীয় সম্পদ যাতে রক্ষা হয় সেদিকে সদস্যমহাশয়গণ একটু লক্ষ্য রাখবেন। যে দামগুলির কথা আমি বল্লাম সদস্য মহাশয় যদি বলেন যে দাম বড্ড বেশী হয়েছে, লোকের উপর অত্যাচার হচ্ছে তাহলে আমি বলবো তা সত্য নয়। যে দামের কথা আপনার কাছে দেখালাম, আপনি তা নিশ্চয়ই সঠিক অনুভব করেছেন। কারণ বাজারে গিয়ে এক বোঝা শালপাতা একজন বিক্রি করে লাভ করেন এক টাকা, পাঁচসিকি তিনি দাম দেন মাসে দুই আনা মাত্র—এটাই যদি কারো গাত্রদাহের কারণ হয় ত আমি কি করতে পারি? এই কথা বলে আমার প্রস্তাবটা আপনার সামনে স্থাপন করে সমস্ত কাটমোসানগুলি আপত্তি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: I put all the cut motions except No. 9 to vote on which division will be taken.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerjee that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Ranendra Nath Sen that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haran Chandra Mondal that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haran Chandra Mondal that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion Sj. S. N. Mazumdar that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jamadar Hasda that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jamadar Hasda that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Renupada Halder that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Chaitan Majhi that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

[4-30—4-55 p.m.]

The motion of Sj. Sudhir Kumar Pandey that the demand of Rs. 49,00,000 for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:

AYES—70.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Dr. Radhanath
Chobey, Sj. Narayan
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Golam Yazdani, Dr.
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Ramanuj
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Majhi, Sj. Jamadar
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Suhrid
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Pandey, Sj. Sudhir Kumar
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Sen, Sj. Deben
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan

NOES—122.

Abdus Shokur, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Monilal
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Manindra Bhusan
Blanche, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Sj. Byomkes
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Sudhir
Mardi, Sj. Hakal
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Muhammad Ishaque, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Muzaffar Hussain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Pemantle, Sjkta. Olive
Patel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad

The Ayes being 70 and the Noes 122, the motion was lost.

The motion of the Hon'ble Hem Chandra Naskar that a sum of Rs. 49,00,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 5, Major Head: "10—Forest" was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[4-55—5-5 p.m.]

Major Head: 57—Miscellaneous—Contributions

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that a sum of Rs. 68,75,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions".

The total amount of grant under this Head is 1,42,39,000 out of which 1,22 lakh is voted and 19 lakh is charged. There has been a portion voted on account and the balance is being asked for now.

Under this Head there are grants for different purposes. The main grants are towards local bodies. Out of 1 crore 22 lakhs 1,19,82,000 is grants to local bodies. The full list is on page 154 of the Red Book and I would like to mention the main items of grants to local bodies. They are—for payment to local bodies of dearness allowance to their employees Rs. 31,40,000, for grants to the Calcutta Corporation for dearness concession Rs. 71,59,000, Miscellaneous Contributions to Cooch Behar and Continuance of certain fixed grants used to be received by Cooch Behar Town Committees Rs. 9,700 and for grants to local bodies in lieu of ex-intermediaries' share of cesses of the estates and interests vested in Government under the West Bengal Estates Acquisition Act, 1953 Rs. 13 lakhs, Maintenance grants to district board Rs. 3,70,000, grants to the Mohammedan Burial Board Rs. 4,800, grants to the Darjeeling Municipality Fire Brigade Rs. 6,200. There are certain other grants which are charged for the realisation of dues under certain Acts which used to be levied before the local fund.

I do not think I should speak further on this point. With these words I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: I take it that all the cut motions are moved.

Sj. Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to grant adequate funds to local bodies for payment of dearness allowance.

Sj. Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

পশ্চিম দিনাজপুর জেলা বোর্ড নিয়মিত সেসের অর্থ পাইয়া কোন কাজ করিতেছে না—যথা ১। জিলা বোর্ডের সড়কে নিয়মিত প্রতি বৎসর মাটি দেওয়া হয় না—কয়েক বৎসর যাবৎ মোটেই মাটি দেওয়া হয় না। ২। জিলা বোর্ডের দাতব্যচিকিৎসালয়ে ঔষধ সরবরাহ করা হয় না—প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয় না। ৩। জিলা বোর্ড পানীয় জলের জন্য কোন ব্যবস্থা করেন না। ৪। জিলা বোর্ডের কর্মচারিবৃন্দের সময়মত বেতন দেওয়া হয় না—প্রায়ই বেতন বাকি থাকায় অল্প বেতনের কর্মচারিবৃন্দ ভীষণ সংকটাপন্ন হইতেছেন। এই বিষয়ে সরকারের ব্যর্থতা।

Dr. Kanailal Bhattacharya: 'Sir, I beg to move that ıd of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major ıeau: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the neglectful attitude of the Government in making payments to the municipalities regarding the repair of roads, improvement of bustees, water supply, drainage, public health and primary education.

Sj. Narayan Chobey:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে অনেক টাকা অনেক ক্ষেত্রে দেওয়া হচ্ছে এবং আমরা দেখলাম অনেক ক্ষেত্রেই ইন লিউ অফ দিস, ইন লিউ অফ দ্যাট, যেসমস্ত লোকাল বডিগুলিকে আপনারা টাকা দিচ্ছেন, সেখানে অনেক ক্ষেত্রেই দেখলাম এর লিউএ তার লিউএ দিচ্ছেন। অর্থাৎ যে টাকাগুলি লোকাল বডি যদি অন্য জায়গা থেকে পেতো সেই সমস্ত সোর্স লোকাল বডির বন্ধ করে দিয়ে তাকে আপনারা এখন খয়রাত দিচ্ছেন। তাতে আমরা মনে করি এই যে নীতি এই নীতি লোকাল বডি স্বতন্ত্র, লোকাল বডিগুলির জনপ্রতিনিধির দ্বারা চলবার যে প্রচেষ্টা তা সেটা ব্যাহত করে। এই ক্ষেত্রে আমি আর একটি কথা মাননীয় স্পীকারের মাধ্যমে মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনার লোকাল বডিতে যে সমস্ত কর্মচারীরা কাজ করে তাদের ডিয়ারনেস এ্যালাউয়ান্সএর জন্য যে টাকা আপনারা রেখেছেন, আমরা মনে করি সেই টাকাতে তাদের যে দাবী তাদের যে মাগ্যিভাতা তা কিছুতেই বাড়ান চলতে পারে না। আপনারা সরকারী কর্মচারীদের ডিয়ারনেস অ্যালাউয়ান্স বাড়াবার জন্য একটা প্রভিসন নিয়েছেন এবং তার জন্য আপনারা প্রথমে দুই টাকা দিয়েছিলেন তারপরে ৫ টাকা করেছেন। তবুও আপনারা কিছু করেছেন যদিও সেটা দরকারের তুলনায় অতি নগণ্য। কিন্তু এই যে সমস্ত লোকাল বডিগুলিতে কর্মচারী যারা আছেন তারা সেমি-গভর্নমেন্ট কর্মচারী বলে আপনারা বলেন তাদের মাগ্যিভাতার জন্য আপনি যে টাকা রেখেছেন সে সম্বন্ধে স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বিচার করতে বলছি যে তাদের ডিয়ারনেস এ্যালাউয়ান্স সম্বন্ধে যেন কিছুটা বিচার বিবেচনা করা হয়। আমি আর একটা কথা মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের সামনে উপস্থিত করতে চাই। এই যে লোকাল বডিগুলিকে আমরা টাকা দিচ্ছি, সরকার থেকে টাকা দেওয়া হচ্ছে আমরা জানতে চাই যে এদের ফানক্সনিং কি রকম করে হয়। আমি এই পরিপ্রেক্ষিতে আমি যে জেলা থেকে এসেছি অর্থাৎ মেদিনীপুর জেলা বোর্ডের কথা উপস্থিত করতে চাই।

once upon a time there was a sailor Sindbad,

তেমনি ওয়ানস আপন এ টাইম মেদিনীপুর জেলা বোর্ডের ইলেকসন হয়েছিল, এক যুগ প্রায় হবে, না হলেও হয় এসেছে এক যুগ। আমরা জানতে চাই এই মেদিনীপুর জেলা বোর্ডের কিছু লোক তাদের বাসা বেঁধেছে, কিছু ঘুঘু বাসা বেঁধে বাস করছেন সেই মেদিনীপুর জেলা বোর্ডের ইলেকশন কবে হবে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি, আশা করি মন্ত্রীমহাশয় জবাব দেবেন। আমরা শুনেছিলাম কিছুদিন পূর্বে অর্থাৎ বছর দেড়েক আগে এই ইলেকশন হবার কথা হয়েছিল কিন্তু যেহেতু মেদিনীপুরের জেলা বোর্ডের যারা হর্তাকর্তা তারা সানগুইন ছিলেন না যে নির্বাচন হলে তারা আসতে পারবেন সেইজন্য সেটা স্থগিত রাখা হয়েছিল মাননীয় মন্ত্রীমহাশয় আশা করি আমাদের জানাবেন যে ওখানে নির্বাচন কবে হবে। এই-পরিপ্রেক্ষিতে আমরা এ্যাডল্ট ফ্রানচাইস, গণতন্ত্রের কথা আমরা বহুদিন ধরে শুনে আসছি, কালকেও আমাদের মাননীয় মন্ত্রী সিদ্ধার্থ রায় আমাদের ডেমোক্রাসীর কথা বলে গিয়েছেন। আমরা বলতে চাই এই রকম করে এ্যাডাল্ট ফ্রানচাইস না করে যে লিমিটেড ফ্রানচাইস আছে তার মাধ্যমে নির্বাচন না করে আপনারা বৎসরের পর বৎসর ফেলে রাখছেন

till you are sanguine that your party will be victorious in the election

এই কি ডেমোক্র্যাসি এক্ষেত্রেও আশা করি মন্ত্রীমহাশয় জবাব দেবেন। এই সমস্ত লোক্যাল বডিগুলির—বিশেষ করে মেদিনীপুর জেলা বোর্ডের নির্বাচন কবে হবে আশা করি তিনি জানাবেন। এই জেলা বোর্ডের অনেক কীর্তি আছে। আমি একটি রাস্তার কথা বলছি যে

রাস্তার নাম মালঞ্চ রোড। রাস্তাটি ৬০ ফুট চওড়া ছিল, যখন আমি সে সহর থেকে এসেছি তার লোকসংখ্যা ছিল ৩০ হাজার, তখন সে রাস্তাটি ৬০ ফুট চওড়া ছিল, কিন্তু এখন সেই রাস্তা তার এক পাশে বিভিন্ন বড় বড় লোকেরা বড় বড় শেঠেরা, বড় বড় ধনীরা তার জমি মারতে মারতে কোথাও ৩০ ফুট কোথাও ৪০ ফুট কোথাও ২৮ ফুট হয়ে গিয়েছে। এই জেলা বোর্ডের রাস্তার জমি যারা মেরে নিয়েছে তাদের সম্বন্ধে কোন স্টেপ নেন নি কারণ আমরা জানি এই রাস্তা মারার যিনি লিড দিয়েছেন, রাস্তার জমি মেরে নেওয়া হক এতে যারা লিড দিয়েছেন তার অন্যতম নেতা হচ্ছেন মিলনী সিনেমা কম্পানী, যার ডিরেক্টর-ইন-চিফ হচ্ছেন আমাদের মাননীয় চিত্তবাবু। সেই মিলনী সিনেমার চিত্তবাবু লিড দিলেন যে রাস্তার জমি কিরকম করে মারতে হয় এবং তারপর সেই রাস্তার জমি কোথাও ৩০ ফুট কোথাও ২৮ ফুট হয়ে গিয়েছে আমরা জানতে চাই আমাদের জেলা বোর্ড কি স্টেপ নিয়েছেন এবং আমাদের মন্ত্রীমহাশয় বলবেন ঐ যে আমাদের রাস্তা যা ৬০ ফুট ছিল ৩০ ফুট হয়ে গেল সেটা তিনি মন্ত্রী আছেন বলে যদি না করেন তাহলে সে কথাও তিনি আমাদের বলবেন। লাস্টলী আমার আর একটি কথা আছে, এই রাস্তার উপরে আমরা দেখেছি এঁদের এমনই কর্মকুশলতা, সেখানে রাস্তা রিপেয়ারএর ত কোন কথাই হয় নি, আমি ছয় বৎসর ধরে দেখছি ডিস্ট্রীক্ট বোর্ডএর যে রোলার একটি সাত টন রোলার রাস্তার উপরে সিকস ইয়ার্স কনটিনিউয়াসলী পড়ে আছে, সারাবারও কিছু নেই, এর মা নেই বাপ নেই, কি হবে, কি কাজ হবে তা বলতে পারছি না, এই জেলা বোর্ডের সম্বন্ধে আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় কিছু বলবেন।

এখানে আমি আর একটি কথা মেদিনীপুর সম্বন্ধে বলেছিলাম সেটা আবার উত্থাপন করতে চাই। এই সমস্ত গভর্নমেন্টের যে লোকাল বডিগুলি আছে তার মাধ্যমে আগে যেখানে কিছু কিছু কাজকর্ম হত, এখন আমরা দেখছি যে, স্যার, অনেক কাজ বন্ধ হয়ে গিয়েছে। জেলা বোর্ডের যে দুই-একটি হাসপাতাল ছিল, হাসপাতাল ঠিক নয়, ডিসপেনসারী ছিল, চ্যারিটেবল ডিসপেনসারী ছিল এখন বিভিন্ন হেলথ সেন্টারএর নামে সেগুলি দেখাশোনার কোন বন্দোবস্ত নেই। আমরা আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় সে সম্বন্ধে কিছু বলবেন। এবং দেখবেন যে সেগুলিকে অল্প খরচে চালু করা যায় কিনা কারণ, চালু হলে আমাদের দরিদ্র দেশের লোকদের কিছুটা সমস্যা সমাধান হতে পারে বলে আমরা মনে করি। আর একটা কথা আমি এখানে বলতে চাই, যে আমরা বাজেট পড়ে যা দেখলাম তাতে বিভিন্ন লোকাল বডিস, মিউনিসিপ্যালিটিকে এত টাকা দেওয়া হচ্ছে, জেলা বোর্ডকে এত টাকা দেওয়া হচ্ছে—এই সম্বন্ধে আমরা জানতে চাই যে, কোন জেলা বোর্ডকে কত টাকা দেওয়া হচ্ছে, কোন মিউনিসিপ্যালিটিকে কত টাকা দেওয়া হয়। এটা না জানতে পারলে আমাদের পক্ষে অসুবিধা হয় কারণ আমরা যখন যে এলাকায় বাস করি সেখানে জিজ্ঞাসা করলে বলে টাকা নেই। ফলে যে সমস্ত কাজ হচ্ছে না সেখানে কম টাকায় হতে পারে তবুও কত টাকা পাচ্ছে তা না জানতে পারলে আমাদের জবাবদিহি করতে মুশকিল হয়। এখন এটা না জানাতে পারলেও আশা করি পরে আমাদের একটা পুস্তিকা করে বা কার্যক্রম করে জানিয়ে দেওয়া হবে কোন জেলা বোর্ড, কোন মিউনিসিপ্যালিটি, কোন লোকাল বডি, কত টাকা পাচ্ছে, তাহলে আমাদের জানতে সুবিধা হবে। আমি শেষ কথা আমাদের স্পীকার মহাশয়ের মাধ্যমে বলতে চাই যে আমাদের দেশের গ্রামাঞ্চলে এবং অন্যান্য অঞ্চলে এই লোকাল বডিগুলি যদি ঠিক মত কাজ করতে পারে, যদি তারা প্রপার্লি ফানকসন করতে পারে, যদি তারা মানুষের দ্বারা ইলেকটেড হয়ে এসে মানুষের সঙ্গে মিশে কাজকর্ম করতে পারে তাহলে আমি মনে করি যে আমাদের অনেক কাজকর্ম হয়ে যেতে পারে। এই ক্ষেত্রে এ্যাডল্ট ফ্রানচাইসএর কথা আমাদের সামনে আবার আসছে এবং আমরা আশা করি যে নীতিকে আপনারা স্বীকার করে নিয়েছেন সে নীতিকে আপনারা কার্যকরী করবেন এবং কার্যকরী করে আপনাদের আদর্শ যাতে লোকাল বডিগুলিতে গৃহীত হয় তার ব্যবস্থা করবেন। এই ক্ষেত্রে আমরা দেখেছি যে কয়েকটি লোকাল বডিতে যখনই আপনাদের মনোমত প্রার্থী বা দল পাওয়ারে আসে না, যখনই আপনারা মনে করেন যে এদের দিয়ে আপনাদের কাজ হবে না তখনই সুপারসেসনএর প্রশ্ন আসে কিম্বা ইলেকটেড বডিগুলিকে না নিয়ে তার উপরে আপনাদের মনোনীত লোককে নিয়োগ করেন। এই ক্ষেত্রে আমরা দেখেছি যে কায়দায় আপনারা ভোটার্স লিস্ট তৈরী করেন তা গতবারে দেখেছি কলিকাতা করপোরেশনএর নির্বাচনের আগে আপনারা

যেভাবে ভোটারস্ লিস্ট তৈরী করেছেন তাতে কি এপক্ষের লোক, কি ওপক্ষের লোক, উভয়েই তাতে আপত্তি করেছেন, এইভাবে ভোটারস্ লিস্ট হতে পারে না। এতে মাত্র শতকরা ১০ ভাগ লোক, কি ৫ ভাগ লোক মাত্র ভোটার হয়েছে এবং তার দ্বারা আপনারা নির্বাচন করে নির্বাচনের জয়ডঙ্কা বাজিয়ে দেন। এই ক্ষেত্রে আমি আপনাদের বলবো যে একটু চেয়ে দেখুন ভারতের অন্যান্য প্রান্তে কেরলা রাজ্যে সেখানে কমিউনিস্ট পার্টি গভর্নমেন্ট করেছে সেখানেই লোকাল বডিগুলিকে বিভিন্ন পাওয়ার দেওয়া হয়েছে। এবং ইউ লার্ন ফ্রম দেম।

[5-5—5-15 p.m.]

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ দাবী করেছেন তার মধ্যে লোকাল বডিসএর জন্য আলাদা টাকা এবং করপোরেশনএর জন্য আলাদা টাকা, এই দুই দফায় দিয়েছেন বলে আমি এখানে একটা কম্পারেটিভ টেবল দিয়ে দেখাতে চাই, যাতে বুঝতে পারবেন যে করপোরেশনএর ইনকাম এ্যান্ড একসপেন্ডিচার এবং লোকাল বডিসএর ইনকাম এ্যান্ড একসপেন্ডিচার কি? এর থেকে আমরা সমস্ত কিছু পেতে পারি। কিন্তু ১৯৫৩-৫৪ সালের স্টাটিসটিক্যাল এ্যাবসট্রাকট্, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, খুলে দেখি তার মধ্যে অন্যান্য প্রদেশের লোকাল বডিসএর ইনকাম এ্যান্ড একসপেন্ডিচার থাকলেও আমাদের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের তাদের সময়মত সাপ্লাই করতে পারেন নি। সেইজন্য ঘরগুলি ফাঁকা আছে। কাজেই করপোরেশন-এর ইনকাম এ্যান্ড একসপেন্ডিচার এবং লোকাল বডিসএর ইনকাম এ্যান্ড একসপেন্ডিচার পরবর্তীকালে, ১৯৫৫ সালের কোন ফিগার আমি খুঁজে পাই নি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার স্টাটিসটিক্যাল এ্যাবসট্রাকট্ থেকে। ওয়েস্ট বেঙ্গল স্টাটিসটিক্যাল এ্যাবসট্রাকট্ থেকে ১৯৫০ সালের যে ফিগার পেয়েছি, তা থেকে কয়েকটা কথা রাখতে চাই, কোচবিহার, পুরুলিয়া বাদ দিয়ে। ১৯৫০ সালের স্টাটিসটিকসতে মিউনিসিপ্যালিটির সংখ্যা দেখা যায় ৭৬টি তারপরে বোধ হয় আরও ৫-৬টি বেড়ে ৮১টি হয়েছে। ডিস্ট্রিক্ট বোর্ডের সংখ্যা হচ্ছে ১৩টি পুরুলিয়া বাদ দিয়ে। ইউনিয়ন বোর্ডসএর সংখ্যা ১,৭১৬টি আমরা দেখলাম। তারপর এই ৭৬টি মিউনিসিপ্যালিটির ইনকাম দেখছি ১,৫৯,৭৪,৯৩৯ টাকা আর তার এক্সপেন্ডিচার হচ্ছে ১,৫৬,৬৮,৬৮৯ টাকা। অর্থাৎ কমতি হচ্ছে প্রায় ৭ লক্ষ টাকা। ইনকাম অফ ডিস্ট্রিক্ট বোর্ডগুলির ১৩টির এখন কিছু বেড়ে থাকবে কুচবিহার, পুরুলিয়া বাদ দিয়ে। তাতে আমার মনে হয় ৬৫,২৪,৫৭২ টাকা ইনকাম এবং ৭১,৬২,৭৭৭ টাকা এক্সপেন্ডিচার, অর্থাৎ ঘাটতি দাঁড়াচ্ছে সাড়ে ছয় লক্ষ টাকা। অথচ করপোরেশন, ইউনিয়ন বোর্ডগুলির ঘাটতি নেই। তার একসপেন্ডি-চারএও ঘাটতি নেই, বরং একসপেন্ডিচার কম করে করা হয়েছে। ইনকাম অফ ইউনিয়ন বোর্ডস-এর হচ্ছে ৫৩,০৭,৫২৪ টাকা, এবং তার একসপেন্ডিচার হচ্ছে ৫২,৪৮,০৮০ টাকা ; এখানে এক লক্ষ প্রায় বাড়তি থাকে। কিন্তু করপোরেশনএর বছরে দেখছি ওপেনিং ব্যালান্স বাদ দিয়ে হচ্ছে ইনকাম ৪,৮১,৫৫,৬০৬ টাকা, এবং ওপেনিং ব্যালান্স ছিল ২,৮৪,৯৩,৩৮৬ টাকা, তাহলে মোট হয়েছিল ৭,৬৬,৪৯,০১৬ টাকা। আর এক্সপেন্ডিচার ক্লোসিং ব্যালেন্স বাদ দিয়ে দেখছি ৪,৮৬,৮৩,৮৪৭ টাকা। কাজেই ৪,৮১,৫৫,৬০৬ টাকা আয় ছিল আর ব্যয় সেখানে হচ্ছে ৪,৮৬,৮৩,৪৪৭ টাকা অর্থাৎ প্রায় ১৯ লক্ষ টাকা, তার ইনকাম উদ্বৃত্ত ছিল। অথচ যখন সাবসিডি লোকাল বডিসদের দেওয়া হল তখন সমস্ত খাত ধরে, দু-একটা ছোটখাট বাদ দিয়ে, এই

augmentation Grants to local bodies in lieu of fines, etc.

এইরকম সব

dearness allowance,—in lieu of the ex-intermediaries, share of cesses, in lieu of fire services,

এইসব নিয়ে ৬৭ লক্ষ ৯১ হাজার টাকা হয়, আর এক ক্যালকাটা করপোরেশনএর ডিয়ারনেস এলাউয়ান্সএর জন্য ৭১ লক্ষ ৫৯ হাজার ২০০ টাকা দেওয়া হয়েছে এবং সারা বাংলায় মিউনিসিপ্যালিটি আছে, লোকাল বডিস, ইউনিয়ন বোর্ডস সমস্ত কমবাইন্ড করে ডিয়ারনেস এ্যালাউয়ান্স দেওয়া হয় ৩১ লক্ষ ৪০ হাজার টাকা। আর এক ক্যালাকাটা করপোরেশনকে দেওয়া হয় ৭১,৫৯,২০০ টাকা। এটা হচ্ছে ১৯৫০ সালের ফিগার, এরপর

আর পাই নি। ক্যালকাটা করপোরেশনএর চেয়ে বোধ হয় মফঃস্বলের মিউনিসিপ্যালিটিগুলি অন্যরকম চোখে দেখবার কোন কারণ থাকতে পারে না। সেগুলিকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে, ডিস্ট্রিক্ট বোর্ডগুলিকে যে কেন রাখা হয়েছে তা জানি না ; কারণ ডিস্ট্রিক্ট বোর্ডএর যে কয়েকটি কাজ ছিল, যেমন ওয়াটার সাপ্লাইএর কাজ, সেটা হেলথ ডিপার্টমেন্ট নিয়ে নিয়েছে। তারপর ওষুধপত্রর সাপ্লাই, ডিসপেন্সলসারী প্রভৃতির কাজও হেলথ ডিপার্টমেন্ট নিয়ে নিয়েছেন। তারপর শিক্ষা সম্বন্ধে যে সমস্ত কাজ, সেগুলি স্কুল বোর্ড নিয়ে নিয়েছেন। তারপর বাকী যে সমস্ত কাজ রাস্তাঘাটএর জন্য ছিল, তাও ওয়ার্কস এ্যান্ড বিল্ডিংস ডিপার্টমেন্ট নিয়ে নিয়েছেন ; অথচ মাঝখানে একটা ঠাঠ বজায় রাখা হয়েছে, যারজন্য বছরে চার, পাঁচ লক্ষ টাকা অপব্যয় হচ্ছে ; সেটা না হলেই ভাল হয়। হয় এই ডিস্ট্রিক্ট বোর্ডগুলি তুলে দিতে হয়, আর তা না হলে এদের এ্যাস্টাব্লিশমেন্ট কাজ দিতে হয়। আমার পূর্ববর্তী বক্তা বলে গিয়েছেন মেদিনীপুরের ডিস্ট্রিক্ট বোর্ডএর টার্মস ফুরিয়ে গিয়েছে, অথচ সেখানে ইলেকসন করা হচ্ছে না। যাঁরা গদিতে বসে আছেন, তাঁরা যাতে সেখানে থাকতে পারেন, তারই জন্য সেই ব্যবস্থা এখনও চালু করে রেখেছেন। হয় ডিস্ট্রিক্ট বোর্ডগুলি তুলে দেওয়া হোক, নয়, নির্বাচন করে, নতুন কাজ দেবার ব্যবস্থা থাকুক। কাজ থাকবে না, অথচ টাকা বরাদ্দ করা হচ্ছে, এটা ঠিক নয়। তারপর আর একটা কথা, উনি যা বলেছেন, জেলা বোর্ড, মিউনিসিপ্যালিটির নির্বাচনের জন্য এডাল্ট ফ্রানচাইজ অনুসারে ব্যালট পেপার প্রথায় ভোট নেওয়া উচিত। তা না হলে মিউনিসিপ্যাল এরিয়াতে লোকাল ইনফ্লুয়েন্স, জমিদার ও ল্যান্ড লর্ডদের ইনফ্লুয়েন্স থাকে, ফলে সেখানে ফেয়ার ইলেকসন হয় না। সুতরাং যাতে সেই ইনফ্লুয়েন্সএ না পড়ে স্বাধীনভাবে ভোট দিতে পারে, তারজন্য মিউনিসিপ্যালিটিতে ব্যালট পেপারএর মাধ্যমে ভোট দেওয়ার ব্যবস্থা মন্ত্রীমহাশয় করুন।

তারপর এই সমস্ত লোকাল বডিসএর কথা বাদ দিয়ে, আমি এখন অন্য দু-একটি কথা বলতে চাই। সেটা হচ্ছে আমাদের কাছে টাকা চেয়েছেন—একটা দেখছি কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশনকে টাকা দেবার জন্য। এই টাকার সংখ্যা বেশী নয়, কিন্তু তাঁদের নীতির কথা বলি। আজকে কাগজে দেখলাম পণ্ডিত নেহরু বলছেন কমনওয়েলথএ আমরা চিরকাল থাকবো এমন কোন কথা নেই। পণ্ডিতজী পর্যন্ত বলতে সুরু করে দিয়েছেন কমনওয়েলথএ থাকার কি ফল। সুয়েজ আক্রমণ যখন হয় তখন ভারতকে কোন কথা জিজ্ঞাসা করা প্রয়োজন হল না, হঠাৎ আক্রমণ করলো। ইজিপ্টএর বেলায়ও ঠিক তাই। কমনওয়েলথএ থেকে যে কি লাভ, তা বামপন্থীরা বুঝতে পারছে না। সেখানে একটা টাকাও দেওয়া হলে, সেটা কোন নীতি হিসাবে, কেন এই টাকা দেওয়া হচ্ছে তা আমরা বুঝতে পারি না। কাজেই কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশনএর জন্য যে টাক দেওয়ার ব্যবস্থা হয়েছে তার প্রতিবাদ জানাচ্ছি। হয়ত এই পক্ষের কোন কোন বন্ধু কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশনএর সদস্য থাকতে পারেন, কিন্তু তাই বলে, সেই উদ্দেশ্যে টাকা দেওয়া যায় না। আজ পণ্ডিত নেহরু স্বয়ং এই কমনওয়েলথএর বিষয় চিন্তা করছেন, সুতরাং সেখানে আমাদের টাকা দেওয়ার কোন মানে হয় না।

তারপর আরও দুটো আইটেম দেখছি—

'maintenance of telegraph lines and post offices'—

তাতে সাড়ে সাত হাজার টাকা দেওয়া হচ্ছে। টেলিগ্রাফ লাইনস এ্যান্ড পোস্ট অফিসেস, যেটুকু জানা আছে ঐগুলি সেন্ট্রালএর ব্যাপার। আমাদের পশ্চিমবঙ্গ এক্সচেকার থেকে এই টাকা কেন দেওয়া হয়? এর কারণ, আশা করি মন্ত্রীমহাশয় জানাবেন। এই টাকার পরিমাণ বেশী কি কম সে প্রশ্ন নয় ; এই টাকা দেওয়ার কোন অর্থ খুঁজে পাই না। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি এই টাকা কেন দেওয়া হচ্ছে? তারপর অর একটা বিষয় দেখছি। অবশ্য কুচবিহারের সঙ্গে কিরকম সন্ধি হয়েছে জানি না। কিন্তু—

'Grants to the Trustees in Cooch Behar for worship of State idols and observance of religious ceremonies and festivals'—

সেই খাতে ১ লক্ষ ৫৫ হাজার টাকা ধরা হয়েছে সেরিমনি প্রভৃতির জন্য। আমাদের সেকুলার স্টেট, এখানে এই যে ইডল, স্টেট ইডলসএর জন্য ১ লক্ষ ৫৫ হাজার টাকা ধরা হয়েছে, এটা

আমি আশা করি মন্ত্রীমহাশয় বুঝিয়ে দেবেন। এই টাকা ঐ খাতে স্টেট ইডলসএর জন্য না বলে, সেকুলার স্টেট হিসাবে অন্য খাতে দিলে বোধ হয় সুশোভন হত এবং তাতে সেকুলার স্টেট-এর ক্যারেকটার মেনসন করা হত। আমি এ বিষয়ের প্রতি বিশেষভাবে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু এটাকে এইভাবে দিয়েছেন—

'worship of State idols and observance of religious ceremonies and festivals'

এটা আমার মতে উচিত হয় নি। তারপর ভিক্টোরিয়া মেমোরিয়াল গ্রান্ট সম্পর্কে আমি কিছু বলতে চাই। আমি যে কয়েকবারই ভিক্টোরিয়া মেমোরিয়াল হলএ গিয়েছি, সেখানে বাঙ্গালী কর্মচারীকে কখনও দেখিতে পাই নি। সেখানে যারা কাজ করছে সব পাঞ্জাবী আপকান্ট্রী, বা অন্য প্রদেশের লোক। ভিক্টোরিয়া মেমোরিয়াল হলএর কাজে কেন আমাদের বাঙ্গালীকে নেওয়া হয় না? সেখানে যেন বাঙ্গালী কর্মচারী নিয়োগ করা হয়, অ-বাঙ্গালীকে বরাবরই পুষতে হবে, এর কারণ নেই। গাইড প্রভৃতির কাজে যথেষ্ট বাঙ্গালী পাওয়া যাবে।

আমার সময় শেষ হয়ে এসেছে, কাজেই আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করে, আমার বক্তব্য শেষ করছি।

[5-15 5-25 p.m.]

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে গত সেন্সাস অনুযায়ী মিউনিসিপ্যাল এলাকায় পশ্চিমবাংলায় সমগ্র জনসংখ্যায় প্রায় ২৫ পারসেন্ট অর্থাৎ এবং প্রায় ৬৩ লক্ষ লোক বাস করে। কিন্তু গত পাঁচ বছরে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভিতর দিয়ে যেসব উন্নয়ন হয়েছে তাতে মিউনিসিপ্যাল এলাকাগুলির বিশেষ কোন সুবিধা হয় নি। এ সম্বন্ধে আমি দু-একটা কথা বলব। প্রথম কথা হচ্ছে, সংবিধানে আছে আগামী দশ বছরের মধ্যে প্রাথমিক শিক্ষা আবশ্যিক করতে হবে। পল্লী অঞ্চলে প্রাথমিক শিক্ষার বিস্তারের জন্য সরকার পক্ষ কিছু টাকা খরচ করেছেন—এই বাজেটে দেখা যায় প্রায় দুই কোটি টাকা, কিন্তু মিউনিসিপ্যাল এলেকায় সরকার পক্ষ থেকে খরচ করা হয়েছে মাত্র এই বাজেট অনুযায়ী ২০ লক্ষ টাকা, অর্থাৎ মিউনিসিপ্যাল এলাকায় লোকের জন্য শতকরা মাত্র দশ ভাগ খরচ করছেন। এর মধ্যে আবার সতের লক্ষ টাকা বিভিন্ন স্কুলে গ্রান্ট বাবত দিচ্ছেন। মিউনিসিপ্যালিটিগুলিকে মাত্র তিন লক্ষ টাকা দেওয়া হয় প্রাথমিক শিক্ষা চালাবার জন্য। কিন্তু, আপনি জানেন, স্যার, এত অল্প টাকায় মিউনিসিপ্যাল এলাকায় প্রাথমিক শিক্ষা আবশ্যিক করা সম্ভব নয়। সেদিক থেকে আমি দাবি জানাবো আরো বেশী করে অর্থ বরাদ্দ করা উচিত যাতে মিউনিসিপ্যালিটিগুলি বিনা ব্যয়ে প্রাথমিক শিক্ষা আবশ্যিক করার বন্দোবস্ত করতে পারেন। মিউনিসিপ্যাল এলাকাতেও প্রাথমিক শিক্ষার খরচ সরকারের বহন করা উচিত যেমন পল্লী অঞ্চলে তাঁরা করছেন। হাওড়া জেলায় শতকরা ৩৩ ভাগ লোক মিউনিসিপ্যাল এলাকায় বাস করে। পল্লী অঞ্চলে ১১৫৭টি প্রাথমিক বিদ্যালয় আছে অথচ মিউনিসিপ্যাল এলাকায় মাত্র ১৫০টি বিদ্যালয় আছে। সেদিক থেকে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব মিউনিসিপ্যাল এলাকার জন্য যেন আরো অধিক অর্থ বরাদ্দ করা হয়। জনস্বাস্থ্যের দিক থেকে সবচেয়ে জরুরী হচ্ছে পানীয় জলসরবরাহ। যদিও এ বছর বাজেটে দেখা যায় ৭৫ হাজার টাকা মিউনিসিপ্যাল এলাকার জন্য সরকার পক্ষ থেকে খরচ করা হবে তাহলেও আমি মনে করি এটা মোটেই যথেষ্ট নয়। যে অর্থ পল্লী অঞ্চলে জল সরবরাহের জন্য ব্যয় করা হয় যদি সেটা পল্লী অঞ্চলের পক্ষে মোটেই যথেষ্ট নয়—তার ঢের কম খরচ করা হয় সহরাঞ্চলে। আমি এখানে উদাহরণ দিয়ে বলতে পারি, হাওড়া মিউনিসিপ্যাল এলাকায় যে জল সরবরাহ করা হয়—শ্রীরামপুরে ১৮৮১ সালে, ৭০-৭৫ বছর আগে যে ওয়াটার ওয়ার্কস স্থাপিত করা হয় ১ লক্ষ লোকের জল সরবরাহের ব্যবস্থার জন্য তার দ্বারা ৫ লক্ষ লোকের জল সরবরাহের ব্যর্থ প্রচেষ্টা করা হচ্ছে যার ফলে সেখানে জলাভাব অত্যন্ত প্রকট। সরকারের কাছে মিউনিসিপ্যালিটির পরিচালক দাবী জানিয়েছিলেন এবং সরকারও কেন্দ্রীয় সরকার থেকে আড়াই কোটি টাকা মঞ্জুর করা হবে স্থির হয়েছিল। এই পরিকল্পনাটা যাতে ছোট করে চালু করা যেতে পারে এবং সম্পূর্ণ করা যেতে পারে সে অনুযায়ী তাঁরা মিউনিসিপ্যালিটিকে পরিকল্পনা দিতে বলেছিলেন। মিউনিসিপ্যালিটি পরিকল্পনাও দিয়েছিলেন। সরকার থেকে ১৩ লক্ষ

টাকা দেওয়ার কথা ছিল যেসমস্ত পাইপ লাইনে জল সরবরাহ করা হয় তা সারাবার জন্য। কিন্তু দুঃখের বিষয়, আজ পর্যন্ত এক পয়সাও দেওয়া হয় নি। আমি সরকারী কর্তৃপক্ষকে অনুরোধ করব অন্ততঃ মিউনিসিপ্যাল এলাকাতে জল সরবরাহের ব্যবস্থার জন্য আরো বেশী টাকা খরচ করা উচিত। আমি বাজেটে দেখতে পাচ্ছি সরকার কলকাতা কর্পোরেশনকে ২৫০টি টিউবওয়েল খনন করার জন্য টাকা দিচ্ছেন। আমি জিজ্ঞাসা করতে চাই মিউনিসিপ্যাল অঞ্চলে টিউবওয়েল খননে কত টাকা বরাদ্দ করা হয়েছে—আমি একটা পয়সাও বরাদ্দ দেখতে পাচ্ছি না। সেজন্য এই খাতে সরকার পক্ষ থেকে আরো বেশী খরচ করা উচিত বলে মনে করি। তা ছাড়া রাস্তা-সংস্কারের ব্যাপার নিয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে গত পাঁচ বছরের মধ্যে কোটি কোটি টাকা খরচ করা হয়েছে, কিন্তু গত পাঁচ বছরের মধ্যে একটা পয়সাও কোন মিউনিসিপ্যালিটিকে দেওয়া হয় নি। মিউনিসিপ্যাল রাস্তাগুলি সারাবার এবং নতুন রাস্তা করাবার সম্পূর্ণ দায়িত্ব মিউনিসিপ্যালিটির উপর ছেড়ে দেওয়ার ক্ষমতা সরকারের আছে, কিন্তু আমি মনে করি মিউনিসিপ্যাল রোডগুলির জন্য মিউনিসিপ্যালিটিগুলিকে সরকারের পক্ষে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরো ঢের বেশী টাকা স্যাংসন করা উচিত যাতে মিউনিসিপ্যাল রাস্তাগুলির ভালভাবে সংস্কার সাধন হতে পারে। আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার চতুর্থ পয়েন্ট হচ্ছে বস্তি উন্নয়ন সম্পর্কে—বস্তি উন্নয়নের ব্যাপারে সরকার পক্ষপাতিত্ব দেখাচ্ছেন। কলকাতা কর্পোরেশন অঞ্চলে সরকার বস্তি উন্নয়নে কিছু অর্থ ধার্য করে খরচ করবেন বলে মনস্থ করেছেন। হাওড়া জেলা বা অন্যান্য মিউনিসিপ্যাল অঞ্চলে এখন পর্যন্ত একটা পয়সাও খরচ করা হয় নি। এবং এজন্য সরকার পক্ষ থেকে কোন স্কীম করা হয় নি। আমি সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Durgapada Das:

শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, আমি জেলা বোর্ড সম্পর্কে এখানে সংক্ষেপে বলব। জেলা বোর্ডের অবস্থা অত্যন্ত শোচনীয়। মুমূর্ষু রোগীর অবস্থা আত্মীয়স্বজনের পক্ষে যেমন অস্বস্তিকর ও অশান্তিময় মৃত্যুপথযাত্রী পিতামহ মৃত্যুশয্যায় শায়িত কিন্তু মৃতনাড়ী স্পন্দন অনুভূত হচ্ছে। সৎকার করা যায় না—এমন অবস্থায় শয্যার পার্শ্ববর্তী আত্মীয়স্বজনের কি দুঃসহ মর্মান্তিক অবস্থার জেলা বোর্ডও আজ মৃত্যুপথযাত্রী মুমূর্ষু রোগী। জেলা বোর্ড কর্তৃপক্ষ আর জনসাধারণের আত্মীয়স্বজন। আত্মীয়পরিজন রোগীর দীর্ঘজীবনের জন্য কামনা করে, তেমনি জেলা বোর্ডের সভ্য ও পরিচালকেরা জেলা বোর্ডের স্থায়িত্বের জন্য শুভকামনা করেও কিছু করতে পারছেন না। বাংলাদেশের জেলা বোর্ডগুলির জন্য বাংলাদেশের গভর্নমেন্ট কিছু কিছু গ্রান্ট করে থাকেন, এই বাজেটে সেই গ্রান্ট কিছু দেওয়া হয়েছে। এটা এমন কিছু নতুন নয়। জেলা বোর্ডের ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, হেলথ ডিপার্টমেন্ট, এডুকেশন ডিপার্টমেন্ট, ওয়াটার সাপ্লাই ইত্যাদির ব্যবস্থা সবই আছে, কিন্তু প্রয়োজনীয় টাকা নাই। সেসই হচ্ছে জেলা বোর্ডের আয়ের পথ। গভর্নমেন্ট থেকে যে সামান্য টাকা মঞ্জুর করা হয় তা দিয়ে যে উদ্দেশ্যে টাকা দেওয়া তাকে সফল করা যেতে পারে না। তারপর, জেলা বোর্ডের কর্মচারীদের যে বেতন দেওয়া হয় তা উল্লেখ করলে লজ্জায় মাথা নত হয়ে যায়। শোনা যায় জেলা বোর্ডের উন্নতির জন্য সরকার চেষ্টা করছেন দীর্ঘদিন ধরে। এখানে জেলা বোর্ডের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান অনেকেই বসে আছেন। এঁদের সঙ্গে পরামর্শ করবার জন্য দু একবার রাইটার্স বিল্ডিংসএ কনফারেন্স করা হয়েছে। অনেক আলোচনা হয়েছে, কিন্তু কার্যতঃ কোন সুরাহা হচ্ছে না। জেলা বোর্ড থাকবে কিনা তাই আজ পর্যন্ত ঠিক হল না। যদি জেলা বোর্ডগুলি বাঁচিয়ে রাখতে হয় তাহলে তার জন্য উপযুক্ত ব্যবস্থা করুন, নতুবা এভাবে এগুলিকে বাঁচিয়ে রাখার কোন সার্থকতা নাই।

[5-25—5-35 p.m.]

জেলা বোর্ডকে দিয়ে যদি কোন জনহিতকর কাজ অতীতে হয়ে থাকে এবং এখনও হওয়ার সম্ভাবনা থেকে থাকে তাহলে তাকে সেইভাবে বাঁচিয়ে রাখার প্রয়োজনীয়তা আছে। জেলা বোর্ডগুলি রয়েছে আর হাতে রাস্তাঘাটের ভার দেওয়া আছে এবং সরকারও নিজ হাতে রাস্তাঘাট করছেন। ডিস্ট্রিক্ট বোর্ড রোড বলে যেগুলি পরিচিত, সেইগুলির মধ্যে কিছু কিছু গভর্ন-

মেন্টের তরফ থেকে উন্নত করা হচ্ছে সত্য। এজন্য নানারকম ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টও খোলা হচ্ছে। নতুন নতুন ডিপার্টমেন্ট নতুন নতুন উঁচু কর্মকর্তা তৈরী করার সুযোগ দেয় এটা ঠিক কিন্তু কাজ সত্যিকার তাতে এগিয়ে যায় না। ইনজিনিয়ারিং ডিপার্টমেন্টএর এতগুলি শাখা প্রশাখা বাড়ান হচ্ছে, কিন্তু আজ থেকে ডি বি-তে যে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট ছিল—যার জন্য একজন ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ারও থাকেন এবং তার অধীনে ওভারসিয়ার প্রভৃতি পুরো স্টাফ থাকে তাকে ইউটিলাইজ করা হচ্ছে না। স্কুল বোর্ডসকে যেভাবে নানা গ্রান্ট দেওয়া হয়, সেইভাবে জেলা বোর্ডকে ফান্ড দিয়ে দায়িত্ব দিলে অযথা অপব্যয় করে নতুন ডিপার্টমেন্ট খোলার প্রয়োজন হত না। উচ্চাঙ্গের রাস্তাগুলি গভর্নমেন্টের মাধ্যমেই হত, কিন্তু ছোটখাট রাস্তাগুলি এরা করতে পারত। ডিস্ট্রিক্ট বোর্ডকে টেস্ট রিলিফএর জন্য টাকা দেওয়া হয়। সরকারের অতি প্রয়োজনীয় একটা কর্তব্য ডিস্ট্রিক্ট বোর্ড মারফত পালিত হয়। কিন্তু এই টাকা লোন বলে গণ্য হয়। দার্জিলিংএ ১৯৫০ সালে ডিসাস্টার দরুন এগার লক্ষ টাকা চেয়েছিলেন এবং লোন হিসাবে সেই টাকা দেওয়া হয়েছিল, ৫০-৬০ হাজার টাকা হিসাবে প্রতি বছর সুদে আসলে তা শোধ করতে হয়েছে। সেখানে আজ বিনা বেতনে প্রাইমারী এডুকেশন দিতে পারছে না। কাজেই একে বাঁচিয়ে রাখার জন্য যাতে সুষ্ঠু পরিকল্পনা নেওয়া হয়, তার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

Sj. Brindaban Gayen:

মাননীয় স্পীকার মহোদয়, থার্টি-এইট গ্রান্ট সমর্থন করতে উঠে দু-একটা কথা আপনার কাছে বলব। করপোরেশন, মিউনিসিপ্যালিটি, জেলা বোর্ড প্রভৃতি লোকাল বডিসএর জন্য রচিত এই গ্রান্ট। আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা অনেক কথা বলেছেন, তাঁরা বলেছেন মিউনিসিপ্যালিটির রাস্তাঘাট খুব খারাপ, সেখানকার স্কুলএর অবস্থা খুবই খারাপ। মিউনিসিপ্যালিটি স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান, তাদের ক্ষমতা আছে তারা ট্যাক্স ধার্য করে উন্নতিমূলক কাজ করে, রাস্তাঘাট স্কুল ইত্যাদি তারা ট্যাক্স ধার্য করে করতে পারেন। এইসব ব্যাপারে সরকার তাদের সাহায্য করবেন, তারা যদি এক-তৃতীয়াংশ কন্ট্রিবিউট করেন তাহলে সরকার দুই-তৃতীয়াংশ কন্ট্রিবিউট করবেন। বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন জেলা বোর্ড-গুলিকে সাহায্য দেওয়া হয় না, কিন্তু জেলা বোর্ডের বড় বড় রাস্তার কাজ সরকার হাতে নিয়েছেন এবং জেলা বোর্ডের যে স্বাস্থ্যবিভাগ ছিল তা সরকার হাতে নিয়েছেন। এদের বেশীর ভাগ কাজ সরকারের হাতে চলে এসেছে। সেজন্য আজকে জেলা বোর্ডের হাতে বেশী টাকা দেওয়ার কোন যুক্তিসংগত কারণ আছে বলে আমি মনে করি না। এই যে পঞ্চায়েত বিল পাস হয়েছে, গ্রামে গ্রামে পঞ্চায়েত হলে এই যে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান রয়েছে তাদের বেশীর ভাগ ক্ষমতা পঞ্চায়তের হাতে চলে যাবে। সেদিক থেকে সরকারের চিন্তা করা উচিত এই জেলা বোর্ডগুলিকে আরও বেশী টাকা দেওয়া সংগত হবে কিনা। তারা বলেছেন যে ডিয়ারনেস এলাউয়েন্স ক্যালকাটা করপোরেশনএর ক্ষেত্রে দেওয়া হয়, কিন্তু লোকাল বোর্ডসগুলিকে দেওয়া হয় না। আমরা দেখেছি এই লোকাল বডিসকে গত বছর ডি এ-এর জন্য দেওয়া হয়েছিল ৩১ লক্ষ, দশ হাজার, এ বছর হয়েছে ৩১ লক্ষ ৩০ হাজার। পর পর সরকার লোকাল বডিসএর জন্য ডি এ বাড়াচ্ছেন। এতে কি বলা যায় সরকার লোকাল বডিসকে ডি এ দিচ্ছেন না? সরকার সমস্ত দিকেই নজর দিচ্ছেন এই কথা বলে আমি আজকে মন্ত্রী মহাশয়ের এই গ্রান্ট সমর্থন করছি।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I have heard the remarks made by the honourable member in connection with the local bodies. I agree with my friends in the Opposition as well as with my friends on this side that the financial position of the local bodies requires a good deal of attention. The local bodies have always suffered from a certain amount of apathy. As a historic fact it is still suffering from that apathy and you will find in this House a lukewarm interest is taken with regard to these local bodies. The only interest which is taken in these local bodies is election because that is the stepping stone to capture the power in the State. Whenever there is a question of election I find a good deal of interest is taken as to

the mode of election with a view to capture these bodies. As I have said before, it is a stepping stone to capture the power in the State. But so far as internal conditions of the local bodies are concerned I regret to say that I do not find so much interest as the question deserves. I now come to a few quesions which have been raised. So far as adult franchise question is concerned members of this House know that the Panchayats are going to be elected or constituted on the basis of adult franchise. The future of the district boards is still under consideration. Even if the district boards will exist I believe there will be indirect election by these Panchayats and Anchal Panchayats because in any event the functions of the district boards will be exceedingly limited. The only question with regard to adult franchise is about municipalities and the Corporation of Calcutta. That matter is under the consideration of the Government—all its implications about expenses, costs and everything have got to be considered before a final decision is to be arrived at. Therefore, the question of adult franchise is being dealt with so far as municipal bodies are concerned. It is not a question of the party in power being afraid of adult franchise in the local bodies. I do not think so. As a matter of fact, they have been elected on the basis of adult franchise to the Legislative Assemblies and to the Parliament. The only question is how the proper thing is to be done with regard to municipal elections. There are views which have got to be considered and after due consideration the decision will have to be arrived at. (Dr. RANEN SEN: How long it will take to come to a decision?) I do not think it will take a very long time. (Dr. HIRENDRA KUMAR CHATTERJEE: Learn it from Chandernagore.)

With regard to election of these District Boards, they have been stopped because future of these District Boards is under consideration. Panchayats are going to be started this year within the next few months. We shall have to find out as to how far the functions which are at present being performed by the District Boards will be performed by the Panchayats and which portion has to be performed by the State. After this picture becomes clear, the future of the District Boards will be decided. Pending that there is no use spending several lakhs of rupees on election and therefore the Government has stopped the election of these District Boards for the time being. The District Boards are also suffering on account of the zemindary abolition—the cess which was being realised by the zemindars from the tenants as well as their share till April 1955 is no longer there. So we have still to see the whole picture with regard to the cess income. It appears to us that the cess income will gradually become less according to the policy adopted by the State.

[5-35—5-45 p.m.]

The position is that so far as the cess income from the tenants is concerned that is being credited to the District Boards. So far as the landlord's share is concerned the Government has agreed to pay the sum as a grant to the District Boards, but the major question with regard to the District Boards is as to what functions should be allotted to them and if functions are allotted to them necessary provision will have to be made for running them. This also involves the question of finance of the Panchayats themselves.

Now there are a few questions which have been referred to which have connection with the internal administration of these local bodies. If my friends want information with regard to a particular local body they should send me notice thereof and I shall be glad to procure the necessary information and supply them with the same. It is not possible for me now to give answers to these specific questions.

With regard to the publication of the expenses and incomes of these local bodies, my friends referred to figures which were in 1950—since then figures are there. If a notice is given to us I shall be glad to supply such figures as are available. Those figures are absolutely out of date.

With regard to supersession I shall assure my friends that whenever there is a question of supersession it is always duly considered before supersession is ordered. It is only as a last resort that supersession is ordered when it becomes absolutely necessary.

With regard to Rs. 1 lakh and 55 thousand for Cooch Behar, Cooch Behar State was taken by the Government and the obligation of that State with regard to these trust properties is being carried out by the Government.

With these words I commend my motion for the acceptance of the House and I oppose all the cut motions.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Basanta Lal Chatterjee that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharjee that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Pabitra Mohan Roy that the demand of Rs. 68,75,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—78.

Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Bindabon Behari
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Mangru
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chattoraj Dr. Radhanath
Chobey, Sj. Narayan
Das, Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Golam Yazdani, Janab
Gupta, Sj. Sitaram
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Konar, Sj. Hare Krishna
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Misra, Sj. Monoranjan
Mitra, Sj. Haridas
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim

Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Mullick Chowdhury, Sj. Subrid
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Rai, Sj. Deo Prakash
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Bhakta Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Saha, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan

NOES—133.

Abdul Hameed, Hazi
Abdus Shokur, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blanche, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haidar, Sj. Kuber Chand
Haidar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Ahima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjkta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mchibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Sudhir
Mardi, Sj. Hakaj
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mukherjee, Sj. Pijush Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matla
Muzaffar Hussain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Patel, Sj. R. E.
Poddar, Sj. Anandilal
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar

Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Shawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Sasibhusan
Tudu, Sjkta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-Ul-Huque, Sj. Md.

The Ayes being 78 and the Noes 133, the motion was lost.

The motion of the Hon'ble Iswar Das Jalan that a sum of Rs. 68,75,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaenous—Contributions" was then put and agreed to.

DEMONSTRATION ON FOOD

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে একটা বিরাট অভিযান মনুমেন্টের কাছ থেকে রওনা হয়ে এসেমব্লির দিকে আসছিল ডাঃ রায়ের সঙ্গে দেখা করবার জন্য। কিন্তু পুলিস গভর্নমেন্ট প্লেসের সামনে প্রসেশনটাকে বাধা দিয়েছে। ডাঃ রায়ের কাছে মেমোরাণ্ডাম পাঠানো হয়েছে সেই মেমোরাণ্ডাম সম্বন্ধে আলোচনা করার উদ্দেশ্যে তারা ডাঃ রায়ের সঙ্গে দেখা করতে চায়। ডাক্তার রায় অনুমতি দিলে আমরা তাদের আনতে পারি।

Sj. Jyoti Basu: An urgent point has been mentioned. It concerns our privilege. A huge demonstration has come outside on the question of food, rising prices, and with other demands. Even in the rains they have come—thousands of people—they wanted to meet us, the Government, the Chief Minister and the Food Minister, but unfortunatetly because there has been section 144 declared in the area they have been stopped just outside the Assembly. I think it affects our privilege. If people want to come supposing they want to come in batches of two or three at a time—near the gate they can come.

[5-45—5-55 p.m.]

How can the police stop them? They can come and meet their representatives here but they are not permitted to do so. I can ask the Government to permit these people to come up right to this Assembly so that they may come and meet the Chief Minister. We can also meet them here near the Assembly or inside the Assembly. It has happened in earlier times. If you do not do that the alternative is—I would suggest to you that you close the Assembly for some time, say for half an hour, and give an opportunity to the Chief Minister to go and meet these demonstrators yho have come in connection with the scarcity of food and rise in prices and explain to them about the food situation, etc. It affects our privilege also. I am requesting you to give your own ruling in the matter and ask the Chief Minister and the Food Minister whether it is possible for them to come out and meet them and adjourn the House for half an hour for giving us this opportunity.

Sj. Hemanta Kumar Basu:

মিঃ স্পীকার স্যার, আমার বন্ধু জ্যোতিবাবু যে কথা বলেছেন আমি তা সমর্থন করছি। বৃষ্টি হওয়া সত্ত্বেও অনেক লোক তারা ময়দানে সমবেত হয়েছিল এবং তারা এখানে এসেছে খাদ্যের দাবীতে—গভর্নমেন্টএর কাছে তাদের দাবী উপস্থিত করার জন্য। পুলিশ তাদের আটকে দিয়েছে। তারা কোন রকম আইন ভঙ্গ করতে আসে নি। তারা এসেছে গভর্নমেন্টএর কাছে এবং আমাদের কাছে দেখা করে তাদের দাবী উপস্থিত করার জন্য। সেইজন্য আমার মনে হয় তারা যখন সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে এসেছে তখন তাদের এখানে আসতে দেওয়া হক এবং মন্ত্রীমণ্ডলীর তরফ থেকে প্রধান মন্ত্রীমহাশয়ের তাদের সঙ্গে দেখা করা দরকার।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার স্যার, আমাদের বিভিন্ন বিরোধী পক্ষের তরফ থেকে বিভিন্ন বক্তা যে বক্তৃতা করেছেন যে দাবীর উপর, সেটা আমিও এখানে ফুললী এনডোর্স করছি। এবং এটা আমি মনে করি এটা নতুন কিছু নয়, এই হাউসএই এর প্রিসিডেন্ট আছে যে খাদ্য বা অন্যান্য দাবী নিয়ে যখন বাইরে থেকে কোন ডেপুটেসন এসেছে সেই রকম সময়ে আমাদের এই বিধানসভা কিছুক্ষণের জন্য এ্যাডজোর্ন করে দেওয়া হয়েছে তাদের সঙ্গে কথাবার্তা বলার জন্য। এইরকম ঘটনাই আজ এখানে ঘটেছে। কাজেই এই প্রিসিডেন্ট নিয়ে আমি বেশী কিছু বলব না শুধু বলবো যে কিছুক্ষণের জন্য এই হাউস স্থগিত রাখা হক। মন্ত্রীমহাশয়ের কাছে তারা একটা স্মারক লিপি দিয়েছে এ বিষয়ে তিনি তাঁর বক্তব্য বলুন। অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার নিয়ে তারা এসেছে কারণ খাদ্য এমন জিনিস যে এর সম্বন্ধে কোনরকম স্টেরিওটাইপড বা বুরোক্রাটিক মনোভাব থাকার কোন প্রয়োজন নেই। এখানে কোন আত্মমর্যাদার প্রশ্ন নেই। সুতরাং এই হাউস কিছুক্ষণের জন্য স্থগিত রাখা হক এবং তাদের সঙ্গে কথা বলুন এবং মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে জনসাধারণের কাছে তাঁর বক্তব্য রাখুন।

Sj. Jatindra Chandra Chakraborty:

মাননীয় স্পীকার মহোদয়, বিরোধী দলের নেতারা বলেছেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি নিজেও ঘোষণা করে থাকেন যে এখানে খাঁটি গণতন্ত্র চলছে, আমাদের আইন মন্ত্রী মহাশয়ও গণতন্ত্রের কথা বলে থাকেন।

Mr. Speaker: I do not think that is relevant.

Sj. Jatindra Chandra Chakraborty:

আমার বক্তব্য হচ্ছে এই যে, আমাদের মুখ্যমন্ত্রীর কাছে যে শোভাযাত্রা এসেছে খাদ্যের দাবীতে, তিনি যদি সত্যই গণতান্ত্রিক হয়ে থাকেন তবে তিনি নিজে চলুন এবং তাঁর সঙ্গে আমরাও যাচ্ছি। মেমোরেন্ডাম তাঁর কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে, তার উপর তাঁর যে বক্তব্য আছে, সেই বক্তব্য তিনি আমাদের সঙ্গে গিয়ে তাদের কাছে পেশ করুন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it is not a fact that while I have been here as Chief Minister for the last ten years, we have ever postponed or adjourned the House or myself or any of my Ministers have gone there to address or to speak to them for the very simple reason that today all the members of the Assembly have come here on adult franchise. Either they represent their constituency or they do not. If they represent their constituency, their united wisdom should be able to solve this problem and not by haranguing us when they come up here in procession. They knew and at least their leaders knew that there was section 144. Why do they come breaking section 144? We do not want any interruption. We are doing some important legislative work. As a matter of fact, we have provided a particular day for the discussion of the food problem in the Assembly and representatives of the masses assembled here should be able to give guidance, if such guidance is necessary, to the Government. Therefore, I do not propose to go and I do not support the idea of adjourning the House. If there is any memorandum, let them send it to us and we will consider it.

Dr. Suresh Chandra Banerjee:

যে মেমোরেন্ডাম তারা পাঠিয়েছে তাতে আপনার সঙ্গে সাক্ষাৎ করার অনুরোধ জানিয়েছে এবং পুলিস মারফত সে মেমোরেন্ডাম পাঠান হয়েছে।

Mr. Speaker: I do not know whether there is any such privilege. I will look it up. But my today's decision is that normal business will continue.

Major Head: 13—Other Taxes and Duties

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 17,42,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 8 Major Head: "13—Other Taxes and Duties".

Rupees 12,45,000 has been voted on account. Sir, of the total demand for grant, Rs. 4,41,000 represents charges under the Electricity Act. These charges include expenses connected with the administration of the Indian Electricity Act. Members are aware that the Government employs an Inspectorate for the purpose of supervising the various electrical installations in Bengal and finding out whether they are doing their job properly. This requires an organisation for which you have to pay Rs. 4,41,000. Besides that we have also got the West Bengal Lifts and Escalators Act which was passed two years ago which is also controlled by this particular organisation or Directorate. Rupees 3,72,000 is spent for the collection of taxes on entry of goods under Local Areas Act. The balance of Rs. 21,74,000 represents the cost of collection of motor spirit sales tax, betting tax, entertainment tax and raw jute tax and these motor spirit sales tax and raw jute tax are administered by the Commercial Tax Directorate which collects 11 crores 28 lakhs 10 thousand and spends Rs. 20 lakhs 93 thousand. The cost of collection of the taxes administered by this Directorate is therefore 1.9 per cent. The entertainment tax is administered in the districts by Collectors and in Calcutta by the Collector of Stamp Revenue. For the entertainment tax the demand for grant is Rs. 71,000 as against the revenue of Rs. 1 crore 20 lakhs, the cost of collection being .6 per cent. The betting tax is collected by the Turf Club in Calcutta on receipt of a sum of Rs. 10,000. The demand for grant on betting tax, therefore, is Rs. 10,000 only against the collection of Rs. 61 lakhs, the total cost of collection being 1.6 per cent. The collection from the electricity duty is Rs. 1 crore 25 lakhs after deduction of rebate granted to the licensees for collecting it. The rebate granted is 1 per cent. in the case of Calcutta Electric Supply Corporation and in the case of other licensees, the slab system of rebate is 10 per cent. on the first hundred rupees, 2½ per cent. on the next four hundred rupees and 2 per cent. on the same above five hundred rupees subject to a maximum of thousand rupees per month. The total collection under other taxes and duties for the running of which I have presented my demand today is Rs. 16 crores 10 lakhs and 28 thousand.

[5-55—6-5 p.m.]

These are very important sources of revenue receipts and the receipts from all of them excepting the betting tax have been steadily increasing. Sir, the sales tax in Bengal is operated on under two provisions. One is the Sales Tax Act of 1941, the usual rate is three pice in the rupee, that is to say, about 4.9 per cent. The second tax is the tax at the first point with regard to particular goods for which an Act was passed in 1954 and we charge only 3 per cent. Last year we got the Legislature to agree to pass an Act for levying an entry on goods tax for which we charge nearly 2 to 2.5 per cent. So far as the first-point tax is concerned, the Act for which was passed in 1954, I desire to tell the House that it was done at the instance of the Taxation Enquiry Commission. The Taxation Enquiry Commission in paragraph 11 of their report says, "a first-point sales tax is not a suitable form of sales taxation for general adoption in this country. It has, however, certain limited use as a part of or in combination with the other system. Madras, Mysore, Uttar Pradesh and Bombay

either levy a first-point tax or charge specially high rates on luxury goods. The Bengal Government have recently introduced the first stage sales tax on cigarettes and some other goods in replacement of the retail sales tax in order to reduce evasion. According to the State Government the extension of this tax on other articles will be possible only if the following conditions are satisfied by the particular commodity: (1) that it is not a raw material; (2) that the manufacturers and importers are not too many in number and are generally such well-established parties that they cannot easily disappear; (3) that if the commodity is exported out of the State, the manufacturers should themselves be the exporters as far as possible; and (4) imports, if any, should be so canalised as to admit of effective checks. The conditions mentioned by the Bengal Government pointed to the same conclusion as we have indicated", says the Taxation Enquiry Commission, "namely, that only a limited use could be made in the country of the first-stage single point tax on cigarettes, vanaspati, soap, biscuit, certain spices, powdered milk, sugar, tobacco, etc."

Sir, this is the picture with regard to the entry of goods tax. We only levy on two articles—one is fruit and the other is tea. In the case of fruit, I gave an undertaking to the House when the entry of goods tax was before the House that after a little while if we find that the realisation from the entry of goods tax on fruit is fairly satisfactory, we shall withdraw the sales tax on the same commodity and we have done so from the 1st of April, 1956. With regard to tea, we impose an entry of goods tax as well as a sales tax on it.

Sir, with these words I move the demand that is in my name.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজ প্রশ্ন করেছিলাম সে সম্বন্ধে।

আর একটা প্রশ্ন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আছে। এরকম ঘটনা অনেকবার ঘটেছে। যখনই হয় এই সমস্ত মিছিলের পক্ষ থেকে যাঁরা আসেন, তাঁদের বলে দিয়েছেন যে আজ নয়, কাল নয়, পরশু কিংবা তরশু আপনারা যে মেমোরেন্ডাম পেশ করেছেন, সে সম্বন্ধে আলোচনা করব। এ ধরনের ঘটনা এসেমব্লীতে এই প্রথম নয়। আগেও অনেকবার হয়েছে। আজকে যদি আপনি তাদের সঙ্গে দেখা করতে না পারেন, তাহলে তাদের বলে দিন যে দু-তিন দিন পরে এসে আমার সঙ্গে দেখা করো। তখন আপনাদের মেমোরেন্ডাম সম্বন্ধে আলোচনা করব। আমি জানতে চাই তিনি এইরকম সাক্ষাৎকারে রাজী আছেন কিনা? এবং রাজী থাকলে কোন তারিখে কোন সময় সেটা হতে পারে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have received this memorandum which was sent to me. I will look into it and I will inform Dr. Banerjee what I shall do. After all, we are rushing through our demands for grants. As soon as this is finished we shall fix up a date sometime next week.

Dr. Suresh Chandra Banerjee:

আমার অসুবিধা হচ্ছে। যারা এসেছেন তাঁরা প্রতীক্ষা করে আছেন, বাইরে বসে আছেন। তাদের এখুনি কিছু বলে দিন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I can tell nothing more now. You can tell them what I have said.

Mr. Speaker: The cut motions are deemed to have been moved. Dr. Narayan Roy will now kindly speak.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) enhancement of duties on entertainment and betting, and

(2) reduction of sales taxes from food, clothes, medicines, books and paper.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to protect the Cine industry of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to exempt entertainment tax in connection with any charity and cultural performances.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) policy of sales tax; and

(2) to raise a discussion about sales tax administration.

Sj. Amarendra Nath Basu: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Government's failure to abolish sales tax from necessities of life.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(a) abolition of the entry tax; and

(b) discussion of the wrongness of the policy of this taxation at this juncture of national economic crisis.

Sir, I also beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(1) the question of sales tax in general in relation to present economic breakdown of the consuming public; and

(2) the question of contracting the area covered by the act instead of the policy of expanding the area.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about abolition of entry tax and sales tax particularly in respect of articles of everyday use.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the feasibility of charging sales taxes at the source, in order to relieve the middle-class businessmen, as well as to check the evasion of tax.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, আদার ট্যাক্সেস এ্যান্ড ডিউটিস সম্বন্ধে আমার বক্তব্য.....

Dr. Suresh Chandra Banerjee:

আমি একটা কথা শুধু জানতে চাই—ডাঃ রায় আগামী সপ্তাহে দেখা করতে রাজী আছেন কিনা?

Mr. Speaker: I do not think I will admit any interruption. I have already asked the honourable member to speak. You cannot interrupt.

Dr. Suresh Chandra Banerjee:

মিঃ স্পীকার, স্যার, ডাক্তার রায় কি বলতে চান স্পষ্ট করে বলতে বলুন।

Mr. Speaker: No, I will not.

Sj. Jyoti Basu: Mr. Speaker, he could not follow what Dr. Roy said. He has to go out and explain to them—thousands of people are waiting outside.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি কোন্ ভাষায় বলবো? বাংলায়, ইংরেজীতে, না হিন্দীতে?

Sj. Jyoti Basu:

বাংলাতেই না হয় বলুন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি তো আগেই বলেছি আমি ওদের একটা মেমোরেন্ডাম পেয়েছি। আমার টাইম টেবল দেখে আগামী সপ্তাহে—

sometime early next week we shall discuss that with you.

Mr. Speaker: That was exactly what was said earlier and if you were attentive you would have followed that. Yes, Dr. Roy.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, আমি আদার ট্যাক্সেস এ্যান্ড ডিউটিস এই খাতে আমার বক্তব্য রাখবার জন্য বিশেষ করে সেলস ট্যাক্স তথা এন্ট্রি ট্যাক্সএর একটা দিক আপনার সামনে রাখবো। গত পাঁচ বছরে যদি আমাদের পরিকল্পনার কোন জায়গায় সাফল্য দেখে থাকি, যদি কোন জায়গায় উন্নতি দেখে থাকি, তাহলে একটা উন্নতি এখানে দেখতে পাই সেলস ট্যাক্স আদায়ের উন্নতি। আমি আপনার সামনে সভাপাল মহাশয়ের মাধ্যমে এই ডিপার্টমেন্টএর আয়ের একটা ক্রমোন্নতি দেখা যাচ্ছে—যথা চার কোটি সাড়ে চার কোটি টাকা থেকে ক্রমশঃ সেই আয়ের অঙ্ক বেড়ে প্রায় দশ বারো কোটিতে দাঁড়িয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এটা কি অন্যায় হয়েছে?

Dr. Narayan Chandra Ray:

ভালই হয়েছে। আমি প্রশংসাই করি। আপনার পরিকল্পনা সফল হয়েছে, এটা নিন্দার কিছু নয়।

[6-5—6-15 p.m.]

এবারে আমরা বাজেটে দেখতে পাচ্ছি—সেলস ট্যাক্সএ ৯ কোটি টাকা ধরা হয়েছে। এন্ট্রি ট্যাক্সএ ১ কোটি ৭৫ লক্ষ টাকা ধরা হয়েছে। কিন্তু অভিজ্ঞতা বলে দেয় যে আপনাদের বাজেট এবং রিভাইজড বাজেট ও এ্যাকচুয়াল এতে অন্যান্য খাতে কম হোক আর না হোক, আপনার সেলস ট্যাক্সএর বেলায় কখনো কম হয় না। আপনি গত বছর ধরুন—৬·৭ কোটি আপনার ছিল বাজেটে, রিভাইজ বাজেটে পেয়েছি ৮·৯ কোটি, কিন্তু ১৯৫৫-৫৬ আপনার বাজেটে ছিল ৫·৫ কোটি ; এবং রিভাইজড বাজেটে ৬·৬ কোটি ও একচুয়ালএ হলো ৭·৫ কোটি। আপনার এখানে ও অন্য জায়গায় বাজেট এবং এ্যাকচুয়ালএ গরমিল হয়, এর চেয়ে বেশী গরমিল অন্য কোথাও হয় না। যা ভাবছেন, তাই হচ্ছে। আপনার পরিকল্পনা কেন সফল হয়েছে, তাই বলছি। মানুষের সামনে সেলস ট্যাক্স নিয়ে দাঁড়াবার জন্য আপনি গত বৎসর ধরে যে প্রস্তুতি করেছেন তার একটা একটা করে আমি আপনাদের সামনে রাখছি। আপনার প্রথম পরিকল্পনাই হল কি করে কোথা থেকে কেমন করে বেশী আদায় করা যায়। তার জন্য আপনি ১৯৫৫ সালের ফেব্রুয়ারি থেকে আপনার সমস্ত অরগানাইজেসন টাইটেন করলেন, সিকিউরিটি ডিমান্ডস ধার্য করলেন, কোন ডিলার যাতে ট্যাক্স ফাঁকি দিতে না পারে সেজন্য সিকিউরিটি থেকে আদায় করলেন এবং কন্ডিসনস অফ সিকিউরিটি ভর্তি করলেন এবং যে সিকিউরিটি পে করে নি তার পানিশমেন্টএর ব্যবস্থা করলেন। তারপর, ১৯৫৬ সালে নতুন এন্ট্রি ট্যাক্স করলেন। বাংলাদেশের সরকার যদি কোন জায়গায় সহস্রলোচন হয়ে থাকে এখানে আপনি তার বারে বারে পরিচয় দিলেন ; কোথা থেকে কিরকম করে আইন করা যায় কেমন করে আইনকে কঠিনতর করা যায় তা সবই আপনি করেছেন। কেমন করে ট্যাক্সের মধ্যে নিয়ে আসা যায় আপনি তাই চিন্তা করেছেন। ফলের ব্যাপারে ট্যাক্স করলেন, ডবল ট্যাক্সেসন করলেন। মানুষের জীবনে কি করে ট্যাক্সের জাল বিস্তার করা যায়, অন্দরে অন্দরে মানুষের গৃহস্থালীতে হাত দিতে আপনি কোথায় বাকী রেখেছেন। আপনি প্রথমে আইটেম বাড়িয়েছেন। যতরকমে পারেন নতুন নতুন আইনের পরিকল্পনা করে ট্যাক্স বাড়িয়েছেন। আমি জিজ্ঞাসা করতে চাই ওয়েলফেয়ার স্টেটএর মধ্যে কতগুলি জিনিস থাকা উচিত? আপনার ডাইরেকটিভ এ্যান্ড রুলসগুলিতে আছে কিনা, আপনার কর্মচারীরা সেলস ট্যাক্স নিয়ে ধনী-নির্ধন নির্বিশেষে মামলা করবে এইরকম কোন ব্যবস্থার নির্দেশ দিয়েছেন কিনা আমি বার বার জানতে চেয়েছি এই আইন সম্পর্কে, আপনি প্রশ্নের উত্তর না দিয়ে এড়িয়ে যান। এগুলি আপনার কাছে আনকমফরটেবল প্রশ্ন। আমি পুনরায় আপনাকে বলছি এরকম কোন ডিপার্টমেন্ট পলিসি আছে কিনা। আপনি কনজুমার কাছ থেকে সেলস ট্যাক্স আদায় করেন, কিন্তু আপনার এমন কোন নীতি আছে কিনা যে এক দোকানে সামান্য স্টেসনারী পেন্সিলের উপর সেলস ট্যাক্স আদায় করলেন, অথচ পাশের দোকানে সেলস ট্যাক্স আদায় করা হয় না। আমি জানতে চাই এমন কোন নীতি আইন আছে কিনা যে মানুষ যে কনজুমার দিতে পারে না তাকে অব্যাহতি দেবার কোন বন্দোবস্ত করেছেন কিনা, আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে মানুষের অল্প আয়, যে ইনকাম ট্যাক্স ইত্যাদি দিয়ে যায় অন্যরকম খরচের ক্ষমতা নিতান্তই সীমাবদ্ধ তাকে এক্সেম্পসন দেবার কোন বন্দোবস্ত করেছেন কিনা। আমার তৃতীয় প্রশ্ন আপনার সামনে রাখছি। আমাকে অল্প সময়ের মধ্যে শেষ করতে হবে, সময় কম। ইন্ডাস্ট্রিতে অনেক রকম পরিকল্পনার মধ্যে কো-অপারেটিভ নীতির উপর দাঁড় করাবার নীতি আপনি নিয়েছেন। আপনার সেলস ট্যাক্স আইনের কোথায় আছে যে কুটিরশিল্প কটেজ ইন্ডাস্ট্রিগুলি সাধারণ মানুষকে সেলস ট্যাক্স থেকে বাঁচাবার জন্য কো-অপারেটিভ সিস্টেমএ গড়ে তোলবার ব্যবস্থা আমি জানতে চাই এবং কটেজ ইন্ডাস্ট্রিগুলোকে বাঁচিয়ে তোলবার জন্য এক্সেম্পসন দেবার নীতি আছে কিনা আমি জানতে চাই। বড় ইন্ডাস্ট্রি এবং ছোট দুই জায়গায় আদায় করবার এই কি নীতি? আমার শেষ বক্তব্য, কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিতে সেলস ট্যাক্সএর কোন নীতি নিতে চান, এর পিছনে সত্যিকার জনকল্যাণকর নীতি আছে কিনা আমাকে বলবেন, তা না হলে বলব মানুষকে কামড়ে খাবারই নীতি এটা।

Sj. Sisir Kumar Das: Mr. Speaker, Sir, when I go to the mofussil and visit my native place and other towns in the mofussil, I find that the faces of the old shop-keepers are not there. I find that the businesses of

the old Bengali shop-keepers have closed down and in their places what do we find? We find that businessmen from other places of India have taken their place and we do not think that we have come to a Bengali town. If you go to a mofussil town, if you go to a market, you will have the impression that you have gone either to an upcountry of India or a State of Marwar. All the old businesses have been taken over by the outsiders. Sir, I have tried to probe into the causes of such ousting of the Bengali traders from the towns as also from Calcutta. The reasons which I have found on examination are two-fold—the administration of the Income-tax Act and the administration of the Sales Tax Act. The administration of the Sales Tax Act, which is relevant in this House, has been such that heavy demands have been made on businessmen who do not know how to keep accounts and the result has been that they had to sell away everything in order to pay the demands of the State.

[6-15—6-25 p.m.]

Mr. Speaker, Sir, you know very well that Dr. Roy, our Chief Minister, took great pains in the past to save a Marwari businessman, the subject-matter of a book, in connection with the Orient Paper Mills. You know, Sir, that our Chief Minister saw to it that the Orient Paper Mills was exempted in respect of sales tax by the employees and officers of the Sales Tax Department of the State. But he has not taken any pains to save the Bengali businessmen from utter destruction. I would request the Chief Minister that he should make a provision in the Sales Tax Act whereby any hardship to the businessmen, particularly indigenous businessmen, on the ground of imposition of tax in an unfair manner, should be enquired into by the Minister concerned or by a committee and relief should be given wherever possible so that these Bengali businessmen may not be ousted from every field, every walk of life. That is my first suggestion to Dr. Roy so far as administration of sales tax is concerned.

Secondly, I would point out that in the year 1952 an Act was passed by the Central Government which declared some commodities as essential commodities on which sales tax should not be imposed. That Act as I told you was passed in the year 1952 and a list of essenial commodities was given of which item No. 15 is "books, exercise books, slate, slate pencils and periodical journals." But strangely enough the State of West Bengal has exempted only text books of primary schools up to standard IV and not papers, exercise books, etc. The result has been.....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, may I interrupt and help him? There is a Gazette of India publication which says the Essential Goods Act has been repealed.

Sj. Sisir Kumar Das: When?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On the 22nd of December, 1956. You are a lawyer and you ought to know that.

Sj. Sisir Kumar Das: I know.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You don't.

Sj. Sisir Kumar Das: Your imposition of tax for three years since 1952 was illegal. That was what I was going to point out to you.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The imposition of tax was in 1941 before this Act.

Sj. Sisir Kumar Das: If you look into the Act of 1952 you will find that from the 1st April, 1953, those commodities which are declared to be essential commodities will not be subject to taxation by the States. That is what is laid down in the Act of 1952. Any way even if I am not correct the whole point is this, Mr. Speaker, Sir, that certain commodities were declared essential commodities by the Central Government and among them were books, exercise books, pencils, slate pencils and things like that. The reason for that was that knowledge should be imparted to the people without any impediment of such a heavy tax. That was the idea, that was the standard and if we judge by that standard what do we find? We find that there is no exemption for books, that knowledge is being taxed. That is the criticism I offer and I know that there has been an amendment of the Constitution, 6th amendment of the Constitution by which as also by the repeal of that Act there can be an imposition on text books or on any other books of sales tax, but I am just questioning the wisdom of that policy. Further, during the period 1952-56 the imposition was illegal. That is my point. I also beg to point out, Mr. Speaker, Sir, that the sales tax would produce more revenue to the State if a little discretion had been used. While classifying goods into luxury goods and goods essential for the community if a graduated system of taxation on luxury goods of a certain specified value had been imposed, then that would have brought in more revenue to the State, for instance, let us take sale of motor cars in the State. If instead of 3 pies per rupee tax on the sale of motor car, the State Government had imposed a tax say 4 pies per rupee up to Rs. 10,000, 6 pies per rupee up to Rs. 20,000 and 2 annas per rupee up to 30,000, then the Exchequer would benefit on a large scale. And the State can exempt certain articles from taxation in the interest of the community at large. Mr. Speaker, Sir, you know very well that all indirect taxes are repressive in character, namely, when a direct tax is imposed it is imposed on the amount of income but when an indirect tax is imposed it is not based on the basis of income but on the basis of your needs. You must educate your children, you must have mustard oil, you must chew a pan because that is your habit. But while you pay that tax it becomes repressive in character. It tells heavily on the person who pays it. Therefore, I suggest to the State Government that instead of taxing the lower income-group people in such a manner more revenue could be raised by imposing taxes on a progressive scale as has been done in the Corporation of Calcutta. The Chief Minister knows it thoroughly well that a person having an income of Rs. 10,000 pays Rs. 125 as municipal tax.....

The Hon'ble Siddhartha Sankar Roy: Rs. 250.

Sj. Sisir Kumar Das: And if it is less than Rs. 5,000 then he pays Rs. 50 or something like that. In the same manner the State Government could get more money than they are getting by making the tax a graduated one and by selecting certain commodities which are not generally purchased by lower income group people or the poor people. That should be done.

I have another suggestion to make to the Government of West Bengal. There is an item on which we can have a discussion, namely, the Entertainment Tax. Entertainment tax can also be enhanced not by just imposing further tax on cinemas or theatres but by nationalising the cinema houses and not the cinema industry. If you just do that, if the cinema houses can be nationalised, the whole income can come to the State. That will give a revenue on the basis of entertainment tax—1 crore 20 lakhs which

is about two-thirds of the amount under Taxes on Luxuries, if Rs. 61 lakhs —betting tax is considered to be one-third. I know that a large portion of the income of the cinema industry goes to the income-tax authority. But if it is nationalised, that income-tax will not have to be paid. That is the saving and that portion may be spent on additional expenses that may be incurred if that is nationalised. Therefore, I would suggest to the State that if you make a judicious selection of such taxes as the Entertainment Tax, if you make a progressive rate of taxation on goods and if you also define goods in another manner, namely, if among the goods you include services, then you can impose further taxation on services rather than on people and thereby a large amount of income can be brought to the Exchequer by re-defining what is meant by goods. If goods are re-defined, then you can have that. I would therefore suggest to the Government that they should revise their policy in three ways, namely :—try to save the Bengalee middle class traders; impose higher taxes on luxury goods on a progressive scale; and nationalise the cinema houses, not the cinema industry.

[6-25—6-35 p.m.]

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের রাজস্ব আয়ের প্রধান পথ হল বিক্রয় কর—এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি মনে করি, এই রাজ্যের আয় বর্ধিত হওয়া উচিত, এবং সেই বর্ধিত আয়ে জনসাধারণের কল্যাণ সাধিত হওয়া উচিত। সাথে সাথে আমি এই কথাও মনে করি যে, রাজস্বের আয় বৃদ্ধি এমনভাবে করতে হবে যাতে সাধারণ মানুষকে করের বোঝা কম করে বইতে হয় অথচ রাজ্যসরকারের আয় বাড়ে। সেদিকে লক্ষ্য রেখেই আমি বক্তৃতা করব।

ডাক্তার রায় বলে থাকেন বিক্রয় কর শাসনব্যবস্থা তিনি টাইটেন দৃঢ়তর করেছেন এবং দাবী করেন তারই জন্য বিক্রয় কর হতে রাজস্ব আয় বেড়েছে। এই লাল বইটায় লেখা আছে টাইটেনিং অফ এ্যাডমিনিস্ট্রেশনএর জন্য আয় বেড়েছে। আর বৃদ্ধিটা কিরকম আমি তা দেখাচ্ছি। বিক্রয়কর হিসাবে ১৯৫৪-৫৫ সালে প্রকৃত রাজস্ব আয় হয়েছিল—৬,১৯,৫২,০০০ টাকা। ১৯৫৭-৫৮ সালের বাজেটে তা ধরা হয়েছে ৯,৭০,০০,০০০ টাকা। অর্থাৎ তিন বছরে বৃদ্ধি ধরা হয়েছে ২,৭৭,০০,০০০ টাকার মতন। প্রধানমন্ত্রী শুধু বৃদ্ধিই দেখিয়েছেন, অর্থনীতিতে রাজস্ব আয়ের ক্ষেত্রে শুধু বৃদ্ধিটাই বিবেচনা করা হয় না ; তার সঙ্গে আয় বৃদ্ধি করতে যে ব্যয় বৃদ্ধি হয় তার পরিমাণও হিসাবের মধ্যে ধরা হয়। এ সম্পর্কে নীতি হচ্ছে এই যে, কম খরচে বেশী কর আদায় করতে হবে। এই নীতির প্রতি, প্রত্যেক গভর্নমেন্টই নজর রাখেন। তাই জন্য কস্ট অফ কলেকশনকে কমাতে হয়। সেদিক হতে এখানে অবস্থা আদৌ ভাল নয়। ১৯৫৪-৫৫ সালের তুলনায় ১৯৫৭-৫৮ সালে বিক্রয়কর বাবদে রাজস্ব আয় বেড়েছে শতকরা ৪৩ ভাগ, অথচ এই সময়ের মধ্যে তা আদায়ের খরচ বেড়েছে শতকরা ৫২ ভাগ। তাহলে কি দেখা গেল? যে গতিতে আয় বৃদ্ধি হয়েছে তারচেয়ে দ্রুততর গতিতে ব্যয় বৃদ্ধি হচ্ছে। একে টাইটেনিং আপ অফ এ্যাডমিনিস্ট্রেসন বলে না। দেখতে হবে কম খরচ করে বেশী আয় কিসে হয়। সেইটা হলে তবেই টাইটেনিং আপ অফ এ্যাডমিনিস্ট্রেসন হল। এই সত্য বোঝা দরকার। তা ছাড়া আরো কতকগুলি জিনিস এই আয় বৃদ্ধি সম্পর্কে বলার আছে। ডাক্তার রায় যে বলেছেন সেলস ট্যাক্স এ্যাডমিনিস্ট্রেসন টাইটেন আপ করার জন্য বিক্রয় কর খাতে রাজস্ব আয় বেড়েছে—এটা সত্য কথা নয়, কেন সত্য নয় সেই কথা বলছি—ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স এ্যাক্ট অনুসারে মূলে কর ধার্য করা হয় অর্থাৎ ট্যাক্সিং এ্যাট দি সোর্স হয়। মূলে কর ধার্য করার জন্য রাজস্ব আয় বেড়েছে ১ কোটি ৭০ লক্ষ টাকা। দীর্ঘদিন ধরে আমরা সরকারকে মূলে বিক্রয় কর ধার্য করতে বলে এসেছি। সরকার আমাদের সে কথা কানে তোলেন নি। বহুবার বলার পর কিছু কিছু জিনিসের ক্ষেত্রে মূলে কর ধার্য করেছেন। তার ফলেই আয় বেড়েছে ১ কোটি ৭০ লক্ষ টাকা। তা ছাড়া কতকগুলি নূতন জিনিসকে করযোগ্য দ্রব্য, ট্যাক্সএ্যাবল গুডসএর তালিকার মধ্যে আনা হয়েছে, যেমন চিনি, সিলভার এ্যান্ড গোল্ড বুলিয়ন।

এই নতুন দ্রব্যের উপর বিক্রয়কর এবং মূলে কর ধার্য করে পাওয়া বিক্রয়কর এই দুই কারণে বর্ধিত আয়ের পরিমাণ বাদ দিলে দেখবেন যে, ১৯৫৪ সালের তুলনায় ১৯৫৭ সালে বিক্রয় কর বাবদে রাজস্ব আয় বৃদ্ধি হয় নাই বললেই হয়। তাহলে দেখা গেল যে, টাইটেনিং আপ অফ দি এ্যাডমিনিস্ট্রেশনএর জন্য রাজস্ব আয় বৃদ্ধি হয় নি। বিক্রয় কর হতে রাজস্ব আয় বৃদ্ধি হয়েছে নতুন জিনিসের উপর কর ধার্য করা এবং কয়েকটি জিনিসের ক্ষেত্রে মূলে কর ধার্য করার জন্য। এর কোনটারই জন্য ডাঃ রায় কৃতিত্ব দাবী করতে পারেন না। পারসেনটেজ অফ গ্রস কস্ট টু টোটাল রিসিটটা একটু দেখার দরকার আছে। ১৯৫১-৫২ সলে এই শতকরা হিসাব ছিল ২·৫: ১৯৫৭-৫৮ সালে তা হয়েছে ৩। আমি জানি যে, আমার এই কথা শুনে ডাক্তার রায় বলবেন যে, এত ভাবনার কিছু নেই কারণ, পশ্চিমবাংলায় এই মোট আয় ও মোট ব্যয়ের আনুপাতিক শতকরা হিসাব উত্তরপ্রদেশ, বিহার, বম্বে প্রভৃতি রাজ্যের চেয়ে কম। তাঁর এ লেখাও সত্য নয়। পশ্চিমবাংলার যেরকম অবস্থা সেইরকম অবস্থার একটা রাজ্যের সঙ্গেই এই শতকরা হিসাব তুলনা করা যেতে পারে। সেই রকম রাজ্য হচ্ছে বোম্বাই। বোম্বাইয়ের সঙ্গে বাংলাদেশের তুলনা চলতে পারে। কিন্তু বিহারের সঙ্গে বাংলাদেশের তুলনা চলতে পারে না। যেহেতু সেখানে অর্থনৈতিক বাজার ঘন সন্নিবন্ধ নয় বলে কলেকশন কস্ট সেখানে অনেক বেশী হতে বাধ্য। সুতরাং বোম্বায়ের এই শতকরা হিসাবের সঙ্গে আমাদের তুলনা করে দেখা দরকার। বোম্বাইয়ে বিক্রয় কর ব্যাপারে পারসেনটেজ অফ গ্রস কস্ট অফ কলেকশন টু টোটাল রিসিট অফ রেভিনিউ হল ২·৪: সেখানে আমাদের এই রাজ্যে তা হল ৩। সুতরাং এই থেকেও বুঝতে পারা যায় যে, পশ্চিমবাংলা বিক্রয়কর আদায়ের খরচ অনেক বেশী।

তারপর আমার বক্তব্য কর ধার্য করার কতকগুলি নীতিগত বিষয়ের উপর। আমরা চাই যে, এই রাজ্যসরকারের আয় বাড়ুক ; তার সঙ্গে আরও চাই যে, সেই বর্ধিত আয়ে এখানকার দরিদ্র জনসাধারণের সুখসচ্ছন্দ বাড়ুক, এবং জনসাধারণের উপর করের চাপ কমুক। এটা করা সম্ভবপর। জনসাধারণকে রিলিফ দিয়েও মোট রাজস্ব আয় বাড়ান সম্ভব। ডাক্তার রায় প্রায়ই আমাদের বিরুদ্ধে ডেস্ট্রাকটিভ ক্রিটিসিসমএর অভিযোগ আনেন। আমি তাঁর কাছে কতকগুলি গঠনমূলক প্রস্তাব দিচ্ছি। তিনি সেগুলি গ্রহণ করে তাঁর সততার প্রমান দিন। ডাক্তার রায় ১৯৫৬-৫৭ সালের বাজেট বক্তৃতায় বলেছিলেন—

"The Finance Department is now examining as to whether we could not also put in higher taxation on certain of the necessaries of life."

এটা এখনও হয় নি কেন? কোন কল্যাণরাষ্ট্রের কর নির্ধারণের নীতি কি হওয়া উচিত? এ সম্বন্ধে ডাক্তার শিশির দাস প্রগ্রেসিভ ট্যাক্সেসন প্রবর্তনের দাবী করেছেন। বিক্রয় করের ক্ষেত্রে প্রগ্রেসিভ ট্যাক্সেসন নীতি চালু করার একটু অসুবিধা আছে। আমি সেই প্রগ্রেসিভ ট্যাক্সেসনএর নীতি অন্যভাবে প্রয়োগ করতে বলছি। অর্থনীতিতে সামগ্রীকে তিন ভাগে ভাগ করা হয়— (১) জীবনধারণের জন্য অত্যাবশ্যকীয় সামগ্রী, (২) আরামের সামগ্রী এবং (৩) বিলাস দ্রব্য। কোন প্রকৃত কল্যাণরাষ্ট্র এমন কি বহু পুঁজিবাদী রাষ্ট্রও এই তিন জাতের সামগ্রীর উপর সমহারে কর ধার্য করে না। কিন্তু বিক্রয় করের ক্ষেত্রে এই রাজ্যসরকার কি করছেন? তিন জাতের সামগ্রীর উপর একই হারে কর ধার্য করেছেন। এক্ষেত্রে কি করা উচিত? জীবনধারণের জন্য অত্যাবশ্যকীয় সামগ্রীকে করের আওতা হতে বাদ দিন, আরামের সামগ্রীর উপর নামমাত্র কর ধার্য করুন ; এবং বিলাস দ্রব্যের উপর চড়া হারে কর ধার্য করুন। এতে কর আদায়ের খরচ কমবে, মোট কর আদায়ের পরিমাণ বাড়বে এবং সাধারণ মানুষের উপর করের বোঝাও কমবে। বই, কাপড় প্রভৃতি অত্যাবশ্যকীয় জিনিসের উপর থেকে বিক্রয় কর তুলে নিতে এবং বাইনোকুলার দামী রেডিও সেট, রেফ্রিজারেটর, মোটর গাড়ী ইত্যাদি এইসব বিলাস দ্রব্যের উপর চড়া হারে বিক্রয় কর বসাতে আপনার আপত্তি কেন? আপনার নীতি এর ঠিক বিপরীত। প্রমান চান: তখনি মটর স্পিরিটএর উপর ট্যাক্স ধরেছেন। এতে আমাদের মত সাধারণ মানুষ যারা বাসে চড়ে তাদের চড়া হারে কর দিতে হচ্ছে অথচ এয়ারোপ্লেনএ যে মটর স্পিরিট ব্যবহার করা হয় তার উপর ট্যাক্স আপনি কম করে ধরছেন। এটা কোন দেশী নীতি? এয়ারোপ্লেনএ পয়সাওয়ালা লোকরাই যাতায়াত করে। তাদের উপর ট্যাক্স বেশী হওয়া উচিত। তা না করে তার উল্টাটাই করা হচ্ছে।

আমার দ্বিতীয় প্রস্তাব হল—ট্যাক্স এ্যাট দি সোর্স, যদিও এর নাম বিক্রয় কর এটা আদতে ক্রয় কর, কিন্তু—

sales tax is a misnomer. It is actually a purchase tax.

আইনে আছে যে, কোন ব্যবসাদার জিনিস বিক্রি করলে তাকে ট্যাক্স দিতে হবে। কিন্তু তাই কি হচ্ছে? দোকানদার করের সংগ্রাহক মাত্র; ক্রেতাই এই কর দেয়। তাই যদি মূলে এ ট্যাক্স ধার্য করেন তাহলে পুঁজিপতি শিল্পপতিদের ট্যাক্স দিতে হবে যারা খুচরো মাল কিনছে তাদের তা দিতে হবে না। অবশ্য এ কথা ঠিক যে, শেষ পর্যন্ত ভোগকারীকেই কর দিতে হবে কারণ মূলে কর ধার্য করলে শিল্পপতিরা হয়ত দাম বাড়িয়ে দেবে। কিন্তু তবুও বলব যে, মূলে কর ধার্য করলে খুচরা ক্রেতাদের খানিকটা রক্ষা করা যেতে পারে। ডাক্তার রায় বলেছেন—ফিনিসড গুডস নাহলে মূলে কর ধরা যায় না, কারণ আনফিনিসড গুডসএর ক্ষেত্রে মূলে কর ধার্য করলে ডবল ট্যাক্সেসন হয়ে যাবে। ডাক্তার রায় কি অন্যত্র ডবল ট্যাক্সেসন করেন নি? বীজের উপর ট্যাক্স আছে, আবার ফল ও ফুলের উপরও ট্যাক্স আছে। গাছের উপর ট্যাক্স আছে, আবার ফলের উপর এবং ফুলের উপরও ট্যাক্স আছে। কৈ তার বেলায় তো আপনি ছেড়ে দেন না? কাগজের উপর ট্যাক্স করেছেন, আবার বইয়ের উপর ট্যাক্স আছে। এই তো ডবল ট্যাক্সেসন হয়ে যাচ্ছে। সুতরাং শিল্পের ক্ষেত্রে মূলে কর ধার্য করলে যদি এইরকম ডবল ট্যাক্সেসন হয় তাতে আপত্তি কেন? শিল্পপতিদের স্বার্থের দিকে দৃষ্টি রেখেই ঠিক এটা করা হচ্ছে না? এবার আমার শেষ প্রস্তাব। কর বিভাগকে দুর্নীতিমুক্ত করুন। ডাক্তার রায় ট্যাক্স ইভেসনএর কথা বলেছেন। তিনি জানেন না কি রকমভাবে কর ফাঁকি হচ্ছে? আমি একটা উদাহরণ দিচ্ছি। ডাক্তার রায় নিশ্চয়ই ডোরিনা কোম্পানীর নাম জানেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি এই ডোরিনা কোম্পানী কি বিক্রয় কর দিচ্ছে? আর জিজ্ঞাসা করি বিক্রয় কর আদায় করতে গেলে সেই কোম্পানী কি রাতারাতি নাম পালটিয়ে ডোরিনা (ইন্ডিয়া) লিমিটেড হয়? তারপরেও তাদের কাছে যখন বিক্রয় কর চাওয়া হল তখন তার নাম হল মা ডোরিনা? এই কোম্পানীর মালিক কে, ডাক্তার রায় তা জানেন না? তিনি হলেন একজন কংগ্রেসী এম, এল, সি।

Mr. Speaker: You can always say that a wrong has been done but please do not mention like that.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It does not help your argument.

Sj. Subodh Banerjee:

আমি নাম করি নি। আমি জিজ্ঞাসা করছি আপনি খবর নেবেন কি এই তিনটি কোম্পানী সেলস ট্যাক্স দিয়েছে কিনা? এবং এর মালিক একজন কংগ্রেসী এম, এল, সি, কিনা? আর একটা কোম্পানী—টেক্সটাইল ডিলার্স এসোসিয়েশন অফ ওয়েস্ট বেঙ্গল, ঠিকানা ২১এ ক্যানিং স্ট্রীট। এই কোম্পানি দশ হাজার গাঁট কাপড় পেল; এই কাপড় ইন্দোনেশিয়াতে পাঠানর কথা ছিল, কিন্তু সেটা তারা এখানেই বিক্রয় করলো। তা ছাড়া ক্যালকাটা করপোরেশনএর নাম করে এই কোম্পানী ১০০ গাঁট ছাতার কাপড় যোগাড় করল, এই দুইটি বিক্রয় করার জন্য। তারা বিক্রয় কর দিয়েছে কিনা দয়া করে খোঁজ নেবেন কি? এর নামই কি প্লাগিং দি লুপহোল? এই কোম্পানীটির মালিক একজন কংগ্রেসী এম, এল, সি। একজন অবাঙ্গালী কংগ্রেসী এম, এল, সি, তাঁর ভাইএর বেনামিতে এর ফাইনানসার। এইসব প্রশ্ন করলে ডাক্তার রায় বলেন যে,

I am not quite sure of it

আমি তাঁকে অনুরোধ করবো যে আমার এই অভিযোগ সত্য অথবা মিথ্যা তা তিনি জানাবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এই সমস্ত যদি জানতে চান তাহলে আগে যদি খবর দিতেন তাহলে জেনে বলতে পারতাম।

Sj. Subodh Banerjee:

খোঁজ নেবনে আপনার সেলস ট্যাক্স ডিপার্টমেন্ট থেকে। এদের বিরুদ্ধে এ্যাকশন নিলেই খুসী হব। আগে জানালেই কি আর উত্তর পাওয়া যায়? প্রমান চান? দিচ্ছি। আমি বাজেটের সাধারণ আলোচনার সময় বলেছিলাম যে, কলকাতার বড় বড় ফল ব্যবসায়ীরা ডাক্তার রায়ের

কাছে গিয়ে লিখিতভাবে রাজী হয়েছিল, যে তারা ৩ লক্ষ টাকা বিক্রয় কর দেবে। এ কর তারা আদায় করেছে বিক্রেতাদের কাছ থেকে। কিন্তু হঠাৎ সেটা ১ লক্ষ টাকা হয়ে গেল, ডাক্তার রায়ের নির্বাচনের সময়। কেন হল? কার আদেশে হল? বাজেটের সাধারণ আলোচনার সময় এই প্রশ্নের জবাব পাই নি; এবার কি পাব?

[6-35—6-45 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order, Sir. We are considering the demand for payment of the staff for carrying on the work of this Department. We are not considering really either the sales tax or the details of the sales tax provision. I wonder if this is relevant.

Sj. Subodh Banerjee:

আগে জানালেই উত্তর পাওয়া যায় বলে যে দাবী প্রধানমন্ত্রী করছেন তার অসত্যতা প্রমাণ করার জন্য এটা বলতে হল। ডাক্তার রায় যে প্লাগিং দি লুপহোলএর কথা বলেছেন তাই এই কথা বলতে হচ্ছে। স্যার, হোয়াট ইজ ইউর রুলিং।

Mr. Speaker: You proceed without making any allegation.

Sj. Subodh Banerjee:

আমি শুনেছি যে বড় বড় ফলওয়ালারা লিখিতভাবে রাজী হয়েছিল ৩ লক্ষ টাকা বিক্রয় কর দেবে বলে কিন্তু ডাক্তার রায় সেটা হঠাৎ এক লক্ষ টাকা করে দিলেন। কেন?

Mr. Speaker: Your argument is that you had raised it earlier.

Sj. Subodh Banerjee: Yes. I raised it earlier but I did not get any reply. I want the reply whether it is a fact. If so why was it done?

ডাক্তার রায়কে সর্বশেষে আমি অনুরোধ করবো যে, সেলস ট্যাক্স ডিপার্টমেন্টএর শাসন সত্যই যদি টাইটেন আপ করতে চান তাহলে কতকগুলি জিনিস করা দরকার। উপযুক্ত লোককে উপযুক্ত পদে দিতে হবে, অকর্মণ্য লোককে সরাতে হবে। চুরি, ঘুষ বন্ধ করতে হবে। তা হচ্ছে কৈ? ধরুন সেকেন্ড এ্যাডিসন্যাল কমিশনারএর কথা। ১৩ শত থেকে ১৬ শত টাকা এঁকে মাসে মাইনে দিচ্ছেন। তাঁর কোন কাজ নেই, অন্য কাজ তাঁকে দিয়ে করান হচ্ছে; তিনি ডাইরেক্টর অফ টেক্সটাইলএর কাজও করেন। কাজ যদি তাঁর না থাকে বিক্রয় কর বিভাগে তাহলে তাঁকে সেলস ট্যাক্স বিভাগে রেখেছেন কেন? তাঁকে অন্য বিভাগে দিতে চান আমার তাতে আপত্তি নেই। বহু অপদার্থ কর্মচারী রেখেছেন। একজন এ্যাসিস্টান্ট কমিশনার তিনি আই সি এস, শ্রী এ ডি খান-এর শালা।

[Laughter.]

Mr. Speaker: You have got one minute more.

Sj. Subodh Banerjee:

পি, এস, সি-র ডিপার্টমেন্টাল এক্সামিনেসনস তিনি পাস করতে পারলেন না তবুও তাঁকে প্রমোশন দিয়ে দেওয়া হল। যদি বলেন যে, ডিপার্টমেন্টাল পরীক্ষা কিছু নয়, আই, সি, এস-এর শালা হওয়াটাই বড় কথা তাহলে দ্যাট ইজ এ ডিফারেন্ট থিং। আমি শুনেছিলাম ইংরেজ আমলে একজন দরখাস্ত করেছিল এই বলে যে,

As regards my qualifications I beg to state that my uncle is a Deputy Magistrate.

তখন তার চাকুরী হয়েছিল কিনা জানি না। মামা ডেপুটি ম্যাজিস্ট্রেট হওয়া সত্ত্বেও তখন যদি চাকুরী না হয়ে থাকে ডাক্তার রায়ের রাজত্বে তা নিশ্চয়ই হবে। এই অপদার্থ অফিসারটিই ফলওয়ালাদের ট্যাক্স কমিয়েছেন। আর একজন এসিস্টান্ট কমিশনার আছেন তিনি ফাইনান্স ডিপার্টমেন্টের একজন রিটায়ার্ড অফিসার। ইনি কাজ করবেন কি? বন্ধ নড়বড়ে। ঘুমুতে এবং ঘুষ নিতেই সময় চলে যায় কাজ করেন কখন? এইসব লোক দিয়ে কি টাইটেনিং আপ অফ দি সেলস ট্যাক্স এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড প্লাগিং দি লুপহোলস ফর ট্যাক্স ইভেশন হয়? হয় না।

Sj. Apurba Lal Mazumdar:

মাননীয় স্পীকার মহাশয়, সেলস ট্যাক্স সম্বন্ধে আমার বক্তব্য সীমাবদ্ধ রেখে নীতির দিব থেকে আমি সেলস ট্যাক্সএর পদ্ধতির প্রতিবাদ জানাচ্ছি। ১৯৪১ সালে ৬ই ফেব্রুয়ারি, এইচ এস, সুরাবর্দি এই বিল যখন এই আইন সভায় উপস্থিত করেছিলেন, তখন আমরা জানি কংগ্রেস তরফে যাঁরা আজ বেঞ্চ দখল করে আছেন, যাঁরা মাননীয় মন্ত্রীদের আসন দখল করে আছেন—তাঁরা সেদিন এই সেলস ট্যাক্স নীতির বিরুদ্ধে অনেক কথাই বলেছিলেন। কিন্তু আজ আমর দেখছি যে তাঁদের উইসডম চেঞ্জ হয়ে গিয়েছে। সময়ের সঙ্গে সঙ্গে তাদের নীতি ও পদ্ধতি বদলে গিয়েছে, ক্ষমতার আসনে বসে আজকে তাঁরা তাই বদলে গিয়েছেন। তাই আজ তাঁদের পূর্ণ একটা পরিবর্তিত রূপ দেখতে পাচ্ছি। তাঁরাই একদিন এই সেলস ট্যাক্সএর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছিলেন, বিশেষ করে শ্রী আই. ডি, জালান, যিনি আজ মন্ত্রীত্বের আসনে তিনি বলেছিলেন,

6th February, 1941, "so far as sales tax is concerned it is bound to drive away trade from this province".

সেই কথা আজ তাঁরা ভুলে গিয়েছেন। আজকে তাঁরা এর উল্টো এবং উগ্র সমর্থক হিসাবে দেখা দিয়েছেন। শুধু তাই নয় সেদিন এই হাউসএ দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্ত দি অনারেবল হেমচন্দ্র নস্কর, দি অনারেবল শ্যামাপ্রসাদ বর্মণ—সেদিনের প্রসিডিংস খুলে আজকেই দেখলাম—তাঁরা এই আইনের বিরুদ্ধে, অগণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে, দেশের জনগণের স্বার্থবিরোধী নীতির বিরুদ্ধে তীব্র ভাষায় বক্তৃতা দিয়েছিলেন, জনসাধারণের জন্য লড়াই করেছিলেন। কিন্তু আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে স্মরণ করিয়ে দিতে হচ্ছে যে যাঁরা সেদিন তীব্র প্রতিবাদ করেছিলেন, আজ এখানে তাঁরাই এইচ, এস, সুরাবর্দির উত্তরাধিকারী হিসাবে ক্ষমতার আসনে বসে এই সেলস ট্যাক্সএর সমর্থনে বক্তৃতা করছেন—নির্লজ্জভাবে সমর্থন করছেন। আর একটা কথা.....

The Hon'ble Siddartha Sankar Roy: On a point of order, Sir. The honourable member is suggesting that the policy of the Government in having the Sales Tax Act is wrong; he is also suggesting that the provisions of the Sales Tax Act are all inequitable—something of that kind. Sir, if you please look at rule 13(2)(c)(iii) of the West Bengal Legislative Assembly Procedure Rules, you will see that a member while speaking may not reflect on any determination of the Assembly except on a motion for amending or rescinding it. There is no motion now before the House criticising the Sales Tax Act in any way; there is no motion for amending the Act or for rescinding it; as such any observation of any honourable member with regard to the policy behind the introduction of the Sales Tax Act is completely out of order.

Sj. Apurba Lal Mazumdar:

আমি এর উত্তরে বলছি যে আমি আমার বক্তৃতার প্রথম সেনটেন্সএ বলেছি যে আমি সেলস ট্যাক্সএর পদ্ধতি বা প্রসিডিওরএর বিরুদ্ধে বলতে চাই। আমি এন্টায়ার সেলস ট্যাক্স এ্যাক্টএর বিরুদ্ধে বলছি না। যেভাবে এই ট্যাক্স লেভী করা হচ্ছে এবং আদায় করা হচ্ছে সেই বিষয়েই আমি আমার প্রথম সেন্টেন্সএ বলেছি যে সেই পদ্ধতি বা নীতির বিরুদ্ধেই আমার আপত্তি—not the entire Act.

Mr. Speaker: The point though technical is an important one—about reflection on any determination of the Assembly except on a motion for amending or rescinding it. It may cover the entire field; it may cover a part of the field. There is no motion before the House for amending or rescinding it. That is the point that has been taken.

Sj. Apurba Lal Majumdar: I am not critising the entire Act.

Mr. Speaker: If I got your speech rightly, you contend that during the Suhrwardy regime something was done and some honourable members condemned it then. Of course there is a change of front now. That is your

contention. Whether the Act is iniquitous or not—whether it needs repeal partly or wholly—that is not the motion that is being debated in this House. To that your attenion is being drawn.

Sj. Deben Sen: Mr. Speaker, Sir, the point of order just raised really raises a very big question. The result is that if the point of order is upheld in discussing any grant, we cannot refer to any Act or criticise an Act.

Mr. Speaker: No, no, Mr. Sen, you are very wrong. You have not appreciated the point of order that he has raised.

Sj. Deben Sen: What is the point of order raised by the Hon'ble Judicial Minister?

Mr. Speaker: The point that the Hon'ble Minister has raised is this. If you have the Assembly Procedure Rules.....

Sj. Deben Sen: What particular rule you mean?

Shri Bijoy Singh Nahar: You have not seen the rule and you raise the point.

Mr. Speaker: Please stop interruptions. The point of order is an important question because it encroaches on the right of the members to speak. Therefore, there must be a clear decision on the point. Now the honourable member has raised this point. Will you kindly look at page 11 of our Assembly Procedure Rules? If you see rule 13(2)—a member while speaking may not reflect on any determination of the Assembly except on a motion for amending or rescinding it. Now, what does that mean—reflect on any determination? That is the whole question. My own interpretation of the thing is you can criticise in various ways whether it is iniquitous or not, whether the imposition is good or bad but as the Act is being applied at the present moment, it can certainly be the subject matter of discussion in this House. There is not the slightest doubt about it but whether the imposition of the Act has been iniquitous or not—that is a point which you cannot discuss.

Sj. Deben Sen: It is a very important point and I bow to your ruling.

Mr. Speaker: Mr. Sen, it is farthest from my mind to impose my decisions on you knowing that you are helpless in the matter. I have a duty cast upon me that if an honourable member raises a point, I have to decide the point as fairly as I can. If you look at the language "reflect on any determination of the Assembly", do not go beyond that—what those words mean—what is the determination of the Assembly? The determination of the Assembly was the passing of the Act itself and if you are out to condemn it, you have got to take out a motion for amending the Act itself or for rescinding the Act as a whole. In that case it is open to you to condemn the Act as a whole if I am clear to you. I am trying to help you and help the House incidentally and help myself. The point is, what is the fact?—The debate on what—on the determination of what, of the Act itself? But it is open to you to reflect on the determination of the Assembly—that is the Act if you are trying to amend the Act or rescind the Act itself. Under that paragraph of the rules you are certainly entitled to do so. What is being debated now is not trying to amend the Act itself or rescind the Act itself. The application of the Act can be certainly open to all criticisms from the House. That is the point.

Sj. Apurba Lal Majumdar: On a point of information, Sir.

এই অ্যাকটএর পার্টিকুলার ধারা সম্বন্ধে আমরা কোন সাজেশন রাখতে পারি কিনা?

Mr. Speaker: It is always open to you.

Sj. Deben Sen: Even after the explanatory statement made by you we feel doubtful about the interpretation put on this sub-section by you. We would, therefore, request you to keep it in abeyance for the present.

Mr. Speaker: If you wish to have a written ruling you will have it tomorrow. But for the day my decision stands.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, an Act is passed by the Legislature and therefore without asking the Legislature to reconsider the Act if you comment upon the provisions of the Act—not the application of the Act, how it has been framed—then you are really analysing yourself, you are condemning yourself to give an opportunity to amend the Act.

[6-45—6-55 p.m.]

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার স্যার, আমি একটা পয়েন্টএ ক্লারিফাই হতে চাচ্ছি। এই পয়েন্ট অফ অর্ডার যে তোলা হয়েছে সেটার উপর একটু জোর দিতে চাচ্ছি।

"Reflect on any determination of the Assembly".

এখানে

what is the meaning of the word "Assembly"?

Mr. Speaker: Mr. Banerjee, I am trying to clear up the position. I am not taking notice of what Dr. Roy has said. If you want a ruling, you will have the ruling later on.

Sj. Subodh Banerjee:

আমার প্রথম কথা হচ্ছে, এসেম্বলী সম্বন্ধে এখানে একটা ডেফিনিশন দেওয়া আছে। তাতে বলা হচ্ছে—

Assembly means West Bengal Assembly. Whether that Assembly means the Assembly formed in 1936 or the present Assembly—that is the whole point. I think the Assembly means the present House. Therefore, the Sales Tax Act was passed not by this House, but by the House of 1936.

Mr. Speaker: If that is the point, that does not worry me at all.

Sj. Jatindra Chandra Chakraborty:

মাননীয় স্পীকার মহোদয়, আমার কথাটা শুনুন।

Mr. Speaker: Will you sit down, Mr. Chakraborty? I will not hear you. I have given my ruling and I have already decided the point of order. But of courtesy to honourable members I have heard enough of interpretations and I will not allow you to interpret. Please sit down.

Sj. Jatindra Chandra Chakraborty:

আমি বুঝেছি, কিন্তু আমার কথাটা একবার শুনবেন না? আমার কথা হচ্ছে.....

Mr. Speaker: Will you disregard the Chair? Please sit down.

Sj. Apurba Lal Mazumdar:

মিঃ স্পীকার স্যার, এই সেলস ট্যাক্স সম্পর্কে এর আগে মাননীয় সদস্য শিশির দাস মহাশয় আপনার কাছে কয়েকটি বক্তব্য রেখেছেন, বিশেষ করে এসেনসিয়াল গুডস এই এ্যাক্টএর আওতায়, যেগুলি পড়েছে, অর্থাৎ যেসমস্ত নিত্যপ্রয়োজনীয় ব্যবহার্য জিনিসগুলি না হলে

পর সাধারণ মানুষের জীবনধারণ করা চলতে পারে না, সেই সমস্ত জিনিসের উপর সেলস ট্যাক্স এখনও পর্যন্ত ধার্য আছে। সেই সেলস ট্যাক্স এ্যামেন্ডমেন্ট সম্পর্কে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো, যাতে অন্ততঃ এই সমস্ত এসেন্সিয়াল গুডস বা জিনিসের উপর থেকে সেলস ট্যাক্স সরে যেতে পারে আওতার বাইরে যেতে পারে তার ব্যবস্থা করুন। এই সম্পর্কে আমি দুটা জিনিসের উপর মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৪১ সালে যেদিন কংগ্রেসের সদস্যরা এই সমস্ত জিনিসের উপর সেলস ট্যাক্স না হওয়ার জন্য এই সভাকক্ষে যে সকল কথা বলেছিলেন এবং তার জন্য যে এ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন সেগুলি হল—মেডিসিন, কোর্স ক্লথ, পিস গুডস, পেপার প্রভৃতির উপর কারণ এইসকল জিনিসের উপর সেলস ট্যাক্স বসান নীতি বহির্ভূত, এবং তাতে সাধারণ মানুষের উপর আঘাত সবচেয়ে বেশী আসে। এই কথাগুলি বলে, সেদিন তাঁরা এই সেলস ট্যাক্স আইনকে এ্যামেন্ড করতে চেয়েছিলেন। ট্যাক্স অন নলেজ, অর্থাৎ সেলস ট্যাক্স অন বুকস, এই বই এর উপর যেন ট্যাক্স বসান না হয়।

[6-55—7-5 p.m.]

পেপারের বা কাগজের উপর ট্যাক্সকে ট্যাক্স অন নলেজ বলা হয়। আশা করি ওপক্ষে যাঁরা আছেন তাঁদের মধ্যেও অনেক জ্ঞানপিপাসু পণ্ডিত ব্যক্তি আছেন, তাঁরাও নিশ্চয়ই এটা চাইবেন না, যে বইএর উপর ট্যাক্স করে শিক্ষাজীবনকে ব্যাহত করা হয়। আমাদের দেশের যাঁরা শিক্ষায় উন্নতি হোক এই আকাঙ্ক্ষা পোষণ করেন তাঁরা আশা করি এই ট্যাক্স সরিয়ে দেবার জন্য চেষ্টা করবেন। এই প্রসঙ্গে আমি বলতে পারি ১৮৬১ সালের ১৫ই এপ্রিল, সোমবার মিঃ গ্লাডস্টোন যে বাজেট পেশ করেছিলেন—আজ থেকে কত বছর আগে একবার কল্পনা করুন—সেই বাজেটে বইএর উপর থেকে ডিউটি তুলে দিয়েছিলেন, তখন ইংলন্ডের গণতান্ত্রিক মানুষ এই ডিউটিকে ঘৃণার সঙ্গে প্রতিরোধ করেছিল। সমস্ত ইংরাজ জাতি এটাকে ঘৃণা করত। আর বাংলাদেশে এখন ট্যাক্স অন নলেজ করা হচ্ছে। যাঁরা গণতন্ত্র বিশ্বাস করেন তাদের কাছে আবেদন করব তাঁরা এটা নিশ্চয়ই তুলে দেবেন। আমাদের এখানে মেডিসিনএর উপরেও ট্যাক্স—যে মেডিসিনএর অভাবে রোগী মরতে বসেছে সেই মেডিসিনএর উপর ট্যাক্স করতে আমরা কসুর করি নি। মেডিসিনএর উপর যেভাবে সেলস ট্যাক্স নেওয়া হয় তার বিরুদ্ধে দীর্ঘদিন ধরে অনেক বক্তৃতা হয়েছে। মেডিসিনএর উপর ট্যাক্স মানে ট্যাক্স অন পেসেন্ট—মানুষকে বাঁচতে হলে ট্যাক্স দিতে হবে। এরই নাম হচ্ছে রিগ্রেসিভ ট্যাক্সেসন, এই প্রসঙ্গে আমি ডাক্তার রায়কে বলব আমাদের দেশেও বিহারের মত লাকসারী গুডস-এর উপর যেমন, রেফ্রিজেরেটর, ওয়ারলেস রিসিভার, গ্রামোফন রেকর্ডস, আভরি আর্টিকলস, টেবিল কাটলেরি, রাইফেলস, রিভলবারস, অটোসাইকেলস, ইত্যাদি যেসমস্ত আর্টিকলসএর উপর সেলস ট্যাক্স আছে, তাদের উপরই সবচেয়ে বেশী ট্যাক্স যেন ধার্য করা হয়। বিহারে এগুলিতে টাকাপ্রতি ৯ পাই করে ট্যাক্স ধার্য করে, অনেক প্রয়োজনীয় জিনিসের উপর টাকাপ্রতি ৩ পাই করে সেলস ট্যাক্স ধার্য করা আছে। কিন্তু আমাদের বাংলাদেশে এই একটু আগেই সুবোধবাবু বলে গেলেন যে নেসেসারিস অফ লাইফ ও লাকসারী গুডসএর উপর সমানভাবে ট্যাক্স করা হচ্ছে। কোনরকম ক্যানন অফ ট্যাক্সেশন দ্বারাই এটা জাস্টিফাই করতে পারবেন না। সেজন্য আমি আবেদন জানাই আপনারা সেলস ট্যাক্সএর পদ্ধতিটা চেনজ করুন। আমাদের দেশের বাইরে জার্মানীতে, ফ্রান্সে, চেকোশ্লোভাকিয়া প্রভৃতি দেশের সেলস ট্যাক্সএর ইতিহাস যদি আমরা সামান্যও আলোচনা করি তাহলে দেখতে পাব লাকসারি গুডসএর উপর সেলস ট্যাক্স অনেক বেশী। বিশেষ করে বাংলাদেশে আজকে যখন ৭০ পারসেন্ট মানুষের ক্রয়ক্ষমতা নিঃশেষ হতে চলেছে তখনই এই দুঃখ দারিদ্রাক্লিষ্ট সাধারণ মানুষকে আরেকটু রিলিফ দেবার জন্য চিন্তা করা দরকার।

[At this stage the red light was lit.]

আরেকটু সময় দিন, স্যার, লাকসারি গুডসএর ব্যাপারে বোম্বের সঙ্গে যদি তুলনা করেন তাহলে দেখবেন ১৯৫৭-৫৮এ বোম্বেতে লাকসারি গুডসএ আদায় হয়েছে ২·৭০ কোটি, আর এখানে হয়েছে ৪১ কোটি, ইলেকট্রিক ডিউটি ওখানে হয়েছে ২·৮০ কোটি, আর আমাদের এখানে আদায় হচ্ছে ২৬ কোটি, আরো আমরা দেখি মটর স্পিরিট বোম্বেতে আদায় হয়েছে ২·১৪

কোটি, আর আমাদের এখানে ১·৫১। আমাদের বাংলাদেশে লাকসারি গুডস থেকে ভাল আদায়ের সম্ভাবনা থাকা সত্ত্বেও আদায় করছেন না। সরকারের এই প্রতিক্রিয়াশীল নীতির বিরুদ্ধেই আমার বক্তব্য পেশ করছি।

Sj. Jatindra Chandra Chakraborty:

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আপনি আপনার রুলিংএর ইন্টারপ্রিটেসন দিলেন। কয়েকজন সদস্যকে ক্লারিফিকেশনএর জন্য বলতে দিয়েছেন। আপনি যে রুলিং দেবেন এবং সেই রুলিংএর যে ইন্টারপ্রিটেশন দেবেন সদস্য হিসাবে তা আমি মেনে নেব। কিন্তু এই ইন্টারপ্রিটেসন সম্বন্ধে আমি একটা পয়েন্ট জানতে চাচ্ছি। এবং সদস্য হিসাবে এই অধিকার আমার আছে বলে মনে করি। আমি জানতে চাই আপনি কি আমাকে এই অধিকার থেকে বঞ্চিত করতে চান? তাই যদি হয় তাহলে আমি যে কথা জানতে চাচ্ছি.....

Mr. Speaker: I have already given the ruling. If you had carefully heard, you would have noticed that I had given my ruling and there is no room for further interpretation. All that I tell the members of the House is that if for convenience you want the ruling in writing, the writing will be available tomorrow but the ruling is already there. Before you rose, I had given my ruling and the ruling is final.

Sj. Jatindra Chandra Chakraborty:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার রুলিং মেনে নিয়েছি। নিশ্চয়ই মানব। রুলিংএর নিশ্চয়ই বিরোধিতা করব না। রুলিং দেবার পর সেই রুলিংএর ইন্টারপ্রিটেশন সম্পর্কে যখন খটকা লেগেছে এবং বিশেষ করে আপনি দুইজনকে বলতে দিয়েছেন—আমি জানতে চাই, যখন আমি এই ইন্টারপ্রিটেশন সম্বন্ধে তার অর্থ জানতে চাচ্ছি তখন আমাকে রুলিংএর দোহাই দিয়ে বসিয়ে দিলেন।

Mr. Speaker: When the ruling in writing comes, all the details will be there and perhaps there will be no occasion to ask for clarification. If it were an oral ruling not backed by something in writing, members might be in doubt. But I have promised the honourable members of this House that a ruling in writing is going to be supplied and then if you want a clarification, I will allow,—not now.

Sj. Sisir Kumar Das: The practice in the House of Commons in England is this. When a ruling has been given and if the House thinks that the ruling is not correct then a motion can be moved regarding the ruling and discussion takes place. That is not done here. Here the rule is different. The rule here is that the Speaker's ruling is final; that cannot be debated upon. Therefore before the Hon'ble Speaker gives any ruling I think there should be sufficient opportunity given to all sections of the House to express their opinion. In view of the fact that you had given your ruling in haste.....

Mr. Speaker: You are not to say that I have done it in haste. I have given my best judgment. You cannot criticize the Speaker.

Sj. Sisir Kumar Das: I am not criticizing the Speaker.

Mr. Speaker: Of course, you are. You have said "in haste". It is a well-considered ruling. It is not a question of haste, Mr. Das, and I have promised the House a ruling in writing.

Sj. Sisir Kumar Das: I did not mean any reflection on the Chair.

Mr. Speaker: I do protest that remark of yours, that is, "in haste". It is a reflection on the Chair. It is a reflection on me that I made haste. If you will sit down, Mr. Das. You need not hear others when I am

talking and addressing you. It is ordinary courtesy that you should not listen to other members but listen to me. These remarks are for you. A point was raised. I took pains to explain it to the members of the House.

[7-5—7-15 p.m.]

A point of order was raised, and I did as best as I could to answer that point of order. Then I said that it was furthest from my mind to curtail the rights and privileges of members of this House. I will give a ruling in writing tomorrow, and that was accepted. But some members out of anxiety wanted a little clarification. So, out of courtesy, I complied with their wishes. Mr. Sen and Mr. Subodh Banerjee tried to explain their points of view, and that is there. But I made it clear to honourable members of this House that that was my ruling for the day. If you want to criticise my ruling I do not think it is either right or legitimate or permissible under the rules.

Sj. Sisir Kumar Das: I am not criticising.....

Mr. Speaker: Therefore, Mr. Das, no further discussion is necessary.

Sj. Sisir Kumar Das: Sir, I was not criticising your ruling, I tried to draw your attention to the fact that before any ruling is given, we the members of this House, should be given an opportunity to present our viewpoints.

Mr. Speaker: I entirely agree with you, but after the ruling is given if that opportunity is sought, that opportunity cannot be given. Before the ruling every member has a right to address the Chair.

Sj. Bankim Mukherjee: Cannot we re-open the ruling?

Mr. Speaker: No. You must show me the rule under which this can be done, and I will fix a time when the ruling can be re-opened or re-heard.

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, এই খাতে আলোচনার সময় দেখলাম যে এই পক্ষের বক্তারা সেলস ট্যাক্স খাতে বেশী আয়ের ব্যবস্থা দেখে আতঙ্কিত হচ্ছিলেন তখন আমাদের মুখ্যমন্ত্রী অত্যন্ত উৎফুল্ল হয়ে বলেন যে, বেড়ে যাওয়াটা কি খুব অন্যায় হচ্ছে? এটা যে অন্যায় আপাতদৃষ্টিতে কেউ না মনে করবে না। কিন্তু এই রাজস্ব আদায়ের সময় এটা যখন দেশের প্রত্যেকটি মানুষকে আঘাত করে তখন যে-কোন ব্যক্তি সেটা দেখে বলবেন যে এটা খুব অন্যায় হচ্ছে। ডাঃ রায় কেবলমাত্র রাইটার্স বিল্ডিং এবং ওয়েলিংটন স্ট্রীটে অবস্থান না করে যদি কিছুদিনের জন্য তিনি বাজারে যান তাহলে সেখানে তিনি সাধারণ ক্রেতাদেরই দেখবেন যে না হয় তার সঙ্গে সঙ্গে ডাক্তার মানুষ হয়ে তিনি সাধারণ ক্রেতাদের পালস ইনডেকসও দেখতে পারবেন। আবার যখন একটা নতুন বিলের সঙ্গে আর একটা বিল দেওয়া হয় তখন ক্রেতার মনের অবস্থা কি হয় সেটাও নিয়ে আপনি অনুভব করতে পারবেন। কিন্তু তাঁর একটা দুর্নাম আছে বা সুনামও বলতে পারেন যে, তিনি নাকি স্যাডিস্ট—অর্থাৎ অন্যের দুঃখে খুব আনন্দিত হন।

এরপর আমি তাঁকে আর একটা অনুরোধ করি। সেটা হচ্ছে যে, যে ডিপার্টমেন্ট মারফত সেলস ট্যাক্স আদায় করা হয়, সেই ডিপার্টমেন্টে তো তিনি মাঝে মাঝে গিয়ে দেখতে পারেন যে কি ব্যবস্থার মধ্যে এই সেলস ট্যাক্স আদায় করা হয়। কোলকাতার ছোট ও মাঝারি ব্যবসাদারদের ভীড় সেখানে লেগেই আছে এবং সেই সঙ্গে শিক্ষিত শ্রেণীর উকিল মোক্তারও সেখানে রয়েছেন। এ ছাড়াও সেখানে কিরকমের হ্যারাসমেন্ট চলে সেটাও আপনি দেখতে পাবেন। সেখানে তাঁরা ঘণ্টার পর ঘণ্টা বসে আছেন, কখন যে কমিশনার বা এ্যাসিস্টান্ট কমিশনার অনুগ্রহ করে ডেকে পাঠাবেন তার ঠিকানা নেই। এ বিষয় নিয়ে তাঁরা মন্ত্রীমহাশয়

ও সরকারের কাছে অনেক আবেদন নিবেদন করেছেন, কিন্তু আজ পর্যন্ত এর কোন সুরাহা হয় নি। তাই আমি ডাঃ রায়কে বলি যে তিনি যে ব্যবস্থা করেছেন সেটা কি একটা ব্যবস্থা হয়েছে। তিনি ট্যাক্সেসন এনকোয়ারী কমিশনএর কথা বলেছেন বলে আমি তাঁকে সেই কমিশনের রিপোর্টের মধ্যে একটু যেতে অনুরোধ করব এবং সেখানে এ্যাডমিনিস্ট্রেসন সম্বন্ধে কি রিমার্ক করা আছে সেটাও একটু দেখতে বলব। সেখানে বলা হচ্ছে দি রেভেনিউ আরনিং ডিপার্টমেন্ট এবং এই ডিপার্টমেন্টেই হচ্ছে যে-কোন রাজ্যের ভিত্তিস্বরূপ। সেখানকার মানুষের ব্যবহার হবে আদর্শ, কারণ সেখানে যে মানুষ টাকা দিতে আসছে সে হচ্ছে ট্যাক্স-পেয়ার। অতএব এইরকম যে লোক তাকে সাহায্য করতে হয়, অর্থাৎ কিভাবে সে খাতা লিখবে, কিভাবে ফর্ম লিখবে এইসব নিয়ে তাকে সাহায্য করতে হয় এবং তার অন্যায় কোথায় হচ্ছে না হচ্ছে সেইসব তাকে বুঝিয়ে দিতে হয়। শুধু এই একটি মাত্র ডিপার্টমেন্ট যে ডিপার্টমেন্টের একমাত্র লক্ষ্য হবে লোকের সঙ্গে ভাল ব্যবহার করা। কিন্তু তা না হয়ে কি করে সাধারণ মানুষকে জব্দ করা যায়, তাকে হ্যারাস করা যায় এবং যে কোন ধরণের লোক হোন না কেন তাকে তারা আমল দেয় না। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে আমি আর একটা বিষয় বলতে চাই। কলকাতা শহরে একটা নতুন ট্যাক্স ধরা হয়েছে যার নাম হচ্ছে অকট্রোই ট্যাক্স। কিন্তু ভারতের সংবিধানে অকট্রোই ট্যাক্স আদায় করা কোন প্রভিনসিয়াল সরকারের অধিকার নেই বলে তাই এর নামকরণ করা হয়েছে এন্ট্রি ট্যাক্স। এই এন্ট্রি ট্যাক্সএর মারফত তাঁরা ট্যাক্স আদায় করছেন। কিন্তু এই রাজস্ব যে কার কাছ থেকে আদায় করা হচ্ছে সেটা একটু বিচার করে দেখতে হবে। সাধারণ রোগী যাকে ফল খেয়ে বাঁচতে হয়, ফল ছাড়া যার চলে না এবং বাঙ্গালীকে যেখানে ফলের উপর নির্ভর করতে হয় সেখানে সেই ফলের উপরেই এন্ট্রি ট্যাক্স বসান হয়েছে। এই ট্যাক্স বসানো প্রায় দেড় বছর হয়েছে, এবং সেখানে নিশ্চয় ডাক্তার রায়ের অভিজ্ঞতা হয়েছে যে এই ট্যাক্স কাকে আঘাত করছে। এই ট্যাক্স আঘাত করে সাধারণ মানুষকে, ছোট ছোট ব্যবসায়ীদের অজস্র ফেরিওয়ালাদের। এ ছাড়া এটা সত্যি কথা যে এই কলকাতা শহরে আগে যে পরিমাণে ফল আসত আজকাল দেখা যায় যে তারচেয়ে অনেক কমে গেছে। যেমন যে লেবু বছরে প্রায় পাঁচ-ছয় বার এসে কলকাতা শহরের বাজার ভরিয়ে দিত এবং সবচেয়ে সস্তায় বিক্রি হত সেই লেবুই আজকে টাকায় ৪-৫ টার বেশি পাওয়া যায় না। গত বছর পর্যন্ত টাকায় ১৫-১৬টা করে যে লেবু পাওয়া গিয়েছিল সেই লেবুই এ বছরে টাকায় ৪-৫টার বেশী পাওয়া যায় না। এখানে সবচেয়ে আশ্চর্যের বিষয় যে এই সমস্ত জিনিসের ব্যবসা যারা চালান তাঁরা সব বড় বড় হোমড়া চোমড়া এবং এদের সঙ্গে ডাঃ রায়ের নাকি খুব পরিচয় আছে বলে তাঁদের অনুরোধে গতবার আইন করবার সময় লেবুর উপরে এই আইনটা তিনি করেছিলেন। অর্থাৎ লেবুর উপর আইন করলে নাকি ওরা খুব খুশী হবেন। কিন্তু এই লেবুর উপর আইন করে কি হল না সাধারণ মানুষ আজ লেবু খেতে পায় না এবং এর জন্য সরকারের দুর্নাম হচ্ছে। কিন্তু আবার সেই দুর্নামের ভাগী তাঁদের হতে হবে যদি মোনোপলিস্টদের তাঁরা অনুগ্রহ না করেন। এই সমস্ত বড় বড় কারবারীরা সরকারের কাছে আবেদন করেছিল আমরা ট্যাক্স দিই কিন্তু ছোট ছোট কারবারীরা নাকি ট্যাক্স দেয় না। যদি তাঁরা এই কথা বলে থাকেন তাহলে সরকার কেন সেই কথা বিশ্বাস করলেন তা জানি না? এই কথা বিশ্বাস করার কোন কারণ নেই। কারণ যারাই কলকাতা শহরে ব্যবসা করে তাদের ধরবার যন্ত্র সরকারের হাতে নিশ্চয় আছে। এবং সরকার ইচ্ছা করলে কলকাতা শহরে যারা ব্যবসা করে তাদের কাছ থেকে সেলস ট্যাক্স, ইনকাম ট্যাক্স ইত্যাদি যত রকমের ট্যাক্স আছে তা আদায় করতে পারেন। কিন্তু আজ বড় বড় ব্যবসাদাররা মোনোপলিস্ট, কালোবাজারীদের অনুরোধে তাদের জন্য সরকার এইরকম ধরনের একটা আইন করলেন। এটা করে তাঁরা মনে করেন যে রাজস্ব খাতে অনেক আয় হল, কিন্তু সত্যি কথা বলতে গেলে কি হল না বড় বড় মোনোপলিস্ট বা কালোবাজারী যারা করে তারাই আজকে সরকারকে এই ট্যাক্স ফাঁকি দিচ্ছে। গত ১৯৪৮ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত সরকারকে তারা কত টাকা দিয়েছে? একটু আগে পূর্ববর্তী একজন বক্তা বললেন যে গত বছর মোনোপলিস্ট ফলওয়ালারা বলেছিলেন যে তাঁরা তিন লক্ষ টাকা সেলস ট্যাক্স দেবেন, কিন্তু তাঁরা সেটা কোথায় দিলেন? কিন্তু আসলে তাদের দেবার কোন উৎসাহ নেই। ফলওয়ালাদের যেসমস্ত ইউনিয়ন আছে তার তরফ থেকে তারা সরকারের কাছে প্রমাণ নিয়ে হাজির হয়েছিলেন এবং

বলেছিলেন যে, এই সমস্ত মোনোপলিস্টরা গত দশ বছর ধরে সরকারকে ফাঁকি দিচ্ছে। এঁরা গত চার-পাঁচ বছরের মধ্যে এত লাভ করেছে যে সরকার ইচ্ছা করলে এদের কাছ থেকে ৫০-৬০ লক্ষ টাকা পর্যন্ত আদায় করতে পারেন। কিন্তু তাদের বাঁচবার জন্যই তো এই এন্ট্রি ট্যাক্স করা হল এবং এই এন্ট্রি ট্যাক্স দিচ্ছে সাধারণ মানুষ। যারা সাপ্লায়ার তাদের মাঝখানে যারা কমিশন এজেন্ট রয়েছে তারাই হচ্ছে মোনোপলিস্ট এবং তারাই সত্যি সত্যি ট্যাক্স ফাঁকি দিচ্ছে। সুতরাং সেই অরিজিন্যাল সোর্সএ ট্যাক্স না বসাতে পারলে ট্যাক্স ফাঁকি পড়বেই।

[7-15—7-25 p.m.]

শুধু তাই নয় আর একটা অন্যায় তারা করছে—ফলের কালোবাজারী করছে এবং এন্ট্রি ট্যাক্স ফাঁকি দিচ্ছে। এখন এই কোলকাতা শহরে কিভাবে তারা কালোবাজারী করছে সেটা দেখা দরকার? এই কোলকাতা শহরে ৫-৬টা কোল্ড স্টোরেজ আছে। এই সমস্ত কোল্ড স্টোরেজ চার-পাঁচ-ছয় মাস পর্যন্ত আবশ্যকীয় সমস্ত সিজনএর ফল সেখানে গুদামজাত করে রেখে দিচ্ছে। দিনের পর দিন সেখানে এই যে সমস্ত জিনিস পড়ে থাকে সরকার থেকে সেসব না দেখার ফলে তারা যথা সময়ে একটু একটু সেই সমস্ত মাল বার করে এবং এর ফলে সাধারণ মানুষকে টাকায় ৪-৫-৬টা করে দুর্মূল্য দামে লেবু কিনতে হয়। সরকারের উচিত যারা সত্যি সত্যি ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের উপর ট্যাক্স ধরা। তাদের উপর ট্যাক্স ধরার রাস্তা শুধু এন্ট্রি ট্যাক্স নয়। এই এন্ট্রি ট্যাক্স দিয়ে লক্ষ লক্ষ টাকা আদায় করার পন্থার যে সরকারের তরফ থেকে অন্যান্য যে পন্থা রয়েছে সেসব গ্রহণ করা উচিত। সরকারের ট্যাক্স আদায় করার পন্থার মধ্যে ইনকাম ট্যাক্স পন্থা রয়েছে। এইরকম পন্থা গ্রহণ করলে যারা বেকার তাদের রোজগারের একটা সুরাহা হতে পারে এবং সঙ্গে সঙ্গে ট্যাক্স আদায় করার পক্ষেও কোন ক্ষতিকর হয় না। এই সরকারের কাছে আমার অনুরোধ যে তাঁরা অন্ততঃপক্ষে এই এন্ট্রি ট্যাক্স যে আইনটা তাঁরা করেছেন এটা তাঁরা উঠিয়ে নিয়ে সেলস ট্যাক্স ইত্যাদি নানান পন্থায় বড় কারবারী যারা ফাঁকি দিচ্ছে তাদের কাছ থেকে যথারীতি টাকা আদায় করা হোক। এর সঙ্গে সঙ্গে আর একটা জিনিস করা উচিত যে কোল্ড স্টোরেজএর নাম করে যে ব্লাক মার্কেটিং চলছে, এন্ট্রি ট্যাক্সএর অজুহাতে যে ব্লাক মার্কেটিং চলছে তাতে এই কোল্ড স্টোরেজগুলোকে এখনি শহর থেকে উঠিয়ে দেওয়া হোক। এ ছাড়া সেলস ট্যাক্স সম্বন্ধে কারবারীদের মধ্যে যে আপত্তি ওঠে সেটাকে দূর করা হোক। অর্থাৎ এই আফিসের মধ্যে যে দুর্ব্যবহার চলেছে, যে মিসম্যানেজমেন্ট রয়েছে, অফিসে সার্টিফিকেট পর্যন্ত দিতে চায় না ইত্যাদি সব দূর করা হোক। একজন লোক টাকা জমা দিলেও তাকে সার্টিফিকেট দিতে চায় না। এই সার্টিফিকেট না পাওয়ার ফলে তাঁরা কোন জায়গায় কনট্রাক্ট সাবমিট করতে পারে না, অন্য কোন ব্যবসা করতে পারে না এবং এ ছাড়াও নানান অসুবিধাতে পড়তে হয়। সেজন্য বলছি যে অনতিবিলম্বে অফিসের মধ্যে যেসমস্ত মাল-এ্যাডমিনিস্ট্রেসন, মিসমেনেজমেন্ট আছে সেগুলোকে এখনি দূর করা দরকার। এ ছাড়া যেসমস্ত অফিসারদের মোটা মাইনে দিয়ে পোষা হচ্ছে তাদের দিকেও দৃষ্টি দেওয়া হোক। একটা সেলস ট্যাক্স অফিসে তিনজন কমিশনার, নয়জন এ্যাসিস্টেন্ট কমিশনার এবং তার সঙ্গেও আরও পারফাবনালিয়া থাকার জন্য ডিপার্টমেন্টে খরচা বেড়ে যাচ্ছে। অতএব এইরকম টপ হেভী এ্যাডমিনিস্ট্রেসন না রেখে তাদের অন্য অন্য জায়গায় ট্রান্সফার করা হোক এবং এঁরা কিভাবে কাজ করছে না করছে সেসব চেক-আপ করা হোক। তাঁদের উপর ভার আছে যে এঁরা মাসে ৪৫টা কেস দেখবেন। তাঁরা সত্যি ৪৫টা কেস মাসে দেখেন। কিন্তু সেসব কিভাবে দেখেন? মাসের গোড়ায় প্রথমে পনের-বিশ দিন তাদের একটা কেসও দেখবার অবসর হয় না বা দুই-একটা কেস দেখেন এবং মাসের শেষের দিকে দেখা যায় সেসমস্ত কেসগুলো তাঁরা হুড়োহুড়ি করে করেন। এর ফল হচ্ছে এই যে তাঁরা কাউকেই সুবিচার দিতে পারেন না এবং এতে সরকারের রাজস্ব আদায় ঠিকমত হয় না বা সাধারণ পার্টির উপরও কোন সুবিচার হয় না। অতএব এই ধরনের এ্যাডমিনিস্ট্রেশনকে বদল করা দরকার এবং মাঝে মাঝে এই এ্যাডমিনিস্ট্রেশনকে চেক-আপ করা দরকার। অর্থাৎ যে মন্ত্রীমহাশয় এই বিভাগ দেখেন তাঁকে এই ডিপার্টমেন্টএ গিয়ে দেখতে হবে যে সাধারণ মানুষের আর কি অসুবিধা আছে, তাদের উপর আর কি দুর্নীতি ইত্যাদি চলছে সেগুলো দেখা দরকার। কারণ সকলেই জানেন যে এদের এই হ্যারাসমেন্টএর জন্য সেলস ট্যাক্সের ব্যাপার নিয়ে কোলকাতা শহরে বড় বড় ব্যবসায়ীরা কিভাবে ট্যাক্স ইভেড করে এবং

তারা এটা করে এজন্য যে তারা জানে যে সত্যি সত্যি খাতাপত্র নিয়ে গেলে তার তো শুনানী ঠিক হয় না বা অফিসারও ভাল করে সেসব দেখবে না। এমন কি এরা এইসব বিষয়ে ব্যবসায়ীদের কোন হেলপও করে না। সেজন্য তারা মনে করে যে সবচেয়ে ভাল কাজ হচ্ছে দুই-তিনটে খাতা তৈরি করা। এটা সকলেই জানেন যে কোলকাতা শহরে এ বিভাগের মারফৎ অথবা বিভাগকে বাদ দিয়েও এখানে কিভাবে নেপোটিজম চলছে। এদিক থেকে আমি মনে করি যে ডিপার্টমেন্ট-এর যথেষ্ট গাফিলতি আছে এবং যে মন্ত্রী এই বিভাগ দেখাশুনা করেন তাঁর উচিত সাধারণ মানুষ, ব্যবসায়ীর দিকে লক্ষ্য রেখে এখানে যেসব দুর্নীতি রয়েছে সেসব দুর্নীতি দূর করা। কয়েকটি অফিসার সম্পর্কে এইসব খবর তাঁরা বারবার শুনেছেন সেগুলোকে বন্ধ করা দরকার। বিশেষ করে সাউথের এন, সি, দত্ত, এবং তিনি যে কার আত্মীয় সেটা আমি উল্লেখ করতে চাই। কিন্তু এই অফিসার সম্পর্কে সরকারের কাছে ব্যবসায়ীমহল থেকে বারে বারে যে কমপ্লেন গেছে সে সম্পর্কে এই সরকার আজ পর্যন্ত কোন তাঁর স্টেপ নেন নি। আর একজন এন, সি. বিশ্বাস, যিনি এখন সেন্ট্রালএ আছেন, তার সম্পর্কে অনেক কমপ্লেন শোনা গেছে। তিনি শুধুমাত্র যে লোকের সঙ্গে দুর্ব্যবহার করেন তাই নয়, তাঁর সম্বন্ধে এই অভিযোগ আছে তিনি স্টাফের সঙ্গে দুর্ব্যবহার করেন। অর্থাৎ স্টাফেদের প্রমোশন সম্পর্কে নানারকম গোলযোগ করেন, এইসবের দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যদি সত্যই যথেষ্ট ট্যাক্স আদায় করতে চান তাহলে এইসব জিনিসের প্রতিকার করুন।

Sj. Gobinda Chandra Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের বিক্রয় কর নীতি পশ্চিমবঙ্গের ব্যবসায়ীকে —বিশেষ করে বাঙ্গালী ব্যবসায়ীর উপর এক মর্মান্তিক আঘাত এনেছে। উদাহরণস্বরূপ আমি বলতে পারি এই বিক্রয়কর প্রবর্তনের ১০ বৎসর পরে সরকার ১৯৫১ সালে পানের উপর সেলস ট্যাক্স চাপানোর সিদ্ধান্ত গ্রহণ করেন এবং জোর করে সরকার পক্ষ পশ্চিমবঙ্গের বিভিন্ন পান ব্যবসায়ীদের এই আইনের আওতার ভিতর এনে ফেলেন। হয়ত এতে কিছু গোলযোগ আরম্ভ হতে পারে বা আন্দোলন হতে পারে এই ভেবে বেছে বেছে আলমবাজারের কিছু ব্যবসায়ীর উপর এসেসমেন্ট করা হয়েছে। এটা একেবারে নীতি বিরুদ্ধ এবং এত গর্হিত কাজ যে ভুক্তভোগী না হলে আর কেউ সেটা উপলব্ধি করতে পারেন না। পশ্চিমবঙ্গ সরকার যখন পানের হাট ও বাজারের ব্যবসায়ীদের উপর বিক্রয়-কর বসালেন তখন কিভাবে জানি না কেবলমাত্র হাওড়ার কয়েকজন পানের আড়তদারের উপর সেলস ট্যাক্সের নোটিস জারি করতে পারেন, এটা আমরা বুঝতে পারি না। একেই জনসাধারণ কেন্দ্রীয় গভর্নমেন্ট কর্তৃক প্রবর্তিত নানা ট্যাক্সের বোঝা বহন করছে, তার উপর আবার পশ্চিমবঙ্গ সরকার পানের উপর বিক্রয়কর চাপাতে উদ্যত। স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়দের—বিশেষভাবে অর্থমন্ত্রী-মহাশয়কে ও প্রধান মন্ত্রীমহাশয়কে জ্ঞাত করাতে চাই যে পান ব্যবহার করে কারা? সাধারণ চাষী মজুর এবং নিম্নমধ্যবিত্ত ব্যক্তিগণের মধ্যেই পানের ব্যবহার সীমাবদ্ধ। সুতরাং এর দ্বারা বাংলাদেশের সাধারণ লোকের উপর—আর একটা অতিরিক্ত করের বোঝা চাপাতে উদ্যত হয়েছেন এই কংগ্রেস সরকার। কিন্তু তাঁরা চিন্তা করেন না যে গ্রীষ্ম ও বর্ষাকালে প্রচুর পান পচে নষ্ট হয়। যদি কোন (ক) ব্যবসায়ী কোন (খ) ব্যবসায়ীর নিকট ১০০ টাকার পান কেনে তাহলে তাকে চার টাকা এগার আনা বিক্রয় কর দিতে হয় এবং তা ফেরত হয় না। অথচ হয়ত অর্ধেক ভাল জিনিস বিক্রি করে সে দুই টাকা সাড়ে পাঁচ আনা আদায় করবে। কিন্তু বাকী দুই টাকা সাড়ে পাঁচআনা গভর্নমেন্ট তাকে কি ফেরত দেবেন? সুতরাং সাধারণ ব্যবসায়ীরা এইভাবে লোকসান করে কতদিন ব্যবসায় চালাবে? তা ছাড়া এইসব সাধারণ ব্যবসায়ীরা গড়ে ২০ টাকা —৩০ টাকার পান নিজেরা বিক্রী করে। এই বিক্রয়কর তাদের দিতে হয়, কিন্তু বিক্রয় করের হাঙ্গামা সামলাবার জন্য ৭০-৮০ টাকা দিয়ে এক-একটি সরকার পুষতে হবে। এইভাবে ব্যবসা চালান সাধারণ ব্যবসায়ীর পক্ষে অসম্ভব। আমার মনে হয় গভর্নমেন্টের এই অন্যায় বিক্রয়কর প্রবর্তনের ফলে সাধারণ পানের কারবার বাঙ্গালীর হাত থেকে চলে যাবে এবং যাঁরা এই সেলস ট্যাক্স ফাঁকি দেবার কাজে সিদ্ধ হস্ত তারাই সেই কাজ করবে।

আমার বক্তব্য অন্যান্য প্রদেশেও পানের উপর বিক্রয় কর আছে, যেমন উড়িষ্যায় বিক্রয়কর আছে, কিন্তু সেখানে টাকায় এক পয়সা, কিন্তু এখানে তিন পয়সা। কাজেই এখানে দাম বাড়বে

এবং সাধারণ লোক বেশী দাম দিয়ে পান কিনতে পারবে না। পশ্চিমবঙ্গে আড়াই লক্ষ লোক পান চাষের মধ্যে লিপ্ত, এদের উপর এরকম প্রত্যক্ষভাবে আঘাত হানা—পশ্চিমবঙ্গ সরকারের উচিত হবে না। এসেমব্লি প্রসিডিংস থেকে দেখতে পাচ্ছি, সেলস ট্যাক্স প্রবর্তনের পর থেকে বিভিন্ন দায়িত্বশীল নেতৃস্থানীয় ব্যক্তি প্রতি বছর এ সম্বন্ধে দাবী জানিয়েছেন এবং বুঝিয়েছেন। আবার সরকার অনেক জিনিসের উপর সেলস ট্যাক্স আদায় করছেন না কেন বুঝতে পারছি না। আর একই মাল বাজারে ১৭ বার বিক্রী হলে ১৭ জন ব্যবসায়ীকে সেলস ট্যাক্স ফর্ম আইন অনুযায়ী ১৭ বার নিয়ে সেলস ট্যাক্সের রিটার্ন দিতে হবে। এইভাবে কাজ বাড়িয়ে, অফিসার এবং ক্লার্ক বাড়িয়ে এসেসমেন্টের পথ প্রশস্ত করছেন কিন্তু তাতে সরকারের কি লাভ হচ্ছে তা বুঝতে পারছি না। তবে মনে হয় এতে বেকার সমস্যা সমাধানের একটা পথ খানিকটা পেয়েছেন। বাজারে সেলস ট্যাক্সের ফর্ম সাধারণভাবে পাওয়া যায় না এবং এই সেলস ট্যাক্সের ফর্ম পাওয়া একটা অসাধ্য ব্যাপারের মতন। এই সেলস ট্যাক্স ডিক্লারেশনএর ফর্ম পেতে হলে ব্যবসায়ীদের দুই-তিনদিন লাইন দিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে তবে পাওয়া যায়।

[7-25—7-35 p.m.]

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিক্রয়কর সম্বন্ধে আমি অতি সংক্ষেপে আমার বক্তব্য এখানে রাখব। আমার বক্তব্য হচ্ছে—আমাদের যে নিত্যপ্রয়োজনীয় জিনিস, সেইসব অত্যন্ত প্রয়োজনীয় জিনিসের উপর এই ট্যাক্স থাকা উচিত নয়। আমাদের দেশের কুটিরশিল্প—বিশেষ করে এই পর্যায়ের জিনিসের উপর বিক্রয়কর থাকা উচিত নয়। আমি গত পাঁচ বৎসর যাবৎ এই আবেদন মুখ্যমন্ত্রী-মহাশয়ের কাছে করে এসেছি। বিশেষ করে, আজকের দিনে দেশের যে অবস্থা—মানুষ বেকারী হয়ে গেছে : যাঁরা রোজগার করেন তাঁরাও, আমি মনে করি, অর্ধ বেকারী। জিনিসপত্রের দাম চড়ে গেছে। এই অবস্থায় সরকারের যেমন কর বাড়াবার প্রয়োজন আছে, তেমনি দেশের অবস্থা বিবেচনা করে সাধারণ মানুষকে কিছুটা সুবিধা দেবার জন্য যে কর ধার্য করা হয়েছে, তার কিছুটা থেকে রেহাই দেওয়া দরকার বলে আমি মনে করি। কতকগুলি জিনিস যেমন মোটা কাপড়, মোটা শাড়ী, যেমন সকলরকম খাবারের জিনিস—এর উপর কোন ট্যাক্স না থাকাই উচিত। আমি জানি, কম দামের তাঁতের শাড়ী, এবং তাঁতের ধুতির উপর থেকে ১৯৫৪ সাল থেকে বিক্রয় কর উঠে গেছে কিন্তু বেশী বেশী দামের কাপড়ের উপর ওঠে নি। আমার মনে হয়, কুটির-শিল্পকে বাঁচাবার জন্য যারা খুব ভাল তাঁতী, যারা ভাল শাড়ী ও ধুতি তৈয়ার করে—তাদের উৎসাহিত করবার জন্য এবং তাদের প্রস্তুত জিনিস যাতে বাজারে বেশী চালু হয়—সেইজন্য তার উপর থেকে বিক্রয় কর তুলে দেওয়া উচিত। আমি পূর্বে দুই-একটা বক্তৃতায় বলেছি—এই বলে বার বার আমি অনুরোধ করে এসেছি যে এইসব শাড়ী ধুতির উপর থেকে বিক্রয়কর তুলে দেওয়া উচিত। আমি আবার বলি যদি সাধারণ মানুষের বর্তমান অবস্থার কথা ভেবে দেখেন, তাহলে দেখবেন, অত্যন্ত দুরবস্থা তাদের—এমন দুরবস্থা যে বিধান সভায় তাদের দাবী-দাওয়া জানাবার জন্য তারা আসতে বাধ্য হয়েছে। দেশের বর্তমান অবস্থা কি—সাধারণ লোকের সাংসারিক অবস্থা কি সে জানাবার জন্য তারা এই কার্য করছে। সেখানে তাদের দাবীদাওয়ার বিষয় যদি অন্তরের সহিত বিচার করেন, তাহলে আমি বলব অবিলম্বে শাড়ীর উপর থেকে—সমস্ত রকম শাড়ীর উপর থেকে বিক্রয়কর তুলে দেওয়া উচিত। তার পর এই কথা আর একজনবন্ধুও বলেছেন—পুস্তকের উপর—সাধারণ মানুষের যাতে আগ্রহ হয় জ্ঞানচর্চার জন্য—সেইজন্য বইয়ের ও কাগজের উপর থেকে বিক্রয়কর তুলে দেওয়া উচিত। আর একটা জিনিসের উপর মুখ্যমন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—আমাদের এখানে অধিক শস্য ফলাও, এই আন্দোলন চলছে—খুব ভাল কথা। আমরাও মনে করি এই আন্দোলন চালান উচিত। সেইদিকে নজর রেখে আমি বলবো খুব আড়ম্বর করে না করলেও এ আন্দোলন চালান উচিত এবং এই প্রসঙ্গে আমি বলবো চারা গাছের বীজ—এইসব কাজ সারা করে তাদের সেইসব জিনিসের উপর থেকে বিক্রয়কর না গ্রহণ করাই সরকারের উচিত। আজকের দিনে যদি কোন লোক মনে করে যে দশটা লাউ বা কুমড়ো গাছ করবে তাহলে তার সেই বীজের উপর বিক্রয়কর দিয়ে কিনতে হবে। আমি আবার অনুরোধ করব, যদিও আমার সময় অত্যন্ত কম, ফলের উপর দুই ভাগে কর হচ্ছে। একটা হচ্ছে আমদানি কর আর একটা হচ্ছে বিক্রয় কর। মুখ্যমন্ত্রী মহাশয় এক সময় জানিয়েছিলেন যে আমদানি

বা এন্ট্রি ট্যাক্স যদি ভাল আদায় হয় তাহলে বিক্রয় করটা তুলে দেওয়া হবে। আমি আবার তাঁকে অনুরোধ করব সেটা যেন কার্যকরী হয়। আর একটা কথা আমি বলবো, পাতিলেবু সম্বন্ধে আজ তিন বৎসর সভ্যরা চীৎকার করছে, এই পাতিলেবুর কি অবস্থা হচ্ছে। যখন আমদানি হয় তখন সেটা থাকে ভেজিটেবল ক্লারপর যখন বাজারে গেল তখনই ফল হয়ে যায়। এই পাতিলেবু অত্যন্ত দরকারী মানুষের পক্ষে। যত গরীবই হক না কেন সে টুকরা পাতিলেবু খায়। সেদিকে নজর রেখে আমি বলবো এর উপর থেকে কর তুলে দেওয়া উচিত।

[At this stage the red light was lit.]

এক মিনিট, স্যার, তিনি এইসব জিনিসের উপর থেকে কর তুলে নিন এবং এতে যে সামান্য তার আমদানি কম হবে আমি মনে করি, আদায় যদি ভাল হয় তহলে তিনি এটা পুষিয়ে নিতে পারবেন। এবং এটা করার প্রয়োজনও আছে। সরকারী কার্য পরিচালনায় যে অপব্যয় হয় সেটা বন্ধ করতে পারলে আজকের দিনে সকলেই বুঝবে যে সরকার আমদের জন্য কিছু করছে—এটার দাম খুব। সাধারণ মানুষকে যদি কিছুটা রেহাই দিতে পারা যায় তবে তার মূল্য আছে। সেই দিক থেকে আমি বেশী করে অনুরোধ করি, আমি যে দাবীগুলি করলাম, যে বক্তব্য রাখলাম, এইসব জিনিস থেকে, বিশেষ করে কুটিরশিল্প এবং মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিসের উপর থেকে যেন বিক্রয়কর তুলে নেওয়া হয়।

Sj. Monoranjan Hazra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে খাতের আলোচনা হচ্ছে তার মধ্যে এনটারটেনমেন্ট ট্যাক্স সম্বন্ধে কিছু বলতে চাই। মাননীয় ডাক্তার রায় গোড়ায় যখন তার বক্তৃতায় বলেছিলেন এই খাতে ৭১ হাজার টাকার মঞ্জুরী করেছেন এবং এই থেকে ১ কোটি ২০ লক্ষ টাকা রাজস্ব আসবে। এই একটি মাত্র বিভাগ যেখানে সবচেয়ে কম খরচ করে বেশী টাকা আসে। অবশ্য ডাক্তার রায় ৭১ হাজার টাকার কথা বলেছেন, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি আপনি ভাল করে দেখেন তাহলে দেখবেন এর মধ্যে ৫৩ হাজার টাকা ষ্ট্যাম্পএর জন্য বলা আছে। কাজেই এই খাতের মূল খরচ হচ্ছে ১৮ হাজার টাকা এবং এ থেকে আদায় হয় ১ কোটি ২০ লক্ষ টাকা। এখানে আমি বলতে চাই এন্টারটেনমেন্ট ট্যাক্স থেকে যে টাকা আমরা পাচ্ছি, সেই টাকাটা দিয়ে কতকগুলি জিনিস ভাল করে গড়ে তোলা যায়, আমি বহুবার এই হাউসএ বলেছি যে জুট ইন্ডাস্ট্রী থেকে ৩৭ কোটি টাকা আসে এবং সিনেমা ইন্ডাস্ট্রি থেকে ৪০ কোটি টাকার বেশী আসে। কিন্তু এই শিল্পটা আমাদের দেশে প্রায় মরে যাচ্ছে। সেইজন্য আমি বলছি যে এর ৫০ পারসেন্ট টাকা এই ইন্ডাস্ট্রীতে ঢালা হোক এবং এটাকে একটা যথোপযুক্ত অবস্থায় এনে দাঁড় করান হক। এর মধ্যে কতকগুলি এ্যানোমালী আছে। যেমন প্রডিউসার প্রথমে ডিস্ট্রি-বিউটারকে দেয় তারপর হাউস ওনাররা তাদের সঙ্গে চুক্তি করে এই ছবি চালায়।

[7-35—7-45, p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অত্যন্ত কম সময়, সেইজন্য আমি কতকগুলি কাজের কথা বলি। আমাদের দেশে সিনেমার মাধ্যমে আমরা চেষ্টা করলে অন্ততঃ নিরক্ষরতা দূরীকরণে সাহায্য করতে পারতাম, প্রথম হচ্ছে অক্ষর শেখানোর দিক থেকে, দ্বিতীয় হচ্ছে জ্ঞানের দিক থেকে। অক্ষর শেখানোর দিক থেকে আমি একখানা রাশিয়ান পুস্তকের কথা উল্লেখ করছি। সেখানে একখানা ছবিতে দেখাচ্ছে চোখ বেঁধে চলছে, কোথায় গভীর খাদে পড়ে যাবে এইরকম অবস্থা। আর তার নীচে এই কথা লেখা আছে নিরক্ষরতা, অজ্ঞান, কোথায় গভীর খাদে পড়ে যাবে চোখ নাই।

এইসব কথা আমাদের গ্রামে ছড়ান যায়, তাতে অনেক উপকার হয়।

তারপর আমাদের ছেলেমেয়েরা আট-দশ বছর ধরে বাবরের পুত্র হুমায়ুন বলে পড়ে যাচ্ছে। আমরা ভারতবর্ষের ইতিহাসের এইসব ঘটনা বা বিষয়গুলি ছায়াচিত্র নির্মাণ করে আমাদের গ্রামাঞ্চল থেকে আরম্ভ করে সর্বত্র দেখাতে পারি, তাহলে আমাদের দেশের শিক্ষা অনেকখানি এগিয়ে যেতে পারে।

আজকে মানুষের রুচি অনেক বদলে গেছে, দেশে কালচারল মুভমেন্ট বেড়েছে? সেজন্য আমাদের কত অভাব আমরা অনুভব করি। কলিকাতায় একটা সঙ্গীতের হল নাই। হতে পারে তার জন্য প্রচুর টাকা ব্যয় করে, টিকিট কিনে বড় বড় লোকেরা, রাজরাজারা সঙ্গীতের আস্বাদ পেয়ে থাকেন। কিন্তু গরীব মানুষের সঙ্গীতের টেস্ট থাকা সত্ত্বেও সে তার কোন স্বাদ পায় না। তেমনি প্রত্যেক মিউনিসিপ্যাল এলাকায় মিউনিসিপ্যাল থিয়েটার হল প্রভৃতি যদি হয়, তাহলে সেখানে আমাদের দেশের ছাত্রেরা যুবকেরা কালচারাল মুভমেন্ট করবার একটা অবকাশ পায়।

আমি শেষে বলতে চাই সিনেমা শিল্পে আমাদের দেশের বহু লোক চাকরী করে খায়—এ কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন। সেদিনও শ্রমমন্ত্রীর কাছে তাঁরা গিয়েছিলেন। যে সমস্ত ছেলেরা সেখানে প্রাণ দিয়ে খাটে, তাদের কথা বিবেচনা করে অন্তত এই খাতে আরো কিছু বেশী টাকা দেওয়া উচিত বলে আমি মনে করি।

এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, before I go to the points that have been raised, I will take up the preliminary point that has been raised by my friend Mr. Das, a prominent lawyer of the High Court, that we have been imposing tax on books which was illegal. Sir, I do give him the credit of having read the Essential Goods Act, which says that "no law made after the commencement of this Act by the Legislature of a State imposing a tax on books" will be passed unless the President agrees to it. This law on imposition on books was passed in 1941 and it comes under the exemption clause. Secondly, as I pointed out to him—probably he missed it—that this Essential Goods Act is also gone. I am nervous about law and lawyers. My old teacher used to tell me that if you want to be safe, keep the law and lawyers one mile away from you. I cannot say that I have been able to succeed because in my own family I have got two lawyers, but still I try to avoid lawyers because I get involved in the implications of the provisions of the law. My difficulty is that in spite of your trying to avoid the law the law gets hold of you—a stranglehold.

My friend Mr. Das also suggested nationalisation of the cinemas—that is what he said. My friend Shri Hazra says—he did not say about nationalisation—that you may control the cinema. The cinema or the right to exhibit a film comes under the Central Act. We have passed an Act here only to control the type of things that are exhibited in the cinemas. If Mr. Hazra is right that they have got Rs. 40 crores invested in cinemas, it is a good thing to enquire as to whether something can be done to get the cinemas work properly.

My friend **Mr. Das has suggested** about replacement of non-Bengali traders by Bengali traders. I wonder if we can do it through the provisions of the Sales Tax Act. He made a startling suggestion that businessmen do not know how to keep accounts. I do pity the businessmen and I am not surprised that many of my friends in my own community have not been able to be successful in business. If the theory of Mr. Das is accepted that they do not know accounts, I hope and trust that it is not right. I can say that I do keep in touch with the progress in business in this city and in this State and I can tell you that the Bengali young men are getting more and more into the trade, but it will take a little time because of various psychological factors. The primary factor in the success of business is that the man should be prepared to take some risks, and an ordinary Bengali gentleman does not want to take risks. I know of many big people whom I approached some years ago—not recently—and asked them

to invest money in business, but they were too nervous. They thought of 3 per cent. Government Paper to be safe investment and they would not be prepared to take any risk. What we have got to do is to see that our young men are equipped with the spirit of adventure, to try and take some lesson, and even if they do not succeed they should try and try again. It is better to try and fail than never to have tried at all.

My friend Shri Majumdar complained that some of my friends here today had said something else in 1941 and that now they are supporting the Sales Tax Act. It is a common saying that he who comes to scoff sometimes remains to pray, and it is possible that Shri Majumdar, once he is in the ministerial charge, will also change and it is no wonder if he does change. Human beings are liable to change.

My friend Shri Das suggested, why not have a sliding scale of sales tax for motor cars. So far as the Sales Tax Act of 1941 is concerned we have stuck to one figure all through. Several times the Finance Ministers of different States have met to discuss this particular problem and it was found that each State grows in its own way and has got to tackle the problem in its own fashion. I can tell Mr. Das that as a matter of fact a large number of motor cars which are purchased in Bihar are taken into Bengal so that even if you have a very high scale of sales tax on motor cars here you may not be able to realise it from the people who purchase motor cars and bring them from outside.

[7-45—7-55 p.m.]

My friend, Shri Subodh Banerjee has indulged in a mathematical bungle. He has said that the cost in Bombay is 2 per cent. but here it is three per cent. I do not know where he got these figures from. If you look at page 72 of the Red Book you will find that the total provision for salaries, etc., for the collection of these taxes is Rs. 29,87,000 and the total collection of taxes by this staff is 16 crores and it is very simple arithmetic. If you divide Rs. 29,87,000 by 16 crores the figure comes out to 1.6 per cent. What he has done is that he has taken the whole staff and he has taken the realisation only of sales tax. But there are other items which are under the same head and this sort of jugglery does not help us very much.....(A voice: It is not a fact).....May be, but you cannot see facts as they are. It is said, why not charge an extra rate for aviation spirit but I may tell him that we cannot bring aviation spirit under sales tax, because the Government of India would not allow what we have suggested. I think we are taking three annas whereas in other provinces it is higher but, as I have said, aviation spirit is an essential commodity and we have no say in the matter. Another argument that he has adduced is, why must we charge twice in some cases. It is true that in the case of jute we charge raw jute tax and also take the sales tax on raw jute commodities because jute is a monopoly of this province. But if you argue, why charge the seed and again charge the flour, I may as well say, why charge the egg and also the hen. That argument does not hold good. We have got to proceed according to our own programme. It is true that each province has got its own method of charging. Many provinces have a three-point tax and we have one-point tax. Whether they are better off or we are better off, there is much to say but it is not very difficult to judge. We have proceeded in a particular line and we have to stick to it.

Sir, a question has arisen about books. It is a hardy annual—the argument of my friend Shri Amar Basu. He has also spoken about seeds. We have been investigating the question of books Probably members are aware that we do not charge on books of the primary stage and also we

do not charge for religious books like the Vedas, the Upanishads, the Koran, the Bible, etc. We have calculated that out of the total student population of 26 lakhs in West Bengal, 19 lakh students in the primary schools do not pay any sales tax on books and of the remaining student population 6,65,000 are in the secondary stage and 81,000 are in the colleges for general education. The problem before us is, shall we exempt sales tax on all kinds of books or shall we keep them and try to give exemption from fees to poor students and also give other amenities. We have taken up a huge programme of social education. As I said when I was discussing the Education Budget, we propose to go further and see whether it is not possible to provide books for poorer students by opening up a larger number of libraries in different parts of the State. I think that would be a more substantial contribution to this problem and we are considering the matter still further. My friend, Shri Amar Basu, has also referred to the exemption of Krishi Silpa. We have got in our sales tax list nearly 46 items which are exempted from sales tax. Then, Sir, my friends sometimes compare this State with other States but there are other States where even food is charged to sales tax. Here we have exempted food of all types, namely meat, fish, cereals, vegetables, etc. Now, as regards vegetables some have referred to *pan* and *pati lebu*. I admit that *pan* is a very valuable substance and at one time I was a great *pan*-eater, and as a result I have lost my teeth. But *pati lebu* is a very important item. The question is that we have eliminated all vegetables, green or dry. Whether *lebu* is a vegetable or not is a question that has been discussed many times in this House and, as yet, we have not come to a decision. With regard to *pan* my friends say that there are many States where *pan* is not subject to sales tax. That is wrong. Except Orissa practically every State which uses *pan* charges sales tax on it. Sir, that, I think, finishes all the points that have been raised in the course of this discussion.

The only point that I now want to make clear is that sales tax is not imposed and is not imposable on sales that take place in village areas unless the particular person charged for has a commercial transaction of Rs. 50,000 per year. When a man imports to the value of ten thousand rupees, he is then liable to sales tax. Therefore whenever the sales tax problem comes up, you simply trot out the same old argument that the poor people suffer. I doubt very much whether the poor people suffer in this respect. What we need today is that if you want to utilise the money for the benefit of the people and for the benefit of the masses, I think we have done a good job because the majority of the people who pay the tax are not those who live in villages. Most of them live in towns. It is a good thing that what we collect in towns we distribute in villages. With these words I oppose all the cut motions and I support my own motion which I commend to the acceptance of the House.

Mr. Speaker: I take it that I have the leave of the House to put all the cut motions to vote except motion No. 6. of Shri Amarendra Nath Basu on which division will be taken.

The motion of Sj. Basanta Kumar Panda that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost

The motion of Dr. Narayan Chandra Ray that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhirendra Nath Dhar that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharjee that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", be reduced by Rs. 100, was then put and lost.

[7-55—8 p.m.]

The motion of Shri Amarendra Nath Basu that the demand of Rs. 17,42,000 for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—65.

Abdulla Farooquie, Janab Shaikh
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhagat, Sj. Mangru
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Panchanan
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Das, Sj. Durgapada
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Ajit Kumar
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Dr. Prafulla Chandra
Golam Yazdani, Dr.
Gupta, Sj. Sitaram
Haider, Sj. Ramanuj
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Monoranjan
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Samar
Naskar, Sj. Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Bhakta Chandra
Roy, Sj. Jagadananda
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjkta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan

NOES—132.

Abdul Hameed, Hazi
Abdus Shokur, Janab
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjkta. Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Abani Kumar
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Blanche, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dolui, Sj. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjkta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hoare, Sjkta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sjkta. Anjali
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Mahendra Nath
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Murmu, Sj. Matia
Muzaffar Hussain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pati, Sj. Mohini Mohan
Patel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Prodhan, Sj. Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shukla, Sj. Krishna Kumar
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-ul-Huque, Janab Md.

The Ayes being 65 and the Noes 132, the motion was lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 17,42,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 8, Major Head: "13—Other Taxes and Duties", was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 8 p.m. till 3 p.m. on Friday, the 28th June, 1957 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 28th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 217 members.

[3—3-10 p.m.]

Mr. Speaker: Before the day's proceedings begin, I wish to remove a wrong impression which I found from the papers today. I did say at one time that both the questions are being referred to the Privilege Committee, but towards the end of my statement I said "I will consider it" and it is still being considered. That is the position.

Sj. Sisir Kumar Das: Sir, I just wanted to point out one thing for your consideration regarding the ruling that you propose to give.

Mr. Speaker: I may tell you one thing. I promised to give a ruling in writing today, but I am not going to give it today. Some honourable members approached me in my chamber with a request that inasmuch as the matter is one of importance and may indirectly have the result of encroaching on the rights and privileges of the members of the House, I have promised to them that should I decide that a ruling is necessary, having regard to the text of the speeches, I shall inform the honourable members so that any honourable member who may have the desire to speak on any particular aspect of the matter will get the opportunity. So, this should not be treated as a closed chapter.

Sj. Nepal Roy:

স্যার! কালকে যেভাবে অপোজিশন পার্টির লীডার আমার সম্বন্ধে মন্তব্য প্রকাশ করেছেন সেজন্য আমার অনুরোধ হচ্ছে যে, আপনি আমার কেস দুটো প্রিভিলেজ কমিটি দ্বারা বিচার করান, তা হ'লে তার সত্যতা প্রমাণিত হবে। সেজন্য আপনার কাছে নিবেদন যে, এটা প্রিভিলেজ কমিটিতে দিয়ে বিচার করাবেন। আমার কাছে দলিলপত্র আছে, আমি তা নিয়ে এসেছি এবং দরকার হ'লে এখানে তা দিতেও পারি।

Mr. Speaker: Mr. Roy, when you came to my chamber today, I pointed out to you that Mr. Jyoti Basu had given to me certain papers which would explain the correct position. Thereafter, you came and I told you "You also give me any paper that you wish". I shall consider both sets of papers and I shall decide. So, no further discussion is needed today.

Time for Guillotine

Mr. Speaker: Before we proceed to begin today's business, I wish to make a statement before the House. Today is the last day for voting on Demands for Grants. There are as many as fifteen heads of demands under which no fewer than 68 cut motions are still there for disposal. In conformity with the previous practice, I fix that the House will sit today up to 7-30 p.m. and I fix that the guillotine will fall at 6-30 p.m. Thereafter, I shall put all the outstanding questions to vote without any debate. I hope the honourable members on both sides will try to be brief in their speeches so that business may be finished before the time for guillotine arrives.

DEMANDS FOR GRANTS

Major Head: 28—Jails and Convict Settlements.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 49,47,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements". Rs. 40,09,000 has been voted on account.

মাননীয় অধ্যক্ষ মহাশয়! কারাবিভাগের ব্যয়বরাদ্দ এই হাউসের সামনে পেশ করতে গিয়ে আমি এ বিভাগ সম্বন্ধে দুই-একটি কথা বলতে চাই। আপনি হয়ত অবগত আছেন যে, আজকে কারাশাসনে শুধু কয়েদীদের কারাপ্রাচীরের অন্তরালে আবদ্ধ রেখে তাদের শাস্তি ভোগ করতে দেওয়াটাই তার বড় কথা নয়। আজ কারাপ্রাচীরের অন্তরালে যে দুর্ভাগা মানুষেরা রয়েছে সেই অবকাশে তাদের নৈতিক উন্নতিসাধন এবং তাদের চরিত্রের যে দুর্বলতা—সে সাময়িক কারণেই হউক বা বংশানুক্রমিক ধারার জন্যই হউক বা যে পরিবেশের মধ্যে সে লালিতপালিত হয়েছে তার জন্যই হউক, যে কারণেই সে অপরাধ ক'রে আসুক না কেন এই কারাপ্রাচীরের মধ্যে তাদের যাতে সর্বাঙ্গীণ উন্নতি এবং কল্যাণ সাধন করা যায়, তাই আজ কারাশাসনের মূল উদ্দেশ্য এবং সে কথাই আজ সর্বজনসম্মত। পশ্চিমবঙ্গ-সরকারের কারা-দপ্তরের পক্ষ থেকে গত কয়েক বছর ধ'রে স্বাধীনোত্তর বাংলাদেশের কারাশাসন যে উদ্দেশ্য নিয়ে চলে আসছে, সেই উদ্দেশ্য সাধন করতে গেলে প্রথমেই লক্ষ্য করতে হবে যাতে মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবার পর তারা যখন নিজের বাড়িতে ফিরে যাবে তখন যাতে সমাজে পুনঃপ্রতিষ্ঠিত হতে পারে। যে কাল দাগ সে পিঠে ক'রে নিয়ে যাচ্ছে—কারাপ্রাচীরের অন্তরালের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে পর—কোনদিক থেকে সেই দাগের ছাপ যাতে তার ভবিষ্যৎ জীবনের গতিপথকে অবরুদ্ধ না করে সেইদিকে চেষ্টা চলছে। সেইদিক থেকেই প্রথমে যখন তারা কারাপ্রাচীরের ভিতরে এসে পড়ে তখন তাদের শ্রেণীবিভাগ করা হয়। এই শ্রেণীবিভাগ অনেক দিক থেকেই করা চলে—(১) যে যে অপরাধে অপরাধী হয়ে আসে সেই ক্রাইম অনুযায়ী ভাগ করা যায়, (২) যে বয়সে তারা কোন পাপ ক'রে এসেছে সেই বয়স অনুযায়ী করা যেতে পারে এবং (৩) যে মেয়াদে তারা এসেছে সেই মেয়াদ অনুযায়ী অর্থাৎ দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী এই হিসাবেও ভাগ করা যায়। আগে ঐ প্রথায় ভাগ করা বেশি সম্ভব হয় নি। সাধারণত যে চালান তারা নিয়ে আসে কোর্ট থেকে সেই চালানে কতদিনের মেয়াদ হ'ল এবং কি কেসে জড়িত হয়ে সে জেলে ঢুকল সেই কেসের কথাই শুধু থাকে। সেই কয়েদীর অতীত কি, কি পরিবেশের মধ্য দিয়ে সে মানুষ হয়েছে, কি তার ঝোঁক, কি তার প্রবণতা, তার কোন কিছুই চালানে লেখা হয় না। সে লেখাটা তাদের দিক থেকে এখনও পর্যন্ত সম্ভব হয় নি। তাই প্রেসিডেন্সি জেলে এবং আলিপুর সেন্ট্রাল জেলে একজন বিশেষজ্ঞ মনস্তত্ত্ববিদ রাখা হয়েছে, যাতে অন্তত যেসমস্ত দীর্ঘমেয়াদী বন্দী সেখানে রয়েছে তাদের প্রত্যেকের কাছ থেকে নিজের জীবনের ইতিহাস জেনে নিয়ে তার ঝোঁক, তার প্রবণতা, তার পরিবেশ অর্থাৎ জন্মকাল অবধি যে ইতিহাস তার বুকে লিখিত আছে তা উদ্ঘাটিত ক'রে যাতে শ্রেণীবিভাগ করা যায় সেই চেষ্টা চলছে এবং সেই শ্রেণীবিভাগের কাজে কয়েকজন সহায়তাও করছেন। আমরা মনে করি, এ শুধু সরকারী অফিসার দিয়ে নয়, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে এক্সপেরিমেন্টাল সাইকোলজি বিভাগ রয়েছে, সেখানকার ছাত্রছাত্রীদের নিয়ে তাদের প্র্যাকটিক্যালটা যদি এই কারাপ্রাচীরের ভিতর ক'রে দেওয়া হয় তবে তাতে শুধু ছাত্রছাত্রীদেরই সুবিধা হবে, তা নয়, আমাদের দিক থেকেও প্রত্যেকটি কয়েদীর সম্বন্ধে, তার অতীত এবং বর্তমান মনস্তত্ত্ব সমস্ত বুঝে নিয়ে নূতন শ্রেণীবিভাগের কাজে সহায়তা করবে। আজকে সমস্ত ছাত্রেরা উন্মাদাগারে এবং অন্যান্য জায়গায় যে প্র্যাকটিক্যাল কাজ ক'রে আসে তার উপরে আমার মনে হয় যদি জেলের মধ্যে তাদের কাজ করবার সুযোগ দেওয়া হয় তাতে শুধু ছাত্রছাত্রীরা উপকৃত হবে তা নয়, এই কারাপ্রাচীরের মধ্যে যে মানুষেরা রয়েছে তাদেরও অপরাধপ্রবৃত্তি সম্বন্ধে কিছু জ্ঞান হ'তে পারে।

[3-10—3-20 p.m.]

এই অপরাধপ্রবণতার মূলে কোথায়, কেন তারা অপরাধ করতে বাধ্য হচ্ছে—মনস্তত্ত্বের দিক থেকে সেই সুযোগ সেই জায়গার ছাত্রছাত্রীদের দেওয়ার ফলে নূতন তথ্য উদ্ঘাটিত হবে এবং

এদিক থেকে এবং কারাসংস্কারের দিক থেকে সেই জিনিস খুব বড় কাজে লাগবে। এদিকে সকলের সাহায্য পাওয়া যাবে আশা করছি। সেখানে রিসেপশন সেন্টার খুলে আজ প্রেসিডেন্সি জেল বা আলিপুর সেন্ট্রাল জেল বা দমদম সেন্ট্রাল জেলএ যে পরীক্ষা চলেছে—আমরা আশা করি এই পরীক্ষার ফলে আমাদের বাংলার সমস্ত কারাসংস্কারের পথ সুগম হবে।

আজ আসামীদের জন্য প্রেসিডেন্সি জেলে একটা শাখা—উইং রয়েছে। আমরা দেখেছি সেই সেন্টারএর মধ্যে তাদের উন্নয়নের কাজ করা সম্পর্কে সকলের মনের উন্নতিসাধনের ব্যবস্থা করা যায় না। সেইজন্য বেরহামপুর জেলে আসামীদের জন্য উপস্থিত আর একটা উইং খোলার ব্যবস্থা হয়েছে। জেলের যেসমস্ত আসামীরা রয়েছে তাদের মধ্যে—বিশেষ ক'রে দীর্ঘমেয়াদী যারা, তাদের মধ্যে—যাতে আরও বেশি ক'রে তারা জেলে এই শিল্পকাজে আসে —সেই সুযোগ দেবার জন্য এবং আরও উৎসাহ দেবার জন্য আমরা তাদের পারিশ্রমিক দেবার ব্যবস্থা করেছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনলে খুশি হবেন যে, গত বৎসর ১৪ হাজার ২৫৮টি কয়েদী কাজ করেছিল এবং ১ লক্ষ ১২ হাজার ৭০০ টাকা তারা পারিশ্রমিক অর্জন করেছিল। এই পারিশ্রমিক অর্জনের ব্যবস্থা যদি সকল জেলে করার সুবিধা হয় তা হ'লে আমরা মনে করি এ দ্বারা কারা-সংস্কারের বিশেষ সুবিধা হবে এবং আমরা আশা করি শীঘ্রই আমরা অন্যান্য জেলেও এই সুবিধা দিতে পারব। এটা বিশেষ ক'রে এখন সেন্ট্রাল জেলে রয়েছে। সারাদিন কাজ দেওয়ার পর তাদিগকে জনপ্রতি ছয় আনা মজুরি দেওয়া হয় —বাড়তি যারা কাজ করে তাদের বাড়তি ওয়েজ দেবার ব্যবস্থা আছে। এই পারিশ্রমিকের টাকার অর্ধেক তারা জেলে নিজেদের ছোটখাট প্রয়োজনে খরচ করতে পারে, বাদবাকী টাকা তাদের নামে জমা থাকে। জেল থেকে ঘরে যাওয়ার সময় সেই টাকা তাদের হাতে দেওয়া হয় কিংবা তারা যে শিল্পে শিক্ষিত হয়েছে, তার উপযোগী যন্ত্রপাতি কিনে দেওয়া হয়। এইসব কয়েদীদের মনে জেল থেকে বেরুবার সময় যে হতাশার ভাব, সাধারণত আসে যে একটা সেন্স অফ ইনসিকিউরিটি তাদের মনের উপর ছায়াপাত করে—এর পর খাব কি, কি করব ইত্যাদি চিন্তায়, এই শিল্পশিক্ষার মারফত এই ব্যবস্থা করার ফলে তাদের মনে একটা বিশ্বাসের ভাব জন্মে—এই শিল্পশিক্ষার ফলে এবং তা দ্বারা কিছু অর্থোপার্জনের দরুন, তাদের মনে আশা জন্মে যে, বাইরে গিয়ে তারা এতটা অসহায় অবস্থায় পড়বে না—এর ভিতর দিয়েই জীবিকার্জনের ব্যবস্থা তারা করতে পারবে। তারা যে টাকাটা পারিশ্রমিক হিসাবে যোগাড় করেছে, তাই দিয়ে তারা যন্ত্রপাতি কিনতে পারবে বা সেই টাকা তাদের হাতে গিয়ে পড়বে—এর ফলে তাদের মনে অনেকখানি জোর আসবে এবং বাইরে বেরিয়ে গিয়েও তারা অতটা অসহায় বোধ করবে না। আপনি জানেন, স্যার—এই হাউসে ১৯৫৪ সালে একটা West Bengal Officers' Release on Admonition and Probation Act পাশ করা হয়। এই হাউসে পূর্ববর্তী যাঁরা ছিলেন, তাঁরা আশা করেছিলেন, এদ্বারা যারা বার বার অপরাধ ক'রে জেলে আসে, তাদের জেলে না পাঠিয়ে কোন প্রবেশনারি অফিসারের আওতায় রেখে, জেলের বাইরে বা নিজেদের বাড়িতে রেখে, সুফল পাওয়া যাবে এবং দেখা গিয়েছে এতে বিশেষ সন্তোষজনক ফল পাওয়া গিয়েছে। চিফ প্রবেশনারি অফিসারের রিপোর্টএ দেখা গেছে, যেসমস্ত জায়গায় এই ব্যবস্থা হয়েছে—যেমন, কলকাতা, হাওড়া ও হুগলি—সেখানে বারবার অপরাধীকে জেলে না পাঠিয়ে, স্বাভাবিক পারিবারিক পরিবেশের মধ্যে রেখে অনেকখানি সুফল পাওয়া গেছে। যেখানে সুফল পাওয়া সম্ভব নয়, সেখানে কোর্টএর নির্দেশে মেয়াদের বাকি সময়টা তারা খেটে আসবে। অতএব এইভাবে তাদের জেলের মধ্যে না রেখে, প্রবেশনারি অফিসারের আওতায়, তাদের বাড়ির পরিবেশের মধ্যে রেখে যে সুফল আমরা আশা করেছিলাম অনেক ক্ষেত্রেই তা আমরা পেয়েছি। তাই আমরা মনে করছি, ভবিষ্যতে এই আওতায় আমরা বাংলাদেশের বাদবাকি জেলগুলিকে আনতে পারব।

তারপর জেলের মধ্যে যে খাবার দেওয়া হয় সেই খাবার আমি নিজে সেটা দেখেছি। সেখানে সাধারণভাবে এই শ্রেণীর কয়েদী বাড়িতে যেসব বা যেরকম খাবার খায়, সেইরকম স্বাস্থ্যসম্মত খাবার দেওয়া হচ্ছে এবং সেটা যাতে আরও ভাল করা যায়, সেই চেষ্টা আমরা করছি ও করব। এর আগে লাপ্‌সি ইত্যাদি—এইসব কথা একটা সাধারণের হাসির খোরাক হয়ে উঠেছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সেটা এখন উঠে গেছে। সেই লাপসি তুলে দিয়ে জলখাবার হিসাবে এখন কোনদিন খিচুড়ি, কোনদিন ঘুঘনি দেবার ব্যবস্থা হয়েছে।

শেষ সময় পঞ্চায়েত সিস্টেমের কথা। আমরা জেলে এখন পঞ্চায়েত প্রথার প্রবর্তন করেছি। নিজেদের উন্নতি ও সুখসুবিধা বিষয়ে কয়েদীরা নিজেদের উপর অনেকখানি দায়িত্ব তুলে নিয়েছে এবং ছোটখাট যেসব অসুবিধা তাদের আছে, সেইসবের প্রতিকার তারাই করে। খাওয়া-দাওয়ার ব্যবস্থা, বস্ত্র বিতরণের ব্যবস্থা, রান্নার ব্যবস্থা এবং নানাবিধ খেলাধুলার ব্যবস্থা—এসব তাদের পঞ্চায়েতের মধ্যে দেওয়া হয়। এগুলি পঞ্চায়েত প্রথার মধ্যে দেওয়ার ফলে ভাল ফল পাওয়া গেছে। এবং সেইজন্য পশ্চিম বাংলার প্রায় সমস্ত জেলে এখন আরও এই পঞ্চায়েত ব্যবস্থা চালু করা হচ্ছে। আবাসিক শিক্ষার মাধ্যমে, জেলে কয়েদী যারা আছে, তাদের আক্ষরিক শিক্ষা দেবার ব্যবস্থা হয়েছে। আজ প্রায় ৬ হাজারের উপর আসামীদের—নিরক্ষর আসামী-দের—অক্ষর পরিচয়ের ব্যবস্থা হয়েছে। এবং আসামীদের জন্য—বিশেষ ক'রে যাদের অবস্থা খারাপ—তাদের জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষাবিদদের সঙ্গে আলোচনা ক'রে সর্ট টার্ম স্কুল ফাইনাল পরীক্ষা যাতে তারা দিতে পারে এবং তার জন্য কোন কোর্স করা যায় কিনা সেটাও আমরা চিন্তা ক'রে দেখছি। পরীক্ষা পাশের জন্য এবং তাদের শিক্ষা দেবার জন্য শুধু বই না পড়ে যাতে অন্যান্য উপায়ে, যেমন ছায়াচিত্র ও যন্ত্রপাতি সাহায্যে পড়ান যায়, তার ব্যবস্থা, বিশেষ ক'রে কলকাতার ধারেকাছের জেলাগুলিতে আছে।

তারপর, আপনি জানেন, স্যার, ঘানিটানা বন্ধ হয়ে গেছে। আইডেন্টিফিকেশনএর জন্য আগে প্রত্যেককে মার্কা দেওয়া হ'ত—আইডেন্টিটি ডিস্ক থাকত—সেটা বন্ধ হয়ে গেছে। ছোট ক'রে চুল কাটা আগে জেলের প্রধান অঙ্গ ছিল। সেটাও বন্ধ করা হয়েছে। জেলে ধূমপান করার জন্য আগে নানা অন্যায় ও গোপনীয়ভাবে আমদানি করার ব্যবস্থা কয়েদীরা করত। আজ সেই ধূমপান কয়েদীরা নিজের পয়সায় করতে পারে। কোথায়ও কোথায়ও রেডিও সেট দেওয়া হয়েছে এবং সমস্ত জেলে যাতে উহা দেওয়া যায় তার ব্যবস্থার চেষ্টা করা হচ্ছে। এ ছাড়া প্রত্যেক জেলে খেলাধুলার প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়েছে। এবং অন্যান্য যেসমস্ত ছোটখাট সংস্কারের কথা আমার মনে হয় এখন আর বেশি ক'রে না ব'লে মাননীয় সদস্যদের বক্তব্য শোনার পর উত্তরপ্রসঙ্গে আমি বলব। আমি এখানে ব্যয়বরাদ্দের মঞ্জুরির জন্য যা পেশ করেছি, আশা করি সদস্যরা তার মঞ্জুরি দেবেন।

Sj. Bankim Mukherjee: Mr. Speaker, Sir—

মাননীয়া কারামন্ত্রী মহোদয়া যে বক্তৃতা দিলেন তা শুনে, আমার আর একবার জেলে যাবার ইচ্ছা হচ্ছে।

Mr. Speaker: The only thing I can suggest to Mr. Mukherjee that you are a Mukherjee and Mrs. Mukherjee is also a Mukherjee. You apply to her for admission.

All the cut motions are deemed to have been moved.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the administration in jails.

Sj. Narayan Chobey: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about acute shortage of water generally and particularly in the summer in Midnapore Central Jail beggars description. The water-supply is sometimes totally stopped and generally so little that the convicts and undertrials sometimes feel difficulty in securing drinking water. Moreover the notorious west cells and east cells of this jail which had been long recommended for demolition still stand to be the cause of suffering and hardship for the convicts. These cells are really hell on this earth. The Government had done nothing to reconstruct the Midnapore Central Jail for minimum amenities to the convicts and undertrials.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about
সাধারণ নীতি।

Sj. Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about unsatisfactory and unsanitary condition of Diamond Harbour Jail.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy and practice of the department.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government in improving the conditions of convicts and undertrial prisoners by adopting comprehensive jail reform.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about treating the food satyagrahi convicts of Contai as ordinary prisoners in the Midnapur Central Jail.

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about jail administration with special reference to the grievances of the Jail staff.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to give proper medical treatment to the political prisoners of Dum Dum Bashirhat case and Kakdwip case.

[3-20—3-30 p.m.]

Sj. Niranjan Sengupta:

মাননীয় স্পীকার মহাশয়, এতক্ষণ ধরে আমি জেল রাষ্ট্রমন্ত্রীর বক্তৃতা শুনলাম এবং তা শুনে আমার মনে হয়েছিল যে, আবার জেলে যাই। সেখানে যে সুবিধা দেওয়া হচ্ছে এবং যে সুযোগের কথা তিনি বলেছেন, তাতে বাইরের যে আজ অবস্থা—তাতে জেলে গিয়ে কিছুদিন কাটানই ভাল ব'লে মনে হয়। কিন্তু দুর্ভাগ্যবশত, আমার অল্প কিছুদিন আগে একবার জেলে যাবার সুযোগ হয়েছিল। তাই ঠিক এটা মেনে নিতে পারছি না। এই বক্তৃতা শুনে নিশ্চয় কিছু বলা দরকার মনে হ'ল—তাই আমি দাঁড়িয়েছি।

ইংরেজ আমলের জেলখানায় যে রেমিসন্স ছিল—মাননীয়া [illegible] তার সম্পর্কে কি করেছেন তা কিছুই বললেন না। আমি দু'-একটি কথা এই প্রসঙ্গে উত্থাপন করতে চাই।

মেদিনীপুর জেলে আমি এবং এখানে অনেকে আছেন যাঁদের অনেকবার যাওয়ার সৌভাগ্য হয়েছিল। মেদিনীপুর জেলখানায় ইস্ট সেল ও ওয়েস্ট সেল ব'লে দুটি বিখ্যাত ওয়ার্ড আছে এবং এই দুটি ওয়ার্ড আমার যতদূর ধারণা এখানে দু'-একজন মন্ত্রীমহাশয়ও বলতে পারবেন সেখানে দু'টি ওয়ার্ডকে ভেঙ্গে দেবার কথা ছিল। জেল এনকোয়ারি কমিটি যেটা হয়েছিল, তারা সে সম্বন্ধেও সুপারিশ করেছিল। মাননীয়া রাষ্ট্রমন্ত্রী অনেক কথা তাঁর বক্তৃতায় উল্লেখ করেছেন। কিন্তু ব্রিটিশ আমলের এই রেলিকস্ দুটির কোন্ ব্যবস্থা করছেন, তার জবাব কি দিবেন? এমন কি রাজনৈতিক কয়েদীদেরও সেখানে নেওয়া হয়। কিছুদিন আগে, ঠিক সময়টা মনে নাই, আমাদের পার্টির লোকদের সেই ইস্ট সেল, ওয়েস্ট সেলএ পাঠিয়ে জব্দ করবার চেষ্টা সরকার করেছিলেন। অথচ আজকে তাঁরা বলছেন—অনেক সুবিধা দিয়েছি, অনেক কিছু বদল করেছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে মনোভাব পরিবর্তন না হ'লে কংগ্রেসী সরকারের যে সংস্কারনীতি তাতে কিছুই হবে না। এখনও সেই জেলখানার ভেতর যদি আমরা প্রবেশ করি, আমাদের যাঁদের সেখানে যাওয়ার সুযোগ হয়েছিল, সেটাকে দুর্ভাগ্যই বলেন, আর সৌভাগ্যই বলেন, কংগ্রেস সরকারের আমলে তাঁরা অনুভব করেছেন—জেলের সেই পুরানো প্রথা ও পুরানো কাঠামো এখনও বজায় আছে। আমরা মেনে নিতে পারলাম না তাঁর যত কথা; তবে সংস্কার যে কিছু হয় নাই তা বলছি না। সামান্য দু'-একটি জিনিসের প্রবর্তন তাঁরা করেছেন। মূলতঃ সাধারণ মানুষ যাঁরা জেল ভোগ করেন, তাঁদের ওখানে গিয়ে যে ধারণা হয়, সেই ধারণার কোন পরিবর্তন হয় নি। এটা আমি জোর ক'রে বলতে পারি।

তারপর গণতান্ত্রিক বন্দীদের ব্যাপারে অর্থাৎ রাজনৈতিক বন্দীদের ব্যাপারে কি ব্যবস্থা করেছেন তার সম্বন্ধেও মন্ত্রীমহোদয়া কিছু বল্লেন না। আমার বক্তব্য হচ্ছে এখানে যাঁরা কংগ্রেসের দলীয় সদস্য আছেন এবং মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী আছেন, তাঁরা বহুদিন আগে যখন ব্রিটিশ আমলে জেল খেটেছেন, তখন অনেকে রাজনৈতিক কয়েদীদের মর্যাদা সম্পর্কে অনেক হৈ চৈ করেছেন, সে সম্বন্ধে বড় বড় কথা তাঁরা বলেছেন—এই এই জিনিসগুলি ব্রিটিশ সরকার দেন নাই, আমরা সেগুলি দাবি করি। আজ তাঁরা গদিতে বসেছেন, তার সম্পর্কে তাঁদের খানিকটা চিন্তা করা উচিত। আমি এই রকম দৃষ্টান্ত জানি—যাঁরা গণতান্ত্রিক আন্দোলন করে জেলে গিয়েছেন, তাঁদের প্রতি জেল কর্তৃপক্ষ একটু তৎপর হ'লে তাঁদের শ্রেণী-বিভাগ ক'রে দ্বিতীয় শ্রেণীর কয়েদী হিসেবে অন্তত গণ্য করা ত্বরান্বিত করতে পারেন। কিন্তু জেল কর্তৃপক্ষের ঔদাসীন্যে তা হয় নাই। জেল কর্তৃপক্ষ কিংবা যাঁরা চার্জে আছেন, তাঁরা সেই সুবিধা দেবার জন্য বিশেষ যে-কোন তৎপরতা দেখান তা মনে হয় না। তাঁদের কাজকর্ম দেখে বিরক্তি জন্মে। এখনও গণতান্ত্রিক বন্দীরা জেলখানার ক্লাসিফিকেশনএর জন্য হাঙ্গার স্ট্রাইক করে এবং তারপর মন্ত্রীমহাশয়কে সেখানে ছুটে যেতে হয় আপস করবার জন্য এবং ছুটে যাবার পরে মেনে নিতে হয় যে, তাঁরা গণতান্ত্রিক বন্দীদের রাজনৈতিক বন্দীর মর্যাদা দিবেন। মন্ত্রীমণ্ডলী বা জেল কর্তৃপক্ষ আজও সে বিষয়ে কান দিতেছেন না তাই প্রায়ই খবরের কাগজে দেখি জেলখানায় হাঙ্গার স্ট্রাইক হয়। কেন এসব হয় সে সম্পর্কে আমি মন্ত্রী-মহাশয়ার কাছ থেকে জবাব চাচ্ছি।

তারপর রাজনীতিও জেলখানায় চালান হচ্ছে—কংগ্রেসী রাজনীতি। আমি তার একটা উদাহরণ দেই। আমাদের পার্টি পত্রিকা "স্বাধীনতা" এখন পর্যন্ত জেলে যাবার সৌভাগ্যলাভ করে নাই। এই যে একটা অবস্থা, এর কোন কারণ আমরা খুঁজে পাচ্ছি না। স্বাধীনতা—একটা দৈনিক কাগজ, কলকাতার রাস্তায় রাস্তায় ও বাংলাদেশের বিভিন্ন জায়গায় বিক্রি হয় এবং বহু লোকে তা পড়ে। এটা অবশ্য কংগ্রেস সমর্থক কাগজ নয়, এটা কমিউনিস্ট পার্টির কাগজ। ব্রিটিশ রাজত্বের সময় দেখেছি তাঁরা জেলে অনেক কাগজ দিতেন না, তাঁদের খেয়াল-খুশিমত দিতেন, কিন্তু এখন ত আমাদের এটা যে জনকল্যাণ রাষ্ট্র! এখানে অন্য দলের কাগজ জেলে প্রবেশ নিষিদ্ধ ক'রে দেওয়া কোন্ গণতান্ত্রিক পদ্ধতি? তা আমার বুদ্ধির অগম্য। আমি আশা করি জেলমন্ত্রী মহোদয়া তারও জবাব দিবেন, কেন তাঁরা দিচ্ছেন না।

আর একটা উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে জেলে বই দেবার নীতি। কোন রাজনৈতিক কয়েদী-দের জেলখানার বাইরে যেসব বই বিক্রি হয় তা পড়বার সুযোগ হবে না, সেন্সর হবে, কোন কোন জায়গায় বই পাঠানো বাধা দেওয়া হবে। আমি বলব, জেলের অভ্যন্তরে বামপন্থী

দলগুলিকে বিশেষ ক'রে কমিউনিস্ট পার্টির লোকদের অনেক সময় তাঁদের চাহিদামত বই দেওয়া হয় না। এইরকম বিভিন্ন দৃষ্টান্ত আছে। আমি জিজ্ঞাসা করি আপনারা এদিকে বলেন গণতন্ত্রে বিশ্বাসী এবং আমরা সেদিনও শুনেছি—আইনসচিব খুব লম্বা চওড়া ফিরিস্তি দিয়ে বই পড়ে দেখাতে চেয়েছিলেন যে, একনায়কত্বের ধারক হচ্ছে কমিউনিস্ট পার্টি, গণতন্ত্রের যাঁরা 'প্রকৃত' সমর্থক তাঁরা কেন বই পড়াতে বাধা দেন? এটা কোন্‌দেশী গণতন্ত্র? তার জবাব দেবেন কি? আমরা জানি যারা আমরা শিক্ষক ধর্মঘটের সময় জেলে গিয়েছিলাম, সেখানে দু-একটা বই চেয়েছিলাম, তা তাঁরা আটকে দিয়েছিলেন, দেন নাই। এই হচ্ছে অবস্থা। এঁরা গর্ব করেন। এই কয়েদীদের ব্রিটিশ আমলে কোন পারিশ্রমিক দেওয়া হ'ত না। কিন্তু এঁরা তাদের ছয় আনা ক'রে দেন। এই ছয় আনা আট আনার গর্ব যে তাঁরা করছেন এবং বলছেন জেলখানার অনেক পরিবর্তন করেছেন কিন্তু মূলতঃ তাঁরা বৃটিশ আমলে যে দাবি করতেন সেটার তো কোন পরিবর্তন হয় নাই। রাজনৈতিক কয়েদীদের আপনারা মর্যাদা দিতে শেখেন নাই। অথচ গণতান্ত্রিক সরকার ব'লে আপনারা গর্ব করেন! এর কি কারণ থাকতে পারে আমরা তো তা বুঝতে পারছি না। কয়েদীদের পারিশ্রমিক দেওয়া নিশ্চয়ই ভাল, কিন্তু সবচেয়ে দরকার গণতান্ত্রিক বন্দীদের মর্যাদা দেওয়া।

তারপর আর একটা কথা সেটা হচ্ছে এখনও জেলখানায় যেসব রাজনৈতিক বন্দী আছেন, যেমন—কাকদ্বীপ মামলার বন্দী, দমদম-বসিরহাট মামলার বন্দীরা। তাদের স্বাস্থ্য সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। তা ছাড়া তাঁদের অসুবিধা সম্বন্ধে জেল কর্তৃপক্ষ মোটেই নজর দিচ্ছেন না এবং সবচেয়ে মারাত্মক মন্ত্রীমণ্ডলীও উদাসীন—এ খবরও আমাদের কাছে এসেছে। আমি বলব, বাস্তবিক যদি গণতান্ত্রিক রাষ্ট্রের কাঠামোতে এই সমস্ত মন্ত্রিবর্গ প্রতিষ্ঠিত হতেন, তা হ'লে যাঁরা রাজনৈতিক কারণে জেল ভোগ করছেন, তাঁদের সম্বন্ধে একটু তাঁরা সজাগ ও সচেতন হতেন। তারিণীবাবু বহুদিন থেকে জেলখানায় আছেন। তাঁর স্বাস্থ্য ভেঙ্গে পড়েছে। আমরা শুনেছি তাঁর স্বাস্থ্য যেভাবে ভেঙ্গে পড়েছে, তাতে যেভাবে তাঁর যত্ন নিয়ে চিকিৎসা করা উচিত তা নেওয়া হচ্ছে না।

আর একজন বন্দী, সুজয় বারিক, তার স্বাস্থ্যও খারাপ, আমি আশা করি মন্ত্রীমহাশয়া আজকে তাঁর জবাবে কাকদ্বীপ, দমদম-বসিরহাট ও অন্যান্য রাজনৈতিক বন্দীদের স্বাস্থ্যের অবস্থা কিরূপ তা যদি উল্লেখ করেন, তা হ'লে আমরা সবাই সুখী হব।

আমি আর একটা কথা বলব। সে হচ্ছে সাধারণ কয়েদীদের অবস্থা। উনি বললেন, তাদের অবস্থার অনেক পরিবর্তন হয়েছে, তাদের বিভিন্ন বিষয়ে সুখসুবিধা দেওয়া হয়েছে এবং তাদের আরও সুযোগসুবিধা দেওয়ার চেষ্টা করবেন। আমার কথা হচ্ছে সাধারণ কয়েদীরা জেলখানায় গেলে অনেক দিক দিয়ে সামান্যতম সুযোগ থেকে তারা বঞ্চিত হয়। আমি নিজে জেলে গিয়ে দেখেছি। সাধারণ কয়েদীরা যখন জেলখানায় ঢোকেন, তখন তাঁদের যে পোষাক পরিচ্ছদ দেওয়া হয় তা ছেঁড়া-ফাটা, ময়লা—হয়ত তা দু'-তিনবার অন্য কয়েদীরা ব্যবহার করেছে। নির্বিচারে ময়লা অবস্থায়ই সেইগুলি তাদের দেওয়া হয়। আমরা এর প্রতিবাদ করেছি, কিন্তু এই মন্ত্রীমণ্ডলী গদিতে আসীন হবার পরে সাধারণ কয়েদীরা এই সামান্যতম সুবিধাটুকুও ভোগ করতে পারছে না। তাই আমাদের দাবি যে এই পোশাক-পরিচ্ছদগুলি ছেঁড়া-ফাটা হবে না, ময়লা হবে না। আর শীতকালে যে কম্বল কয়েদীদের দেওয়া হয়, সেটা অত্যন্ত জঘন্য কম্বল, ময়লা ও উকুনে ভর্তি, ছারপোকাও আছে। এমনি কম্বল তাদের দেওয়া হয় শীতকালে ব্যবহারের জন্য। একথা কি তাঁরা অস্বীকার করতে পারবেন?

[3-30—3-40 p.m.]

তারপর পায়খানা ও প্রস্রাব করার জায়গা এত অপরিষ্কার যে, সেখানে কোন লোক যেতে পারে না। রাজনৈতিক কয়েদীও অনেকে সেখানে থাকেন, তাঁদেরও এই অবস্থা থেকে অব্যাহতি নেই। এমন অবস্থা যে নাকে কাপড় দিয়ে ঢুকতে হবে। মন্ত্রীমহাশয়া সম্প্রতি গিয়েছেন কিনা জানি না, আমি তাঁকে অনুরোধ করব এই জিনিসগুলি দেখুন এবং কি করা যায় তা চিন্তা করুন। তারপর, মশার কামড়ের কথা সবাই জানেন। জেলখানায় সাধারণ কয়েদীরা কি কষ্টে রাত্রিযাপন করে তা বলা যায় না। শীতের জন্য কম্বল প্রভৃতির কিছু

ব্যবস্থা আছে। মশারির কোন ব্যবস্থা করতে পারেন না? আজকে জেলখানার সাধারণ কয়েদীদের জীবন কোনপ্রকারেই উন্নত হয় নি, বিভিন্ন দিক দিয়ে তাদের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে। মন্ত্রীমহাশয়া রেডিওর কথা বলেছেন। জেলখানায় রেডিও ইনট্রোডিউস করার ব্যবস্থা করেছেন, ভাল কথা, উদ্দেশ্যটাও ভাল। কিন্তু কিভাবে জিনিসটা পরিচালিত হচ্ছে সেটাও দেখতে হবে। এতে যে কয়েদীদের কোন উন্নতি হতে পারে, সে দৃষ্টিভঙ্গি নাই। কয়েদীদের কোনরকম সুখসুবিধা হ'তে পারে এমন কোন প্রোগ্রাম তাতে থাকে না। কি ক'রে তাদের ভবিষ্যৎ জীবন গঠিত হতে পারে? রেডিও প্রোগ্রামএর ভেতর এমন কোন ব্যবস্থা নাই। তারপর সিনেমার কথা বলা হয়েছে। সম্প্রতি সিনেমা দেখাচ্ছেন। কিন্তু তাতে কংগ্রেসের প্রচারমূলক কার্য সম্বন্ধে যেসব ফিল্ম আছে, কিম্বা আমেরিকান ফিল্ম এইসবই দেখান হয়। এই জিনিসগুলি আমাদের মনে হয় ঠিক নয়। 'কাবুলিওয়ালা' দেখানো যাবে না, বা শিক্ষামূলক কিছু দেখান হয় না, অর্থাৎ যেগুলি বাংলাদেশের গৌরব সরকারী খরচে সেগুলি সেখানে যায় না। আর এক মস্ত বড় সমস্যা—স্থান সমস্যা। সাধারণ কয়েদীদের জীবনে মস্ত বড় বিড়ম্বনা হচ্ছে যেখানে হয়ত ১০ জন লোক শুতে পারে সেখানে ২৫ জনকে শুতে হয়। এবং অ্যাকোমোডেশনএর এমন অবস্থা যদি কোন সাধারণ লোক সেখানে গিয়ে দেখে তার মনও বিরূপ হয়ে যাবে কংগ্রেসী আমলের এই ব্যবস্থা দেখে। সাধারণ কয়েদীদের থাকার ব্যবস্থা অত্যন্ত জঘন্য। সেই ডানজানস বিভিন্ন জায়গায় এখনও আছে, সেগুলো ব্যবহার করা হয়। এমন ভিড় এক একটা রুমে যেখানে ১৫।২০ জন ক'রে এক একটা ঘরের ক্যাপাসিটি সেখানে ৪০।৫০।৬০।৭০ জন ক'রে লোক ঢুকানো হয়। এদিক দিয়ে এই যেসমস্ত অসুবিধা সেদিকে মন্ত্রীমহাশয়া কোন দৃষ্টিই দিচ্ছেন না। মন্ত্রীমহোদয়া বলেছেন যে, আমরা যেসব প্রোগ্রাম করেছি এগুলো কার্যকরী করতে হবে। কাদের দ্বারা কার্যকরী করতে হবে? আমি এটা নিশ্চয়ই বলব তাদেরই মারফত—যেসব অফিসার বা ওয়ার্ডার তাদের দ্বারাই ত সেগুলো কার্যকরী করবেন? খালি সারমন দিলে ত হবে না। সেই ওয়ার্ডারদের কথাই ধরুন, তাদের অবস্থা কি জেলখানায়? এখানে যাঁরা আছেন তাঁরা সকলেই স্বীকার করবেন তাদের উচ্চতম কর্মচারীরা ওয়ার্ডারদের মানুষ ব'লে ধরেন না। তাদের উপর যেরকম ব্যবহার করা হয় তা জঘন্য—এর দৃষ্টান্ত ভুরি ভুরি আছে। সুতরাং ওয়ার্ডাররা আজকের দিনে বিক্ষুব্ধ—তাদের অনেক রকম দাবিদাওয়া এই সরকার দেন নি। এর জন্য এঁরা অনেকবার সরকারের কাছে আবেদন নিবেদন জানিয়েও কোন ফল পান নি। মাননীয় স্পীকার মহাশয়, তার ২।১টা দৃষ্টান্ত আপনার কাছে দিচ্ছি। ওয়ার্ডাররা বহু আবেদন নিবেদন করার ফলে সপ্তাহে ১ দিন ছুটি পেয়েছেন এবং তার জন্য এক্সট্রা ওয়ার্ডারসও অ্যাপয়েন্টেড হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় সেই এক্সট্রা ওয়ার্ডার যারা অ্যাপয়েন্টেড হয়েছে তারা অন্যান্য সব কাজ করে কিন্তু যাদের জন্য অ্যাপয়েন্টেড হয়েছিল তাদের কোন কাজে লাগে নি। তার জন্য তারা হাজার হাজার পিটিশন করেছিল, সুপারিন্টেন্ডেন্টএর কাছে পিটিশন করেছিল যে, সপ্তাহে ১ দিন ছুটি চাই কিন্তু সেটা তাঁরা দেন নি। সুপারিন্টেন্ডেন্টএর কাছে ছুটির কথা বললে তিনি চোখ রাঙ্গিয়ে বলেন তা হ'লে সাসপেন্ড করব, কিম্বা শাস্তি দেব, কিম্বা বদলি ক'রে দেব—এই হচ্ছে সাধারণ ওয়ার্ডারদের অবস্থা। সাধারণ কনস্টেবল যে সুযোগ পায় কনস্টেবলদের ক্যাজুয়াল লিভ ১৯।২০।২২ দিন ক'রে বছরে, আর ওয়ার্ডাররা পায় ১৫।১৬।১৮ দিন, অথচ একই র‍্যাঙ্ক। পূর্বেকার জেলমন্ত্রী জানিয়েছিলেন যে, তোমাদের এই অসুবিধা দূর করব, তোমাদের ঠিক পুলিসের মত ক্যাজুয়াল লিভ বাড়াতে ব'লে দেব। তার জন্য ৩ হাজার দরখাস্ত পড়েছে ওয়ার্ডারদের তরফ থেকে জেল দপ্তরে কিন্তু আজ পর্যন্ত জেলমন্ত্রী সেই প্রমিস রাখেন নি। জেল ওয়ার্ডারদের ক্যাজুয়াল লিভ বাড়িয়ে দেওয়া হয় নি যেটা সাধারণ পুলিসদের দেওয়া হয়। জেল ওয়ার্ডারদের চাকরি হচ্ছে ২৪ ঘণ্টার জন্য। সমস্ত দিন পরিশ্রম ক'রে তারা যে সপ্তাহে ১ দিন লিভ আদায় করেছিল সেটা দেওয়া হয় না, অন্যান্য ব্যাপারে তাদের সঙ্গে ভাল ব্যবহার করা হয় না। তাদের ক্যাজুয়াল লিভ বাড়ানো হয় নি, মাইনের স্কেল পর্যন্ত নগণ্য। সেদিক দিয়ে সরকারের কোন দৃষ্টি নেই অথচ বড় বড় অফিসারদের মাইনে বেড়ে যাচ্ছে। তাদের অ্যানুয়াল ইনক্রিমেন্ট ১০০।২০০ টাকা পর্যন্ত হচ্ছে। অথচ ওয়ার্ডারদের ইনক্রিমেন্ট ১।২ টাকা, তাও আবার সবার ভাগ্যে হয় না। এই হচ্ছে সাধারণ ওয়ার্ডারদের অবস্থা।

তারপর আর একটা কথা আমি উল্লেখ করতে চাই। জেলখানার ভেতর উচ্চপদস্থ কর্মচারীদের ভেতর একটা বিক্ষোভ রয়েছে একটা ব্যাপারে, জেলখানার চাকুরির ব্যাপারে, ডাক্তারদের এখন খুব সার্ভিসএ নেওয়া হচ্ছে। এবং উচ্চপদস্থ কর্মচারীদের অনেকের প্রমোশন বন্ধ হয়ে গেছে যার জন্য তাদের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। তৃতীয় কথা যা আমি বলব, মাননীয় স্পীকার মহাশয়, সেটা হচ্ছে জেল প্রোডাকশনএর কথা। আপনি জানেন জেলখানায় বিভিন্ন ধরনের জিনিস তৈরি হয় এবং বিভিন্ন জেলে তার জন্য কারখানা আছে এবং তার জন্য তারা খরচ করে। এবং বিভিন্ন খাতে তার খরচ পর্যন্ত দেখানো হয়। কিন্তু আজ পর্যন্ত অ্যাসেমব্লির সদস্যরা জানতে পারেন নি জেলখানায় কি প্রোডাকশন হয়, কত তার আয়, কত তার জন্য খরচ হয়, কোন ডিটেল্ড অ্যাকাউন্ট আজ পর্যন্ত আমাদের কাছে রাখা হয় নি। আমার মনে হয় জেলখানায় যেসমস্ত কয়েদীরা আছে তাদের যা পরিশ্রম তা সঞ্জীবিত ক'রে এই সমস্ত জিনিসকে যদি ভালভাবে কাজে লাগানো হয় এবং তাদের যথোপযুক্ত পারিশ্রমিক দেওয়া যায় তা হ'লে নিশ্চয়ই তাদের এই প্রোডাকশনকে লাভবান প্রোডাকশন করা যায়। মন্ত্রীমহোদয়া উত্তর দেবেন জেলে কি কি জিনিস প্রোডাকশন হয় এবং কিভাবে ব্যয়িত হয় এবং এ বিষয়ে তিনি জবাব দিলে আমি খুশি হব। তারপর জেলখানায় যেসমস্ত তরিতরকারি তৈরি হয় তা কয়েদীদের ভাগ্যে খুব অল্পই জোটে। আমরা জেলখানায় ব'সেই দেখেছি এই জিনিসগুলো বড় বড় অফিসারদের বাড়িতে যায়। যদি গরিব ওয়ার্ডাররাও এর ২।৪টা কণাও পেত তা হ'লে সুবিধা হ'ত কিন্তু তা না ক'রে সুপারিন্টেন্ডেন্টএর বাংলো এবং অন্যান্য বাংলোতে যায়, কয়েদীদের ভাগ্যে তা জোটে না।

সুতরাং আজকে এখানে আমি একটা কথা বলব তা হ'ল এই যে, জেল কোডএর পরিবর্তন করা দরকার। ব্রিটিশ আমলে কি হয়েছে, অফিসিয়াল, নন-অফিসিয়াল তদন্ত কমিটি করেছি এইসব বড় বড় কথা ব'লে এগুলি এড়িয়ে গেলে চলবে না। এই আমার বক্তব্য।

[3-40—3-50 p.m.]

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় স্পীকার মহোদয়, বাংলাদেশে খাদ্যসমস্যা, বেকারসমস্যা প্রভৃতির মত, জেল বিভাগের ব্যয়বরাদ্দের অঙ্ক দেখে মনে হচ্ছে জেলও একটা মস্ত বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। ১৯৫৩-৫৪ সালে জেলের জন্য খরচ হয়েছিল ৭৯ লক্ষ টাকা, আর ১৯৫৭-৫৮ সালের জন্য ব্যয়বরাদ্দে দেখা যাচ্ছে যে, ৮৯½ লক্ষ টাকা জেলের জন্য খরচা হবে অর্থাৎ ৪ বছরের মধ্যে জেলের ব্যয় আরও ১০ লক্ষ টাকা বেড়ে যাচ্ছে ; কেবল রাজস্ব খাতে এই ১০ লক্ষ টাকা বাড়বে, অন্যান্য খাতে যেমন জেলের জন্য বাড়ি-ঘর-দুয়ার নির্মাণের খাতে প্রায় ১৯½ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এবারকার বাজেটে ১০ লক্ষ টাকা বেড়েছে রাজস্ব খাতে আর ক্যাপিটাল খাতে বেড়েছে প্রায় ১৯½ লক্ষ টাকা। কোন একটা দেশে কল্যাণমূলক রাষ্ট্রে বিশেষত, জেল খরচ যদি বাড়ে তা হ'লে সেটা কোন গৌরবের জিনিস নয়, সেটা আশঙ্কার জিনিস। এই রাষ্ট্রে কেন জেল খরচ বছরের পর বছর এরকম ক'রে বেড়ে যাচ্ছে সে সম্বন্ধে রাজ্য-সরকারের বিশেষ মনোযোগী ও সতর্ক হওয়া উচিত। আমি ১৯৫৩ সাল পর্যন্ত জেল রিপোর্ট পেয়েছি, তার পরের কোন রিপোর্ট আমার জানা নেই। ১৯৫৩ সালের রিপোর্টে দেখি যে, জেলে যত লোক খাটে তার মধ্যে প্রায় শতকরা ৯৬ জন এক বছর পর্যন্ত মেয়াদে জেলে আছে। মাত্র এক মাসের মেয়াদে জেলে বন্দী হয় এরকম কয়েদীর সংখ্যা শতকরা ৬৯ জন। কাজেই দেখা যাচ্ছে জেল কয়েদীদের মধ্যে অধিকাংশ হচ্ছে এক মাসের কয়েদী, স্বল্পমেয়াদীর সংখ্যা বেশি, এক বছর পর্যন্ত যারা তাদের সংখ্যা শতকরা ৯৬ ; আর বাকি ৪ পারসেন্ট হচ্ছে এক বছরের ঊর্ধ্বে। এক বছর পর্যন্ত যাদের শাস্তি দেওয়া হয় ধ'রে নেওয়া যেতে পারে তারা ছোট খাটো অপরাধে অপরাধী। ক্ষুদ্র ক্ষুদ্র অপরাধে অপরাধীর সংখ্যা যদি দেশে বেড়ে যায় তা হ'লে দেশের পক্ষে অত্যন্ত শঙ্কার বিষয়। আমাদের পশ্চিম বাংলায় ইংরাজ আমলে যতগুলি জেল ছিল এই আমলে সেইগুলি আছে, তা সত্ত্বেও সরকারী রিপোর্টএ দেখা যাচ্ছে যে, যতগুলি সাব-জেল আছে সমস্ত সাব-জেলে দুই গুণ, আড়াই গুণ, তিন গুণ পর্যন্ত কয়েদ রাখা হয়েছে। সাব-জেলে যত সংখ্যক কয়েদী আইন অনুসারে রাখবার ব্যবস্থা আছে এখন প্রায় প্রত্যেকটি সাব-জেলে দুই গুণ, তিন গুণ কয়েদী রাখতে হয়। আসানসোল সাব-জেলে প্রায় তিন গুণ কয়েদী বসবাস করে এবং দেখা যাচ্ছে

যে, জেলের সংখ্যা বাড়াতে হচ্ছে। আসানসোল সাব-জেল এখন স্পেশাল জেলে পরিণত হবে। এর সহজ অর্থ এই যে, দেশে অপরাধমূলক কাজের সংখ্যা দিনের পর দিন অত্যধিক বৃদ্ধি পাচ্ছে। এই অপরাধমূলক কাজের মাত্রা বন্ধের জন্য সরকার যদি বিশেষভাবে চেষ্টা না করেন তা হ'লে জেল সমস্যা বাংলাদেশের আর একটি বিরাট সমস্যা হয়ে দাঁড়াবে। আমার মনে হয় জনসাধারণের নৈতিক ভিত্তি আরও সুদৃঢ় করবার জন্য সরকারের মনোযোগী হওয়া দরকার। যদি সুশিক্ষার সুবন্দোবস্ত করা যায়, এ সমস্ত ছোটখাট অপরাধ অনেকখানি ক'মে যেতে পারে। মানুষ যদি দেশের শাসন ব্যাপারে, সরকারী অন্যান্য কাজকর্মের ব্যাপারে সততা, সৎ নীতি এবং সৎ আচরণের দৃষ্টান্ত দেখতে পায় তা হ'লে এই অপরাধপ্রবণতা অনেকখানি ক'মে যায়। সাধারণ লোকের ধারণা যে, সারা দেশ দুর্নীতিতে ভ'রে গেছে, শাসনের মধ্যে দুর্নীতির অন্ত নেই ; সরকারের নানারকম কাজের মধ্যে, আচার আচরণের মধ্যে দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে ঢুকে গিয়েছে। সরকারের বিভিন্ন বিভাগে কাজকর্মের মধ্যে যে অনাচার ও দুর্নীতির দৃষ্টান্ত তারা দেখতে পায় তার প্রভাবে সাধারণ লোকের নৈতিক চরিত্রের মানদণ্ড অনেক পরিমাণে ক'মে গিয়েছে। দেশের নৈতিক মানদণ্ড সুদৃঢ় করার জন্য সরকারের বিশেষ মনোযোগী হওয়া দরকার, সেদিকে অমনোযোগী হ'লে চলবে না। দেশের স্কুলের সংখ্যা বাড়ুক, লাইব্রেরি আরও হ'ক, আনন্দ ও সুখস্বাচ্ছন্দ্যের ব্যবস্থা আরও ব্যাপক হ'ক, রাস্তাঘাট আরও বেশি ক'রে নির্মাণ করা হ'ক,—এগুলি সুখের কথা, কিন্তু দেশে অপরাধের সংখ্যা দিনের পর দিন বাড়বে, কয়েদীর সংখ্যা দিনের পর দিন বাড়বে, তাদের জন্যে বেশি ক'রে টাকা জনসাধারণের তরফ থেকে জোগাতে হবে এটা অত্যন্ত দুঃখের চিত্র। সাধারণত যারা ছোট ছোট অপরাধে অপরাধী হয়ে জেলে যায় তাদের যদি সংখ্যা ধ'রে আমরা একটা পর্যালোচনা ক'রে দেখি তা হ'লে দেখতে পাই এর অনেক লোক যায় বিনা টিকিটে রেল ভ্রমণের জন্য। আমি একটা রিপোর্ট দেখেছিলাম, সেই রিপোর্টএ ১৯৫০ সালে ১১½ হাজার লোক বিনা টিকিটে ভ্রমণের জন্য জেলে গিয়েছিল, আর ১৯৫৪ সালের যে রিপোর্ট তাতে দেখলাম ২০ হাজার লোক গিয়েছে জেলে, অর্থাৎ চার বছরের মধ্যে সংখ্যা দ্বিগুণ হয়েছে। দেশে এমন কি অবস্থা হয়েছে, দেশের লোকের মধ্যে এমন কি মনোবৃত্তি জাগ্রত হয়েছে যার জন্যে মানুষ এরকম ছোটখাট অপরাধ বেশি ক'রে করতে শুরু করেছে? এটা একটা ভাববার বিষয়। এ জিনিসের সমাধানের পথ খুঁজে বের করতে হবে। যদি ছোটখাট ব্যাপারে সামাজিক অপরাধ এই পরিমাণে বেড়ে যায় তা হ'লে দেশের পক্ষে সেটা দুর্লক্ষণ। আর একটি ছোট ব্যাপারে দেখি বেশি সংখ্যায় লোক জেলে যায় সেটা হ'ল বেআইনীভাবে মদ চোলাইয়ের অপরাধ। এর জন্য বাংলাদেশের কোন কোন জেলায় অপরাধীর সংখ্যা অত্যন্ত বেশি। আমার মনে হয় সরকার যতদিন পর্যন্ত এই মদের ব্যবসা চালাবেন, মদের দোকান চালাবেন ততদিন পর্যন্ত বেআইনীভাবে মদ চোলাই বন্ধ হবে না, এই ধরণের কয়েদীর সংখ্যা কমবে না। কারণ মদ খাওয়ার অভ্যাস সরকারী দোকানের মাধ্যমেই সৃষ্টি হয় এবং মানুষ সেখানে সহজেই মদ কিনতে পায়। কাজেই মানুষ সেই মদ্যপান অভ্যাসের চর্চা যদি একবার করে, আর নেশার জিনিসের এমনই মজা যে, একবার অভ্যস্ত হলে, মানুষের আর্থিক সঙ্গতি যদি নাও থাকে তা হ'লেও মানুষ অবৈধ উপায়ে মদ চোলাই করে এবং তার জন্য দণ্ডভোগও করে।

[3-50—4 p.m.]

Sj. Chitto Basu:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে কারাবিভাগ সম্পর্কে ব্যয়বরাদ্দের দাবি ক'রে যে বক্তৃতা মাননীয়া মন্ত্রীমহোদয়া করেছেন সেই সম্পর্কে কিছু বলবার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, রাজনৈতিক বন্দীদের সম্পর্কে সরকারী কর্মচারী এবং জেলের বিভাগীয় কর্তৃপক্ষ কি ধরনের ঔদাসীন্যপূর্ণ ব্যবহার করেন তার দুই একটা নজির দিচ্ছিঃ

সাম্রাজ্যবাদের কবল থেকে দেশকে মুক্ত করবার জন্য যেসমস্ত বীরসৈনিকেরা সংগ্রাম করেছিলেন তাঁদের ভিতর আজও অনেকে কারাগারের অন্তরালে। যেমন পান্নালাল দাশগুপ্ত ইত্যাদি এবং কাকদ্বীপের বন্দী ও অন্যান্য দীর্ঘমেয়াদী আসামী। আমরা দেখেছি এবং সংবাদপত্রেও এ সংবাদ পরিবেশিত হয়েছে যে, গত ১৭ই মার্চ তারিখে তিনি কঠিন পেটের

পীড়ায় আক্রান্ত হন এবং জেলে যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন না ক'রে প্রায় ৭।৮ দিন রেখে দেন এবং পরে সেখানকার রাজনৈতিক বন্দীদের দৃষ্টি পড়ায় এবং তাদের চাপে মেডিকেল ডিপার্টমেন্টে আনা হয়। পান্নালালবাবুকে আরও বেশিদিন সেখানে রেখে চিকিৎসা করবার জন্য ডাক্তার মত প্রকাশ করেন, কিন্তু পুলিসের পক্ষ থেকে বলা হয়েছিল যে, যেহেতু যথেষ্ট নিরাপত্তার ব্যবস্থা করা সম্ভব ছিল না সেই হেতু তাঁকে জেলে ফিরিয়ে আনা হয়েছে, কিন্তু তাঁর চিকিৎসার ভাল বন্দোবস্ত করা হয় নি। সেই ধরনের আরও অনেক রাজনৈতিক কয়েদী রয়েছেন যাঁদের চিকিৎসার ব্যবস্থা ভালভাবে করা হয় নি। স্পীকার মহাশয়! আপনি জানেন, নদিয়া জেলার কানাই পাল মহাশয় ৭।৮ দিন আগে গ্রেপ্তার হয়েছিলেন; তিনি সুবিখ্যাত রাজনৈতিক কর্মী এবং বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনের নেতা; তাঁকে থার্ড ডিভিসনের কয়েদী হিসাবে রাখা হয়েছে এবং তিনি ৭।৮ দিন যাবৎ অনশন ধর্মঘট ক'রে রয়েছেন। এ সংবাদ মাননীয়া মন্ত্রীমহোদয়া নিশ্চয় জানেন এবং আমরা আশা করি তিনি তাঁর বক্তব্য পেশ করার সময় নিশ্চয় তার জবাব দেবেন। এই দুটো কথা বলার পর আসল প্রশ্নের কথা বলছি। আগে শুনলাম যে, তাঁরা বছরের পর বছর কারাবিভাগের ব্যয়বরাদ্দের পরিমাণ বাড়িয়ে চলেছেন কিন্তু যদি লক্ষ্য করেন তবে দেখবেন এই যে ব্যয়বরাদ্দ তা মূলতঃ বৃদ্ধি করা হয় নি এবং যা বৃদ্ধি করা হয়েছে তা কিভাবে ব্যয় করা হচ্ছে। আমাদের কাছে সরকারের পক্ষ থেকে যে তথ্য পরিবেশন করা হয়েছে সে সম্বন্ধে যেকথা বলা হয়েছে তার সুগে একমত হয়ে বলি ১৯৫৩ সালের রিপোর্ট ১৯৫৫ সালে প্রকাশ করা হয়। সেই 'অ্যানুয়াল রিপোর্ট' প্রকাশ করার কথা ১৯৫৩ সালে, কিন্তু অ্যানুয়াল রিপোর্ট প্রকাশিত হয়েছে ১৯৫৫ সালে এবং বলা হয়েছে যে, ৭২ লক্ষ টাকার মত খরচ করা হয়েছে। সেই ৭২ লক্ষ টাকা স্ক্যান করলে দেখি তার ভিতর ২২,২৭,২৯১ টাকা খরচ হয়েছে এস্টাবলিসমেন্ট বাবত। অর্থাৎ ৩০·৫ ভাগ খরচ করা হয়েছে এস্টাবলিসমেন্ট চার্জের জন্য এবং তার ভেতর ৩১ লক্ষ টাকা অর্থাৎ শতকরা ৪৩ ভাগ খরচ করা হয়েছে কয়েদীদের খাদ্য অর্থাৎ ডায়েটএর ব্যবস্থা করবার জন্য। তা হ'লে আপনি চিন্তা করুন যেখানে এইভাবে ব্যয়বরাদ্দ করা হয়েছে সেখানে তাদের খাদ্য যা দেওয়া হয় তা অপ্রচুর। অনুসন্ধান করলে জানতে পারবেন যারা আন্ডার ট্রায়াল প্রিজনার—যারা 'এ' ক্লাস বন্দী তারা খাদ্য পাবে সাত ছটাক চাউল ও দেড় ছটাক রুটি, 'বি' ক্লাসের বন্দীরা পাবে আড়াই ছটাক চা'ল ও সাড়ে ছয় ছটাক রুটি। যে-কোন প্রাপ্তবয়স্ক ব্যক্তির পক্ষে এই পরিমাণ খাদ্যে যে চলে না, একথা অনেকেই স্বীকার করবেন। মাননীয় স্পীকার মহাশয়! শুধু তাই নয়, ডিভিসন (৩)তে এবং সেইরকম 'আন্ডার ট্রায়াল প্রিজনার'দের যা খাদ্য দেওয়া হয় তাকে খাদ্য বলা যেতে পারে না, কুখাদ্য বা অখাদ্যই বলা যায়। আমি নিজেই তৃতীয় শ্রেণীর কয়েদী হিসাবে লক্ষ্য করেছি যে, এই সমস্ত কয়েদীদের যে খাদ্য দেওয়া হয় সে খাদ্য কোন মানুষ খেতে পারে না, মন্ত্রীমহাশয়েরা যদি নিজেরা একবার আস্বাদ ক'রে দেখেন তা হ'লে বুঝতে পারবেন যে, প্রকৃতপক্ষে তাকে খাদ্য বলে কিনা। যে চি'ড়ে দেওয়া হয় তাতে অর্ধেকের বেশি ধান থাকে, এবং তা এমন অখাদ্য যে ভাষায় প্রকাশ করা যায় না। তারপর স্যানিটেশনএর যে অভাব তা তার পরিণামেই বোঝা যাবে। সেখানে মাত্র ৭২ লক্ষ টাকার ভিতর ১ লক্ষ টাকা বরাদ্দ হয় স্যানিটেশনএর জন্য। তারপর মশার জন্য ম্যালেরিয়া এবং অন্য রকম রোগে কয়েদীদের বেশি পরিমাণে ভুগতে হয়। আমার কাছে যে তথ্য আছে তাতে প্রমাণিত হয় যে, ১৯৫৬ সালে ৬,৪৭১ জন রোগী ছিল, তার মধ্যে ২১ জনের মৃত্যু হয়। শিক্ষার ব্যবস্থার কথা বলতে গিয়ে মন্ত্রীমহোদয়া বললেন যে, একটা রিভলিউশনারি ওয়ার্ক হিসাবে আমাদের এটা গ্রহণ করতে হবে। সত্য কথা যে, দেশের হাজার হাজার সন্তান সামাজিক বৈষম্য এবং শ্রেণীভিত্তিক সমাজ থাকার দরুন এই ধরনে কারাগারের অন্তরালে লোক-চক্ষুর অন্তরালে দিনের পর দিন জীবনযাপন করতে বাধ্য হয়, তাদের সম্পর্কে আমাদের অন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার। যাতে তারা সেই দীর্ঘমেয়াদ বা স্বল্পমেয়াদে কারাবাস করার পর সমাজের ভিতর ফিরে এসে সুস্থ নাগরিক হিসাবে জীবনযাপন করতে পারে সেইটাই আসল লক্ষ্য হওয়া উচিত। কিন্তু আমরা দেখলাম সেই ব্যবস্থা করতে গিয়ে আমাদের সরকারপক্ষ থেকে যে ব্যবস্থা অবলম্বন করা হয় তা নিতান্তই অপ্রচুর। যেখানে গড়ে ১১,০০০ মত কয়েদী বাস করে তার ভিতর দেখা গেছে মাত্র ২,১৮১ জন শুধু পড়তে জানে এবং লিখতে ও পড়তে জানে মাত্র ২,৪৬৯ জন। যারা 'প্রাইমারি স্ট্যান্ডার্ড' পর্যন্ত লেখাপড়া

শিখেছে তাদের সংখ্যা ৩৫৮। কাজেই এই শিক্ষার ব্যবস্থা যে কত অপ্রচুর তা সহজেই বুঝতে পারা যায়। গোটা পশ্চিম বাংলায় মাত্র ২০৭ জন বেতনভোগী শিক্ষক আছে। প্রেসিডেন্সি জেলে ১,৪০০ কয়েদীর মধ্যে মাত্র ২০০ জন ছাত্র স্কুলে যায় এবং সেই স্কুলে মাত্র দু' জন শিক্ষকের ব্যবস্থা হয়েছে। কারিগরী শিক্ষার কথা বলা হয়েছে। যে কয়েদীরা বাস করে তারা কারাবাসের পর যেন হাতের কাজ শিখতে পারে, যাতে তারা বাহিরে এসে সমাজজীবনে প্রতিষ্ঠালাভ করতে পারে এমন ব্যবস্থা থাকা দরকার। একবার লক্ষ্য করুন যে, ১১ হাজার কয়েদীর ভিতর ৪,৭১১ জনকে যে ধরনের কাজ করতে হয়, অর্থাৎ এই যে চার হাজার জন যারা কাজ করছে, তাদের কাজের জন্য কিভাবে বোনাস দেন তা লক্ষ্য করুন। দেখবেন প্রেসিডেন্সি জেলে যত আনরেমিউনারেটিভ লেবার তা হবে ৫০২, আর ডিউটিস অব প্রিজন অফিসেস ২৭৩ জনকে করতে হয়, ডিউটিজ অব প্রিজন সার্ভিস ১,৪৫৩ জনের এবং গার্ডেনিং অ্যান্ড এগ্রিকালচার ৬৪৩ জনের, ফর প্রিপারেশন অব আর্টিকেলস ইউজ্‌ড্‌ ইন জেলস্‌— তাতে ২৩৮ জন এবং ম্যানুফাকচারিংএর কাজে নিয়োগ করা হয়েছে ১,১৪০ জনকে অর্থাৎ ¼ অংশকে এই ধরনের কারিগরী কাজ শিক্ষার সুযোগ দেওয়া হয়। এই সমস্ত কারিগরী কাজ যারা করে, তারা যেরকম শিল্পে নিযুক্ত রয়েছে তা আজকের মডার্ন যুগে চলতে পারে না। সেখান থেকে যে শিক্ষালাভ ক'রে যে অভিজ্ঞতা লাভ ক'রে তারা আসে সেই অল্পশিক্ষা এবং অভিজ্ঞতা নিয়ে বাহিরে এসে বাহিরের সমাজজীবনের যে কম্পিটিশন তার সঙ্গে তারা চলতে পারে না এবং এমন চাকরিও পায় না যাতে তারা সমাজজীবনে পুনঃপ্রতিষ্ঠা লাভ করতে পারবে। পুনরায় তাদের মাথায় অপরাধপ্রবণতা চড়ে এবং তারা সমাজবিরোধী কাজে নিযুক্ত হয় এবং আস্তে আস্তে আবার সেই প্রফেসনাল কালপ্রিট হিসাবে আবার তাদের জীবনযাপন করতে হয়, জেল বার্ড হিসাবে জীবন শুরু করতে হয়।

আমার কতকগুলি সাজেসশন রয়েছে, সে সম্পর্কে যদি মন্ত্রীমহোদয়া নজর দেন তা হ'লে ভালই হবে।

মেয়েদের জন্য আলাদা জেলের ব্যবস্থা করবার কথা হয়েছে। এখনও তা নেওয়া হয় নি। মেয়েদের জন্য স্বতন্ত্র ব্যবস্থা হওয়া উচিত। আর ঐ মেয়েদের চিকিৎসার জন্য মেয়েডাক্তার ও নার্স'এর ব্যবস্থা করা একান্তই জরুরী ব্যাপার।

বর্তমানে আমরা জানি ডিভিসন ওয়ান এবং ডিভিসন টুতে সংবাদপত্র দেওয়া হয়। তৃতীয় শ্রেণীর কয়েদীদের সংবাদপত্র দেওয়া হয় না। সে ব্যবস্থা থাকা বাঞ্ছনীয়। পড়াশুনা বা ইনডোর গেমস্‌এর সুবিধা সুযোগ যাতে তারা পায় তার ব্যবস্থা হওয়া উচিত। তা ছাড়া তৃতীয় শ্রেণীর কয়েদীদের জন্য সন্ধ্যাবেলা আলোর ব্যবস্থা যাতে করা হয় সেজন্যও বলছি।

[4-4-10 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর মনোযোগের সঙ্গে আমাদের মাননীয় সদস্যরা যে বক্তৃতা দিলেন তা শুনেছি। আমাদের নিরঞ্জন সেনগুপ্ত মহাশয় অনেকগুলি প্রশ্ন তুলেছেন। মেদিনীপুরের ইস্ট অ্যান্ড ওয়েস্ট সেল সম্বন্ধে এখানে অনেক কথাই বলেছেন, আমি শুধু তার জবাবে এই কথাই বলতে চাই মেদিনীপুরের ওয়েস্ট সেল প্রথমে আমরাও রাখতে চাই নি এবং তার জন্য ১ লক্ষ ৭২ হাজার টাকা খরচ ক'রে তা সংস্কার করবার জন্য পরিকল্পনা করেছিলাম কিন্তু বিশেষজ্ঞরা সেখানে গিয়ে সেই ওয়েস্ট সেল দেখে বলেছেন যে, এর উপর কোন সংস্কার করা চলবে না এবং করতে গেলে সেটা দীর্ঘস্থায়ী হবে না। সেইজন্য আর কোন সংস্কার না ক'রে ওটাকে পরিত্যাগ আমাদের করতে হবে এবং আমাদের অন্যান্য জায়গায় জেল কনজেস্‌সন যাতে কমিয়ে আনতে পারি তার ব্যবস্থা করেছি। এই জেলের কনজেস্‌সন কমাবার জন্য, বাঁকুড়া, বালুরঘাট, শ্রীরামপুর, বসিরহাট ও রানাঘাটে সাবসিডিয়ারি জেলএর ব্যবস্থা করেছি। আসানসোল জেল স্পেশাল জেলে পরিণত করার ব্যবস্থা করেছি। মেদিনীপুরের যে দুইটি উইংএর কথা বলা হয়েছে সে সম্বন্ধে আমরা অবহিত আছি। এখানে আমি মনে করি এখনি যদি এটা পরিত্যাগ করতে হয় তবে তার পথে অনেক বাধা আছে। নূতন জেল না ক'রে শুধু যদি পুরাতন জেল সংস্কার করা হয় তাতে অর্থের অপচয়ই হবে

এবং সেটা দীর্ঘস্থায়ী হবে না—এটাই বিশেষজ্ঞের কথা। নিরঞ্জনবাবু বলেছেন যে, পুরানো প্রথা প্রায় সবই নাকি রয়ে গিয়েছে ; জেলে বিশেষ কোন সংস্কার হয় নি। আমার মনে হয়, জেলে তিনি অনেকবার গিয়েছেন এবং ভবিষ্যতে শীঘ্রই হয়ত আবার যাবেন কারণ তাঁদের এই আন্দোলনের মাঝ দিয়েই বেঁচে থাকতে হয় এবং সেইজন্য তাঁদের বার বার যেতে হবে। কিন্তু যাবর সময় যেন দৃষ্টিভঙ্গিটা যদি না বদলান এবং মনে করেন যেহেতু সরকারপক্ষ এটা বলেছেন বা করেছেন সেহেতু নিন্দা করতে হবে—তা হ'লে আমার বলার কিছু নেই। যদি কেউ জেগে ঘুমান তবে তাঁকে জাগাবে কে? আজ যদি পরিষ্কার চোখ নিয়ে দেখেন তা হ'লেই এইগুলি দেখতে পাবেন। এখানে যে বলেছেন ব্রিটিশ রেলিকস—সেই পুরানো মনোভাব আজও পরিবর্তন হয় নি বলেছেন, আমি সেখানে বলছি যে, কথায় বলাটা যত সহজ কাজে পরিণত করা খুবই শক্ত। কারণ মানুষের মন সরকার শুধু পরিবর্তন করবেন—মিহিরবাবু সেকথা বলেছেন, কোন আইনের বলে নৈতিক পরিবর্তন সরকারই শুধু করবেন তা হ'লে আমি তাঁর সঙ্গে একমত নই। আজ সত্যই যদি এ সম্বন্ধে সরকারের উপর নৈতিক পরিবর্তনের দায়িত্ব ছেড়ে দিতে হয় তবে তার সঙ্গে আমি একমত নই। তারা যে সমাজের মানুষ আপনারাও সেই সমাজের মানুষ, সুতরাং তাদের সম্পর্কেও আপনাদের দায়িত্ব আছে এ বিষয় অবহিত হওয়া উচিত। তবুও জেলে যেসমস্ত সংস্কার হয়েছে তা ছাড়াও আমি মনে করি আরও অনেক কিছু করার আছে, এটা শুধু প্রথম পদক্ষেপ মাত্র হয়েছে। ১৯৪৭ সাল থেকে '৫৭ সাল, এই ১০ বৎসরের মধ্যে যতটা করা সম্ভব আমরা সেইটুকুই করেছি এবং সেই পথেই এগিয়ে যাচ্ছি। ওঁদের কাছে যদি আমরা নানারকম সাহায্য পাই, নানা রকম এই সমস্ত অভাব-অভিযোগের প্রতিকার ও সমাধানের পথ ওঁরা ব'লে দিতে পারেন তবে যে নৈতিক সংস্কারের কথা ওঁরা বলছেন—অপরাধীদের সমস্ত অপরাধপ্রবণতা মুছে ফেলে দিয়ে তাদের সুস্থ, স্বাভাবিক, নাগরিক করার কথা—সেটা আমরা করতে পারি। সেটা শুধু আইন পাশ ক'রে সরকারই করতে পারবেন ব'লে আমি নিজে মনে করি না। এ সম্বন্ধে আমাদের নানারকম এক্সপেরিমেন্ট, পরীক্ষা, নিরীক্ষণ, সমীক্ষণ প্রয়োজন। কোন্ পথ দিয়ে এবং কোন্ পন্থায় এই অপরাধপ্রবণতা থেকে মনকে ফিরিয়ে তাদের মনের গতি সুস্থ, স্বাভাবিক পথে ফিরিয়ে আনা যায় সেটা সময়সাপেক্ষ এবং সেটা শুধু সরকারী প্রচেষ্টায় হ'তে পারে না। এর জন্য অন্যান্য সাধারণ, নন-অফিসিয়াল সমাজসেবী প্রতিষ্ঠানের সহযোগিতা দরকার। অল-ইন্ডিয়া উইমেনস্ কনফারেন্স এবং ওয়াই ডবলিউ সি এ থেকে আমরা সাহায্য পাচ্ছি। বিশেষ ক'রে ওয়াই ডবলিউ সি এর মহিলা কর্মীরা আমাদের প্রেসিডেন্সি জেলের ভিতরে এবং বাইরে মেয়েদের সঙ্গে মেলামেশা করার ফলে তাদের মনের অনেক পরিবর্তন হচ্ছে। প্রেসিডেন্সি জেলের মেয়েদের অনেক অসুবিধা আছে। আমি নিজে সেটা দেখে এসেছি যে, তারা খুব সুস্থ পরিবেশের মধ্যে নেই। সেইজন্য বহরমপুর জেলে বেশির ভাগ লোককে পাঠিয়ে দেওয়ার ব্যবস্থা হয়েছে এবং অন্যান্য জেলে যেসব মহিলা কয়েদী আছে তাদের একটা উইং না রেখে একটা বিশেষ জেলে এনে রেখে দেওয়া যায় তার চেষ্টা করছি। নিরঞ্জনবাবু এর পরে যখন যাবেন—হয়ত বারবারই যাবেন, তখন সুস্থ ও স্বাভাবিক দৃষ্টি দিয়ে যদি দেখেন তা হ'লে দেখতে পাবেন যে, পুরানো আমল থেকে আমরা অনেক দূরে এগিয়ে গিয়েছি। তারপর পলিটিক্যাল অ্যান্ড ডেমোক্র্যাটিক মুভমেন্টএর মধ্যে দিয়ে যাঁরা জেলে যান তাঁদের বেলায় শ্রেণীবিভাগের কথা আসতে পারে না। কাট মোশনএর মধ্যে দিয়ে যেসব অভিযোগ করা হয়েছে তার উত্তর আমি আগে দিয়ে দিলে সময় পাব না ব'লে এই কথা এখন ব'লে দিচ্ছি। এই পলিটিক্যাল ও ডেমোক্র্যাটিক মুভমেন্টএর মধ্য দিয়ে যেসব নেতা ও উপনেতা যাঁরা জেলে যাচ্ছেন তাঁদের ডিভিসন ওয়ান-এর মর্যাদা দেওয়া হয়। কিন্তু যদি তারা খাদ্য লুঠ করে বা কনটেম্পট অফ কোর্টএর আওতায় পড়ে যদি কয়েদী হয়ে আসে তা হ'লে তাদের ডিভিসন ওয়ান দেওয়া সম্ভব হয় না। এখানে কয়েকজনের নাম উল্লেখ করেছেন। আমি প্রত্যেকটি জিনিস আলোচনা ক'রে দেখেছি। মাননীয় সুবোধবাবু যার কথা বলেছেন তা আমি খোঁজ নিয়ে দেখেছি। তিনি বলেছেন যে, সার্কেল অফিসারএর কাছে তার লিস্ট অনুসারে গ্র্যাচুইটাস রিলিফ দেবার দাবি করার জন্য তাঁকে ধরা হয় তা নয়। সেখানে তিনি তাঁর লিস্ট হিসাবে লোককে রিলিফ দেবার দাবি করেন ও সেখানে একটা বিশৃঙ্খলার সৃষ্টি হয় ও সেই রিলিফ দেবার কাজে বাধাদান করেন ও সেখানে লুঠ হয়ে যায়। সেইজন্য তাকে

শাস্তিভঙ্গের অপরাধে ধরা হয়। সেটা পলিটিক্যাল অ্যান্ড ডেমোক্র্যাটিক মুভমেন্ট নয়। আমরা কাকদ্বীপে এবং বসিরহাটে কয়েদীদের স্বাস্থ্য সম্বন্ধে কিছুই করি নি, আমরা এ সম্বন্ধে সম্পূর্ণ অমনোযোগী নাকি আছি। এখানে আমার কাছে প্রত্যেকটি স্বাস্থ্য সম্বন্ধে রিপোর্ট আছে এবং যাদের নাম করেছেন সেই দুইজনের স্বাস্থ্য রিপোর্টএ কি বলে তা আমি আপনাদের ব'লে দিচ্ছি। তিনি বলেছেন তারিণী সাহা ও সুজয় বারিকের কথা। সুজয় বারিক যেদিন জেলে প্রবেশ করে সেদিন তার ওজন ছিল ১২২ পাউন্ড। এখন সেটা ১১৯ পাউন্ড হওয়ায় তাকে স্পেশাল ডায়েট দেওয়া হচ্ছে এবং ঔষধের ব্যবস্থা হয়েছে। (এ ভয়েসঃ অসুখটা কি?) অসুখটা হচ্ছে যে, তার ওজন কমে যাচ্ছে ১২২ পাউন্ড থেকে ১১৯ পাউন্ড হয়ে গিয়েছে।

Sj. Monoranjan Hazra:

কোথায় পেলেন যে, চা'ল লুঠ ক'রে জেলে গিয়েছে কারণ এ কেস এখনও সাব-জুডিস আছে।

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই সাব-জুডিস কেস সম্বন্ধে একবারও বলি নি। মাননীয় সদস্য হয়ত আমার বক্তৃতা শোনার প্রয়োজন মনে করেন না।

Mr. Speaker: If she has not said so, that also has gone down.

[4-10—4-20 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

কিন্তু যখন তারিণী সাহা যেদিন জেলে ঢুকল সেদিন তার ওজন ছিল ১০৬ পাউন্ড আর আজকে তার ওজন হচ্ছে ১১৫ পাউন্ড।

তারপর পান্নালাল দাশগুপ্ত মহাশয়ের সম্বন্ধে বলেছেন। আজকের রিপোর্ট আপনাদের কাছে পেশ করতে পারি, মার্চ মাস থেকে—এটা আমার পক্ষে আনা সম্ভব হয়েছে, কারণ কাট মোশনএ ছিল ব'লে। তাঁকে জেল হাসপাতালে প্রথম চিকিৎসা করা হয়। তারপর তাঁকে ৩১এ মার্চ ১৯৫৭ তারিখে কারমাইকেল হসপিট্যাল ফর ট্রপিক্যাল ডিজিজেস, সেখানে নিয়ে আসা হয়, সেখানে তার সমস্ত রকম পরীক্ষার পর ৫ই এপ্রিল ১৯৫৭ তারিখে আনার পরে সেখানে ৭ দিন ছিল। ১২ই এপ্রিল ১৯৫৭ তারিখে তাকে সেখান থেকে ডিসচার্জ ক'রে দেন, এবং কিছু ওষুধও অ্যাডভাইস দিয়ে, তাকে পুনরায় জেল হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। তারপর ডাঃ কে কে বোস, এম আর সি পি, ডি টি এম (লন্ডন), ৩১এ মার্চ থেকে আজ পর্যন্ত যা তারিখ দেওয়া আছে আমার কাছে, তার প্রত্যেকটি তারিখ মিলিয়ে দেখেছি প্রায় ১৫।২০ বার ইনি, ডাঃ বোস তাঁকে দেখে গিয়েছেন। তারপর তাঁকে কারমাইকেল মেডিকেল হসপিট্যালএ নিয়ে আসা হয়েছিল, সেখানে পরীক্ষার পরে, আর তাঁকে সেখানে রাখবার প্রয়োজন না থাকায় সেখান থেকে ছেড়ে দিয়েছেন। আজকের রিপোর্ট হচ্ছে—পেসেন্ট ইজ ডুইং ওয়েল।

শ্রীযুত নিরঞ্জন বাবু জেল প্রোডাকসন সম্বন্ধে বলেছেন। আমার কাছে আজকের দিন পর্যন্ত যে ফিগার আছে, তাতে দেখা যাচ্ছে ১৯৫৫ সালে ৩ লক্ষ ৩৪ হাজার ১৯০ টাকা ১৫ নয়পয়সা প্রফিট আমরা পেয়েছি জেল ইন্ডাস্ট্রির দ্রব্যসম্ভার বাজারে বিক্রয় করে, এবং আগেই বলেছি, ১ লক্ষ ১২ হাজার টাকার উপর তাঁরা নিজেরা রোজ পেয়েছেন।

শ্রীযুত মিহিরলাল মহাশয় বেশির ভাগ নৈতিক প্রশ্ন করেছেন, এবং আমার জেল দপ্তরের আওতায় পড়ে এই ধরনের কথা বলেন নি। জেলখানায় যাদের নিয়ে আসা হয়, তাদের সেখানে আমাদের কাসটডিতে রাখাই আমাদের কাজ। কারা কত দিনের মেয়াদে এসেছে এবং কি অপরাধ, কতদিন তাদের মেয়াদ দেওয়া উচিত সেটা কোর্ট বিচার ক'রে দেন। আমি আগেই আমার আরম্ভিক বক্তৃতায় বলেছি প্রবেশনারি অফিসারদের কথা। যারা প্রথম অপরাধী, প্রথমবার অপরাধ ক'রে ফেলেন, উত্তেজনার মুহূর্তে, অসতর্কতার মুহূর্তে কিম্বা পরিবেশের মুহূর্তে দুর্বলতার প্রথম পরিচয় দিয়েছেন, তাদের জেলে না পাঠিয়ে, তাদের প্রবেশনারি

অফিসারদের আওতায়, অধীনে রেখে যাতে তারা মুক্ত স্বাধীন জীবন যাপন করতে পারে তার সুযোগ দেওয়া হয়। এ সম্বন্ধে আমি আগেই বলেছি অতএব মিঃ রলালবাবুর জন্য অন্য উত্তর আমার আর কিছু নেই।

শ্রীযুত চিত্তবাবু বেশির ভাগ কাকদ্বীপের আসামী ইত্যাদি সম্পর্কে যে প্রশ্ন তুলেছিলেন, তার জবাব আমি দিয়েছি।

মহিলাদের মধ্যে বেশির ভাগই, তাদের বহরমপুরে নিয়ে যাওয়া হচ্ছে এবং লেডি ডাক্তার ও অন্যান্য মহিলা সমাজসেবিকাদের নিয়োগ ক'রে তাদের মধ্যে যাতে ভালভাবে কাজ করা যায় তার ব্যবস্থা করা হয়েছে এবং কথকতা, যাত্রা, রামায়ণ, মহাভারত পাঠ ইত্যাদির মধ্যে দিয়ে তাদের নৈতিক উন্নতির চেষ্টাও সেখানে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আমি শুধু জেল স্টাফদের বেতন সম্বন্ধে কয়েকটা প্রশ্নের উত্তর দেব। জেলের ক্লার্কসরা ১৯৫৫ সাল থেকে ১৩০ টাকা, এই গ্রেডএ কাজ করেন এবং যেসমস্ত জেল ডাইরেক্টরেটএর লোয়ার ডিভিসন ক্লার্কস, তাঁরা পান ৭০ টাকা থেকে ১৫০ টাকা। আমাদের ওয়ার্ডার স্টাফ সম্বন্ধে আমি পূর্বেই বলেছি। আমি জানি সত্যি সত্যিই তাদের কাজের আরও ভাল সার্ভিস কন্ডিশনস দেওয়া উচিত ; এবং তার চেষ্টা আমরা করছি। তাদের বাস করবার বাড়ি তৈরি ক'রে দেওয়া হচ্ছে যাতে তারা সেখানে কোয়ার্টার পায়, এই রকম ব্যবস্থা প্রায় সমস্ত জেলেই হচ্ছে। তারপরে ক্যাজুয়াল লিভ তাঁরা ১৫ দিন পান, এবং আরও ৪ দিন নানারকম সাময়িক লোকাল ছুটি ভোগ করেন। যাঁরা কম মাইনের কর্মী তাঁদের যাতে সুযোগসুবিধা একটু বেশি দেওয়া যায়, তার জন্য আমরা চেষ্টা ক'রে দেখব। আমার দপ্তরের পক্ষে বিরোধীপক্ষ থেকে যেসমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে সমস্তগুলির উত্তর দিয়েছি ব'লে মনে হচ্ছে ; আর বাদবাকি আমাদের সংস্কার সাধনের জন্য যেসমস্ত সদস্যরা যে-কোন ধরনের প্রস্তাব দিতে চান তা আমি সানন্দে গ্রহণ করব। তাই আমি সকল ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা ক'রে আমার ব্যয়বরাদ্দ দাবি করছি।

Sj. Niranjan Sengupta:
মিঃ স্পীকার, স্যার, আমি জিজ্ঞাসা করেছিলাম, তাঁদের ওজন বেড়েছে, এটা কি তাঁদের কোন অসুখের দরুন, না, তাঁরা খুব সুখেস্বচ্ছন্দ্যে আছেন ব'লে, তাঁদের ওজন বেড়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:
না, তাদের কোন অসুখ নেই।

Mr. Speaker: I am now putting all the cut motions to vote.

The motion of Dr. Ranendra Nath Sen that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj Narayan Chobey that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Renupada Halder that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Dey that the demand of Rs. 49,47,(for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Conv Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Natendra Nath Das that the demand of Rs. 49,47,0 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Conv Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jatindra Chandra Chakravorty that the demand Rs. 49,47,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Ja and Convict Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 49,47,0(for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convi Settlements" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that a sum (Rs 49,47,000 be granted to complete the sum necessary for expenditure unde Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" was the put and agreed to.

Major Head: 85A—Capital Outlay on State Schemes of Governmen Trading.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of He Excellency the Governor, I beg to move that a sum of Re. 1 be grante for expenditure under Grant No. 47, Major Head "85A—Capital Outlay o State Schemes of Government Trading".

মিঃ স্পীকার, স্যার, এ পর্যন্ত যত ব্যয়বরাদ্দ উপস্থাপিত করা হয়েছে তার মধ্যে বোধ হ এই খাতে সবচেয়ে কম টাকা, অর্থাৎ মাত্র ১ টাকা। মাননীয় সদস্যরা এটা বোধ হয় লক্ষ করেছেন যে, ৮৬ লক্ষ ৩৩ হাজার টাকা ভোটেড অন অ্যাকাউন্ট হয়েছে। সেই টাকাটা আমর প্রত্যাবর্তন করছি, ফেরৎ দিচ্ছি ; তার মানে এই নয় যে, এ বছর আমরা খাদ্য ব্যাপার নিয়ে কোন কেনা-বেচা করতে পারব না। ব্যাপার হচ্ছে কি? চা'ল কেনা-বেচা, আটা কেনা-বেচা গম কেনা-বেচা, দুধ, ঘি, মাখন প্রভৃতির কেনা-বেচাতে আমাদের কোনই লোকসান হবে না আমাদের লাভ হবে নেট। কাজে কাজেই এখানে যে টাকাটা ভোটেড অন অ্যাকাউন্ট নিয়ে ছিলাম, তা আমরা প্রত্যাবর্তন করছি, ফেরৎ দিচ্ছি। একটা হিসাব দেখাবার জন্য এবং বিতর্কে যাতে সদস্যরা যোগ দিতে পারেন তার জন্য মাত্র এক টাকা উপস্থিত করছি।

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় স্পীকার মহোদয়, এই বাজেটের ধরনটা একটু গোলমেলে ; মোট ১ টাকার ব্যাপার ; তাতে কাট মোশন হয় না। এর ভিতর কিছু সন্দেহজনক জিনিস আছে, সেটা হচ্ছে, আগের বছরের খরচ-খরচা দেখেছি এবং কয়েক বছরের বাজেট মিলিয়ে দেখেছি। আমাদের ধারণা বছরের শেষে খরচ ক'রে, তারপর অ্যাপ্রোপ্রিয়েশন অ্যাকাউন্ট আমাদের সামনে উপস্থাপিত করা হবে এবং বলা হবে এই টাকা আমাদের ব্যয় হয়েছে ; সুতরাং এটা পাশ ক'রে দিন, আর ভোটের জোরে সেটা পাশ হয়ে যাবে ; এই জিনিস আমরা বরাবর দেখে আসছি।

আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই যে, এমপ্লয়ারস অ্যাসোসিয়েশন ব'লে একটা প্রতিষ্ঠান আছে, তাদের তরফ থেকে প্রকাশিত "স্টেট ট্রেডিং ইন ফুড" সম্বন্ধে একখানা বই বেরিয়েছিল ১৯৫৫ সালে। তার কতকগুলি জিনিস দেখে পুনরায় আশঙ্কা হচ্ছে, তাই আমি সেই বইটা উল্লেখ করছি এইজন্য যে, আমরা ভুক্তভোগী। এই স্টেট ট্রেডিং শুরু হয়েছে, আবার ধান সিজ করা হবে, কন্ট্রোল করা হবে। তারপর ব্যাপার সেই পূর্বেকার মত দাঁড়াবে, যেমন আমরা দেখেছি ট্র্যানজিটএ চা'ল দেওয়ার ব্যবস্থা। দু' মণ বস্তা থেকে পাঁচ সের চা'ল ইঁদুরের পেটে

চলে যায়। এর হিসাব আমি পরে দেখাব। তারপর কাঁকরের হিসাব আমরা কোনকালেই পাব না। আমি মনে করি ১০ সের কাঁকর আমাদের খেতে হবে; এতে সরকারের লাভ কি হবে তা জানি না।

[4-20—4-30 p.m.]

কিন্তু এখানে যারা এই বইটা প্রকাশ করেছেন তাঁরা সরকারের সমর্থক এবং তারা ব্যবসায়ী মালিক পক্ষের লোক। তারা বলছেন

in the absence of detailed information regarding trading activities of Government—in fact the whole affair is hidden under a veil of secrecy—it is difficult to explain how various adjustments have been made and what is the net effect on the revenue and capital budget".

ডিফিকাল্টি হচ্ছে এই, আমাদের এখনও পর্যন্ত কিছু জানান হ'ল না-ভবিষ্যতেও কিছু জানান হবে না। আমরা জানতে পারব প্রফুল্ল সেন মহাশয় আমাদের সামনে পরিসংখ্যান উপস্থিত করবেন বা আমি যতদূর জানি তাঁর বিভাগে আরেকটা ক্ষুদ্র পরিসংখ্যান বিভাগ আছে যার সঙ্গে বোধ হয় ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটএর কোন সম্পর্ক নেই। সেখান থেকে ম্যানুফ্যাকচার হয় পরিসংখ্যান—এ সম্বন্ধে আমার এক গল্প মনে পড়ল রাজসাহী জেলায় —অনেককাল আগে রাজসাহী জেলার নওগাঁ মহকুমায়, গাঁজার চাষ হ'ত প্রচুর। সেখানে পরিসংখ্যান জানবার জন্য কলকাতা থেকে ইংরেজ আমলে নির্দেশ গিয়েছিল যে, এই গ্রামে কতগুলি গরু আছে। ম্যাজিস্ট্রেটএর হুকুমে তাঁর একজন আর্দালী গাছের মাথায় উঠে দেখলে যে, সমগ্র জেলার হিসেব করতে হবে অতএব গাছের মাথায় উঠে দেখল যে, এক গ্রামের এক কোণে ৪টা গরু চরছে: সুতরাং একেবারে অঙ্কের হিসেবে ব'লে দিলে যে, রাজসাহীতে এত গরু আছে। জানি না আমাদের প্রফুল্ল সেন মহাশয়ের পরিসংখ্যান সেইভাবে তৈরি হয় কিনা? কিন্তু কোন ডিটেল তিনি আমাদের দেন নি। লাভ হবে শুনে আমরা খুব পুলক অনুভব করতে পারছি না এই হ'ল আমাদের দুঃখ। আমার বক্তব্য এই স্টেট ট্রেডিংএ টাকা —এঁরা বরাবর লোকসান খান। আমরা দেখেছি ৭।০ আনা ক'রে মাছ বেচবার জন্য ১০০ টাকার মাছ ধরেন মণকরা—তাতে ১ মণ মাছেতে ৪ মণ বরফ লাগে—এ আমরা দেখেছি। আমরা দেখেছি বাস চালাতে গিয়ে কি রকম অবস্থা হয়। আমরা দুধের কারবার দেখছি, আমরা ব্রুকলিন আইস প্লান্ট দেখেছি। কিন্তু তাতে তবু খানিকটা বিবরণী দেওয়া আছে। খাদ্যের ব্যাপারে আমাদের কিছু জানান হচ্ছে না যে, আগামী ১২ মাসে কি করা হবে? এরা কি ক'রে ধরলেন যে, এঁদের লোকসান হবে না, লাভ হবে, সেটা আমাদের কাছে বলা উচিত ছিল। আমি তাঁকে সেই অনুরোধ করব যে, তিনি যখন জবাব দেবেন কি ধরনের উপকার তিনি করবেন, কি ধরনের রাজ্যের উপকার হবে এবং ব্যবসায়ে সরকার লাভ করবেন আর সর্বোপরি আমি বাংলার জনসাধারণের কাছ থেকে জানাচ্ছি যে, ঐ কাঁকরের হিসেবটা যদি আগাম দিয়ে দেন আমাদের দাঁত কেনবার পয়সা নাই। অসময়ে আমরা দাঁত হারাতে পারি না। আমরা হয়ত দেখেশুনে আহারের পরিবর্তন করব এবং অন্যান্য যেসমস্ত জিনিস আছে সেগুলির নাম উল্লেখ করলে হয়ত আনপার্লামেন্টারি হবে। কাজেই আমি তা বলতে চাই না। তবে ব্যবসা-বুদ্ধি যে এদের ভাল তা ঐ এমপ্লয়ারস এসোসিয়েশন বলছেন পুনরায় হেভি কস্ট অব ডিস্ট্রিবিউশন এঁরা ছোট বড় মেজ সেজ ব্যবসায়ীদের বাদ দিয়ে নিজেরা ডিস্ট্রিবিউট করেন এবং কিভাবে ডিস্ট্রিবিউট হয় পুনরায় এ নিয়ে আলোচনা হবে খাদ্য বিতর্কের সময়। এঁরা ৫০ মাইল দূরে, ২৫ মাইল দূরে এক জায়গা থেকে আরেক জায়গায় পাঠান, হয়ত কলকাতা থেকে বর্ধমানে চাল সাপ্লাই হবে আর বর্ধমান থেকে কলকাতায় চাল সাপ্লাই হবে—এই ধরনের কারবার এঁরা করেন। তাই এমপ্লয়ার অ্যাসোসিয়েশন বলছেন, এটা ১৯৫০ সালের কথা—

it is now to be determined to what extent the cost to the consumer is inflated and heavy subsidies have to be paid by the Central and State Governments on account of inexperience of the Government Departments and costly administrative set up the total unadjusted value being paid before subsidy in the ration scheme.....the value of procured and imported food-grains was considerably high and work out on an average of 120 per cent."

সুতরাং এবার আমাদের যে কি ধরনের দাঁড়াবে, মূল্য কি পরিমাণে বৃদ্ধি হবে এগুলি তাঁর একটু জানান উচিত ছিল। আমি তাঁকে অনুরোধ করব, তিনি আমাদের জানিয়ে দিন, আমরা একটু নিশ্চিন্ত হ'তে চাই। সরকার মনে করছেন, খাদ্যমূল্য কমবে—তবে তাঁরা লাভ করতে পারবেন। তা না হ'লে বাইরে থেকে গম আসুক প্রকিওর ক'রে, সেগুলি ডিস্ট্রিবিউট ক'রে অ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারীর যুগবতীয় খরচা পুষিয়ে তাঁরা সস্তায় দিতে পারবেন না। এ সম্বন্ধে এঁরা বলছেন—

of course I do not hold brief for the private traders

তৎসত্ত্বেও ব্যবসায়ীদের এই অভিমতটা বেশ কৌতূকজনক। তাঁরা বলছেন—

Having regard to the fact that the private trade in grains particularly was always working on a small margin of profit.

এ সম্বন্ধেও যদি কিছু প্রফুল্লবাবু আমাদের বলেন আমরা বুঝতে পারি কত ধানে কত চা'ল হবে। আমাদের কি পরিমাণ মাসিক বাজেটের ব্যয় বাড়বে। আমাদের ধারণা দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার যে বিলাসিতা তার জন্য আমাদের প্রতি বছর শতকরা ২৫ ভাগ হারে টাকা প্রতি ৪ আনা হারে মহার্ঘতার জোয়াল কাঁধে বইতে হবে এবং আগামী ১ বছরের মধ্যে বর্তমানে যা আছে এর উপরে আরও টাকায় ৪ আনা মহার্ঘতা বৃদ্ধি পাবে। ধান-চা'লের দাম বৃদ্ধি পাবে। প্রফুল্লবাবু নিশ্চয়ই তার উল্টোটা মনে করেন। কিন্তু রাজ্যপালের বক্তৃতা এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতা তার মধ্যে এ ধরনের আশা কিছু ব্যক্ত হয় নি। অতএব তাকে আমি পুনরায় অনুরোধ করব যে, লাভ কিভাবে হবে সেটা যদি তাঁরা দয়া ক'রে জানান তা হ'লে আমরা একটু নিশ্চিন্ত হ'তে পারি।

আমার সর্বশেষ বক্তব্য আমাদের আবার সেই পুনরায় কন্ট্রোলএর যুগে নিয়ে যাবেন না। আমরা অনেক লড়াই করেছিলাম—আমার পুরান কাহিনী মনে পড়ছে—কিদোয়াই সাহেব তিনি যখন কন্ট্রোল তুলতে চেয়েছিলেন তখন প্রফুল্লবাবুর সংগে তাঁর প্রচণ্ড বিবাদ হয়েছিল এবং প্রফুল্লবাবু নিশ্চয়ই কন্ট্রোল তুলতেন না যদি না কিদোয়াই সাহেব খুব কড়াকড়ি করতেন। তাঁকে সেই সময় বোকা বানানোর চেষ্টা হয়েছিল বটে কিন্তু কিদোয়াই সাহেব দেখেছিলেন বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এবং যতটুকু উৎপাদন এবং ব্যয়ের মধ্যে যতটুকু তফাৎ আছে সেটুকু মেক-আপ করা যেতে পারে। সুতরাং আমাদের আশংকা এই লোভ দেখিয়ে আবার পুরান কন্ট্রোলএর যুগে ফিরিয়ে নিয়ে যাওয়া হবে। সুতরাং এ সম্বন্ধে আলোকপাত করতে অনুরোধ করছি।

Sj. Deo Prakash Rai: Mr. Speaker, Sir, today we are discussing State Trading on Cinchona. The pills are bitter. They have talked about loss in cinchona.....

Mr. Speaker: Are you raising the question of cinchona. That is not the subject matter of the present Grant. That is Grant No. 28 and when it will be discussed you will get a chance.

Sj. Deo Prakash Rai: Then I am not speaking on this grant.

[4-30—4-40 p.m.]

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, on a point of information মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় বললেন যে, আগে ৮৬ লক্ষ না কত টাকা বরাদ্দ করা ছিল, সেই টাকা তিনি ফেরত দিলেন। তা হ'লে যখন টাকাটা চাওয়া হয়েছিল তখনকার ম্যাথামেটিকস্ আর এখনকার ম্যাথামেটিকস্ এটা কি ক'রে তফাৎ হ'ল? তখন মনে হয়েছিল যে টাকা দরকার হবে সেটা কোন্ জ্ঞানের উপর ভিত্তি ক'রে করা হয়েছিল আর এখন টাকা দরকার হবে না এটাই বা কোন্ জ্ঞানের উপর ভিত্তি ক'রে করা হ'ল সেটা বুঝতে পাচ্ছি না।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছি এক টাকার, ভ নিয়ে অনেক কথার অবতারণা করেছেন শ্রীযুক্ত ভট্টাচার্য মহাশয়। অবশ্য আমি যখন বাজেটে এক্সট্রা-অর্ডিনারী চার্জেস ৬৩ হেডে আলোচনা করেছিলাম তখন এইসমস্ত বিষয় আলোচন

করেছিলাম। আজকে এই খাতে কন্ট্রোল থাকবে কি থাকবে না, নিয়ন্ত্রণ হবে কি হবে না, স্বর্গীয় কিদোয়াই সাহেবের সঙ্গে আমার বিবাদ হয়েছিল কি হয় নি এই সমস্তই অবান্তর কথা—ধান ভানতে শিবের গীতের মত—কারণ, আজকে আমরা কন্ট্রোল সম্বন্ধে আলোচনা করছি না। আমাদের পশ্চিমবঙ্গ সরকার কতকগুলি জিনিস কিনে বিক্রি করেন, যেমন আমাদের হরিণঘাটায় দুধ হয়, সেই দুধ এনে বিক্রি করা হয়, মাখন বিক্রি করা হয়। আগে চিনি কিনে নিয়ে বিক্রি করা হ'ত। আমরা চা'ল কিছু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিনে নিই, অবশ্য ধারে, নগদ নয়—সেই চা'ল নিয়ে আমরা বিক্রি করি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছু গম নিয়ে বিক্রি করি। এই সমস্ত কেনাবেচার ফলে আমরা দেখতে পাই যে, এবার আমাদের উদ্বৃত্ত কিছু থাকবে, আমাদের লোকসান হবে না। লোকসান আমাদের রিলিফ খাতে হয়, রিলিফের হিসাব আলাদা। আমাদের খাদ্যবিভাগ থেকে রিলিফ বিভাগ এক লক্ষ মণ চা'ল নেন—আমাদের যা কেনা দর তাঁদের সেই দামে আমরা বিক্রি করি অর্থাৎ লোকসান আমরা করি না। রিলিফ ডিপার্টমেন্ট সেটা হয়ত খয়রাত করতে পারেন, সেটা হয়ত স্বল্পমূল্যে বিক্রি করতে পারেন, সেটা রিলিফের হিসাব। আমাদের এই যে হিসাব এখন যা দাঁড়িয়েছে তাতে ক'রে আমাদের লোকসান ত' হয়ই না বরং লাভ হয়। মাননীয় সদস্যরা নিশ্চয়ই দেখেছেন যে, আমরা ৪০ লক্ষ টাকার দুধ বিক্রি করেছি আর সেই দুধে খরচ হয়েছে ৩৯ লক্ষ টাকা —১ লক্ষ টাকা লাভ হয়েছে, তার জন্য আমাদের কোন টাকার দরকার নেই। আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে গম নিই তাতে আমরা লোকসান করি না। ১৪৲ টাকা দরে তাঁরা আমাদের গম দেন, সেই গম আমরা বিক্রি করি। এখন আমরা বিভিন্ন জেলায় অনেক গম পাঠাচ্ছি। সেই গম আমরা কেন্দ্রীয় সরকারের গোডাউন থেকে নিচ্ছি না, আমরা ডক থেকে সেই গম ট্রেনে ওয়াগন ক'রে এনে দিচ্ছি এবং তা নদিয়ায় পাঠাচ্ছি, মুর্শিদাবাদে পাঠাচ্ছি। আমাদের ঘরে গম আসছে না। আমরা আজকাল ধান কিনি না, অবশ্য আমাদের দেশে বিনিয়ন্ত্রণের পর মাঝখানে চাষীদের ধানের মূল্য হ্রাস পেয়েছিল ব'লে আমরা তাদের কাছ থেকে কিছু ধান কিনেছিলাম—১৯৫৩ সালে সেবার আমাদের দেশে খুব ভাল ফসল হয়েছিল। কাজে কাজেই ধান কিনে চা'ল তৈরি করবার কোন ব্যাপারেই নেই। আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে চা'ল কিনি তা আমরা লোকসানে বিক্রি করি না। অবশ্য কেন্দ্রীয় সরকার সেই চা'ল লোকসানে বিক্রি করেন—কেন্দ্রীয় সরকার তার হিসাব রাখেন। তাঁরা বর্মা মুল্লুক থেকে বা অন্যান্য জায়গা থেকে যে চা'ল আমদানি করেন, জাহাজে ক'রে নিয়ে আসেন, যে দামে তাঁরা নিয়ে আসেন তার চেয়ে কম দামে সাবসিডি হিসাবে আমাদের দেন। সেই হিসাব আমাদের রাখবার কথা নয়। কাজেই মোটামুটিভাবে আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের সামান্য কিছু হয়ত লাভ হ'তে পারে, কিন্তু লোকসান মোটেই হবে না। সেজন্য যে টাকা ভোটেড অন অ্যাকাউন্টে আমরা নিয়েছিলাম, সেটা আমরা ফেরত দিয়ে দিচ্ছি। মাননীয় সদস্যদের এটা বুঝতে হবে যে, প্রকিওরমেন্ট আর নেই, নিয়ন্ত্রণের কথা উঠতে পারে না। আমি মাননীয় সদস্যদের জানাতে পারি যে, আমাদের নিয়ন্ত্রণ করবার আর প্রয়োজন নেই। আমি জানি না কি ক'রে আমার মাননীয় বন্ধু জানলেন যে, কিদোয়াই সাহেবের সঙ্গে আমার বিবাদ হয়েছিল, বিবাদ তাঁর সঙ্গে আমার কোনদিনই হয় নি। বরং তাঁর সঙ্গে আমার অত্যন্ত হৃদ্যতা ছিল, বন্ধুত্ব ছিল এবং প্রায় সব বিষয়েই আমরা তাঁর সঙ্গে একমত ছিলাম। যেবার আমাদের দেশে, শুধু বাংলাদেশে নয়, সমগ্র ভারতবর্ষে ডিকন্ট্রোল হয়, বিনিয়ন্ত্রণ হয়, সেইবার ফসল খুব ভাল হয়েছিল এবং প্রায় সকলেই বিনিয়ন্ত্রণের পক্ষে মত দিয়েছিলেন। অবশ্য এটা ঠিক যে, আমাদের দেশে যদি প্ল্যানিংকে সার্থক করতে হয়, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে যদি সার্থক করতে হয়, ধান চা'ল এবং অন্যান্য শস্যের মূল্য যদি কম রাখতে হয়, তা হ'লে একদলের মত এই যে, হয়ত নিয়ন্ত্রণ করা দরকার, কন্ট্রোল করা দরকার, কিন্তু সেই তর্ক তুলবার সময় এখন নয়—এই বরাদ্দ খাতে সেই তর্ক হ'তে পারে না। কাজে কাজেই এখন আমাদের মনে কোন শঙ্কা নেই এবং যে টাকা চেয়েছি এক টাকা, এর মধ্যে কোন হিসাবের জাগলারি নেই, এর আবার পরিসংখ্যানের কি আছে? কেন্দ্রীয় সরকার আমাদের যে দামে গম দিচ্ছেন আমরা সেই দামে লোকসান না ক'রে বিক্রি ক'রে দিচ্ছি, যে দামে চা'ল দিচ্ছেন তা ডক থেকে নিয়ে পাঠিয়ে দিচ্ছি। আমরা মোটামুটি একটা হিসাব রাখি। কাজে কাজেই লোকসানের কোন কথাই নেই। হয়ত কোথাও কোথাও সামান্য লাভ হ'তে পারে, যেমন দুধে

হচ্ছে। কাজেই আজ যে এক টাকার প্রস্তাব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে উপস্থিত করেছি—কোন কাট মোশনও নেই—আশা করি মাননীয় সদস্যরা তা গ্রহণ করবেন।

Dr. Hirendra Kumar Chatterjee:

আমার প্রশ্নের উত্তর পেলাম না স্যার। উনি বলছেন, সেই টাকার দরকার নেই। তা হ'লে যে ৮৬ লক্ষ টাকা চাওয়া হয়েছিল, সেটা কেন চাওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

গত বছর, তার আগের বছর এবং এ বছর আমরা মনে করেছিলাম যে, আমাদের হয়ত চাষীদের প্রাইস সাপোর্ট দিতে হবে। কিন্তু আমরা দেখলাম যে, এবার ধান কাটার সঙ্গে সঙ্গে ফসল, ধানের মূল্য বেশি হয়ে গেছে। কাজেই প্রাইস সাপোর্টের প্রশ্ন আর আসে না।

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Re. 1 be granted for expenditure under Grant No 47, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading", was then put and agreed to.

Major Head: 40—Agriculture—Fisheries.

The Hon'ble Hem Chandra Naskar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 18,67,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 23, Major Head: "40—Agriculture—Fisheries".

(Rs. 13,34,000 has been voted on account.)

মাছ বাঙ্গালীর অতি প্রিয় খাদ্য। দেশ বিভাগের ফলে মাছের প্রধান প্রধান উৎপাদন ক্ষেত্রগুলি পূর্ববঙ্গে চ'লে যাওয়ায় স্বাধীনতা লাভের পর থেকে পশ্চিমবঙ্গে স্থায়িভাবে মাছের অভাব দেখা দিয়েছে। এ নিয়ে দেশবাসীদের অসন্তোষের সীমা নেই।

অনেকেরই ধারণা যে, সরকার মাছের এই অভাব দূর করবার জন্য তেমন কোন ব্যবস্থা অবলম্বন করছেন না বা যেটুকু করছেন তা যথেষ্ট নয়। এই সমস্যার গুরুত্ব যে কতখানি এবং পশ্চিমবঙ্গে মাছের সরবরাহ বাড়ানো ও উহার দাম কমানোর ব্যাপারে যে কত বাধা ও অসুবিধা আছে আমি বিভিন্ন সময়ে তথ্যাদি দিয়ে তা বোঝাবার চেষ্টা করেছি। বর্তমানে শুধু এইটুকু বললেই যথেষ্ট হবে যে, পশ্চিম বাংলার জনসংখ্যার মধ্যে দুই কোটি লোককেও যদি দৈনিক আধ ছটাক মাছ সরবরাহ করতে হয় তা হ'লে দৈনিক প্রায় সাড়ে পনের হাজার মণ অর্থাৎ বছরে ৫৭ লক্ষ মণ মাছের প্রয়োজন এবং এই মাছ উৎপাদন করতে অন্যূন ২৩।২৪ লক্ষ বিঘা জলাশয়ের প্রয়োজন।

বহুদিনের অবহেলায় পশ্চিমবঙ্গের আভ্যন্তরীণ জলাশয়গুলির শতকরা ৬০।৬৫ ভাগই হাজামজা অবস্থায় পড়ে আছে এবং বহুক্ষেত্রে জলজ উদ্ভিদে আচ্ছন্ন হয়ে মাছ চাষের অনুপযুক্ত হয়ে রয়েছে। এই ধরনের জলাশয়গুলিকে মাছ চাষযোগ্য করতে গেলে অনেক অর্থের প্রয়োজন। অনেক ক্ষেত্রে খরচ এত বেশি হয়ে পড়বে যে মাছের দাম থেকে দীর্ঘকালেও তা উঠে আসবে না। আর এক অসুবিধা যাঁদের হাতে এই জলাশয়গুলি আছে তাঁরা সাধারণত মাছ চাষ করেন না। আবার যাঁরা মৎস্যজীবী তাঁদের কোন জলাশয় নেই। আবার বহুক্ষেত্রে দেখা গিয়েছে যে, এই সব জলাশয়ের মালিকগণ হয় অস্থায়ী স্বত্বের অধিকারী, নয় তো সংখ্যায় বহু। অনেক সময়ই তাঁরা সকলে একমত হয়ে জলাশয়গুলি উন্নয়নের জন্য ঋণ নিতে পারেন না। অনেকক্ষেত্রে মালিকগণ উপযুক্ত জামিন দিতে অক্ষম। এই বিষয়গুলি চিন্তা ক'রে দেখলেই পশ্চিমবঙ্গে মাছের উৎপাদন বাড়ানোর সমস্যার কতকগুলি দিক পরিষ্কারভাবে বোঝা যাবে।

এত বাধা সত্ত্বেও কিন্তু সরকার এ বিষয়ে মোটেই উদাসীন নয়। আমার বিভাগের বিশেষ চেষ্টায় এবং দেশবাসীদের সক্রিয় উৎসাহে ও সহযোগিতায় প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গে আভ্যন্তরীণ মাছের সরবরাহ প্রায় সওয়া তিন লক্ষ মণ বাড়াতে পেরেছি। উৎপাদনের এই বৃদ্ধির ফলে ও অন্যান্য রাজ্য থেকে কিছু কিছু মাছ আমদানি হওয়ার জন্য আমরা বৃহত্তর কলিকাতায় মাছ সরবরাহ প্রায় পূর্ণ অবস্থায় রাখতে সক্ষম হয়েছি। মাননীয় সভ্যগণ বোধ হয় অস্বীকার করবেন না যে, গ্রামাঞ্চলেও মাছের সরবরাহ কিছুটা বেড়েছে। ইহা সম্ভব হয়েছে বিভিন্ন পরিকল্পনায় সরকারী সাহায্যে প্রায় ৫০ হাজার বিঘা হাজা মজা জলাশয় উন্নয়ন করবার ফলে। গত কয়েক বছরে মাছ চাষের উপযোগী জলাশয়ে সুষ্ঠুভাবে মাছ উৎপাদনের জন্য আংশিক হাজা-মজা পুকুর ও বড় বড় হাজা-মজা বিল ও বাওড় সংস্কার ক'রে তাহাতে মাছ চাষের জন্য উহার মালিকদিগকে প্রায় সওয়া ২৭ লক্ষ টাকা ধার দেওয়া হয়েছে।

ইহা ছাড়া মাছ চাষের উন্নতিকল্পে রাজ্যের বিভিন্ন অংশে নার্সারী স্থাপন ক'রে গত কয়েক বছরে প্রায় ষোল লক্ষ পোনা মৎস্যজীবীদের কম দামে সরবরাহ করা হয়েছে। খাল, বিল এবং নদী থেকে যাহাতে মৎস্যজীবিগণ আরও ভালভাবে মাছ ধরতে পারে সেজন্য তাদের নৌকা ও জাল তৈয়ারি করার জন্য সাবসিডি দিয়ে সাহায্য করা হয়েছে। ইহা ছাড়া সরকারী গবেষণাগারে মৎস্যবিষয়ক নানারূপ গবেষণা ক'রে মৎস্যজীবীদের বিভিন্ন সমস্যা সমাধানে সাহায্য করা হয়েছে।

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা প্রথম পরিকল্পনার এই সমস্ত কাজই আরও ব্যাপকভাবে চালিয়ে যাচ্ছি। মৎস্যচাষীদের ঋণ দেওয়ার ব্যবস্থা এ পরিকল্পনাতেও রাখা হয়েছে এবং সকলে যাতে ব্যাপকভাবে ঋণ গ্রহণ করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। এবার সুতা ও নৌকো কেনবার জন্য মৎস্যজীবীদের ও তাদের সমবায় সমিতিগুলিকে সহজ পরিশোধ্য ঋণ দেওয়া হচ্ছে। সামুদ্রিক খাড়ি অঞ্চলে যান্ত্রিক উপায়ে মাছ ধরার জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মৎস্যজীবীদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে এবং শিক্ষান্তে সমবায় সমিতি গঠন ক'রে তাদের যান্ত্রিক নৌকা সরবরাহ করা হবে। এ ছাড়া সরকারী মালিকানার বড় বড় বিল বাওড়গুলি সরকারী অর্থে উন্নয়ন ক'রে মৎস্যজীবী ও তাঁদের সমবায় সমিতিগুলিকে "লীজ" দেওয়া হবে। মাছের দ্রুত উৎপাদন বৃদ্ধির জন্য পোনা উৎপাদনকারীদের এবং জলাশয়ে জৈবিক সার প্রয়োগের জন্য উৎপাদনকারীদের বোনাস দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে। দ্বিতীয় পরিকল্পনায় কল্যাণীতে আধুনিক ধরনের গবেষণাগার স্থাপন করার কাজ আমরা শুরু করেছি। এখানে আধুনিক বৈজ্ঞানিক উপায়ে মৎস্য চাষের বিভিন্ন সমস্যার সমাধানের চেষ্টা করা হবে।

মৎস্যশিকারে যন্ত্রের সাহায্য গ্রহণে ভারতীয়দের শিক্ষিত করা এবং ব্যবসায়িক সম্ভাবনার জন্য তথ্য সংগ্রহ করার উদ্দেশ্যে ১৯৫০ সালের ডিসেম্বরের শেষে দুইটি ডেনিশ ক'টার আনিয়ে এই পরিকল্পনার কাজ আরম্ভ হয়, পরে ঐ দুইটির সঙ্গে টি. সি. এ. প্রোগ্রাম অনুসারে ৩৬ জন জাপানী ইঞ্জিনীয়ার সহ তিনটি জাপানী বুল ট্রলার সংগ্রহ ক'রে কাজে লাগান হয়।

১৯৫৭ সালের এপ্রিল মাস পর্যন্ত ঐ জাহাজগুলি ২০১ বার অনুসন্ধানমূলক অভিযান চালায় এবং ১১টি মৎস্য শিকারের অনুকূল স্থান নির্ধারণ করে। মাছ ধরার সময়, সরঞ্জাম এবং মাছ ধরা সংক্রান্ত নানা সমস্যার মূল্যবান তথ্য সংগৃহীত হয়েছে। জাহাজের কাপ্তেন এবং ইঞ্জিনীয়ারের পদগুলি ছাড়া অন্যান্য কাজের জন্য ভারতীয় কর্মীদের শিক্ষিত করা হয়েছে।

বিদেশী কর্মচারীদের মধ্যে বর্তমানে মাত্র দু'জন ডেনমার্ক দেশীয় কাপ্তেন আছেন। তার মধ্যে একজনের পদত্যাগের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

এই পরিকল্পনা অনুসারে ৬০,৭০৩ মণ মাছ ধরা হয়েছে এবং ১৯৫৭ সালের এপ্রিল পর্যন্ত ৯,৫৫,৯৮৩ টাকার মাছ বিক্রয় হয়েছে। এখন পর্যন্ত যে ফল পাওয়া গেছে তা সন্তোষজনক। ব্যাপক অনুসন্ধানমূলক অভিযান চালিয়ে যেতে পারলে ভবিষ্যতে একটি শিল্প গ'ড়ে ওঠার সম্ভাবনা আছে।

[4-40—4-50 p.m.]

এই পরিকল্পনার কাজ চালাবার জন্য ১৯৫৭-৫৮ সালের বাজেটে ৮,৯৫,০৫০ টাকা ব্যয়-বরাদ্দ হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই খাতে এ বছর আরও সাত লক্ষ টাকা ব্যয়বরাদ্দ হয়েছে, এই টাকায় জাহাজ নোঙ্গরের ব্যবস্থা এবং একটি জেটি, শৈত্যাগার ও কলোনি স্থাপিত হবে। সেখান থেকে জাহাজগুলি আরও বেশিবার সমুদ্রে গিয়ে এখনকার চেয়ে দক্ষতার সঙ্গে মৎস্য শিকার করতে পারবে। কাকদ্বীপের কাছে "হেরউড পয়েন্টে" প্রয়োজনীয় জমি সংগৃহীত হয়েছে এবং উল্লিখিত কাজগুলি শীঘ্রই শুরু হচ্ছে। আপনারা সকলেই জানেন যে, ইহা একটি পরীক্ষামূলক পরিকল্পনা এবং সমুদ্রে মাছ ধরা সম্পর্কে কতকগুলি বিশেষ তথ্য সংগ্রহ ও ভারতীয়দের "ট্রল ফিসিং" সম্বন্ধে শিক্ষা দেওয়াই ইহার মুখ্য উদ্দেশ্য। কাজেই লাভ-লোকসানের হিসাব ক'রে এই পরিকল্পনা যাচাই করা চলে না। আমরা এ পর্যন্ত যেসব তথ্য সংগ্রহ করেছি তাহাতে মৎস্যশিল্পের একটি নতুন দিক আবিষ্কৃত হয়েছে। ভারতীয়দের শিক্ষাদানের ফলে তাদের পক্ষে কর্মসংস্থানের এক নতুন পথ খুলে গেছে এবং এই পরিকল্পনার ফলে পশ্চিম বাংলার মাছের আমদানিও অদূর ভবিষ্যতে বহুল পরিমাণে বৃদ্ধি পাবে ব'লে আশা করা যায়।

বাজেটে সমগ্র বরাদ্দের ৩২ লক্ষ টাকার মধ্যে শুধু উন্নয়ন পরিকল্পনার জন্য সওয়া ২৪ লাখ টাকা রাখা হয়েছে। এ থেকেই মাননীয় সদস্যগণ বুঝতে পারছেন যে, উন্নয়নমূলক কাজগুলিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং আশা করা যাচ্ছে যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে পশ্চিমবঙ্গে মাছের উৎপাদন বৎসরে গড়ে ১৪ লক্ষ মণে দাঁড়াবে।

স্যার, এমতাবস্থায় আমি বর্তমান আর্থিক বৎসরে ১৯৫৭-৫৮ সেপ্টেম্বর মাস হ'তে সাত মাসের জন্য
"40—Agriculture—Fisheries"
খাতে ১৮,৬৭,০০০ টাকা ব্যয় মঞ্জুরের প্রস্তাব গ্রহণের জন্য এই সভাকে অনুরোধ করছি।

Mr. Speaker: I take it that all the cut motions are moved.

Sj. Basanta Lal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 18,67,000 for expenditure under Grant No. 23, Major Head: "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশ্চিম দিনাজপুর জেলায় মাছের চাষের জন্য (১) ইটাহার থানার ছত্রঘাটি দিঘী ও অন্যান্য, (২) বংশীহারী থানার মালিয়ানদিঘী, আন্তদিঘী, গড়দিঘী, নীলকুমীর, কাকাদিঘী ইত্যাদি, (৩) কুশমন্ডী থানার মহীপালদিঘী, (৪) তপন থানার তপনদিঘী, (৫) গঙ্গরামপুর থানার ধলাদিঘী, কাজলদিঘী, প্রাণসাগর ব্যবহার করেন নাই। অথচ মৎস্যসংকট ভীষণ। আড়াই টাকা তিন টাকা প্রতি সের বড় মাছ বিক্রয় হয়। এ ছাড়া ফিশারি লোন দিয়া ব্যক্তিগতভাবে মাছের চাষে উৎসাহিত করেন নাই। খুব কমসংখ্যক লোক বহু দরখাস্ত করিয়া ফিশারি লোন সংগ্রহ করে। এই বিষয়ে সরকারের ব্যর্থতা।

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 18,67,000 for expenditure under Grant No. 23, Major Head: "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy.

Sj. Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 18,67,000 for expenditure under Grant No. 23, Major Head: "40—Agriculture—Fisheries" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government schemes of sea-fishing.

